

# ইহলোকহুইতে প্রুলোকে যাত্রা করণের বৃত্তান্ত ৷

THE

## PILGRIM'S PROGRESS

FRAM THE WORLD

TO THAT WHICH to TO COME.

BY JOHN BUNYAN.

### CALCUTTA:

PRINTED BY J. THOMAS, BAPTIST MISSION PRESS, FOR THE CALCUTTA CHRISTIAN TRACT AND BOOK SOCIETY. 1854.

## ভূমিকা।

অতি হিতদায়ক এই এতু যোহন বনিয়ন্নামক যে শাজিৰারা রচিত হইয়াছিল, তিনি ১৬২৮ শালে ইংলও **८म्में अद्योग नामक आरम्** জিমিয়াছিলেন। বাল্যকালে ও যৌবনকালে তিনি পরমে-শ্বরের সেবা না করিয়া নিত্য ২ ভাঁছার নিন্দা করিতেন, এবং অতি নীচ লোকদের স্থাছিত ক্রীড়া করণে অতিশয় রত ছিলেন: বিশেষতঃ বিশ্রামদিন সর্বাদা লজ্মন করিতেন। সেই সময়ে তিনি অতি তুঃসাহসী ছিলেন। এক দিন কোন বিষধর সপুকে দেখিয়া প্রহারদারা মূচ্ছাপন্ন করিয়া তংক্ষণাথ তাহার মূথে অঙ্গুলি দিয়া তাহার বিষাল দম্ভকে বাহির করিলেন া কিন্তু পরমেশ্বর বার্যার আশ্চর্যারূপে ভাঁছার প্রাণরকা করিয়াছিলেন, ফলতঃ ছুই বার ড্বিয়া মরিবার সম্ভাবনা হইলেও তিনি উদ্ধার পাইলেন। তাঁ-হার পিতা কাংস্ফার হওয়াতে তিনিও সেই ব্যবসা-যোপজীবী হইলেন; কিন্তু তৎকালে ইংলও দেশে যুদ্ধ উপস্থিত ছওয়াতে তিনি কিছু দিন পথ্যস্ত সেনার কার্য্য করিলেন, ভাছাতে এক বার যখন তিনি অন্যান্য দেনা-দিগের সজে লেন্তর নামক নগরের অবরোধে নিযুক্ত .হইলেন, তখন কোন বন্ধু তাঁহার পরিবর্তে সেই যুদ্ধে ষাইতে স্বীকার করিল। সেই বন্ধু রাত্তিতে প্রছরিকার্য্য করণ কাল্পে বন্দুকের দ্বারা মারা পড়িল। ইছাতেও বনিয়ন্ সাহেবের ফ্লাশ্চর্যারূপে প্রাণরকা হইরাছিল।

কিছু কাল পরে তিনি কোন ধর্মবতী কন্যাকে বিবাহ করিলেন। ধর্মবিষয়ক ছুই ক্ষুদ্র পুক্তক ব্যতিরেকে তা-ছার আর কোন ধন ছিল না। বনিয়ন্ সাহেব অবকাশ-ক্রমে ঐ ছুই পৃস্তক পাঠ করিয়া যদ্যপি অন্যান্য বিষয়ে পূর্কাবৎ ধর্মাফীন থাকিলেন, তথাপি তদবধি বিজ্ঞামদিনে ভজনালয়ে যাইতে লাগিলেন। পরে কোন ছঃখি লোকের পরামশানুসারে ধন্মপুস্তকের পাঠ আরম্ভ করিলে তাঁ-ছার আচার ব্যবহার অনেক শুধরাইল, কিন্তু তাঁহার অন্তঃকরণ তথনও পরিবর্ডিত হয় নাই। অনন্তর এক দিন কোন ঘরের বারাগুতে কতিপয় ধার্ম্মিক স্ত্রীলোকের পারমার্থিক কথোপকথন শ্রাবন করিলে ভাঁছার অস্তঃকরন কোমল হইতে লাগিল। তৎকালে তিনি যে বিবেচনা করিয়াছিলেন, তাহার এই রূপ বর্ণনা লিখিয়াছেন, "আ-মার বোধ হইল সেই স্ত্রী লোকেরা কোন সুন্দর পর্বতের পার্মে বসিয়া রৌদ্র সেবন করিতেছে, কিন্তু আমি হেমন্ত-কালীয় ঝড়েতে বসিয়া শীতে ও হিমানীতে ছুঃখ পা-ইতেছি। তাহাতে তাহাদিগের নিকট যাইতে আমার বড় বাঞ্জা জন্মিলেও সেই পর্মত অতি উচ্চতর প্রাচীরে বেন্টিত ছওয়াতে যাইতে পারিলাম না। অতএব পথ পাইবার নিনিতে ঈশবের নিকটে পুনঃ২ প্রার্থনা করি-লাম, এবং ইতস্ততো গমন করিয়া কোন দারের অস্বেয়ণ कतिलाम, किन्छ मीर्घ काल शर्यास आमात रमटे टिकी নিক্ষল থাকিল। অবশেষে প্রাচীরের এক স্থানে একটী ক্তু ছিড় দেখিয়া অতিশয় যত্ন পূর্বকে প্রথমে মন্তক, পরে ক্ষম প্রবেশ করাইলাম। এই রূপে অতি কটে প্রাচীর. পার হইয়া আনন্দ পূর্বকে ঐ জীলোকদের নিকটে গিয়া তাহাদের মধ্যে বসিয়া আপনিও সুর্যোর কিরণে আমো-দিত হইতে লাগিলাম।"

তিনি সাতাইশ বৎসর বয়ঃক্রম সময়ে বেড্ফর্ড নগরের মওলীভুক্ত হইলের, এবং সৃসমাচার প্রচার করণে তাঁচার বিশেষ নৈপুণ্য প্রকাশ পাওয়াতে কিঞ্চিৎ,কাল পরে সেই কর্মে নিযুক্ত হইলেন। তাঁহার উপদেশ এমত তেজোযুক্ত যে সহস্ৰ ২ লোক তাহা শুনিতে একত হইত। ১৬৬০ শালে বিদেশে প্রবাসকারি ইংলওীয় রাজপুত্র 'পৈতৃক রাজ্য পূনঃ প্রাপ্ত হইলে অন্য অনেক ধর্ম্মপ্রচারকের ন্যায় বনিয়ন্ সাহেবও কারাবদ্ধ হইলেন, এবং বারো বৎসর পর্যান্ত সেই কারাকুপে থাকিলেন। সেই ছঃখের সময়ে তিনি এই এত্থের প্রথম ভাগ রচনা করিয়াছিলেন। পরে ১৬৭২ শালে কারাহইতে মুক্ত হইয়া তাহার দ্বিতীয় ভাগ অর্থাৎ খ্রীফীয়ানীর বিবরণ লিখিলেন। এই গ্রন্থ ব্যতিরেকে তিনি অন্যান্য অনেক গ্রন্থ রচনা করিয়াছিলেন, তাহার মধ্যে ধর্মাত্র নামক পৃস্তক বঙ্গভাষাতে অনুবাদিত হইয়াছে। ইহাতে ভাঁহার বুদ্ধির আশ্চর্যা তেজ বিল-ক্ষণরূপে প্রকাশ পার, কেননা যদ্যপি তিনি কোন পাতশা-লাতে বিদ্যোপার্জন করেন নাই, তথাপি তাঁহার লিখিত পৃস্তক সকল অদ্যাপি সর্ব্ধসাধারণ লোকের অতি প্রিয় ও হিতজনক হওয়াতে পুনঃ২ ছাপান হইয়া থাকে।

কারাহইতে মুক্ত ইইলে পরে তিনি বেড্ফর্ড নগরন্থ মগুলীর অধ্যক্ষ ইইয়া সেই নগরে ও অন্যান্য স্থানে পূর্মবৎ সুসমাচার প্রচার করিতেন। যখন তিনি লওন মহানগরীতে যাইতেন, তখন শীতকালে অতি প্রত্যুবে অর্থাৎ অন্ধার থাকিতে২ উপদেশ দিলে এক সহস্র অপেক্ষা অধিক প্রোতা একত্র হইত; এবং বিশ্রাম-বারে দিবাতে উপদেশ দিলে কখন২ তিন সহস্র লোক আসিত। অবশেষে ১৬৮৮ শালে লওন নগালে তাঁহার মৃত্যু হইল। যাত্রিকের গতি নামক এই গ্রন্থ দৃন্টান্তস্বরূপ জানিবা। সেই দৃন্টান্তের সার অনায়াসে বোধগম্য হয়, এই জন্যে তাহার বিশেষ তাৎপর্যা লিখিবার কোন প্রয়োজন নাই। এই পুস্তকহুতে অন্যান্য দেশীয় অনেক লোকের পার-মার্থিক ফল দর্শিয়াছে; এবং প্রভু আশীর্কাদ করিলে এতদেশীয় লোকদিগেরও দর্শিতে পারে।

# প্रथम ভাগের निर्घण्डे।

# ১ অধ্যায় I

	पृष् ।
খ্রীষ্টীয়ানের অণুসর হওন,	>
২ অধ্যায়।	
श्रीकीशानरक भविष्ठ अक्षेष्ट्रशाव अ मूबनरमाव वृथा शमन अ	
ফিরিয়া যাওন,	8
ু ত অধ্যায় ।	
সাৎ गातिक वृक्षिक जूंक श्रीकी ब्राप्तत विभाश्य श्रम्त, ६ मकल-	
ব্যস্ক্রকদ্বারা পথে ফিরণ,	>8
∙৪ অধ্যায়	
সঙ্গীণ স্বারে খ্রীফীয়ানের উপস্থিত ও গ্রাহ্য হওন,	ર ૧
৫ অধ্যায়।	
অর্থকারকের বাটীতে খ্রীষ্টীয়ানের অভিথি হওন,	<b>૭</b> ૨
৬ অধ্যায়।	
ক্রশ দেখিবামাত্র তাহার পৃষ্ঠহইতে বোঝা পতিত হওন,	89
৭ অধ্যায়।	
व्यवित्यष्ठक ও व्यलम ও व्यक्तिमानी नामक जिन निर्मुण कार्नेद	
সহিত সাক্ষাৎ করণ, এবৎ রীত্যালম্বী ও কাম্পনিকদারা	
অবজাত হওন, ও দুর্গম নামক পর্বভারোহণ ও অধিকার-	
পত্র হারাওন ও পাওন,	8>
৮ অধ্যায়	
সিংহের স্থান উত্তবি হওন, ও রমাপুরী নামক অট্টালিকাতে	,
উপন্থিত ও প্লাহ্য হওন, 🕠	G &
৯ অধ্যায়।	
নমুতা নামে নিক্ল স্থানে প্রবিষ্ট হওন, ও আপলুয়োন কর্তৃক্	7 8
আক্রান্ত হইয়া তাহাকে প্রান্তয় করণ	7.8

•	
১০ অধ্যায় ৷	शृष्ठ ।
মৃত্যুক্তায়া স্থান দিয়া কটেডে গমন, ও ভাহাহইতে উত্তীৰ্ণ হওন	, <del>1-</del> 8
>> व्यक्तार ।	
বিখাসির সহিত মাক্ষাৎ ও হিতালাপ করণ,	>>
५२ व्यशास्य ।	
বাচালের সহিত্ত সাক্ষাৎ করণ ও কথোপকথন,	>00
১৩ অধ্যায়	
মায়াহট্টে খুীফীয়ানের ও বিশাসির ডাড়না ও দুঃখভোগ,	, * .
<ul><li>अ विश्वामित यत्न,</li></ul>	250
১৪ অধ্যায় ৷	
আশাবান নামে অন্য যাত্রিকের সহিত দাক্ষাৎ, ও বহুচেয	;
ও অর্থপ্রিয় ও দীমার সহিত তাহাদের কথোপকথন, 🕠	>8>
১৫ অধ্যায়	
খুীষ্টীয়ান ও আশাবানেব বিপর্থগামী হওন, ও আশাভঙ্গ না	•
মক বীরের হস্তে পতিত হওন, 🕠	202
১৬ অধ্যায়	
রমণীয় পর্বতে মেষপালকদের স্থানে তাহাদের অতিথি হওন	, 292
১৭ অধ্যায়	
অজ্ঞান নামকের সৃহিত দাক্ষাৎ করণ, ও দ্যুদ্ধারা কুদু	-
বিশ্বাসের লুট হওন, ও জালে যাত্রিকদের ধৃত হওন,	
্ ১৮ অধ্যায়।	
নাম্ভিকের সহিত সাক্ষাৎ, ও মোগভূমি পার হওন,	224
🗀 😘 अधारा ।	
অক্তানের সহিত্র ফারিকদের আরো কথোপকথন,	. २३०
২০ অধ্যায়।	
विश्वना (मार्म श्रविके रहन, ७ शृह्यनमी भाव रहन, ६ यह	-
দৌন্দর্য্য বিশিষ্ট ঈশবের রাজধানীতে প্রবিষ্ট হওন,	229

## बिতীয় ভাগের নির্ঘণ্ট।

# ১ অধ্যায়।

	পূপ্ত।
খুীটীয়ানীর আপন চারি পুত্রকে এবং করণা নামনী প্রতি-	
বাসিনীকে সঙ্গে লইয়া যাত্রায় নির্মান, 🕠	₹85
২ অধ্যায়	
খুঁাফীযানীর ও ভাহার পুত্রদের এবং করণার স্বচ্ছন পূর্বক	
নৈরাশ্যপদ্ধ পার হওন ও ক্ষুদু ছারে অনুগুহপ্রাপ্তি,	२७५
৩ অধ্যায়।	
শতুকর্ক সমাক্রান্ত চইলে পর যাত্রিদের মুক্তি প্রাপ্তি ও	
অথকারকের বাটাতে অতিথি হওন,	२१३
৪ <b>অধ্যা</b> য়	
মচোৎসাহ নামক পথপ্রদশকের সমভিব্যাহারে যাত্রিদের	
গাতায় অগুসরণ,	२२५
৫ অধ্যায়।	
দুগন পর্বত আরোচণ করিলে পর যাত্রিদের সিৎহস্থান	
পার চইয়া রমা পুরীতে উপস্থিত হওন, ৄ · · · · ·	205
৬ অধ্যায়।	
তত্ত্র নামক ব্যক্তির সহিত করণার প্রেমভাব, এবং অসুস্থ	
হর্র স্থির সুস্থ হওনের বিবরণ,	<b>9</b> 22
৭ অধ্যায়।	
ষাত্রিদের পথে অনুসরণ ও নমুতা নামক উপত্যকা ও সৃত্যু-	
স্থলা পার হওন,	90C
৮ অধ্যায়	
আপনার প্রতি ও সভয়ের প্রতি ঘটিত কার্যানিণ্য়কারি দর-	
লাক্মার সহিত যাত্রিদের সাক্ষাৎ ও আলাপ, 🕠 👀	ese

<b>৯ অখ্যার।</b>	পৃষ্ঠ ৷
বেঁজাচীরের চরিত্র বর্ণন, 😮	०५५
১০ অধ্যায়	
গায়ের বাটীতে উপস্থিত হইয়া যাত্রিকের অভিথি হওন,	093
১১ खशास्।	
গায়ের গৃহে অব্লব্ধিতি করিয়া তথাহইতে আক্রমণ পূর্বেক	;
যাত্রিদের বৃহৎকার সাধুছত্তা বীরকে বধ করণ ও হল।	
মনাকে মুক্ত করণ,	040
১২ অধ্যায়।	
প্রনোঝুনের সহিত যাতিদের সাক্ষাৎ হইলে প্র মায়	1
় নগরে গমন করিয়া তথার মনাদোনের বাটীতে অতিথি	
হওন, এবং তথাকার ধার্মিকগণের সবিত পরিচিত হইলে	Ī
পর যুদ্ধেতে এক বৃহজ্জভকে পরাস্ত করণ,	027
১৩ অধায়।	
আশাভঙ্গ নামক বীর ও তাহার ভার্যাকে বধ করিয়া তাহার	
मुत्र मश्चृति कति एतं याजिएमत् द्रियशीतं श्रव्यतः श्रमन,	8 . 2
১৪ অধ্যায়	
সভাবীর ও অটলচরণের সৃহিত সাহ্মাৎ হউলে পর মাত্রি	
দের মোগভূমি উত্তীপ হওন, এবং ডিস্থিকা ঠাকুরাণার	Ī
	8>4
১৫ অধ্যায়	
বিয়ুলা দেশে পঁত্ছিয়া যাত্রিদের সে স্থানে রাজার অনুমতির	
অংপেক্ষাতে থাকন, এবং খ্রাফীয়ানী প্রভৃতি কএক জনের	
ं ননী পার হইয়া ঈশ্রীয় রাজধানীতে সুখে গ্রাহা হওন,	6C8 .

## যাত্রিকের গতি।

### প্রথম ভাগ।

### ১ অধ্যায়।

্ম সময়ে আমি এই ছুর্গম অরণাস্থরপ জগতের মধ্যে ভুমন করিতেই এক পর্বতের গুছাতে উপস্থিত হইয়া শয়ন করিয়া নিজিত ছিলাম, তৎকালে এই স্বপ্ন দেখিয়াছিলাম, বেন খণ্ডই জীর্ণ বস্ত্র পরিছিত এক বাজি নিজ গৃহের প্রতিবিমুখ ছইয়া এবং পৃষ্ঠদেশে বৃহৎ ভারাক্রান্ত হইয়া এক খানি পুস্তক পাঠ করিতে লাগিল। আর ঐ পুস্তক পাঠ করিতেই সে ভীত হাজির নাায় রোমাঞ্চিত ছইয়া কাঁ-পিতেই রোদন করিতে লাগিল। পরে মনোছঃখের অধিক বেগ সম্বরণ করিতে না পারিয়া, আমি কি করিবই এ কথা ক্রিয়া উচিল।

অপর সে এই দশাগ্রস্থ হইয়া নিজ গৃহেতে উপস্থিত ছইলে স্ত্রী পুজাদি পরিবারেরা পাছে ঐ ছঃথ জানিতে পারে, এ কারণ যথাসাধা ধৈর্যাবলম্বন করিয়া রহিল। এই রূপে থাকিল বটে, কিন্তু ক্রমেন তাহার ঐ মনোছঃ-থের অধিক গৃদ্ধি হওয়াতে সে বছকাল পর্যান্ত তাহা সম্বরণ করিতে না পারিয়া, অবশেষে স্ত্রী পুজাদির নিকটে আপন মনোছঃংথর সমস্ত বিবরণ ভাঙ্গিয়া কহিল, হে প্রিয়ত্যে কান্তে, হে আমার ঔরস্কাত সন্তান, আমি

তোমাদিগের নিতান্ত মঙ্গলেজ্ক; কিন্তু আমার প্রেতে এই যে গুরুতর বোঝা দেখিতেছ, ইহাদ্বারাই আমি আ-পনার বিনাশ আপনি উপস্থিত করিলাম। দেখ, স্বর্গ-হইতে নির্গত অগ্নিদারা আমাদিগের এই নগর ভদ্ম হইবে, ইহার নিশ্চয় সংবাদ পাইয়াছি। অতএব এই মহাবি-পদহইতে রক্ষা পাইবার কিছুই ভরসা দেখি না। যদি আমাদের উদ্ধারের কোন পথ না পাওয়া যায়, তবে ঐ ভয়ানক অগ্নিতে প্রিয়ত্ম বালক যে তোমরা আর প্রিয়তনা স্ত্রী যে তুমি, তোমাদের সহিত আমার প্রাণ ত্যাগ করিতে হইবে। এই রূপ কথোপকথনানন্তর ঐ কথা প্রস্পরায় প্রকাশ হওয়াতে তাহার কুটুধবর্গ শুনিয়া বিপ-রীত বিবেচনাতে বড় চমৎকৃত হইল, কেন্না তাহার ঐ সকল কথা যে সভা, ভাছা বিবেচনা না করিয়া বায়ু-জনা এরূপ ঘটিয়াছে ইছাই বোধ করিল। অতএব আ-গামি রাত্রিতে নিক্রা হইলেই ভাল হইতে পারে, ইহা বিবেচনা করিয়া রাত্রিতে তাহাকে শীঘ্র শয়ন কর ইল; কিন্তু তাহার নিদ্রার প্রামন্ত হইল না, বিশেষতঃ সে দিবসের অপেক্ষাও অধিক ব্যাকুল হইয়া সমস্ত রাতি ক্রন্দন করিল। পরে প্রভাত হইলে সে রাজিতে কি প্র-কার ছিল, ইহা জানিবার জন্যে কুটুম্বর্গ জিজ্ঞাসা করি-লে সে কহিল, আনি বরং পূর্ম অপেক্ষাও অধিক উদ্বিগ্ন আছি; এ কথা কহিয়া সে তাহাদের সহিত কথে প্রক্রম করিতে লাগিল। কিন্তু তাহারা বিবেচনা করিল, ইহাঁর ভয় প্রদর্শক বায়ুরোগ জলিয়াছে, ইছাতে নিগুরাচরণ করিলেই সারিতে পারে। এই বোধ করিয়া কখন > তাছাকে বিদ্রূপ করে, ও কখন ২ বিনয়ও করে, এবং কখন ২ তৃষ্ক তাচ্ছীলা করিয়া তাহার দিগে ফিরিয়াও **ংদ**খে না। এই রূপ আচরণ করাতে দে কটম্বর্চের নি-

মিন্তে ছুঃখিত হইয়া তাহাদের জন্যে প্রার্থনা এবং জালিন ছুদ্দশার কারণ বিলাপ করণার্থে নিজ কুঠরীতে একাকী যাইতে লাগিল, এবং কখন ২ ক্ষেত্রমধ্যে গিয়া পুস্তক পাঠ ও কুটুখবর্গের নিমিত্তে প্রার্থনা করিতে লাগিল। এই রূপে সে কতক দিন যাপন করিল।

কিন্তু নিতাং কেত্রমধ্যে গিয়া পূর্বে রীতানুসারে পুত্র পাঠ করাতে যেমন অধিক তৃণ পাইয়া ক্রমেং অগ্নির বৃদ্ধি হয়, তেমনি তাহার মনোছঃখাগ্লি ক্রমেং অহলত হইলে, আমি পরিতাণের নিমিত্তে কি করিবং এই কণা কহিয়া সে পূর্বানুরূপ রোদন করিতে লাগিল।

অপর দেখিলাম যেন ঐ বাজি পলায়নে উচ্চাক্ত পুরুহের নায়ে চতুর্দিনে দৃষ্টি করিয়া কোন্দিনে পলায়ন করিবে তাহা স্থির করিতে না পারাতে স্তান্তিতের নায়ে দাঁড়াইয়া রহিল। এমন সময় \*মঞ্চলবাঞ্জক নামে এক বাজি আদিয়া তাহাকে জিজ্ঞাসা করিল, কি নিমিতে রোদন করিতেছ;

তথন সে উত্তর করিল, তে মহাশয়, আমার ছঃখের কথা কেন জিজামা করেন গৈ আমার হস্তগত এই পুস্তক-রূপ দর্পনদারা আমি বিলক্ষণ দেখিতেছি যে আমি নিতান্ত লোধাকৃত, এবং আমার মৃত্যু অতি সন্নিকট, এবং মরণান্তে আমাকে বিচারে যাইতে হইবে; কিন্তু মরণে আমার কিছু মাত্র বাঞ্ছা নাই, ও বিচার সহ্ করিতে আমার কোন প্রকারে সাধ্য নয়।

তথন \*মঞ্চলবাঞ্জক জিজাসা করিল, যদি এই সংসারে পদে ২ ছুঃখ আছে, তবে মৃত্যুতে তোমার ইচ্ছা হয় না কেন? তাহাতে সে কছিল, আমার মৃত্যুতে আশক্ষা এই, যে পৃষ্ঠের গুরুতর বোঝার ভরে পাছে আমি কবরহইতে নীচে নিক্ষিপ্ত হইয়া তোফতে অথাৎ নরকে পতিত হই। এবং আরো কহি, আমি যদি কারাগারে যাইতে প্রস্তুত নহি, তবে বিচারে এবং বিচারস্থানছইতে দণ্ডস্থানে যাই-তেও প্রস্তুত নহি; অতএব এই সকলের নিমিত্তে ভীত হুইয়া আমি রোদন করিতেছি।

তথন \* মঞ্চলব্যঞ্জক কহিল, তোমার দশা যদি এমন হইয়াছে, তবে তুমি কি জনো এথানে দাঁড়াইয়া আছ? সে কহিল, হে মহাশয়, আমি কোথায় যাইব? তাহার কিছু স্থির করিতে না পারিয়া এখানে আছি। এমন হইলে মঞ্চলব্যঞ্জক 'আগামি জোধহইতে পলায়ন কর,' এই কথা সম্বলিত এক খানি পত্র তাহাকে দিল।

অপর দে ঐ পত্র পাঠ করিয়া অত্যন্ত বাাকুলচিতে

\*মঙ্গলবাঞ্জকের প্রতি স্থিরদৃষ্টি করিয়া অতি যতু পূর্বক
ক্রিরে? তখন \*মঙ্গলবাঞ্জক এক বৃহৎ মাঠের দিগে অঙ্গুলি
দিয়া জিজ্ঞাসিল, ঐ দ্বার দেখিতে পাইতেছ কি না?
তখন সে কহিল, না। তাহাতে \*মঙ্গলবাঞ্জক পুনর্বার
কহিল, ঐ জাজ্বল্যমান আলো দেখিতে পাও কি না?
তাহাতে সে বলিল, হাঁ, বুঝি কিছু দেখিতে পাই। তখন

\*মঙ্গলবাঞ্জক কহিল, ঐ আলোর প্রতি দৃষ্টি রাখিয়া
বেগে গমন কর; পরে ঐ স্থানে পৌছিলে যে দ্বার দেখিতে পাইবা, সেই দ্বারে ঘা মারিলে তোমার কর্ত্বা যে
কিছু সকলি কহা যাইবে।

### ২ অধ্যায়।

অপর \*মঞ্চলব্যঞ্জকের ঐ কথাতে নির্ভর দিয়া সে অত্যন্ত বেগে দৌড়িতে লাগিল। নিজ বাটীহইতে কিছু দূর পর্যান্ত গমম করিলে পরে তাহার স্ত্রীপুত্রাদি পরিবারেরা ঐ সমাচার পাইয়া তাহাকে ফিরাইবার জন্যে তাহার পশ্চাং ২ দৌড়িল; সে তাজা দেখিয়া আপন কর্ণে অঙ্গুলি দিয়া, জে জীবন ২, জে অনস্ত পর্যালুঃ ২, ইছা কহিয়া কাঁদিতে ২ উ্দ্ধাধ্যমে দৌড়িল, এবং পশ্চাং ফিরিয়াও না দেখিয়া মাঠের মধা প্যান্ত উপস্থিত হইল।

পরে তাহার আর্মায় বন্ধু প্রতিবাসি লেকেরা ঐ সংবাদ পাইয়া গৃহহইতে বাহিরে আমিয়া দেখে যে সে উদ্ধ-পালে দেড়িতেছে; তাছাতে কেছ ২ কিরাইবার জন্যে ভাছাকে ধমকাইয়া তিরকার করিল, এবং কেছ > বিনয় বাকোতে কির ছে২ বলিয়া জন্দন করিতে লাগিল। তথাপি সে ঐ সকল কথা তৃষ্ঠ বোধ করিয়া চলিল। এমন দেখিয়া ভাছাদের মধ্যে "একওঁইয়া এবং "স্থন্যা নামে ছুই জন ক্রেধাবিট ছইয়া কছিল, আমরা উছাকে বলদারা অবশ্য ফির্টেয়া অনুনিব। এই প্রতিজ্ঞা করিয়া সে সে স্থানছইতে বজু দূর পৌ।ছলেও তাহারা তাহার পশ্চাং ২ গমনে প্রবৃত্ত হইল। তাহারা এমন বেগে দেকিল বে অপে ক্ষানের মুধ্য তাহাঁর লাগাইল ধরিল। অতএব দে জা-পন প্রতিক্সিদিপের আগমন দেখিয়া জিজাসা করিল, হে প্রতিবাসিগণ, কি নিমিত্তে আসিয়াছ? তাহাতে তাহারা কহিল, তোমাকে ফিরাইয়া লইতে আসিয়াছি। তখন সে কহিল, ও ভাই, আমি কোন প্রকারে সে স্তানে কিরিয়া যাইব না: কেননা তোমরা যে পংস্যানগরে বসতি কর সে আমারও জন্মভূমি বটে, কিন্তু ঐ স্থানের নিতান্ত ধাংস হইবে ইহা আমি নিশ্চর জানিয়াছি। অরে ঐ স্থানে থাকিলে পরকালে তোমরা যে কর্বরাপেক্ষা গভার স্থানে অর্থাৎ গন্ধক মিশ্রিত প্রস্থালিত অগ্নিযুক্ত গর্ভে অবিলয়ে মগ্ন হইবা ভাষাও আমি নোখতেছি; অতএব হে প্রতিবাসিগণ, তোমরা বরং আমার সাছত আগমন কর:

তাহাতে \*একওঁইয়া কহিল, এ কেমন কথা! আমরা

আত্মীয় বন্ধু প্রতিবাসি সজ্জন লোকদিগকে এবং সাং-সারিক সুথভোগাদি পরিত্যাগ করিয়া কি অনাথ হইয়া ভোমার সঙ্গে যাইব?

তাহাতে \* খ্রীফীয়ান কহিল, হাঁ ভাই, এ কথা বলি, কেননা আমি যে স্থভোগের চেফীতে আছি, তাহার এক কণিকার সহিতও তোমাদের এই সাম্পুতিক ভুক্ত সুখের তুলনা হইতে পারে না। অতএব তোমরা যদি আমার সহিত আসিয়া এই পথের পথিক হও, তবে অনায়াসে পর্ম সুখের পাত্র হইয়া আমার সদৃশ বিষয় পাইবা। কেননা আমি যে স্থানে যাইতেছি সেখানে সুখের সীমা নাই; ইহাতে যদি তোমাদের প্রত্যয় না হয়, তবে বরং আমার কথা সত্য কি মিথা। তাহা জানিবার নিমিত্তে আন্যার সহিত আদিয়া দেখ।

পরে \*একগুঁইয়া জিজ্ঞাসা করিল, ভাল, সেই স্থানে এমন বস্তু কি আছে, যে তুমি তাহার নিমিত্তে সর্বাস্থ পরি-ত্যাগ করিয়া তাহার লোভী হইয়াছ? ?

তাহাতে \*খ্রীফীয়ান কহি'ল, ভাই, আমি স্বর্গন্ত এক অধিকারের চেফাতে আছি, ঐ অধিকার অক্ষয় ও নির্ম্মল ও অজর; এবং যাহারা সেই অধিকারের চেফা করে, ভাহাদিগকে নির্মাপিত সময়ে দত্ত হওনার্থে তাহা স্বর্গ-মধ্যে রক্ষিত হইতেছে। বরং যদ্যাপি দেখিতে চাহ তবে আমার এই পত্র পড়িয়া দেখ।

এ কথা শুনিয়া \*একওঁইয়া তিরক্ষার করিয়া কছিল, তোর পুস্তক তুই লইয়া যা। এখন আমাদের সহিত ফিরিয়া যাবি কি না, তাফা বলিতে পারিস্?

জাহাতে \*খুমিটায়ান কহিল, ভাই, আমি যাইতে পারিক না, কারণ সম্পুতি প্রমার্থ ভূমির চাসেতে প্র-বৃত্ত হইয়াছি। তখন \* একগুঁইয়া \* সুখনম্যকে ডাকিয়া কছিল, হে ভাই প্রতিবাসি, আইস, আমরা এই বায়ুগ্রস্ত লোককে পরি-ত্যাগ করিয়া ঘরে ফিরিয়া যাই; কেননা এমত কতক গুলীন বাতুল ও বাচাল লোক আছে, তাহারা যখন যাহা মনে করে তখন তাহাদের এমনি বোধ হয়, যাহারা কর্ম্ম সম্পন্ন করিয়া কারণ দেখাইতে পারে, এমন বহুদ্শী ও বিজ্ঞ লোকহইতেও আমরা জ্ঞানবান।

তখন \* সুখনমা কহিল, অগ্রে কথার বিবেচনা না করিয়। হঠাৎ বিজ্ঞাপ করিও না, কেননা ঐ উত্তম \* খুমিটীয়ান যাহ। কছিতেছে তাহা যদি সত্য হয়, তবে আমাদের বিষয় অপেক্ষা ইহার চেটিত বিষয় উত্তম, ইহা নিশ্চয়। অতএব আমার মনে লয় আমি ঐ প্রতিবাসির সহিত যাই।

এ কথা শুনিয়া \* এক গুঁইয়া কহিল, এই জগতে ইছার
মত আরো কি ছুই এক জন অজ্ঞান আছে? এ লোক তো
ক্ষেপা, তোমাকে কোথায় লইয়া যাইবে তাছার নিশ্চয়
কি? অতএব তুমি আমার মতে মত করিয়া আপন ঘরে
ফিরিয়া গিয়া জ্ঞানবান হও ।

তাহাতে \* খ্রীফীয়ান কহিল, হে ভাই \* সুখনমা, এই কথা নানিও না, বরং আমার সহিত চলিয়া আইস, কেননা আমি যে ২ বিষয় কহিয়াছি সে সকলই সতা। তদ্ধিও অনেক ২ ঐশ্বয়া আছে। বরং তোমাদের যদি প্রতায় না হয় তবে আমার এই পুস্তক পাঠ করিয়া দেখ। আর তন্মগ্যে যাহা২ লিখিত আছে তাহাও সত্য কি না বিবেচনা করিয়া দেখ, কেননা যিনি তাহা রচনা করিয়াছেন, তিনি আপন রক্তদারা ঐ বাক্য দৃঢ় করিয়াছেন।

পরে \* সুখনম্য \* একগুঁইয়াকে কহিল, ওছে ভাই প্রতি-বাসি, আমার অস্তঃকরণে এই সজ্জনের সকল কথাই সত্য বোধ ছইতেছে; অতএব আমি ঐ সাধু লোকের সহিত যাইতে বাঞ্ছা করি। তাছাতে ইছার যে দশা আমারও সেই দশা ছইবে। ইছা বলিয়া কছিল, কেমন, ছে প্রিয় সঙ্গি "পুঁটিয়ান, ঐ বাঞ্ছিত স্থানের উত্তম পথ ভূমি জান? তাছাতে "পুঁটিয়ান কছিল, "মঞ্চলব্যঞ্জক নামে এক ব্যক্তি আমাকে সম্মুখন্থ ক্ষুদ্র দ্বারের নিকটে শীঘ্র বাইতে আজ্ঞা করিয়াছেন, সেই স্থানে পৌছিলে পর আমরা পথের বিষয় জানিতে পাইব।

তথন \* সুখনম্য কহিল, তবে ভাই, এই বেলা চল:
আমরা শীত্র করিয়া যাই। এ কথা কছিয়া তাহারা ছুই
জনে একত্র হইয়া চলিল।

তথন <sup>\*</sup>একভূঁইয়া কছিল, তবে আমি স্থানে প্রস্থান করি, এমন অজ্ঞানের সঙ্গে বাইতে বাঞ্জা করি না।

এই রূপে \*একগুঁইয়া ফিরিয়া গেলে ঐ \* খুীফীয়ান এবং
\* সুখনমা ছুই জন মাঠের মধ্য দিয়া গমন করিতে ২ পরস্পার আনন্দিত হইয়া কথোপকথন করিতে আরম্ভ করিল।

\*খুীফীয়ান কহিল, হে ভাই \*সুখনম্য, এই ক্লণে কেমন আছ? আমার সহিত ভোমার আগমন করাতে আমি বড় সন্তুফ হইয়াছি, কিন্তু সেই অদৃশ্য বস্তুর প্রতাপে ও ভয়েতে আমি বেরূপ মনস্তাপ পাইয়াছি, তাহা যদি ঐ \*একগুঁইয়া পাইত, তবে এরূপ তুচ্ছ জ্ঞান করিয়া আমা-দের সঙ্গ ছাড়িয়া বাইতে পারিত না।

তাহাতে \* সুখনম্য কহিল, হে প্রিয় সথে \* খুীফীয়ান, এখন আমরা ছই জন ব্যতিরেক এখানে আর জনমানব নাই, অতএব আমাদের গন্তব্য স্থানের বস্তু কি প্রকার, আর কি প্রকারেই বা তাহার ভোগ পাওয়া যায়, ইহা বিস্তারিত করিয়া অনুগ্রহ পূর্বক আমাকে জ্ঞাত কর।

তাহাতে "খুীফীয়ান কছিল, এই সকল বিষয় মনের দারাই যত ভালরূপে অধিক জাত হওয়া যায়, জিহ্লাদারা আমি তত কহিতে পারি না; তবে তুমি শুনিতে ইছা করিতেছ, এই জন্যে আমার পুস্তকহইতে তোমাকে যৎ-কিঞ্চিৎ শুনাইব।

তথন \* সুখনম্য কহিল, ভাই, তোমার পুল্তকমধ্যে বাহাং লিখিত আছে, তাহা যে সত্য ইহা কি ভূমি জান?

তাহাতে " খুীফীয়ান কহিল, হাঁ জানি, কেননা সত্য-বাদি ঈশ্বর ঐ পুস্তক রচনা করিয়াছেন।

\* সুখনমা কহিল; ভাল, সে পুস্তকে কিং লিখিত আছে? তাছাতে \* খ্রীফীয়ান কহিল, অনস্তকাল পর্যান্ত ভোগ করা যায় এমন অসীম রাজ্য এবং অনস্ত জীবন আমাদের হইবে, ইহা লিখিত আছে।

তখন \* সুখনমা কহিল, ভাল কহিয়াছ, ইহা ছাড়া আর কি আছে?

\* খ্রীফীয়ান কছিল, তদ্ধিন তেজস্বি মুকুট আছে, এবং আমাদিগের শরীরকে তেজঃপুঞ্জ করে সর্য্যের ন্যায় এমন তেজোময় বস্তু আছে।

তখন \* সুখনম্য কহিল, যে আহা ২ এ সকল অতি অপূর্ব্ব বস্তু। ভাল, ভাই, এতদ্কিম কি আরো কিছু আছে?

তাহাতে "খ্রীফীয়ান কছিল, হাঁ, সেখানে কোন ছঃখের লেশ নাই এবং ক্রন্দন মাত্রও নাই। কারণ সে স্থানের কর্ত্তা আপনি আসিয়া সকলের নেত্রজল মুছিয়া দেন।

\*সুখনম্য জিজ্ঞাসিল, আমরা সেখানে গেঁলে আমাদিগের প্রতিবাসী কে২ ছইবে?

তথন "খুখিনীয়ান কহিল, যাহাদের তেজের প্রভাবে হঠাৎ চক্ষু মুদ্রিত করিতে হয়, এমন "সিরাফীমের এবং "কিরুবদিগের সহিত আমরা বসতি করিব, এবং সেখানে গেলে আমাদের অএগত যে সহস্র ২ লোক সেখানে বাস করে, তাহাদের সহিত যে কেবল সাক্ষাৎ হইবে তাহা

তাহাতে "সুখনমা কহিল, ভাই হে, কি আশ্চর্যা কথাই প্রবণ করিলাম! শুনিবামাত্র আমার মন আহ্লোদেতে পুল-কিত হইল। ভাল ভাই, ঐ সকল বিষয় আমরা ভোগ করিতে পারি কি না? আর কি প্রকারেই বা তাহার অংশী হইতে পারি? ইহা অনুগ্রহ করিয়া বল, শুনি।

তথন "খুীফীয়ান ক্ছিতে লাগিল, সেই দেশের রাজা এই পুস্তক রচনা করিয়া লিখিয়াছেন, যে যাহারা ঐ সকল বিষয় লইতে নিভান্ত আকাজ্জা করে তাহাদিগকেই বিনা মূল্যে দক্ত হইবে।

্র এ কথা শুনিয়া "সুখনমঃ আনন্দে পুলকিত হইয়া কছিল, যে ছে সখে, তবে চলিয়া আইস, আমরা সত্ত্র গমন করি।

শুমিটীয়ান কহিল, ভাই হে, আমার পৃঠেতে যে গুরুতর বোঝা আছে, তনিমিত্তে আমি ইচ্ছামত শীভ্র গমন করিতে পারি না।

অপর আনি স্বপ্নে দেখিলান যে ঐ ছুই জন পরস্পর কথোপকথন সাঙ্গ করিবামাত অন্যমনক্ষ প্রযুক্ত অকস্মাৎ সাঠের মধ্যন্থিত \* নৈরাশ্য নামে একটি মহাপদ্ধে পতিত হইল। তাহাতে তাহাদের সর্বাঙ্গ পদ্ধেতে মগ্ন হইলে উভয়েই অনেক ক্ষণ পর্যান্ত কন্ট পাইতে লাগিল; বিশে-ষতঃ \* খ্রীফীয়ানের পৃষ্ঠদেশে গুরুতর ভার প্রযুক্ত সে ক্রমে২ ঐ পক্ষে ডুবিতে লাগিল।

তাহাতে \* সুখনমা কহিল, ওহে ভাই সঙ্গি \*থুীফীয়ান, তুমি এই ক্ষণে কোথায় আছ?

তাহাতে \*থ্রীফীয়ান কহিল, সত্য ভাই, আমি তো ইহার কিছুই নির্ণয় করিতে পারিলাম না।

তথন \*সুথনমা এই অভরসার কথা শুনিয়া ক্রোধ পূর্ব্বক ঐ সহযাত্রিককে কহিল, ভাই হে, তুমি কি এত ক্ষণ এই অনস্ত সুথের বিষয় কহিতেছিলা? আমাদের যাত্রার প্রথম উদ্যমেই এই, না জানি ইহার শেষে এমন কত ২ অনস্ত সুথ আছে! অতএব আমি যদি ভাগো ২ এই সময় প্রাণ লইয়া বাঁচিয়া যাইতে পারি, তবে তুমি আমার প্রতিনিধি হইয়া ঐ মনোহর রাজ্য ভোগ করিও। এ কথা কহিয়া \* সুথনমা বলেতে ছুই এক বার গাত্র ঝাড়া দিয়া ক্ষ গ্রেপ্তে আপন বাটীর সম্মুখর্বর্জ পার্শ্বে পক্ষহইতে উচিয়া চলিয়া গেল। তাহাতে তাহার সহিত খুফীয়ানের আর দেখা হইল না।

এই রূপে \* খ্রীফীয়ান ঐ নৈরাশ্য পক্ষমধ্যে একাকী পড়িয়া লট্পট্ করিতে ২ আপন বাটীর দূরস্থ অথচ ঐ কুদ্র দারের নিকটস্থ পার্শ্বের দিগে যাইতে যত্ন করিয়া অতিশয় শ্রম পূর্বেক কন্টশ্রেষ্ঠে ঐ পার্শ্বের কাছে গিয়া পৌছিল, কিন্তু পৃষ্ঠের ভারি বোঝা প্রযুক্ত পক্ষহইতে উঠিতে পারিল না। ইতোমধ্যে আমি স্বপ্নেতে দেখিলাম, উপকারক নামে এক জন তাহার নিকটে আসিয়া এই জিজ্ঞাসা করিলেন, তুমি এ স্থানে কি করিতেছ?

তথন \* থাটীয়ান উত্তর করিয়া কহিল, ছে মহাশয়,
আমি আগামি কোধহইতে উত্তীর্গ হইবার নিমিতে \*মঞ্চলব্যঞ্জক নামে এক জনকর্তৃক, অমুক ছারে যাও, এই
আজ্ঞা পাইয়া সেই স্থানে গমন করিতে ২ এই মহাপঞ্চে
পড়িয়া দুর্দশাগ্রস্ত ইইয়াছি।

তাহাতে \*উপকারক কহিলেন, তুমি পদার্পণার্থে স্থাপত প্রস্তরশ্রেণীর অনুসন্ধান করিয়া কেন গমন কর নাই?
খীষ্টীয়ান কহিল, আমি ভয়েতে ব্যাকুল হইয়া নিকটস্থ পথ দিয়া পলায়ন করিতেছিলাম, তাহাতে হঠাৎ এই স্থানে পড়িয়াছি।

\*উপকারক কহিলেন, তবে হস্ত বিস্তার কর। তাহাতে সে হাত বাড়াইয়া দিলে তিনি তাহার হাত ধরিয়া তা-হাকে টানিয়া ডেঙ্গায় ডুলিলেন, এবং অগ্রসর হইতে আজ্ঞা দিলেন।

অপর এমন সময়ে যেন আমি ঐ "উপকারকের নিকটে গিয়া জিজাসা করিলাম, হে মহাশয়, গংস্যানগরছইতে ঐ দ্বার পর্যান্ত গমনের যে পথ তাহা দীনহীন বাত্রিক-দিগের নির্বিদ্ধে গমনের নিমিত্তে সুন্দর রূপে নির্দ্ধিত না হইয়া এই মহাপক্ষ দিয়া নির্দ্ধিত কেন হইয়াছে? তাহাতে তিনি আমাকে কহিলেন; শুন, ঐ মহাপক্ষকে কোন প্রকারেই শুধরাণ যায় না। কেননা পাপহইতে উৎপন্ন জঞ্চাল সকল আসিয়া ঐ স্থানে পতিত হয়। একারণ নৈরাশ্য পক্ষ নামে বিখ্যাত হইয়াছে। কলতঃ পাপগ্রস্ত লোকদের আপনাদিগকে রক্ষা করিতে অক্ষমতা বিষয়ে উত্রোত্তর চেতনা হওয়াতে তাহাদের মনোমধ্যে উৎপন্ন ভয় ও আশক্ষা ও সন্দেহ ইত্যাদি মিলিত হইয়া অন্যাবধি এই স্থানে একত্র হয়; এ কারণ এ স্থানের মৃত্তিকা এ প্রকার মন্দ জানিবা।

আর এই স্থান এ প্রকার ক্দর্য্য হইয়া থাকে এমন কিছু রাজার অভিলাষ নহে। বরঞ্চ রাজার আজ্ঞা পাইয়া ভাঁহার মজুরেরা, ঐ অপ্প স্থান কি জানি যদাপি ভাল হয়, এই আশয়ে ক্রমেং আজি আঠারো শত বংসর পর্যান্ত কর্মা করিতেছে। বিশেষতঃ তিনি আমাকে আরো একটি কথা কহিলেন, যে আমার জ্ঞানেতে ঐ স্থানে লক্ষং গাড়ী মাটী কেলিয়া দিয়াছে, ফলতঃ লক্ষং হিতোপ-দেশাদি যে সকল রাজার অধিকারের সর্বান্ত হইতে সর্বাদা আনা গিয়াছিল, তাহাও এই স্থানে দেওয়া গিয়াছে; এবং বিজ্ঞ হ লোকেরা এ কথা কহেন, যে সকল দ্রব্যেতে সর্বাপেক্যা উত্তম মৃত্তিকা জন্মে, এমন অনেক হ দ্রব্যও কেলা গিয়াছে, তথাপি এই স্থান শুধরাণ না হইয়া আজি পর্যান্ত নৈরাশ্যপক্ষ হইয়া আছে। আর ইহার পরে তাহার পূরণ করিবার জন্যে সাধ্য পর্যান্ত পরিশ্রম হই-দেও এই স্থান সেই রূপ থাকিবে।

আর ব্যবস্থাপঁকের আজ্ঞাতে এই মহাপক্ষের মধ্য দিয়া পাদার্পণার্থক অনেক ২ প্রস্তির ফেলা গিয়াছে, তাহাও সত্য বটে; কিন্তু যে সময়ে এই স্থানে সেই জঞ্জালাদি আসিয়া পড়ে, অর্থাৎ এক শুতু গেলে অন্য শুতুর আগমনে যথন পূর্ববৎ হইয়া থাকে, তথন ঐ সকল প্রস্তুর প্রায় দেখা যায় না। যদি কথন অপ্প ২ দেখা যায়, তবে তাহার উপর দিয়া মনুব্যেরা গমন করিতে মাথা ঘুরিয়া পড়িয়া পক্ষেতে মগ্ন হয়; কিন্তু এক বার ঐ দ্বারে প্রবিষ্ট হইলে উত্তম মৃত্তিকা পাওয়া যায়।

অপর আমি এই রূপ স্বপ্ন দেখিতেং দেখিলাম যেন ইতোমধ্যে সেই \* সুখনম্য গিয়া বাটীতে পৌছিল; তাহা-তে তাহার প্রতিবাসি লোকেরা তাহার নিকটে আসিয়া সে যে ফিরিয়া আসিয়াছে, এই জন্যে কেহং তাহাকে বৃদ্ধি- মান্ বলিল; এবং কেছ ২ কছিল, যে না, এ যখন সেই কপা \*থাইয়ানের সহিত প্রাণপণে গিয়াছিল, তখন ইহাকেও কিপ্ত বোধ হয়; এবং অন্য কেছ ২ তাহাকে তীক বলিয়া যথেই তিরস্কার করিয়া কছিল, তুমি অগ্রে প্রাণপণ করিয়া গিয়া শেষে অপ্প ভূংখ দেখিয়া ফিরিয়া আসিয়াছ; কিন্ত আমি যদি এক বার তোমার মত প্রাণপণ করিয়া যাইতাম, তবে কখন অপ্প ভূংখেতে ফিরিয়া আসিতাম না। এ রূপ কথা শুনিয়া \* সুখনমা লক্ষাতে তাহাদের নিকটে মাথা হেঁট করিয়া রহিল। পরে সে সফক হইলে পর তাহারা তাহাকে ত্যাগ করিয়া অসাক্ষাতে \* খীফীয়ানকে তিরস্কার করিতে লাগিল। ইতি \* সুখনম্য বিষয়ক বিবরণ স্বাপ্ত।

### 🔾 অধ্যায়।

অপর এই রূপে " খ্রীভীয়ান ঐ তেবান্তর মাঠের মধ্যে একাকী গমন করিতে হ অকস্মাৎ দেখিল, যে দূরে এক জন মনুষা ঐ মাঠের মধ্য দিয়া তাহার দিগে আসিতেছে। পরে অপে ক্ষণের মধ্যেই সে ক্রমে হ তাহার নিকটে পৌছিয়া ঐ " খ্রীভীয়ানের সহিত মিলিল। সে ব্যক্তির নাম " সাংসারিকবৃদ্ধি, সে " শারীরিকাচার নামক গ্রামে বসতি করে। ঐ মহৎ গ্রাম " খ্রীভীয়ানের জন্ম- ছানহইতে অতি নিকট; একারণ "ধ্বংস্যনগরহইতে " খ্রাভীয়ানের বাহির হইয়া যাওনের গপে কেবল ঐ গ্রামে রটিয়াছিল এমন নয়, অন্যান্য গ্রামেও ঐ কথা রটিয়াছিল। অতএব " খ্রীভীয়ানের বিষয়ে কিছু স্মরণ করাতে ঐ " সাংসারিকবৃদ্ধি মহাশয় " খ্রীভীয়ানের অত্যন্ত অত্যন্ত সাংসারিকবৃদ্ধি মহাশয় " খ্রীভীয়ানের অত্যন্ত

পরিশ্রম পূর্বক গমন ও ক্রন্দন ইত্যাদি দেখিয়া তাহার সহিত কথোপকথন করিতে আরম্ভ করিল।

তাহাতে প্রথমে \* সাংসারিকবুদ্ধি জিজ্ঞাসা করিল, হে ভাই, এ প্রকার ভারগ্রস্ত হইয়া তুমি কোথায় যাইতেছ ?

তথন " খ্রীফীয়ান উত্তর করিয়া কহিল, ছে মহাশয়, আমি অতি দীনহীন ছুরাচার; আমার মত ভারগ্রস্ত কেহ কথন হয় নাই। কিন্তু আমি শুনিয়াছি যে আমার অগ্র-স্থিত ঐ ক্ষুদ্র দার পর্যান্ত গেলে আমি এই ভারি বোঝা-হইতে মুক্ত হইব; এ কারণ সেই স্থানে যাইতেছি।

\* সাংসারিকবৃদ্ধি জিজ্ঞাসা করিল, তোমার স্ত্রীপুত্রাদি আছে কি না ?

তাহাতে "খুীফীয়ান কহিল, হাঁ, সে সকল আছে বটে, কিন্তু এই ভারি বোঝা প্রযুক্ত তাহাদের সহিত পূর্বের ন্যায় আমোদ প্রমোদ আমার ভাল লাগে না, বরং নিরানন্দ বোধ হয়।

- \* সাংসারিকবুদ্ধি জিজ্ঞাসিল, আমি যদি তোমাকে কোন পরামর্শ দি, তবে তাহা তুমি শুনিবা কি না?
- \* খ্রীফীয়ান কহিল, হাঁ, যদি সংপরামর্শ হয়, তবে অবশ্য শুনিব, কেননা আমার উত্তম পরামর্শেতে প্রয়ো-জন আছে।
- \* সাংসারিকবৃদ্ধি কছিল, তবে আমি তোমাকে এই এক সৎপরামর্শ দি, তুমি কোন প্রকারে অতি শীঘু এই বোঝাহইতে মুক্ত হও; কেননা যে পর্যান্ত ঐ ভারহইতে
  মুক্ত না হইবা, তাবৎ কোন মতে তোমার মন স্থির হইবে
  না; বিশেষতঃ পরমেশ্বর তোমাকে যে ২ উত্তম ২ বিষয়
  দিয়াছেন, তত্ত্ৎপন্ন সুখও সে পর্যান্ত ভোগ করিতে পারিবা না।

তাহাতে \* খ্রীফীয়ান কহিল, হে মহাশয়, আমিও c. 2

সর্বাদা সেই চেন্টায় আছি, কিন্তু তথাচ কোন প্রকারেই ঐ বোঝা এড়াইতে পারিতেছি না; আমার এই গুরুতর ভার যে হরণ করে, আমাদের তাবৎ দেশের মধ্যে এমন একটিও লোক দেখি না। অতএব তোমাকে যেরূপ কহি-য়াছি, সেই রূপ আমি এই বোঝাহইতে মুক্তি পাইবার জনো এপথ দিয়া যাইতেছি।

তাহাতে \*সাংসারিকবুদ্ধি কহিল, এই বোঝাহইতে মুক্ত হওনের নিমিত্তে এ পথ দিয়া যাইতে তোমাকে কে পরা-মশ দিয়াছে ?

\* খৃষ্টিীয়ান কহিল, সে লোককে আমার দৃষ্টিতে অতি-মহৎ এবং সম্ভ্রান্ত বোধ হইয়াছে, এবং আমার স্মরণ হয় বে তাঁহার নাম \* মঞ্চলব্যঞ্জক।

\* সাংসারিকবৃদ্ধি কহিল, আঃ তাহার পরামর্শের মল কি? সে তোমাকে যে পথ দেখাইয়া দিয়াছে, তাহার মন্ত্রণানুসারে যদি তুমি চল, তবে সেই পৃথ কেমন ভয়ানক ও তুর্গম তাহা বিলক্ষণরূপে জানিতে পারিবা। আর আমি এখনি দেখিতে পাইতেছি, যে ইহার মধ্যেই তুমি সে পথের কিঞ্চিৎ ক্লেশ পাইয়াছ; কেননা তোমার সর্বাঙ্গ নৈরাশ্য পক্ষের কাদা লেপা দেখিতেছি। অতএব শুন, যাহা-রা ঐ পথ দিয়া যায়, তাহাদিগের প্রথম ক্লেশের সূত্র ঐ পক্ক জানিবা। আমি তোমাহইতে অনেক প্রাচীন বটি, অতএব আমার কথা গ্রাহ্য করিও। তুমি যে পথে যাইতেছ সে পথে কেবল বৃথা পরিভাম, এবং বাথা, কুধা, ছঃখ, উল-ক্লত্ব, থড়ার, সিংহ, সর্প, অন্ধকার ইত্যাদির ভয়, এবং মৃত্যুও আছে; আর এই সকল যে নিতান্ত সত্য, ইহা অনুনক সাকিদারা স্থির করা গিয়াছে; অতএব পরের ক্ষা শুনিয়া নিতান্ত অবিবেচকের মত কেন আপনাকে করিবা ?

তাছাতে "খ্রীফীয়ান কহিল, তাহার কারণ এই, মহাশয় যে সকল ভয়ানক বিষয় কহিলেন, তাহা অপেক্ষাও
আমার এই পৃঠের ভার অধিক ভয়ঙ্কর হইয়াছে; অতএব এই পথের মধ্যে আমি যদি এই বোঝাহইতে মুক্ত
হইতে পারি, তবে যাহা ঘটে তাহা ঘটুক। তাহাতে আমার কিছুই চিন্তা নাই, জানিবা।

তখন \* সাংসারিকবৃদ্ধি জিজ্ঞাসিল, এই বোঝা তুমি প্র-থমে কোথাছইতে পাইয়াছিলা?

\*পুষ্টীয়ান কহিল, আমার হস্তের এই পুস্তক পাঠ
করিতে ২ পাইয়াছি। তথন \* সাংসারিকবৃদ্ধি কহিল, হাঁ,
আমিও তাহা বৃঝিয়াছি; যাহাদের অতিকৃদ্ধ অন্তঃকরণ,
তাহারা আপন অসাধ্য কোন উচ্চ বিষয়েতে হাত দিয়া
হঠাৎ সমূহ মনোবৈকল্য প্রাপ্ত হয়। তুমিও তদ্ধেপ, তাহা
আমি দেখিতেছি। কিন্তু সে প্রকার মনোবৈকল্যদ্ধারা
মনুষ্যেরা প্রায় অমুমনুষ্য হয়, তাহা কেবল নয়, বরং অক্রেয় বিষয় পাইবার চেন্টাতে ছঃখসমূহেতেও মগ্ল হয়।

তাহাতে "খুীফীয়ান কহিল, মহাশীয়, আমি যাহা পাই-তে চেন্টা করি তাহা জানি, সে কি না এই ভারি বোঝা-হইতে যে মুক্ত হই।

\* সাংসারিকবৃদ্ধি কহিল, তুমি যদি কিঞ্চিৎ স্থির হইরা আমার কথা শুন, তবে ঐ পথে যে ২ আপদ আছে, তাহাতে কোন প্রকারে না পড়, এবং তোমার বাঞ্ছিত বিষয়ও পাইতে পার, এমন এক সুগম পথ দেখাইয়া দিতে পারি। এই যে পথে তুমি যাইতেছ তাহাতে যদাপি এমন ঘার আপদ থাকিল, তবে তাহাতে সুখভোগের চেফাতে যাওয়া ব্ধা। আর আমি যাহা বলিতেছি তাহা এক প্রকার নিক্টবর্তীও বটে, এবং তাহাতে সকল আপদ ছাড়াইয়াবরং অনেক ২ মিত্রতা ও সুখ ও শান্তি পাইতে পারিবা।

\* খ্রীফীয়ান কহিল, হে মহাশন্ন, তবে ঐ গোপনীয় বিষয় ব্যক্ত করিয়া কহিতে আজ্ঞা হউক।

তখন \* সাংসারিকবৃদ্ধি কহিতে লাগিল, শুন, এই স্থান-হইতে কিঞ্চিৎ দূরবর্ত্তি "নীতিনামক গ্রামে "ব্যবস্থা-নুগত নামক এক জন প্রধান লোক বসতি করেন, তিনি অতি প্রবীণ এবং বড় সুখ্যাত, আর তোমার পৃষ্ঠে যেরূপ বোঝা আছে এমন বোঝা মনুষ্যদিগের ক্ষন্ধহইতে নামা-ইতে তিনি অতি বড় বিজ্ঞ; কেননা আমার জ্ঞানেতে তাঁহাকে ঐ প্রকার অনেক ২ ভাল কর্ম্ম করিতে দেখিয়াছি, এবং তাহা ছাড়াও আপন ২ বোঝা প্রযুক্ত কিঞ্চিৎ মনো-বৈকল্য প্রাপ্ত লোকদিগকেও ভাল করিতে তিনি অতি পটু বটেন; অতএব আমি বলি, তাঁহার নিকটে গেলে তুমি ক্লণেকের মধ্যে আপন উপকার জানিতে পারিব।। তাঁহার বাদী এখানহইতে এক ক্রোশ অন্তরও নহে। তিনি যদি ঘরে না থাকেন, তবে "সুভ্য নামে তাঁহার এক পুত্র আছেন, তিনিও, ঐ বৃদ্ধ নহাশয়ের ন্যায় তোমার কর্ম্ম সিদ্ধ করিতে ক্ষমতাপন্ন বটেন; এ জন্যে কহিতেছি, তুমি সেখানে গেলে অবশ্য এ বোঝাহইতে মুক্ত হইতে পারিবা। আর তুমি যে পূর্ববসতি স্থানে ফিরিয়া যাও, তাহাতে আমার ইচ্ছা নাই; এবং তথায় থাকিতে যদি না চাও, তবে এই গ্রামে থাকিয়া তোমার স্ত্রী পূত্রাদিকে আনিবার জন্যে লোক পাঠাইতে পার। এই গ্রামে অনেক ২ শূন্য গৃহ আছে, তাহার একটা অপ্সদূল্যে ভাড়া পাইতে পারিবা, এবং দেখানে উত্তম ও সুলভ খাদ্য দ্ব্যও মিলে। আরও সর্বাপেকা উত্তম বিষয় এই, বে সেখানে সদ্ভান্তরূপে সদ্ব্যবহার করিয়া সজ্জন প্রতিবাসিগণের সহিত বাস করিতে পারিবা।

🙎 কথা শুনিয়া \* খুীফীয়ান অপেক্ষণ স্থগিত হইয়া ভা-

বিয়া শেষে বিবেচনা করিয়া কহিল, এ মহাশায় যাহা কহি-তেছেন ইহা যদি সত্য হয়, তবে ইহাঁরি পরামর্শে চলা ভাল বটে। অতএব সে এই রূপ কথা জিজ্ঞাসা করিতে লাগিল, হে মহাশায়, সে উত্তম মনুষ্যের বাটীতে কোন্পথ দিয়া যাইব?

তাহাতে \* সাংসারিকবুদ্ধি কহিল, ঐ উচ্চ পর্বত দে-খিতে পাইতেছ কি না ?

\* খ্রীফীয়ান কহিল, হাঁ, স্পষ্ট দেখিতে পাইতেছি।

তথন \* সাংসারিকবৃদ্ধি কহিল, তোমার ঐ পর্বতের উপর দিয়া যাইতে হইবে; তাহাতে প্রথমে যে বাদীতে উপস্থিত হইবা, সেই বাদী তাঁহার জানিবা।

অনন্তর \* খ্রীফীয়ান সেই \* ব্যবস্থানুগত মহাশয়ের বাটীতে যাইবার জন্যে পূর্বের পথ পরিত্যাগ করিয়া ক্রমেং ঐ পর্বতের নিকটে গিয়া উপস্থিত হইল; কিন্তু সে পর্বত অতিশয় উ্চ, এবং পথের পার্ষহইতে এক কালে সমান্ত্রপে দণ্ডায়মান প্রযুক্ত কি জানি, পাছে ইহা আমার মস্তকের উপরে পড়ে, এই ভয়েতে ভীত হইয়া \* খীফী-য়ান তাহার নিকটে যাইতে পারিল না, এবং সেই স্থানে কিছু কাল দাঁড়াইয়া,কি করা কর্ত্তব্য তাহাও কিছু স্থির করিতে পারিল না। আর পূর্মপথে থাকনের সময় অপেকা তখন ঐ বোঝা উত্তরোত্তর ভারী বোধ হও-য়াতে এবং ঐ পর্বতহইতে ঝলকে ২ অগ্নিশিখা নির্গত হওয়াতে "খুীফীয়ান ভাবিল, আঃ! এই বার বৃঝি আমি অগ্নিতে ভক্ম হইলাম! এ কথা কহিয়া ঐ স্থানে যম্মাক্ত হইয়া ভয়েতে ধর ২ করিয়া কাঁপিতে লাগিল, আর আমি কেন \* সাংসারিকবুদ্ধি মহাশয়ের মন্ত্রণাতে চলিলাম? ইহা বলিয়া অত্যন্ত খেদ করিতে লাগিল। ইতোমধ্যে তাহার সহিত সাক্ষাৎ করিতে "মঞ্চল-

ব্যঞ্জককে আসিতে দেখিয়া লজ্জাপ্রবৃক্ত "খুীফীয়ানের আকার বিবর্ণ হইল। পরে "মঞ্চলব্যঞ্জক তাঁহার প্রতি ভয়ন্কর দৃষ্টিপাত করিয়া "খুীফীয়ানকে এই রূপ অনুযোগ পূর্বাক পরামর্শ দিতে লাগিলেন, হে "খুীফীয়ান, তুমি এ স্থানে দাঁড়াইয়া কি করিতেছ ? এই কথা "মঞ্চলব্যঞ্জক জিজ্ঞাসা করিলে "খুীফীয়ান কি উত্তর করিবে, তাহা না বুঝাতে চুপ করিয়া রহিল। তাহাতে "মঞ্চলব্যঞ্জক পুনর্বার জিজ্ঞাসা করিলেন, সেই "ধ্বংস্যানগরের প্রাচীরের বাহিরে দাঁড়াইয়া রোদন করিতেছিল, এমন যে মনুষ্যের সহিত আমার সাক্ষাৎ হইয়াছিল, তুমি কি সে মনুষ্য নহ ?

- \* খ্রীফীয়ান কহিল, হাঁ মহাশয়, আমি সেই বটি।
- \* মঙ্গলব্যঞ্জক কহিলেন, আমি তোমাকে ঐ ক্ষুদ্র দ্বারে ৰাইতে কহিয়াছিলাম কি না ?
- \* খ্রীফীয়ান কহিল, হাঁ মহাশয়, কহিয়াছিলেন বটে।
  তাহাতে \*মঙ্গলব্যঞ্জক জিজাসিলেন্, তবে ভোমাকে
  এত শীঘু সে পথের বহির্গত হইয়া দাঁড়াইতে দেখিতেছি,
  ইহার কারণ কি ?
- "পুষ্টীয়ান কছিল, হে মহাশয়, নৈরাশ্যপদ্ধ পার হইবামাত্র এক জন মহলোকের সহিত আমার সাক্ষাৎ হইলে তিনি কহিলেন, অগ্রন্থিত গ্রামে গেলে যিনি তো-মার বোঝা নামাইতে পারেন, এমন এক জন মনুষ্যকে সেখানে পাইবা।
  - \* মঙ্গলব্যঞ্চক জিজাসিলেন, সে কি প্রকার লোক ?
- \* খুমিটীয়ান কহিল, সে ব্যক্তিকে এক জন বিশিষ্ট লো-কের ন্যায় দেখিলাম। তিনি আমার সহিত জনেক ২ কথাবার্তা কহিলে আমার মন তাহার কথাতে পরা-ক্লিত হওয়াতে আমি এদিগে যাইতেছিলাম, কিন্তু শেষে এই পথের পার্মে দণ্ডায়মান পর্যন্তকে দেখিয়া, পাছে

ইহা আমার খাড়ে পড়ে, এই ভয়ে হঠাৎ স্থগিত হইয়া রহিয়াছি।

তাহাতে "মঙ্গলব্যঞ্জ জিজাসিলেন, সেই মহলোক তোমাকে কি কহিয়াছিল?

\* খ্রীফীয়ান কহিল, তুমি কোথায় যাইতেছ? ইহা তিনি আমাকে জিজ্ঞাসা করিলে আমি তাহাকে উত্তর দিলাম। পরে \*মঙ্গলবাঞ্চক জিজ্ঞাসিলেন, তাহার পর সে

कि कंश्नि?

তাহাতে "খুীফীয়ান কছিল, তোমার স্ত্রী পুত্রাদি আছে কি না? এ কথা জিজ্ঞাসা করিলেন; তাহাতে আমি তাহার উত্তর করিলাম, আর ইহাও কহিলাম, আমার পৃষ্ঠস্থিত এই বোঝার নিমিত্তে আমি এমনি ভারগ্রস্ত হইয়াছি যে পূর্বের মত তাহাদের বিষয়ে আমার কোন সুখুনাই।

\* মঞ্চলব্যঞ্জক কৈজাসিলেন, তাহাতে সে কি কহিল ?

\* খ্রীফীয়ান কহিল, তিনি, আমাকে এই কথা বলিলেন, তুমি তবে ঐ বোঝাহইতে মুক্ত হইবার চেফা কর ?
তাহাতে আমি কহিলাম, হাঁ, আমিও সেই চেফায় আছি; এবং সেই হেতুক মুক্তিস্থানে গমনের উপদেশ পাইবার জনে। ঐ দ্বারে যাইতেছি। তাহাতে মহাশয় আমাকে যে পথে যাইতে অনুমতি দিয়াছিলেন, তাহা অপেক্ষা উত্তম ও আপদরহিত অন্য এক পথ তোমাকে দেখাইব, তিনি এ কথা কহিলেন। আরও কহিলেন, সেই পথে গেলে তুমি এই প্রকার বোঝা নামাইতে বিজ্ঞ এমন এক মহল্লোকের বাটীতে পৌছিবা। তাহাতে আমি তাঁহার সেই কথায় প্রত্যয় করিয়া শীষ্ বোঝাহইতে মুক্তি পাইবার লোতে ঐ পথ পরিত্যাগ করিয়া এই পথে আগমন করিলাম; কিন্তু শেষে এই স্থানে আদিয়া এই সকল চাক্ষুব্য

দেখিয়া নিৰ্ভ ছইলাম, এবং এক্ষণে কি করিব তাহাও কিছু স্থির করিতে পারি না।

অনম্ভর " मक्र नव्यक्षक कहित्तन, সে यादा इडेक, এই ক্ষণে আমি তোমাকে ঈশ্বরবিষয়ক বাক্য শুনাইব, অত-এব কিঞ্চিৎ কাল থাক। তাহাতে \* থীফীয়ান অমনি কম্পিত रहेशा माँ ज़ारेशा थाकिता मजनवाक्षक कहिए नाजितन, সাবধান, বাকাবাদির কথা শুনিতে অসমত হইও না; কারণ যিনি পৃথিবীতে কহিয়াছিলেন, তাঁহার কথা শুনিতে अमग्रे इंड्यारिक के लारकता यमि ना वाहिन, करव विनि স্বৰ্গহইতে কহেন, তাঁহাহইতে পরাত্ম্থ হইলে আমরা কোন প্রকারে বাঁচিব না। তিনি আরও কহিলেন, পুণ্যবান ব্যক্তি আপন বিশ্বাসন্থারা বাঁচিবে, কিন্তু যদি ধর্ম ত্যাগ করে, তবে তাহাতে জামার মনস্তুষ্টি হইবে না। পরে তিনি ঐ সকল কথার এই রূপ তাৎপর্য্য ব্যাখ্যা করিয়া কহিতে লাগিলেন, শুন, যে ব্যক্তি এই সকল ছুঃখে গমন করিতেছে, দে তুমিই। তুমি সর্বোপরিছের বাক্য হেলা করিয়া সংপথহইতে আপন পা পিছলিয়া প্রায় আপনার বিনাশ আপনি সম্পূর্ণ করিয়াছ।

পরে "খ্রীফারান মৃতক'প হইয়া তাঁছার চরণে পড়িয়া রোদন করিতে ২ কছিল, শাপগ্রস্ত যে আমি আমি তো একেবারে বছিয়া গিয়াছি। এই রূপ তাহার কাতরোক্তি শুনিয়া "মঙ্গলবাঞ্জক তাহার হাত ধরিয়া কহিলেন, মনুষ্য-দের সকল প্রকার পাপ ও নিদ্দা ক্ষমা হইবে; অতএব অবিশাসী না হইয়া বিশ্বাসী ছও। তখন "খ্রীফারান এই রূপ পুনরাশ্বাস পাইয়া কিঞ্ছিৎ সৃত্তির হইয়া পূর্ববিৎ কাঁলিতে২ গিয়া "মঙ্গলবাঞ্চকের কাছে দাঁড়াইল।

ু অপের <sup>\*</sup> মঙ্গলব্যঞ্জ এই রূপ কহিতে লাগিলেন, কে জেশমান্ত্র ভূলাইয়াছিল, এবং কাহার নিকটে বা কে ভোমাকে পাঠাইয়াছিল, তাহার সমস্ত বিষয় আমি ভোনাকে বলি, তুমি সাবধান পূর্বক মনোযোগ করিও। শুন, যে লোকের সহিত ভোমার মাক্ষাৎ হইয়াছিল, তাহার নাম শাংসারিকবুদ্ধি; সে কেবল সাংসারিক উপদেশ ভাল বাসে, এই নিমিন্তে সে সর্বাণ শনীতিনামক প্রামের ধর্ম্মালায় গতায়াত করে। আর সে ব্যক্তি সাংসারিক উপদেশ এতা ভাল বাসে তাহার কারণ এই, যে তাহা মানিলে কুশহইতে মুক্তি পাওয়া যায়, অর্থাৎ কুশেতে হত খীটের সভ্য ধর্ম আচরণ করাতে যে ক্লেশ তাহাহইতে মুক্তি পাওয়া যায়। অতএব জগৎস্থ লোককে সেই মতাবলম্বী করণে তাহার বাঞ্জা প্রযুক্ত সে আমার যথার্থ মতে যাইতে লোকদিগকে বারণ করে, এই হেতুক তাহার নাম যথার্থ রূপে শসংসারিকবৃদ্ধি নির্ণয় করা গিয়াছে। তাহার উপদেশের মধ্যে নিমুলিখিত তিন বিষয় তুমি অভিশয় ঘূনার্ছ জানিবা।

ফলতঃ সে তোমাকে পথ্ছইতে ফিরাইল, এই প্রথম বিষয়। এবং কুশ যে তুজনীয়, এমন তোমার বোধ জন্মাইন্রার চেফাতে ছিল, এই দ্বিতীয় বিষয়। আর তোমাকে ফিরাইয়া মৃত্যুর পথে লওনের চেফায় ছিল, এই তৃতীয় বিষয়। প্রথম বিষয়। সে যে তোমাকে সংপথছইতে ফিরাইয়াছিল, এবং তুমি যে তাছাতে সম্মত হইয়াছিলা, ইহা অভিময় ঘৃণার্ছ জানিবা, কেননা সাংসারিকবুদ্ধি মনুষ্যের কথাক্রমে ঈশরের আজ্ঞাকে অবছেলা করা অতি হক্ষমিবটে। দেখ, প্রভু কহেন, সঙ্কীর্ণ দ্বার দিয়া প্রবেশ করিতে প্রাণপণ কর; কেননা জীবনপ্রাপ্তির দার সন্ধীর্ণ, এবং অপ্পালাক তাছার উদ্দেশ পায়। আমি তোমাকে সেই সঙ্কীর্ণ দ্বারে বাইতে বলিয়াছিলাম; পরে ঐ ছ্ফ মনুষ্যুপেই দ্বারছইতে ও ভাছার পথছইতে তোমাকে পরাজ্বখ

করিয়া প্রায় তোমার বিনাশ ঘটাইল; অতএব তাহার সেই কুপরামর্শ, এবং তাহার বাক্যে তোমার সম্মতি, এই উভয় অতিশয় মৃণার্হ জ্ঞান কর।

দ্বিতীয় বিষয়। সে ব্যক্তি যে তোমাকে কুশ ভুচ্ছ করাইবার জন্যে চেন্টা করিয়াছিল, তাহাও ঘৃণার্ছ জ্ঞান করিবা,
যেহেতুক মিসর দেশের সমস্ত ধনহইতেও ঐ কুশকে
তোমার মনোনীত করা কর্ত্ব্য, কেননা যিনি স্বর্গমর্ত্ত্যের
একাধিপতি, তিনি তোমাকে কহিয়াছেন, যে ব্যক্তি আপন প্রাণ রক্ষা করিতে আফিঞ্চন করে সে তাহা হারাইবে,
এবং কেছ আমার পশ্চাদ্গামী হইয়া মদি আপন মাতা
ও পিতা ও স্ত্রী ও সন্তান ও জাতৃগণ ও ভগিনীবর্গ এবং
নিজ প্রাণও অপ্রিয় জ্ঞান না করে, তবে সে আমার শিষ্যা
হইতে পারে না। অতএব আমি বলি, সত্যবাদি ঈশ্বরের
দত্ত প্রমাণানুসারে যে কুশ ব্যত্তিরেকে অনন্ত জীবন
প্রাপ্ত হওয়া তোমার অসাধ্য, তাহাকে মনুষ্য মদি তোমার
মৃত্যুক্তনক বলে, তবে সেই উপদেশ নিতান্ধ ঘৃণা করা
তোমার কর্ত্ব্য।

ভৃতীয়। ঐ প্রতী ব্যক্তি যে তোমাকে মৃত্যুর পথে লইয়া গিয়াছিল, ইহাও তোমার ঘৃণা করিতে হইবে। সে বাহার নিকটে ভোমাকে পাঠাইয়াছিল, সে কে, এবং তোমার বোঝা নামাইতে কেমন অপারক, তাহা বিবেচনা করিলে অবশ্য মনে ঘৃণা জন্মিবে।

তুমি বিশ্রান পাইবার জনো ব্যবস্থানুগত নামক যে ব্যক্তির কাছে প্রেরিত হইয়াছিলা সে এক দাসীর পুত্র, এবং ভাহার সেই মাতা আপন সন্তানদের সহিত অদ্যাপি দাসত্বে বন্ধা আছে। আর সে সীনয়পর্বতক্ষরপা, অর্থাৎ এই বে পর্বতকে ভোমার ঘাড়ে পড়িতে উদ্যত দেখিয়া ভূমি জাসমুক্ত হইয়াছ, এই পর্বতক্ষরপা। সেই স্ত্রী যদি

আপন সন্তানদের সহিত অদ্যাপি দাসত্ত্বে বন্ধা আছে, তবে তাহাদের দারা তোমার মুক্তির আশা কি প্রকারে করিতে পার? <sup>\*</sup>ব্যবস্থানুগত নামক সেই ব্যক্তি তো-মাকে কখন ভারহইতে মুক্ত করিতে পারে না। আজি পর্যাস্ত তাহাদ্বারা এ প্রকার বোঝাহইতে কখন কেহ মৃক্ত হয় নাই, এবং হইবারও সম্ভাবনা নাই জানিবা; কেননা ব্যবস্থানুযায়ি কিয়াখারা কেছ পুণ্যবান কিয়া আ-পন বোঝাছইতে মুক্ত কখন হয় নাই। অতএব ঐ "সাং-সারিকবুদ্ধি মহাশয় এক জন মিধ্যাবাদী, এবং ঐ \* ব্যবস্থানুগত ব্যক্তি জুয়াচোর, এবং \* সভ্যনামা তাহার পুত্ৰও এক জন প্ৰকৃত কাম্পনিক লোক; সে অতি রূপ-বান হইলেও তোমার কোন উপকার করিতে পারিবে না। অতএব তুমি আমার কথাতে প্রতায় কর, কেননা সেই অনভিজ্ঞ ব্যক্তিহইতে তুমি যে ২ কথা শুনিয়াছ, তাহাতে কোন সার নাই, কেবল সংপথহইতে তো-মাকে ফিরাইয়া পরিত্রাণব্ঞিত করিবে, এই তাছার চেটা। এই রূপ কহিয়া "মঞ্চলবাঞ্চক আপন বাকা দৃঢ় করিবার নিমিত্তে উচ্চৈঃস্বরে আকাশমগুলের প্রমাণ চা-हिल्लन, তाहारा उरक्रगार थे कीनग्न शर्वाउहरेख অগ্নি এবং ঈশ্বরীয় বাণী নির্গতা হওয়াতে "খুীফীয়ানের সকল শরীর রোমাঞ্চিত হইল। ঐ ঈশ্বরীয় বাণী এই, " যাহারা ব্যবস্থানুষায়ি কর্মাবলম্বী তাহারা শাপগ্রস্ত; ষেহেতৃক লিপি আছে, যে কেছ এই বাবস্থাগ্ৰন্থে লি-থিত কথা সকল নিশিছ্দ্ররূপে পালন না করে, সে

পরে এই সকল কথা শুনিয়া "খুীফীয়ানের মৃত্যু বিনা অন্য কোন আশা না থাকাতে সে বড় ছঃখিত হইয়া কন্দন করিতে লাগিল, আর যথন "সাংসারিকবুদ্ধির সহিত তা- হার সাক্ষাৎ হইয়াছিল সেই ক্ষণকে শাপ দিতে লাগিল; এবং আপনি যে তাহার পরামর্শানুসারে চলিয়াছিল, একারণ আপনাকে সহত্র ২ বার অজ্ঞান বলিয়া খেদ করিত লাগিল। তদ্তির \*সাংসারিকরুদ্ধির সাংসারিক পরামর্শদারা আপনি যে যথার্থ পথ পরিত্যাগ করিয়া কুপথে চলিয়াছিল, ইহা মনে করিয়া বড় লক্ষিত হইল।

অনস্তর \* খুঝিরান পুনর্বার \* মঞ্চলবাঞ্চককে জিজাসা করিল, হে মহাশয়, আপনি কেমন বুঝেন? আমি কি এখন আর বার ফিরিয়া সে কুদ্র দ্বারে যাইতে পারি, এমন কিছু ভরসা আছে? আমি যে ছফ্কর্ম করিয়াছি, তদ্মিতে আন্ নাকে অগ্রাহ্য করিয়া লক্ষা দিয়া কি সেই স্থানহইতে দূর করা যাইবে না? আমি না বুঝিয়া সেই লোকের পরামর্শে মনোযোগ করাতে এখন বড় ছঃখিত হইয়াছি; অতএব ইশ্বর আমার সেই পাপ ক্ষমা করুন।

তথন \*মঞ্চলবাঞ্চক কহিলেন, হাঁ, তোমার পাপ অভি
বড় বটে, কেননা তুমি উভ্তম পথ পরিত্যাগ পূর্বক নিষিদ্ধ
পথে গমন করিয়া ছই প্রকার মন্দ কন্ম করিয়াছ। তথাপি
দ্বারে যে ব্যক্তি বাস করে, সে তোমাকে গ্রহণ করিবে;
কেননা সে মনুষ্যদের হিতেছুক। কিন্তু দেখ, পুনর্বার সে
পথ পরিত্যাগ করিও না, কেননা ক্ষণমাত্রে প্রভুর ক্রোধানল প্রজ্বলিত হইলে পাছে তুমি পথিমধ্যে বিনম্ফ হও;
অতএব সাবধানে যাইবা। তাহাতে "খাম্মায়ান পুনর্বার
ফিরিয়া যাওনের উদ্যোগ করিলে "মঞ্চলবাঞ্চক তাহাকে
চুদ্দন করিয়া হাস্যবদনে আশীর্বাদ করিলেন। পরে "খাম্মা
যান অতি বেগে প্রস্থান করিতে লাগিল। তাহাতে পথিমধ্যে কাহারও সহিত আলাপ করা দূরে থাকুক, বরং
অন্য কেছ কিছু জিজ্ঞাসা করিলে তাহার কোন উত্তর
না করিয়া নিষদ্ধ ভূমিতে বিলম্ব হওনের ভয়ে অতি

ত্ত্রায় অগ্রসর হইল; পরে পূর্বতাক্ত পথে পুনরায় এবেশ করিলে তাছার মন কিঞ্ছিৎ স্থির হইল।

## '৪ অধ্যায়।

অপর " ব্রীফীয়ান এই রূপে ক্রমেং গিয়া কত ক্ষণের পর ঐ দ্বারের নিকটে উপস্থিত হইয়া দেখিল, যে ঐ দ্বারের উপরিভাগে এই লেখা আছে, "আঘাত কর, তাঙাতে তোমাদের জন্যে দ্বার মুক্ত হইবে।" তাছাতে " খ্রী-ফীয়ান এই কথা কহিতে ২ বার বার ঐ দ্বারে আঘাত করিতে লাগিল।

এক্ষণে কি এই দ্বারে প্রবেশিতে পারি। কুপার উচিত পাত্র আমি হৈতে নারি।। নিশ্চয় যদ্যপি ইহা তথাপি আমারে। দ্বার খুল্যা যেই দিবে মোরে দয়া করে॥ অশেষ প্রশংসা স্তুতি করিতে ভাঁহার। স্বর্গেতে না তুটি হবে কথন আমার॥

পরে অপ্পক্ষণ বিলম্বে \*হিতেছুক নামে এক ধীর ব্যক্তি আ দারের নিকটে আসিয়া জিজ্ঞানা করিল, এখানে দ্বারে আখাত করে কে? তুমি কোথাছইতে আসিয়াছ? এবং তোমার প্রার্থনীয় বা কি?

তাছাতে \* খ্রীফীয়ান উত্তর দিয়া কহিল, এখানে ছুঃথি ভারএস্ত পাপি এক জন আমি দাঁড়াইয়া আছি। আমি \* ধ্বংস্যনগরহইতে আসিয়াছি, এবং আগামি ক্রোধহইতে মুক্তি পাইবার জন্যে \* সীয়োন পর্বতে যাইব। এই দ্বার দিয়া সেই পথ গিয়াছে ইহা শুনিয়াছি, অতএব আমি যে এই দ্বারে প্রেবেশ করি, মহাশয়ের এমন ইচ্ছা আছে কিনা তাহা জিজ্ঞাসা করি।

ভাহাতে \* হিতেজুক কহিল, হাঁ, সর্বতোভাবে আমার এমন ইচ্ছা আছে। এই কথা কহিয়া তৎক্ষণাৎ তাহাকে দার খুলিয়া দিল।

তাহাতে "খ্রীফীয়ান ঐ দ্বারে প্রবেশ করিতে উদ্যত হইলে সেই 'হিতেচ্ছুক তাহার হাত ধরিয়া এক টান দিয়া তাহাকে ভিতরে লইল। তাহাতে 'খ্রীফীয়ান জিজ্ঞাসিল, ইহার অভিপ্রায় কি? তখন সে কহিল, এই দ্বারহইতে অপ্প দূরে একটি দুর্গম গড় আছে। ঐ গড়ে 'বালসিব্ব নামক সেনাপতি ও তাহার সহচরগণ থাকে, তাহারা এই দ্বারের নিকটে কোন লোককে আসিতে দে-খিলে তাহার প্রতি হঠাৎ বাণ নিক্ষেপ করে।

তাহাতে "খুীফীয়ান কহিল, ইহাতে আমার হর্ষ-বিষাদ জন্মে।

পরে সে প্রবেশ করিবামাত্র ইছিতেছুক দারী তাহাকে জিজ্ঞাসা করিল, এ স্থানে আসিতে তোমাকে কে পরামর্শ দিয়াছিল?

তাহাতে "খুখিটীয়ান কহিল, "মঙ্গলব্যঞ্জক নামে এক জন আমাকে এন্থানে আদিয়া ছারে আঘাত করিতে আজ্ঞা দিয়াছিলেন। এবং কহিয়াছিলেন, তোমার তাবং কর্তব্য বিষয় সেই স্থানের ছারী তোমাকে কহিয়া দিবে; অতএব আমি সেই রূপ করিয়াছি।

তখন <sup>\*</sup> হিতেচ্ক কহিল, তোমার সম্মুখে অনাবৃত একটি দ্বার আছে, তাহা রুদ্ধ করিতে কাহারো সাধ্য নাই।

তাহাতে " খ্রীফীয়ান কহিল, হে মহাশয়, আমার বে ২ আপদ ঘটিয়াছিল, এখন তাহার অধিক সুখানু-ভব হইতেছে।

িছিতেছুক জিজাসিল, তুমি যে এ স্থানে একাকী স্থা-সিয়াছ ইহার কারণ কি?



শুখিটীয়ান কহিল, মহাশয়, আমি মনের মধ্যে ষেরপ আপদগ্রস্ত হইয়াছিলাম, আমার প্রতিবাসি লোকেরা কেহই তেমন আপদে পড়ে নাই, এ কারণ আমার সহিত কেহই আইদে নাই।

\* হিতেছুক জিজাসিল, তুমি যে এখানে আসিবা, এমন সমাচার তাহাদের মধ্যে কেছ জানিতে পারিয়াছিল কি না ?

\*খুীফীয়ান কছিল, হাঁ, আমি প্রস্থান করিলে প্রথমে আমার স্ত্রী পুত্র তাহা দেখিয়া আমাকে কিরাইবার নিমিত্তে কত ডাকিয়াছিল। তাহার পর কুটুম্বর্গের মধ্যেও
কেহ ২ আমাকে কিরাইবার নিমিতে রোদন করিতে ২ বছ
কাকুতি বিনতি করিয়াছিল, তত্রাপি আমি সে কথা না
শুনিয়া কর্নে অঙ্গুলি দিয়া আপন পথে চলিয়া আইলাম।

\* হিতেছুক জিজ্ঞাসিল, তোমাকে ফিরাইবার জন্যে কেহ কি পশ্চাৎ আসিয়া তোমাকে প্রবোধ দিল না?

\* খুবিনীয়ান কহিল, হাঁ, " একগুঁইয়া নামে এবং " সুখনম্য নামে ছাই জন জাঁসিয়াছিল; কিন্তু তাহারা কোনী মতে আমাকে পরাস্ত করিতে না পারাতে শেষে " একগুঁইয়া আমাকে তিরস্কার করিয়া ফিরিয়া গেল; কিন্তু "সুখনম্য কিছু দূর পর্যান্ত আমার সহিত চলিয়া আইল।

\* হিতেছুক জিজাসিল, কি জন্যে এ পর্যান্ত আইসে নাই?

\* পুঁথীয়ান কহিল, সে আমার সহিত \* নৈরাশ্য পদ্ধ
পর্যন্ত আসিরাছিল, কিন্তু সেধানে আইলে আমরা হঠাৎ
উভয়েই সেই পদ্ধমধ্যে পতিত হওয়াতে আমার প্রতিবাসী সেই \* স্থনম্য মনঃক্ষুগ্গ হইয়া এই পর্যন্ত আসিতে
সাহস কুলাইতে পারিল না; অভএব সে নিজ বাটীর
নিকটবর্তি পার্মে ঐ পদ্ধহইতে উঠিয়া আমাকে কহিল,
ভূমি আমার প্রতিনিধি হইয়া একাকী সেই উত্যাধিকার

ভোগ কর। এ কথা কছিয়া সে ব্যক্তি <sup>\*</sup>একগুঁইয়ার পথে চলিয়া গেল; আমি এই দ্বারের দিগে চলিতে লাগিলাম।

তাহাতে \* হিতেক্ক কহিল, হায় > সে এমন অভাগ্যান, এতো দূর পর্যান্ত আসিয়া স্বামী অতুলা ঐশ্ব্য-কে কি এমন লঘু জ্ঞান করিল যে তাহা পাইবার নি-মিন্তে এই বংকিঞ্ছিং ছুঃখ সহ্য করিতে পারিল না?

\* খুখিনীয়ান কছিল, মহাশায় \* সুখনম্যের বিষয় বেমন শুনিলেন, তেমনি যদি আমার নিজ কথা সকল সত্য রূপে কছি, তবে বোধ হয় তাহার এবং আমার ক্রিয়াতে কোন প্রভেদ থাকিবে না; কেননা সে যেমন \* ধ্বংস্যনগরে আপন ঘরে ফিরিয়া গেল, তেমনি আমিও \* সাংসারিক-বুদ্ধির সাংসারিক পরামশ্ঘারা মরণপথে গিয়াছিলাম।

ভাষাতে \* হিভেচ্ছুক কহিল, আঃ, সেই ব্যক্তির সহিত ভোমার সাক্ষাৎ হইয়াছিল; সে যে ভোমাকে \* ব্যবস্থা-নুগত মহাশয়ের নিকটে লইয়া গিয়া কোন প্রকারে আপ-নার বিত সিদ্ধ করে, এই ভাষার চেঁটা। ভাষারা ছুই কনই প্রভারক। সে বাহা'ছউক, ভাষার পরামর্শে তুমি কি চলিয়াছিলা?

"খ্রীন্টীরান উত্তর করিল, হাঁ, তাহার পরামর্শ লইয়া লাধ্যপর্যন্ত ভাহার পথে গিয়াছিলাম। কিন্তু "ব্যবস্থানু-গত মহাশয়ের বাটীর পার্মস্থিত পর্বতের কাছে উপ-ক্তি হইবামাত্র, ঐ পর্বত আমার মস্তকের উপরে পড়িবে, ইহা বোধ হওয়াতে আমি ভয়েতে সেই স্থানে স্থাতি হইয়া দাঁড়াইলাম।.

ি \*হিতেছুক কহিল, সে পর্বত অনেকের মৃত্যুর কারণ হইয়াছে এবং হইবে। তুমি বে তাহাদারা চূর্ণ না হইয়া কাঁচিয়া আসিয়াছ, এ ভোমার বড় ভাগ্য।

<sup>°</sup> খীন্টীয়ান কহিল, সে সত্য। আমি সেই সময়ে ভয়ে-

তে ব্যাকুল হইয়া চিন্তা করিতেছিলাম, ইতোমধ্যে "মঙ্গলবাঞ্চকের সহিত সাক্ষাৎ হওয়াতে আমি বাঁচিলাম;
তিনি না আইলে সেই স্থানে আমার কি দশা হইড,
তাহা আমি বলিতে পারি না। এবং তৎকালে তিনি বে
আমার নিকটে পুনর্বার আসিয়া উপন্থিত হইলেন, ইহাতে আমার প্রতি নিতান্ত ঈশ্বরের অনুগ্রহ বুঝিলাম;
কেননা তাহা না হইলে আমি কখন এ হানে আসিতাম
না। আমি বেমন লোক সেই অবস্থাতে আসিয়াছি;
ফলতঃ তোমার সহিত দাঁড়াইয়া আলাপ করি এমন বোগ্যপাত্র নহি, বরং পর্বতহইতে পতনদ্বারা মৃত্যুর বোগ্য বটি।
কিন্তু আঃ, এমন হইলেও আমি যে এ স্থানে প্রবেশ করিতে পাইয়াছি, ইহাতে আমার প্রতি কেমন অনুগ্রহ প্রকাশ
তাহা বলিতে পারি না।

\*হিতেছ্ক কহিল, এ স্থানে আগমনের পূর্বে বে যাহা করুক, তাহার নিমিতে আমাদের কোন আপত্তি নাই, সে কোন অকারে বহিদ্ধৃত হইবে না। হে প্রিয় " শুমিলীয়ান, তুমি আমার সঁহিত কিছু দূর চলিয়া আইস, আমি তোমাকে গন্তব্য পথের বিষয়ে শিক্ষা দিব। তাহাতে " শুমিলীয়ান তাহার সহিত কিছু দূর গমন করিলে সেকহিল, তুমি অগ্রে দৃষ্টি করিয়া দেখ, ঐ সংকীণ পথ দেখিত পাও কি না? ঐ পথ পিতৃগণ ও ভবিষ্যম্বজ্পণ এবং শুমি ও তাহার শিষ্যেরা, এই সকলে নির্মাণ করিয়াছেন; ঐ পথ এমন সোজা, বে বরং টেকুয়ার আড়া আছে, তত্ত্বাণি ঐ পথের বক্তা নাই; ঐ পথ দিয়া তোমাকে যাইতে হইবে।

\* ধ্রীফীয়ান জিজ্ঞাসিল, বাহাদ্বারা বিদেশি লোক পথ হারাইতে পারে, এমত কোন পথ তো ইহাতে আসিয়া মিলে নাই? \*হিতেজুক কহিল, হাঁ, অনেক ২ পথ আসিয়া এই পথে মিলিয়াছে, কিন্তু সে সকল পথ বাঁকা ও প্রশস্ত, প্রকৃত বে পথ সে সোজা ও সংকীর্ণ; অতএব এই চিহ্ন-ছারা ভাল মন্দ পথ জানিতে পারিবা।

পরে স্বপ্নেতে দেখিলাম, ষেন ঐ \* খ্রীফীয়ান \* হিতেফুককে এই কথা জিজ্ঞাসা করিল, আমি এত কাল পর্যন্ত
পৃষ্ঠে এই ভারগ্রন্ত হইয়া কোন স্থানেই মুক্ত হইতে পারি
নাই, কারণ উপকার লাভ ব্যতিরেকে মুক্ত হইবার কোন
উপায় নাই; অতএব এক্ষণে মহাশয় আমার পৃষ্ঠের
ভারহইতে মুক্ত করণ বিষয়ে উপকার করিতে পারেন
কি না?

তাহাতে \* হিতেচ্চুক কহিল, যাবং তুমি মোচনস্থানে উপস্থিত না হইবা, তাবং ধৈর্য্য ধরিয়া স্থিরচিত্ত হও, সে স্থানে উপস্থিত হইলে তোমার বোঝা আপনি পৃষ্ঠ-হইতে পড়িয়া যাইবে।

এ কথা শুনিয়া \* এইটীয়ান কটিদেশ বন্ধ করিয়া পথযাত্রাতে প্রবৃত্ত হইল। তাহাতে \*হিতেছুক কহিল, তুমি
এ দ্বারহইতে অপ্প দূর গেলেই \* অর্থকারকের বাটাতে
উপস্থিত হইবা, সেখানে গিয়া দ্বারে আঘাত করিলে তিনি
তোমাকে উত্তম বিষয় জানাইবেন।

তাহাতে "খ্রীফীয়ান আপন বন্ধুকে প্রণাম করিলে পর, ঈশর তোমার মঙ্গল করুন, এ কথা কহিয়া "হিতেছুক "শ্রীফীয়ানকে বিদায় করিল।

## ৫ व्यथात्र।

অপর এই রূপে "পুটিয়ান ক্রমেং "অর্থকারকের বাটী পর্যায় গমন করিয়া বারহার হারে আহাত করিলে এক জন ছারের নিকটে আসিয়া জিজ্ঞাসা করিল, এ স্থানে কেটা?

তাহাতে "খুখিটীয়ান উত্তর দিয়া কহিল, হে মহাশয়, এই স্থানে আমি এক জন বাত্রিক দাঁড়াইয়া আছি। এই বাটীর কর্ত্তার পরিচিত এক জন আমাকে লাভের নিমিত্তে এই স্থানে আসিতে অনুমতি দিয়াছেন; অতএব আমি এই বাটীর কর্ত্তার সহিত এক বার সাক্ষাৎ করিতে বাঞ্ছা করি।

তাহাতে সে ব্যক্তি বাদীর কর্তাকে ডাকিতে গেলে অপপ কণ বিলয়ে ঐ কর্তা \* খ্রীফীয়ানের নিকটে আসিয়া জিজ্ঞা-সা করিলেন, তুমি কোথাহইতে আসিয়াছ? এবং তোমার প্রার্থনীয় বা কি?

তাহাতে পুষিতীয়ান কহিল, মহাশয়, আমি ধাংস্যনগরহইতে আসিয়াছি, এবং সীয়োন নামক পর্বতে
যাইব। এই পথের মস্তকে স্থিত ছারে যে ব্যক্তি নিযুক্ত
আছে, তাহারই মুখে শুনিলাম, এ স্থানে আইলে আপনি আমাকে যাত্রার উপযোগি উত্তম বিষয় দেখাইবেন;
অতএব সেই আশাতে মহাশয়ের কাছে আসিয়াছি।

তখন "অর্থকারক কছিলেন, তবে ভিতরে আইস,
আমি তোমাকে হিতজনক বিষয় দেখাই। এ কথা কহিয়া ভূত্যকে প্রদীপ জালিতে আজ্ঞা দিয়া "পুঁইটীয়ানকে
কছিলেন, তুমি আমার পশ্চাৎ ২ আইস। এই রূপে
"খুঁইটীয়ানকে একটি গুপ্ত কুঠরীর মধ্যে লইয়া গিয়া তাহার এক দ্বার খুলিতে ভূত্যকে আজ্ঞা দিলেন। তাহাতে
ঐ দ্বার খুলিবামাত্র, "খুইটীয়ান কোন সুধীর লোকের
ছবি ঘরের দেওয়ালে টাঙ্গান দেখিল; ঐ ছবির আকার
এই, যে স্বর্গের প্রতি উর্দ্ধৃন্টি, এবং সর্ক্ষোভ্য পুশুক
হস্তেতে, এবং সত্যতার নিয়ম মুধে বিরাজমান, আর

জগতের প্রতি পশ্চাৎ করিয়া আছে, এবং মনুযাদিগের সহিত বিনয়কারি পুরুষের ন্যায় দণ্ডায়মান, এবং ঐশ্বর্যের মুকুটেতে তাহার মস্তক সূপোভিত হইয়াছে।

এই রূপ ছবি দেখিয়া \* খুীফীয়ান জিজ্ঞাসা করিল, মহা-শয়, ইহার অর্থ কি ?

"অর্থকারক কহিলেন, তাহা শুন, যে ব্যক্তির এই ছবি, তিনি অযুতের মধ্যে প্রধান। তিনি পৌলের ন্যায় এই কথা कहिट्ड भारत्रन, ' शुक्रिश्रस्म जामात्मत यि मन महम् भथ-দর্শক হয়, তথাচ ভোমাদের পিতা অনেক নয়, কেননা যীও খ্রীষ্টের সুসমাচারদ্বারা আমি তোমাদিগকে জন্ম দি-য়াছি।' 'আর হে আমার বালকেরা, তোমাদের অন্তরে যাবং খ্রীফ মূর্তিমান না হন, তাবং আমি পুনর্বার বেদ-নাতে তোমাদিগকে প্রসব করিতেছি।' তিনি স্বর্গের প্রতি উর্দ্ধটি ও সর্বোত্তম পুস্তকধারী এবং সত্যতার নিয়ম বিশিষ্ট হইয়া মানুষের প্রতি বিনয়কারি লোকের ন্যায় দাঁড়াইয়া আছেন দেখিতেছ, ইহাদারা পাপিষ্ঠ লোকদের সমস্ত বিষয় জ্ঞাত হওয়া, এবং তাহাদের প্রতি গোপনীয় বিষয় প্রকাশ করা ভাঁছার কর্ম, ইহাই জানা যাই-তেছে। এবং জগতের প্রতি যে পশ্চাৎ করিয়া আছেন, আর তাঁহার মস্তকে যে মুকুট দেখিতেছ, ইহাতে এই জানা যাইতেছে, যে তিনি আপন কণ্ডার দেবা ও প্রেম প্রযুক্ত ঐহিক বিষয়কে তুচ্ছ করিয়া পারত্রিক ঐশ্বর্যারূপ ফল ,অবশ্য পাইবেন। এই রূপ কহিয়া " অর্থকারক শেষে কহিলেন, আমি তোমাকে সকলের অগ্রে এই ছবি দেখা-ইলাম, ইহার কারণ এই, তৃমি যে দেশে যাইতেছ, দেই দেশের কর্ডা যাতার সমস্ত সঙ্কটস্থানে তোমাকে পর দেখাইবার ভার যে ব্যক্তিকে সমর্পণ করিয়াছেন, এই ছবি ষ্ঠাহার জ্বানিকা; অতএব আমি তোমাকে যাহা ২ দেখাই-

য়াছি, তাহা সাঁবধান হইয়া ভাল রূপে মনে রাখিবা, কেননা কি জানি বাহারা সত্য পথ বলিয়া মৃত্যুর পথে লইয়া বায়, এমন কোন ২ লোকের সহিত পাছে তোমার দেখা হয়।

পরে "অর্থকারক যে ঘরেতে কখন ঝাঁইট পড়ে নাই, এমন একটি অপরিষ্কৃত ধূলিপূর্ণ কুঠরীর মধ্যে "খাঁটীয়ানকে লইয়া গিয়া ঐ ঘর ঝাঁইট দিবার জন্যে কোন লোককে আজ্ঞা দিলেন; তাহাতে সে ব্যাক্ত আসিয়া ঝাঁইট দিতে আরম্ভ করিলে এমনি ধূলি উড়িতে লাগিল যে "খাঁটীয়ানের নিশ্বাস প্রশাস বদ্ধপ্রায় হইল। পরে সেই ছানে দণ্ডায়মানা এক কন্যা "অর্থকারকের আজ্ঞা পাইয়া জল ছিটাইয়া দেওয়াতে ধূলি রহিত হইলে ঐ ঘর সুখে পরিষ্কৃত হইল।

তখন \* খ্রীফীয়ান জিজ্ঞাসা করিল, ইহার তাৎপর্য্য কি ?
তাহাতে \* অর্থকারক কহিতে লাগিলেন, শুন, সুসমাচারের মধুর প্রীতিদ্বারা যাহাদের অন্তঃকরণ পরিষ্কৃত
হয় নাই, তাহাদের অপরিষ্কৃত মনের দৃষ্টান্ত এই কুঠরী।
ইহার ধূলির ন্যায় মনুষ্যের সহজাত পাপ এবং আন্তরিক ত্র্যতা মনুষ্যকে সম্পূর্ণরূপে কলক্ষিত করে। তাহাতে যে প্রথমে খাঁইট দিল সে ব্যবস্থা, এবং যে জল
হিটাইল সে সুসমাচার। আর প্রথমে ঝাঁইট দেওন
কালে যে অতিশয় ধূলি হওয়াতে দ্বর পরিষ্কৃত হইতে
পারিল না, এবং তোমার নিশাস বন্ধ্রপায় হইয়াছিল, 
তাহাতে এই জানাইতেছে, যে ব্যবস্থা পাপহইতে অন্তঃরণকে পরিষ্কৃত করিতে পারে না, বরঞ্চ পাপকে ব্যক্ত
ও প্রবল করিয়া মনকে তাহাতে পরিপূর্ণ করে। কল্ডঃ
ব্যবস্থা পাপকে প্রকাশ ও নিষেধ করিলেও তাহাকে
দমন করিবার শক্তি মনুষ্যকে দিতে পারে না।

আর তুমি দেখিয়াছ, ঐ কনা কুঠরীতে জল ছিটাইলে 
মর সুখে পরিস্কৃত হইল, তাহাতেও ইহা জানা বাইতেছে, যে যখন সুসমাচার আপন মধুর কোমল প্রাবর্ত্তককে সঙ্গে লইয়া মনোমধ্যে প্রবিষ্ট হয়, তখন যেমন
তুমি জল ছিটানছারা ধূলি নিবৃত্ত করিতে ঐ কন্যাকে
দেখিয়াছ, তেমনি সে মনোমধ্যে গিয়া পাপকে পরাজয়
করে, তাহাতে বিশাসছারা মন পরিস্কৃত হইয়া মহামহিম রাজার উপযুক্ত বাসস্থান হয়।

অপর আমি স্বপ্নেতে দেখিলাম যেন ঐ " অর্থকারক
"খুম্টীয়ানের হাত ধরিয়া সে কুঠরীহইতে অন্য এক ক্ষুদ্র
কুঠরীর মধ্যে লইয়া গেলেন। সে ঘরে ছুই ছোট বালক
আপন ২ চৌকিতে বসিয়াছিল, তাহার জ্যেঠের নাম
"অধৈর্য্য ও কনিঠের নাম " সধৈর্য্য, কিন্তু তাহার মধ্যে
"অধৈর্য্যকে অসম্ভন্টের ন্যায় দেখিয়া "খুম্টীয়ান " অর্থকারককে জিজ্ঞাসা করিল, ঐ " অধৈর্য্যকে এমন অসম্ভন্ট দেখিতেছি কেন? তাহাতে "অর্থকারক কহিতে লাগিলেন, তাহার কারণ এই, ঐ বালকের কর্তার ইচ্ছা যে
তাহার উত্তম বস্তু সকল কিছু কাল বিলম্ব করিয়া আগামি
বৎসরের প্রথমেতে তাহাকে দেন, কিন্তু ঐ বালক ক্ষণেক
কালও বিলম্ব না সহিয়া এই ক্ষণে সকল চাহে; " স্বৈর্য্য
তাহার মত না হইয়া বিলম্ব করিতে সম্মত আছে।

ইতোমধ্যে আমি দেখিলাম যেন কোথাহইতে এক ব্যক্তি আসিয়া এক থলিয়া ধন আনিয়া ঐ " অধৈর্য্যের পারে ঢালিয়া দিল, তাহাতে সে বড় আহ্লাদিত হইয়া ঐ ধন কুড়াইয়া "সধৈর্যকে বিজ্ঞপ করিতে লাগিল; কিন্তু আমি দেখিলাম, সে অপ্প কণের মধ্যেই সেই সকল ধন উড়াইয়া কেলিল, তাহাতে কেবল নেকড়া বিনা আর কিছু তাহার অবশিক্ত থাকিল না। অপর "খ্রীফীয়ান " অর্থকারককে জিজ্ঞাসিল, ছে মহা-শয়, এই ব্যাপারের ভাৎপর্য কি? আমাকে সুন্দর রূপে রুঝাইয়া বলুন।

তাহাতে " অর্থকারক কহিতে লাগিলেন, শুন, এই ছুই
বালক দৃন্টান্তস্বরূপ, ফলতঃ " অধৈর্য্য সাংসারিক লোকের দৃন্টান্ত, এবং " সধৈর্য্য পারমার্থিক লোকের দৃন্টান্ত;
কেননা " অধৈর্য্য যেমন এই ক্ষণে, অর্থাৎ এই বংসরে,
তাবৎ বস্তু চাহে, তেমনি সাংসারিক লোকদেরও সমস্ত
উত্তম বিষয় এই ক্ষণে না হইলেই নহে; তাহারা আগামি
বংসর অর্থাৎ পরকাল পর্যান্ত উত্তম বিষয়ের অপেক্ষা
করিয়া থাকিতে পারে না। ডালে স্থিত ছুই পক্ষি অপেক্ষা
করিয়া থাকিতে পারে না। ডালে স্থিত ছুই পক্ষি অপেক্ষা
হস্তগত এক পক্ষী উত্তম, এই যে লৌকিক বাক্য, তাহা
পারত্রিক মঙ্গলবিষয়ে ঈশ্বরের দত্ত সমস্ত প্রমাণ অপেক্ষা
তাহাদের কাছে অধিক মান্য হয়। সে বাহা হউক, তুমি
যেমন নেকড়া বিনা তাহার আর কিছু থাকিতে দেখ নাই,
ক্রগতের শেষে সেই লোকদিগেরও তেমনি দশা হইবে।

পরে "খুখিটীয়ান কছিল, ইছাতে আমার স্পাই বাধ হয় "সধৈর্যের বিবেচনা অতি উত্তম, কেননা সে উত্তম বস্তু পাইবার অপেক্ষাতে হির থাকে; দ্বিতীয় হেতৃ এই, বে বখন "অধৈর্যের কেবল নেকড়া বিনা আর কিছু থাকিবে না, তখন তাহার সকল উত্তম বস্তু শোভা পাইবে।

তাহাতে "অর্থকারক কহিলেন, ইহাতে তুমি আরো একটি হেতু দেখাইতে পার, ফলতঃ পারতিক ঐশ্ব্য নিত্যস্থারি, কখন জীর্ণ বা লুপ্ত হয় না, কিন্তু ঐহিক ঐশ্ব্য অতি শীশু নন্ট হয়। অতএব "অধৈৰ্য্য অগ্ৰে ঐশ্ব্যাশালী হওয়াতে "সধৈৰ্য্যকে যে উপহাস করিয়া-ছিল, ইহাও বড় যুক্তিসিদ্ধা নহে; বরং "সধৈৰ্য্য শেষ- কালে ঐশ্বর্যশালী হইলে তাহাকেই উপহাস করিতে পারিবে; কেননা বাহা প্রথম তাহা শেষ বিষয়দ্বারা দূরীকৃত হইবে; আর শেষে বাহা হয় তাহা বিলম্বে হয় বটে, কিন্তু কিছুতেই দূরীকৃত হইতে পারে না; কেননা শেষের পরে অন্য কিছু হইবার সম্ভাবনা থাকে না। অতথ্র যে ব্যক্তি প্রথমে আপন অংশ পায়, সে আপন অংশ বায় করণের অবকাশ পায়; কিন্তু যে ব্যক্তি আপন অংশ বেষকালে পাইবে, তাহার অংশ চিরস্থায়ী জানিবা। এই নিমিতে ধনবান ব্যক্তির বিষয়ে থমত লিখিত আছে, যথা, "তোমার সৌভাগ্য তুমি জীব-দশাতে তোগ করিয়াছ, আর ইলিয়াসর তদ্রপ আপন ছর্ভাগ্য ভোগ করিয়াছে; কিন্তু সম্পৃতি তাহার সাজুনা ও তোমার যন্ত্রণা হইতেছে।"

ইহাতে "খুীফীয়ান কহিল, আমার বোধ হয়, ঐহিক বিষয়ের লোভাপেকা পারতিক বিষয়ের আশাতে ধৈর্যাব-লয়ন করা ভাল।

" অর্থকারক কহিলেন, হাঁ, তুমি বাহা কহিতেছ সে সত্যা, কেননা বাহা প্রত্যক্ষ তাহা ক্ষণকালস্থায়ী, কিন্তু বাহা অপ্রত্যক্ষ তাহা অনন্তকালস্থায়ী। এমন হইলেও ঐহিক বিষয় এবং শারীরিক ইচ্ছা, এ উভয়ের পরস্পর নৈকটা সম্পন্ধ থাকাতে অনায়াসে মিত্রতা জন্মে; আর পারতিক বিষয় এবং শারীরিক জ্ঞান, এ উভয়ের পরস্পর অপরিচয় থাকাতে ভিন্নভাব মুচে না।

অপর স্থাপ্তে দেখিলাম, বৈন "অর্থকারক "খ্রীফীয়ানকে সে ঘরহইতে অন্য এক কুঠরীতে লইয়া গেলেন।
ব ঘরের দেওয়ালের নিকটে একটি প্রজ্বলিত অগ্নি ছিল,
আর তাহার নিকটে দাঁড়াইয়া কোন ব্যক্তি ব অগ্নিতে
আনকং কলকেপন করিতেছে, তথাচ তাহা নির্বাণ

না হইয়া বরং অধিক প্রজ্ঞলিত ও তেজস্বী হইয়া উচিতেছে।

ইহা দেখিয়া "শুীন্টীয়ান "অর্থকারককে জিজ্ঞাসা করিল, মহাশয়, ইহার অভিপ্রায় কি ? আমাকে বলুন।

তাহাতে " অর্থকারক কহিতে লাগিলেন, শুন, অন্তঃকরণে সপ্রকাশ যে ঈশ্বরের অনুপ্রহের গুণ তাহাই এই
অগ্নি; এবং তাহা নিবাইবার জন্যে জল নিক্ষেপ করিতেছে যে ব্যক্তি সে " শয়তান। আর জল দিলেও ঐ অগ্নি
যে না নিবিয়া উত্তর২ জ্বলিতেছে, তাহার কারণ যদি
দেখিতে চাও, তাব আমার সঙ্গে আইস। এ কথা কহিয়া
তিনি " খ্রীফ্রানকে ঐ দেওয়ালের পশ্চাদ্দিগে লইয়া
গেলেন; সেখানে তৈলপাত্র হস্তে করিয়া নিতা২
গুপ্ত রূপে অগ্নিতে তৈল দান করে, এমন এক ব্যক্তিকে
" খ্রীফ্রীয়ান দেখিল।

ভাহাতে জিজানা করিল, মহাশয়, ইহার ভাৎপর্য কি?

"অর্থকারক কহিলেন, এই যে লোককে দেখিতেছ
ইনি খ্রীষ্ট। তিনি অস্তঃকরণের মধ্যে জারক্ধ কার্য্য অনুগ্রহরূপ তৈলদ্বারা বৃদ্ধি করাইতেছেন, এ কারণ "শয়তান
সাধ্য পর্যাস্ত বাধা জন্মাইলেও প্রভুর লোকদিগের মনোমধ্যে
অনুগ্রহের গুণ সর্মদা সপ্রকাশ থাকে। জার এই ব্যক্তিযে
দেওয়ালের পশ্চাৎ দাঁড়াইয়া অগ্নি বাড়ায়, ইহার ভাৎপর্য
এই যে অস্তঃকরণের মধ্যে অনুগ্রহের কর্মা কিসে রক্ষা ও
বৃদ্ধি পায়, ভাহা বুঝা পরীক্ষিত লোকের সুক্টিন।

তদনন্তর "অর্থকারক খ্রীফীয়ানের হস্ত ধরিয়া দেখানহইতে আর এক স্থানে লইয়া গেলেন। সে স্থানে অতি
মনোহর সৃদৃশ্য এক অটালিকার উপরে স্থা বস্তে
ভূষিত কতক গুলিন লোককে দেখিয়া "খ্রীফীয়ান পরশাক্ষাদিত হইল।

ভাহাতে "খ্রীফীয়ান জিজাসাক্ষরিল, মহাশয়, আমরা ভিতরে বাইতে পারি কি না?

তাহাতে \* অর্থকারক তাহাকে কিছু না বলিয়া তাহার হাত ধরিয়া সেই অউালিকার দ্বারের নিকটে লইয়া গে-লেন। তাহাতে "প্রীফীয়ান দেখিল, যে ঐ দ্বারের কিঞ্চি-कृद्र थक मत्क्र निकटि थक अन मनुषा थे अछै। निकात षोद्ध थादमकाति लाकमिरगत नाम निधिनात करना धक খানি পুস্তক এবং কালী কলম সম্মুখে রাখিয়া বসিয়া আছে। আর অনেক ২ লোক ঐ দ্বারে প্রবেশ করিতে ৰাঞ্ছা করিলেও ভয় প্রযুক্ত প্রবিষ্ট হইতে না পারাতে সকলে একত হইয়া দারের নিকটে দাঁড়াইয়া আছে। তাহার কারণ এই, যে আর কতক গুলিন লোক সাধ্য অনুসারে ঐ সকল যাত্রিকদিগের হিংসা করিবার দৃঢ় প্রতিজ্ঞা করিয়া অস্তাদিতে সুসক্ত হইয়া ভারমধ্যে माँ फ़ारेया चारह। এই नकल मिथिया 📍 श्रीकीयान विश्वया-পন হইল, কিন্তু যে সময় ঐ সুসজ্জ লোকদিগকে দেখিয়া অন্য সকলে ভয়ঞাযুক্ত পরাজ্মখ হইয়া থাকিল, এমন नमत्य " शुचियान मिश्रन, तृहदकाय धक वाक्ति थे नाम-লেখকের কাছে গিয়া কহিল, হে মহাশয়, আমার নাম লিখুন; এই কথা কহিয়া সে মস্তকে শিরস্ত দিয়া আপন তলবারের খাপ খুলিয়া বেগেতে গিয়া ঐ ছারের সুসজ্জ লোকদিগের মধ্যে পড়িল। তাহাতে ঐ সুসজ্জ লোকেরা তাহার সহিত প্রাণপণে সংগ্রাম করিলেও সে मत्न किছूमाज कांछ ना कतिया वतः हर्माखक्रतं थे नि-বারক লোকদিগকে কোপাইয়া কাটিতে লাগিল। আর ভাহাতে আপনিও অনেক ২ অন্তাঘাত পাইয়া শেষে অন্তর্গারা ঐ লোকদিগের মধ্য দিয়া একটি পথ করিয়া ৰেগেঁতে অটালিকায় প্ৰবিষ্ট হইল; তাহাতে বাহারা ঐ অটালিকার ভিতরে যাতায়াত করিতেছিল, ভাহাদিগের এই বাক্য মিশ্রিত মনোহর ধনি শুনা গেল। আইস আইস শীশ্র পুরীর ভিতরে। অক্যয় গৌরব তবে পাইবা সম্বরে॥

তাহাতে সে ব্যক্তি ঐ সকল লোকের মধ্যে প্রবেশ করিয়া তাহাদিগেরই ন্যায় স্থাপজ্ঞে ভূষিত হইল। তখন " খ্রী-ফায়ান হাস্যবদনে কহিল, আমি বুঝি ইহার অর্থ জানি।

অনন্তর "খ্রীফীয়ান কহিল, এই ক্ষণে আমাকে বিদার করন। তাহাতে "অর্থকারক কহিলেন, কিছু বিলম্ব কর, তোমাকে আর কিছু দেখাইলে পর তুমি প্রস্থান করিছে পারিবা। এই কথা কহিয়া "অর্থকারক তাহার হাত ধরিয়া অন্য এক কুঠরীতে লইয়া গেলেন। সে ঘোর অন্ধকারন্ময়, আর সেই স্থানে লৌহপিঞ্জরমধ্যে এক জন মনুষ্য বসিয়া অতিশয় শোকাকুলের ন্যায় ভূমিতে স্থিরদৃষ্টি করিয়া ছই হাত কচলাইতেছে, এবং পুনঃ ২ দীর্ঘ নিশ্বাস পরিত্যাগ করিতেছে।

তাহা দেখিয়া "খুীফীয়ান জিজ্ঞাসা করিল, মহাশর, ইহার অর্থ কি? তাহাতে "অর্থকারক কহিলেন, উহা-কেই জিজ্ঞাসা কর।

তখন " খুীফীয়ান তাহাকে জিজ্ঞাসা করিল, তুমি কে? তাহাতে সে কহিল, আমি এখন বে প্রকার আছি, পুর্বেসেই প্রকার ছিলাম না।

খীনীয়ান জিজাসিল, পূর্বেক প্রকার লোক ছিলা?
তাহাতে সে কহিল, পূর্বেক আমি আপনার ও পরের,
নকলের দৃষ্টিতেই এক জন সুদৃশ্য ভক্ত ছিলাম; তাহাতে আমার এমন বোধ ছিল যে আমি স্বর্গের রাজধানীর পথিক; এবং তাহা পাইবার আশাতে আমার
মনও প্রকৃল ছিল।

° খুটিগান জিজাসিল, ভাল, এখন কি প্রকার লোক হইয়াছ?

তাহাতে সে কৰিল, আমি ভরসাহীন মনুষ্য ছইয়াছি; আমাকে বেমন এই পিঞ্চরমধ্যে বন্ধ দেখিতেছ, তেমনি ইনরাশ্যেতেও বন্ধ আছি, বাহির হইতে পারি না; তাহা সম্পৃতি আমার অসাধ্য।

\* পাঁফীয়ান জিজাসিল, তুমি এমন দশাতে কি ক্লপে পড়িলা?

তাহাতে সে কহিতে লাগিল, হে মহাশয়, আমি প্রার্ণনা করা এবং চৌকি দেওয়া এ উভয়ই পরিত্যাগ করিয়া কামাদি কুইচ্ছার দমনে শিথিল হইয়াছিলাম। আমি ঈশ্বরীয় বাক্যরূপ দীপ্তির বিরুদ্ধে এবং ঈশ্বরের দয়ার বিপরীতে পাপ করিয়াছি। আর পবিত্র আত্মাকে ছঃখিত করাতে তিনি আমাকে ত্যাগ করিয়াছেন,এবং শয়তানের সহিত প্রণয় করাতে তাহাকে সদী করিয়াছি। আরো ঈশ্বরকে কোধান্বিত করাতে তিনিও, আমাকে পরিত্যাগ করিয়াছেন; আমি নিজ মনকে এমন কঠিন করিয়াছি,বে তাঁহার প্রতি মনঃপরিবর্ত্তন করা আমার অসাধ্য হইয়াছে।

এই সকল কথা শুনিয়া "পুটিীয়ান "অর্থকারককে জিজ্ঞাসা করিল, হে মহাশয়, এ প্রকার লোকের কি আর কোন উপায় নাই?

" অর্থকারক কহিলেন, উহাকেই জিজ্ঞাসা কর। তথন "খুফিীয়ান তাহাকে জিজ্ঞাসিল, ডোমার কি এখন আর কোন ভরসা নাই? চিরুকালই এই আশা-বর্জিত লৌহপিঞ্চরে থাকিতে হইবে?

ভাষতে সে কহিল, আমার আর কিছুই উপায় নাই।

"প্রীফীয়ান কহিল, কেন? বিনি মুজিদাতা ভিনি ভো
পরন দয়াময়?

তাহাতে সে উত্তর করিয়া কহিল, হাঁ মহাশয়, তাহা সত্য বটে, কিন্তু আমি তাঁহাকে তুদ্ধ করিয়া পুনর্কার কুশে বধ করিয়াছি, এবং তাঁহার রক্তকে অপবিত্র বস্তর ন্যায় বোধ করিয়া অনুগ্রহনিধি পবিত্র আত্মাকে অবক্তলা করিয়াছি। এই হেতুক আমি ঈশ্বরের তাবং অক্সীকার-হইতে ভূষ্ট হইয়াছি; এখন আমাকে কেবল দশু এবং শত্রনাশক অগ্নির উত্তাপ বিষয়ক ভয়ানক প্রতিক্তার অপেক্ষাতে থাকিতে হয়।

• প্রীফীয়ান জিজ্ঞাসিল, তুমি কিসের লোভে আপনাকে এমন ছর্দশাগ্রস্ত করিয়াছ?

তাহাতে সে কহিল, হে মহাশয়, এই বর্তুমান সংসা-রের অভিলাষ ও সুখতোগ ও ধনের লোভে তাহা করি-য়াছি: কেননা আমি আগে মনে করিয়াছিলাম, যে এই জগতের ঐষ্ঠ্য ভোগ করিয়া অনেক সুখ পাইব, কিন্তু এই কলে সে সুখু পাওয়া দূরে থাকুক, সেই সকল বিষয় জালাদায়ি কীটের ন্যায় আমাকে দংশন করিতেছে, তা-হাতে আমার অন্তঃকরণ প্রজ্লিত অগ্নিতে দর্গের ন্যায় ব্যথিত হইতেছে।

শুনিজীয়ান জিজ্ঞাসিল, তবে কি তুমি এখন অনুতাপ করিয়া মনঃপরিবর্ত্তন করিতে পার না ?

তাহাতে সে কহিল, হে মহাশয়, ঈশ্বর আমাকে তাহা করিতে দেন না। তাঁহার ধর্মপৃস্তক বিশ্বাস করিতে আ-মাকে কিছুমাত আশ্বাস দেয় না; তিনি আপনি আমাকে এই লৌহপিঞ্চরে বন্ধ করিয়াছেন; অতএব জগৎ সংসা-রের তাবৎ লোক একত হইলেও আমাকে উদ্ধার করিতে পারে না। হে অনম্ভ কাল! হে অনম্ভ কাল! হায় ২ আমি অনম্ভ কাল যাপনে যে ঘুঃধ পাইব, তাহার ভার কি প্রকারে লইতে পারি? এই রূপে ক্রমে ২ ঐ সকল বিষয় দেখাইলে " অর্থকারক
" খ্রীফীয়ানকে কহিলেন, এই মনুষ্যের ছঃখ সকল নিতা ২
তোমার স্মরণে থাকুক, ও সর্বাদা তোমার সাবধান হওয়ার
কাষ্ণা হউক।

"খুখিীয়ান কহিল, হে মহাশয়, সে সত্য। এই সকল বিষয় অত্যন্ত ভয়ন্ধর দেখিতে পাই, এই মানুবের ছঃখ-জনক ক্রিয়াবিষয়ে সাবধান হওন এবং চৌকি দেওন ও প্রার্থনা করণে ঈশ্বর আমার সাহায্য করুন। আর হে মহাশয়, এই ক্ষণে কি আমার প্রস্থান করিবার মময় হয় নাই?

তাহাতে \* অর্থকারক কহিলেন, যাবং আমি তোমাকে আর এক বিষয় না দেখাই তাবং তুমি থাক, তাহার পর বিদায় হইবা।

এই কথা কহিয়া "অর্থকারক তাহার হাত ধরিয়া তাহাকে পুনর্কার আর এক কুঠরীতে লইয়া গেলেন। সে স্থানে
এক ব্যক্তি নিদ্রাহইতে উটিয়া কাপড় পরিতে ২ ধর ২
করিয়া কাঁপিতেছিল; তাহা দেখিয়া "খুইটীয়ান জিজ্ঞাদিল, এ ব্যক্তি কাঁপিতেছে কেন? তাহাতে "অর্থকারক
আপনি না কহিয়া সেই ব্যক্তিকে কম্পনের কারণ কহিতে আজ্ঞা করিলে সে বলিতে লাগিল, হে মহাশয়, আমি
নিদ্রাবস্থায় বড় একটা আক্ষর্যা স্বপ্ন দেখিলাম, বেন অকস্থাৎ আকাশ কালো বর্ণ মেখেতে আচ্ছর হইলে অতিশয়
ভয়্মররুপে বিদ্যুৎ হইতে লাগিল, আর গভীর শব্দেতে
মেম্ব গর্জিতে লাগিল; তাহাতে আমি মনে বড় ব্যথা পাইলাম। পরে এই রূপ দেখিতে ২ বেন ঐ সকল মেঘকে
কেটা তাড়না করিয়া দৌড় করাইতে লাগিল, এবং তৎক্রণাৎ আকাশমণ্ডল প্রস্কানিত অগ্নিময় হইলে তথাহইতে
ভূরীর মহাশন্স হইতে লাগিল; আর অগ্নিময় বন্ত্র পরি-

হিত সহস্থ স্বৰ্গীয় সৈন্যেতে বেন্টিত এক জন মনুষ্যকে মেখারোহণ করিতে দেখিলাম। পরে হে মৃত লোকেরা, তোমরা উটিয়া বিচারস্থানে আইস, এই বাকারপ মহা-ধানি হওয়াতে শৈল সকল বিদীর্ণ এবং কবর সকলের মুখ খোলা হইল। তাহাতে তাবং মৃত লোক গাতোখান पूर्वक वाहित्त बाहेरल जाहारमत्र मर्था रुक्ट र बाह्लारम উর্জ্বৃটি হইয়া রহিল, এবং কেহ ২ ভয়েতে পর্বতের নীচে লুকাইতে চেন্টা করিল। অপর দেখিলাম, যেন ঐ মেঘারত ব্যক্তি এক খানি গ্রন্থ খুলিয়া পৃথিবীস্থ লোক-**मिशदक आश्रनात निकट** आमिट्ड आड्डा मिटनन। खे আজ্ঞা দেওন কালে জাজ্বল্যমান অগ্নিশিখা তাঁহাহইতে নির্গতা হইয়া ভাঁছার এবং তাহাদিগের মধ্যে, অর্থাৎ विठातकर्जा अवर याशादमत विठात कता याश्रेदन, अरे उजत পক্ষের মধ্যে আসিয়া উপযুক্ত প্রভেদ করিল। পরে ঐ মেঘোপবিষ্ট্রাক্তি আপন অনুচরগণের প্রতি এই আজ্ঞা প্রচার করিলেন, তোমরা শ্যামাঘাস ও ভূষি ও নাড়া সকল একত করিয়া প্রস্থলিত অগ্নিকুণ্ডে ফেলিয়া দেও। এই কথা কহিবামাত্র আমি যে স্থানে দাঁড়াইয়া-ছিলাম তাহারি নিকটে একটা অতলস্পর্শ গর্ভ হইল, তাহার মুখহইতে ধূম ও প্রস্তালত অঙ্গার হুহুশব্দে বাহির হইতে লাগিল। পরে আমি শুনিলাম, তিনি অনুচর-দিগকে আরো এক আজা দিলেন, যে আমার গোধুম সকল গোলায় একত করিয়া রাখ। এই কথা বলিবামাত আমি দেখিলাম, অনেকে উর্দ্ধে নীত হইয়া মেঘারোহণ করিল। কেবল আমি অবশিষ্ট থাকাতে ভীত হইয়া আ-পনাকে গোপন করিতে চেটা করিলাম, কিন্তু কোন প্রকারেই পারিলাম না, কারণ সেই মেঘারত ব্যক্তি আমার প্রতি একাগ্র দৃষ্টি করিয়া থাকিলেন, তাহাতে

আমার আজন্মের সকল পাপ নারণ ছওয়াতে মন আমা-কেই দোষী করিতে লাগিল। এই রূপে তাসযুক্ত হইলে আমার নিজাভক হইল।

তখন \* থ্ৰীফীয়ান তাহাকে জিজ্ঞাসিল, তুমি ইহা দে-থিয়া এতো ভয়াকুল কেন হইয়াছ ?

তাহাতে সে কহিল, ও মহাশয়, আমার বােধ হইল যে বিচারের দিন উপস্থিত হইয়াছে, কিন্তু তাহার নিমিত্তে আমি কিছু মাত্র প্রস্তুত নহি, ইহা ভাবিয়া বড় ভীত হইলাম। কেননা দূতেরা অনেক লােককে একত্র করিয়া লইয়া কেবল আমাকে অবশিষ্ট রাথিয়া গেল। এবং আবাে একটা হুর্লকণ দেখিলাম, যেন আমি যে স্থানে দাঁড়াইয়াছিলাম, তাহারি নিকটে নরককুও প্রকাশ পাইল, আর আমার মনও আমাকে দােষী করিতে লাগিল। বিশেষতঃ বিচারকর্তা আমার প্রতি কুরমুখে স্থিয়দৃষ্টি হইয়া রহিলেন, এ কারণ আমি বড় ভীত ও ছঃখগ্রস্ত হইলাম।

পরে " অর্থকারক " খুীফীয়ানকে জিজ্ঞাসা করিলেন, তুমি এই সকল বিষয় মনের মধ্যে বিবেচনা করিয়াছ কি না?

তাহাতে "পুটিীয়ান কহিল, হাঁ মহাশয়, ইহার বিবে-চনাতে আমার মনের মধ্যে ভয় এবং প্রত্যাশা উভয়ই উপস্থিত হইয়াছে।

এ সকল কথা শুনিয়া " অর্থকারক কহিলেন, ভাল, এই সকল বিষয় তোমার মনের অনুশতুল্য হইয়া অগ্রসর হওনে তোমাকে প্রবৃত্ত করুক।

পরে শুমিটীয়ান কটিদেশ বদ্ধ করিয়া বাতা করিতে উদ্যত হইলে "অর্থকারক তাহাকে আশীর্কাদ করিয়া কহিলেন, হে প্রিয় শুমিটীয়ান, তোমার রাজধানী গমনে শান্তিকর্তা আপনি সেত্যা হইয়া সর্বদা তোমার সক্ষ থাকুন। তাহাতে <sup>\*</sup> খ্রীফীয়ান এই শ্লোক গান করিতে ২ যাতা করিল।

কৃত্য কার্য্যে মন স্থির করিবারে ক্রম।
মহামূল্য লাভকর অতি মনোরম।
ভয়ানক এ সকল বিষয় এখানে।
কেন মোরে দেখা দিল ভাবি তাই মনে।
এ বিষয়ে মনোযোগ উচিত আমার।
অনুক্রণ আন্দোলন আবার তাহার।
সতত সজ্জন অর্থকারকের প্রতি।
কৃত্ত হওন মোর ইহাই বিনতি।

## ৬ অধ্যায়।

অপর আমি স্বপ্নে দেখিলাম, যেন \* খ্রীফীয়ান ভারপ্রস্ত হইয়া \* পরিত্রাণ নামক ছুই ভিত্তির মধ্যগামি পথে বেগে-তে নৌড়িল, কিন্তু পৃষ্ঠেতে গুরুতর ভার প্রযুক্ত অতি কফে দৌড়িল।

অনস্তর " খ্রীফীয়ান দৌর্জিতে ২ দুরেতে দেখিল, যে কিঞ্চিৎ উচ্চ কোন স্থানের শিখরে একটি কুশ দণ্ডায়মান, এবং তাহার তলে একটি গুহা আছে। পরে "খ্রীফীয়ান ক্রমে ২ দৌজ্য়া ঐ কুশের নিকটে বাইবামাত্র আমি দেখিলাম, যেন তাহার পৃঠের সেই বোঝা খসিয়া পজ্য়া গড়াইতে২ ঐ গুহার মধ্যে গিয়া পজ্ল; তাহাতে আমি সে বোঝা আর দেখিতে পাইলাম না।

এই রূপে " খ্রীফীয়ান সহজ শরীর হওয়াতে বড় আহলাদিত ও পুলকিত হইয়া কহিতে লাগিল, তিনি আপন্
ছঃখ ও মৃত্যুদারা আমাকে বিশ্রাম ও জীবন দিয়াছেন।
ইহা কহিয়া ঐ কুশের দর্শনমাত্রে আপনি বোঝাহইতে
মক্ত হইয়াছে, ইহাতে বড় আশ্চর্যা বোধ করিয়া ঐ কুশ

দেখিবার জন্যে ক্লণেক কাল চমৎকৃত ছইয়া দাঁড়াইল, এবং বে পর্যান্ত চকুর জল গাল বহিয়া না পড়িল, তাবৎ পুনঃ ২ দেখিতে লাগিল। এই প্রকারে "খুম্টীয়ান সেই স্থানে দাঁড়াইয়া কন্দন করিতেছিল, ইতোমধ্যে তিন জন তেজস্বী আসিয়া, তোমার মঙ্গল হউক, এ কথা কহিয়া তাহার নিকটে উপস্থিত হইলেন। তাঁহাদের মধ্যে প্রথম ব্যক্তি কহিলেন, তোমার পাপ ক্ষমা হইয়াছে; দ্বিতীয় ব্যক্তি তাহার গাতের ছিন্ন বস্ত্র খুলিয়া লইয়া তাহাকে উত্তম বস্ত্র পরিধান করাইলেন; এবং তৃতীয় ব্যক্তি তাহার কপালে এক চিক্ল এবং হস্তে এক খানি মুল্লাঙ্কিত পত্রিকা দিয়া তাহাকে কহিলেন, তুমি দৌড়িয়া ঘাইতে ২ ইহা দেখিবা, এবং স্বর্গীয় রাজধানীর নিকটে গিয়া উপস্থিত হইলে ইহা গছিত করিবা। এ কথা কহিয়া তাঁহারা তিন জন প্রস্থান করিলেন। তখন "খুম্টীয়ান আহ্লাদে তিন বার জনক দিয়া এই প্রোক গান করিতে ২ গমন করিল।

গুরুতর পাপভার লৈয়া আমি পৃঠে।
আসিয়াছি এত দূর অতি কইলেঠে॥
আমার মনের ছু:খহইতে এড়াতে।
এছানে পৌছন বিনা না পারি কিছুতে॥
আহা মরি চমৎকার স্থান দেখি এ কি।
সুখের আরম্ভ মোর হৈল এখানে কি॥
বে স্থানে পড়িবে মোর ভারী পৃঠভার।
সেই স্থান বুঝি এই হইবে আমার॥
পৃঠভার পৃঠে বদ্ধ যে ডোরে আমার।
ভঞ্জনের স্থান এ কি হইবে ভাহার॥
ধন্য কুশ, ধন্য গুহা, আরো ধন্য তিনি।
কুশোপরি মোর তরে লক্ষাপ্রাপ্ত বিনি॥



## ৭ অধ্যায়।

অপর আমি স্বপ্নে দেখিলাম, ষেন এই ক্লপে \* খ্রীফীয়ান যাইতেং কোন নিমৃভ্মিতে উপস্থিত হইয়া কিঞ্চিদ্রে
শৃষ্থলে বদ্ধচরণ তিন জন মনুষ্যকে ঘোর নিদ্রাতে মগ্ন দেখিল; তাহাদিগের এক জনের নাম \* অবিবেচক, আর এক
জনের নাম \* অলস, এবং অন্য জনের নাম \* অভিমানী।

"পুরিন্টারান তাহাদিগের এই রূপ অবস্থা দেখিয়া কোন
মতে তাহাদিগকে জাগাইতে ইচ্ছুক হওয়াতে নিকটে গিয়া
কহিল, জাহাজের মাস্তলের উপরে নিজাগত লোকের
মত তোমাদিগকে দেখিতেছি, কেননা তোমাদের নীচে
অতলস্পর্শ মৃত্যুসমুদ্র আছে, অতএব তোমরা জাগিয়া
চলিয়া আইস; আমাকে অনুমতি দিলে আমি তোমাদিগের শৃঞ্জল মোচন করিব। নতুবা বে ব্যক্তি গর্জনকারি
সিংকের নাায় বেড়াইতেছে, সে উপস্থিত হইলে তোমরা
তাহার দম্ভদারা বিদীর্ণ হইবা, ইহাতে কোন সন্দেহ নাই।
তাহাতে তাহারা তাহার প্রতি দৃষ্টিপাত করিলে প্রথমতঃ
"অবিবেচক কহিল, আমি কোন আপদ দেখি না; পরে
"অলস কহিল, আর অপ্প কাল নিজা যাই; "অভিমানী
কহিল, তুমি আপনার চর্কায় তৈল দেও। এ কথা কহিয়া
তাহারা পুনর্বার নিজা গেল, তাহাতে "খুম্টীয়ান আপন
প্রে চলিয়া গেল।

কিন্তু তাহাদিগের নিদ্রাভক্ষ করা ও সংপরামর্শ দেওয়া এবং শৃঞ্জলহতৈ মোচন স্বীকার করা এই সকল উপকারের চেন্টা করিলেও তাহারা তাহাকে তুক্ষজ্ঞান করিয়াছে, ইহাতে "পুন্টিয়ানের মনোমধ্যে কিছু ছংখ উপস্থিত হওয়াতে সে তাহাই ভাবিতেং যাইতেছিল; ইতোমধ্যে "রীত্যালয়ী এবং "কাম্পনিক নামে ছই মনুষ্য ঐ সংকীর্ণ পথের বামদিগের প্রাচীর লজ্জিয়া ক্রমেং "পুন্টীয়ানের

নিকটে উপস্থিত হওয়াতে সে- ভাহাদিগের সহিত এই ক্লপ কথোপকথন করিতে আরম্ভ করিল।

\* খুটিয়ান জিজ্ঞাসা করিল; মহাশরেরা কোথাহইতে আসিয়াছেন ? এবং কোখাই বা বাইবেন ?

তাহাতে তাহার। উত্তর করিল, আমাদিগের জন্মভূমি

ব্যর্থশ্লাঘা নামক নগর; সেই স্থানহইতে আসিয়াছি।

যশের নিমিত্তে স্পীয়োন নামক পর্বতে যাইতেছি জানিবা।

তাহাতে "খুমিটীয়ান জিজ্ঞাসিল, ভাল, পথের অগ্রে যে ছার আছে, তাহার মধ্য দিয়া না আসিয়া প্রাচীর লজ্ঞান করিয়া আসিয়াছ, ইহার কারণ কি? "যে ব্যক্তি ছার দিয়া প্রবেশ না করিয়া আর কোন দিগে উঠিয়া প্রবেশ করে, সে চোর ও দস্যু," এই যেকথা লিখিত আছে, ইহা কি তোমরা জান না?

তাহাতে "রীত্যালম্বী ও " কাম্পনিক উত্তর করিল, আ-মাদিগের দেশহইতে ঐ দ্বার অনেক দূর, একারণ পথ খাট করিবার জন্যে প্রাচীর লজ্মিয়া আগমন করা আমা-দিগের দেশীয় লোকাচার আছে।

• খ্রীক্টীয়ান কহিল, আমরা বে স্থানে যাইতেছি, সে রাজধানীর অধ্যক্ষের আজা লজ্মন করিলে কি আধি-কারাতিক্রম দোষ হইতে পারে না ?

তাহাতে তাহারা কহিল, এ বিষয়ের নিমিতে তোমার এত ছাবনা করিবার কোন প্রয়োজন নাই, কেননা আমরা দেশাচারের মত করিয়াছি; এবং আবশ্যক হইলে তাহার প্রমাণার্থে হাজার ২ বৎসরের অধিক কালেরও সাক্ষী দেখাইতে পারি।

\* খুখিতীয়ান কহিল, তোমাদের সেই দেশাচার ব্যব-স্থাসিম্ক কি হইবে?

তাইইত তাহারা কহিল, হাজার বংসরের অধিক কাল

পর্যান্ত যে দেশাচার প্রচলিত আছে, তাহা উপযুক্ত বিচারকর্তার বিচারেতে অবশ্য ব্যবস্থাসিদ্ধরূপে প্রাহ্য হইবে।
তদ্তির আরো একটা কথা কহি, আমরা যদি পথমধ্যে
উপস্থিত হইয়া থাকি, তবে কোন্ পথ দিয়া আসিয়াছি,
এই জিজ্ঞাসার প্রয়োজন কি? কেননা এই পথের পথিক
হইলেই হয়। তুমি হার দিয়া আসিয়া যে পথে আছ,
আমরাও প্রাচীর লজ্মিয়া আসিয়া সেই পথে আছি।
অতএব আমাদিগের দশা অপেকা তোমার দশার উত্তমতা
কোথায়?

তাহাতে "খুখিটীয়ান কহিল, আমি আপন কর্তার আজ্ঞাতে চলি, কিন্ত তোমরা আপন ২ ইচ্ছানুসারে চলিতেছ;
তাহাতে এই কনে তোমরা পথের কর্তার কাছে চোরতুলা
গণ্য আছ; অতএব আমার বোধ হয় পথের শেষে তোমরা
সক্ষন গণিত হইবা না। তোমরা কর্তার শিক্ষা বিনা
স্বেছাতে এই পথে আসিয়াছ, অতএব তাঁহার অনুগৃহীত
না হইয়া আপনাদের দোবে বহিষ্কৃত হইবা।

এ কথা শুনিয়া তাহারা "খুনিটীয়ানকে তদ্বিষয়ের বড় একটা উত্তর না দিয়া কহিল, তোমার কর্ম তুমি দেখ। ব্যবস্থা ও নিয়ম সকল আমরা তোমার ন্যায় মানিব, ইহাতে কোন সন্দেহ নাই। ইহা কহিয়া তাহারা কেহ কাহারও সহিত কথোপকখন না করিয়া প্রত্যেক জন আপন ২ পথে গমন করিতে লাগিল। পরে অপপ বিলয়ে তাহারা "খুনিটীয়াদকে কহিল, তোমার গাতে যে বস্তু আছে তাহাতে বোধ হয় তোমাকে উলম্ব দেখিয়া কোন প্রতিবাসী লক্ষা নিবারণের জন্যে তোমাকে ঐ বস্তু দিয়া থাকিবে; তাহা যদি না পাইতা, তবে তোমার সহিত আমাদিগের কোন অবয়বের ভিন্নতা থাকিত না।

্ তখন \* খ্রীফীয়ান কহিল, ভোষরা দার দিয়া গুবেশ কর

নাই, এই জন্যে কোন ব্যবস্থা কি নিয়মদ্বারা পরিতাণ পাইতে পারিবা না। আর আমার পৃঠে এই যে বস্ত্র দেখি-তেছ, ইহা বে স্থানে বাইতেছি তাহার কর্তা আমাকে দিয়াছেন। এবং তোমরা যে কহিতেছ, আমার উলঙ্গতা-জন্য লজা নিবারণার্থে তাহা আমাকে দত্ত হইয়াছে, তাহাও সত্য বটে। পরস্ক আমার প্রতি তাঁহার যে অভ্যস্ত অনুগ্রহ তাহারও চিহ্ন এই বস্তু জানিবা, কারণ পূর্বের আমার নেকড়া বিনা স্বার কিছু ছিল না। স্বতএব পথগমনে আমি ইহা মনে করিয়া আপনাকে আপনি সান্ত্রনা করি, বিশেষতঃ আমার বোধ হয় যে রাজধানীর দ্বারে উপ-স্থিত হইলে সেই কর্ত্তা আমার গাত্রের এই বস্ত্র দেখিলে শুভদৃষ্টি করিয়া অবশ্যই আমাকে চিনিতে পারিবেন; কননা যখন তিনি আমাকে নেকড়াহইতে মুক্ত করি-लেन, उथन आमारक अहे बख विनामृत्ना मिग्नाहित्तन। আর ইহা বুঝি তোমরা দেখ নাই, যে দিনে আমার পৃষ্ঠ-হইতে ভার খসিয়া পড়িল, সেই দিনে ঐ কর্তার এক জন আত্মীয় লোক আসিয়া আমার কপালে একটি চিহ্ন দিয়াছিলেন; ভদ্তির আমার শান্তির নিমিত্তে পথগমনের সময়ে পড়িবার জন্যে এক খানি মুদ্রান্ধিত লিপি দান করিয়া এই আজ্ঞা দিয়াছেন, এই লিপি রাজধানীর ছারে ममर्भन कतिरत थे खारन अवना श्रीवर्षे रहेरछ भातिया। অতএব আমার বোধ হয় এই সকল বিষয়ে তোমাদিগেরও প্রয়োজন আছে, কিন্তু দার দিয়া প্রবেশ কর নাই, একারও পাও নাই।

এই সকল কথা গুনিয়া তাহারা <sup>8</sup> থাটীয়ানকে কিছু উত্তর না দিয়া পরস্পর দৃষ্টি করিয়া উপহাস করিতে লাগিল এই রূপে তাহারা সকলে গমন করিল বটে, কিছ শুটিনীয়ান অগ্রগামী হইয়া কখন হ ক্রন্দন ও কখন ২ আত্মসাজ্বনা করিতে ২ আপনা ব্যতিরেক আর কাছারে। সহিত বাক্যালাপ করিল না, এবং সেই লিপি বার ২ পাঠ করিতেই সর্বাদ সম্ভুট হইয়া চলিল।

এই রূপে তাহারা ক্রমে ২ চলিয়া " ত্রুগম নামক পর্ব-তের নীচে যে উনুই আছে, তাহার নিকটে উপ-স্থিত হইয়া দেখিল, ঐ পর্বতের নীচে বাম পার্ষে ও দক্ষিণ পার্ষে ত্রই দিগে তুই পথ গিয়াছে; কিন্তু কুদ্র বারহইতে যে সোজা পথ আইসে, সেই সঙ্কীর্ণ পথ ঐ পর্বতের উপর দিয়া গিয়াছে। তাহাতে " খ্রীফীয়ান প্রাণ কুড়াইতে ঐ উনুইর নিকটে গিয়া জল পান করিল; পরে এই শ্লোক গান করিতে ২ পর্বতে উঠিতে লাগিল।

হইলেও উচ্চ এই পৰ্বত অত্যন্ত।
ইতে আরোহণে বাঞ্ছা করেছি একান্ত॥
যতেক তুর্গম ইথে আছরে নিশ্চিত।
কদাচ তাহাতে আমি না হব বাধিত॥
এই স্থান দিয়া যায় জীবনের পথ।
এস মম চিত্ত হৈয়া স্থির মনোরথ॥
না হইও প্রান্ত আর ভীত একারণ।
হৈলেও তুর্গম ভাল সংপথে গমন॥
বিপথগমনে যদি অগ্রে হয় সুখ।
তবু ভাহাতেই গেলে শেষে পাবে তুঃখ॥

পরে অন্য ছই ব্যক্তি ক্রমেং ঐ পর্বতের নিকটে উপ-স্থিত হইরা দেখিল, যে ঐ পর্বত গড়ান এবং অত্যন্ত উচ্চ; আর "খুমিটীয়ান যে পথ ধরিল তাহা ব্যতিরেকে পার্ম দিরা ছুইটা পথ আছে, ইহা দেখিল। অতএব পর্বতের পশ্চান্তাগে সেই প্রথম পথের সহিত এই ছুই পথ অবশ্য মিলিত হইবে, এমন অনুমান করিয়া তাহারা সেই ছুই পথ দিয়া গমন করিতে স্থির করিল; তাহার এক পথের নাম "আপং, এবং অন্য পথের নাম "বিনাশ; তাছাতে এক ব্যক্তি ঐ "আপং নামক পথ ধরিয়া যাইতে ২ একটা মহা অরণ্যের মধ্যে প্রবেশ করিল; এবং অন্য ব্যক্তি ঐ "বিনাশ নামক পথ ধরিয়া গমন করিতে ২ নানা অন্ধকারময় পর্বতে পরিপূর্ণ "সর্বনাশ নামক বিস্তারিত দেশে উপস্থিত হওয়াতে উছোট খাইয়া পড়িয়া আর উঠিতে পারিল না।

অপর \* খ্রীফীয়ান কি রূপে পর্বত আর্রোহণ করিতেছে, তাহা দেখিতে লাগিলাম; তাহাতে যেন ঐ \* খ্রীফীয়ান **मो**िष्या চलिल, পরে ধীরে २ চলিল; কিন্তু অবশেষে পথ এমন গড়ান হইল যে হস্ত পাদদারা আঁকুড়িয়া ২ উচিতে হইল। এই রূপে অর্দ্ধেক পথ গেলে পর আন্ত যাত্রিকদিগের বিশ্রামার্থে সেই পর্বতের কর্তার আজ্ঞাতে বে মনোহর একটি বৃক্ষবাটিকা নির্ম্মিত ছিল, ঐ স্থানে গিয়া "খুীফীয়ান বিশ্রাম করণার্থে বসিল, এবং আত্ম-সাঅ্বার নিমিতে বক্ষঃস্লহইতে ঐ চর্মপৃস্তক বাহির করিল, এবং জুশনিকটে ১ বস্তু পাইয়াছিল ঐ বস্তুের প্রতি বার ২ দৃষ্টি করিতে লাগিল; এই রূপে ক্ষণেক কাল আত্মসন্তোষ করিতে ২ শ্রম প্রযুক্ত অমনি ঘোরতর নিজিত হইল; তাহাতে যুমের যোরে হস্তহইতে ঐ লিপি পড়িয়া গেল। এই প্রকারে প্রায় সমস্ত দিন নিজিত থাকিল। ইতোমধ্যে তাহার নিকটে এক ব্যক্তি আসিয়া এই কথা কছিল, হে অলম, তুমি পিপীলিকার কাছে গিয়া তাহার ক্রিয়া দেখিয়া জ্ঞান শিকাকর; তাহাতে \* খ্ৰীফীয়ান হঠাৎ চমকিত হইয়া শীঘু উচিয়া দৌড়িতে ২ পর্বতের চূড়া পর্যান্ত গিয়া উপস্থিত হইল।

এই রূপে "খ্রীফীয়ান পর্বতের উপর উপস্থিত হইলে ভাহার সহিত সাক্ষাৎ করিতে "ভয়শীল নামে ও "সং- শরী নামে ছুই ব্যক্তি বেগে দৌড়িতে ২ আসিয়া উপস্থিত হইল। তাহাতে "খুীন্টারান তাহাদিগকে দেখিরা জিজ্ঞাসা করিল, হে মহাশরেরা, তোমরা যে দিগ্জান্ত হইয়া উল্ট পথে গমন করিতেছ, ইহার কারণ কি? তাহাতে "ভয়শীল উত্তর করিল, আমরা "সীয়োন রাজধানীতে যাইতে২ এই ছুর্গম স্থান উত্তীর্গ হইয়াছিলাম, কিন্তু যত দর অগ্রে যাই তত আরো আপদ্ পাই, এই প্রযুক্ত আমরা যাইতে না পারিয়া যরে ফিরিয়া যাইতেছি জানিবা।

শ সংশায়ী কহিল, আমরা ফিরিয়া যাইতেছি সে সত্য, কেননা আমাদিণের কিঞ্চিৎ অগ্রে ছুইটা সিংহ শায়ন করিয়াছিল, তাহারা নিজিত কি জাগ্রৎ তাহা বলিতে পারি না; যদি আমরা নিকটে যাইতাম, তবে আমা-দিগকে ক্ষণেকের মধ্যেই ছিঁড়িয়া খণ্ড ২ করিত, সেই ভয়ে আমাদিণের এখনো বুক গুর২ করিতেছে।

ঐ কথা শুনিয়া "খুনিয়ান কহিল, তোমরা আমাকে ভয়প্রস্ত করিলা বঁটে, কিন্তু আমি প্রাণ রক্ষার নিমিতে কোথায় পলাইব? আমার জন্মদেশ গন্ধকমিশ্রিত অগ্নির নিমিতে প্রস্তুত হইয়াছে; সেখানে কিরিয়া গেলে আমার বিনাশ অবশ্য ঘটিবে। যদি কউপ্রেপ্তে স্থামির রাজধানীতে বাইতে পারি, তবে সেখানে নির্বিয়ে বাস করিতে পারিব, ইহা নিশ্চয়। অতএব আমার প্রাণ যাউক কিয়া থাকুক, সে স্থানে যাইতেই হইবে; কেননা কিরিয়া যাওনে নিশ্চয় মৃত্যু, কিন্তু অগ্রসর হওনে মৃত্যুর ভয়মাত্র, আর অগ্রেতেই অনন্ত পরমায়ু আছে; অতএব আমি নিতান্ত অগ্রসর হইব। এ কথা শুনিয়া তাহারা উভয়েই দৌড়িয়া পর্বতের তলে নামিল। তাহাতে "খীফীয়ান আপন পথে যাইতে আরম্ভ করিল, কিন্তু ঐ ফুই জনের কথা পূনঃ২ মনে হওয়াতে তাহা বিশ্বুত

ছইবার এবং আপনাকে সাজ্বনা করিবার, জন্যে ঐ পৃস্তক পাঠ করিবার ইছা জন্মিলে সে বক্ষঃস্থলে ছাত দিয়া দেখে যে লিপি নাই। ইহাতে "প্রীফীয়ান অত্যন্ত উদ্বিগ্ন হইয়া কি করিবে, তাহার কিছুই স্থির করিতে পারিল ना, क्नना त्र शृद्ध याराचाता माखुना भारेगाहिल, এবং বাহা রাজধানী প্রবিষ্ট হওনের অধিকারপত হইবে, তাহাতে বৰ্জিত হইয়া কেমন করিয়া বাইবে? অতএব \* খ্রীফীয়ান এই রূপ ভাবনা করিতেছিল, এবং কি কর্ত্তব্য তাহাও ভাবিয়া স্থির করিতে পারিল না; এমন সময়ে দে বে পর্বতের পার্শস্থ বৃক্ষবাটিকাতে নিদ্রা গিয়াছিল, তাহা তাহার মনে পড়িল। তাহাতে হাঁটু গাড়িয়া অজ্ঞানত্বত পাপের ক্ষমার নিমিত্তে ঈশ্বরের কাছে প্রা-র্থনা করিয়া পুস্তকের অল্বেষণে ফিরিয়া গেল। ফিরিয়া বাওন কালে তাবৎ পথে তাহার বে কতো মনোছঃখ জন্মিল তাহা বলা যায় না; কেননা সে কখন ২ কন্দন ও কখন বা বিলাপ ইত্যাদি করিতে লাগিল। আর কেবল তাহার শ্রাস্তি দূর করিবার জন্যে বে স্থান নির্মিত হইয়া-हिल, अमन द्यारन थे क्रश डेग्नरखंत नांग्र निका शिग्नाहिल, তাহার নিমিত্তেও সে. যথৈত আক্রেপ করিতে লাগিল। আঃ, আমি দিবসের শেষে কেন নিক্রা গিয়াছিলাম! কি আপদের মধ্যেই নিদ্রিত হইয়াছিলাম! পর্যতের কর্তা বাত্তিকদিপের বিশ্রামার্থে বে বৃক্ষবাটিকা নির্মাণ করাইয়া-ছেন, তাহা আমি শারীরিক সুথভোগের নিমিত্তে হির क्रिवाम। धरे क्राप्त म পरिषद्गे छेख्य भीर्षि जावधारन দৃষ্টি করিতে ২ ফিরিয়া চলিল। পরে বেখানহইতে সেই বৃক্ষৰাটিকা দেখা যায়, এমন স্থানে উপস্থিত হইলে সে যে নিজা গিয়াছিল, সেই দোষ তাহার মনের মধ্যে পুন-র্মার উপস্থিত ছইলে ঐ বৃক্ষবাটিকার দর্শনে ভাছার ঐ

ছুঃখের আরো শতগুণ বৃদ্ধি হইল। অতথব সে ঐ পাপনিদ্রা যাওন বিষয়ে এই রূপ বিলাপ করিতে হ চলিল;
আঃ, আমি কি পাপিপ্ঠ লোক! হায়ং! না জানি আমার
কতো পাদক্ষেপণ বৃথা গিয়াছে। "ইআয়েল লোকদের
যে রূপ দশা হইয়াছিল, আমারও কি সেই দশা ঘটিল?
কেননা তাহাদিগকেও স্বকৃত পাপের নিমিডে "সৃক
সমুদ্রের পথদারা ফিরাইয়া পাঠান গিয়াছিল। অতথব
হায়ং, যদি ঐ পাপনিজায় আমাকে না ঘেরিড, তবে আমি
এই রূপ ছঃখে ক্টে পাদক্ষেপণ না করিয়া আনন্দ পূর্বক
পাদক্ষেপণ করিয়া ইহার মধ্যে কতো দূর অগ্রসর হইতে
পারিতাম! হায়! যে স্থানে এক বার পাদক্ষেপণ করিলে
হয়, সেখানে তিন বার করিতে হইল। আমার সমস্ত
দিন বৃথা গেল; এই ক্ষণে রাত্রি উপস্থিত হইল।

এই রূপ খেদ করিতে হ সে পুনর্বার সেই বৃক্ষবাটিকাতে উপস্থিত হইয়া সেই স্থানে বসিয়া রোদন করিতে
লাগিল। কিন্তু অবশেষে ঈশ্বেক্ষাক্রমে অধােদ্টিপাত
করাতে ঐ লিপি দেখিতে গাইয়া "খ্রীটীয়ান চমৎকৃত
হইয়া শীঘ্র লিপি কুড়াইয়া লইল। পরে ঐ হারাণ অসূল্য
নিধি পুনর্বার পাওয়াতে তাহার কি পর্যান্ত আহলাদ হইল
তাহা বর্ণনা করা যায় না; কেননা ঐ লিপি তাহার জীবন
পাইবার এবং গন্তব্য স্থানে গ্রাহ্য হইবার অধিকারপত্র
ছিল; অতএব ঐ স্থানে দৃটিপাত করাওনের নিমিতে সে
ঈশ্বরের প্রতি যথেই স্তব বিনয় করিতে লাগিল। পরে সজলনয়নে আনন্দ পূর্বক পুনর্বার যাত্রা করিয়া অতি ক্রতগমনে
চলিল, কিন্তু পর্বতের শিশবের হাইতে হ সূর্য্য অস্তগত
হওয়াতে "খ্রীটীয়ান পুনর্বার সেই নিলার নিক্ষলতাকে
শ্বরণ করিয়া আর বার এই রূপ খেদােন্তি করিল, ওরে
পাপনিজে, তাের নিমিত্তে এস্থানে রাত্রিগ্রস্ত হইলাম;

স্থাকিরণ গত ছওয়াতে অন্ধার প্রযুক্ত কোখায় পা কেলিব তাহার কিছুই জানিতে পারিব না, বিশেষতঃ ভয়ানক ছিংশুক জন্ত সকলের উৎকট শব্দ শুনিতে হইবে। আর শংশয়ী ও শভয়শীল নামক ছই জনের মুখে বে ছই সিংহের সংবাদ শুনিয়াছিল, তাহার মারণ হওয়াতে শুমিটীয়ান মনে ২ ভাবিতে লাগিল, রাজিতে হিংশুক জন্ত সকল আহারের চেন্টায় শ্রমণ করে, অতএব এই অন্ধারে বদি আমার সহিত সাক্ষাৎ হয়, তবে আমাকে ছিঁড়য়া খও ২ করিবে। এই ক্ষণে আমি কি করিব? কিরপে উদ্ধার পাইব? ইহা ভাবিতে ২ সে অপ্পের পার্মে হুইতেছিল, ইতোমধ্যে উদ্ধান্তি করাতে ঐ পথের পার্মে ক্রমা নানে এক মনোহর পুরী দেখিতে পাইল।

## **अधाव।**

পরে আমি সংগতে দেখিলাম বেন "খুটিটারান রাত্রি প্রবাস করিবার জন্যে ঐ পুরীর মধ্যে যাইতে মনস্থ করিরা অভি জ্রুতগামী হইয়া কিছু দূর গমন করিলে একটী অভি সংকীর্ধ ছানে প্রবিষ্ট হইয়া প্রায় দ্বারির গৃহহইতে আর্ক্র পোয়া পথ অন্তরে গেল; পরে ঐ স্থান দিয়া যাওন কালে একদৃটি করিয়া পথমধ্যে স্ইটা সিংহকে দেখিতে পাইল; ভাহাতে ভরে ভাহার প্রাণ উড়িয়া গেল, এবং সে মনে ২ কহিল, আঃ, "সংশারী ও "ভয়শীল বে সিংহ দেখিয়া কিরিয়া গিয়াছে, আমি কি এখন ভাহারি সম্পূর্থে পড়িজাম? ঐ সিংহল্বর শৃত্রুতল বদ্ধ ছিল, কিছু খুটিটারান ভাহা দেখিতে পাইল না; এই জন্যে অঞ্জে গেলে মৃত্রুবিনা আর কিছু গভি নাই, ইহা ভাবিয়া সে ভীত হইরা ঐ সূই জনের ন্যায় কিরিয়া পলায়নে উদ্যত



ছইল। এমন সময়ে "কাগরুক নামে ঐ বালীর ছারী
"খ্রীফীয়ানকে জ্ঞাগমনে বিমুখ দেখিয়া ডাকিয়া কহিল,
ওহে, তুমি এমন অংশসাহসী কেন? শৃষ্ণলে বন্ধ সিংহকে তোমার ভয় কি? বিখাসি যাত্রিক লোকদিগের বিখাস পরীক্ষা করিবার জন্যে, ও অবিখাসিদিগের জবিখাস প্রকাশ করিবার জন্যে ঐ স্থানে ছই সিংহকে বন্ধ
করিয়া রাখা গিয়াছে; অতএব পথমধ্য দিয়া গমন করিলে
ভোমার কোন আপদ ঘটবে না।

দ্বারর এই রূপ উপদেশ বাক্য শুনিয়া "খুমিটীয়ান আশ্বাস পাইয়া সাহস পূর্বক ক্রমে ২ অগ্রসর হইল। তাহাতে সিংহকর্তৃক হিংসিত না হইয়া কেবল তাহাদের গর্জ্জনমাত্র শুনিল। পরে আহ্লাদেতে করতালী দিয়া ক্রমে ২
ঐ দ্বারির নিকটে গিয়া জিজ্জাসা করিল, হে মহাশয়,
এ কাহার বাটী? আমি অদ্য রাত্রিতে এস্থানে থাকিতে
পারি কি না? তাহাতে দ্বারী উত্তর করিল, এই পর্বতের কর্ত্তা যাত্রিকদিগের নির্ভয়ে প্রবাস করিবার জন্যে
এ বাটী নির্ম্মাণ করাইয়াছেন। ইহা কহিয়া দ্বারী তাহাকে
জিজ্জাসা করিল, তুমি কোপাহইতে আসিয়াছ? এবং কোথায় বা যাইতেছ?

তাহাতে " খ্ৰীফীয়ান কহিল, আমি "ধ্বংস্যনগরছইতে আসিয়াছি, এবং " সীয়োন পৰ্বতে ৰাইব, কিন্তু এই ক্ষণে সূৰ্য্য অস্ত ছণ্ডয়াতে আমি অদ্য রাত্রিতে এই স্থানে থাকি-তে পারি কি না, তাহা জানিতে চাহি।

পরে দারী জিজাসিল, ভোমার নাম কি?

তাহাতে "খুখিলান কছিল, এই ক্ষণে আমার নাম
"খুখিলান, কিন্তু পূর্বে আমার নাম "নিরনুগ্রহ ছিল,
এবং বে "যেকণকে ঈশ্বর "শামের তাছুতে বাস করাইবেন,
ভাহারই বংশকাত স্থাম।

দারী জিজাসিল, তোমার এই পথ আগমনে সূর্য্য অস্তু-গত হইয়াছে, এত বিলম্ব হওমের কারণ কি ?

তাহাতে "পুঁঝীয়ান কহিল, মহাশয়, আমি অনেক কল পূর্বে এ স্থানে আসিতে পারিতাম; কিন্তু পর্বতের পার্মস্থ বৃক্ষবাটিকাতে আমার নিজা হইয়াছিল; পরে পর্বতের চূড়াতে উঠিলে আমাকে কিরিয়া যাইতে হইল; কেননা ঐ পাপনিজার ঘোরে আমার অধিকারপত্র সেই স্থানে ভূলিয়া আসিয়াছি, ইহা তখন টের পাইলাম, তাহাতে অতাস্ত ছংখান্বিত হইয়া পুনর্বার কিরিয়া গিয়া সেই বৃক্ষবাটিকাহইতে পুস্তক আনিতে আমার বেলা গিয়াছে।

তখন দ্বারী কহিল, ভাল, আমি এই বাটীর এক জনা কন্যাকে তোমার নিকটে ডাকিয়া দিই, তুমি যদি তাহার সহিত উপযুক্ত কথোপকধন করিতে পার, তবে এই বাটার ব্যবহার অনুসারে বাটীর অন্য ২ অন্তরঙ্গ লোকদিগের নিকটে তোমাকে লইয়া যাইব। এই কথা কহিয়া ঐ " জাগ-রুক দ্বারী একটি ঘন্টার বাদ্য করাতে তাহা শুনিয়া গৃহদ্বার-হইতে " সতর্কা নামুী, এক পরম সুন্দরী শিষ্ট কন্যা আ-সিয়া জিজ্ঞাসা করিল, আমাকে কি নিমিত্তে ডাকিয়াছ?

তাহাতে দ্বারী কহিল, ঐ বজি \* ধ্বংস্য নগরহইতে আসিয়াছে, এবং \* সীয়োন পর্বতে হাইবে; অতএব পথ-শ্রান্ত এবং রাতিগ্রন্ত হইয়া আমাকে জিজাসিল, যে আজি রাত্তিতে এই স্থানে থাকিতে পারি কি না? তা-হাতে আমি তোমাকে ডাকিয়া দিব, এ কথা তাহাকে কহিয়াছি; এই ক্ষণে ধৃহব্যবহারানুসারে উহার সহিত কথোপকথন করিয়া যাহা কর্ত্ব্য, তাহাই কর।

পরে কন্যা "পুষ্টীয়ানকে জিজ্ঞাসিল, তুমি কোথা-হইজে: আসিয়াছ? এবং কোথা বাইবা? তাহাতে সে কি প্রকারে প্রবিষ্ট হইয়াছিলা? কি দেখিয়া জাসিয়াছ? এবং পথিমধ্যে কাহার সহিত তোমার দেখা হইয়াছিল? তাহাতে \* প্রীফীয়ান প্রত্যেক প্রশ্নের উত্তর তাহাকে দিল। পরে ঐ কন্যা তাহার নাম জিজ্ঞাসা করিলে \* খ্রীফীয়ান আপন নাম কহিয়া শেষে এই কথা কহিল, পর্বতের কর্তা বে যাত্রিকদিগের বিশ্রামার্থে এবং পরোপকারের নিমিত্তে এই স্থান নির্মাণ করাইয়াছেন, ইহা আমার নিশ্চয় বোধ হইতেছে, একারণ আজিকার রাত্রি এই স্থানে প্রবাস করি-তে আমি বাঞ্ছা করি। এ কথা শুনিয়া ঐ কন্যা ক্ষণেক काल िखा कतिया किएन, उदर आमि इटे जिन जन अख-রঙ্গ লোককে ডাকিয়া আনি। এ কথা কহিয়া দৌড়িয়া हात्रमध्य व्यविके रहेशा \* পরিণামদর্শিনী ও \* ধর্মিষ্ঠা এবং • প্রেমিকা নামী এই তিন জনকে ডাকিয়া আনিলে তাহারা \* খ্রীফীয়ানের সহিত কিঞ্চিৎ কথোপকথন করিয়া শেষে পরিবারের মধ্যে লইয়া গেল; তাহাতে তাহার মধ্যে অনেকে ঐ গৃহের হার পর্যান্ত আগবাড়ান আসিয়া কহিল, হে ঈশ্বানৃগৃহীত লোক, ভিতরে আইস, কেননা এই রূপ অতিথির নিমিত্তে পর্বতের কর্তা এই গৃহ নির্মাণ করাইয়াছেন। ইহা কহিয়া তাহাকে আহ্বান করিলে \*প্রীফীয়ান ভাহাদিগকে বন্দনা করিয়া পশ্চাৎ ২ গিয়া পূহে প্রবিষ্ট হইল। এই রূপে "খুীফীয়ান গৃহমধ্যে প্রবিষ্ট হইয়া উপবিষ্ট হইলে তাহারা তাহাকে নানাবিধ সামগ্রীবারা জলপান করাইয়া বে পর্যন্ত ভোজনীয় দ্রব্য প্রস্তুত না হয়, তাবৎ বাটীর লোকেরা ঐ তিন জন কন্যাকে কথোপক্থন করিতে নিযুক্ত করিয়া দিল, তা-হাতে তাহারা পরস্পর এই কথোপকথন আরম্ভ করিল।

\* ধর্মিষ্ঠা \* খ্রীফীয়ানকে কহিল, হে \* খ্রাফীয়ান, আমরা অন্য রাত্তে ক্ষেহ প্রযুক্ত তোমাকে গৃহেতে স্থান দি-

য়াছি, অতএব এই ক্ষণে তোমার যাত্রা বিষয়ের বৃত্তান্ত কছ, তাহা শুনিয়া আমরাও হিতোপদেশ পাইতে পারি।

তাহাতে "খুমিটীয়ান কহিতে লাগিল, আপনারাও বে এই প্রকার কথা ভাল বাদেন, ইহাতে আমি বড় সম্ভোষ পাই।

\*ধর্ম্মিঠা জিজ্ঞাসিল, যাত্রিকের ধর্ম্মে তোমার প্রবৃত্তি প্রথমে কিসেতে জন্মিয়াছিল?

তাহাতে • খ্রীফীয়ান কহিল, তাহার কারণ এই, আন্
মার কর্পে এক ভয়স্কর শব্দ প্রবণ হইয়াছিল, সে কি না
আমি বদি এই স্থানে থাকি, তবে আমার নিস্তার না
হইয়া পদে ২ সর্বনাশ ঘটিবে। অতএব এই রূপ বাণী
শুনিয়া আমি স্বদেশহইতে প্রস্থান করিলাম।

তখন \*ধৰ্মিঠা জিজ্ঞাসিল, সে দেশহইতে তুমি কি প্ৰকারে এ পথ দিয়া আসিয়াছ?

ভাষতে "খুীফীয়ান কহিল, তাহা ঈশ্বরের ইছাতে হইয়াছে। কেননা আমি যথন সর্ব্বনাশের ভরেতে ভীত হইয়া রোদন করিতেছিলাম, তথন কোথায় যাইব তাহার কিছুই দ্বির করিতে পারি নাই, কেবল দাঁড়াইয়া কাঁদিতেছিলাম। এমন সময়ে "মঙ্গলব্যঞ্জক নামে এক ব্যক্তি হঠাও আমার নিকটে আসিয়া আমাকে কুদ্র ছারের নিকটে বাইতে দেখাইয়া দিলেন। তাঁহার সহিত যদি সাক্ষাও, না হইত, তবে আমি কথন সেই ছার পাইতাম না। এই রূপে অবিছেদে এই গৃহ পর্যন্ত আসিয়াছে বে পথ, তাহাতে তিনি আমাকে প্রবিষ্ট করাইলেন।

পরে \* ধর্মিতা জিজাসিল, তুমি কি \* অর্থকারকের বাচী দিয়া আইস নাই ?

্ৰভাহাতে শুনীফীয়ান কহিল, হাঁ আসিয়াছি, এবং সে-শানে বে ২ আশ্চৰ্য্য বিষয় দেখিয়াছি ভাহা জীবন থাকিতে কখন ভূলিব না, বিশেষতঃ "খুীফ কি প্রকারে শয়তা-নের চেন্টা নিক্ষল করিয়া মনোমধ্যে অনুগ্রহের কর্ম সিদ্ধ করেন; এবং এক ব্যক্তি কেমন পাপ করাতে ঈশ্বরের অনুগ্রহুইতে জন্ট হুইয়াছে; এবং এক ব্যক্তি নিদ্রাতে স্থপ্প দেখিয়া ভাবিল, যে বিচারের দিন উপস্থিত হুইয়াছে, এই তিন বিষয় সর্বাদাই আমার হুদয়ে জাগিতেছে।

তখন \* ধর্মিঠা জিজ্ঞাসিল, সেই স্বপ্নের বিষয় তুমি কি তাহার মুখহইতে শুনিয়াছ ?

\* খ্রীফীয়ান কছিল, হাঁ, সে স্বপ্ন শুনিয়া আমার অতি ভয়ন্ধর বোধ হইল। আর সে ব্যক্তি যখন ঐ স্থপ কছিতে লাগিল, তখন আমার হৃদয় ব্যথাযুক্ত হইল; তথাপি তাহার প্রবণ আমার ভাল।

\*ধিমিঠা জিজ্ঞাসিল, \*অর্থকারকের ঘরে তুনি কেবল ইহাই দেখিয়াছ, না আরো কিছু দেখিয়াছ?

তাহাতে • খ্রীফীয়ান কহিল, ইহা ভিন্ন তিনি একটা সুসজ্জ অটালিকার নিকটে আমাকে লইয়া গিয়া সে হানের লোক সকল কি প্রকারে তৈজস বস্ত্রেতে ভূষিত ছিল, এবং এক জন সাহসিক লোক আসিয়া ঐ অটালিকার ছারনিবারক দণ্ডায়মান সুসজ্জ লোকদিগের মধ্য দিয়া কি প্রকারে অস্ত্রদারা পথ করিয়া অন্তরে প্রবিষ্ট হইল, এবং প্রবিষ্ট হইলামাত্র সেই গৃহস্থ লোকেরা অনন্ত যশোভোগ কর, ইহা কহিয়া তাহাকে আহ্লান করিল, এ সকল বিযয়ও আমাকে দেখাইলেন। তাহাতে আমার অন্তঃকরণ আহ্লাদে পরিপূর্ণ হওয়াতে সেই স্থানে বারো মাস বাপন করিবার বাসনা জিমাল; কিন্তু আমি বুবিলাম, যে আমাকে আরো অনেক দূর বাইতে হইবে।

পরে \*ধন্মিন্তা জিজ্ঞাসা করিল, ইহা ছাড়া পথিমধ্যে কি আর কিছু দেখিয়াছিলা?

তাহাতে "খুীফীয়ান উত্তর করিয়া কহিল, ইহা যদি জিজ্ঞাসা করিলেন, তবে আমাকে কহিতে হইল। আমি পূর্বে একটি ভারি বোঝাতে ভারগ্রস্ত ছিলাম, সেই বোঝা লইয়া ক্রমে ২ তথাছইতে কিঞ্চিৎ দূর গমন করিলে, যাঁহার শরীরহইতে রক্তধারা বহিতেছে, বৃক্ষে টাঙ্গান এমন এক মনুবাকে দেখিবামাত আমার সেই গুরুতর পৃঠের ভার খলিয়া পড়িল। এমন আশ্চর্য্য আমি কখন দেখি নাই, এই জন্যে সেই স্থানে দাঁড়াইয়া একদৃষ্টিতে দেখিতে লাগিলাম, না দেখিয়া রহিতে পারিলাম না। ইতোমধ্যে তিন জন তেজন্বি পুরুষ আমার নিকটে আ-গত হইলে তাহাদের মধ্যে এক জন আমার পাপক্ষমা হইয়াছে, তাহার সাক্ষ্য দিলেন; আর এক জন আমাকে নেক্ড়াহইতে মৃক্ত করিয়া আমার গাতে এই বে ভূবিত বন্ত্র দেখিতেছ ইছাই দিলেন; এবং তৃতীয় ব্যক্তি আমার কপালে এই বে চিহ্ন দেখিতেছ ইহা দিলেন, তদ্তিন মূলা-ক্কিত এই লিপিও আমাকে দিলেন। এঁকথা কহিয়া "খ্ৰী-चীয়ান আপন বক্ষঃস্থলহহঁতে সেই লিপি বাহির করি-या (मथारेल।

অপর \*ধর্মিটা জিজ্ঞাসিল, ইহা ব্যতিরেক আর কিছু দেখিয়াছ কি না বল দেখি ?

তাহাতে "খ্রীফীয়ান উত্তর করিল, সম্পৃতি বাহা বলিলাম, সকল অপেকা তাহাই উত্তম; তবে তাহা ছাড়াও
অন্য ২ বিষয় দেখিয়াছি বটে, কেননা আমার আগমন
কালে পথের কিঞ্চিৎ দূরে "অবিবেচক ও " অলস ও
"অতিমানী এই তিন জনকে শৃত্যালেতে বন্ধ থাকিয়া নিজাগত দেখিয়াছিলাম; কিন্তু আশ্চর্য্য এই, তাহাদিগকে জাগাইতে পারিলাম না। তদ্তির "রীত্যালন্ধী ও "কাম্পনিক লামে ছুই জনকে পথের পাশস্থ প্রাচীর ডিলিয়া

আসিতে দেখিলাস, ভাহাদিগের বাক্যছারা এমনি বোধ হইল বে তাহারা "সীয়োন পর্বতে হাইতেছিল; কিন্তু তাহারা শীঅ পথহারা হইল। আমি তাহাদিগকে বে চেতনা দিলাস, তাহারা তাহা মানিল না। কিন্তু এই পর্বত আরোহণ এবং ঐ সিংহের নিকট দিয়া আগমন এই ছই বিষয় আমার সকলহইতে কঠিন বোধ হইয়াছিল। যদ্যপি ঐ উত্তম ছারির সহিত সাক্ষাৎ না হইত, তবে বুঝি আমি এত দুর পর্যান্ত আসিয়াও ফিরিয়া যাইতাম; কিন্তু এখন আমি বে এস্থানে পৌছিয়াছি, তাহাতে ঈশ্বরের সহত্রহ ধন্যবাদ ও স্তব করিতেছি; আর তোমরা বে আমাকে প্রায়ু করিয়াছ, ইহাতে তোমাদেরও অনু-গ্রহ স্বীকার করিতেছি।

অনস্তর "পরিণামদর্শিনী "খুীফীয়ানকে কতক গুলীন কথা জিজ্ঞাসা করিয়া তাহার উত্তর শুনিতে বাঞ্ছা করিল।

সে "খুীফীয়ানকে ইছা জিজ্ঞাসিল, তুমি বে দেশ-ছইতে আসিয়াই, ভাছা কি কখন মনে কর না?

তাহাতে • খুফিরান কহিল, হাঁ করিয়া থাকি, কিন্তু
যখন মনে করি, তখন বড় লক্ষা ও হেয়জ্ঞান জন্ম।
আমি সত্য কহিতেছি, যে দেশহইতে নির্গত হইয়াছি,
সেই দেশ যদি স্মরণ করিতাম, তবে কিরিয়া যাইবার
সময় অবশ্য পাইতাম, কিন্তু এখন উত্তম অর্থাৎ স্বর্গীয়
দেশের আকাজ্জা আমি করিতেছি।

তথন ° পরিণামদর্শিনী জিজ্ঞাসিল, তুমি সে দেশে থা-কিতে বেং বিষয়ে অনুরক্ত ছিলা, তাহার কিছুমাত কি সজে করিয়া আন নাই?

তখন ° খ্রীফীয়ান কহিল, হাঁ, কিছু ২ আনিয়াছি বটে, কিন্তু সে আপন ইছা পূর্বক নয়। তাহার মধ্যে বে মনোগত সাংসারিক ভাবনাধারা প্রতিবাসি লোকের ন্যার আমিও সন্তোব পাইজান, তাহা এখন কেবল ছুঃখের বিষয় হই-রাছে। এবং এই ক্ষণে আমার যদি অভীত সিদ্ধ হইত, তবে সেই সকল বিষয় আর কখন চিন্তা করিতে অভি-লাবও থাকিত না; কিন্তু বখন আমি ভাল করিতে ইছা করি, তখনি মন্দ আসিয়া উপস্থিত হয়।

পরে \* পরিণানদর্শিনী জিজ্ঞাসিল, বে২ বিষয় বার্থার তোমার বাধা জ্ঞায়, সে সকল পরাজিত হইয়াছে, কখনো২ কি জোমার এমন বোধ হয় না?

ভাষাতে "পুষ্টীয়ান কহিল, হাঁ, কদাচিৎ হয়, আর এমন সময় আমার অভি সৌভাগ্যের সময় জানি।

অপ্র "পরিণামদর্শিনী জিজ্ঞাসিল, তোমার বাধাজনক বিষয় যে কখনো ২ পরাজিত প্রায় হয়, তাহা কিলের ছারা কি প্রকারে হয়, তাহা কি তুমি স্মরণ করিয়া বলিতে পার?

তাহাতে পুষিতীয়ান কহিল, হাঁ, তাহাও পারি। কুশের নিকটে বাহা দেখিয়াছি তাহা বখন আরণে আইসে, এবং আমার এই ভূষিত বস্ত্রের উপর বখন আমি দৃষ্টিপাত করি, এবং আমার এই বক্ষঃস্থলের লিপিমধ্যে বখন দৃষ্টিপাত করি, এবং আমার গস্তব্য স্থানবিষয়ে বখন আমার উৎ-সাহ হয়, তখন ঐ সকল বাধা পরাজিত হয়।

পরে "পরিণামদর্শিনী জিজ্ঞাসিল, "সীয়োন পর্বতে যাইতে তোমার যে এতো বাঞ্চা ইহার কারণ কি?

তাহাতে পুটিীয়ান কহিল, কারণ এই, বিনি জুশে চাসান হইয়া সরিয়াছিলেন, তাঁহাকে দে স্থানে গিয়া জীবং
দেখিতে প্রয়াস করি; এবং বে ২ বিষয় আজি পর্যান্ত
আমার বাধা ক্যায়, সেখানে বিয়া তাহাহইতে মৃক্ত হইতে
বাঞ্ছা করি, কেননা ইহাও ক্থিত আছে, বে সে স্থানে
মুক্তা নাই; এবং বে ২ লোকেতে আনার অবিক সন্তোধ,

সেই ২ লোকের সহিত ঐ স্থানে বাস করিব। আর তোদাকে বদি নিভান্ত সত্য কহিতে হইল, তবে শুন, বিনি
আমাকে ভারহইতে মুক্ত করিয়াছেন, জাঁহাকে আমি
অতি প্রিয় জ্ঞান করি; এবং আমার অস্তর্ম্থ পাপরোগ
সহ্য করিতে ক্লান্ত হইরাছি; অতএব বৈ স্থানে আমার
আর মৃত্যু হইবে না, আমি সেই স্থানে গিয়া যাহারা
পবিত্র বলিয়া নিত্য পর্মেশ্বকে শুব করে, তাহাদিগের
সহিত সভাস্থ হইতে অতিশার বাঞ্লা করি।

অতঃপর "প্রেমিকা "খুীফীয়ানকে জিজাসা করিল, তোমার স্ত্রী পুত্রাদি পরিবার আছে কি না?

তাহাতে <sup>•</sup> শুন্টীয়ান কহিল, হাঁ, আমার স্ত্রী ও চা-রিটী সস্তান আছে।

\*প্রেমিকা জিজ্ঞাসিল, কি জন্যে তাহাদিগকে সজে আন নাই?

তাহা শুনিয়া "খুীফীয়ান রোদন করিতে ২ কহিতে লাগিল, তাহারা আমার সঙ্গে আইলে আমার অতিশয় সন্তোষ হইত বটে, কিন্তু আমার যাতাবিষয়ে তাহাদের কেহই সন্তুট কিন্তু সন্মত ছিল না।

পরে "প্রেমিকা কহিল, ঐ নগরে বাস করিলে যে ভয়-হুর আপদ ঘটিবে, তাহা তাহাদিগকে বুঝাইয়া দেওয়া তোমার উচিত ছিল।

তাহাতে "খুখিটীয়ান কছিল, হাঁ, আমাদিগের নগর নাশের বিষয়ে ঈশ্বর বাহা আমাকে দেখাইয়াছেন, তাহা আমি তাহাদিগকে কহিয়াছিলার, তথাপি তাহারা কিছুই প্রত্যয় করিল না; বরঞ্চ তাহাতে আমি তাহাদের কাছে এক জন উপহালকারির ন্যায় হইলাম।

° প্রেমিকা জিজানিল, তাহাদের প্রতি তোমার উপদেশ সকল হইবার জন্যে কি ঈশবের কাছে প্রার্থনা করিয়াছিলা? ভাহাতে " খুীফারান কহিল, হাঁ, ভাহাদের প্রতি অভ্যন্ত বাৎসল্য প্রযুক্তই প্রার্থনা করিয়াছিলাম, বেহেতুক আমার স্ত্রী ও পুত্র আমার অতি প্রিয় জানিবা।

পরে "প্রেমিকা জিজ্ঞাসিল, ভাল, তোমার নিজ ছুঃখ এবং সর্কনাশের আশকা এ সকল তাহাদিগকে জানাই-রাছিলা কি না? আমি বুঝি বে সেই সর্কনাশ তোমার অতি স্পাটক্রপে দুশ্য ছিল।

ভাষাতে শুমিনীয়ান কহিল, হাঁ, তাহা আমি বারমার কহিয়াছিলাম, এবং আমাদের মস্তকে পতনোমুখ বজু-স্বন্ধপ বিচারের ভয়ে আমি অতি বড় ভীত হইয়াছি, তাহাও তাহারা আমার মলিন মুখ ও সজল নয়ন ও শরীরের কম্পনদারা জানিলে জানিতে পারিত, তথাচ আমার সহিত আসিতে সম্বত হইল না।

অপর <sup>\*</sup> প্রেমিকা কহিল, তাহারা যে তোমার সহিত আইল না, ইহার কি কারণ তোমাকে বলিল ?

শুনিন্দীয়ান কহিল, আমার স্ত্রীর এই ভয় ছিল, পাছে ভাছার এই জগৎসংসার পরিত্যাগ করিতে হয়; এবং আমার সন্তান সকল বাল্যাবস্থার মোহেতে সুক্ষ হইয়াছিল। এই প্রকার নানা বাধা বশতঃ ভাছারা আমার সঙ্গে যাত্রা করিতে অসম্যত হইলে আমাকে একাকী যাইতে হইল।

পরে "প্রেমিকা জিজ্ঞালিল, তুমি আপনার সহিত তা-হাদিগকে আনিবার চেন্টার তাহাদের প্রতি বে২ কথা কহিয়াছিলা, তাহা কি নিজ সাংসারিক আচরণহারা নিক্ষল কর নাই?

তাহাতে "পুঁটিীয়ান কহিল, শুন, আমার আচরণ বে প্রশংসনীয়, ইহা আমি কহিতে পারি না, কেননা আমার বে জনেক ২ এটি হইয়াছে, ইহা আমি নিশ্চয় জানি। আর লোকেরা নীতিবাক্যদ্বারা যাহা অন্যের মনেতে দৃঢ় বদ্ধ করিতে উল্যোগ করে, তাহা আপন ২ আচরণদ্বারা অতি শীপ্র বর্থ করিতে পারে, ইহাও আমি জানি। অতএব পাছে আমার কোন কুক্রিয়াদ্বারা তাহাদিগকে যাত্রাবিষয়ে অনিচ্ছুক করি, এই ভয়ে আমি অতি সাবধান
ছিলাম, ইহা নিশ্চয় কহিতে পারি। আর তাহারা আমার সেই সাবধানতার দোষ ধরিয়া কহিত, তুমি চূল
চিরিয়া থাক; আমাদের দৃষ্টিতে যাহাতে পাপ নাই,
তাহাও তাজ্য জ্ঞান করিতেছ। তাহা কেবল নয়, আমি
বুঝি ইহাও কহিতে পারি, ঈশ্বরের বিরুদ্ধে পাপ করণে
কিয়া প্রতিবাসি লোকের অনিষ্ট করণে আমার নিত্য
ভয় দেখাতে তাহাদের বাধা জন্মিয়াছিল।

অপর "প্রেমিকা কহিল, শুন, "কাবিল আপন ভাতার প্রতি ধ্বেষ করিত, কারণ তাহার কর্ম্ম পাপময় ছিল, কিন্তু ভাতার কর্ম্ম ধর্মময়। অতএব তোমার স্ত্রী ও পুত্রেরা যদি তাহার মত তোমার প্রতি বিরক্ত হইয়া থাকে, তবে তাহারা সংক্রেজতে আপন ২ অসম্মতি স্পেইরপে প্রকাশ করিয়াছে, তুমি তাহাদের রক্তপাতে নির্দোব হইবা।

অপর আমি স্বপ্নে দেখিলাম, দ্রাক্ষারস প্রভৃতি নানাবিধ উত্তম ২ খাদ্যসামগ্রী প্রস্তুত হইয়া মেজের উপরে
সাজান হইলে তাহারা পরস্পর ঐ সকল কথোপকথন
নিবৃত্ত করিয়া ভোজনে বসিল। এবং সে সময়ে ঐ পর্কতের
কর্তা কি নিমিত্তে ও কি রূপে ঐ গৃহাদি নির্মাণ করাইয়াছিলেন, এবং আর কি ২ কর্ম্ম করিয়াছিলেন, এই সকল
কথোপকথন হইতে লাগিল। তাহাতে তাহাদের কথাদারা
আমি জানিলাম, বে তিনি এক বড় খাত্যাপদ যোদ্ধা
ছিলেন, এবং মৃত্যুর কর্তৃত্বপ্রাপ্ত যে ব্যক্তি তাঁহার সহিত

বৃদ্ধ করিয়া ভাঁছাকে বধ করিয়াছিলেন; এবং সেই কার্যা দিদ্ধ করিতে আপনিও বিপদগ্রস্ত হইয়াছিলেন, এই নিমিতে আমি ভাঁছাকে অধিক ভাল বাসিলাম।

বিশেষতঃ \* শুীষ্টীয়ান কহিতে লাগিল, এমত জনশুতি আছে, এবং তাহা সভা বোধ হইতেছে, বে তিনি আপন দেশের ও প্রজাদিগের প্রতি অধিক স্নেছ প্রযুক্ত আপ-ৰার অনেকং রক্তপাত পূর্বক ঐ সমস্ত কিয়া করিয়া-ছিলেন, এ জন্যে তাঁহার সেই সকল ক্রিয়াতে তাঁহার অনুগ্রহের অধিক যশ জন্মিয়াছে। তদ্তির ঐ গৃহের কতক গুলীন পরিবার সে স্থানে ছিল, তাহারাও কহিল, তাঁহার কুশীয় মৃত্যুর পরে আমরা তাঁহার নিকটে গিয়াছিলাম; তাহাতে তাঁহার সহিত আলাপ হইলে যাহা তাঁহার নিজ মুখছইতে শুনিয়াছি, তাহা দূচরূপে বলিতে পারি; ফলতঃ তিনি দীনহীন যাত্রিকদিগকে এই মত স্লেছ করেন, বে পশ্চিম দেশাবধি পূর্ব দেশ পর্যান্ত তাঁহার তুলা আর কেছ হয় না। এই বে বিকীয় তাহারা কহিল, তাহার এক প্রমাণও দিল, ফলতঃ দীনহীন লোকের এই রূপ উপকার করণার্থে তিনি আপনাকে সর্বৈশ্ব্যরহিত করি-লেন। আর \*সীয়োন পর্বতে একাকী বাস করিতে তাঁহার ইছা নাই, এমত দৃঢ় কথাও তাঁহারই প্রমুখাৎ ভাহারা শুনিয়াছিল। তদ্তির তাহারা আরো কহিল, যা-হারা স্বাভাবিক ভিকুক এবং গোময়ের চিবিতে জাত, এমন অনেক ২ যাত্রিককৈ তিনি রাজপুত্রস্থর করিয়াছেন।

অনেক রাত্রিপর্যান্ত এই রূপ কথোপকথন হইলে তা-হারা আপন ২ রক্ষার নিমিতে আপনাদিগকে কর্তার নি-কটে সমর্পন করিয়া শয়ন করিল। এবং বাহার গবাক দিয়া সূর্যোর কিরন আইসে, "শান্তি নানে দেই উপরিহু কুঠরী-তে "প্রীফীয়ানকে শয়নহান দিল। তাহাতে "প্রীফীয়ান সমস্ত রাত্রি শয়ন করিয়া প্রভাত হইলে গাত্রোখান পূর্বক এই প্লোক গান করিতে লাগিল।

কেমন আশ্চর্য স্থানে এস্যেছি এখন।
যাত্রিক জনের জন্যে দেখি আয়োজন।
আরো স্নেছ চেন্টা দেখি যীশুর এমত।
ক্রমিলেন পাপ তিনি হৈয়া দয়ান্বিত॥
এখনি যে দেখি আমি স্বর্গবাসি সম।
এত চমৎকার হৈল কি কারণে মম॥

পরে প্রভাত হইলে সকলে গাতোখান করিয়া "খী-ফীয়ানের সহিত আরো অনেক কথোপকথন করিয়া তাহাকে কহিল, এই স্থানের আক্ষর্যা বিষয় সকল তো-মাকে না দেখাইলে যাইতে দিব না। অতএব তাহারা প্রথমতঃ গ্রন্থের গৃহমধ্যে তাহাকে, লইয়া গিয়া অতি প্রাচীন ২ গ্রন্থ দেখাইল; এবং আমার স্বপ্নে মনে পড়ে, বে তাহারা আগে ঐ পর্বতের কর্তার বংশাবলীগ্রস্থ তা-হাকে দেখাইল, তাহাতে লেখা আছে, যে তিনি অনাদি অনম্ভ পরমেশ্বরের পূত্র। এবং তিনি যাহা ২ করিয়াছি-লেন তাহার বৃজান্ত, ও তিনি বে সহত্র ২ লোককে গ্রহণ করিয়া আপনার সেবাতে নিযুক্ত করিয়াছিলেন তাহা-দের নাম, এবং কালপরিণামে কিছা ক্রের অধীনতাতে त्व २ शृह कीर्न इस ना, धमन २ शृत्ह छाष्ट्रापिशत्क कि প্রকারে বসতি করাইলেন, ভাহাও ভাহাতে লেখা ছিল। অপর তাঁহারা তাঁহার কোন ২ সেবক কর্তৃক সম্পন্ন মহৎকদের বিবরণ পাঠ করিয়া শ্রীফীয়ানকে শুনাইতে লাগিল, বিশেষতঃ তাহারা কি প্রকারে রাজ্য পরাস্ত করিয়াছিল, ও ধর্মকর্ম করিয়াছিল, ও নানা প্রতিজ্ঞা প্রাপ্ত হইয়াছিল, এবং কি প্রকারে সিংহের মুখ বন্ধ করি-बाहिल, ও অগ্নির অলন নির্বাণ করিয়াছিল, ও তলো- য়ারের ধার এড়াইয়াছিল, এবং কি রূপে তুর্মল হইয়া বলবান্ হইয়াছিল, ও যুদ্ধেতে পরাক্রমী হইয়াছিল, এবং ভিন্নজাতীয়দের সৈন্যশ্রেণীকে কি প্রকারে পরাস্থ্র করাইয়াছিল, ইত্যাদি বিবরণ পাঠ করিয়া তাহাকে শুনাইল।

অপর বাহারা পূর্বে সেই কর্তার ও তাঁহার বাক্যের বিরুদ্ধে অনেক ২ দোষ করিয়াছিল, তাহাদিগকেও অনুগ্রহের পাত্ররূপে গ্রহণ করিতে তিনি কেমন ইচ্চুক ছিলেন, এই প্রকার বিবরণ সম্বলিত ঐ প্রাচীন পৃস্তকের কোন এক ভাগ তাহারা "খুমিটায়ানের নিকটে পাঠ করিল। তদ্তির সেই গ্রন্থে আরো অনেক ২ প্রাচীন আকর্ষ্য ইতিহাস ছিল, তাহাও "খুমিটায়ান দেখিল। বিশেষতঃ প্রাচীন বিষয় ও বর্তমান বিষয়, এবং অদ্ভূত বিষয়, আর শত্রগবের আসজনক বিষয়, এবং বাত্রিকদিগের সাস্থানা ও আজ্লাদজনক বিষয়, এবং বাহা নিশ্চয় সিদ্ধ
হাবে, এমন অনেক ২ ভবিষ্যদ্বাক্য ও প্রতিজ্ঞা, এই সকলপ্ত "খুমিটায়ান দেখিল।

অপর পরদিবসে তাহারা "খ্রীফীয়ানকে অন্তগৃহের
মধ্যে লইয়া তাহাদের কর্জা যাত্রিকদিগের জন্যে যত প্রকার
তলোয়ার ও ঢাল ও টোপর ও বুকপাটা ও সর্বপ্রথার্থনা
এবং অক্ষয় পাতৃকা ইত্যাদি নানাবিধ অন্ত শল্প প্রস্তুত
করিয়া রাখিয়াছেন, তাহা তাহাকে দেখাইল। বিশেষতঃ
নক্ষত্রের ন্যায় অগন্য লোক ষদ্যপি ঐ কর্জার সেবাতে প্রবৃত্ত হর, তথাচ তাহাদের কুলায়, এমন যে অনেক ২ সাজ
প্রস্তুত করিয়া রাখিয়াছেন, সে সুমস্ত তাহাকে দেখাইল।

তান্তির তাঁহার শিষ্যেরা বে সকল অন্ত দিয়া আশ্চর্য ২ কার্ম্য করিয়াছিল, তাহার কতক ২ অন্তও তাহারা "খ্রী-তীয়ানকে দেখাইল, বিশেষতঃ "মসার দও দেখাইল, এবং যে হাতৃড়ী ও প্রেক দিয়া " যায়েল নামে ন্ত্রী " সীবিরা নামক সেনাপতিকে বধ করিয়াছিল, তাহাও দেখাইল। আর ধেং তৃরী ও প্রদীপদ্বারা " গিদিয়োন সেনাপতি " মিদিয়ন দেশীয় সৈন্যমামন্ত সকলকে পরাভৃত করিয়াছিল; এবং ধে লৌহ অকুশ লইয়া " শম্গর সেনাপতি ছয় শত লোককে বধ করিয়াছিল; এবং ধে শুদ্ধ হনু লইয়া "শিম্শোন্ সেনাপতি বীরত্ব প্রকাশ করিয়াছিল, সে সকল তাহাকে দেখাইল। তদ্তির " দায়ুদ যে ফিলাও প্রস্তুর লইয়া "জালৃৎকে বধ করিয়াছিল; এবং ইহার পরে তাহাদের কর্ত্তা মুদ্ধের নিমিতে উঠিয়া বে তলোয়ারর দ্বারা পাপপুরুষকে বধ করিবেন তাহাও দেখাইল। ইহা ছাড়াও " খ্রীফীয়ানকে অনেক উত্তম বিষয় দেখাইল, তাহাতে " খ্রীফীয়ানকে অনেক উত্তম বিষয় দেখাইল, তাহাতে " খ্রীফীয়ান বড় সন্তুফ হইল।

অপর আমি সংগ্লে দেখিলাম, যেন প্রভাত হইলে "খুমিটীয়ান গাত্যোথান করিয়া অগ্রসর হইতে বাঞ্লা করিলে তাহারা তাহাকে আর এক দিন রাখিতে ত্তির করিয়া কহিল, কল্য বদি নির্মাল দিবস হয়, তবে তোনাকে "রমণীয় পর্মত সকল দেখাইব, কেননা তাহাতে তোমার অধিক শান্তি জন্মিতে পারিবে। এই স্থান অপেকলা ঐ পর্মত সকল তোমার বাঞ্জিত স্থানের অধিক নিকটবর্তী জানিবা। এ কথা শুনিয়া "খুমিটীয়ান স্বীকার করিল। পরে সে দিবস পত হইলে, পরদিনে তাহারা "খুমিটীয়ানকে ঐ অ্টালিকার ছাতের উপর লইয়া গিয়া দক্ষিণ দিপে দৃষ্টিপাত করিতে কহিলে "খুমিটীয়ান অতি দ্রে উপবন ও লাকাক্ষেত্র ও নানা কল পুস্পাদিতে এবং সরোবরাদিতে অভি রমণীয় পর্মত্রময় দেশ দেখিয়া ভাহা-দিগকে জিজ্ঞাদিল, ঐ দেশের নাম কি? তাহাতে ভাহারা কহিল, ওটা "ইম্মান্যেলের রাজ্য, এই পর্মতের ন্যায়

উহাও সকল যাত্রিকের নিমিতে সাধারণ স্থান জানিব। ঐ স্থানে উপস্থিত হইলে তুমি স্বর্গীয় রাজধানীর দ্বার দেখিতে পাইবা। ঐ স্থান নিবাসি রাখালদিগকে জিজ্ঞা-সিলে তাহারা তোমাকে তাহা দেখাইয়া দিবে।

## > व्यथाश।

অপর "থুটি য়ান পুনর্বার অগ্রসর হইতে উদ্যোগী হইলে তাহারা সন্মত হইল বটে, কিন্তু পাছে "থুটিন্যান পথি মধ্যে কোন শতু কর্তৃক আক্রান্ত হয়, এই ভয়ে "পুঁটিয়ানকে অস্ত্র শস্ত্রভারা সুসজ্জ করিতে আবশাক বুঝিয়া তাহারা কহিল, আইস, আমরা পুনরায় অস্ত্রগৃহে যাই। অপর সেই স্থানে গিয়া তাহারা অচ্ছেদ্য অভেদ্য নানা সাজেতে "থুটিয়ানের আপাদ মস্তক সাজাইয়া দিল। পরে "থুটিয়ান এই রূপ সুসজ্জ হইয়া বন্ধুবর্গের সহিত দ্বার পর্যান্ত বহির্গত হইয়া সেই স্থানে দ্বারিকে জিজ্ঞাসা করিল, হে দ্বারি, এই স্থান দিয়া কোন যাত্রিককে যাইতে দেখিয়াছ কি না? তাহাতে দ্বায়ী কহিল, হাঁ, দেখিয়াছি।

তাহাতে "খুীফীয়ান জিজাসিল, তুমি তাহাকে চিনি-য়াছ কি না?

দ্বারী কহিল, আমি তাহার নাম জিজানা করিলে সে কহিল, আমার নাম <sup>®</sup> বিশ্বাসী।

তথন " থ্রীফীয়ান কহিল, হাঁ হাঁ, আমি তাহাকে জানি, সে আমার দেশের লোক, আমার নিকটস্থ প্রতিবাসী; ব্যং আমার জন্মভূমিহইতে আসিয়াছে। সে বাহা হউক, সে এই ক্ষণে কত দূর গিয়া থাকিবে, তোমার অনুমান হয়? ভাহাতে দ্বারপাল কহিল, সে এত ক্ষণে পর্বতের তল-ভূমিপুর্বান্ত পাছিয়া থাকিবে। তাহাতে শুনীফীয়ান কহিল, হে দ্বারি, ঈশ্বর তোমার সহায় হউন, তুমি যে আমার প্রতি এমত স্নেহ প্রকাশ করিয়াছ, একারণ প্রভু সর্বাদা তোমার মঙ্গল করুন।

এই রূপে \* খ্রীফীয়ান ছারিকে আশীর্কাদ করিয়া ক্রমেং
অগ্রসর হইতে লাগিল; তাহাতে \* সতর্কা ও \* ধর্মিপ্তা
ও \*প্রেমিকা এবং \* পরিণামদর্শিনী, ইহারা তাহাকে
পর্কতের তল পর্যন্ত আগবাড়ান রাখিবার জন্যে সঙ্গেং
চলিল। তাহাতে যে পর্যন্ত পর্কতের নিমুগামি পথে না
উপন্থিত হইল, তাবং ঐ পূর্ককথার প্রসঙ্গ করিতে ২
চলিল। পরে \*খ্রীফীয়ান কহিল, আমি দেখিতেছি,
পর্কতারোহণ করা যেমন কঠিন, অবরোহণও তক্রপ ভয়ানক। তাহাতে \* পরিণামদর্শিনী কহিল, তাহা সত্য, এই
নিমিত্তে আমরা তোমার সহিত পর্কতের তল পর্যান্ত
ঘাইতে হির করিয়াছি। এখন তুমি এই \* ন্মুতা নামক
যে নিমুভূমিতে নামিতেছ, ইহাতে নামিবার সময়ে উছোট
এড়ান মানুষের বড় কঠিন জানিবা। তখন এই সকল
কথা শুনিয়া \*খ্রীফীয়ান অত্যন্ত সাবধান হইয়া নামিতে
লাগিল, তথাচ ছুই তিন বার তাহার পা পিছলিল।

অপর আমি স্বপ্নে দেখিলাম, "খ্রীফীয়ান এই রূপে ক্রমেং পর্বতের তলে উপস্থিত হইলে ঐ সহায়তাকারি স্থীগণ তাহাকে একটা রুটী এবং এক বোতল জাক্ষারস, এবং এক থলুয়া জাক্ষাফল দিয়া নিজালয়ে প্রস্থান করিল। পরে "খ্রীফীয়ান একাকী ক্রমেং জ্ঞাসর হইতে লাগিল।

অনন্তর ঐ "ন্মৃতা নামক স্থলীতে "এইটীয়ান বড় ছুর্দশাগ্রস্ত হইল। বিশেষতঃ অণ্প দর অগ্রে গেলে সে "আপলুয়োন নামক মহা গুরাছা। এক কুর অসুরকে মাঠের মধ্য দিয়া ক্রমেং আপনার নিকটে আসিতে দেখিয়া ভয়েতে ফিরিয়া যাইবে, কি দাঁড়াইয়া থাকিবে, প্রথম ইহার কিছু স্থির করিতে পারিল না। শেবে এই স্থির করিল, যদি পৃষ্ঠ ফিরাইয়া চলিয়া যাই, তবে পৃষ্ঠে কোন সজা না থাকাতে সে অনায়াসে বাণ ক্ষেপথ করিয়া আমার পৃষ্ঠ বিদ্ধ করিবে। ইহা বিবেচনা করিয়া প্রতিরোধ করিতে স্থির করিল; কেননা সে ভাবিল, অন্য সকল বাঞ্জিত বিষয় থাকুক, আমার প্রাণরক্ষারই নিমিত্তে প্রতিরোধ করা আবশ্যক।

অতএব "খ্রীফীয়ান ক্রমেং অগ্রসর হওয়াতে অপপ ক্রমের মধ্যেই ঐ অসুর নিকটবর্তী হইল। তাহাকে দেখিতে অতি ছর্জয়াকার প্রকাণ্ড শরীর এবং সর্বাঙ্গে মৎস্যের ন্যায় আঁইবেতে পরিপূর্ণ, ঐ আঁইব তাহার অহস্কারের বিষয় ছিল, এবং সে নাগের ন্যায় পাখাবিশিফ, ও ভল্লুকের ন্যায় তাহার হস্ত পাদাদি, এবং তাহার উদরহইতে অগ্লিশিখা ও ধুম নির্গত হইত, এবং তাহার মুখ সিংহের ন্যায় ছিল। অতএব সে এই প্রকার ভয়ানক মূর্ভিতে "খ্রীফীয়ানের নিকটে আসিয়া ভয়্লর দৃষ্টিপূর্ক্ত ভুছ্জলনে তাহাকে কহিতে লাগিল, তুই কোথাহইতে আসিয়াছিস্, এবং কোথায় যাইবি?

তাহাতে "খুখিনীয়ান উত্তর দিল, যে স্থানে সকল ক্ষম-ক্ষল বাস করে, সেই "ধ্বংস্য নগরহইতে আমি আসি-য়াছি, এবং "সিয়োন নামক পর্বতে যাইব।

শ্বাপলুয়োন কহিল, হাঁ২ তোর কথাদারা জানিলাম তুই আমার প্রজা, কেননা সে সমস্ত দেশ আমার, আমি তাহার একাধিপতি: তুই কি জন্যে রাজার দেশহইতে পলাইয়া আসিয়াছিস্? তুই ইহার পরেও আমার সেবা করিবি, এমন ভরসা যদি না থাকিত, তবে এক চপেটা-শ্বাতই তোকে মারিয়া কেলিতাম।

্রীকাহাতে " খীফীয়ান কহিল, আমি ভোমার অধিকারের

মধ্যে জামিয়াছি বটে, কিন্তু তোমার সেবা বড় কঠিন, এবং তোমার বেতনে লোকের জীবন ধারণও অসাধ্য, কেননা পাপের বেতন মৃত্যু; অতএব বয়ঃপ্রাপ্ত হইলে আমি অন্যং বুদ্ধিমানের ন্যায় আমার মঙ্গলের উপার চেন্টা করিতে লাগিলাম।

দে কহিল, আপন প্রজাদিগকে সহজে ছাড়িয়া দেয়, এমন রাজা কে আছে? আমিও তোমাকে ছাড়িয়া দিব না, তুমি ফিরিয়া চল; তাহাতে সেবা ও বেতনের বিষয়ে বে কলহ করিয়াছ, বরং তাহার নিমিত্তে এই প্রতিজ্ঞা করিতেছি, আমার দেশে যাহা২ উৎপন্ন হয়, সে সকলই তোমাকে দিব।

তাহাতে \* খ্রীফীয়ান কহিল, এখন আমি যাঁহার সেবা স্বীকার করিয়াছি, তিনি আমার কর্তা হইয়াছেন, অতএব তোমার সহিত গমন করিলে আমার বড় অন্যায় কর্ম হয়।

সে কহিল, ক্ষুদ্র ছংখ এড়াইয়া মহৎ ছংখে পড়িয়াছ, এই যে প্রাচীন কথা আছে, তোমার গতি তদনুষায়ী। সে বাহা হউক, কিন্তু এমন ব্যবহারও অনেকে করিয়া থাকে, যে আগে তাঁহার ভাক্ত ভৃত্য হইয়া অত্যাপ্প কাল গত হইলে তাঁহাকে কাঁকি দিয়া পুনর্বার আমার শরণাগত হয়; অতএব ভূমিও বদি সেই রূপ ব্যবহার কর, তবে তোমার সর্বতোভাবে মক্ষল হইবে।

তাহাতে "খ্রীফীয়ান কহিল,আমি তাঁহার প্রজা হইব, ইহা তাঁহার নিকটে শপথ পূর্মক স্বীকৃত হইয়াছি, এখন তাহার অন্যথা করিলে আমি বিশাসঘাতকের ন্যায় ফাঁসি যাইব, ইহা কি প্রকারে হইতে পারে?

সে কহিল, আমার নিকটে তুমি তাহাই করিয়াছ। সে যাহা হউক, কিন্তু এখনও যদি ফিরিয়া আসিতে চাহ, তবে আমি ভোমার সেই সকল দোষ ক্ষমা করিতে সম্মত আছি। তাহাতে "খুন্টিয়ান কহিল, আমি তোমার কাছে যাহা স্থানার করিয়াছিলাম, তাহা বালক কালে করিয়াছিলাম। কিন্তু আমার বোধ হয়, যে রাজার পতাকার নীচে আসিয়াছি, তিনি আমাকে সে দোষহইতে মুক্ত করিতে পারেন; এবং তোমার আজ্ঞাকারী হইয়া যে ২ ছক্ষম্ম করিয়াছিলাম, তাহাও মার্জ্ঞনা করিতে পারেন। অতএব হে সর্বানাশক "আপল্লুয়োন,আমি তোমার সেবাদি অপেক্ষা তাঁহারই সেবা ও শাসন ও বেতন ও ভূত্যবর্গ ও আলাপ ও রাজ্য,এ সকল অধিক ভাল বাসি, ইহা নিশ্চয় জানিবা। অতএব আমাকে তোমার মতে লওয়াইতে কান্ত হও, কেননা আমি তাঁহার সেবক, অবশাই তাঁহার পশ্চাৎ গমন করিব, ইহা নিশ্চয় জানিবা।

দে কহিল, তুমি যখন কিছু সুস্থির হইবা, তৎকালে তোমার এই গন্তব্য পথে কত বিপদ ঘটিবার সম্ভাবনা আছে, তাহা আর বার বিবেচনা করিয়া দেখিও। আমার পথ ও আজ্ঞা লজ্ঞন করাতে প্রায় তাহার সমস্ত ভ্ত্যের অবশেষে কি হুর্দশা ঘটে, তাহাও তুমি নিশ্চয় জান। তাহাদের কত ব্যক্তি অমর্যাদা ও ক্লেশ পাইয়া মরিয়াছে। তথাপি তুমি যে আমার সেবাহইতে তাহার সেবা অধিক ভাল বাস, ইহার কারণ কি? তাহার চরিত্র বিবেচনা করিয়া দেখ, তাহার সেবকেরা শত্রহস্তে পড়িয়া ওঠাগতপ্রাণ হইলেও সে তাহাদিগকে রক্ষা করিবার জন্যে গৃহহইতে এক বার বাহিরও হয় না; কিন্তু আমার বিশ্বস্ত সেবকেরা তাহার কিয়া তাহার লোকের হস্তগত হইকে আমি বল্লারা কিয়া ছল্লারাই কত ২ বার তাহাদিশকৈ রক্ষা করিয়াছি, ইহা সকলেই জানে, এবং তোনাট্র মুক্ত করিব।

জালুতে পুণীটীয়ান কহিল, হাঁ, তাঁহার প্রতি সেবক-

দিগের স্নেছ আছে কি না, এবং তাছারা শেষ পর্যন্ত তাঁহার ভক্ত হইয়া থাকিবে কি না, ইছার পরীক্ষার নি-মিত্তে তাছাদিগকে মুক্তি দিতে তিনি বিলম্ব করেন বটে। কিন্তু তুমি ষে কহিতেছ, তাছাদের শেষদশা মন্দ হয়,তাছা নয়, বরং পশ্চাৎ তাছাদের অতিশয় মঙ্গল হয় জানিবা। কিন্তু বর্ত্তমান কালে তাছাদের যে মুক্তি হয়, ইছাতে তা-ছাদের বড় একটা চিন্তা নাই, কেননা তাছারা স্বর্গীর শ্বেষর্যের আশাতে ধৈর্যাবলম্বন করে; অতএব যথন তাছা-দের রাজা আপন দৃতগণে বেন্টিত হইয়া আপন তেজেতে, আসিবেন, তখন তাছারা সেই ঐশ্বর্য অবশাই পাইবে।

পরে \* আপল্লুয়োন কছিল, ভাল, তুমি পূর্বের ভাঁছার সে-বাতে অবিশ্বাসী ছিলা, তবে এই ক্ষণে কি প্রকারে ভাঁছার কাছে পারিতোধিকের অপেকা করিতে পার ?

তাহাতে "খুীফীয়ান কহিল, হে " আপল্লোন, আমি কোন্ বিষয়ে তাঁহার কাছে অবিশাসী হইয়াছি?

\*আপল্লয়োন কহিল, তাহা বুঝি এখন মনে পড়ে না।
যাত্রার আরস্তে \* নৈরাশ্যপক্ষে পতিত হওয়াতে তোমার
নিষাস কল্পপ্রায় হইয়াছিল। আর তোমার অধিপতি
যে পর্যান্ত তোমার পৃঠের ভার পৃঠহইতে না নামায়,
তাবৎ তোমার ধৈর্যাবলম্বন করিয়া থাকা উচিত ছিল;
তুমি তাহা না করিয়া ভারহইতে শীন্ত মুক্ত হইবার জন্যে
অপ্রকৃত সামান্য একটা উপায় চেকা করিয়াছিলা। তদ্তির
পাপিঠের ন্যায় নিজা যাইয়া আপন উত্তম বস্তু হারাইয়াছিলা, এবং সিংহ দেখিয়া ফিরিয়া ঘাইতে প্রায় উদ্যোগ
করিয়াছিলা। তাহা ছাড়াও দেখাইতে পারি, তোমার
যাত্রার বিষয়ে, এবং যাহা ২ শুনিয়াছ কিয়া দেখিয়াছ,
তাহার বিষয়ে কোন কথা যখন কহ, তখন মনের মধ্যে
নক্ষ বাকো কিয়া কিয়াতে আত্বলামা করিতেছ।

তাহাতে "খুখিনীয়ান কহিল, হাঁ, সে সকলি সত্য, এবং আমার অনেক দোষ তুমি বল নাই, তথাচ আমি ষে রাজার সেবা ও আরাধনা করি, তিনি দয়াশীল এবং সর্বাদা ক্ষমা করিতে উদ্যত। আমার এই যে সকল তুটি, তোমার রাজ্যের মধ্যেই বাল্যকাল যাপন করাতে মাতৃ-স্তন্যের সহিত আমাতে তাহার সঞ্চার হইয়াছে, কিন্তু আমি তাহার ভারেতে ছঃখিত ও কাতর হওয়াতে আমার অধ্যক্ষ সে সকল ক্ষমা করিয়াছেন।

নিজ বাক্যের বিপরীত এই সকল কথা শুনিয়া <sup>\*</sup> আপলুয়োন অত্যন্ত রাগান্থিত হইয়া কহিল, আমি তোর সেই
রাজার শত্রু। তাহাকে কি তাহার লোকদিগকে কি তাহার আজ্ঞাকে তৃণজ্ঞান করি। অতএব তোর অগ্রগমনে
নিষেধ করিতে এখানে আসিয়াছি।

তাহাতে "খ্রীফীয়ান কহিল, আমি রাজপথে দাঁড়া-ইয়া আছি, অতএব সাবধানে কর্ম করিও।

এ কথা শুনিয়া " আপল্লুয়োন রাগান্তিত হইরা হুই পা বিস্তারিত করিয়া সমস্ত পথ রোধ করিয়া কহিতে লাগিল, তুই মরিবি। এ বিষয়ে আমি নির্ভন্ন; আমার নরক হানের দিব্য করিয়া কহিতেছি, তুই এই স্থানে বরং আমার হাতে প্রাণ হারাইবি, ইহার অধিক পথ যাইতে পারিবি না। এই কথা কহিয়া " আপলুয়োন এক প্রম্বলিত বাণ লইয়া " প্রীফীয়ানের বুকে কেলিয়া মারিল। তা-হাতে " প্রীফীয়ান তংক্ষণাৎ আপন হস্তাহ্নিত ঢালদ্বারা ঐ বাণকে নিবারণ করিল।

তদনন্তর শুশীফীয়ান যুদ্ধ করণের সময় উপস্থিত দেখিয়া শৃদ্ধ শস্ত্র সকল ধারণ করিলে, শ্বাপালুয়োন ক্রোধে
পান্ধির্ণ হইয়া শিলাবৃত্তির ন্যায় ঘন্ত বাণ পরিত্যাপ
করিতে লাগিল; তাহাতে শুশীফীয়ান অত্যন্ত সাবধান

হইলেও তাহার মন্তক ও হস্ত ও চরণ বাণে বিদ্ধ হওয়াতে সে কিঞ্চিৎ পশ্চাৎ হটিল। অতএব "আপলুয়োন
তাহা দেখিয়া আপনার তাবৎ শক্তির সহিত পুনর্কার
বোরতর যুদ্ধ করিতে লাগিল; তাহাতে "খুীফীয়ানও
পুনর্কার সাহস পাইয়া সাধ্য পর্যান্ত যুদ্ধ করিল। এই
রূপে হুই প্রহরের অধিক কাল পর্যান্ত যুদ্ধ হওয়াতে
"খুীফীয়ান ক্রমে২ ক্ষীণ হইতে লাগিল, কারণ তাহার
ক্ষত প্রযুক্ত উভরোভর বল হ্রাস পাইতেছিল।

\* আপলুয়োন এই অবসরে বেগেতে \* খ্রীফীয়ানের নিকটে গিয়া তাহার সহিত এমন মল্লযুদ্ধ করিল, যে তা-হাতে \* খ্রীফীয়ান ঘূরিয়া ভূমিতে পড়িল, এবং তাহার তলোয়ারও হস্তহইতে খুসিয়া পড়িল। তাছাতে " আপলু-য়োন কহিল, কেমন? এখন তোকে পাইয়াছি, কোণায় `ষাবি? এ কথা কহিয়া \* এ্রীফীয়ানের উপরে পড়িয়া প্রায় তাহাকে চাপিয়া মারিবার উদ্যোগ করিল; তা-হাতে \* খ্রীফীয়ানের কোন প্রকারে রক্ষা পাইবার কিছুই ভরসা ছিল না বটে, কিন্ত যে সময়ে "আপলুয়োন ঐ ছুঃখি "খ্রীফীয়ানকে এক আঘাতে প্রাণে মারিতে উদ্যত हरेल, সেই অবকাশে ঈশ্বরের ইচ্ছানুক্রমে "খুীফীয়ান ঝটিতি হাত বাড়াইয়া ঐ তরবাল লইয়া কহিল, ওরে আমার শত্র, তুমি আমার প্রতিকূলে আনন্দ করিও না, কেননা পতিত হইলেও আমি উচিব। এই কথা কহিয়া তাহাকে বলেতে এমন এক অস্ত্রাঘাত করিল, যে তাহাতে 🕈 আপলুয়োন অন্তিমাঘাত প্রাপ্ত মানুষের ন্যায় হইয়। পশ্চাৎ হটিয়া গেল। ইহা দেখিয়া "খুীফীয়ান কহিল, যিনি আমাদিগকে প্রেম করিয়াছেন, তাঁহাছারা আমরা **এই সকলেতে সর্বতোভাবে জয়ী হই। এ কথা কহিয়া সে** পুনর্বার যুদ্ধ করিতে উদ্যত হইল। তাহা দেখিয়া \* আপ-

লুয়োন পাথাযুক্ত আপন ডেনা মেলিয়া উড়িয়া পলাইল, তদবধি <sup>\*</sup> খীফীয়ান তাহাকে আর দেখিতে পাইল না।

এই যুদ্ধের সময়ে "আপল্লুয়োন যে রূপ আক্ষালন ও তর্জন গর্জন করিয়াছিল, এবং নাগের মত কথা কহিয়াছিল, তাহা না দেখিলে এবং না শুনিলে তাহার বর্ণনা
করা অসাধ্য। আর বিদীর্ণচিত্ত "খুীফীয়ানের যে প্রকার
কোঁকানি ও কাতরাণি প্রভৃতি শুনা গিয়াছিল, তাহাও
কহা যায় না। কিন্তু "খুীফীয়ান যে পর্যান্ত ঐ "আপল্লুয়োনকে দ্বিধার তর্বালের আঘাত না করিয়াছিল, তাবৎ
তাহাকে এক 'বারও প্রসন্ধ মুখে চাহিতে দেখি নাই;
পরে সে হাস্যবদনে উর্জ্নৃফি করিল। ঐ যুদ্ধদর্শনের ন্যায়
ভয়ানক দর্শন আমি কখন দেখি নাই।

যাহা হউক, এই রূপে যুদ্ধ সাঙ্গ হইলে "খুীফীয়ান কহিল, যিনি আমাকে সিংহের মুখহইতে রক্ষা করিলেন, এবং "আপল্লুয়োনের বিরুদ্ধে আমার সাহায্য করিলেন, এই স্থানে তাঁহার প্রশংসা করিব। এই কথা কহিয়া সে এই স্তব গান করিতে লাগিল।

> ভূতের এই, পতি হয় ষেই, মহাবাল্সিবৃব্ মোরে নাশিতে। ছিল সেই চেফীয়, পাঠাইল ইহায়, এই কন্মহৈতু মোর কাছেতে॥ ১

পরে ঐ জন, নারকি ছক্জন, অতিশয় রাগে মত হইয়া। আমার সহিতে, প্রচণ্ড রূপেতে, প্রবৃত্ত যুদ্ধেতে হলো আসিয়া॥ ২

কিন্তু মীথেল তিনি, আশীষ প্রাপ্ত যিনি, করিলেন আমার সাহায্য অতি। স্থামি তো সত্বরে, এই তলোয়ারে, করিলাম তাহারে বিমুখ গতি॥ ৩

এই হেভু আর, সর্বদা তাঁহার, ধন্যবাদ আর স্তুতি করিয়া। করি সে ধন্দ্রেরো, প্রশংসা তাঁহারো, না দেখি যাহারো পার ভাবিয়া॥ ৪

পরে "খুীফীয়ান এই রূপ স্তব করিলে অমৃত বৃক্ষের কতক গুলীন পত্রধারি একখানি হস্ত তাহার সম্মুখে প্রসারিত হইলে সে ঐ পত্র লইয়া ক্ষত স্থানে দিবানাত্র তংক্ষণাৎ সুস্থ হইল। তখন সেই স্থানে বসিয়া কিঞ্চিৎ পূর্বেষে বে রুটী ও দ্রাক্ষাফল পাইয়াছিল, তাহা ভোজনার্থে কিঞ্চিৎ কাল বিশ্রাম করিল। অনস্তর পাছে আর কোন শত্রু আসিয়া উপস্থিত হয়, এই ভয়ে তরবাল হস্তে করিয়া পুনর্বার গমনে প্রবৃত্ত হইল, কিন্তু প্রতীর মধ্যে "আপল্লুয়োন্হইতে আর কোন উৎপাত্রস্ত হইল না।

ঐ স্থার আগে মৃত্যুচ্ছায়া নামে অন্য একটা উপত্যকা ছিল, তাহারি মধ্য দিয়া রাজধানীর পথ গিয়াছে; অতএব "থুীফীয়ানের সেই পথ দিয়াই যাইবার আবশ্যক হইল। "য়িরিমিয় ভবিষায়ভা তাহার এই রূপ বর্ণনা করিয়াছে, যথা, "সেই প্রান্তর শূন্য ও গর্ভময় স্থান ও নির্দ্ধল ও মৃত্যুচ্ছায়াস্বরূপ স্থান ও পথিকহীন ও লোকালয়রহিত।" ফলতঃ খুীফীয়ান লোক ব্যতিরেকে আর কেহ তাহার মধ্যদিয়া গমনাগমন করে না। অতএব "থুীফীয়ান " আপলুয়োনের সহিত যুদ্ধ করণে যেরূপ ছরবন্থা পাইয়াছিল, ঐ স্থান দিয়া গমনে তাহার অধিক ছুর্দশাগ্রম্ভ হইল; তাহা আগামি বিরর্গছারা জানিতে পারিবা।

## ১০ অখ্যার।

অপর আমি স্বপ্নে দেখিলাম, "খুীফীয়ান ঐ মৃত্যুছায়াস্থলীর নিকটে উপস্থিত হইলে ছুই জন বেগেতে
ফিরিয়া আসিয়া তাহার সহিত মিলিল। পূর্বকালে বাহারা উত্তম দেশের মন্দ সমাচার আনিয়াছিল, ঐ ছুই জন
তাহাদের বংশোদ্ভব। তাহাদের সহিত খুীফীয়ানের এই
রূপ কথোপকথন হইতে লাগিল।

প্রথমতঃ শুর্মিটীয়ান জিজাসিল, তোমরা কোধায় মাইতেছ?

তাহার। ছুই জনে কহিল, আমরা কিরিয়া যাইতেছি; যদ্যপি তোমার প্রাণ রক্ষার এবং মঙ্গলের বাঞ্ছা থাকে, ভবে ভূমিও ফিরিয়া যাও।

তাহাতে "খ্রীফীয়ান জিজ্ঞাসিল, কেন, কারণ কি?
তাহারা কহিল, কারণ কি জান? তুমি যে পথে যাইতেহ, আমরাও দেই পথে যাইতেছিলাম, এবং যে পর্যান্ত
সাহস কুলাইল, সে পর্যান্ত গিয়াছিলাম, এবং কিরিয়া
আসিবার কোন সন্তাবনা ছিল না; কিন্ত বদ্যপি আর
কিঞ্চিৎ দূর বাইতাম, তবে তোমাকে সংবাদ দিতে এ
স্থানেও আসিতে পারিতাম না।

তাহাতে "খুফীয়ান জিজাসিল, তোমাদের প্রতি কি ঘটিয়াছে?

তখন তাহারা কহিল, আমরা প্রায় মৃত্যুক্ষায়ার উপত্য-কাতে গিয়া উপস্থিত হইরাছিলাম, কিন্তু আমাদিগের বড় ছাগ্য, এ কারণ সেই স্থানে উপস্থিত হওনের পূর্কেই সে আপদ দেখিয়া পলাইলাম।

্ৰভাহাতে \* খুীকীয়ান জিজাসিল, তোৰরা সেধাৰে কি দেখিয়াছ? ভাহাতে তাহার। কহিল, কি দেখিয়াছি, এমন যদি জিজ্ঞাসিলা, তবে কহিতে হইল। আমরা দেখিলাম সেই স্থলী খোরতর অন্ধকারময়, এবং নারকি ভূত প্রেত নাগ ইত্যাদিতে পরিপূর্ণ। তদ্ভিন্ন সেখানে অতিশয় যন্ত্রণাতে ছুঃখেতে ব্যথিত এবং শৃষ্খালে বদ্ধ মনুষ্যদিগের অনবরত চীৎকারধানি এবং হায় ২ শব্দ শুনিলাম। এবং সেই স্থলী ব্যাকুলতাজনক বৈক্লব্যমেঘে আচ্ছাদিত, এবং তাহার উপরে মৃত্যু সর্বাদা পাখা মেলিয়া রহিয়াছে। আধিক কি কহিব? সে স্থান নিতান্ত ছুর্গম ও ভয়ম্বর ও পারিপাটারহিত।

তখন \* খৃষ্টিয়ান কহিল, আমার বাঞ্ছিত স্থানের পথ যে ঐ স্থলী দিয়া যায় না, তোমাদের বাক্য ইহার প্রমাণ নয়।

ভাহারা কহিল, তবে সে পথ তোমারি হউক, আমর। আপনাদিগের জন্যে তাহা বাঞ্চা করি না।

ইহা কহিয়া তাহার। পৃথক্ হইয়া চলিয়া গেল। পরে

প্রীফীয়ান পাছে আর বার কোন শতুক্তৃক আক্রান্ত হয়,
এই ভয় প্রযুক্ত খাপখোলা তলবার হস্তে লইয়া আপন
পথে গমন করিতে লাগিল।

অপর আমি স্বপ্নে দেখিলাম, ঐ স্থলীতে পথের দক্ষিণ পার্মে একটা অত্যন্ত গভীর খাত আছে; ঐ খাতে পুরুষ পরম্পরানুক্রমে অন্ধ পথদর্শকেরা ও তাহাদের অনুগামি অন্ধ লোকেরা পড়িয়া নানা হুর্গতি পাইয়া প্রাণ পরিত্যাগ করে। আর পথের বাম পার্মে মহা আপদমুক্ত এক পদ্ধ স্থান আছে, তাহাতে মন্দ্ধ মনুষ্য দূরে থাকুক, বদ্যপি কোন উত্তম লোক পড়ে, তবে সেও আপনার পা কেলিতে স্থান পায় না। সেই পক্ষে এক বার দায়ুদ রাজা পড়ি-য়াছিল, তাহাতে বাঁহার উদ্ধার করিবার শক্তি আছে, তিনি যদি তাহাকে উদ্ধার না করিতেন, তবে তাহার মধ্যে ঐ রাজাও মগ্ন হইয়া নই হইত।

অপর ঐ স্থানের পথ অত্যন্ত সংকীর্ণ প্রযুক্ত ঐ ধার্ম্মিক
"খুমিটীয়ান অতিশয় কয় পাইতে লাগিল; কারণ ঐ
অন্ধকারের মধ্যে পাছে খাতে পড়ে, এ বিষয়ে যখন সে
সাবধান হয়, তখন প্রায় ঐ পঙ্লের মধ্যে পড়িবার উপকম হয়; এবং পক্ষ বিষয়ে সাবধান হইতে গেলে প্রায়
খাতের মধ্যে পড়িবার লক্ষণ হয়। এই রূপে সে কয়্টপ্রেঠে
অগ্রসর হইতে২ যে বিলাপ করিতে লাগিল, তাহা আমি
শুনিতে পাইলাম, কেননা পূর্ব্বোক্ত আপদ্ ব্যতিরেকে ঐ
স্থানে যোরতর অন্ধকার ছিল, অতএব সে যখন অগ্রসর
হইতে পা তুলে, তখন কোধায় এবং কিসের উপরে
পা কেলিবে, তাহার কিছুই স্থির করিতে পারে না।

পরে আমি দেখিলাম, ঐ হুলীর প্রায় মধ্যহলে পথের আতি নিকটে নরকদ্বার আছে, তাহাতে হায় ২ আমি এখন কি করিব? ইহা বলিয়া খ্রীফীয়ান মহা ভাবিত হইল, এবং হুছ শব্দেতে অগ্নিশিখাযুক্ত ধুম ও অগ্নিকণা সেই স্থানহইতে নিত্য-২ প্রচণ্ডরূপে নির্গত হইতে লাগিল। "আপলুয়োন বেমন তলবার দেখিয়া ভীত হইয়াছিল, এই ধূমাদি সেরূপ না হইয়া বরং আরো নির্ভয়রূপে উচিতে লাগিল। তাহাতে "খ্রীফীয়ান তলবার খাপে রাখিয়া "সর্বপ্রার্থনা নামে অন্য এক অন্ত ধারণ করিল। তখন আমি শুনিলাম, সেই সময়ে সে কাঁদিতে ২ এই রূপ প্রার্থনা করিতে লাগিল, ছে প্রভা, বিনয় করি, আমার প্রাণ রক্ষা করুন। এই রূপে সে অনেক দূর পর্যান্ত গমন করিলেও ঐ অগ্নিশিখা তাহার নিকটে ২ আসিয়া উপন্থিত ইওয়াতে, এবং ইতস্ততো গমনাগমনকারি ভূতের চীৎকার শক্ষ প্রবণ করাতে কখনো ২ তাহার এমন বোধ হইল, বে

আঃ, এ বার আমি খণ্ড ২ হইব, কিয়া পথস্থ কাদার ন্যায় দলিত হইব। এই রূপে "খ্রীফীয়ান ছুই তিন ক্রোশ পথ পর্যান্ত ঐ কামজনক দর্শন পাইতে২ এবং ভয়ানক শব্দ শুনিতে ২ ষাইতেছিল, ইতোমধ্যে আপনার প্রতি ধাবমান ভূতসমূহের শব্দ শুনিয়া সেই স্থানে দাঁড়াইয়া কি করা কর্ত্তর্য, ইহা ভাবিতে লাগিল। তাছাতে সে কখনো ২ कितिया यारेट रेष्ट्रक रहेन, वतर कथरना २ जातिन, व আমি অনেকং আপদ উত্তীর্ হইয়া এই উপত্যকার অদ্ধেক পথ আসিয়াছি। এবং অগ্রসর হওয়া অপেকা ফি-রিয়া যাওয়া অধিক আপদের বিষয়, ইহা মনে করিয়া সে অগ্রসর হইতে মনস্থ করিল। তথাচ ঐ ভূত সকল ক্রমে ২ অধিক নিকটবর্তী হইতে লাগিল, অতএব "খ্রীফীয়ান তাহাদিগকে নিকটবর্তী দেখিয়া একটা মহাচীৎকার শব্দ করিয়া কহিল, যে আমার ঈশ্বরের বলেতে আমি গমন করিব। তখন এ কথা শুনিয়া ভূতেরা পশ্চাৎ হটিয়া গেল, আর নিকটে আইল না।

ইহার মধ্যে আরো একটা কথা আছে। ঐ সময়ে ভয়
প্রযুক্ত "খ্রীফীয়ানের মন এমত অন্থির হইল, যে সে
আপনার রব আপনি বুঝিতে পারিল না। আমি যে ঘটনাদ্বারা ইহা জানিতে পাইয়াছিলাম, তাহার বৃত্তান্ত লিখিতেছি। সে যখন ঐ জ্বলম্ভ গর্ভের সম্মুখে উপস্থিত
হইল, তখন ঐ ছুফদিগের মধ্যে এক জন ধীরে২ তাহার পশ্চাদ্দিগে আসিয়া ফুসফুস করিয়া তাহার কাপেতে ঈশ্বনিন্দাসূচক অনেক কথা শুনাইল; তাহাতে
"খ্রীফীয়ান বুঝিল, আমারি মনহইতে ইহা উচিল। অতএব সেপুর্বের মাহাকে অতিশয় স্নেহ করিত, সম্পুতি তাহাকে নিন্দা করিতেছে, ইহা মনে করিয়া অন্য সময় অপেক্ষা অধিক ছঃখগ্রস্ত হইল। তাহার সাধ্য যদি হইত, তবে

সে এ রূপ কখন মনে করিত না। কিন্তু আপনার কর্ণ বন্ধ করিতে হয়, ইহা তাহার মনে পড়িল না; এবং সেই ঈশ্বরনিন্দা কোথাহইতে জন্মে, ইহাও জানিতে পা-রিল না।

এইরপ ছুর্দশাগ্রস্ত হইয়া একাকী অনেক দূর পর্যান্ত গমন করিলে পরে "খুমিটায়ান অকস্মাৎ দূরে অগ্রগামী কোন লোকের এই রূপ রব শুনিতে পাইল, যথা, আমি যখন মৃত্যুচ্ছায়ারপ উপত্যকা দিয়া গমন করিব, তৎকালেও অমঙ্গলহইতে ভীত হইব না, কেননা তুমি আমার সঙ্গে থাকিবা।

এই কথা শুনিয়া \* খ্ৰীফীয়ান অত্যস্ত আঁহলাদিত হইল। কেননা প্ৰথমতঃ, সে ঐ কথাদারা বুঝিল, যে এই স্থলীতেও ঈশ্বরভক্ত কোন ২ লোক আছে।

দ্বিতীয়তঃ, সে অনুমান করিল, তাছারা এমন ঘোর অক্ষকারে ও বিষম ছুদ্দায় পড়িলেও ঈশ্বর তাছাদিগের সঙ্গে থাকেন। অতএব এই স্থানের বাধা প্রযুক্ত যদ্যপি আমি তাঁছাকে টের পাইতে না পারি, তথাচ বোধ হয় তিনি আমারও সঙ্গে ধাকিবেন।

তৃতীয়তঃ, তাহার এই ভরসা হইল, যে আর কিঞ্চিৎ অগ্রে গিয়া ঐ ধান্মিক লোকদের সঙ্গ ধরিলে আমার সা-স্থানা জন্মিবে। এই রূপে "খুমিতীয়ান ক্রমেং গমন করিয়া ঐ অগ্রগামি ব্যক্তিকে ডাকিতে লাগিল। কিন্তু সেও একাকী ছিল, অতএব ভয়েতে কি উত্তর দিবে, তাহা বুঝিতে পারিল না। কিঞ্চিৎ কাল পরে প্রভাত হইলে "খুমিতীয়ান কহিল, তিনি মৃত্যুচ্ছায়াকে প্রভাত করিয়াছেন।

এই রূপে প্রভাত হইলে "থাটীয়ান অন্ধকারে কোন্ ২ আপদের মধ্য দিয়া আসিয়াছিল, তাহা দিবসের আ-লোছারা দেখিবার জনো কিরিয়া চাহিতে লাগিল। তা- ছাতে ঐ সংকীর্ণ পথের দক্ষিণ পার্ম্বে বে খাত এবং
বাম পার্মে বে পক্ষ, তদ্ভিদ্ন অগাধ গর্ভের ভূত ও প্রেত ও
নাগ ইত্যাদি সকলি স্পাইরূপে দেখিতে পাইল, কিন্তু
তাহারা অতি দূরে ছিল, কেননা দিবস হওয়াতে তাহারা
তাহার নিকটে আইল না। এই বিষয়ে ইহ। লিখিত আছে,
যথা, তিনি অন্ধকারাবৃত গভীর স্থানকে প্রকাশ করেন,
এবং মৃত্যুছায়াকে আলোকময় করেন। এই বাক্যানুসারে
ঐ ভূতাদি শুষিতীয়ানের দৃশ্য হইয়াছিল।

\* খ্রীফীয়ান যখন এই রূপে দিবসের আলোতে ঐ সকল আপদের স্পাই দর্শন পাইল, তখন সে এমত ভয়-জনক পথে একাকী গমন করিলেও বে রক্ষা পাইয়াছিল, ইহাতে বড় চমংকৃত হইল, এবং সূর্য্যোদয়কে আপনার প্রতি একটি অনুগ্রহস্বরূপ করিয়া বোধ করিল। কেননা হে পাঠক, তোমার এই স্থানে মনে করিতে হইবে, যে \* মৃত্যুচ্ছায়া স্থলীর প্রথম ভাগে যে আপদ ছিল, তাহা অপেক্ষাও শেষ ভাগে অধিক আপদ ছিল। কলতঃ "খুমিটীয়ান যে স্থানে দণ্ডায়মান ছিল, তদব্ধি ঐ স্থলীর শেষ প্রয়ন্ত সমস্ত পথ পাশ ও ফাঁদ ও জাল ও পিছল ও খাত ও গর্ভ ও অন্ধকৃপ ইত্যাদিতে পরিপূর্ণ ছিল; অতএব প্রথমাংশের মত সেখানে যদি খোর অন্ধকার, হইত, তবে শুমিীয়ানের হাজার প্রাণ থাকিলেও সকলই হারাইবার সম্ভাবনা হইত; কিন্তু সূর্য্যোদয় তা-হার বড় উপকারী হইয়া উচিল। তখন \* খ্রীফীয়ান कहिल, छाँशांत अमीभवाता आमात मस्टक मीश्रिमान हर, এবং তাঁহার আলোদ্বারা আমি অন্ধকারের পথ দিয়া গমন করি।

এই রূপে "খুীফীয়ান দিবসের আলোতে গমন করি-তে ২ ঐ স্থলীর শেষে উপস্থিত হইল। অপর আমি चटक प्रविलाम, धे चलीत लियांश्ल मनुष्ठानित्र्त्त, व्यर्थार यादाता थे अर्थ मिन्ना शुर्स्य गमन कतित्राहिल, এমন অনেক যাত্রিকদিগের রক্ত ও অস্থি ও ভস্ম ও কবন্ধ পড়িয়া রহিয়াছে, তাহা দেখিয়া আমি মনের মধ্যে ভাবিতেছিলাম, ইহার কারণ কি? ইতোমধ্যে তাহার কিঞ্চিৎ অগ্রে দৃষ্টি পড়াতে একটি গুহা দেখিতে পাই-लाम, बे श्रांट शूर्वकारन "शाशा ଓ " दमवशूकक नारम ছুই জন রাক্ষস বাস করিত, তাহারাই বলদারা যাত্রিক-দিগকে निषंग्रक्तर्भ विनाभ कतिल, এই জন্যে সেই স্থান ঐ অন্থি ও রক্ত ও ভস্মাদিতে পরিপূর্ণ ছিল। কিন্তু \* খ্রীফীয়ান সেই স্থান দিয়া স্বচ্ছদে চলিয়া গেল, কোন আপদগ্রস্ত হইল না। তাহা দেখিয়া আমি কিঞ্চিৎ চমৎকৃত হইলাম; किन्छ त्नारम अनिलाम, य थे " प्रतशृजक नारम त्राक्रम অনেক দিন হইল মরিয়াছে, এবং অন্য রাক্ষসটা বাঁচিয়া থাকিলেও সে অত্যন্ত বৃদ্ধদশাতে জর্জ্বনীভূত হইয়াছে। এবং যৌবনকালে বার ২ যুদ্ধ করাতে তাহার অন্থিসন্ধির বন্ধনী সকল এমন আঁকড়িয়া ধরিয়াছে, যে সে চলংশক্তি রহিত হইয়াছে; অতএব সে কেবল ঐ গুহাদ্বারে বসিয়া व्यापन नथ कामजायं, व्यात वे पथ निया त्य र याजित्कता ্যায় তাহাদের প্রতি দাঁত সিকটিয়া উঠে, তাহা ভিন্ন আর কিছু করিতে পারে না।

অপর স্বপ্নেতে দেখিলান, " শুীফীয়ান এই রূপে আপন পথে গমন করিয়া যখন ঐ গুছাদ্বারে বৃদ্ধ রাক্ষসকে বসিয়া থাকিতে দেখিল, তখন কিঞ্চিৎ ভয় পাইল; কেননা ঐ রাক্ষস তাহার পশ্চাৎ গমনে অশ্বন্ধ হইলেও তাহাকে এই কথা কহিল, যে প্রান্ত তোমাদের আর ২ লোক অগ্নিতে ভশ্ব না হয়, তাবৎ তোমরা কখনো ভাল মা-ন্তুইবা না। তাহাতে "পুষ্টীয়ান নীরব থাকিয়া সাহস



দেখাইয়া অগ্রসর হইল, কোন মতে বিপদগ্রস্ত হইল না। পরে সে এই শ্লোক গান করিতে ২ চলিল। त्रहे हृःथमाग्नि चात्न, त्रका शाहेग्राहि.धात्न, ত্রিভ্রনে এ কি চমৎকার। ঐ স্থানছইতে যিনি, মুক্ত করিলেন তিনি, ধন্য হউন্ দয়ার আধার ॥ ইহার অধিক আর, কি কহিব কওয়া ভার, অসমর্থ কিঞ্চিৎ কওয়াতে। বেহেতৃক অন্ধকার, স্থলীমধ্যে ভয়ঙ্কর, নানা জন্ত আছুয়ে তাহাতে॥ আমাকে বেইন করে, অতিশয় ঘোরতরে, প্রেত পাপ বিষম পথেতে। অনর্থক অকন্মণ্য, আমি অতিশয় থিন, আছিলাম তখন মনেতে॥ আমি অতি শিশুমতি, জ্ঞানহীন মূর্থ অতি, नानाक्राल जामाटक जाटमाटन। ধরিতে ফেলিতে আর, বেষ্টনাদি করিবার, পূৰ্ণ ছিল পথ গৰ্ভ ফাঁদে॥ এতাদুশ পথমধ্য, পতন বন্ধন অদ্য, ना टेश्न वाँ हिनाम करछेटछ। মুকুট জিমাল যাহা, ইহাতে ধরুন তাহা, কীর্ত্তিরূপ যীশু মস্তকেতে॥ -

## ३३ वाशामा

অপর \* খ্রীফীয়ান গমন করিতে ২ বাত্রিকদিণের দূরদর্শনের নিমিত্তে বে একটি কুল পর্বত নির্মিত ছিল,
ভাছারি উপরে ক্রমে ২ আরোহণ করিয়া দৃষ্টিপাত করিয়া

দেখিল, "বিশ্বাসী নামে এক ব্যক্তি পথে গমন করিতেছে। অতএব "খুীফীয়ান উচ্চঃস্বরে তাহাকে ডাকিয়া কহিল, হে পথিক, দুঁমড়াও২, আমি তোমার সঙ্গে যাইব। এ কথা শুনিয়া "বিশ্বাসী ফিরিয়া তাকাইলে সে উচ্চৈঃস্বরে পুনর্বার কহিল, আমি যে পর্যান্ত তোমার সঙ্গে না মিলিব, তাবৎ তুমি ঐ স্থানে দাঁড়াও। কিন্তু "বিশ্বাসী কহিল, না, আমি আপন প্রাণ হাতে করিয়া যাইতেছি, এবং যিনি রক্তের প্রতিফলদাতা তিনি আমার পশ্চাৎ গমন করিতেছেন।

এই কথা শুনিয়া \* খ্রীফীয়ান কিছু মনস্তাপযুক্ত হইয়া তাবৎ বলদ্বারা এমন ফ্রতগমন করিল, যে শীল্প ঐ \* বিশাসির লাগাইল ধরিয়া, বরং তাহাকে পশ্চাতে ফেলিয়া চলিয়া গেল; তাহাতে শেষের ব্যক্তি প্রথম হইল। অতএব \* খ্রীফীয়ান সেই জাতার অগ্রগামী হওয়াতে আত্মশ্লাঘা পূর্বাক দর্প করিয়া হাসিতে লাগিল; এই অহঙ্কারে সে পাদবিক্ষেপে সাবধান না হওয়াতে, অকন্মাৎ এমনি উছোট খাইয়া পড়িল, যে যাবৎ ঐ \* বিশ্বাসী আসিয়া তাহাকে না তুলিল, তাবৎ সে উচিতে পারিল না।

পরে তাহারা উভয়ে একত হইয়া প্রণয় পূর্বক আ-পন ২ যাত্রাবিষয়ে যাহার যে২ ঘটনা হইয়াছিল, সেই সকলের কথোপকথন করিতে ২ গমন করিল।

\* খ্রীফীয়ান এই রূপে প্রসঙ্গ আরম্ভ করিল। হে সন্তুম-যোগ্য প্রিয়তম ভাতঃ, আমি যে তোমার লাগাইল ধরিয়া-ছি, এবং এই মনোহর পথে স্থিভাবে একত্র গমনের নিমিত্তে ঈশ্বর যে আমাদের এক স্বভাব করিয়াছেন, ইহাতে আমার বড় আহ্লাদ হইয়াছে।

ভাষাতে \* বিশাসী কহিল, হে প্রিয় বন্ধো, আমি ভাবি-মুট্টিলাম, আমাদের নগরাবধি তোমার সঙ্গেই চলিতে পারিব, কিন্তু তুমি অগ্রে প্রস্থান করাতে এই পথে এত দূর পর্যান্ত আমাকে একাকী আসিতে হইয়াছে।

পরে \* খীষ্টীয়ান জিজ্ঞাসা করিল, আমি যাতা করিলে পর তুমি সেই \* ধ্বংস্যনগরে কত দিন ছিলা?

- \* বিশ্বাসী উত্তর করিল, যে পর্যান্ত আমি আর তিন্ঠিতে পারিলাম না, সেই অবধি সেখানে ছিলাম; কেননা তুমি অপ্প ক্ষণ বাহির হইলে এই রূপ কলরব হইতে লাগিল, যে আমাদিগের নগর অপ্প দিনের মধ্যে স্বর্গহইতে নির্গত অগ্নিদারা সমভূমি হইবে।
- \*খ্রীফীয়ান জিজ্ঞাসিল, কেমন? তোমার প্রতিবাসি লোকেরা কি এই রূপ গণ্প করিয়াছিল?
- \* বিশাসী কছিল, হাঁ, কতক দিন পাৰ্যান্ত ঐ কথা সক-লেরি মুখে ছিল।
- শুমিনীয়ান জিজ্ঞাসিল, তবে ঐ আপদ্হইতে মুক্ত হইবার জন্যে তোমা ব্যতিরিক্ত আর কেহই কি বাহির হইল না?
- \* বিশ্বাসী কহিল, শুন, তাহাদের মধ্যে সেই বিষয়ের অনেক ২ কথা হইয়াছিল, কিন্তু দৃঢ় বিশ্বাস যে জন্মিয়াছিল, আমার এমন বােধ হয় না; কেননা তাহাদিগের পরস্পর কথােপকথনের মধ্যে আমি কতক লােককে তােনার বিষয়ে বিদ্ধাপ করিতে শুনিয়াছিলাম, এবং তাহারা তােমার যাত্রাকেও অসঙ্গত বলিয়া পরিহাস করিত; কিন্তু স্থাহিতে গন্ধক ও অগ্নি পতিত হইয়া আমাদের দেশ নন্ট করিবে, আমার এমন বিশ্বাস জন্মিয়াছিল, এবং এখনও আছে; এই কারণ পলাইয়া আসিয়াছি।

অপর শুমিটীয়ান জিজাসিল, আমাদের প্রতিবাসি
শুম্বনম্যের বিষয়ে তুমি কি সে স্থানে কোন কথা শুন নাই?
তাহাতে শবিশাসী উত্তর করিল, শুনিয়াছি, সে তো-

ৰার সহিত \* নৈরাশ্য পদ্ধ পর্যান্ত গিয়া পদ্ধমধ্যে পড়িয়া-ছিল, লোকেরা এমত কহিত; এবং বদাপি সে তাহা অস্বী-কার করিল, তথাপি আমি তাহা সত্য জ্ঞান করি, কেননা তাহাকে সেই প্রকার পঙ্কে লিপ্ত দেখিয়াছি।

শুমিটীয়ান জিজ্ঞাসিল, তখন প্রতিবাসি লোকেরা তা-হাকে কি কহিতে লাগিল?

\*বিশ্বাসী কহিল, সে ব্যক্তি কিরিয়া গেলে পর তাহাকে সকলেই সর্বপ্রকার বিদ্রূপ ও তুচ্ছতাচ্ছীল্য করিতে লাগিল। অধিক কি বলিব? তাহাকে এই ক্ষণে প্রায় কেছ কার্য্য কর্ম্ম দেয় না; তাহাতে ঐ যাত্রার পূর্বের তাহার যে রূপ দশা ছিল, এই ক্ষণে তাহার অপেক্ষা সপ্তগুণ মন্দ দশা হইয়াছে।

শুমিটীয়ান জিজ্ঞাসিল, এ কেমন? সে যে পথ পরি-ত্যাগ করিল, প্রতিবাসি লোকেরা যদি সে পথকে তুচ্ছ বোধ করে, তবে তাহার প্রতি এমন দ্বেষ করে কেন?

তাহাতে \* বিশাসী কহিল, কেহ ২ কছে, আঃ! ঐ ব্যক্তি পরিবর্ত্তক, আপন মতে স্থায়ী নহে, অভএব তাহার কাঁসি হউক। ইহাতে আমার অনুমান হয়, তাহার সংপথ ত্যাগ করাতে ঈশ্বর তাহাকে হাততালি দেও-য়াইবার নিমিত্তে এবং অখ্যাতি করাইবার জন্যে তাহার শক্দিগের মনকে এমন লওয়াইতেছেন।

শ্রীফীয়ান জিজ্ঞাসিল, ভাল, তুমি সেখানে থাকিতে তাহার সহিত তোমার কোন কথা হইয়াছিল?

তাহাতে \* বিশ্বাসী কহিল, এক দিন নগরের পথমধ্যে তাহাকে দেখিয়াছিলাম বটে, কিন্তু তাহার সহিত কোন কথা হইল না, কেননা সে আমাকে দেখিয়া আপন কার্যে আপনি লক্ষিত প্রযুক্ত মাথা হেঁট করিয়া পথের অন্য পাশ্র দিয়া চলিয়া গেল।

\* খ্রীফীয়ান কছিল, আমার প্রথম আগমনকালে তা-হার বিষয়ে আমার যৎকিঞ্চিৎ ভরসা ছিল, বে এ ব্যক্তি রক্ষা পাইবে; কিন্তু এই কণে এমন আশক্ষা হইতেছে, যে নগরধাংসের সময়ে সেও নফ হইবে; কেননা "কুছুর আপন বমি খাইতে, ও ধৌত শৃকর কর্দ্দেন লুচিতে আর বার কিরে," এই যে সত্য দৃফান্তকথা, ইহা তাহারি প্রতি ঘটিয়াছে।

<sup>\*</sup> বিশ্বাসী কহিল, হাঁ, আমারও তাহার বিষয়ে ঐ রূপ আশক্ষা আছে। ভাল, বাহা ঘটিবে, তাহা কেহই নিবারণ করিতে পারিবে না।

অপর "খুীফীয়ান কছিল, হে সথে," বিশ্বাসি, আইস, এই ক্ষণে আমরা তাহার কথাবার্তা ত্যাগ করিয়া আপন ২ বিষয়ের কথোপকথন করি। অতএব এই পথে আসিতে ২ তোমার কি ২ ঘটিয়াছে, তাহা বিস্তারক্রমে আমাকে বল, কননা বোধ হয় তোমার পথিমধ্যে কিছু ২ ঘটনা অবশ্য হইয়া থাকিবে, নতুবা সেটা আশ্চর্যা বিষয়ের ন্যায় মা-নিতে হইবে।

তখন \* বিশ্বাসী কহিতে লাগিল, তুমি যে নৈরাশ্য পক্ষে পতিত হইয়াছিলা, আমি তাহাহইতে রক্ষা পাই-লাম, এবং ভাগ্যক্রমে সে স্থানহইতে উত্তীর্গ হইয়া ক্রমেং ছার পর্যান্ত আসিয়া উপস্থিত হইতেছিলাম, এমন সময়ে আমার হিংসা করণে উদ্যুত ক্যামুকী নামুী স্ত্রীর সহিত আমার সাক্ষাৎ হইল।

ভাহাতে "খুখিনীয়ান কহিল, আঃ! তুমি যে তাহার জালহততে মুক্ত হইয়া আসিয়াছ, ইহাতে বুঝিলাম, তো-মার বড় সৌভাগ্য। কেননা পূর্মে এক বার বৃষক তাহা-দ্বারা এমন বিপদগ্রস্ত হইয়াছিল, যে তাহাতে তাহার প্রাণ সংশয় হইয়াছিল; কিন্তু শেষে তোমার নাার সেও তাহার হাতহইতে মুক্ত হইয়াছিল। সে বাহা হউক, ঐস্ত্রী তোমার কি করিয়াছিল?

ভাহাতে \* বিশ্বাসী,কহিল, তুমি তাহার বিষয় কিছু
জান বটে, কিন্তু ভাহার বাক্যের কেমন মিউতা ও প্রিয়তা,
ভাহা ভোমার অনুমানেও আইসে না। সে অশেষ সুখের
আশা দেখাইয়া আমাকে ফিরাইতে নানা প্রকার চেউ।
করিল।

তাহাতে "পুটিয়ান কহিল, বোধ হয়, মনের উত্তম সাক্ষ্যহইতে যে সূথ জন্মে, তাহা সে তোমাকে দিতে অঞ্চীকার করে নাই।

\* বিশ্বাসী কছিল, আমার কথার অর্থ কি বুঝ না? সে আমাকে সর্ব্ধপ্রকার শারীরিক সৃথ দিতে অঞ্চীকার করিল।

শুমিতীয়ান কহিল, ঈশ্বর যে তোমাকে তাহার হস্ত-হইতে রক্ষা করিয়াছেন, এ কারণ তৃমি তাঁহার স্তব কর; কেননা পরমেশ্বরের ক্রোধপাত্র তাহার মুখরূপ খাতে পড়ে।

তাহাতে <sup>\*</sup> বিশ্বাসী কহিল, আমি তাহাহইতে সর্বো-তোভাবে মুক্তি পাইয়াছিলাম কি না, ইহা নিশ্চয় বলিতে পারি না।

\* খ্রীফীয়ান কহিল, কেন? আমি অনুমান করি তুমি ভাহার ইচ্ছামতে ভাহার পশ্চাদ্গমন কর নাই।

তাহাতে 'বিশ্বাসী কহিল, অশুচি ক্রিয়া করিতে তাহার পশ্চাদ্গমন করি নাই বটে, কেননা আমি পূর্বেকোন প্রাচীন প্রস্থে এই রূপ প্রমাণ পাইয়াছিলাম, যে তাহার পাদবিক্ষেপ নরকে পড়ে। অতএব পাছে আমি তাহার দর্শনদ্বারা মৃদ্ধ হই, এই ভয়ে চক্ মুদিলাম; ভাহাতে সে আমাকে নানা প্রকার বিদ্রাপ করিতে লাশিক্ষা, তথাপি আমি তাহা না মানিরা আপন পথে চলিয়া

অপর বুরীফীয়ান জিজাসা করিল, তুনি তারি সার কোন স্থাপনে পড়িরাছিলাকি না?

্ভাহাতে "বিৰাসী কহিল, হাঁ, আমি বৰ্ণ "ছুৰ্গম নামক পর্বতের নীচে উপস্থিত হইলাম, তথম অতি বৃদ্ধ এক মনুষ্যের সহিত আমার সাকাৎ হইল। সে আ-মাকে জিজাসা করিল, তুমি কেটা? কোথায় বাইভেছ? ভাছাতে আমি কহিলাম, আমি এক জন বাত্রিক, খুগীয় রাজধানীতে গমন করিব। তাহাতে ঐ প্রাচীন কৃছিল, ভক্ত লোকের মত তোমাকে দেখিতেছি। বদাপি তো-মাকে কোন কার্যো নিযুক্ত করিয়া বেত্ন দি, তবে তুমি তাহাতে সম্ভট হইবা কি না? তখন আমি তাহার নাম এবং বাসস্থান জিজ্ঞাসা করিলে সে কছিল, আ-मात नाम "थायम जामम्; जामि "खाखिनशदत वाम করি। পরে তোষার কি ব্যবসায় ? এবং আমি যদি তো-মার কার্য্য করি, তবে তুমি কতো বেতন দিতে পার? ইহাও আমি তাহাকে তালিয়া জিজ্ঞাসা করিলাম। তা-হাতে সে কহিল, আমার ব্যবসায় সমূহ সুধভোগ, আর বেতন এই বে শেষে আমার উত্তরাধিকারী হইবা। অপর আমি জিজাসিলাম, তোমার গৃহহর আচার ব্যব-হার কেমন? এবং তোমার আর কোন ভূতা আছে কি না? তাহাতে সে কহিল, আমার পৃহ কপতের সর্বোডম সুখাদির ছারা ব্যবস্থিত আছে, এবং আমার বে ২ ভূত্য ভাহারা সকলে আমাহইতে উৎপন। পরে আমি তাহার সম্ভানাদির কথা জিজাসা করিলে সে কছিল, জামার কেবল **डिनिक्टै** कनात्रे खाटके जारायनंत्र नाम धरे, "नात्रीतिरकका ও " লোচনেছা । " कीरनवर्षिनी। 'ভোমার বদি ই ছ হয়, ভাষে ভূমি ভাহাদিগকে বিবাহ করিতে পার। পরে আৰি জিঞানিলান, ভোমার সহিত আমি কড দিন বাঁসা

করিব, ইহাতে তোমার কি ইন্দা? ভাহাতে বে কহিল, আমার যাবজীবন আমার সহিত থাকিতে হইবেঃ

অপর <sup>া</sup> খুম্পিয়ান জিজাসিল, ভাল, শেৰে ভুমি ঐ বৃদ্ধের সহিত বাইতে কি হির করিয়াছিলা?

ী বিশ্বাসী কহিল, তাহার এই রূপ শিক্ট লোকের মত কথাবার্তা শুনিয়া প্রথমে তাহার সহিত ঘাইতে আমার কিছিল ইকা হইরাছিল, কিছু শেবে তাহার ললাটে হঠাৎ দৃষ্টি পড়াতে আমি দেখিলাম, "ভোমরা নিল ক্রিয়া শুদ্ধ পুরাতন পুরুষকে পরিত্যাগ কর," এই কথা তাহার কপালে লেখা আছে।

" থাটীয়ান জিজাসিল, তাহার পরে কি হইল?

বিশাসী কহিল, ঐ লিপি দেখিলে আমার অন্তঃকরণ
অতি উত্তও হইল, কেননা সে মধুর কথা কহিরা কিয়া
কোন প্রকারে ভুলাইয়া কদি আমাকে মরের মধ্যে পায়,
তবে আমাকে ক্রীত দাস করিয়া রাখিবে, ইহা বোধ হওয়াতে আমি তাহাকে কান্ত হইতে বলিয়া কহিলান,
আমি তোমার মরের ছারের নিকটেও বাইব না। তাহাতে সে আমাকে ভিন্নজার করিয়া কহিল, দেখ, তোমার পশ্চাৎ ২ এবন এক লোককে পাঠাইয়া দিব, যে
সমস্ত পথে ভোষাকে বিশ্লুক্ত করিতে ২ যাইবে। ভাহাতে
আমি সে কথা না মানিয়া হখন মুখ কিরাইয়া গমন
করিতে লাগিলান, এমন সময়ে সে আমার মাংল ধরিয়া
এমন এক প্রাণনাশক জান দিল, বে মাংল ইডিয়া লইল,
আমার এমত বোধ ছইল। তাহাতে হায় ও আমি
হুর্ভাগ্য মনুয়া! এ কথা কছিলা চেঁচাইয়া প্রবাত্তে উটিবার
ক্রিতিক আপ্রক্রিকে প্রথম ক্রিতে লাগিলায়।

এই ক্লপে ক্ৰমেং ঐ পৰ্যভেৱ সন্ধেৰের স্কানিক পৰ উচিয়া এক বার কিবিয়া পশাং দিখে চাছিলাম ৷ তাহাতে এক মনুবা বানুৰেণে ফ্রেডগানী ছইরা আমার পশ্চাৎ ২ আবিতেহে, এই রূপ দেখিতে ২ বে স্থানে এক বৃক্ষবাটকা ছিলা, ভাহার নিকটে সে আবিয়া আমার কাছে উপ-স্থিত হইল।

তখন "খুীফীয়ান কহিল, হাঁ, আমিও দে স্থানে বিশ্ৰা-বের নিমিত্তে বসিয়াছিলাম, তাহাতে অকক্ষাৎ নিজা হও-রাতে আনার এই পৃত্তক বক্ষঃহলহইতে হারাইয়াহিলান। ভখন "বিশাসী কৰিল, হে প্ৰিন্ন জাতঃ, আগে আমার আদান্ত কথা শুন, পশ্চাৎ তোমার কথা কহিও। পরে ঐ ব্যক্তি আমার নিকটে উপস্থিত হইবামাত আ-মাকে এমন এক আখাত করিল, বে তাহাতে আমি মৃত-প্রায় হইলাম; কেননা ভাছার হয় এক কথা নয় এক আঘাত। বাহা হউক, পরে কিঞ্চিৎ চৈতন্য পাইলে আমি তাহাকে এই জিজাসা হরিলাম, তুমি কি জন্যে আমাকে এ রূপ আঘাত করিলা? তাহাতে নে কহিল, ° প্রথম আদমের প্রতি তোমার গুপ্ত অনুরাগ আছে, একা-রণ মারিলাম; এ কথা কহিয়া সে আর বার অত্যন্ত আ-যাত করিয়া আমাকে চীৎকার করাইয়া কেলিয়া দিল। তাহাতে আমি পুর্বের মত মৃতকম্প হইয়া ভাহার পদ-তলে পড়িয়া রহিলাম; অস্প কল পরে পুনর্কার চেতনা পাইয়া উল্লেখ্যে ভাহার কুপা আর্থনা করিলাম। তা-হাতে আমি কৃপা করিতে জানি না, ইহা কহিয়া সে जागारक जान वर जामाछ केन्निया किन। रमह সময়ে যদি আর এক জন আসিয়া ভাষাকে কান্ত হইতে ना बैनिटकन, जुटब देन भागादक निक्षत्र वेश क्रिक।

অপর "ব্রিটায়ান জিজানিক, বিনি ভাষাকে কাছ ইতিত ক্ষিতেন ভিনিকে?

ভাষাতে " বিশাসী কহিল, এখনে আনি ভাঁহাকে চি-

নিতে পারি নাই, কিন্তু শেষে বখন আমার নিকটির। গমন করিলেন, তখন ভাঁহার হস্ত ও কৃষ্ণিদেশ বিদ্ধ দে-থিলে আমার এমত নিশ্চর অনুমান হইল বে তিনি আমানিগের প্রভৃ। পরে আমি ক্রমে ২ পর্যন্ত আরোহণ করিতে লাগিলান।

অপর শুনিটীয়ান কৰিল, সেই বে ব্যক্তি ভোষার পশ্চাৎ২ আদিয়া উপস্থিত হইয়াছিল, সে শৃষ্যা। সে কাহারো মুখাপেকা করে না, এবং যাহারা ভাহার আজ্ঞা লজ্ঞন করে, ভাহাদের প্রতি কুপা করিতে জানে না।

তাহাতে বিশাসী কহিল, হাঁ, আমি তাহাকে বিলক্ষণ রূপে চিনি, কেননা তাহার সহিত আমার এই বার প্রথম দেখা এমন নর; বখন আমি গৃহে থাকিয়া নিশ্চিন্ত রূপে, বাস করিতাম, তখন এক দিন সে আমার কাছে উপ-হিত হইয়া কহিল, তুমি যদি এই স্থানে খাক, তবে তোমার মাধার উপরে ঘর জালাইয়া দিব।

শুমিটায়ান কহিল, ঐ বে পর্বতের পার্দে শুসার সহিত তোমার সাক্ষাৎ হইয়াছিল, সেই পর্বতের শিবরে বে একটি মাটালিকা আছে তাহা কি তুমি দেখ নাই?

ঁবিশালী কৰিল, হাঁ, তাহা দেখিয়াছিলাস, এবং সেখানে বাইবার আগে ছই সিংহকেও দেখিয়াছিলাস; কিন্তু অনুমান হর, তাহারা নিজিত হিল, কেননা তখন আম ছই প্রহর বেলা। অতথ্য অধিক বেলা থাকাতে আমি থারির নিকট হইরা ক্রমেং পর্বতহুতৈ নামিয়া আইকাম।

ভাষাতে পুলিয়ান কছিল, হাঁং বে কহিয়াছিল বটে, বে বিন্ধানী নামে এক ক্ষমকে এ স্থান দিয়া বাইডে দেবিয়াছি; কিন্তু দেখ ভাই, তুমি বদি দেই অক্টালিকার ক্ষেয় প্রবেশ করিতা, ভবে বড় ভাল স্ইড, কেননা ঐ গৃহত্বের তোমাকে এমন আশ্চর্যাৎ বিষয় সকল দেখাই-তেন, বে তুমি মরণ পর্যান্তও তাহা তুলিতে পারিতা না। সে যাহা হউক, "নুমুভা নামক উপত্যকার মধ্যে কি তোমার সহিত কাহারো দেখা হয় নাই?

\* বিশ্বাসী কহিল, হাঁ, সে স্থানে \* অসম্ভট্ট নামক এক ব্যক্তির সহিত লাকাৎ হইয়াছিল, তাহার লওয়ানিছে বদি কর্ণ দিতাম, তবে সে আমাকে ফিরাইয়া আপনার সলে লইয়া বাইত। সে আমাকে ফিরাইয়ার বে কারণ দশাইল, তাহা এই, যে ঐ স্থলী সর্ব্ধতোভাবে সমুমহীন। তদ্তির সে আমাকে কহিল, তুমি বদ্যপি ঐ স্থলীর মধ্য দিয়া গমন করিয়া আপনাকে বাতুলপ্রায় কর, তবে \* অহকারী ও \* গর্ম্বা ও \* আয়াভিমানী ও \* সাংসারিকৈশ্ব্য ইত্যাদি নামক তোমার যে সকল বন্ধু বান্ধব আছে, তাহারা সকলে অত্যন্ত অসম্ভট্ট হইবে, ইহা আমি নিশ্চয় জানি।

পরে "খুীফীয়ান জিজাসিল, তুমি তাহাকে কি উত্তর দিলা?

তাহাতে \* বিশ্বাসী কহিল, আমি এই উত্তর করিলাম, তুমি বাহার ২ নাম করিতেছ, তাহারা সকলে বে আন্মার জ্ঞাতি ইছা কহিতে পারে, কেননা শারীরিক সম্বন্ধ অনুসারে তাহারা আমার জ্ঞাতি বটে। কিন্তু যদ্বধি আমি বাত্রিক মতাবলম্বী হইয়াছি, তদবধি আমি বেমন তাহাদিগকে পরিত্যাগ করিয়াছি, তেমনি তাহানরাও আমাকে অগ্রান্থ করিয়াছে। অতএব আমি তাহাদিগকে আর স্বজাতীর জ্ঞান করি না। আরও আমি তাহাকে কহিলাম, তুমি এই স্থলীর বিষয়ে বাহা কহিত্তেছ, সে অতি অবধার্থ, বেহেতুক "সম্মান ঘটনের পূর্বে নমুতা হয়, এবং বিনাশ ঘটনের পূর্বে মনুব্যুর মন

গর্মিত হয়।" অতএব তোষার বিবেচনাতে বে বিষয় সর্মা-পেক্ষা বাঞ্চনীয়, আমি তাহা ত্যাগ করিয়া, বরং জান-বান্ লোকেরা বাহাকে সত্য সম্ভূম জান করে, তাহা পাই-বার জন্যে এই স্থলীর মধ্য দিয়া বাইতে বাঞ্চা করি।

অপর "খুম্পিয়ান জিজাসিল, ঐ স্থার মধ্যে তোমার প্রতি আর কিছু স্টিয়াছিল কি না?

"বিশ্বাসী কহিল, হাঁ, "লাজুক নামে এক ব্যক্তির সহিত আমার দেখা হইয়াছিল। বাত্রা করিতে ২ বত লোকের সহিত সাক্ষাৎ হইয়াছে, সেই সকলের মধ্যে ঐ ব্যক্তির নাম অতি বিপরীত বোধ হইতেছে। কেননা অপ্প বাদানুবাদের কিয়া বিতগুলর পরে অন্য ২ লোক ক্ষান্ত হইয়াছিল, কিন্তু এই নির্লক্ষ "লাজুক কোন প্রকারে ক্ষান্ত হইল না।

ত্থন "পুঁফীয়ান জিজাসিল, কেন? সে তোমাকে কি কহিয়াছিল?

বিশাসী কহিল, এমন যদি জিজ্ঞাসা করিলা, তবে কহি-তে হইল। প্রথমে সে ধর্ম্মেরই প্রতি এই রূপ আপত্তি করিল, বথা, ধর্ম্মাচরণে মন দেওয়া অতি কুল্ল ও নীচ ও তুক্ কর্ম্ম; এবং পাপহইতে ভয় করা কাপুরুষের কর্ম্ম; আর আপনার কথাতে ও আচরণেতে যে সাবধান হওয়া, অর্থাৎ মান্য লোকদের মধ্যে প্রচলিত স্বেক্ছাচার-হইতে যে নিবৃত হওয়া, তাহা সর্ব্যাধারণের হাস্যাস্পদ। সে আরও কহিল, পরাজমি ও ধনবান্ ও জ্ঞানবান্ লোক-দের মধ্যে অতি অপ্প লোক তোমার মতাবলহী হইয়াছে, আর বাহারা হইয়াছে, তাহারা না জানি কাহার কর্ক্ক মুক্তিয়া পাগল হইয়াছে, এই জনো অবিনিত বস্তুর আন্দান্ত সর্বস্থের হানি স্থীকার করিয়াছে। অন্য যত লোক হারক হইয়াছে, ভাহারা প্রায় সকলে নির্থন ও নীচ ও অক্তান লোক, বিশেষতঃ পদার্থবিদ্যাতে মূর্য। এই প্রকার অনেক ২ বিষয়দারা সে আমাকে প্রায় নিজ্জর করিল, বিশেষতঃ কহিল, লোকেরা যে আর্জ্রচিত হইরা রোদন পূর্বক ধর্মোপদেশ প্রবণ করে, পরে বিলাপ করিতে ২ ঘরে আইসে, এ তাহাদের বড় লক্ষার বিষয়। এবং প্রতিবাসি লোকদিগের কাছে ক্ষুত্র দাবের ক্ষমা প্রার্থনা করা, এবং কোন দ্রব্য এক বার হরণ করিয়া আর বার কিরাইয়া দেওয়া, ইহাও মানুবের অভিশয় লক্ষার বিষয়। তাহা ছাড়া সে আরও কহিল, বে ঐ ধর্মা গ্রহণ করিতে গেলে কতক গ্রেলন ক্ষুত্র দোবের নিমিতে, (অর্থাৎ যে দোব সে অন্য ২ নাম দিয়া নির্দোষ রূপে বর্ণনা করিল, এমন দোবের নিমিতে) ভাগ্যবান্ লোকদের মিত্রভা ত্যাগ করিয়া ইতর লোকদিগকে সমাদর পূর্বক গ্রহণ করিতে হয়; অভএব এ সকলের পর মনুষাদিগের লক্ষার বিষয় আর কি আছে?

• খ্রীফীয়ান জিজ্ঞাদিল, ইহাতে তুমি তাহাকে কি উত্তর দিলা?

ঁ বিশ্বাসী কহিল, তাহা যদি আমাকে জিজ্ঞাসা করিলা, তবে বলি শুন। প্রথমতঃ তাহাকে কি উত্তর দিতে হয়, তাহা বিবেচনা করিয়া পাইলাম না, কেননা সে লাজুক আমাকে এমন অপ্রস্তুত করিল, যে একেবারে আমার মুখ মান হওয়াতে অতি বড় লজাতে প্রায় তাহার কাছে আমার হারি মানিতে হইল; কিন্তু অবশেষে আমি মনেং বিবেচনা করিয়া দেখিলাম, মনুষাদিগের মধ্যে যাহা উন্নত, জাহা ঈশরের দৃষ্টিতে খ্লিত; আরও ভাবিলাম, ঐ লাজুক আমাকে মনুষ্যের বিষয় জানাইতেছে, কিন্তু ঈশরের বিষয় জানাইতেছে, কিন্তু ঈশরের বিষয় জানাই আমাকে জানায় না। তিন্তি আমি বিবেচনা করিয়া দেখিলাম, মহাবিচারের

দিনে আমি যে অর্গ কি নরক পাইব, ভাহা এই জগতের দন্তকারি লোকদিগের আজ্ঞানুসারে পাইব না, কিন্ত সর্বোপরিস্থ ঈশবেরই আজাতে পাইব। অতএব ভা-विश्रा प्रिथिनाम, नेश्वत यादा करहन, छादाई छेउम; সমুদর জগতের লোক প্রতিকৃল হইলেও ডাছাই উভম থাকিবে। সেই ঈশ্বর আপনাতে অনুরক্ত ধর্মস্বভাব এবং পাপছইতে ভীত মনকে ভাল বাসেন; এবং স্বর্গরাজ্যের নিমিত্তে বে মনুষ্য আপনাকে মূর্ধ করে সেই পরম জানী; ध्वर श्रीकेटवर्षि महस्त्राक अल्लको श्रीकेटक श्रीमकाति मीन-शीन लाक धनवान, धारे २ विषय यमाश अमान इय उत्व হে \* লাজুক, ভূমি আমার নিকটহইতে দূর হও, কেননা ত্মি আমার পরিতাবের বৈরী। আমার সামির প্রতিকৃলে আমি কি ভোমাকে অতিথি করিব? তাহা করিলে তিনি ৰখন আদিবেন, তখন আমি তাঁহার মূখের প্রতি কি প্রকারে চাহিব? আর যদাপি এখন তাঁহার পথ ও ভূত্যদিগের বিষয়ে লক্ষিত হই, তবে কি প্রকারে তাঁ-হার আশীর্বাদের অপেকা করিতে পারি? এ কথা কহি-য়া আমি সেই "লাজুকহইতে পৃথক্ হইতে চেফা कत्रिमाम; किन्छ ভाই,- तम धर्मन निर्मञ्ज, त्य कान প্রকারে তাহার সভ এড়াইতে পারিলাম না। সে त्रकारि जामात शन्छा २ लाशिया तरिल, धवर धर्मा-চরণ সম্প্রীয় যে২ তুটি, ভাছার কোন একটা বিষয় बहेबा नर्समा आमात कार्ण २ कृत्र कतिया कहिएछ লাগিল। অবশেষে আমি তাহাকে স্পট কহিলাম, তো-মার এই সমস্ত বত্ন পণ্ডশ্রম, কেননা তুমি যে ২ বিষয় তৃচ্ছ कान कतिएकई, वामि छाराई छेउमे कान कति। धरे क्रटक काम करम थे विव्रक्तकाति वाक्टकत मन अए। ह-मानाः शहत जानि वहे द्याक गाम कतिरके वाणिनाम।

ইশবের আজাকারী বত দুঃধ পার।
বছবিধ সেই চুঃধ সহ্য নছে প্রায় ॥
পরাত হইরা পড়ি মোরা কোন কালে।
তার্নিতে প্নঃ প্নঃ ঘটে নে সকলে॥
অতএব ঘালী বেই হৈয়া জাগরুক।
পুকরত্ব দেই জন নিডা দেখাউক॥

আনন্তর "প্রীক্তীয়ান কহিল, হে ভাই, তুমি বে ঐ ছ্ফ ব্যক্তিকে সাহস পূর্মক প্রতিরোধ করিয়াছ, ইহাতে আ-মার আক্রাদ করিয়াছে। অবশ্য ভাহার নাম বিপরীভ হইয়াছে, কেননা সে এমন নির্মজ্ঞ বে পথের মধ্যেও আমাদের পশ্চাৎ ২ আসিয়া সর্মসাধারদের লজ্ঞাম্পদ করিতে, এবং উত্তম বিষয়ে আমাদের লজ্ঞা ক্লমাইতে চেটা করে। সে বদি নির্লজ্ঞ না হইত, তবে এরূপ করিতে কখন উদ্যত হইত না। সে বাহা হউক, আইস, আমরাও ভাহার চিন্ন বিপক্ষ হই, কেননা সে কাঁকজমক করিয়া কেবল মূর্যাদিনকৈ বিখ্যাভ করে। এ বিষয়ে " সূলে-মান রাজা কহিয়াছেন, যথা, জ্ঞানবানেরা সম্মানের অধি-কারী হয়, কিন্তু অজ্ঞানেয়া লজ্ঞাম্পদরূপে বিখ্যাভ হয়।

তাহাতে 'বিশাদী কহিল, বিনি পৃথিবীতে সভ্যভার পক্ষে বীরত্ব দেখাইতে আমাদিগকে আজা করিয়াছেন, ভাঁছার কাছে ঐ 'লাজুকের বিরুদ্ধে লাহাব্য প্রার্থনা করা আমাদিগের কর্তব্য বোধ হয়।

" খ্রীফীয়ান কছিল, ভাই, উত্তৰ কৰিয়াছ। ভাল, ঐ হলীর মধ্যে আর কাহারও বহিত ভোষার নাকাৎ হই-য়াছিল কি না?

তাহাতে ' নিৰাদী কহিল, না, আর কাহাকেও দেখি নাই, কেননা সূৰ্য্য থাকিতে ২ ঐ স্নীর অবশিত পথ এবং মৃত্যুকায়াস্থীর শেষ পথ্যন্ত আসিয়াছিলাম।

के कथात उपनक्ता " शैकीयान कहिएक नाशिन, करव ভোমার বড় মঙ্গল হই হাছিল; আমার সে রূপ হয় নাই। কলতঃ ঐ স্থলীর মধ্যে প্রবিষ্ট স্ট্রামাত্র সেই পাপাত্মা <sup>•</sup> আপলুয়োন নামক অসুরের সহিত আমার খোরতর युक्त र अशास्त्र कर्म कर्म अर्थास विनय रहेग्राहिन। चात्र रम यथन चामारक धरकवारत हुन कतिवात करना नीरह ফেলিয়া চাপিয়া ধরিল, তথন আমার এমন বোধ হইল रि निम्ह्य आयात थान लान किनना ता नमस्य आमात তলবারও হাতহইতে খলিয়া পড়িয়াছিল, তাহাতে সে কহিল, কেমন ? এখন তোকে পাইয়াছি? কিন্তু আমি ঈশবের নিকটে প্রার্থনা করিলে তিনি আমার কাত-রোক্তি শুনিয়া সমস্ত ছুঃখহইতে আমাকে উদ্ধার করি-লেন। পরে আমি মৃত্যুদ্বায়াস্লীতে প্রবিষ্ট হইলে রাত্রিতে অর্দ্ধেক পথ আসিতে হইল; ভাহাতে অত্যন্ত অন্ধার প্রযুক্ত আমার এমন বোধ হইল, যে বুঝি এ বার প্রাণ হারাইলাম; কিন্তু খেবে প্রভাত হইলে আমি সূর্য্যের আলোতে অবশিষ্ট পথ স্বচ্ছদে গমন করিলাম।

## ३२ व्यक्षात्र।

অপর আমি সংগ্ন দেখিলান, তাহারা উভয়ে এই রূপে কথোপকখন করিতে ২ হাইতেছিল, ইতোমধ্যে "বিখানী হঠাৎ পথের পার্ষে দৃটিপাত করিয়া দেখিল, কিঞ্ছিৎ দূরে " বাচাল নাক্ষ এক ব্যক্তি চলিতেছে, তাহাকে নিক্ট অপেকা বরং দূরে সুদ্দর দেখা যাইত। তাহার সহিত "কিল্লী এই রূপে কথায়ার্ডা আরম্ভ করিল।

্ৰাৰ্থ্যতঃ "বিশ্বাসী কিজাসা করিব, হে বন্ধো, ভূমি শ্ৰেৰ্থায় বাইভেছ? কৰ্মীয় য়াজখানীতে মাইবা নাকি? ভাহাতে <sup>\*</sup> বাচাল কহিল, হাঁ ভাই, সেই স্থানেই বাইতেছি।

° বিশাসী কহিল, বড়ই মঙ্গল, তবে অনুগ্রহ করিয়া আমাদেরই সঙ্গে গ্রম কর।

তাহাতে <sup>\*</sup> বাচাল কহিল, ভাই, ভোমাদের সন্ধী হইতে আমার বড় সন্ধোব।

"বিশ্বাসী কহিল, ভবে চলিয়া আইস, আমরা একত্র গমন করি, ও বাহাতে আখাদের হিত জন্মে, এমন বিষয় ধরিয়া পরস্পর কথোপকথন করিতে ২ বাই।

তাহাতে বাচাল কহিল, দেখ ভাই, ভোমার সহিত কিবা আর কাহারো সহিত বা হউক, হিডজনক কথোপকথন আমি বড় ভাল বাসি, এবং এরপ সন্নালাপি লোকের সহিত বে সাক্ষাৎ হইরাছে, ইহাতেও বড় সন্তুট হইলাম। কেননা আমি ভোমাকে বথার্থ কহিতেছি, অসং বিষয়ের কথোপকথন করিয়া কালকেপ করে, এমন আনক লোক মিলে, আর সেই প্রকার অনর্থক আলাপ আমার অনেক ছৃঃখের কারণ হইয়াছে। কিন্তু বাতাতে হিডজনক কথাবার্ডা কহিয়া কাল যাপন করে, এমন লোক অতি অপ্প এবং তুর্লভ।

\* বিশ্বাসী কহিল, এরপ লোক বে অতি অণ্প, ইহা বড় ছঃখের বিষয়, বেহেতুক স্বর্গের এবং ঈশ্বরের বিষয় অপেকা এই সংকারেতে জিল্পার শ্রমবোগ্য আর কোন্ বিষয় আছে?

ভাষাতে <sup>†</sup> বাচাল কৰিক, ভোষাতে আমার বড় প্রীতি জন্মে, কেননা ভোষার বাক্য সকলি সঞ্চমাণ। এ বি-বরে আমি আর এক কথা কহিছে পারি, ঈশ্ববিষয়ক কথাবার্ডা অপেকা অধিক সুখন ও লাভজনক আর কি আছে? অর্থাৎ চমৎকার বিষয়ে বাহার সন্তোব জন্মে, ভাষার পক্ষে ইয়া অপেক্ষা অধিক মনোহর আর কি?
বিশেষতঃ পূর্বকালের ইতিহাস ও নানা ঘটনার গুপ্ত
বৃজাপ্ত এবং অনুত ক্রিয়া ও আশ্চর্য্য লক্ষণ ইত্যাদি
বিষয়ের কথাবার্তাতে যাহার আমোদ জল্ম, সে যেমন
ধর্মপুস্তকের মধ্যে এই সকলের উত্তম রচনা পায়, তেমনি
আর কোধায় পাইতে পারিবে?

ী বিশ্বাসী কহিল, হাঁ, তুমি যাহা কহিতেছ, তাহা সত্য বটে, কিন্তু ঐ সকল কথোপকথন যেন আমাদের হিত-জনক হয়, ইহা আমাদের প্রধান কার্যা।

বাচাল কহিল, আমিও সেই কথা কহিতেছিলাম, কেননা ঐ বিষয়ের কথাবার্ভা সর্বাপেকা হিতজনক। তদ্ধা-রা মনুষ্যেরা জনেক বিষয়ের জ্ঞান পাইতে পারে, বিশে-ৰতঃ ঐহিক বিষয়ের অসারতা এবং স্বর্গীয় বিষয়ের উৎ-কৃষ্টতা জানিতে পারে। ইহা আমি সামান্যরূপে কহিলাম, কিন্তু বিশেষ করিয়া কহিতে গেলে লোকেরা নৃতন জন্মের আবশ্যকতা, এবং নিজ সংক্রিয়ার নিক্ষলতা, ও খ্রীষ্টের পূণ্যে আমাদের প্রয়োজন, ইত্যাদিও জানিতে পারে। তান্তির অনুতাপ ও বিশ্বাস ও প্রার্থনা ও সহিষ্কৃতা ইত্যাদি যে কি প্রকার তাহাও তাহারা জানিতে পারে। আর আপনং সাজ্বনার নিমিত্তে মন্ধ্রলসমাচারের গুরুতর অসীকার ও প্রবোধকথা যে কি প্রকার, ইহাও সৃশি-ক্লিত হইতে পারে। তাহা কেবল নয়, কিন্তু মিধ্যা মত খণ্ডন ও সত্য মত স্থাপন করণে এবং মূর্খদিগকে শিক্ষা দেওনে সমর্থ হইতে পারে।

ঁ বিশ্বাসী কহিল, ও ভাই, তুমি বাহা কহিতেছ, সে সকলি সভ্য, অভএব ভোমার মুখহইতে এই সকল শুনিয়া আমি বড় আহ্বাদিত হইতেছি।

ভাহাতে \* বাচাল কহিল, এই ঞ্চকার কথাবার্ডার

আকাৰ প্ৰযুক্ত অনেকং লোক অনত জীবন পাইবার নিকিছে বিশাস বে প্রয়োজনীয় এবং মনোমধ্যে আমুগ্রহের কর্ম বে আবশ্যক, হইা না বুরিয়া মূর্যের মন্ত কেবল ব্যবস্থানুযারি কিয়া অবলহন করে, নুতরাং স্থায় রাজ্য পাইতে পারে না।

\* বিশাসী কহিল, মহাশারের অনুমতি পাইলে আমি একটি কথা কহিব। এই সকল পারনার্থিক বিষয়ের আন কেবল ঈশারদত, কলতঃ মনুব্যের বসুধারা কিয়া কেবল কথাবার্ডাদারা কেহ ভাহা পাইতে পারে বা।

"বাচাল কহিল, জাহা স্থানি বিলক্ষণরূপে স্থানি, বেছে-তুক স্থাইইতে বাহাকে বাহা দত হয়, ভাহা বিনা বে আর কিছু গ্রহণ করিতে পারে না: স্কলি অনুপ্রহেডে হয়, কর্মাইইতে কিছুই নয়; এ কথা মৃচ্ করণার্থে স্থানি ধর্মাপৃস্তকহইতে শত ২ প্রমাণ দিতে পারি।

° বিশাসী কহিল, ভাল, তবে এই সময়ে আমরা কোন্ বিষয়ের কথোপকখন করিব ?

"বাচাল কহিল, ভূমি ভাহা খির কর। কি স্থর্ম কি
পৃথিবী, কি ব্যবহা কি মঞ্জনমাচার, কি পরিত্র বিষয় কি
নামান্য বিষয়, কি ভূতকাল কি ভাবিকাল, কি পরদেশ কি স্থান্দ, কি নিজ্ঞা বিষয় কি নৈমিজিক বিষয়, বে কিছুহইতে আমানের হিভেন্ন সন্তাবনা, ভাহারই কথোপকথন
ক্রিতে আবি প্রস্তুত্ত আহি।

के क्या क्षित्रा "विकाली एजरक्छ हारेका। अवर "बी-क्षित्रान एकन्छ शर्यक्र व्यान शर्यक् अकाकी वयन कडारक "विकाली काराह निकरण शित्रा बीरदार करित्र, क्ष्य, व्यानता क्षित्रन क्षानक्ष्य मधी शास्त्रहर्ष व्यानमा से वाकि नर्या-क्षा वाकिक रहेरन।

া জাহাতে "বুটিনান কর্ম হাত করিয়া কহিল, ক্ষম, কৃষি বাহার ক্যাতে এবত সম্ভূম হুইরাছ, ল নাজিচক কাহারা না জানে, উহার জিল্লা এনন বিংশতি জনকে ভুলাইতে পারে।

পৰিখাসী কহিল, তবে কি ভূমি ভাহাকে চিন?

- খ্রীফীরান কহিল, হাঁ, নে ঘেষন আগনাকে চিনে, ভদপেকাও অধিক আমি ভাহাকে চিনি।
  - \* বিশাসী জিজাবিল, তবে সে কেটা ?
- " বীভীয়ান কহিল, সে আমাদিগের নগরবাসী; তাহার নাম " বাচাল, তুমি ভাহাকে চিল না এ তো বড আশ্চর্য। বোধ হয় আমাদের নগর অভি বৃহৎ প্রযুক্ত সকলে সক-লকে চিনে না।
- \*বিশাসী জিজাসিল, ডবে সে কাছার পুত্র? এবং দগরের কোন পাড়াডে বসতি করে?
- "খ্রীফীরান কহিল, সে "সুভাবির পূক্ত, এবং "গণ্প নামক গলিতে বাস করিত। আর বত লোক ভাচাকে চিনে, ভাহাদের মধ্যে সে "গণ্পগলির "বাচাল নামে এসিজ আছে। সে সুবক্তা বটে, কিন্তু সুধার্মিক নর।

ভাহাতে "বিশানী কহিল, ভাহাকে তো সুমনুব্যের মত দেখা বার।

শুনিনীয়ান কহিল, বাঁ, বাহারা তাহাকে ভাল রূপে
চিনে না, তাহাদের কাছে নে অভি সুলররূপে দৃষ্ট হয়
ঘটে, কিন্তু নে আপন গৃহে অভি ক্যাকার। তুবি ভাহাকে
ভাল বানুব কহাতে আনি এক চিল্লকরের কর্ম দেখিল যায়া বিচার করিয়াহিলাম, ভাহাই এখন আনায় মানে
শড়িল। মুরে দাঁড়াইলে ঐ চিল্লকরের ছবি সুলার ক্রেমার,
কিন্তু বিকটে আইলে অভি ক্যাকার বোধ হয়। ঐ শান্তিক্রেমান কিন্তু ভাহারি নত জানিবাঃ

ি 'বিধাসী কৰিল, জুৰি হাগিতেই; বোধ হয় জোনায় লোগ ঠাতাবাৰ। ু, ভাহাতে "বুলিনান কহল, আমি দ্বদ্ হাসিয়াহিলাম সে সতা, কিন্তু দ্বার এমন না করন যে আমি এমত বিবয়ে ঠাটা করি, কিয়া অবধার্ত্তরে কাহারো অপবাদ করি। সে বাহা হউক, ঐ ব্যক্তির বে রূপ চরিত্র ভাহার কিঞ্চিৎ ভালিরা বলি, শুন। ঐ ব্যক্তি সকলের সঙ্গে লর্ক্ত প্রকার কথাবার্তাতে পারক। ভোমার ফহিত এখন বেমন কথাবার্তা কহিল, তেমনি শুলিকালয়েও বসিয়া কহিতে পারে, এবং ভাহার মুখমধ্যে যত যায় বায়, আর বার তত্ত বাক্তা মুখহইতে নির্মাত বন্ধ, কিন্তু ধর্ম বে ভাহার অন্তঃকরণে কিয়া ভাহার গৃহে স্থান পার এমন নয়। ভাহার ধর্ম কেবল জিল্লায়ে থাকে, সে শক্ষাড্ররমাত্র।

তাহাতে <sup>\*</sup>বিশানী কহিল, এমন বটে? তবে স্থানি ভাহার বিবরে বড় জান্ত হইরাছি।

" প্রীফীরান কহিল, আছ, বটে, তাহাতে সন্দেহ কি?
এই শান্ত্রীর বচন তুনি স্মর্থ কর, বধা, তাহারা বলে, কিছ
করে না; আর ঈশরের রাজত্ব কথাতে নর, কিছ কনভাতে। আমি বিলক্ষণরূপে জানি, ঐ " বাচাল প্রার্থনা ও
মনঃপরিবর্তন ও বিশ্বাস ও নৃতন জন্ম বিষয়ে কথাবার্তা
কহিতে পারে; কিছ সে কথামান্ত। কেননা আমি তাহার শরে গিয়া দেখিয়াহি, তাহা কেবল নয়, বাহিরেও
ভাষাকে দেখিয়াহি। ভিত্তর কর্মা মেনল স্থাদরহিত, তাহার শর তেনলি মর্মার্মহিত। ভাহার মন্তে প্রার্থনা নাই,
কর্ম প্রাণনিনিত্ত প্রমুভাগের ভিত্তক লাই। ঐ ব্যক্তি
অন্যেকা বাহে পভরা ঈশরের বেবা ভালত্রপে করে। অধিক
কিং ক্রিন । শাহারা জ্যাহার হরিত্র জাবেন, তাহানের
ভৃতিতে সে ধর্মের কলক ও নিন্দা ও জ্যালনক; প্রানের
ক্রেপ্রান্ত কেব বার করে, বেখানে ক্রাহার নিনিতে ধর্মের
প্রথংসাও কেব সহ্য করে না। বিশেষতঃ সামান্য লোভ

त्वेदी कालाव विवदक और कवा करूक, के रवर्ष, परत लक्षका-त्वत्र परम, क्रमाज मेंबारब्रत मात्र।' क्षांत्र वरे जनम क्या त्व मजा, देवा जारमा क्रमें में मिनाया से ७ भारत, विरम्बन्धः দাবল্পনের অভি ভাষারঃ লালাপ ও ব্যবহার এমন কর্মশ ७ विकार व कि क्रम क्याँ ७ वाकाबाबा छावादक मछ्छ করিছে হয়, বালেরা ভাষা ছির করিছে পারে না। আর শ্বাহারা ভাহার সহিত ক্রনার্যক্রিয়াহে, ভাহারা ৰলে, ইহার অংপকা বরং মোলন লোক্ডবর সহিত ব্যব-माम क्या खाँक, रक्तमा' बद्धः क्थन १ छ।शारकत मोजना দেবা বার। এই "বাচাল সাধ্য হইলেই পরের প্রতি অন্যায় ও আক্ষমা ও গৌরাছ্যা ব্যবহার করে। আর তা-श्रात मखानिकराक स्व जालन ममूर्ण कतिएउ निका रमग्र, जाहाट या जाहात्मत मधा काहात्मक वार्यक कीक स्टेटल साम्यः व्यर्गात मुग्न मध्यत्र काम विस् स्मर्थः, जस्य ভাষ্যকে সুর্ব ও পারল বলিয়া স্বার কোন কার্যের ভার क्षक मां, भोवर प्रदेशक शाकारक कार्यात प्रामेश्या चाप কলে বান 'লে বাহা হউক, জাবাদ্ধ বোধ হয় ঐ ব্যক্তিয় **চুউডাহারা জানেক-লোক উছোট বাইরা পতিত হই-**प्राप्तक, अवर केश्वत विकि छाड़ा निवाहक ना सरहम, छरव रम माध्या चटनएकत्र खाननाटचत्र रहाकु स्टेटन ( '

শীকালী কহিল, ওছে জাই, তোনার কথার আমার অভান করা। উচিত, কেননা তুনি তাহাকে চিন, এবং খুনি ক্রীকালের কর্ত্তবানুলারে মনুবানিগের বধার্থ বর্ণনা করিলে বাক। জুনি বে উহার হিংলার নিনিজে এই বিষয়কালি ভেছা, আলার এখন বেকি হয় না, বরং বাঁহা লতা ভারাই মতিনুক্তিকা, ইহা জানিকা এই ক্লা কহিতেই।

ক্ষিতীয়াৰ কৰিল, ভূমি ভাহায় বাহা লান, অংশিত কৰল ভাহা লামিভান, ভবে বোগ হয়, ভাহায় বিৰয়ে কোনার গত বিচার করিকান। জার বাহারা বর্ণের বিপক্ষ, কেবল ভাহানিক্ইকে বল্লাপ । জার বাহারা বর্ণের বিপক্ষ, কেবল ভাহানিক্ইকে বল্লাপ । কালা কালাল কালাল, কেবল ভাহানিকিই জাল নানুমনিকের বারং আন্তাতি করে। কিছা পুর্বোক্ত কাল বানুমনিকের বারং আন্তাতি করে। কিছা পুর্বোক্ত কলাল কোনে এবং ভাহার কালাল বৃণার্হ জন্যাল্য । জানেক লোক বোকে বাই ব্যক্তি বে মোনী জানে, ইয়া জানিক্ষকের জানি, এবং ভাহার কালালও দিতে পারি। জান্ত বে সকল বার্লিক লোক ভাহাকে চিলে, ভাহাকের মধ্যে বিষ্
তাহাকে জাতা কি বন্ধু বলিয়া লাখেবন ক্যিতে চাহে না।

ঐ কথা শুনির। <sup>\*</sup> বিশাসী কহিল, ভাল, জারি দেখি-তেছি, কহা এবং করা এ বুই ভিগ বটে; এবং ইহার পরে আমি এই প্রতেবে ভাল রূপে মনোবোগ করিব। .

পুরিনীরান কহিল, লে দুই বটে। বেসন পরীর ও আগ পরকার ভিন্ন পরার্থ, তের্মান লে সুই ভিন্ন ২ আছে। আর আগহীন পরীর নেমন মৃত দেহমান, কাহাছীন কথাও তেসলি মৃত দেহমান। ধর্মের আধানাংশ সদাচরুল। এ বিষয়ে ধর্মাকুছকে লিখিত আছে, বধা, "ক্লেশ মগ্ন পিতৃ-নাতৃহীনদের ও বিষয়াগণের বে ভবাবধারণ করা, এবং নংসারহইতে আপনাকে লিছালকরণে রক্ষা করা, ভাছাই স্থারের পরিষ, ও নির্মাণ ভক্তি।" এ বিষয় "বাচাল জানে না, এ কার্মণ লে ব্যাধ করে, বে প্রান্ধ ও কথম এই মুইলেতে ভক্তমন হইবেই উক্তম " শুভিন্নিক্তের। এই রুলে আপ্র-কার বন্ধক ভুলার। প্রমাণ এক প্রকার বিজ্ঞান মূননের নার। এ বীলা বে ক্লিকেল্যুকে ও কাচারণে সকল ছইয়াছে, ইকার থানাল বাল্যমারা হল না। আরা বিচারদিনে বিচার-করাং ক্লুক্তমিন্ত ক্লাকন্ত কর্মানুসাহর বিচার করিবেন, ইহাও মনে নিশ্চয় করা আমাদের উচিত। জুমি বিখাল করিরাছিলা কি লা? বিচারকর্তা এবজ কথা কিজাসা না করিরা, জুমি কর্ত্য করিয়াছিলা কি না? ইহাই জিজাসা করিবেন, আর তদনুসারে মনুব্যকে প্রতিকল দিবেন। ধর্মাপুতকে খল্য কাইলের সময়ের সহিত বুগান্তের তুল-না দেওরা বিয়াছে: আরু জুমি জান, খল্য কাইনের সময়ে লোকেরা কেরল কলের অপেকা করে। যে কোন কর্ম বিখাসমূলক নর, তাহা গ্রাহ্য হইতে পারে না,ভাই। আমি জানি, কিছ বিচারদিনে বাচাজের ধর্ম নিভান্ত তুহীকৃত হইনে, ইহা গাল্ড করণার্থে এই সকল কহিয়াছি।

ভাষাতে "বিশাসী কহিল, এই কথা উপস্থিত হওয়াতে "মূমা বে চিক্কারা শুচি জন্ধর বর্ণনা করিয়াছিল,
তাহা এখন জামার মনে পড়িল। সেই চিক্ক এই, বে জন্ত
বিশণ্ড জুরবিশিন্ত এবং জাওর কাটে সে শুটি; কিন্ত
জাওর কাটে না, কিয়া বিশণ্ড জুরবিশিন্ত নহে, এমন জন্ত
আশুটি। ইকার উদাহরণ শশক; সে জাওর কাটে যটে,
কিন্ত ভাহার কুর বিশণ্ড নহে, এ জনো সে অশুটি। আমি
"বাচালকেও ভেমনি দেখিতেছি। সে জাওর কাটে, অর্থাৎ
জানের চেকায় কিল্লে; এবং বাকারপ খালা চর্মণ করে;
কিন্ত সে বিশণ্ড জুর বিশিন্ত নহে, অর্থাৎ পাপিদের
পথহুইতে ভিন্ন বহে; শশকের ল্যায় সেও কুরুরের কিবা
ভল্লকের নদৃশ চরণ্রিশিন্ত, এই কল্ফে অশুটি আহিছ।

ভাষাতে "পুটিয়ান কৰিছ, বোধ বন্ন, তুমি সুসমা-চারালুসারে ঐ কথার প্রেক্ত কর্ম করিবাছ। তাল, ঐ রূপ বাচালনিগের বিবরে "পোল করেন বে চোহারা শক্ষারক প্রিক্তল ও নিনাদি তেরীস্বরূপ, এবং আর এক স্থানে তা-স্থানিগকে নিস্পাধ বাদ্যবন্ত করেন। তাহারা নিস্পাধ, স্লাম্থিং সুসনাচারালুধারি সভ্য বিশাসং ও অনুপ্রহর্মিত। আভাবৰ বদাপি তাহারা বাদ্যবন্ত্রের কিবা অর্গদৃতের ন্যার বিউ ভারে বজুতা করে, ভবাপি অর্গরাজ্যে জীবনা-বিকারি লোকদের সহিত-কোন প্রকারে বৃদ্ধ করিছে পাইবে না।

ভখন <sup>\*</sup> বিশাসী কহিল, ভাহার আলাপে আমি এবনে বেমন সন্ধৃত ছিলাম, এখন ভদতপক্ষাও অধিক বিরক্ত হইলাম। অভএব সম্পৃতি আবরা কি প্রকারে ভাহার সক্ ছাড়াইতে পারি?

শুরীফীয়ান কহিল, ঈশর বদি তাহার মন আকর্ষণ করিয়া না কিয়ান, তবে তুনি আনার পরামর্শ শুনিয়া তদনুসারে কর্ম করিলে সে তোমার সহিত আলাপ করিতে বিরক্ত হইবে, ইহা অতি শীঘু জানিতে পারিবা।

তখন \*বিশাসী কহিল, ভবে আমি কি করিব? তোমার পরামর্শ কি?

তাহাতে পুথিটীয়ান কৰিল, তুমি তাহার ঝুছে গিয়া ধর্মের কল বিবন্ধে দৃঢ়তর একটা প্রসঙ্গ উপস্থিত কর, তাহাতে দে ঐ প্রসঙ্গে সন্মত হইবে, ইহার সন্দেহ নাই; সন্মত হইলে পর ঐ কল তাহার অন্তঃকরণে ও গৃহে ও আচার ব্যবহারে প্রকাশ পার কি না, ইহা তাহাকে লপ্ট জিজ্ঞানা কর।

- ্ এই রূপ বস্ত্রণা পাইয়া <sup>®</sup> বিশাসী পুনর্বায় অগ্রসর হইয়া "বাচালকে কহিল; আইল ছাই, এখন কেমম আছ ?
- া বাচাল কৰিল। তোৰায় অনুপ্ৰহে আনি ভাল আছি। আনি ভাৰিভেছিলাৰ, এড কণ একত থাকিলে আমাদের অনেক ২ কথাৰাৰ্ডা হইতে পানিত।
- \* বিশ্বাসী কহিল, 'জোলার যদি' ইন্ছা হয়, তবে এই জনে কেন ভাহা হউক না? ভূবি আলে আনাকে কোন আন উপস্তিত করিছে অনুসতি দিরাছিলা, এই জনো

আমি এই প্রশ্ন করি, পর্যেশরের ত্রাণজনক অনুগ্রহ মনুব্যের মনেতে প্রবেশ করিয়া কি প্রকারে প্রকাশ পায়?

তাহাতে বাচাল কহিল, এই প্রশ্নের উত্তরে ধর্মের ফল বিষয়ে কথা কহিতে হয়, ইহা দেখিতেছি। ভাল, এ অতি উত্তম প্রশ্ন, আমি ইহার উত্তর দিতে প্রস্তুত আছি। অতএব সংক্রেপে আমার উত্তর শুনিতে আজ্ঞা হউক। প্রথমতঃ ইশ্বের অনুগ্রহ অন্তঃকরণমধ্যে প্রবিষ্ট হইলে তাহাদ্বারা পাপের বিরুদ্ধে তথায় বড় কলরব জন্মে; দ্বিতীয়তঃ।

এই অবকাশে "বিশ্বাসী কহিল, দ্বিতীয় কথা এখন থা-কুক; অগ্রে প্রথম কথার বিবেচনা করি। বোধ হয় তুমি যাহা বলিলা, তাহা অপেকা বরং ইহাই বথার্থ, যে ঈশ্বরের অনুগ্রহদ্বারা নিজ্পাপের প্রতি মনের অতিশয় ঘূণা জয়ো।

\*বাচাল জিজাসিল, কেন? পাপের বিরুদ্ধে কলরব, এবং পাপ্লের প্রতি ঘৃণা, এ ছুইয়েতে প্রভেদ কি?

শবিশাসী কহিল, আঃ, অতি বড় ভেদ আছে; কেননা মনুষ্যেরা কাপটাভাবে পাপের বিরুদ্ধে কলরব করিতে পারে, কিন্তু ঈশ্বরদন্ত ধর্মাস্থভাব না পাইলে কথন পাপ-কে খুণা করিতে পারে না। বাছারা অন্তঃকরণে ও বাটার মধ্যে এবং আচার ব্যবহারে পাপ ভাল বাসে, ভাহারাই ধর্মোপদেশ দেওন সময়ে পাপের বিরুদ্ধে কলরব করে, এমন শতং লোককে দেখিয়াছি। যুবকের যে কলী তাহার সহিত ব্যভিচার করিতে চেন্টা করিয়াছিল, সেও ধর্মিটার ন্যায় উলৈঃশ্বরে চেঁচাইয়াছিল। দেখ, যেমন কোন হ জ্রীলোক আপন কোলের বালকের সহিত কলছ করিয়াই ভাহাকে ছন্ট ছরস্ত বলে, কিন্তু আর বার তথনি ভাহাকে আলিকন করিয়া মুখচুমনাদি করে, তেমনি কোন ব্যক্তি পাপের আতি ব্যবহার করে।

<sup>\*</sup> বাচাক তাহা শুনিয়া কহিল, আমার বোধ হয় তুমি কথার ছল ধরিতেছ।

\* বিশাদী কহিল, না, আমি কেবল ঐ সকল বিষয়ে
যথার্থ প্রবাধ জন্মাইতে ইচ্ছা করি। ভাল, সে যাহা
হউক, মনের মধ্যে অনুগ্রহের কার্যা আরম্ভ হইয়াছে,
ইহার যে দ্বিতীয় লক্ষণের কথা বলিতে চাহিয়াছিলা,
ভাহা কি?

তাহাতে "বাচাল কহিল, সুসমাচারের নিপৃঢ় বিষয়ের যে সম্যক্ জ্ঞান তাহাঞ্জ অনুগ্রহের বিতীয় লক্ষণ।

\* বিশাসী কহিল, তোমার ঐ লক্ষণ আপে কহা উচিত ছিল। ভাল, প্ৰথমে কছ বা শেষেই কছ, সে মিখ্যা, কেননা অন্তঃকরণে অনুগ্রহের কার্য্যের লেশমাত্র না থাকি-লেও কোন ২ মনুষ্য সুসমাচারের নিগৃঢ় বিষয়ে অভিশয় জ্ঞানবান্ হয়। আর কোন ২ লোক স্র্র প্রকার নিগৃঢ় কথাতে ও সর্বা প্রকার বিদ্যাতে পারদর্শী হইলেও কিছুর मत्था भना एक मा, मुख्द्रांश नेबाद्रत मखानक्रांभ विशाख হইতে পারে না। দেখ, তোমরা এই সকল জান কি না? খুীত শিষ্যদিগকে ইহা জিজ্ঞাসিলে যখন ভাহারা কহিল, হাঁ, প্রভো, জানি; তথন ডিনি কহিলেন, তরে ভাহা করি-লে ধনা হইবা। অতএব তিনি জাতাকে ধনাবাদ না দিয়া **क्विम कर्म्मकडीटक धनावामः मिट्यन। क्रिमात्रहिक धक** প্রকার জ্ঞান আছে, ইহা আমরা নিশ্চর জানি। ধর্মপৃত্তক বলে, যে দাস আপন: প্রভুর আজা জাত হইয়াও তদনু-সালে কর্ম করে না, সে অনেক প্রহার পাইবে। বিবে-চনা করিয়া দেখ, মনুব্যেরা স্বর্গীয় দূতের ন্যায় জ্ঞানবান্ হইতে পারে, কিন্ত তাহাতেই খ্রীফীয়ান হয় না। অত-ध्व छामात्र छक्क धरे वक्क मछा नम्र । कार्यारीन खादन বাচাল ও গর্মি লোক সভাট হয় বটে, কিছ ঈশ্বর তা-

লাতে তুই না হইয়া আচরণেতেই ভুই হন। জ্ঞান বাজি-রেকে অন্তঃকরণ শুদ্ধ হইতে পারে এমন নয়; জ্ঞানহীন যে অন্তঃকরণ সে মন্দা কিন্তু নিক্ষল ও সফল চুই প্রকার জ্ঞান আছে। সফল যে জ্ঞান, তাহা বিশ্বাস ও প্রেমযুক্ত, এবং ঈশ্বরের ইচ্ছানুসারে চলিতে লোকদের মনে প্রবৃত্তি জ্মায়। বাচালেরা নিক্ষল জ্ঞানেতে সন্তই হয়, কিন্তু সত্য খুইতীয়ান সফল জ্ঞান না পাইলে কখনো সন্তই হয় না। তাহার প্রার্থনা এই, হে ঈশ্বর, আমাকে জ্ঞান দেও, তাহাতে আমি তোমার শাস্ত্র মানিয়া স্কান্তঃকরণের সহিত তাহা পালন করিব।

ী বাচাল কহিল, তুমি আর বার কথার পেঁচ ধরিতেছ, ইহা নিষ্ঠাজনক নহে।

ভাষতে <sup>\*</sup> বিশ্বাসী কহিল, যদাপি তোমার ইচ্ছা হয়, তবে ঈশ্বরের অনুগ্রহ মনুষ্যের অন্তঃকরণে কি প্রকারে প্রকাশ পায়, তাহার অন্য একটা লক্ষণ দেখাও।

তাহাতে \* বাচাল কহিল, না, আমি তো তাহা পারিব না, কেননা সে বিষয়ে আমাদের পরস্পার কথন ঐক্য হইতে পারিবে না, ইহা আমি জানি।

\* বিশ্বাসী কহিল, ভাল, তুমি যদি না দেখাও, তবে আ-মাকে দেখাইতে বল।

\*বাচাল কহিল, সে ভোমার ইছা।

তাহাতে বিশ্বাসী কহিতে লাগিল, তবে আমি ক্রিপ্র শুন। বাহালে নের মধ্যে অনুগ্রহের কার্য্য আরম্ভ ইইন্সাই, তাহার অভি এবং ভাহার নিকটবর্তি লোকের আভি সেই কার্য্য প্রকাশ পার।

তাহার প্রতি যখন প্রকাশ পায়, তখন দে যে পাপী এবং স্বভাবতঃ ঘৃণার্চ এবং অবিশাসদোবে দোবী, সূত্রাং ক্রীন্ত খুীতেতৈ বিশাস করণছারা ঈশবের অনুগ্রহ প্রাপ্ত

না হইলে তাহাকে মরকে যাইতে হইবে, তাহার এমন নিশ্চয় বোধ হয়। এই রূপ জ্ঞানোদয় হইলে পাপবিষয়ে ঐ ব্যক্তির খেদ ও লক্ষার উৎপত্তি হয়। তদ্তিম সে আরো प्रत्य, य त्करन " यी अ श्रीके कशरू जानकर्डा, आत তাঁহার আশ্রয় না লইলে কোন রকা নাই। এই রূপ জ্ঞা-নের উদয় হইলে পর "খুীন্টের প্রতি তাহার আন্তরিক ক্ষা ও ভৃষণ জন্মে। ঐ প্রকার কৃষিত ও ভৃষিত ব্যক্তির প্রতি ঈশ্বরের অঙ্গীকার প্রকাশিত আছে। তদবধি ত্রাণ-কর্তাতে তাহার বিশ্বাস বৃদ্ধি কিয়া হ্রাস পাইলে তাহার ञानक ও नास्ति ও धर्मानुतान धरः बानकडारक कानियात ও যাবজ্ঞীবন তাঁছার সেবা করিবার ইচ্ছা, এই সকলও বৃদ্ধি কিয়া হ্রাস পায়। কিন্ত অনুগ্রহের কার্য্য তাহার অতি এই রূপ প্রকাশ পায়, ইহা সতা হইলেও সে ব্যক্তি সর্বাদা ভাছা নিশ্চয়ক্লপে জানিতে পারে না; বেহেতৃক এই জগতে তাহার কৃষভাব ও কুরুদ্ধি প্রযুক্ত সে সেই বিষয় ভালরূপে নিশ্চয় করিতে অসমর্থ। অত-এব ঐ কার্য্য যে অনুগ্রহের ফল, তাহা নিশ্চয় জানি-বার জন্যে তাহার সন্ধিবেটনার আবশ্যকতা আছে।

অনুগ্রহের কার্য যখন নিকটবর্ত্তি লোকদের প্রতি প্রকাশ পার, তথন এই কএকটি লক্ষণদ্বারা প্রকাশ পার। প্রথমতঃ দে ব্যক্তি যে মন দিয়া "খ্রীটেতে বিশাসী হইয়াছে, ইহা শ্রীকার করে। দ্বিতীয়তঃ এই রূপ স্বীকার করিলে পর্যভাবর ধর্মাচরণদ্বারা, বিশেষতঃ আন্তরিক ধর্মাস্বভাবদারা, আর গৃহস্থ হইলে পরিজনগণের মধ্যে ধর্মাপ্রতিপালনদ্বারা, এবং সাংসারিক লোকদের সহিত ধর্মাময়
জাচার ব্যবহারদ্বারা ভাহার স্বীকৃত কথা সপ্রমাণ হয়।
এতস্থিত্ব সে অন্তঃকরণের সহিত পাপকে ঘূণা করে, এবং
পাপের জন্যে আপনাকেও স্থা করে, এবং পরিবারের

মধ্যে পাপ দমন ও জগতের মধ্যে ধর্ম বৃদ্ধি করণের
নিমিত্তে সমাক্ ইচ্ছাপূর্মক সচেই হয়। আর সে ব্যক্তি
কাম্পনিক কিয়া বাচাল লোকের মত কেবল কথায়ারাই
ত্রী সকল ইচ্ছা চেইটা প্রকাশ করে তাহা ময়, কিন্তু ঈশ্বরীয় বাক্যের অধীনতা স্বীকার করণ পূর্মক বিশ্বাসে ও
প্রেমেতে তাহার আজ্ঞা পালনদ্বারা তাহা প্রকাশ করে।
অতএব মানুবের অন্তঃকরণে অনুগ্রহের যে কার্য্য, এবং
তাহার যে প্রকাশপ্রাপ্তি, এই উভয় বিষয়ের বে সংক্ষেপে
বর্ণনা আমি করিয়াছি, তাহার বিপরীতে বাদ তোমার
কোন কথা থাকে, তবে বল। আর যদি না থাকে, তবে
আর এক প্রশ্ন করিবার অনুমতি আমাকে দেও।

তাহাতে \* বাচাল কহিল, আমি কেন আপতি করিব? তোমার কথা প্রবণ আমার কার্য। আপনি দ্বিতীয় প্রশ্ন করুন্।

\* বিশ্বাসী কলিল, ভোমাকে জিজাসা করি, যে ধর্মগুণের বর্ণনা আমি করিয়াছি, তাহা কি ভোমার অন্তঃকরণে
সকল হইয়াছে ? এবং ভোমার আচার ব্যবহার কি ভাহার প্রমাণ দিতেছে ? তুমি কি কার্য্যেন্ডে ও সভ্যভাতে
ধার্ম্মিক ? না, কেবল বাক্যেন্ডে কিবা জিজাতে কি ধার্ম্মিক
আছ ? তুমি যদি আমার এই কথার উত্তর দেও, তবে
ইহা বিনতি করি, ঈশ্বর যাহাতে সায় দিবেন, এবং যে
কথাতে ভোমার মন ভোমাকে যাথার্থিক করিবে, ভদতিরিক্ত অন্য কিছু কহিও না। কেননা বে ব্যক্তি আপনার
প্রশংসা করে, সে প্রামাণিক নয়; কিন্তু প্রভু যাহার প্রশংসা
করের, লেই প্রামাণিক। তব্তির আমি এমন কি ভেমন, ইহা
বির্ম্মে প্রতিবাসি লোকদের প্রমাণধারা সেই কথা যদি
নিশ্বা হয়, ভবে সেটা বড় দোবের বিষয়।

प्राची कथा छनिया <sup>\*</sup> वाज्ञाब किश्निश सम्बद्ध इटेस वटरे,

কিন্তু অবিলয়ে পূর্ববং হইয়া বিশাসির প্রতি উত্তর করিল, তুমি এখন আন্তরিক ধর্মভাব ও সদসদ্বোধ ও ঈশ্ব-রের সাক্ষ্য এই সকলের উল্লেখ করিতেছ, এবং কথার প্রমাণার্থে ঈশ্বরকে সাক্ষী করিতেছ। এরপ কথাবার্ভা আমি তোমার কাছে শুনিতে চাহি না, এবং এ প্রকার প্রপ্রের উত্তর করিতেও আমি সন্মত নহি। ইহাতে আমি দোবী নহি, কেননা তুমি আমার শুরু নহ। আর যদ্যপি তুমি আপনাকে আমার গুরু মান, তথাপি আমি তোমাকে বিচারকর্ত্বরপে মানিব না। সে যাহা হউক, আমি তোনমাকে এই একটা কথা জিজ্ঞাসা করি, তুমি আমার নিকটে এমত প্রশ্ন কেন কর?

তাহাতে \* বিশ্বাসী উত্তর করিল, কারণ এই, তুমি বড় বাচাল এবং ভোমার মনোরথমাত সার, আমার এমন বোধ হইয়াছিল। তদ্ধি আমি তোমাকে সতা কহিতেছি, তোমার ধর্মা কথামাত্র, এবং তোমার আচার ব্যবহারেতে তোমার ধর্মবিষয়ক প্রতিজ্ঞা মিখ্যা হয়, ইহা অন্য লো-কের কাছে শুনিয়াছি। এবং লোকেরা আরো কছে, তুমি " খ্রীফীয়ানদিগের কলজস্বরূপ, এবং তোমার কুৎসিত আ-চার ব্যবহারহইতে ধর্মের অনেক হানি জন্মে; আর ভাহারা কহে, ভোমার সেই কুৎসিত আচারেতে অনেকে বাধা পাইয়াছে, এবং আর অনেকের প্রাণনাশের উপ-जक्रन रहेग्राट्। क्निना एखिकालस्य श्रमन, ७ लाड, ७ मण्णेहें जो अवर में बदब नाम लहेश निवर्षक निवा कता, धदर मिथा कथा ७ कमागतिमित्रात महिल मर्वमा जामाभ, ইভাদি সকল ক্রিয়া ভোমার ধর্মের বিরুদ্ধ নয়। বেশার বিষয়ে লোকেরা বাহা বলে, তাহা তোমার বিবরে সত্য, কলতঃ বেশ্যা যেমন সভী খ্রীদিগের লক্ষাস্পদ, তুমিও ट्यान धर्माठातिमिटशत लकार्यम ।

তাহাতে বাঁচাল বিশ্বাসিকে কহিল, তুমি এই ক্লপ অপবাদ শুনিয়া হঠাৎ পরকে দোষী করিতে প্রবৃত্ত হুই-তেছ, ইহাতে তুমি বিট্থিট্যা ও অধৈষ্য ও আলাপের অযোগ্য, ইহা নিশ্চয় জানিলাম, অতএব আমি চলিলাম।

এই রূপে বাচাল বিদায় হইলে পর শুমিটীয়ান
বিদ্যাসির নিকটে আসিয়া তাহাকে কহিল, দেখ, আমি
যাহা কহিয়াছিলাম তাহাই ঘটিল। তোমার কথা ও
তাহার কুইছা, এই উভয়ের মিলন কখন হইতে পারে
না। সে বরং তোমাকে ত্যাগ করিতে সম্ভুট, তথাপি
আপন কদাচার হাড়িতে পারে না। বাহা হউক, সে
গিয়াছে, যাউক; ইহাতে কেবল তাহারি ক্ষতি। বরং
আমাদের লাভ হইয়াছে। সে বদি না যাইত, তবে তাহাকে ত্যাগ করিয়া আমাদের যাইতে হইত। যেহেতুক তাহার স্বভাবান্তর হওয়া অসন্তব; এবং সেই রূপ
থাকিলে সে আমাদের অঞ্চারস্বরূপ হইত। আর শ্পাল
প্রেরিত কহিয়াছেন, ঐ প্রকার লোকহইতে পৃথক্ হও।

তাহাতে \* বিশ্বাসী কহিল, তাহার সহিত কিছু কথোপ-কথন হইরাছে, ইহাতে আমার আহ্লাদ জন্ম। কি জানি, সে ঐ সকল কথা পুনর্কার চিন্তা করিবে। সে যাহা হক্তক, আমি তাহার সহিত স্পাই কথাবার্ডা কহিয়াছিও অতএব যদি তাহার সর্কনাশ ঘটে, তবে তাহাতে আমি নির্দোষ।

পরে শুরীফীয়ান কহিল, হাঁ, তুমি তাহার সহিত বিশ্বস্তরপে কথা কহাতে উত্তম করিয়াছ। এখনকার লোকলের মধ্যে এমত বিশ্বস্ত কথাবার্তা ক্লেভি, এই জন্যে ধর্ম আনেকের ঘৃণাস্পদ হইয়াছে, কেন্দ্রনা বাহাদের বাকার ধর্মমর, কিন্তু আচার ঝ্রহার ফুট ও কুংসিত, এমত অজ্ঞান বাচাল লোকেরা ধার্ম্মিকদের আত্মীয়রূপে গ্রাহ্য

ছওরাতে সাংসারিক লোকেরা বিল্প পায়, ও খুীইওদর্মের নিন্দা জ্বন্ধে, ও সরলান্তঃকরণ লোকেরা লুঃখিত হয়। সে বাহা ছউক, তুমি ধেমন উহার সহিত বিশ্বন্তরূপে কথা কহিয়াছ, তেমনি সকলেই বাচালদিগের সহিত কথাবার্তা কহে, এমন আমার বাঞ্জা; কেননা তাহা করিলে হয় তো তাহারা আরও প্রকৃতরূপে ধর্মাসক্ত হইবে, কিয়া ধার্মিকদের সঙ্গ তাহাদের অসহা হইবে। এই কথা কহিয়া গুনীইীয়ান এই শ্লোক গান করিতে লাগিল,

সগর্কে নাচায় পুত্ ময়ূর যেমন।
প্রথমেতে দপঁ করে \* বাচাল তেমন।।
অতিশয় সাহকার রূপ বাক্য কহে।
সমস্ত লোকেরে জন্ম করিবারে চাহে॥
জন্মার যে কল চিত্তমধ্যে ধর্মগ্রণ।
উল্লেখ করয়ে তাহা \* বিখাসী যথন।।
তথন \* বাচাল সেই শুনিলে সম্ভাষ।
কৃষ্ণশশি তুল্য হৈল তার দপ্রাস॥

এই শ্লোক গান করিলে পর "খাইটীয়ান ও বিশ্বাসী উভয়ে পরস্পর কথোপকথন করিতে ২ যাতা করিল। এই রূপ কথাবার্তা ব্যতিরেকে ঐ পথ তাহাদের বড় দীর্ঘ বোধ হইত, কেননা তাহারা নির্দ্ধন প্রান্তর দিয়া গমন করিতেছিল।

## ३० वाशावः

অনন্তর তাহারা সেই নির্জন স্থানের শেষে প্রায় পঁছছিলে \*বিশ্বাসী হঠাৎ পশ্চাৎ দিগে দৃষ্টি করিয়া আপনাদের নিকটে এক জন লোককে আসিতে দেখিল, এবং তাহাকে চিনিলেও \*খীফীয়ানকে কহিল, ওহে ভাই, দেখ, ঐ স্থানহইতে কে আসিতেছে? ভাষাতে
"পুঁখিীয়ান কিরিয়া দেখিয়া কহিল, উনি আমার প্রিয়তম
বন্ধু "মঙ্গলবাঞ্জক। তখন "বিশ্বাসী কহিল, আমারও
প্রিয়তম বন্ধু, কেননা উনি আমাকে হারের পথ দেখাইয়া দিয়াছিলেন। ইভোমধ্যে "মঙ্গলবাঞ্জক আলিয়া তাহাদিগকে আশীর্ষাদ করিল।

প্রথমে "মঞ্চলব্যঞ্জক কহিল, হে প্রিয়তমেরা, তোমা-দের মঙ্গল হউক, এবং বাহারা তোমাদের সহায়, তাহা-দেরও মঞ্চল হউক।

এই কথা শুনিয়া "খুীফীয়ান কছিল, হে প্রিয়তম
"মঙ্গলব্যঞ্জক, তুমি আমার চির্মঙ্গলের নিমিত্তে পূর্বের
বে দয়া ও শ্রম করিয়াছিলা, তাহা তোমার মুখ দর্শনে
আমার স্মরণ হইতেছে।

\* বিশ্বাসী কহিল, হে প্রিয় বন্ধো \* মঙ্গলব্যঞ্চক, তোমার মঙ্গল সহস্র ২ বার হউক। দীন হীন যাত্রিক যে আমরা, আমাদের সহিত আপনকার গমন অতি প্রার্থনীয়।

তখন "মঙ্গলব্যঞ্জক উত্তর করিলেন, হে বান্ধবেরা, তো-মাদের সহিত আমার ছাড়াছাড়ি ছইলে পর পথের মধ্যে তোমাদের কি প্রকার গতি ছইয়াছে? এবং কি ২ দেখি-য়াছ? আর কি প্রকার ব্যবহার করিয়া আসিয়াছ?

তাহাতে তাহাদের পথের মধ্যে যে২ ঘটনা হইয়া-ছিল, এবং যে২ রূপ কন্ট পূর্সক ঐ স্থানে আসিয়া উপস্থিত হইয়াছিল, সে সকল বিষয় তাহারা "মঙ্গল-ব্যঞ্জককে ভাঙ্গিয়া কহিল।

তাহা শুনিয়া " মললব্যঞ্জ কহিলেন, তোমরা প্রিমধ্যে যে সক্ষা কট পাইয়াছ, তাহাতে জয়ী হইয়া আসিয়াছ, এবং আতি মুর্বল হইলেও আজি পর্যন্ত প্রহাড়া হও নাই

ইহাতে আমি বড় সন্তুট হইতেছি।

আরো কহি, আমার এবং তোমাদের উভয়েরই জনো আমি অতি সম্ভুট হইতেছি, কেননা আমি বীক বপন করিয়াছি, এবং ভোমরা শস্য কাটিয়াছ। যদি ভোমরা आत किছू देश्या कत, जत य मितन तीकवाशक ७ भेगा-ष्ट्रिक একত जानक कतिरव, सारे मिन जामिछिह ; কেননা ক্লান্ত না হইলে তোমরা উপযুক্ত সময়ে শস্য কাটিবা। রাজমুকুট ভোমাদের সম্মুখে আছে; সেই व्यक्त मूक्ष योहात् आश्व इन्द्र, वमन क्राप मोड़। দেখ, ঐ মুকুট পাইবার নিমিত্তে কেছ ২ যাতা করিয়া অনেক দূর পর্যান্ত গেলে পর জন্য লোক আসিয়া তাহা হরণ করে; অভএৰ ভোমাদের যাহা আছে তাহা যত্ন করিয়া ধর; তোষাদের মৃকৃট অপহরণ করিতে কাহাকেও দিও না। এখনও তোমরা শয়তানের তীরের অগোচর নও, এবং পাপের বিরুদ্ধে যুদ্ধ করিতে২ অদ্যাবধি রক্ত বায় পর্যান্ত প্রতিরোধ কর নাই। অতএব সাবধান হও; তোমরা যে রাজা আক্রমণের নিমিত্তে যাইতেছ, সেই ताका नर्समा তোমাদের मृखिर्गाप्टत थाक्क, এবং अमृना विषया छामारमत अपन विश्वाम इडेक। इंटरलारकत কোন বিষয় তোমাদিগের চিত্তমধ্যে স্থান দিও না, এবং আপন ২ অন্তঃকরণ ও তাহার কৃইছা বিষয়ে অতিশয় সাবধান হও, কেননা অন্তঃকরণ সন্মাপেকা কপটময় এবং তাহার রোগ অপ্রতিকার্যা। তোমরা একাগ্র দৃষ্টিতে গমন কর, ভয় করিও না, কেননা স্বর্গস্থ কি পৃথিবীস্থ তাবৎ পরাক্রম তোমাদের সহায়।

এই রূপ উপদেশকথা শুনিয়া "খুীফীয়ান ও "বিশ্বাসী নেই "মঙ্গলব্যঞ্চকের কাছে উপকার স্বীকার করিল, এবং তিনি ভবিষ্যত্বজ্ঞা, এ প্রযুক্ত গমনীয় পথে কিং ঘটনা হইবে, এবং কি প্রকারে বা প্র্যটনা এড়াইতে কিলা পরাস্ত করিতে হইবে, ইহা তিনি কহিতে পারেন, এমত বোধ করাতে তাঁহাকে বিনতি করিয়া কহিল, অবশিষ্ট পথ গমনে আমাদিগের উপকারের নিমিত্তে অনা ২ উপ-দেশ কহিতে আজা হউক। ভাহাতে "মঙ্গলবাঞ্জক এই রূপ কহিতে আরম্ভ করিল।

হে আমার পুত্রগণ, অনেক ছঃখভোগ পূর্বক ঈশ্ব-রের রাজ্যে তোমাদিগকে প্রবেশ করিতে হয়, ইহা তো-মরা মঙ্গল সমাচারের সভা বাকাদ্বারা জ্ঞাত থাকিবা। বিশেষতঃ প্রত্যেক নগরে বন্ধন ও ক্লেশ ভোমাদের অপে-কা করিতেছে; অতএব হুঃখাদিরছিত হইয়া যে দীর্ঘ পথ গমন করিবা, এমন আশাও করিতে পার না। তোমরা যে পথ আসিয়াছ, তাহাতে আমার বাকোর সত্যতার বিষয়ে কতক ২ প্রমাণ পাইয়াছ, এবং কিছু বিলবে আরও অধিক পাইবা। দেখ, এখন তোমরা এই প্রান্তরহইতে প্রায় বাহির হইয়াছ, আরও কিছু অগ্রসর হইলে পর এক নগর দেখিতে পাইবা। সেই নগরে উপস্থিত হইলে শত্রগণহইতে বিষম ছু:খ পাইবা; তাহারা তোমাদিগের প্রাণনাশ করিতে বিশেষ চেম্টা পা-ইবে; আর এই একটি 'বিষয়' জানিবা, তোমরা যে মতা-বলমী হইয়াছ, সে মতের সত্যতা বিষয়ে তোমাদের মধ্যে এক জনকে কিয়া ছুই জনকে নিজ রক্ত দিয়া সাক্ষ্য দিতে হইবে। অতএব মরণ পর্যান্ত বিশ্বাস্য থাক, তাহাতে রাজা তোমাদিগকে জীবনমূক্ট দিবেন। আর তোমাদের মধ্যে যে ব্যক্তি সে স্থানে কালপ্রাপ্ত হইবে, ভাহার মৃত্যু অভি অসমত ও ৰাতনা বিশিষ্ট হইলেও তাহার সহযাতি অপেকা সে অধিক ভাগ্যবান; কেননা অগ্রে স্থগীয় রাজ-ধানীতে উপস্থিত হইবে, তাহা কেবল নয়, অবশিষ্ট পঞ্জেতিখন ব্যক্তি বে সকল ছঃখ কটাদি পাইবে,

ভাষাও এড়াইবে। অতএব যথন তোমরা সেই নগরে উপস্থিত হইয়া আমার এই সকল কথার প্রমাণ পাইবা, তথন তোমাদের বন্ধুকে স্মরণ করিয়া আপনাদিগকে বীরের ন্যায় দেখাইবা, এবং ঈশ্বরকে বিশ্বাস্য সৃষ্টিকর্তা জানিয়া সংক্রিয়া করিতে ২ তাঁহার নিকটে আপন ২ আত্মাকে সমর্পণ করিবা।

অপর আমি স্বপ্নে দেখিলাম, এই রূপ উপদেশবাক্য শ্রবণ করিলে পর "খুীফীয়ান ও "বিশ্বাসী ছুই জনে যাতা করিতে ২ ক্রমে ২ ঐ নির্জন প্রান্তর ছাড়াইয়া সম্মুখে-তেই \* মায়া নামে একটি নগর দেখিতে পাইল। ঐ নগর माग्रा अर्थकां अभात, धवः तम द्यादन यादाता जवानि বিক্ররের নিমিত্তে আইসে তাহারা সকলে মায়িক, এবং সেই সকল দ্রব্যও মায়িক। ইহার প্রমাণ উপদেশকগ্রন্থে আছে। ঐ নগরে সম্বংসর ব্যাপিয়া একটি মেলা হইয়া থাকে, তাহাও "মায়া নামে প্রসিদ্ধ হইয়াছে। নেই মেলা কিছু নৃতন স্থাপিত ভাহা নয়, বছ কালাবধি হইয়া আসিতেছে। তাহা স্থাপনের হেতু এই; ইহার প্রায় পাঁচ সহত্র বৎসর পূর্বে "প্রীফীয়ানের ও "বিশাসির मन्भ अप्तरूर याजि लाक यूशीय बाक्धानीए हारे-তেছিল। সেই যাত্রিদিগের গন্তব্য পথ ঐ \* মায়া নামক নগরের মধ্যদিয়া যায়, ইছা দেখিয়া \* বাল্সিবৃব্ ও \* আপলুয়োন ও \* লিজিয়ন নামক এধান ভূতেরা এবং তাহাদের অনুচর সকল ঐ বাতিদিগকে ভুলাইবার জন্যে के नगरत अकि रियला वजाहेश महत्मत वाि शिया मर्स-প্রকার মনোহর মায়িক দ্রব্য বিক্রয় করাইতে লাগিল। ফলতঃ উত্তমং অটালিকা ও ব্যবসা ও চাকরি ও সম্ভাত্ত পদবী ও দেশ ও রাজ্য ও ভূমি ও কাম ও কীড়াঁ ও বেশ্যাগমনাদি সর্ব প্রকার উপভোগ, ও স্ত্রী ও স্বামী ও

সন্তান ও ভূত্য ও জীবন ও রক্ত ও শরীর ও প্রাণ ও সোণা ও রূপা ও মুক্তা ও নানাবিধ বছমূল্য মণি মাণিক্য প্রভূতি সকলি সে স্থানে পাওয়া যায়।

ভদ্তির ঐ নেলাতে পাশক্রীড়াদি সকল রূপ খেলা ও প্রবঞ্চনা ও জুয়াচুরী এবং পাগলের ও বানরের ও ধূর্ত্তের ক্রিয়া সর্বাদা দেখা যায়, এবং অতিশয় লালবর্ণ চোর ও খুনী ও পারদারিক ও মিধ্যাদিব্যকারি লোক্দিগকেও কড়ি ব্যতিরেক নিতা ২ দেখিতে পাওয়া যায়।

আর অন্যান্য কুল হটের মত ঐ মেলাতে স্বং নামে প্রসিদ্ধ পৃথকং গলি ও টোলা প্রভৃতি পরিপাটীকমে প্রেণিবদ্ধ আছে; সেখানে গেলে যাহার যে দ্রব্যেতে অভিলাষ, তাহা অনায়াসে পাওয়া বায়। বিশেষতঃ ঐ হটে ইংরাজী টোলা ও করাসী টোলা ও ইটালী টোলা ও করাসী টোলা ও করাসী টোলা প্রভৃতি আছে, সেইং স্থানে বিশেষং প্রকার মায়িক দ্রব্য বিক্রয় হয়। আর অন্যান্য মেলাতে যেরূপ কোন প্রধান বাণিজ্য দ্রব্য থাকে, তেমনি সে স্থানে 'রোম দেশীয় বাণিজ্য দ্রব্য প্রধান রূপে ব্যবহার আছে, কিন্তু ইংলও দেশের এবং অন্য কতকং দেশের লোকেরা সম্পৃতি তাহা বড় একটা গ্রাহ্য করে না!

স্থায় রাজধানী গমনের পথ ঠিক ঐ নগরের মধ্য দিয়া 
যায়। উক্ত রাজধানীতে গমনকারী যে কোন পথিক ঐ 
রক্তরসবিশিক শমায়হটের মধ্য দিয়া যাইতে অসমত 
হয়, তাহাকে জগতের বাহিরে যাইতে হয়। যিনি রাজগণের রাজা, তিনি আপনি স্বদেশে প্রত্যাগমন কাজে 
হউদ্বিশে ঐ নগরের মধ্যদিয়া গিয়াছিলেন, তাহাতে 
আমার মনে পড়ে, ঐ নেলার প্রধান অধ্যক শ্বালসিবৃব্
কালার মায়িক ত্রব্য ক্রম করণার্থে তাঁহাকে প্রবৃত্তি

দিয়াছিল, এবং তিনি যদি নগর মধ্য দিয়া গমন কালে তাহাকে নমস্কারমাত্র করিতেন, তবে সে ব্যক্তি তাঁহাকে ঐ মেলার কর্তা করিয়া রাখিত। আর ঐ রাজগণের রাজা অতি সম্ভান্ত লোক, ইহাজ্ঞাত হওয়াতে কালিসিবৃব্ এক টোলাহইতে অন্য টোলাতে লইয়া গিয়া অপ্প কণের মধ্যে জগতের সমস্ত রাজ্য তাঁহাকে দেখাইল, এবং তিনি যাহাতে অপ্প মূল্যে ঐ মায়িক দ্রব্যের কোন ২ দ্রব্য ক্রয় করেন, ইহার নিমিত্তে অশেষ চেন্টা করিল। তথাপি ঐ সচ্চিদানন্দ ব্যক্তি তাহার দ্রব্য কিনিতে অসম্মত হওয়াতে এক কড়া কড়িও ব্যয় না করিয়া সেই নগর ত্যাগ করিলেন। ইহাতে দেখা যায়,ঐ মেলা অতি প্রাচীন ও বছকাল স্থায়ী বৃহৎ মেলা।

দে যাহা হউক, স্বর্গীয় রাজধানীতে যাইতে হইলে ঐ নগরের মধ্যদিয়া না গেলে নয়, এ প্রযুক্ত ঐ যাত্রিরাও তথায় গমন করিল, কিন্তু মেলাতে প্রবিষ্ট হইবামাত্র ঐ হটের ও নগরের সমস্ত লোক আসিয়া তাহাদিগকে ঘেরিয়া কৌতুক দর্শনে মহাকলরব করিতে লাগিল।

এই কলরবের তিন কারণ ছিল, প্রথমে, তাহারা হটে স্থিত অন্য সকল লোকের বস্তুহইতে ঐ ছুই জনের বস্তু ভিন্ন অর্থাৎ অন্যরূপ দেখিয়া তাহাদের প্রতি তাকাইয়া রহিল। তাহাতে কেহ ২ তাহাদিগকে হাবলা কহিতে লাগিল; এবং কেহ ২ কহিল, উহারা পাগল; এবং কেহ ২ কহিল, না, উহারা অসভ্য বিদেশি লোক।

দিতীয়তঃ, ঐ হউস্থ লোকের। বেমন তাহাদিগের বস্ত্র দেখিয়া চমৎকৃত হইল, তেমনি তাহাদের কথা শুনিয়া তাহাতেও আশ্চর্যা জ্ঞান করিল। ফলতঃ যাত্রিদের কিনান্ দেশীয় ভাষা প্রযুক্ত ঐ হটের অতি অংশ লোক তাহা-দের কথা বৃথিতে পারিল, কেননা হটের সকল লোক ঐছিক দেশীয়। এ প্রযুক্ত ঐ মেলার আদ্যোপান্ত পর্যন্ত সেই ছুই জন যাত্রিক এবং হটের লোকেরা পরস্পার মেছ জ্ঞান করিল।

ভৃতীয়তঃ, ঐ যাত্রি লোকেরা হউন্থ মহাজনদিগের বাণিজ্য ক্রব্যকে অতি তুল্থ জ্ঞান করাতে তাহারা অধিক আশ্চর্য্য জ্ঞান করিল, যেহেতুক কোন দ্রব্য বিক্রেয় করি-বার জন্যে কেছ যাত্রিদিগকে ডাকিলে ভাহারা কর্ণে অঙ্গুলি দিয়া, মায়ার দর্শনহইতে আমার চক্ষুকে ফিরাও, এ কথা কহিয়া সে দ্রব্যের প্রতি এক বার চাহিয়াও দেখিত না, কিন্তু আমাদের বিষয় ও ব্যবসা স্বর্গতে আছে, এমত বঝাইয়া উর্দ্ধ দৃষ্টি করিয়া অগ্রসর হইত।

সেই যাত্রিদিগের এরপে চরিত্র দেখিয়া মেলার মধ্যে কোন ব্যক্তি বিজ্ঞপ পূর্বক জিজ্ঞাসিল, তোমরা কি কিনিতে চাহ? তাহাতে তাহার৷ তাহার প্রতি দৃঢ় দৃষ্টি করিয়া কহিল, আমরা সভ্যতার ক্রয়কারী। এ কথা শুনিয়া ঐ হউত্থ লোকেরা তাহাদিগকে অতি তুদ্জ্ঞান পূর্বক বি-জ্ঞপ ও পরিহাস করিতে লাগিল, এবং কেহ ২ তাহা-मिश्रा माद्रिए कहिल। धहे क्राप क्राय भद्रज्भात विमयान হওয়াতে তাবং হাট বাজার অব্যবস্থিত রূপে একাকার **इहेटल थे त्रलात श्रधान अधाक थे नमाठात পा**हेग्रा ত্বরায় গিয়া সেই স্থানে উপস্থিত হইয়া আপনার কোন ২ विश्वल अनुष्टत्र कहिन, थे त्य मूटे जत्नत निमिटल शांष्टे লগুভগু ইইতেছে, তাহাদিগকে ধরিয়া জিজাসাবাদ কর। তাহাতে তাহারা বিচারস্থানে আনীত হইলে বিচার-কর্তারা জিজাসিল, তোমরা কোথাহইতে আসিয়াছ? এবং কোথায় যাইবা? আর এ প্রকার অসমত বেশ ধারণ করিয়া এ মেলাতে কেন আসিয়াছ? তাহাতে তাহারা উত্তর করিল, আমরা বিদেশী যাতী, यशीय " यिक्रमालम



নামে স্বদেশে যাইতেছি; এই নগরন্থ লোকেরা ও বণি-কেরা আমাদিগকে যথন জিজ্ঞাসিল, তোমরা কি ক্রয় করিবা? তথন আমরা কহিলাম, সত্যতা ক্রয় করিব, এই কথা ব্যতিরেকে তাহাদের অতৃষ্টিকর কিছুই করি নাই; তাহারা অকারণে আমাদিগকে গালি ও যাতার বাধা দিতেছে। এরূপ সতা কথা কহিলেও ঐ বিচার-কর্তারা তাহাদিগকে হাবলা ও ক্ষেপা ও মেলাভঞ্জক वित्रा मियी कतिल। धदः श्रदात शूर्वक मर्वादक शक् মর্দ্দন করিয়া মেলাস্থ তাবৎ লোকদিগকে কৌতৃক দেখাই-বার জন্যে তাহাদিগকে একটি পিঞ্জরে করিয়া বদ্ধ রাখিল। এরূপ বিপদগ্রস্ত হইয়া ঐ তুই জন যাত্রী হউস্থ লোকদের তিরস্কার ও বিজ্ঞপ ও হিংসার আস্পদ হইল, বিশেষতঃ মেলার অধ্যক্ষ তাহাদের ছুর্দশাতে পরিহাস করিল। কিন্তু ঐ ছুই ব্যক্তি ধৈর্যাবলম্বন করিয়া নিন্দকদের প্রতি নিন্দা না করিয়া বরং আশীর্ঝাদ করিতেছে, এবং ছর্মা-কোর পরিবর্জে মিউবাকা কহিতেছে, এবং হিংসার পরি-বর্ত্তে প্রতি দেখাইতেছে, ইহা দেখিয়া হউস্থ লোকদের মধ্যে যাহারা কিঞ্চিৎ সুবুদ্ধি ও দেবরহিত ছিল, তাহারা ঐ কুব্যবহারি লোকদিগকৈ ধন্কাইতে লাগিল। তাহাতে ছুবৃত্তেরা কাস্ত না হইয়া তাহাদিগকেও তিরস্কার করিয়া কহিল, ঐ বেটাদের ন্যায় তোরাও ছুই, বোধ হয় তোরা উহাদের সঙ্গী, অতএব উহাদের শান্তির ভাগী হইবি। তা-হাতে তাহারা উত্তর করিল, আমরা প্রতাক্ষ দেখিতেছি, ঐ যাত্রিরা অতি নির্বিরোধী এবং শিষ্ট শাস্ত, কাহারও অনিষ্ট করিতে চাহে না; অতএব উহাদের অপেক্ষা বরং **५३ इ. छेन्ड्** वावमाग्नि लाकरमत्र मरधा अटनरक के शिक्कात्र वक्क इरेवांत्र योगाशाव। धरे क्रत्श वामानुवाम शरेतन थे **मर्टे मटलंद ट्लाट्क्या मात्रामादि कदिया श्रद्रण्या हिश्मा** 

করিতে লাগিল, কিন্তু ঐ যাত্রি লোকেরা সকলের সা-ক্ষাতে সবৈর্ঘ্যে অতি শিক্টরূপে সদ্বাবহার করিল। পরে বিচারকর্তারা ঐ ছুই জন যাতিকে পুনর্বার বিচারস্থানে লইয়া গিয়া মেলাতে কলহের উৎপাদক বলিয়া তাহাদি-গকে দোষী করিল। পরে নিষ্ঠুর রূপে তাহাদিগকে প্রহার করিয়া ভারি লৌহ শৃত্থলে বদ্ধ করিয়া সর্বসাধারণের অন্তঃকরণে ভয় দেখাইবার জন্যে, অর্থাৎ কেছ যেন কোন প্রকারে তাহাদের সপক না হয়, এই আশয়ে তা-হাদিগকে হডের সর্বত ফিরাইল। এরপ অপমানগ্রস্ত इटेटल ७ शोकोग्रान ७ \* विश्वामी अधिक देशवातनशी হইয়া লোকদিগের ছ্র্রাক্য ও তিরক্ষারাদি এমত নম্-ভাবে সহ্য করিল, যে তাহাদের শীলতা দেখিয়া মেলার কতিপয় লোক তাহাদের সপক হইয়া উঠিল। ইহাতে বিপক্ষ লোকেরা আরও কোধান্বিত হইয়া যাতিদিগের প্রাণদণ্ড করিতে স্থির করিল। অতএব তাহাদিগকে ধম্-কাইয়া কছিল, এই পিঞ্জর ও বেড়ী আমাদের ভৃপ্তিজনক নয়, তোমাদিগকে মরিতে হইবে; কেননা তোমরা অত্যা-চার করিয়া মেলার লোকদিগকে ভূলাইয়াছ।

অপর বিচারকর্ত্তারা যে পর্যান্ত অন্য কোন আজ্ঞা প্রকাশ না করে, তাবৎ যাত্রিদিগকে পিঞ্চরের মধ্যে বদ্ধ করিয়া রাখিবার আজ্ঞা পাইয়া প্রহরিরা তাহাদিগকে ছুই পায়ে হাড়ি দিয়া পিঞ্চরে বদ্ধ করিয়া রাখিল।

এই ক্লপ ছুর্দশার সময়ে সেই যাত্রির। মঙ্গলব্যঞ্জের উপদেশ ক্ষরণ করিয়া, বিশেষতঃ তোমাদের এই ক্লপ ঘটিবে, এই যে কথা তাঁছার নিকটে শুনিয়াছিল, তাছা আন্দোলন করিয়া আপনাদিগের ছুঃখবিষয়ে মনকে সাজ্বনা দিয়া কহিল, আমাদের মধ্যে যাহার অগ্রে মৃত্যু হইবে, তাহারি অধিক মঙ্গল হইবে। এ কথা কহিয়া

ভাহারা উভয়ে মনে ২ ভাবিতে লাগিল, অগ্রে আমার মৃত্যু হইলে ভাল হয়। এরপ ভাবিয়া অতি সহিষ্ণৃতা পূর্বক পরমজ্ঞানি সর্বাধিপতির হস্তে আপনাদিশের প্রাণ সমর্পণ করিল।

অপ্প দিনের পর বিচারের নির্মাপত সময় উপস্থিত হইলে নগরাধ্যক লোকেরা বিচার ও দণ্ডাজা করণার্থে তাহাদিগকে পিঞ্চরহইতে বাহির করিয়া শতুগণের সাক্ষাতে দাঁড় করাইল। তখন "ভদ্রছেষী নামে বিচারকর্ত্তা বিচারাসনে উপবিঊ ছিলেন। তাহাদের উভয়ের নামে যে অভিযোগ পত্র ছিল, সে প্রায় একই রূপ, কিঞ্চিমাত্র বিশেষ ছিল। সেই অভিযোগ পত্রে এই লেখা ছিল, উহারা নগরস্থ বণিক্দের শত্রু এবং তাহাদের বাণিজ্যের বাধাজনক, বিশেষতঃ নগরের মধ্যে কলছ ও দলভেদ করিয়া নগরাধ্যক্ষের আজার বিপক্ষে আপনাদিগের কুম্ব্রগাছারা একটা কুচক্রি দল সংগ্রহ করিল।

তখন "বিশ্বাসী এই রূপ উত্তর দিতে লাগিল, যে জন সর্ব্বোপরিছের বিপক্ষতা করে, আমি কেবল তাহার বিপক্ষতা করিয়াছি। এবং তোমরা কহিতেছ, আমি কলহ করিয়াছি; তাহা করি নাই, যেহেতুক আমি নির্বি-রোধী। আর যে দল আমাদের সপক হইয়াছে, তাহারা কুমন্ত্রণাদ্বারা হইয়াছে এমন নয়, কিন্তু আমাদের সত্যতা ও নির্দেখিতা দেখিয়া সৌজন্যদ্বারা আমাদের পক্ষ হয়া কুপথহইতে সংপ্রে আসিয়াছে। আর তোমরা যে "বালসিবৃব্ রাজার কথা কহিতেছ, সে আমাদের কর্তার শকু, অক্তর্যব তাহাকে কি তাহার দূতদিগকে আমি তৃণবং গণনা করি।

্ এরপ ছইলে তখন সাক্ষিদের জন্যে এই আজ্ঞা প্রকাশ হইল, বিচারাসনের সম্মুখে দণ্ডায়মান এই বন্দির বিপরী- তে আপন রাজার পক্ষে সভাস্থ লোকদের মধ্যে ফাহাদের কিছু বক্তব্য থাকে, তাহারা এই কলে সাক্ষাতে উপস্থিত হইয়া সাক্ষ্য দিউক। এমন কথা শুনিয়া "ঈ্বর্যা ও " অতিরিক্তাচারী এবং " স্তবার্থী নামে তিন সাক্ষা উপস্থিত হইলে বিচারকর্তা- ক্ষিক্তাসিলেন, তোমরা এই বন্দিকে চিন কি না? এবং ইহার বিরুদ্ধে আপন রাজার পক্ষে তোমাদের বক্তব্য কি আছে? তাহা বল।

ভখন \* ক্রম্যাঁ সম্মুখে উপস্থিত হইয়া এই রূপ সাক্ষ্য দিতে লাগিল, হে মহাশয়, আমি ঐ মনুষ্যকে অনেক কালাবধি চিনি, বরং এই সম্ভান্ত বিচারাসনস্থ লোকদিগের সাক্ষাতে শপথ করিয়া ইহা কহিতে পারি যে—

এই অবসরে বিচারকর্তা ভাহাকে শপথ করাইতে কহিলেন।

জতএব তাহারা তাহাকে দিব্য করাইলে পর সে কহি-তে লাগিল, ঐ ব্যক্তির নাম অতি সূপ্রাব্য হইলেও সে জামাদের দেশমধ্যে স্র্রাপেকা অধন, কেননা সে না মানে রাজাকে, না মানে প্রজাকে, না মানে ব্যবস্থা, না মানে ব্যবহার, কেবল বিশ্বাস ও ধর্মাস্থভাব বিষয়ে যে কতকগুলীন রাজদোহি সকল্প, তাহাতেই লোকদিগের প্রবৃত্তি জন্মাইতে চেন্টা করে। বিশেষতঃ এক বার আমি উহাকে এই কথা কহিতে শুনিয়াছিলাম, যে খ্রীফিধর্মা এবং আমাদের এই মায়াহটের ব্যবহার পরক্ষার এমত বিপরীত যে কোন প্রকারে ঐক্য হইবার সম্ভাবনা নাই। এই রূপ কথাতে ঐ ব্যক্তি আমাদের তাবং প্রশংসনীয় কিয়া নিন্দা করে, কেবল তাহা নয়, বরং আমাদিগকেও দোবীক্ষরে।

ক্ষুপর বিচারাধ্যক কহিলেন, ভোমার আর কোন কথা আহে কি না? তাহাতে "ঈর্মী কহিল, হে মহাশ্য়, উহার বিষরে আর অবেক ২ কহিতে পারি, কিন্তু সভাস্থ লোকদের আন্নাহ জন্ম এই ভয় করি। ভাল, যদি প্রয়োজন হয়, তবে উহার দোষ হির করিবার জন্যে যেন কিছু এটি না পাকে, এই আশরে অন্য সাক্ষিরা সাক্ষ্য দিলে পর আমি আরগু বিস্তারিতরূপে সাক্ষ্য দিবল তাহাতে বিচারাধ্যকেরা তাহাকে এক পার্শ্বে দাঁড়াইয়া পাকিতে আজ্ঞা করিলেন।

অপর তাঁহারা " অতিরিক্তাচারিকে ডাকিয়া কহিলেন, তুমি ঐ বন্দিকে চিন কি না? এবং উহার বিপরীতে ব্লাজার পক্ষ হইয়া কি কহিতে পার? ইহা কহিয়া তা-হাকে শপথ ক্রাইলে পর "অতিরিক্তাচারী এই রূপ সাক্ষ্য দিতে আরম্ভ করিল।

হে নহাশয়, এ ব্যক্তির সহিত আসার বড় একটা আলাপ নাই, এবং ভাল রূপে আলাপ করিতে ইছাও নাই। তথাপি অপ দিন হইল, নগরের মধ্যে উহার সহিত আমার কিঞ্চিৎ কথোপকথন হইয়াছিল, তাহাতে আমি জানি এ ব্যক্তি বড় কলহকারি লোকু, যেহেত্তুক ছই এক কথা হইতেই ও ব্যক্তি আমাকে হঠাৎ কহিল, তোমাদের ধর্মা মিথ্যা, এবং ভাহা গ্রহণ করিতিল কেহ ঈশরের সম্ভোষ জন্মাইতে পারে না। এই সকল কথাছারা উহার বে কি অভিপ্রায় তাহা মহাশয় আপনি বুঝিতে পারেন। ফলতঃ আমরা বৃথা জারাধনা করি, এবং অদ্যাপি পাপেতে মগ্ন আছি, এবং অবশেষে বিনই হইব, এ ব্যক্তি আমাদের এমন অখ্যাতি করে।

অপর বিচারাধ্যকেরা " স্তবার্থিকে ডাকিয়া শপথ করা-ইয়া কহিলেন, ঐ বন্দির বিরুদ্ধে রাজার পক্ষে ভোমার কিং বক্তব্য আছে? তাহা বল।

তাহাতে \* স্তবার্থী কছিতে লাগিল, হে বিচারাধ্যক

মহাশয়, হে সভাসদ্ মহাশয়েরা, উহার সহিত আমার অনেক কালাবধি পরিচয় আছে, তাহাতে আমি কত বার উহাকে অবক্তব্য কথা কহিতে শুনিয়াছি। অন্য কথা কি বলিব? আমাদের মহামহিম \* বালসিৰূব্ নামক রা-কার বিরুদ্ধে ঐ বেটা অনেক ২ তিরকার করিল, তদ্ভির ভাঁহার সন্ত্রান্ত বন্ধু বাহ্মবদিগেরও অপমানজনক অনেক ২ কথা কহিল, বিশেষতঃ প্রায়ুক্ত পুরাতনভাব, ও "শা-तीतिकमूथार्थी, ଓ "वार्यझारेषयी, उ "ভোগাर्थी ও वृक्ष \* नम्भर्हे, ध्वर \* शांत्रक, रेजामि श्वामारमंत्र कृतीन लाक-দিগের অপমানজনক নানা প্রকার কথা কহিল। ইহা ছাড়া আরো কহিল, আমার মনের মত যদি সকল মনুষ্য-দিগের মত হইত, তবে ঐ কুলীনদের মধ্যে এক প্রাণীও এ প্রামে থাকিত না। আর ঐ ব্যক্তি এই সকল কথা কহিল, এটা বড় আশ্চর্য্য নয়, কেননা উহার বিচারকর্তা যে আপনি, আপনকারও নিন্দা করিতে ভীত হয় নাই। ফলতঃ নগরস্থ व्यन्ताना माना लाकिमिश्दक रयमन नांखिक इचे हेजामि বলিল, তেমনি আপনকারও অপমানজনক বাক্য কহিল।

এরপ সাক্ষ্য দিয়া "স্তবার্থী নিরস্ত হইলে পর বিচারাধ্যক বন্দি "বিশ্বাসির প্রতি এরপ কহিতে লাগিলেন,
ওরে বিশ্বাস্থাতক পাষ্ট রাজন্তোহি, তোর বিরুদ্ধে এই
সকল মহাশয়ের। কি ২ সাক্ষ্য দিয়া গেলেন, তাহা তুই
শুনিয়াছিস্ কি না?

তখন \* বিশ্বাসী জিজাসিল, হে মহাশয়, এখন আমার বিষয়ে কিঞ্চিৎ কহিবার অনুমতি হয় কি না?

তাহা শুনিয়া বিচারাধাক কহিল, ওরে চুই, মুহুর্তমাত্র তোকে জীবৎ রাখা কর্ত্তবা নয়, কিন্তু তোর প্রতি আমা-দ্বের দয়া-যেন সকলে জানিতে পারে, এই জ্নো তোর বাহা কহিতে ইচ্ছা হয় তাহা বলু, শুনি। তাহাতে 'বিশ্বাসী কহিল, তবে প্রথমতঃ 'ঈয়ৗ মহাশয় যে সাক্ষ্য দিল, তাহারি উত্তর করি, শুন। আমি তদ্বিয়ে যে কথা কহিয়াছি, তাহা এই, যে কোন বিধি কিয়া ব্যবহা কিয়া ব্যবহার কিয়া লোক ঈয়রবাক্যের স্পষ্ট বিপুরীত, তাহা 'ব্রীউধন্মের নিতার বিপরীত। ইহাতে যদি আমার ভুল হইয়া থাকে, তবে তাহার প্রমাণ দেও। তাহা করিলে আমি এই ক্ষণে তোমাদের সাক্ষাতে সেই ভুল স্বীকার করিতে প্রস্তুত আছি।

দ্বিতীয়তঃ "অতিরিক্তাচারী বে সাক্ষ্য দিল, সে বিষয়ে কেবল ইছা কহিল্লাছিলাম, ঈশ্বরের আরাধনা করিতে গেলে ঈশ্বরহইতে জাত বিশ্বাসের অপেকা করে; এবং ঈশ্বরের অভিমত প্রকাশ করণার্থে দন্ত ঈশ্বরীয় আদেশ ব্যতি-রেকে ঈশ্বরহইতে জাত বিশ্বাসপ্রাপ্তির কোন সম্ভাবনা নাই। অতএব ঈশ্বরের আরাধনা করিতে গেলে ঈশ্বরীয় আদেশাতিরিক্ত যে কোন ক্রিয়ার প্রয়োগ করা যায়, তাহা কেবল মনুষ্যের কিপতে বিশ্বাসের ফল। আর অনম্ভ জীবন পাইবার নিমিত্তে এমত বিশ্বাসহইতে কোন উপকার জন্মেনা।

আর তৃতীয়তঃ \* স্তবার্থী যে সাক্ষ্য দিল, তদ্বিষয়ে কিঞ্চিৎ কহি। আমি কাছাকেও গালি দিতে চাহি না, অতএব সংক্ষেপে বলি, এই নগরের রাজা, এবং তাছার বে
সমস্ত অনুগত লোকের নাম ঐ ব্যক্তি কহিল, তাছারা
এই নগরে কিয়া দেশে বাস করিবার যোগ্য নহে, কেবল
নরকের যোগ্য। ইহাতে প্রমেশ্বর আমাকে অনুগ্রহ করুন;
যাহা হইবার তাছাই হইবে।

অনস্তর প্রমাণ শুনিয়া বিবেচনা করণার্থে যে সভা-সদ্ লোকেরা উপস্থিত ছিল, তাহাদিগকে সংঘাধন করিয়া বিচারাধ্যক কহিলেন, হে সভাসদ্ মহাশয়েরা, বে ব্যক্তির নিমিতে এই নগর লওভও ইহয়াছিল, তাহাকে দেখিতেছ, এবং এই মহাশয়েরা তাহার বিরুদ্ধে বে সকল সাক্ষ্য দিয়াছেন তাহাও শুনিলা, এবং তাহার নিজ উত্তর ও দোষ স্বীকারও শুনিলা। অতএব এক্ষণে তাহাকে ফাঁসি দেওয়া কিয়া রক্ষা করা যাহা উচিত হয়, তাহা তোয়াদের অধকার; কিন্তু এতছিবয়ে আমাদের যে ২ ব্যবস্থা আছে, তাহার কিছু তোমাদিগকে জ্ঞাত করা আমার উপযুক্ত বোধ হয়।

অামাদিপের রাজার ভূত্য \* মহাক্রিরৌণ নামকের অধি-কার কালে এই একটি ব্যবস্থা স্থাপিত হইয়াছিল, ভিন্ন মতাবলম্বি লোকেরা থেন উন্নত হইয়া অধিক প্রবল না হয়, একারণ তাহাদিগের পুত্র সম্ভানদিগকে নদীতে নিঃক্ষেপ করিতে হইবে। তারির মহা \* নিবৃখদ্নিৎসর নামে আমা-দের রাজার আর এক জন ভৃত্য একটি স্বর্ণ প্রতিমা স্থা-পিত করিয়া এই ব্যবস্থা করিয়াছিলেন, যে ব্যক্তি ঐ প্রতি-मारक ज्ञनाम शूर्वक शूकािन ना कतिरव, रम वािक ज्ञब-লিভ অগ্নিকৃওমধ্যে নিক্ষিপ্ত হইবে। পরে \* দারা না-মক রাজা আর একটি ব্যবস্থা স্থাপিত করেন। সে ব্যবস্থা এই, যে ব্যক্তি তাঁহার নিয়মিত দিন পর্যান্ত ভাঁহা ব্যতিরেকে কোন ঈশ্বরের কাছে প্রার্থনা করিবে, সে সিংহ্থাতে নিক্ষিপ্ত হইবে। অতএব দেখ, ঐ ব্যক্তি সেই সকল ব্যবস্থা লজ্ঞান করিয়াছে। কেবল মনেতে তাহার লজ্ঞান হইলে আমরা প্রায় দহ্য করিতাম না, কিন্তু এ রূপ বা-কোতে ও ক্রিয়াতে যে লজ্মন করা ইহা আমাদের সহ্য रुय ना।

শার দেখ, \* কিরৌণের অধিকারকালে যে ব্যবস্থা স্থা-শিক্ত হইয়াছিল, তাহা কোন স্পট্ট দোষ প্রযুক্ত স্থাপিত শ্রুষ নাই, কেবল অনুষান প্রযুক্ত, অর্থাৎ ভাবি অমঙ্গলের নিবারণার্থে স্থাপিত হইরাছিল। কিন্তু এই ব্যক্তির দোষ ছাতি স্পাষ্ট। এবং যে দ্বিতীয় ও তৃতীয় ব্যবস্থার উল্লেখ হইয়াছে, এ ব্যক্তি তাহাও লক্ষন করিতেছে, কেননা এ স্থানাদের মতের বিরুদ্ধ কথা কহিতেছে; এবং এ যে রাজ-দ্রোহী, ইহা আপনি স্থীকার করিয়াছে; স্ত্রএব ইহার প্রাণদণ্ড করা কর্ত্ব্য।

তখন ঐ সভাসদ্গণ, অর্থাৎ "অন্ধ ও "অভদ্র ও \* হিংসুক ও \* কামপ্রিয় ও \* অত্যাচারী ও \* ছুরাগ্রহ ও " अरु: यू ७ " स्वयी ७ " मिथानानी ७ " निष्टुंत ७ " नी-পারি ও "অসজেয় নামক মহাশয়েরা বিচারস্থানহইতে নির্গত হইয়া পরস্পর মন্ত্রণা পূর্বক ঐ বন্দি লোকের দোষ স্থির করিয়া তাছাকে বিচারাধ্যক্ষের সম্মুখে দোষী করণে একপরামর্শ হইল। ইহাতে তাহার। পরস্পর এই রূপ কথোপকখন করিতে লাগিল। প্রথমতঃ সভা-পতি " অন্ধ কহিল, আমি স্পাষ্ট দেখিতেছি, ঐ ব্যক্তি বৈধন্মী। পরে "অভক্ত কহিল, ঐ মানুষকে জগৎহইতে দূর করিয়া দেওয়া উচিত। এবং \* হিংসুক ঐ কথায় যোগ मिया कहिल, ट्रिंप प्रथ, के दिगात मूथ प्रिथित आमात কোধ জন্মে। এবং \* কামপ্রিয় কহিল, হাঁ, আমিও উহা-কে দেখিতে পারি না। এবং \* অত্যাচারী কছিল, হাঁ ভাই, আমিও পারি না, কারণ ঐ বেটা সর্বাদা আমার মতে দোষ দিত। অপর \* ছুরাগ্রহ কছিল, ফাঁসি দেও, ফাঁসি দেও। এবং "অহংযু কছিল, ও বেটা অতি অস্তাজ। ध्वर र दिवक कहिल, उहारक मिश्रिल आमात मर्ताक क्टल। बदर " मिथानामी कहिल, ও विने छात्र। " निश्रेत কহিল, ফাঁসিদগু উহার বছ ভাগ্যের কথা, অধিক দণ্ড দেওয়া উচিত। এবং "দীপারি কহিল, শীঘ্র উহাকে লোকান্তর কর। অবশেষে "অসল্পেয় কহিল, শুন, স্থামি যদি সমস্ত জগৎ পাই, তথাপি উহার সহিত কথন মেল করি না; অতএব আইস আমরা বিচারকর্তার সাক্ষাতে উহার প্রাণদগুবোগ্য দোষ স্থির করি।

এই রূপ দোষারোপ করিলে পর বিচারাধ্যক্ষ ক্ষণেকের মধ্যে ঐ ব্যক্তির প্রাণদণ্ড স্থির করিয়া এই আজা দিল, ঐ ব্যক্তি যে স্থানহইতে আসিয়াছে সেই স্থানে উহাকে লইয়া গিয়া যথাসাধ্য নির্দ্য রূপে উহার প্রাণদণ্ড কর।

অতথব তাহার। স্বদেশীয় ব্যবস্থানুসারে দণ্ড দিবার নিমিত্তে তাহাকে বাহির করিয়া প্রথমতঃ বেত্রাঘাত ও গালে মুখে চপেটাঘাত মারিল। পশ্চাৎ ছুরিকাদ্বারা তা-হার গাত্রের মাংস নির্দয় রূপে ছেদন করিতে লাগিল। পরে তাহাকে প্রস্তর মারিল ও তরবালের অগ্রভাগদ্বারা তাহার শরীরে খোঁচা দিল। এই রূপে অশেষ বিশেষ যাতনা দিয়া অবশেষে তাহাকে একটা স্তন্ত্রকাঠে বাঁধিয়া অগ্রিদ্বারা পোড়াইয়া ভক্ষ করিল।

এই রপে 'বিশ্বাসী অত্যন্ত যন্ত্রণা পাইয়া দেহ ত্যাগ করিল বটে, কিন্তু আমি দেখিলাম ঐ লোকারন্যের পশ্চান্তাগে তাহার নিমিত্তে দুই খোড়ার এক খানি রথ প্রস্তুত হইয়াছিল। পরে শকু লোকেরা তাহাকে ব্যাপাদন করিবামাত্র সে ঐ রথারোহণ পূর্বাক তুরীধ্বনিতে অন্তর্নীক্ষ পথ দিয়া অতি শাঘু স্বর্গীয় রাজধানীতে উপনীত হইল। তদনত্তর 'থাফীয়ানের বিচারে কিঞ্চিৎ বিলয় হইলে সে পুনর্বার কারাগৃহে বদ্ধ হইল। ঐ কারাগারে কিছু কাল থাকিলে পর মনুষ্যদের কোধ ঘাঁহার হস্তগত, সেই সর্বাধিপতি ঈশ্বর তাহাদের হস্তুইতে তাহাকে রক্ষা করিলেন; তাহাতে সে আপন পথে অ্যাস্ক্র হইল। গমন কালে সে এই শ্লোক গান করিতে সাম্বাক্র

বিশ্বাসি যেমতে, বিশ্বাস্য রূপেতে,
আপন প্রভুর নাম।
করিলা স্বীকার, সমক্ষে তাঁহার,
তথা পাবে সুখধাম॥
অবিশ্বাসী যারা, ইহলোকে তারা,
হর্ষিত অসার সুখে।
কিন্তু পরলোকে, পড়িয়া নরকে,
কাঁদিবেক উর্দ্ধ মুখে॥
গান কর কর, বিশ্বাসি তোমার,
নাম চিরজীবী হবে।
হৈলেও নিহত, তুরি হে সতত,
স্বর্গেতে জীবিত রবে॥

## ১৪ অধ্যায়।

অপর আমি স্বপ্নে দেখিলাম "খুনিটায়ান একাকী এই রূপ গান করিতে ২ যাইতেছিল, তাহা নয়, কেননা "আশান্বান নামে এক ব্যক্তি তাহার সহিত মিলিত হইয়া তাহাকে জাতৃ সন্ধোধন পূর্বক কহিয়াছিল, হে ভাই, আমি তোমার সহযাতী, হইব। ঐ ব্যক্তি মায়াহটে "খুনিটায়ানের ও "বিশ্বাসির দুরবন্থা সময়ে তাহাদের সংকথা শুনিয়া এবং সদাচরণ দেখিয়া আশামুক্ত হইয়াছিল। এই প্রকারে সত্যতার সাক্ষ্য দেওনার্থে এক জনের মৃত্যু হইলে তাহারই চিতাভক্মহইতে "খুন্টায়ানের সহিত গমনার্থে আর এক জন উৎপন্ন হইল; এবং সেই "আশাবান "খুন্টায়ানকে কহিল, ঐ মেলার মধ্যহইতে অনেক ২ লোক কঞ্চিৎ পরে আমাদের পশ্চাৎ আগমন করিবে। এই রূপে "খুন্টায়ান পুনর্বার এক জন সন্ধী পাইয়া

ঐ মেলাহইতে বাহির হইবামাত্র বছচেই নামে এক অগ্রগামি লোকের সঙ্গ ধরিয়া তাহাকে জিজ্ঞাসা করিল, হে মহাশয়, আপনি কোন্ দেশহইতে জাসিয়াছেন? এবং কত দূর পর্যান্তই বা গমন করিবেন? তাহাতে সেউত্তর করিল, আমি মুবুরবাক্য নামক নগরহইতে আসিয়াছি, এবং স্থগীয় রাজধানীতে যাইব। কিন্তু সে আপন নামের পরিচয় দিল না।

তথন "খুীফীয়ান জিজ্ঞাসিল, তুমি " মধুরবাক্য নগর-ছইতে আসিয়াছ, মেধানে কি কোন ধার্ম্মিক লোক আছে? তাহাতে " বহুচেই কহিল, হাঁ, আমার এমন বোধ হয়। অপর "খুীফীয়ান কহিল, হে মহাশয়, আমি তোমাকে কি বলিয়া তাকিব?

তাহাতে \* বছচেন্ট কহিল, তোমায় আমায় পরস্পর কথন পরিচয় নাই বটে, তথাপি এই পথে তোমার সহিত যাইতে আমি বড় আহ্লাদিত হই, কিন্তু তাহা না হইলে আমাকে ক্লান্ত হইতে হইবে।

অপর " শ্রীফ্রীয়ান কহিল, ঐ " মধুরবাক্য নামক নগরের বিষয়ে আমি অনেক ২ কথা শুনিয়াছি। লোকেরা ঐ নগর-কে অতি ধনশালী কছে।

তাহাতে <sup>\*</sup>বছচেউ কহিল, হাঁ, সে নগর অতি ধনাচ্য বটে, সে হানে আমার অনেক ২ ধনবান্ জ্ঞাতি কুটুয় আছে।

তথন " খ্রীফীয়ান কহিল, মহাশয় যদি বিরক্ত না হন, তবে সে স্থানে তোমার কেটা ২ কুটুছ আছে, তাহা জি-জ্ঞাসা করি।

তাহাতে "বহুচেষ্ট কহিল, কেটা ২ কেন? সেখান-কার সমস্ত লোকই প্রায় আমার কুটুয়, বিশেষতঃ শ্রীযুত্ত " ঘূর্ণি মহাশয় ও "কালানুবর্তী সহাশয়, এবং "মধুরবাক্ মহাশয়, যাঁহার পিতৃপিতামহের নামেতে ঐ নগর
নামলক হইয়াছে; তদ্কির চিঞ্জণ মহাশয়, ও উভয়দিল্পথ মহাশয়, ও বং আমার
মাতৃল ছিজিছা নামক মহাশয়, এই সকল লোক আমার
ঘনিষ্ঠ কুটুর জানিবা। আর তোমাকে যদি সত্য কহিতে
হইল, তবে শুন, আমি এখন এক জন কুলীন মহল্লোক
হইয়াছি। আমার প্রপিতামহ দাঁড়ী ছিলেন, তিনি এক
দিগে চাহিয়া অন্য দিগে গমন করিতেন। সেই প্রকার ব্যবসায়দ্বারা আমিও প্রায় সমস্ত ধন উপার্জন করিয়াছি।

অপর \* খ্রীফীয়ান জিজাসা করিল, তোমার স্ত্রী পুত্রাদি আছে ?

তাহাতে বহুচেষ্ট উত্তর করিল, হাঁ, বুনুবালারাণীর কন্যার সহিত আমার বিবাহ হইয়াছে। সে স্ত্রী অতি মন্ত্রান্ত কুলোন্তবা, এবং এমন ভাগ্যবতীরূপে প্রতিপালিতা হইয়াছে, বে কি রাজা কি প্রজা সকলেরি সহিত যথোচিত ব্যবহার করিতে জানে। সে যাহা হউক, ধর্মারত অন্য হ লোক অপেক্ষা আমরা ধর্ম্ম বিষয়ে কিঞ্চিৎ তির স্বভাব রাখি, কিন্তু সে কেবল হুইটি ক্ষুদ্র বিষয় জানিবা; প্রথমতঃ এই, আমরা সক্ষুথ বায়ু কিয়া সন্মুথ সোত ভাজিয়া গমন করি না; দ্বিতীয়তঃ নির্মাল দিনে জনগণের প্রেশংসা করণ কালে ধর্মাকে স্বর্ণ পাছকা ধারণ পূর্বক পথে বেড়াইতে দেখিলে আমরা তাঁহার প্রতি অন্য সময়াপেকা আধিক অনুরাগ প্রকাশ করি।

তখন "খুখিটীয়ান এক পার্শ্বে গিয়া "আশাবানের সহিত মিলিয়া তাহাকে কহিল, ওহে ভাই, আমার অনুমান হয় ঐ ব্যক্তি "মধুরবাক্য নগরের "বহুচেম্ট নামক লোক। হদি কে হয়, তবে উহার সমান প্রবঞ্চক এ অঞ্চলে নাই। তখন "আশাবান কহিল, তুমি উহাকে জিজ্ঞাসা কর, আপনার নাম ব্যক্ত করণে উহার লক্ষা জন্মে কি
না, তাহা দেখি। একথা শুনিয়া ব্রীফীয়ান পুনর্বার তাহার নিকটে গিয়া কহিল, হে মহাশয়, অন্য দশ জন
অপেকা তুমি অধিক বুদ্ধিমান, তোমার কথাছারা এমন
বোধ হয়। ইহাতে তুমি কে, তাহা আমি অনুমানছারা
জানিতে চেন্টা করিয়াছি। ভাল, তোমার নাম কি মধুরবাক্য নগরবাসি বহুচেন্ট নয়?

তাহাতে বহুচেই কহিল, আমার বিপক্ষ কোন ২ ব্যক্তি ঐ নাম ধরিয়া আমাকে ডাকে বটে, কিন্তু বাস্তবিক ঐ নাম আমার নয়। বাহা হউক, অন্য ২ ভদ্র লোকেরা পূর্বে বেমন বিদ্রাপ সহ্য করিয়াছে, তেমনি আমাকেও বিদ্রাপস্থর্নাপ সেই নাম সহ্য করিতে হয়।

তখন "খ্রীফীয়ান জিজ্ঞাসা করিল, ভাল, লোকেরা বে ভোমাকে ঐ নাম ধরিয়া ডাকে, ভোমার কোন কিয়া কি ভাহার কারণ হয় নাই?

\*বছচেন্ট উত্তর করিল, না, না, এমন নয়। আমার আচার ব্যবহারের মধ্যে তাহারা সেই অপবাদের মূল-স্থরূপ কেবল একটি কুল বিষয়ের উল্লেখ করিতে পারে। সেই বিষয় কি তাহা. বলি। বে২ সময়ে সর্মনাধারণের মধ্যে প্রচলিত বে২ লোকাচারহইতে আমার কিঞ্চিৎ লাভ হওনের সম্ভাবনা দেখিতাম, সেই ২ সময়ে আমি সেই ২ লোকাচারকে উত্তম জানিয়া গ্রাহ্য করিতাম। ইহাতে কেহ ২ বদি জামার প্রতি দোষারোপ করে, তবে সূত্রাং তাহা আশীর্কাদের ন্যায় জ্ঞান করিতে হয়। কিন্তু হিং-জ্ঞক লোকেরা আমার নিন্দা না করক।

ভাহাতে "খ্রীফীয়ান কহিল, আমি যে লোকের ভানিয়াছি, তুমিই সেই বট। তাহাতে আমি কি বলি, তুমি যে রূপ অন্যায়ের কথা কহিতেছ, লোকেরা তোমার ঐ নাব করণে জক্রপ অন্যার করে, আমার এমন বোধ হয় না।

তাহাতে বহুচেই কছিল, তোমরা যদি সে রূপ ভাব, তবে কি করিব? সে বাহা হউক, এখনও যদি ভোমরা আমাকে সন্দিরূপে গ্রাহ্য করু, তবে উত্তম সন্দী পাইবা।

তথন "খীফীয়ান কহিল, আমাদের সঙ্গী হইলে সন্মুখ বায়ু ও সন্মুখ স্ত্রোড ভালিয়া যাইতে হইবে; এবং স্থা পাছুকা বিশিষ্ট ধর্মকে বেমন স্বীকার কর, তেমনি নেক্ড়া পরিহিত ধর্মকেও স্বীকার করিতে হইবে। এবং তিনি লোকদের প্রশংসা করণ কালে পথে বেড়াইলে বেমন ভাঁহার সপক্ষ হও, তদ্রপ তিনি যখন শৃষ্ণলে বদ্ধ থাকেন, সেই সময়েও তাঁহার সপক্ষ হইতে হইবে।

তাহাতে <sup>\*</sup> বহুচেই কহিল, আমার বিশ্বাসের উপরে তোমাদের কর্তৃত্ব করা অনুচিত; আমার ইচ্ছানুসারে আচরণ করিতে২ তোমাদের সহিত বাইবার অনুমতি আমাকে দেও।

শুনিভীয়ান কহিল, না, আমি যে রূপ আচরণের বর্ণনা করিয়াছি, সেই রূপ আচরণ করিতে বদি তুমি আমাদের ন্যায় সম্মত না হও, তবে আমাদের সঙ্গে আর এক পা অগ্রসর হইতে পারিবা না।

ভাষাতে <sup>\*</sup> বহুচেই কহিল, আমার পুরাজন মত আমি কখন ত্যাগ করিব না, কেননা তাহা নির্দ্ধোষ এবং লাভ-জনক। তোমাদের সঙ্গে বদি আমার গখন না হয়, তবে আমি পূর্ববং গমন করিব, অর্থাৎ আমার আলাপে সম্ভই কোন ২ লোক যে পর্যায় আসিয়া না মিলিবে, তাবং একাকী গমন করিব।

অপর আমি স্বপ্নে দেখিলান, "খ্রীফারান ও " আ-শাবান উভয়ে ভাহাহইতে পৃথক্ হইয়া ভাহাকে পশ্চাৎ কেলিয়া অগ্রসর হইল। কিঞ্চিৎ দূরে গমন করিলে তাহাদের মধ্যে এক জন পশ্চাৎ দিগে দৃষ্টি করিয়া " ধৃতক্রপথ
ও " অর্থপ্রিয় ও " সর্ব্বসঞ্চয়ী নামে তিন ব্যক্তিকে ঐ • বহচেন্টের পশ্চাৎ আসিতে দেখিল। পরে তাহারা তাহার
সঙ্গ ধরিলে " বহুচেই তাহাদের সহিত পরস্পর প্রণাম ও
কোলাকুলি করিল, কারণ বাল্যকালে তাহারা সকলে
একই বিদ্যালয়ে পাঠ করিয়াছিল, ফলতঃ উত্তরদিক্স্তিত
"লোভ নামক প্রদেশের "লাভেছা নগরে " নরপীড়ক
নামা অধ্যাপকের কাছে একত্র অধ্যয়ন করিয়াছিল। ঐ
অধ্যাপক তাহাদিগকে বল কি ছল কি স্তবন্তুতি কি মিধ্যাকথা কি ধর্ম্মবেশ ধারণ, সর্ব্বপ্রকার উপায়ধারা অর্থলাভ
করণ বিষয়ক বিদ্যা শিক্ষা দিয়াছিল। তাহাতে ঐ চারি জন
অধ্যাপকের জ্ঞানেতে এমত পণ্ডিত হইয়াছিল, বে প্রত্যেকে স্বতন্ত্র ২ তাহার অধ্যাপক হইবার যোগ্য ছিল।

পূর্ব্বোক্ত রূপে তাহাদের পরস্পর বন্দনাদি সমাপ্ত হইলে "অর্থপ্রিয় কিঞ্চিৎ অগ্রে ঐ চুই জন যাত্রিকে দেখিয়া "বহুচেউকে জিজ্ঞাসা করিল, হে মহাশয়, আন মাদের অগ্রগামী ঐ চুই ব্যক্তি কে?

তাহাতে "বহুচেক্ট কহিল, উহারা দূরদেশীয় যাত্রী, আপনাদের ইক্ট রীত্যনুসারে যাত্রা করিতেছে।

\* অর্থপ্রিয় কহিল, হায় ২, তবে উহারা কেন দাঁড়াইল না? তাহা হইলে আমরা উত্তম সহযাত্রিক পাইতাম। কেননা বোধ হয়, যাত্রা করিতে উহাদের ও আমাদের ও আপনকার মনস্থ আছে।

ভাহাতে বহুচেই উত্তর করিল, আছে বটে, কিন্তু ঐ অগ্রগামি ব্যক্তিরা বড় ছুরাগ্রহ; তাহারা আপন ২ বিচারে এমন আসক্ত, যে অন্য সকলের বিচার লমু জ্ঞান করে; তাহাতে কোন ব্যক্তি পরমধার্মিক হইলেও যদি সকল বিষয়ে ভাছাদের মতে ঝটিভি প্রবিষ্ট না হয়, তবে ভাছারা ভাছাকে আপন সঙ্গুইতে দূর করিয়া দেয়।

ভাছাতে \* সর্ব্বসঞ্গী কহিল, ইহা অতি মন্দ। কিন্তু এই কগতে অতিধার্মিক কোন ২ লোক আছে, শাস্ত্রেও এমন লিখিত আছে। তাহারা কঠিনস্বভাব প্রযুক্ত আপ-নাদিগ্ ব্যতিরেকে অন্য সকলকে আপন ২ বিচারে দোষী করে। ভাল, কোন্ ২ বিষয়ে ভোমার ও তাহাদের মতে অনৈক্য ছিল?

বহুচেই উত্তর করিল, তাহা বলি শুন। তাহারা একগ্রহীয়া প্রযুক্ত সকল কালেতেই যাত্রা করা বিহিত জ্ঞান করে, কিন্তু আমি তাহা না করিয়া সুযাতাস প্রভৃতির অপেক্ষা করিয়া থাকি। এবং তাহারা ঈশ্বরের নিমিত্তে একেবারে আপন ২ সর্বস্থ পণ করে, কিন্তু আমি সে রূপ না করিয়া আপন প্রাণ ও বিষয় রক্ষার্থে তাবং উপায় গ্রাহ্য করি। তাবং মনুষ্য তাহাদের প্রতিবাদী হইলেও তাহারা আপন মত ত্যাগ করিতে অসম্মত থাকে; কিন্তু আমি কালাকাল ও কলাকল বুঝিয়া লাভানুসারেই ধর্ম্মের সপক্ষ হইয়া থাকি। ধর্ম্ম বখন নেক্ড়া পরিয়া তুচ্ছের ন্যায় বেড়ান, তখনও তাহারা তাঁহার অনুগত হয়; কিন্তু আমি ধর্মাকে স্থলপাছকা বিশিষ্ট ও জনগণকর্তৃক প্রশংশ্যত হইয়া বেড়াইতে দেখিলে তাঁহার অনুগামী হইন্যা থাকি।

অপর <sup>\*</sup> ধৃতজগৎ কহিল, ভাল ২, তুমি সাধু লোক, এই মতেতে তোমার থাকা কর্ত্ত্তা, কেননা যে ব্যক্তি সর্বাস্থ রক্ষা করণের উপায় অগ্রাহ্য জ্ঞান করিয়া তাহা হারায়, তাহাকে আমি মূর্থের মধ্যে গণনা করি। আ-মাদের সপ্রথ সতর্ক হওয়া তো উচিত; রৌদ্র হইলে কাপড় দেওয়া ভাল। দেখ, মৌমাছি সকল ঝড়ের সময়ে কোন কার্য্য না করিয়া যখন সুখেতে মধুলাত হয়, এমন নির্মান দিনে কার্য্য করে। ইশ্বর কেবল ঝড় দেন, এমন নয়, রৌজও দিয়া থাকেন; অভএব উহারা যদি কিপ্ত হইয়া ঝড়ের সময়ে যাজা করিবে, তবে করুক, কিন্তু আমরা সুসময়ে যাজা করিতে ভাল বাসি। অন্যেরা যে ধর্ম্ম ভাল বাসে, তাহা বাসুক, কিন্তু যে ধর্ম্ম মানিলে ঈশ্বরদন্ত মঙ্গল পাওয়া বায়, ভাহাই আমি অধিক ভাল বাসি। ঈশ্বর যথন আমাদিগকে ঐহিক মঙ্গল দিয়া থাকেন, তখন তাঁহারই অনুরোধে তাহা আহ্য করিয়া রক্ষা করা আমাদের উচিত, ইহা কি যুক্তিসিদ্ধ বিচার নয়? দেখ, ইত্রাহীম ও সুনেমান, ইহারা ধর্ম্মদারা ধনবান হইয়াছিল। তদ্তিম আয়ুব কহিয়াছে, সাধু লোক ধূলার নয়ায় সুবর্গ সঞ্গয় করিবে; কিন্তু ভূমি যে রূপ ঐ অপ্রগামিদের বর্ণনা করিব্যাহ, সে রূপ হইলে সাধু লোক তাহা করিতে পারে না।

অপর শ্বর্ষ ক্ষা কহিল, ও হে ভাই, বুঝি আমরা সকলেই এ বিষয়ে ঐক্য হইতেছি, অতএব এখন অধিক কথায় নিস্পুরোজন।

ত অর্থপ্রিয় কহিল, হাঁ, নিস্পুরোজন বটে, কেননা ধর্মগ্রন্থ ও নীতি এ উভয়ই আমাদের পক্ষ, ইহা স্পন্ত; আর ধর্মশান্ত্রেতে ও নীতিশান্ত্রেতে বাহাদের বিশাস নাই, তাহারা আপনাদের স্বাধীনতা বুকো না, এবং আপন ২ মঙ্গলের চেন্টাও করে না।

তথন শ্বহুচেন্ট কহিল, হে জ্রাতা সকল, দেখ, আমর। সকলেই একত যাত্রা করিতেছি, অতএব যাহাতে মন্দ বিষয়ের চিন্তাহইতে রক্ষা পাই, এমন এক প্রশ্ন করিতে আক্রাহউক।

ুকোন ধর্মোপদেশক কিয়া কোন ব্যবসায়ি লোক যখন উদ্ভিক মঙ্গল প্রাপ্তির উপায় দেখে, তথন ধর্মানুরাগ প্রকাশ না করিলে, অর্থাৎ ধর্মসম্বন্ধীয় যে ২ বিষয়ে পুর্বে মনো-নিবেশ করিত না, সেই ২ বিষয়ে বত্ন না দেখাইলে যদি আপনার বাঞ্জিত ঐ মঞ্চল প্রাপ্ত হইতে না পারে, তবে তাহা পাইবার নিসিত্তে ঐ প্রকার ধর্মানুরাগ প্রকাশ করি-লে কি তাহার সাধৃতা নই হয় ?

তাহাতে "অথিপ্রিয় উত্তর করিল, আমি তোমার প্রশ্নের অভিপ্রায় বৃষ্ণিলাম, অতথ্য এই মহাশরের। অনুমতি করিলে আমি তাহার উত্তর দি। প্রথমতঃ, ধর্ম্মোণ্ডিকর কর্ত্তরাকর্ত্তর বিষয়ে তাহার উত্তর দিব। অপ বেজনের কর্ম্মে নিযুক্ত কোন ভব্র ধর্ম্মোপদেশক অধিক লাভজনক কর্ম্ম পাইতে ইচ্ছুক হইয়া যখন তাহাতে নিযুক্ত হওনের সম্ভাবনা দেখে, তথন যদি তাহা পাইবার নিমিত্তে অধ্যয়নে ও উপদেশ দেওনে অধিক যত্ন প্রকাশ করিতে হয়, এবং শ্রোতাদের অনুরোধে যদি আপনার গ্রাহ্ম মতের কিঞ্চিৎ অন্যথা করিতে হয়, তবে কেন তাহা করিবে না? আমি বোধ করি, মগুলী তাহাকে নিমন্ত্রণ করিলে ও সকল উপার ব্যবহার করাতে তাহার দোষী হওয়া দূরে ধীকুক, বরং সেই প্রকার অন্য অনেক কর্মা করিলেও সে সর্বতোভাবে সাধু মনুষ্য থাকিবে। তাহার প্রমাণ বলি, শুন।

প্রথমতঃ, অপে বেডনের কর্ম অপেক্ষা অধিক বেডনের কর্ম পাইতে চেডা করা তাহার অনিষিদ্ধ, ইহাতে কেহ কোন আপত্তি করিতে পারে না, কেননা ঈশ্বরের সাহায্যে ঐ কর্ম পাইবার পথ ভাহার সুগম হয়। অভএব সেই কর্ম যদি পাওয়া যায়, ভবে সে সদসম্ভাবের নিমিতে কিছু ক্লিজাসা না করিয়া ভাহা পাইতে চেডা করক।

বিতীয়তঃ, ঐ কর্ম পাইবার নিমিত্তে বদি তাহাকে অধ্য-য়নে ও উপদেশ দেওনে অধিক যত্ন করিতে হয়, তবে তদ্ধারা সে অতি উত্তম লোক হইয়া উঠে, এবং ভাহার বিদ্যা ও কর্ম্মে নৈপুণ্য বৃদ্ধি পার, ইছাও ঈশ্বরের ইম্ছানুযায়ি কলা।

ভৃতীয়তঃ, সে বাজি আপন শ্রোতাদের মললার্থে যদি তাহাদের অনুরোধে আপনার গ্রাহ্য মতের কিঞিৎ অন্যথা করে, তবে তাহাতে তাহার সদ্গুল প্রকাশ হয়, কেননা, ১। সে পর্মল্লেরের নিমিতে আপনার ইছাকে ত্যাগ করে; ২। সে প্রীতি ও মনোরঞ্জক সুশীলতা দেখার, ৩। এবং সে যে উদ্দেশকপদের যোগ্য পাত্র, ইহার স্পষ্ট প্রমাণ দেয়। অভএব আমি ইহা হির করি, কোন উপ-দেশক যদি ক্ষুদ্র পদের পরিবর্তে উচ্চ পদের চেটা করে, তবে তাহাকে লোভী বলিয়া দোষী করা অনুচিত, বরং তদ্যারা তাহার নৈপুণ্য ও যত্ন বৃদ্ধি পাওয়াতে ভাছাকে নিজ কর্ম্মে উদ্বোগী এবং সাধ্যানুসারে পরমন্ধল কর্পের আকাজনী জানিয়া মান্য ক্ষান করা সকলের কর্ত্ব্য।

অপর তোমার অন্তের যে ছিতীয় ভাগ, অর্থাৎ ব্যবসায়ি ব্যক্তি বিষয়ক যে প্রশ্ন, ভাষারও উত্তর দি, শুন। এ সং-সারে ক্ষুত্র ব্যবসায়ী কোন ব্যক্তি যদি ধর্মানুরাগ প্রকাশ করণছারা ক্রয় বিক্লয়কারি লোকদের অনুগ্রহ জন্মাইরা অধিক লাভ পাইতে পারে, কিলা ধনবতী স্ত্রীকে বিবাহ করিতে পারে, তবে ঐ কর্মা বে ভাষার অকর্ত্র্য, ইয়ার প্রমাণ আমি কিছুই দেখি না। বরঞ্চ ভাষা কর্ত্র্য, কেননা,

প্রথমতঃ, বে কোন প্রকারে হউক, মনুষ্যের ধর্মানুরক্ত হওয়া উচিত।

দ্বিতীয়ন্তই, ধনর্তী স্ত্রীকে বিবাহ করা, কিয়া আপনার স্থোকার্নে উত্তর ক্রেডা আনয়ন করা, ইহাও নিষিদ্ধ নয়।

ভূতীয়তঃ, বে বাজি ধর্মানুরজ হইয়া পূর্বোজ বিষয় গ্রুক প্রাপ্ত হয়, সে আপুনি উত্তম হওনছারা উত্তম ব্যাকহইতে উত্তম বিষয় পায়। ইহাতে উত্তম ফল, আর্থাৎ উত্তৰা স্ত্ৰী ও উত্তম কোতা ও উত্তম লাভ এবং তাহা পাইবার উত্তম উপায় অর্থাৎ ধর্ম্মাদুরাগ দেখা যায়; অত-এব্যুক্ত সকল পাইবার জন্যে ধর্মাবলহী হণ্ডয়া অভি উত্তম এবং লাভজনক বটে।

"বহুচেন্টের প্রশ্নের প্রতি " অর্থপ্রিয়ের এই রূপ উতর
ভানিয়া সকলে সভ্ট হইয়া ভাহার বিচার উত্তম ও হিতজনক বলিয়া প্রশংসা করিল। এবং তাহা অকাটা জান
করাতে পরস্পার এই প্রকার মন্ত্রণা করিল, দেখ, ঐ
"প্রীটারান ও "আশাবান এখনও তাক ভানতে পারে;
উহারা পুর্মে "বহুচেন্টের প্রতিবাদী হইয়াছিল, অতএব
জাইস, আমরা শীল্ল ভাহাদের নিকটে গিয়া এই প্রশ্ন
বিষয়ে তাহাদের সহিত বাগ্যুদ্ধ করি। ইহা ছির করিয়া
তাহারা ঐ বুই জনকে ডাকিল, তাহাতে তাহারা ইহাদের
আগমনের অপেক্ষাতে সাঁড়াইয়া রহিল। পরে ইহারা
বাইতে২ এই পরামর্শ ছির করিল, "বহুচেন্টের পরিবর্জে
বরং " গৃতজ্বাথ নেই প্রশ্ন উপস্থিত করক, কেননা " বহুচেন্টের সহিত পূর্মে বিবাদ ইওয়াতে কি জানি, তাহারা
তাহাকে ক্রোবর্ফ্ক উত্তর দিবে, কিন্তু " গৃতজ্বতের সহিত
শান্ত মনে আলাপ করিবে।

অতএর তাহারা পরস্পর নিকটবর্তী হইয়া বন্দনাদি করিলে পর, "ধৃতজপৎ "খুীইটারানের ও "আশাবানের প্রতি সেই প্রশ্ন উত্থাপন করিয়া কছিল, বদি পার, তবে ইহার উত্তর দেও।

তাহাতে শুমিনীয়ান উত্তর করিল, ধর্ম বিষয়ে যে ব্যক্তি শিশু, সেও এ প্রকার দশ হাজার প্রমের উত্তর দিতে পারে; বেহেতুক হ্যাহনের ষষ্ঠ অধ্যায়ে লিখিত প্রমাণানুসারে যদি ফুটী পাইবার আশাতে শুমিনীর পশ্চাৎ বাওরা অকর্ত্ব্য হয়, তবে সাংসারিক লাভ ও সৃষভোগ পাইবার নিমিতে খ্রীফকে এবং তাঁহার ধর্মকে বান করা আরও খ্নার্হ কর্ম। দেবপুলক ও কাম্পানক লোকেরা এবং শয়ভানম্বরূপেরা ও মারাবিরা ভিন্ন আরু কাহাকেও সেই কর্ম করিতে দেখি নাই।

প্রথমতঃ, দেবপুজকদের উদাহরণ বলি, শুন। হুনোর এবং শিখিম বর্থন শাক্তবের কন্যাকে ও গো মেবাদি পাল লইতে বাঞ্ছা করিয়া দেখিল বে ছুক্ছেদী না হইলে তাহা পাইবার কোন উপায় নাই, তথন তাহারা আপনাদের অনুগত লোকদের প্রতি কহিল, উহারা যেমন ছুক্ছেদী, তেমনি যদি আমাদের প্রত্যেক পুরুষের ছুক্ছেদী, তেমনি যদি আমাদের প্রত্যেক পুরুষের ছুক্ছেদ হয়, তবে তাহাদের ধন পশু কি আমাদের হইবে না? দেখ, কন্যা এবং গো মেবাদি পাল লইবার চেন্টায় তাহারা ছিল। এবং তাহা পাইবার জন্যে ধর্মার্কুপ যান আরোহণ করিয়াছিল। আদিপুত্তকের ও৪ অধ্যায়ে সেই সমস্ত বিবরণ পাঠ-করিয়া দেখ।

দিতীয়তঃ, কাম্পনিক কিরুশিরাও ঐ ধর্মাবলমী ছিল, কেননা দীর্ম প্রার্থনা তাহাদের মান, কিন্তু বিধবাগণের গৃহাদি সর্ক্ষ প্রাস করা তাহাদের অভিপ্রায়, এই কারণ ঈশ্বরদক্ত গুরুতর দও তাহাদের অধিকার হইল। লুক ২০; ৪৬, ৪৭।

ভূতীয়তঃ, "শয়তানশ্বরূপ বিহুদা ঐ ধর্মাবলদী ছিল, সেও বৈলীর মধ্যস্থিত মুদ্রাদির অধিকারী হইবার জন্যে ধর্ম্মবান আরোহণ করিয়াছিল। কিন্তু শেষে সে পভিত ও পরিত্রাণক্রই হইয়া বিনাশের পাত্র হইল।

চতুর্গন্তঃ, "শিনোন নামক নায়াবীও ঐ ধর্মাবলরী ছিল, ক্রানা লে ধন পাইবার জন্যে পবিত্র আত্মাকে ক্রয় ক্রিকে চাহিল; এই কারণ পতির তাহার উপযুক্ত ইত্যাজা করিল। প্রেরিত ৮; ১৯-২২। পঞ্চমতঃ, এই এক কথা মনে রাখিতে হইবে, যে ব্যক্তি
সাংসারিক লাভের নিমিতে ধর্মা গ্রহণ করে, সে আর
বারু সাংসারিক লাভের জন্যে ধর্মাকে ত্যাগ করিবে।
তাহার প্রমাণ দেখ না কেন? শ্বিহ্না বেমন সাংসারিক
লাভের নিমিতে ধর্মাবলনী হইয়াছিল, তেমনি সাংসারিক
লাভের নিমিতে সেই ধর্মাকে এবং আপন প্রভুকে বিক্রয়
করিল। অতএব অনুমান করি, তোমরা যখন নিশ্চয় রূপে
ঐ প্রশ্নে সায় দিয়াছিলা, তখন দেবপুজক ও কাম্পানক
এবং শয়তানক্রপ লোকের যোগ্য কর্ম্ম করিয়াছিলা, আর
তদন্সারে তোমাদের প্রতিকলও হইবে।

শুনিফীয়ানের এই প্রকার উত্তর শুনিয়া তাহারা কোন প্রত্যুত্তর দিতে সমর্থ না হইয়া পরস্পর মুখাবলোকন পূর্বাক অবাক্ হইয়া রহিল। বিশেষতঃ "আশাবান শুনীফীয়ানের উত্তর উত্তম জানিয়া অতি প্রশংসা করিলে "বহুচেই ও তাহার সঙ্গিণ নিতাস্ত নিরুত্তর হইয়া এমন অপ্রতিভ হইল, বে "খুনিইয়ান ও "আশাবানহইতে কোন মতে পৃথক্ হইবার আশারে তাহারা পশ্চাৎ রহিল। তথন "খুনিইয়ান আপন সহ্যাত্রিকে এক্লপ কহিতে লাগিল, ওহে ভাই, ইহারা বদি মনুষ্যের বাগ্দণ্ড সহিতে না পারে, তবে কেমন করিয়া ঈশ্বরের বাগ্দণ্ড সহ্য করিবে? এবং মৃৎপাত্রের সাক্ষাতে বদি এক্লপ অপ্রতিভ হইল, তবে সর্ব্ব্রাসক অগ্নিশিধার সাক্ষাতে কি করিবে?

পরে "খ্রীফীয়ান এবং "আশাবান তাহাদিগকে পশ্চাৎ ফোলিয়া ক্রমে ২ অগ্রসর হওয়াতে ক্রণের পর একটি মনো-হর মাঠেতে উপস্থিত হইয়া প্রফুল মনে গমন করিতে লাগিল; কিন্তু সেই মাঠ অপ্প প্রশস্ত হওয়াতে অতি শীস্ত তাহা পার হইল। ঐ মাঠের পার্শে "লভা নামক একটা ক্রুত্র পর্বান্ত ছিল, সেই পর্বাতে রূপার আকর থাকাতে পূর্বানলীন যাত্রিকদের মধ্যে কেছ ২ ঐ আকরের আকরের আকরের দেখিতে এক পার্ম্বে গিয়াছিল, কিছু ঐ আকরের মুখের অতি নিকট গমন করিলে তথাকার ভূমি চলিয়া পড়াতে অনেকে মারা পড়িয়াছিল, এবং কেছ ২ সেই হানে বিকলান্ধ হইয়া তদবধি মরণ দিন পর্যান্ত পুনর্বার স্বন্ধ হইতে পারিল না।

অপর আমি স্বপ্নেতে দেখিলাম, পথছইতে কিঞ্চিৎ দূরে সেই আকরের পার্দ্ধে "দীমাঃ কোন মহলোকের ন্যায় পথিকদিগকে ডাকিয়া ভাছা দেখাইবার নিমিত্তে দণ্ডায়-মান ছিল। সে "খুমিটীয়ানকে ও তাছার সহবাতিকে দেখিয়া ডাকিয়া কহিল, ও হে, তোমরা এক পার্শ্ব হইয়া এ দিগে আইস, আমি তোমাদিগকে এক দ্বো দেখাইব।

তাহাতে "খুীফীয়ান এই উত্তর করিল, আমাদিগকে বে পথবহির্ভূত করে, এমত যোগ্য কোন্ দ্রব্য আছে ?

\* দীমাঃ কহিল, এ স্থানে রূপার এক আকর আছে,কেহং অর্থের আশাতে তাহা খনন করিতেছে; তোমরাও যদি আইস, তবে অনায়াসে অতিশয় ধনবান হইতে পারিবা।

তাহাতে " আশাবান কহিল, তবে আইস তাই, আম-বাও দেখি গিয়া।

শুমিটীরান কহিল, আমি কোন মতে যাইব না; কোনা সেই স্থানের বিষয় সকল আমি পূর্বে শুনিয়াছি। ওখানে কতো লোক মারা পড়িয়াছে; এবং পথিকেরা ঐ স্থানে বেধন চেন্টা করে, তাহা তাহাদের কাঁদস্করপ হইয়া বাতার বাধা জন্মায়।

অপর শুমিটীয়ান ঐ শদীমাকে ডাকিয়া জিজাসা করিল, কেমন হে, ও কি আপদের স্থান নয়? ওখানে শাক্তা বিষয়ে অনেকের বাধা কি জন্মে নাই?

ভাহাতে "দীমাঃ উত্তর করিল, যাহারা অসাবধান হইয়া চলে, কেবল তাহাদের আপদ হয়। কিন্তু এই কথা কহনের সময়ে তাহার মুখ বিবর্ণ হইল।

তথন "খ্ৰীফীয়ান " আশাবানকে কছিল, আমরা বেন স্বপথে বৈ উহার নিকটে এক পাও গমন না করি।

অপর \* আশাবান কহিল, হেদে দেখ, আমি ইহা নিশ্চয় কহিতে পারি, সেই \*বছচেই এ পথে আইলে ঐ ব্যক্তি যদি আমাদের মত তাহাকে ডাকে, তবে সে অবশ্য পথ-বহিভূত হইবে।

তাহাতে 'পুষ্টীয়ান কহিল, তাহার সন্দেহ নাই, কে-ননা সেই দিগেই গমন করা তাহার মতানুযায়ি ক্রিয়া; কিন্তু সে স্থানে গিয়া যে না মরে, সে শতেকের মধ্যে এক জন।

অপর "দীমাঃ তাহাদিগকে প্নর্বার ডাকিয়া কছিল, তবে কি তোমরা দেখিতে আসিবা না?

তাহাতে "খুীফীয়ান উত্তর করিয়া স্পাইরূপে কহিল, ও হে দীমাঃ, যিনি এই পথের কর্তা তাঁহার এক জন প্রকৃত শত্রু তুমি; আপনি পথবহির্ভুত হওন দোবেতে রাজ-कीय विठातक जीवाता मारीकृष्ठ रहेया मध्युक रहेयाह, অতএব কেন আমাদিগকেও সেই দণ্ডের ভাগী করিতে टिको कर ? आमता विन পথছाए। इसे, তবে आमा-দের প্রভূ মহারাজ অবশা সে বিষয় জানিতে পারিবেন, এবং তাঁহার সাক্ষাতে নির্ভয় হইয়া দাঁড়াইতে না দিয়া आमापिशदक लज्जा पिरवन।

অপর "দীমাঃ কহিল, আমিও তোমাদের এক জন জাতা, তোমরা বদি কিঞ্চিৎ বিলম্ব কর, তবে আমি তো-মাদের সন্ধী হইয়া তোমাদের সহিত গমন করি।

তখন " খীফীয়ান তাহাকে জিজাসিল, তোমার নাম

কি ? আমি তোমাকে বাহা বলিয়া ডাকিয়াছিলাম, ডাহা কি ভোমার নাম নয় ?

ভাহাতে বে উত্তর করিল, ক্রিন্সামার নাম "দীমাঃ বটে, আমি "ইব্রাহীমের বংশক।

শুনিটায়ান কহিল, হাঁ, আমি তোমাকে চিনি। তুমি

শিষ্টায়ান পুত্র ও শগহসির প্রপৌত্র; পৈতৃক মতে
তুমিও গমন করিয়াছ। ইহা তোমার শয়তানীয় ছল;
কেননা তোমার পিতা রাজজ্রোহ দোবেতে ফাঁসি গিয়াছিল, তাহা অপেকা তুমি উত্তম গতির বোগ্যপাত্র নও।
ভাল, আমরা যখন রাজার নিকট উপস্থিত হইব, তখন
তোমার এই কার্য্যের বিবরণ তাঁহাকে জানাইব, ইহা
নিশ্চয় জানিবা। এরপ কহিয়া তাহারা আপন পথে
গমন করিতে লাগিল।

ইতিমধ্যে \*বছচেই এবং তাহার সঙ্গি লোকেরা সে স্থানে আগমন করিলে ঐ \*দীমাঃ তাহাদিগকেও ডাকিল, তাহাতে তাহারা তৎক্ষণাৎ তাহার নিকটে গেল। পরে ইটে হইয়া সেই আকরের মুখ দেখিতে ২ তাহার মধ্যে পড়িল, কি তম্মধ্যে নামিয়া খনন করিতে লাগিল, কি সেই গর্জে নিত্য উর্দ্ধগত ভাপে বন্ধ্যাস হইল, তাহা আমি জানিতে পারিলাম না; কিন্তু সেই অবধি পথের মধ্যে তাহাদিগকে আর দেখা গেল না। তখন \*খুইটীয়ান এই শ্লোক গান করিতে ২ চলিল।

° বছচেই সহ রোপ্যদর্শক ° দীমার। ঐক্য দেখ একে ডাকে দৌড়ে এক আর ॥ কারণ তাহার লভ্যে অংশী হৈতে চার। ইহ ঠেকো তারা আর অগ্রে নাহি যারণ।

্জপর আমি স্বপ্নে দেখিলাম, যেন "খ্রীফীয়ান ও ক্ষাশাবান ঐ মাঠের শেষ সীমাতে উপস্থিত হইয়াপথের

পার্মে একটা পুরাতন শুদ্ধ দেখিতে পাইল। তাহার দর্শনে তাহারা অতি চমৎকার জান করিল, কেননা তাহা দ্রীলো-কের আকৃতিবিশিউ হওয়াতে, কোন ল্রীলোক স্তম্ভ হইয়া উচিয়াছে, এমন বোধ হইল' অতএব তাহারা সেই স্থানে ज्यातक क्रम माँ ए। देशा जराताकन कतित, किन्छ नाना প্রকার বিতর্ক করিলেও সেটা কি, তাহা কিছুই নির্ণয় করিতে পারিল না। অবশেষে "আশাবান ঐ মূর্ভির मल्डरक अमञ्जद अकदा निधिष्ठ कठकश्वनीन वर्ग प्रियन, কিন্তু আপনি বড় একটা পণ্ডিত না হওয়াতে তাহা বুঝি-তে না পারিয়া "খ্রীফীয়ানকে ডাকিল; তাহাতে "খ্রীফী-য়ান পণ্ডিত প্রযুক্ত ঐ অকর কিঞ্চিৎ আলোচনা করি-वामाळ हेरा शाठे कतिल, यथा, "लाटित खीरक स्मातन কর। তাহাতে সে আপন সহযাত্রিকে তাহা শুনাইলে পর, তাহারা উভয়ে এই নিশ্চয় করিল, \*লোটের স্ত্রী যখন প্রাণরকার্থে \*সিদোম্নগরছইতে পলায়ন করি-তেছিল, তখন দে লোভি মনেতে পশ্চাৎ দৃষ্টি করাতে বে লবণস্তম্ভ হইয়াছিল, সে এই স্তম্ভ; অতএব তাহারা অকন্মাৎ এরপ আশ্চর্যা দেখিয়া এই ২ কথোপকথন করিতে লাগিল।

প্রথমতঃ খ্রীফীরান কহিল, ওহে তাই, ঐ শলভা নামক পর্বতে বাইতে শীমাঃ আমাদিগকে ডাকিলে পর এই যে দর্শন হইয়াছে, ইহা আমি অতি শুভ দর্শন করিয়া মানিতেছি; কেননা সে ব্যক্তি যেমন আকাজ্জা করিয়াছিল, এবং তুমি যেমন ইচ্ছা করিয়াছিলা, আমরা যদি তেমনি তাহার নিকট যাইতাম, তবে না জানি আ-মরাও এই স্ত্রীলোকের ন্যায় পশ্চাৎ আগত লোকদিগের দর্শনস্তম্ভ হইতাম।

"আশাবান কহিল, আমি না বুঝিয়া ঐ প্রকার ইছা

করিরাছি, ইহাতে আমার মনে বড় ছু:খ জন্মে। এবং আমি যে এই কলে "লোটের জীর ন্যায় হই নাই, ইহাতেও আশ্চর্য্য বোধ হয়; কেননা আমার পাপে তাহার পাপে বিশেষ কি? সে বিশ্বন কিরিয়া দেখিয়াছিল, আমিও তেমনি তথায় যাইয়া দেখিতে বাঞ্ছা করিয়াছিলনা । অতএব অনুগ্রহের স্তুতি হউক; এবং আমার মনের ঐ ইছাপ্রযুক্ত আমার লক্ষা হউক।

অপর <sup>\*</sup> খুীফীয়ান কহিল, সে বাহা হউক, হইয়াছে, কিন্তু এই ক্ষণে এই স্থানে আমরা বাহা দেখিতেছি, আইস আমরা ভাবি সময়ের উপকারের নিমিত্তে
তাহা মনে রাখি; ফলতঃ এই স্ত্রী এক বার <sup>\*</sup> সিদোম্ নগরের সংহারেতে রক্ষা পাইলেও অন্য সংহারেতে নফ

হইয়াছে।

"আশাবান কহিল, সত্য, ইহা আমাদের প্রতি উপদেশ ও দৃতান্তসক্রপ হইতে পারে, কলতঃ এই স্ত্রীর ন্যায় পাপ করিলে আমরাও তাহার, ন্যায় দও পাইব, অতএব সেই পাপহইতে সাবধান থাকা আমাদের উচিত, এই স্তম্ভ আমাদিগকে এমন উপদেশ দিতেছে। এবং "কোরহ ও "দাথন ও "আবীরাম এবং তাহাদের দলস্থ আড়াই শত লোক, ইহারাও আপনাদের পাপে নই হওয়াতে আমাদিগকে চেতনা দিবার নিমিতে চিহ্ন ও দৃত্যান্তস্থানি বেল কে যাহা হউক, এক বিষয়ে আমার বড় আশ্বর্ধা বোধ হয়, কলতঃ "লোটের স্ত্রী যে ধনের লোভেতে শেহইতে এক পাদও বহির্ভূত না হইয়া কেবল পশ্চাদ্ দৃত্তি করাতে লবণস্তম্ভ হইয়াছিল, এ "দীমাঃ ও তাহার সঙ্গি লোকেরা কি প্রকারে স্থিরচিত্ত হইয়া সেই ধনের অন্বেষণ করিতে পারে? বিশেষতঃ ঐ স্ত্রীর প্রতি বে দৃত্তী ঘটিয়াছিল, তাহাতে সে ঐ লোকদের দৃত্তিগোচরে

চিহ্নস্বরূপ হইয়া আছে; আর চকু মেলিলেই তাহার। তাহাকে দেখিতে পারে।

তাহাতে "খুটিয়ান কহিল, হাঁ, ইহা অতি আশ্চর্যা
বটে, কিন্তু আমার বেশ্ব হয়, উহাদের অন্তঃকরণের কাচিন্য
অপ্রতিকার্য। বাহারা বিচারকর্তার সাক্ষাতে চুরী করে,
কিয়া ফাঁসিকান্তের নীচে লোকদের গাঁইট কাটে, এমন
ছরাচারিদের সহিত উহাদের তুলনা দিতে হয়। আর
"সিদোম্ নগরবাসিদের বিষয়ে এরূপ কথিত আছে,
যে তাহারা অতিশয় ছুট, ও পরমেশ্বরের গোচরে অতি
পাপিপ্ত ছিল, কলতঃ পূর্বের ইশ্বর তাহাদের প্রতি বিশেষ
অনুগ্রহ করাতে "সিদোমের দেশ এদন উদ্যানের ন্যায়
মনোহর এবং উর্বরা ছিল; এই হেতুক ঈশ্বরের কোধ
অধিক প্রজ্বলিত হওয়াতে আকাশহুতে অগ্নির বর্ষণেতে
তাহারা অসহ্য দও পাইল। ইহাতে এই অনুমান করা
যথার্থ, কুপথে গমন নিবারণের নিমিত্তে দুটান্ত সাক্ষাতে
থাকিলেও যাহারা ঐ দীমার ন্যায় হইয়া পাপ করে,
তাহারা সর্বাপেকা নিষ্ঠুর দও পাইবে।

\* আশাবান কহিল, সত্য কহিয়াছ। তুমি ও আমি এরপ দৃষ্টান্তস্থল হই নাই, ইহা আমাদের প্রতি বড় অনুগ্রহ। ইহার নিমিত্তে ঈশ্বরের ধন্যবাদ করা, এবং তাঁহার সাক্ষাতে ভন্ন পূর্ম্বক আচরণ করা, এবং লোটের স্ত্রীকে নিতাং শ্বরণ করা আমাদের কর্ত্ব্য।

## ३৫ व्यथाव।

অপর আমি স্বপ্নে দেখিলাম, যেন তাছারা তথাছইতে ক্রমে ২ গমন করিতে ২ একটি মনোহর নদীতীরে উপস্থিত ছইল। পূর্ব্বে \* দায়দ রাজা সেই নদীর নাম ক্লব্রীয় নদী

রাখিয়াছিল, "যোহন তাহাকে অমৃত জলের নদী বলে। बाहा इंडेक, बे नमीत जीत मिन्ना बतावत পथ वादगारज " খ্ৰীফীয়ান ও " আশাবান আছি আহলাৰ পূৰ্বক গমন क्तिए नागिन, धरर मस्या २ वे अमीत कन भान कतारा ভাহাদের আজি দ্রীকৃত ও মন এফুল হইল। সেই मनीत यादत व शादत ও शादत छावः व्यकात थामा कनवि-শিষ্ট বৃক্ষ ছিল, সেই বৃক্ষের পত্র আরোগ্যজনক। অতএব তাহারা সুখেতে ফল পাড়িয়া খাইতে লাগিল, এবং পথ গমনে রক্তবিকারজন্য বে ২ রোগ জন্মে, তাহা নিবারণার্থে ঐ সকল বৃক্ষের পত্র ভোজন করিতে লাগিল। নদীর উভয় পার্শে অম্লান তৃণ ও সৃন্দর কানৃড়পুরেপ ভূষিত একটি माठ हिल। त्रहे माट्ठ छाहाता निक्रेकेटक भग्नेन कतिया নিদ্রা গেল। অপর নিদ্রা ভঙ্গ হইলে তাহারা পুন-র্মার ঐ বৃক্ষের ফলাদি পাড়িয়া ভোজন করিয়া বিশ্রাম করিল। এই রূপে সেই স্থানে কএক দিন থাকিয়া এই রূপ গান করিতে লাগিল।

নদীর ক্ষটিক জল যাত্রিসাজ্বনাতে।
আতি মৃত্ব বেগে বছে পথের পার্বেডে॥
ভূণেতে ভূষিত মাঠ সৌরভ নিকরে।
নানাবিধ সুথদানে যাত্রি ভৃপ্তি করে॥
এ বৃক্ষের ফলপত্র উত্তম কেমন।
আসাদন করি তাহা জানে যেই জন॥
আপন সর্বস্ব সেই বিক্রয় করিয়া।
শীভ্র এই কেত্র ক্রয় করিবে আসিয়া॥

অবশেষে তাঁহার। স্থার এক বার সেই স্থানে ভোজন পানাদি করিয়া অগ্রসর হইতে প্রবৃত্ত হইল, ষেহেতুক ভাহাদের পথ সমাপ্ত হয় নাই।

, অপর্ক্তমামি স্বপ্নে দেখিলাম, তাহারা তবাহইতে অপ্প

দুর গমন করিলে পরে, ঐ নদী পথছইতে পৃথক্ হইয়া গিয়াছে, ইহা দেখিয়া ভাহারা ছাতি শোকাকৃল হইল; কিন্তু পথ জাগ করিছে তাহাদের সাহস হইল না। ঐ নদীহইতে পৃথক্ হইজে পথ অতি অসমান, এবং বছ দূর আগমনে ভাহাদের পা পাতলা হওয়াতে পথঞান্তিতে ৰাত্রিকদের প্রাণ বিরক্ত হইল, এই জন্যে তাহারা সমান পথের আকাজ্ফা করিতে লাগিল। এমন সময়ে কিঞ্চিৎ षद्य পথের বাম পার্ছে न्डिंग ने जेश्राश नारम এकि মাঠ দেখিয়া "পুটিটীয়ান আপন সঙ্গিকে কছিল, ঐ মাঠ যদি পথের পার্শ দিয়া যায়, তবে চল, উহারি মধ্য হইয়া बारे। এ कथा किर्या के मार्ट अदिन किर्वात निर्मित् বে একটি ক্ষুত্ৰ শিঁড়ি ছিল, " শ্ৰীষ্টীয়ান তাহাতে উঠিয়া, त्वड़ात्र अन्य शादर् वकि शव आह्न, देश मिथन ; छा-হাতে সে আহ্লাদিত হইয়া কহিল, আহা, আমার বাঞ্চা পূর্ণ হইয়াছে, এ পথ দিয়া বাওয়া অতি সুগম; অত-विव ह जारे, जारेम, जामना भान हरेगा वरे भर्थ गारे। তাহাতে \* আশাবান কহিল, তথায় গেলে যদি আমরা পথবহিভূত হই, তবে কি হইবে ?

"পুটিয়ান কহিল, না, এমন হইতে পারে না; দেখ না কেন? এই পথ বরাবর উহার সজে গিয়াছে। তাহা-তে "আুশাবান সহযাত্তির কথা শুনিয়া তাহারি মতেতে যত করিলে তাহারা সেই শিঁড়ি দিয়া বেড়া পার হইয়া সেই পথে সুখে গমন করিতে লাগিল। এবং " ব্যর্থসাহস নামে কোন ব্যক্তিকে কিঞ্জিৎ অগ্রে গমন করিতে দেখিয়া ভাহাকে ডাকিয়া জিজাসা করিল, হে মহাশয়, এই পথ কোখায় যায়? তাহাতে সে ব্যক্তি কহিল, এ পথ স্থগীয় রাজধানীর হারে যায়। তাহাতে "খুটিয়ান কহিল, দেখ দেখি, জানি তাহাই কহিয়াছিলান, অত্ঞুর আনরা প্রক্রম পথে আছি, ইহা নিশ্চয় জানিবা। পারে সে ব্যক্তি অগ্রেও তাহারা পশ্চাৎ চলিতে ২ অনিলবে রাত্রি উপস্থিত হইলে অতিশয় নিবিত অক্ষণার হইল, তাহাতে পশ্চাল্লামি লোকেরা অগ্রগামি ব্যক্তিকে আরু রেখিতে পাইল নাই সেই ঘোরতর অক্ষণার প্রযুক্ত ব্যর্থসাহস নামে ঐ অগ্রগামি ব্যক্তি সম্মুখন্ত পথ দেখিতে না পাওয়াতে একটা গভীর গাঁকে পড়িল। ঐ প্রকার ব্যর্থসাহস মূর্খদিগকে বিরেবার নিমিত্তে ঐ ভূমির অধিকারী সেই গর্ভ করিয়াছিল।

অপর শ্বীফারান ও "আশাবান উভয়ে ঐ ব্যক্তির পত্নের শব্দ শুনিয়া ডাকিয়া জিজাসা করিল, কি হে? কিছে? পড়িয়াছ না কি? ইহা জিজাসা করিলেও কোন উত্তর না পাইয়া কেবল কোঁকানি শব্দ শুনিতে পাইল। অতএব "আশাবান "খ্রীফীয়ানকে জিজাসা করিল, হে প্রিয় জাতঃ, এখন আমরা কোথার আছি? তখন "খ্রীফীন্যান নিরুত্তর হইয়া, আমার সন্ধিকে বিপথে আনিয়াছি, ইহা ভাবিতে লাগিল। এমন সময়ে অক্স্মাৎ অতিশয় বড় বৃষ্টি মেখগর্জন ইত্যাদি হওয়াতে বনা হইতে লাগিল।

ভাষতে "আশাবান কাতরোক্তি করিয়া কহিল, হায় ২ আমি কেন সেই প্রে থাকিলাম না!

শুরীফীয়ান কছিল, ভাই, এমন কে জানে যে এই পথে : জাসিয়া আমরা পথবহিত্ত হইব ?

তাহাতে আশাবান কহিল, প্রথমাবধি আমার এমন আশকা ছিল; এই ভাবে আগো তোমাকে যংকিকিং চেতনা দিয়াছিলাম। এবং স্পাই রূপে নিবেধ করিতে আমার বাঞ্ছা ছিল বটে, কিন্তু তুমি আমার ক্যেষ্ঠ, এই জন্যে কান্ত রহিলাম।

ভাহাতে " খ্রীফীয়ান কহিল, হে প্রিয়তম ভাই, আমি মা ব্রায়া ভোমাকে পথবহিত্ত করিয়া এমন আপদের মধ্যে আনয়ন করিয়াছি, ইহাতে আমার থেদ হইতেছে। বিনয় করি, আমার এই দোষ ক্ষমা কর, বেহেতুক আমি তোমার মন্দ ভাবিয়া ইহা কখন করি নাই।

"আশাবান কহিল, হে জাতঃ, শান্ত ছও, আমি তো-মাকে ক্ষমা করিলাম। আর এ বিপদহইতে আমাদের মঙ্গল হইবে, ইহা নিশ্চয় জানি।

পুষ্টীয়ান কহিল, এমন ক্ষমাশীল ভাতার সহিত মিলনেতে আমার বড় আহ্লাদ হয়। বাহা হউক, এই কণে আমাদের এ স্থানে দাঁড়াইয়া থাকা অনুচিত। চল, আমরা ফিরিয়া যাইতে চেন্টা করি।

তাহাতে <sup>•</sup> আশাবান কহিল, হে প্রিয় ভাতঃ, তবে আমাকে অগ্রে যাইতে দেও।

শুনিটায়ান কহিল, না, আমি অত্যে বাই, কেননা আন্
মার দোবের নিমিতে আমরা পথবহিত্ত হইয়াছি; অতএব সম্মুখে যদি কোন আপদ্ থাকে, তবে সে আমাকে
ধরিবে।

ভাহাতে "আশাবান কহিল, না, তুমি অগ্রে গেলে ভাল হইবে না, কেননা তোমার মন অতি ব্যাকুল, পাছে পুনর্কার পথ হারাও। এই রপ কথোপকথন হইতেছিল, ইতিমধ্যে তাহারা অকক্ষাৎ এই বাণী শুনিতে পাইল, 'বে রাজপথে তুমি গমন করিয়াছিলা, তাহাতে মনোযোগ করিয়া ফির।' কিন্তু সেই সময়ে বন্যার জল অতিশয় বৃদ্ধি পাওয়াতে পথ চুর্গম হইয়াছিল। তাহাতে আমি ভাবিলাম, পথ হারাণ সহজ বটে, কিন্তু পথ হারাইয়া পুনর্কার পাওয়া বড় কঠিন। সে যাহা হউক, তাহারা ফিরিয়া যাইতে হির করিল; কিন্তু একে যোর অক্ষনার, তাহাতে ভয়ানক বন্যা হওয়াতে তাহারা প্রায় বার দশেক হার্তুরু খাইতে লাগিল।

धरे ऋत्भ स्थानामा क्यों क्तिलंख छाराता वे ताजित মধ্যে সেই শিঁড়ি পাইতে পারিল না। অতথ্য অবশেষে কিঞ্চিৎ আশ্রয়স্থান পাইয়া নিশিপ্রভাতের অপেকাতে ৰসিয়া রছিল, ভাছাতে অভিশন্ন প্রান্ত প্রযুক্ত নিদ্রাগত ইইল। তাহাদের সেই আগ্রেম্বানের নিকটে " সংশয়-ছুৰ্গ নামে এক গড় ছিল; তথায় "আশাভদ নামে ৰে ৰূহৎকার বাজি বাদ করিত, ভাহারই ভূমিতে ভাহারা भग्नन क्रियाहिल। अञ्चय क्षणा स्ट्रेटल थे वृहरकाग्न আপন অধিকারের মধ্যে গান্তায়াত করিছে ২ \* থ্রীফী-ग्रानटक थवर "आभावानटक निजाबंड मिस्रा विकर्म हिं हरेशा करे वांत्कारक कहिएक नांशिन, क्रांत, शा खान, ভোরা কে? কোণাহইতে আলিয়াছিস্? আমার ভূমিতে কি করিতেছিল? তাহারা কছিল, হে মহাশন্ন, আমরা वाजिक, अञ्चलादि अथ हात्रादेशाहि। उथन के वृहद-কায় কহিল, বেড়া লংখিয়া আমার ভূমিতে আসিয়া শয়ন করাতে তোরা অপরাধী হইয়াছিস্; অতএব আমার দক্ষে বাইতে হইবে। তাহাতে ঐ ব্যক্তি তাহাদের হইতে অধিক বলবান্ হওয়াতে সূত্রাং ভাহার সহিত তাহা-पिनाटक वाहेटक कहेन ; धरेर निक मान कानाटक नीवन থাকিতে হইল। অতথ্য ঐ প্রকাণ্ডশরীর তাহাদিগকে অব্যে ২ তাড়াইয়া পূৰ্বোজ নিকটবর্ডি গড়ে লইয়া গিয়া खन्नवाद्रमञ्ज पूर्णिक काहाशाद्र वस्त कद्रिया द्राधिन। स्मर्टे স্থানে ভাছারা অভিশয় ছুর্মশাপর হইয়া বুধবারের প্রাতঃ-কাল্যবিধি শনিবার সন্মা প্রান্ত আলো কিবা অন্নজনের মুখ এক বারও দেখিতে পাইল না; আর তাহাদের মকল বিকাসা করিতেও কেহ ছিল না। তখন "খুীফীয়ান मिरे दूर्मगारक कार्यन कृत्रदामर्गंत कन जानिया विधन न्माक केंद्रिएक नाशिन।



সেই "আশাভদের "শঙ্কা নামী ভার্য্যা ছিল। অতএব সেই দিনে সে যে কর্মা করিয়াছিল, তাহা শয়নকালে তা-হাকে কহিল; বিশেষতঃ ছুই জন বন্দিকে ভূমি লজান rाट्य मारी कतिया आश्रन काताशाटत वस्त कतिया ताथि-য়াছে, তাহা তাহাকে জানাইয়া জিজ্ঞাসা করিল, তাহাদি-গের সহিত আমার কি ব্যবহার করা কর্ত্ব্য? তথন তা-হার স্ত্রী জিজ্ঞাসিল, তাহারা কে? কোথাহইতে আসিয়া-ছে ? এবং কোথাই বা যাইতেছে ? তাহাতে সে বৃজান্ত ভালিয়া কহিলে পর ঐ স্ত্রী তাহাকে এই পরামর্শ দিল; কল্য প্রাতঃকালে তুমি উঠিয়া তাহাদিগকে নিষ্ঠুর ক্লপে প্রহার করিবা। অতএব পরদিন প্রভাত হইলে ঐ বৃহৎ-काग्र शाद्याथान श्र्यक धक्छा वड़ लाठि नरेग्रा कात्रा-গারে গমন করিয়া, যাত্রিরা ভাল মন্দ কোন কথা না কহি-লেও তাহাদিগকে কুত্তরের মত গালি দিয়া এমন 🖣 দর্মন রূপে প্রহার করিল, যে ভাহারা উচিয়া কোন কর্ম করা দূরে থাকুক, মাঝিয়াতে আপন ২ পার্ম ফিরাইতেও অসমর্থ হইল। পরে সে তাহাদিগকে বিলাপ ও হাহা-কার করিতে রাখিয়া স্বস্থানে প্রস্থান করিল। অত-এব তাহারা প্রহারের যন্ত্রণতে রোদন ও কভিরোক্তি করিয়া সমস্ত দিন কাটাইলে পরে দ্বিতীয় রাত্রিতে ঐ স্ত্রী স্বামির সঙ্গে তাহাদের বিষয়ে কথাবার্তা করিয়া, তাহারা তখনও বাঁচিয়া আছে, ইছা জাত হইয়া স্বামিকে এই মন্ত্রণা দিল, তাহারা বেন আত্মঘাতী হয়, এমন পরামর্শ তাহাদিগকে দেও। তাহাতে প্রভাত হইলে ঐ বৃহৎকায় তাহাদের নিকটে উপস্থিত হইয়া পুর্বের মত অতি কটু कार्टिया कथा कहिल, धरः छाहात्रा श्रुक्तिविदमत श्रहादत-তে অত্যন্ত ব্যথিত হইয়াছে, ইহা দেখিয়া তাহাদিগকে কহিল, ভোষাদিগের এই কারাকুপহইতে নির্গত হইবার

সম্ভাবনামাত্র নাই, অতএব অবিলয়ে ছুরিকাঘাতে কিয়া কাঁশিদ্বারা অথবা বিষভক্ষণদ্বারা প্রাণ ত্যাগ করা তোমা-দের মঙ্গল, কেননা যে প্রাণধারণেতে এত ছুঃখ, ভাছাতে কি প্রয়োজন? তখন তাহারা কাকৃতি বিনতি করিয়া কহি-ল, হে মহাশয়, আমাদিগকে ছাড়িয়া দিউন। তাহাতে সে মহাকোধেতে চকু ঘূর্ণায়মান করিয়া তাহাদের প্রতি এমন আক্রমণ করিল, যে তাহাদের বাঁচিবার কোন ভরসা থাকিল না। কিন্তু বছকালাবধি সেই বৃহৎকায়ের মৃগীরোগ ছিল; তাহাতে মধ্যে২ রৌদ্রসময়ে সেই রোগের আবেশ প্রযুক্ত ক্ষণেকের নিমিত্তে তাহার হস্ত পাদাদি অবশ হইত। অতএব এই অবসরেও সে ঐ রোগাবিট হওয়াতে আর কিছু করিতে না পারিয়া কাস্ত হইল, এবং তাহা-দের বিষয়ে কি করিবে, ইছা বিবেচনা করিবার জন্যে তা-হাদিনীকে ত্যাগ করিয়া গেল। তাহাতে বন্দি লোকেরা পরস্পর এই পরামর্শ করিতে লাগিল, তাহার ঐ পরামর্শ লওয়া আমাদিগের কর্ত্তব্য কি না?

প্রথমতঃ \* খুীফীয়ান কহিল, ও হে ভাই, আমরা কি
করিব? এই হ্রবস্থাতে জীবন ধারণ করা এবং একেবারে
কাঁশিতে গলা দেওয়া, এই হুইয়ের কি শ্রেষ্ঠ, তাহা নিশ্চয়
করা ভার। আমার মন প্রাণধারণ অপেক্ষা বরং গলাটিপিতে মৃত্যু ভাল বাসে, এবং এই কারাকুপে থাকা অপেক্ষা
বরং কবরপ্রাপ্তি আমার সহ্য হয়। তুমি কি বল? আমরা সেই বৃহৎকায়ের পরামর্শ মানিব কি না?

তাহাতে "আশাবান কহিল, এই বর্তমান ভয়ক্কর ছর্দ-শাতে চিরকাল বাঁচিয়া থাকা অপেকা মৃত্যুই আমারও অধিক বাঞ্চনীয় বটে; কিন্তু ইহাতে বিবেচনা করা কর্ত্ব্য। আমরা বে দেশে গমন করিতেছি, সেই দেশের কর্ত্তা কহি-য়াছেম, ভূমি নরহত্যা করিও না; অতথব অন্যকে হত্যা করা যদি অকর্ত্তব্য হয়, তবে অন্যের পরামর্শ লইরা আত্মহত্যা করা আরও অধিক নিবিদ্ধ জানিবা। তদ্ভিন্ন আরও কহি, যে ব্যক্তি পরকে হত্যা করে, সে কেবল শরীরের হত্যা করে, কিন্তু বে ব্যক্তি আপনাকে নউ করে, সে আপ্ন শরীর ও আত্মা উভয়েরই হত্যা একে-বারে করে। আর ভূমি যে কহিতেছ, কররেতে সূধ আছে; ভাল, নরকের কথা কি বিশ্বৃত হইয়াছ? আজু-খাতি লোকেরা সেই স্থানে নিশ্চয় গমন করিবে; বেছে-তৃক অনম্ভ জীবনে নরহত্যাকারির কোন অধিকার নাই। আইস, আমরা পুনর্বার বিবেচনা করি, সকল বিধি ব্যবস্থা ঐ বৃহৎকায় "আশাভজের বশীভূত নয়, কেননা আমি শুনিয়াছি, আমাদের মত অন্য ২ লোক তাহা কর্তৃক ধরা পড়িলেও তাহার হস্তহইতে রক্ষা পাইয়াছে; অতএব কি জানি, যদি জগৎকর্তা ঈশ্বর তাহার মৃত্যু ঘটান; কিয়া যদি কোন সময়ে আমাদিগকে বন্ধ করিয়া চাবি তালা দিতে সে ভূলিয়া যায়, কিয়া মৃগীরোগে হঠাৎ অবশাস হয়; তবে আমি অতি সাহস বাঁধিয়া তাহার হস্তহীতে এড়াইতে বধাসাধ্য চেন্টা করিব। পূর্বে এমত চেষ্টা করি নাই, ইহাতে বড় অনর্থ করিয়াছি। সে যাহা হউক, হইয়াছে; কিন্তু এই কৰে আত্মঘাতী না হইয়া কিছু কাল সহিষ্তা করা আমাদের উচিত; কি জানি আহ্লোদে মুক্ত হওনের সময় কখন উপস্থিত হইবে। অতএব কিঞ্চিৎ কাল ধৈৰ্য্যাবলয়ন করা ভাল। এই রূপ কথা কহিয়া " আশাবান আপন ভাতার মন কিঞিৎ কা-লের নিমিতে সৃত্তির করিল। এই প্রকারে তাহারা সমস্ত দিন ঐ অন্ধকারেতে হুর্দ্দশাপর হইয়া একত রহিল।

অনপ্তর বন্দিরা আমার পরামর্শ গ্রহণ করিয়াছে কি না, তাহা জানিবার জন্যে ঐ বৃহৎকায় সন্ধ্যাকালে পুনর্কার কারাকৃপে নামিয়া দেখিল বে তাহারা মরে নাই। তাহারা তথনও জীবিত ছিল বটে, কিছু জনজলাভাবে এবং প্রহারের যন্ত্রণতে মৃত্তপ্রায় হইরাছিল, কেবল নিশাস মাত্র বহিতেছিল। বাহা হউক, সে বে তথনো তাহা-দিগকে জীবিত পাইল, ইহাতেই অতি রাগান্ধ হইয়া কহিতে লাগিল, তোরা বদি আমার মন্ত্রণ গ্রহণ না করিস্, তবে ভোদিগের এমন হুদ্শা ঘটাইব, বে তদ-প্রকা ভোদিগের জন্ম না হওয়া ভাল হইত।

এ কথা শুনিয়া তাহারা ভয়েতে ধর ২ করিয়া কাঁপিয়া এমনি হইল, যে আমার মনে লয় "পুঁটিটীয়ান মূর্ছা-পন্ন হইল; পরে কিঞ্চিৎ চৈতন্য পাইলে তাহার। ঐ ছরন্তের মন্ত্রণা গ্রহণ করিবে কি না, তাহা আর বার পরামর্শ করিতে লাগিল; তাহাতে "পুঁটিটীয়ান সেই পরা-মর্শ গ্রহণ করিবার ইছা প্রকাশ করিল, কিন্তু "আশা-বান দিভীয় বার তাহাকে এই রূপ উত্তর দিল।

শ্বাশাবান কহিল, ও হে ভাই, ইহার পূর্বে তুমি বে প্রকার বীরত্ব প্রকাশ করিয়াছিলা, তাহা কি তো-মার স্মরণ হয় না? বে আপল্লুরোনের সহিত তুমি যুদ্ধ করিয়াছিলা, এবং মৃত্যুদ্ধায়া স্থলীতে বে সকল ভূত-দিগকে দর্শন ও স্পর্শন করিয়াছিলা, তাহারা কেহ তো-মাকে পরাজয় করিতে পারে নাই। এতদ্ভিন্ন তুমি কতো দুঃখ কই ভয় ইত্যাদিহইতে উত্তীর্থ হইয়াছ, তথাপি এখন কি নিভান্ত ভীক্ল হইয়াছ? দেখ, তোমা অপেকা আমার্ক্তন স্থাবতঃ অস্প, তথাপি ভোমার ন্যায় আমিও ছর্ম্পাগ্রন্ত ও কারাবদ্ধ এবং ঐ স্থরন্ত কর্তৃক ক্ষত্রিক্ষত হইয়াছি; সে আমারও অসকল বারণ করিয়াছে; তো-মার্ক্তিয়ার আমিও আলোরহিত হইয়া রোদন করিছেছি। সে ক্রাছা হউক, আইস আমরা আরো ধৈর্যাবলন্তন করি। শন্মাছটো তৃনি কেমন প্রবেদ্ব প্রকাশ করিয়া শৃত্বল ও পিঞার ও নিচুর দৃত্যু তৃছ জ্ঞান করিয়াছিলা, তাহা স্মরণ কর। আইস আমরা শুটিয়ান লোকের নিন্দাজনক কর্ম এড়াইবার নিমিত্তে সাধ্য পর্যন্ত ধৈর্যাবলয়ন করি।

অপর পুনর্মার রাত্রি ছইলে ঐ বৃহৎকায়ের স্ত্রী সামিকে জিজ্ঞাসা করিল, হে নাথ, ঐ বন্ধিরা কি করিতেছে? তাহারা কি তোমার পরামর্শ গ্রহণ করিয়াছে? তাহাতে সে
উত্তর করিল, তাহারা অতিশক্ত দস্যু, বরং সর্মপ্রকার তাডুনা ও যন্ত্রণা সহ্য করিতে সন্মত আছে, তথাপি আত্মঘাতী হইতে অস্বীকার করে। তাহাতে ঐ স্ত্রী কহিল,
শুন, কল্য তাহাদিগকে গড়ের উঠানে লইয়া গিয়া পূর্বের
যাহাদিগকে নই্ট করিয়াছ, তাহাদের অন্থিয়বাশি প্রভৃতি
তাহাদিগকে দেখাইয়া এই প্রবোধ জন্মাও, এই দেখ, পূর্বের
যোত্রিরা আসিয়াছিল, তাহাদের যেমত দশা করিয়াছি,
এই সপ্তাহের মধ্যে তোমাদিগকেও তক্রপ খণ্ডং করিব।

পরে প্রভাত হইলে জীর পরামশানুসারে ঐ ছুরস্ত কারাগারে নামিয়া তাহাদিগকে গড়ের উঠানে লইয়া গিয়া সেই সকল অন্থি মুগু দেখাইয়া কহিল, এই সকল যাত্রিরা পূর্বে তোমাদের মত আমার ভূমি লজ্জন করিয়া আসিয়াছিল, অতএব আমার ইচ্ছান্সারে আমি ইহাদিগকে ধণ্ড ২ করিয়াছি, দশ দিনের মধ্যে তোমাদিগকেও এই রূপ করিব; সম্পুতি পুনর্বার কারাকুপে নামিয়া যাও। এ কথা কহিয়া তাবং পথ তাহাদিগকে প্রহার করিতেং লইয়া গেল। তাহাতে তাহারা পূর্বেমত অতি ছুর্জশাপর হইয়া শনিবারের সমস্ত দিন পাড়য়া রহিল। অপর রাত্রি উপস্থিত হইলে ঐ শক্ষা নামী স্ত্রী আপন স্থামির নিকটে বন্দিদিগের কথা উত্থাপন করিল; তাহাতে ঐ বৃদ্ধ কহিল, হেদে

দেখ, ঐ ছই জনের বিষয়ে আমার বড় আশ্চর্য্য বোধ হয়, কেননা আমি প্রহারদ্বারা কি পরামর্শদ্বারা, কিছু-তেই তাহাদিগের শেষ করিতে পারিলাম না। এই কথা শুনিয়া তাহার স্ত্রী কহিল, আমার বোধ হয় তাহাদের এমত কোন ভরসা আছে যে কেহ তাহাদিগকে মুক্ত করিতে আসিবে; কিয়া তালা ভালিয়া পলাইতে পারে, এমন শলাকা তাহাদের কাছে থাকিতে পারে। তাহাতে ঐ বীর কহিল, হে কান্তে, কহ কি! তবে প্রভাত হইলে আমি যাইয়া তাহাদের গাতের সর্ব্বত্র অন্বেষণ করিব।

ইতিমধ্যে বন্দি লোকেরা শনিবারের মধ্যরাত্রি সময়ে প্রার্থনা আরম্ভ করিয়া প্রায় সমস্ত রাত্রি প্রার্থনা করিল। প্রভাতের কিঞ্চিৎ পূর্ব্বে "খুীফীয়ান সচৈতন্য হইয়া অকস্মাৎ এই কথা কহিয়া উচিল, হো হো, আমি কেমন অজ্ঞান! ইহাহইতে আমি স্বছন্দে মুক্ত হইতে পারি, তবে কেন এই হুর্গন্ধি কারাগারে বন্ধ থাকি? আমার বক্ষঃস্থলে "অঙ্গীকার নামে এক চাবি আছে; আর আমি জানি, তদ্ধারা এই "সংশয়হুর্গের তাবৎ তালা খুলিতে পারিব। এ কথা শুনিয়া "আশাবান কহিল, এ বড় মঙ্গল সমাচার, ভবে ও হে ভাই, বক্ষঃস্থলহইতে সেই চাবি বাহির করিয়া শ্বার খুলিতে পার কি না তাহা দেখ।

তাহাতে \*পুঁফীয়ান চাবি বাহির করিয়া কারাগারের দার পুলিতে প্রবৃত্ত হইল। সেই চাবির এমনি গুণ
ছিল যে তাহা সুরাইবামাত্র প্রথম দার সকলে আপনা
আপিনি খুলিয়া গেল। এই রূপে তাহারা কারাকুপহইতে
বাহির হইয়া প্রাহ্ণের দ্বারে গেলে তাহাও সেই চাবিতে
খোলা গেল। শেষে লোহ নির্মিত বহির্দারের নিকটে
গিয়া উপস্থিত হইল, কিন্তু সে দার অতি কঠিন হওমাক্রেক্টে খুলিয়া গেল। অতথব তাহারা শীপ্র পলা-

ইবার জন্যে কপাটে হাত দিয়া ঠেলিলে এমত কেড় কেড়িয়া শব্দ হইয়া উচিল যে ঐ বৃহৎকায় " আশাভঙ্গ জাগৃত হইয়া বন্দিদের পশ্চাৎ ২ দৌড়িতে লাগিল; কিন্দু তথন অপন্মার রোগেতে তাহার অঙ্গ অবশ হওয়াতে সে অধিক দূর যাইতে পারিল না। অতএব তাহার। অগ্রসর হইয়া সেই ত্রন্তের অধিকার হাড়াইয়া রাজ-পথে উপস্থিত হইয়া নিস্কুক্তিক রহিল।

মাঠদারের শিঁড়ি পার হইলে পর, যে সকল যাত্রিরা পশ্চাৎ আসিতেছে এবং আসিবে, তাহাদের যাহাতে ঐ ছরাত্মা "আশাভঙ্গের হস্তে পতন না হয়, এমন উপায় চিস্তা করিয়া তাহারা সেই স্থানে একটি স্তম্ভ স্থাপন করিয়া তত্পরি এই কথা লিখিল, যথা, "এই শিঁড়ি দিয়া "সংশয়ছুর্গে যাওয়া যায়, তাহার অধিকারী "আশাভঙ্গ নামক যে বৃহৎকায়, সে স্থগীয় রাজাকে তুচ্ছ করে, এবং তাঁহার অনুগত যাত্রিদিগের বিনাশ করে।" অতএব পশ্চাৎ আগত যাত্রিদের মধ্যে অনেকে ঐ লিপি পাঠ করিয়া সে আপদ এড়াইয়াছে। পরে তাহারা এই রূপ গান করিতে লাগিল।

আপনার পথ বহির্ভূত হওনেতে।
লজ্মিয়া অন্যের অধিকারে যাওনেতে॥
কতো তুঃথ এ বিষয়ে তাহা ভাল রূপে।
বিজ্ঞাত হৈলাম বদ্ধ হয়্যা কারাকূপে॥
আমাদের পিছে আসিতেছে যাত্রী যারা।
এ বিষয়ে সাবধান হউক সবে তারা॥
আমা তুই জন সম সেই সভাকারে।
অসাবধানতা পাছে বিপদ্গস্ত করে॥
সংশ্মন্ত্রেতে ষেই ব্যক্তি বাস করে।
আশাভঙ্গ নাম সেই বৃহৎকায় ধরে॥

দেখ, ঐ ছই জনের বিষয়ে আমার বড় আশ্চর্যা বোধ হয়, কেননা আমি প্রহারদ্বারা কি পরামর্শদ্বারা, কিছু-তেই তাহাদিগের শেষ করিতে পারিলাম না। এই কথা শুনিয়া তাহার জ্রী কহিল, আমার বোধ হয় তাহাদের এমত কোন ভরসা আছে যে কেহ তাহাদিগকে মুক্ত করিতে আসিবে; কিয়া তালা ভালিয়া পলাইতে পারে, এমন শলাকা তাহাদের কাছে থাকিতে পারে। তাহাতে ঐ বীর কহিল, হে কাস্তে, কহ কি! তবে প্রভাত হইলে আমি যাইয়া তাহাদের গাত্রের সর্ব্বত্র অবেষণ করিব।

ইতিমধ্যে বন্দি লোকের। শনিবারের মধ্যরাতি সময়ে প্রার্থনা আরম্ভ করিয়া প্রায় সমস্ত রাতি প্রার্থনা করিল। প্রভাতের কিঞ্চিৎ পূর্ব্ধে "খুইটীয়ান সচৈতন্য হইয়া অকন্মাৎ এই কথা কহিয়া উচিল, হো হো, আমি কেমন অজ্ঞান! ইহাইতৈ আমি স্বছন্দে মুক্ত হইতে পারি, তবে কেন এই ছুর্গন্ধি কারাগারে বন্ধ থাকি? আমার বক্ষঃস্থলে "অঙ্গীকার নামে এক চাবি আছে; আর আমি জানি, তদ্বারা এই "সংশয়ন্থর্গের তাবৎ তালা খুলিতে পারিব। এ কথা শুনিয়া "আশাবান কহিল, এবড় মঙ্গল সমাচার, তবে ও হে ভাই, বক্ষঃস্থলহইতে সেই চাবি বাহির করিয়া ছার খুলিতে পার কি না তাহা দেখ।

তাছাতে "পুটিয়ান চাবি বাহির করিয়া কারাগারের দ্বার পুলিতে প্রবৃত্ত হইল। সেই চাবির এমনি গুণ
ছিল যে তাহা সুরাইবামাত্র প্রথম দ্বার স্কল্দে আপনা
আপনি খুলিয়া গেল। এই রূপে তাহারা কারাকুপহইতে
বাহির হইয়া প্রাঙ্গরে দ্বারে গেলে তাহাও সেই চাবিতে
খোলা গেল। শেষে লোহ নির্মিত বহির্দারের নিকটে
গিয়া উপস্থিত হইল, কিন্তু সে দ্বার অতি কটিন হওয়াতে, কটে খুলিয়া গেল। অতএব তাহারা শীঘ্র পলা-

ইবার জন্যে কপাটে হাত দিয়া ঠেলিলে এমত কেড় কেড়িয়া শব্দ হইয়া উচিল যে ঐ বৃহৎকায় \* আশাভঙ্গ জাগৃত হইয়া বন্দিদের পশ্চাৎ ২ দৌড়িতে লাগিল; কিন্তু তথন অপক্ষার রোগেতে তাহার অঙ্গ অবশ হওয়াতে সে অধিক দূর যাইতে পারিল না। অতএব তাহার। অএসর হইয়া সেই হ্রন্তের অধিকার ছাড়াইয়া রাজ-পথে উপস্থিত হইয়া নিস্কুক্তিক রহিল।

মাঠদারের শিঁড়ি পার হইলে পর, যে সকল যাত্রিরা পশ্চাৎ আসিতেছে এবং আসিবে, তাহাদের যাহাতে ঐ তুরাআ \* আশাভঙ্কের হস্তে পতন না হয়, এমন উপায় চিস্তা করিয়া তাহারা সেই স্থানে একটি স্তম্ভ স্থাপন করিয়া ততুপরি এই কথা লিখিল, যথা, "এই শিঁড়ি দিয়া \* সংশয়তুর্গে যাওয়া যায়, তাহার অধিকারী \* আশাভঙ্ক নামক যে বৃহৎকায়, সে স্থগীয় রাজাকে তুক্ত করে, এবং তাঁহার অনুগত যাত্রিদিগের বিনাশ করে।" অতএব পশ্চাৎ আগত যাত্রিদের মধ্যে অনেকে ঐ লিপি পাঠ করিয়া সে আপদ এড়াইয়াছে। পরে তাহারা এই রূপ গান করিতে লাগিল।

আপনার পথ বহিতৃত হওনেতে।
লজ্মিয়া অন্যের অধিকারে যাওনেতে॥
কতো ছঃখ এ বিষয়ে তাহা ভাল রূপে।
বিজ্ঞাত হৈলাম বদ্ধ হয়া কারাকৃপে॥
আমাদের পিছে আসিতেছে যাত্রী যারা।
এ বিষয়ে সাবধান হউক সবে তারা॥
আমা ছুই জন সম সেই সভাকারে।
অসাবধানতা পাছে বিপদ্গ্রস্ত করে॥॥
সংশায় প্রতিত যেই ব্যক্তি বাস করে।
আশাভঙ্ক নাম সেই বৃহৎকায় ধরে॥

## সীমা লজ্বি যায় যারা তার অধিকারে। অশেষ যন্ত্রণা পায় তারা কারাগারে॥

## ১৬ অখ্যায়।

অনস্তর "পুখিনীয়ান ও "আশাবান উভয়ে সে স্থান
কাইতে গমন করিতে ২ "রমণীয় নামক পর্বতে উপ
ক্ষিত কইল; ঐ সকল পর্বত পূর্ব্বোক্ত পর্বত স্থামির

অধিকার। পরে তাহারা বন ও উপবন ও দ্রাক্ষাক্র
তাদি দেখিবার জন্যে ঐ "রমণীয় পর্বতে আরোহণ

করিয়া সে স্থানে স্থান ও জলপান এবং তৃপ্তি পূর্বক

দ্রোক্ষাক্রেরে কল ভোজন করিল। ঐ পর্বতের শৃক্ষেতে যে মেবপালকেরা পাল চরায়, তাহাদিগকে পথের

পার্ম্বে দণ্ডায়মান দেখিয়া বাতিরা তাহাদের নিকটে গিয়া

শ্রান্ত বাতির ব্যবহারানুসারে যফি অবলহন পূর্বক দাঁড়া
ইয়া জিজ্ঞাসা করিতে লাগিল, এই সমস্ত "রমণীয় পর্বত

কাহার? এবং এই সকল মেবপালই বা কাহার?

তাহাতে সেই মেষপালকেরা কছিল, এই পর্বাত শ্রেণী

ইম্মানুয়েলের দেশ, তাঁহার রাজধানী এস্থানহইতে দেখা
যায়। তাঁহারি এ সকল মেষপাল জানিবা। তিনি এই
সমস্ত মেষের নিমিতে আপন প্রাণ দিয়াছেন।

তখন " খুীফীয়ান জিজাসিল, স্বৰ্গীয় রাজধানীতে বাইবার কি এই পথ?

তাহাতে মেবপালকেরা কহিল, হাঁ, তোমরা স্থপথে আছ।

ুণীফীয়ান জিজ্ঞাসিল, স্বর্গীয় রাজধানী এই স্থান-হইতে কত দূর হইবে?



গন্তব্য, তাহাদের পক্ষে বড় দুর ন্য়, কিন্তু ভদ্তিম লোক-দের পক্ষে বছ দুর।

\* খ্রীফীয়ান জিজ্ঞাসিল, ঐ পথ নিঃশক্ষ কি সশস্ক?

• মেষপালকেরা কহিল, যাহাদের জনো তাহার নিঃ-

শক্ষতা নিরূপিত হইয়াছে, তাহাদের পক্ষেই তাহা নিঃ-শক্ষ, কিন্তু ছুরাচারিগণ তাহার মধ্যে পতিত হইবে।

ৄ অপর খাফীয়ান জিজাসা করিল, কেমন? এ স্থানে কি পথপ্রাপ্ত চুর্বল যাতিদিগের প্রাপ্তি দূর করিবার উপায় আছে?

তাহাতে মেষপালকেরা কহিল, এই পর্বতের কর্ত্তা আ-মাদিগকে এই আজা দিয়াছেন, তোমরা অতিথিসেবা বিশ্মত হইও রা; অতএব এই স্থানে যে কিছু উত্তম দ্রব্য আছে সে সকলি তোমাদের।

এই রূপ কথোপকথনের দারা মেষপালকেরা যখন
মনে ২ বুঝিল, চাঁ, ইছারা প্রকৃত যাত্রী বটে, তখন তাছারাও তাছাদিগকে জিজ্ঞাসা করিতে লাগিল, তোমরা
কোথাচইতে আসিয়াছ? এবং এ পথে কি প্রকারে প্রবিষ্ট
চইয়া সাহস পূর্ম্বক এতো দূর আসিয়াছ? কেননা আমরা
দেখিতেছি, যাহারা এই স্থানের প্রতি মুখ হইয়া যাত্রা
আরম্ভ করে, তাহাদের মধ্যে অতি অপে লোক এত দূর
আসিয়া এই পর্বতে উপস্থিত হয়। তাহাতে তাহারা
অন্য ২ স্থানে যে রূপ উত্তর করিয়াছিল, সেখানেও
সেই মত উত্তর করিল; অতএব মেষপালকেরা তাহাদের উত্তর শুনিয়া অতি সন্তন্ত হইয়া তাহাদের প্রতি
শুত্রিক কছিল, এই ক্রমণীয় পর্বতে তোমাদের
মঙ্কল হউক।

অপর জানী ও পরীকিত ও সচেতন ও সরল এই চারি জন মেষপালক তাহাদের হাত ধরিয়া আপ- নাদের কুটীরেতে তাহাদিগকে লইয়া গিয়া যথা প্রস্তুত দ্রব্যাদিদ্বারা পরিতোষ ভোজন করাইল, এবং কছিল, বিনয় করি, আমাদের সহিত আলাপের নিমিত্তে, এবং এই পর্বতে যে ই উত্তম দ্রব্য আছে তাহাদ্বারা সাস্ত্রনা পাইবার নিমিত্তে তোমরা এই স্থানে কিছু দিন থাক। তাহাতে যাত্রিরা কহিল, ভাল, আমরা সম্মত আছি। এই রূপ কথোপকথন করিতে ২ শেষবেলা হওয়াতে তাহারা সেই স্থানে শয়ন করিল।

পরে আমি স্বপ্নেতে দেখিলাম যেন রাত্রি প্রভাত इटेटल थे त्मिश्रालत्कता \* शोधीग्रानत्क ७ \* आसारानत्क জাগাইয়া ঐ পর্বতের চারি দিক্ দেখাইবার নিমিত্তে তাহাদিগকে বেড়াইতে লইয়া গেল। তাহাতে ঐ পর্বতের চত্তপার্ম অতি মনোহর সুদৃশ্য প্রযুক্ত যাতিরা তাহাদের সহিত অনেক কণ পর্যান্ত সুখে বেড়াইতে লাগিল। পরে মেষপালকেরা ঐ যাতিদিগকে কোন ২ আশ্চর্যা বিষয় দেখাইবার পরামর্শ পরস্পর স্থির করিয়া প্রথমতঃ \* ভ্রম নামক একটা পর্বতের শৃল্পে তাহাদিগকে লইয়া গিয়া অধোদৃষ্টি করিতে কছিল। তাহাতে তাহারা নীচের দিলে দৃষ্টিপাত করিয়া দেখিল, পর্বতের চূড়াইইতে পতিত কতক ব্যক্তিদের চূণীভূত শব পর্বতের তলে পাড়িয়া আছে। তাহা দেখিয়া \* খ্ৰীফীয়ান জিজ্ঞাসা করিল, ইছার ভাব কি? তাছাতে মেষপালকেরা কছিল. শরীরের পুনরুপান বিষয়ে \* ছমিনায় ও \* ফিলীত নামকের মিথাা বাকোতে যাহারা ভাত হইয়াছিল, তাহাদের বিষয় কি তোমরা শুন নাই? তাহাতে তাহারা কহিল, ছাঁ, শুনিয়াছি। তথন মেষপালকেরা কহিল, তবে এই পর্বা-তের তলে যাহাদের চূর্ণীভূত শব দেখিতেছ ইহারাই সেই लाक क्रानिया। त्करे येन अधिक डेफ स्थारन डेठिया

এই পর্বতের ধারে না যায়, এই নিমিত্তে তাহার। আজি পর্যান্ত কবর না পাইয়া দৃষ্টাস্তস্বরূপ হইয়া রহিয়াছে।

অপর মেষপালকেরা সে স্থানছইতে শাবধান নামে আন্য এক পর্কতের শিখরে তাহাদিগকে লইয়া গিয়া দূর দৃষ্টি করিতে কহিল। তাহাতে তাহারা দৃষ্টি করিয়া অনুমান করিল, বেন বছ দূরে একটা কবরস্থানের মধ্যে কতক গুলীন লোক সুরিয়াই বেড়াইতেছে; আর তাহাদিগকে দেখিয়া অনুমান করিল, যে তাহারা সকলেই অন্ধ; কেননা তাহারা ঐ সকল কবরের উপরে বেড়াইতেহ কখনই উছোট খাইতেছে, তাহা কেবল নয়, সেই স্থানহইতে নির্গমনের পথও পাইতেছে না। তাহা দেখিয়া শুমিনীয়ান জিল্ছাসিল, ইহার অভিপ্রায় কি?

তাহাতে মেষপালকেরা উত্তর করিল, এই পর্বতের তলে পথের বাম পার্মে মাঠে যাইবার জন্যে যে কুন্ত শিঁড়ি আছে, তাহা কি তোমরা দেখ নাই? তাহাতে তাহারা কছিল, হাঁ, দেখিয়াছি। তখন মেষপালকেরা কহিল, ঐ শিঁড়িহইতে বৃহৎকায় "আশাভলের "সং-শয় নামক গড়েতে সদাঃ যাওয়া যায়, এমন একটি পথ ঐ মাঠ দিয়া আছে। ইহা বলিয়া তাহারা অঞ্লী मिया प्रथारेया कश्चि, करत्रम्या खमनकाति के लाटकता পূর্বে তোমাদের মত যাত্রিক হওয়াতে যখন ঐ ভারের নিকটে উপস্থিত হইল, তথন সেই স্থানে প্রকৃত পথকে উচ্চনীচ দেখিয়া ভাছা ছাড়িয়া ঐ মাঠে গমন করিল, তাহাতে সেই বৃহৎকায় " আশাভঙ্গ তাহাদিগকে ধরিয়া \* সংশয় নামক গড়েতে লইয়া গেল; সেই স্থানে কিছু কাল তাহাদিগকে কারাবন্ধ রাখিয়া অবশেষে তাহা-দিগের চক্ষু উৎপাটন করিয়া ঐ কবরস্থানে লইয়া গিয়া ছাড়িয়া দিল; তদবধি জাহারা সেই স্থানে মুরিয়া বে-

ড়ায়। ইহাতে জ্ঞানবানের এই বচন সিদ্ধ হইল, যথা, "যে কেছ জ্ঞানের পথ ছাড়িয়া জ্রমণ করে, সে প্রেতগণের সভাতে থাকিবে।" এই কথা গুনিয়া "খুীফীয়ান এবং \* আশাবান সজল নয়নে পরস্পর দৃষ্টি করিতে লাগিল; কিন্তু মেষপালকদিগের কাছে কিছুই কহিল না।

পরে আমি স্বপ্নে দেখিলাম যেন মেষপালকেরা তথা-ছইতে কোন নিম স্থানে বাত্রিদিগকে লইয়া গিয়া পর্বা-তের পার্মধ্যে যে একটি দ্বার ছিল, সেই দ্বার খুলিয়া দেখিতে কহিল। তাছাতে ভাহারা দৃষ্টিপাত করিলে তা-হার মধ্যে অত্যন্ত অন্ধকার প্রযুক্ত কিছুই দেখিতে পা-हेल नाः दकरल शक्तरकत शक्तमश्यूक श्रुप्तत्र खान शाहेल, এবং ব্যথিত লোকদিথের আর্ডনাদ ও অগ্নির শব্দের ন্যায় শব্দ শুনিল। অতএব "খুীফীয়ান তাহণদিগকে জিজ্ঞা-দা করিল, ইহার তাৎপর্য কি? তাহাতে মেবপাল-কেরা কহিল, ইহা নরক গমনের একটি উপপথ; এই পথ দিয়া ৰূপটি লোকেরা নরকে গমন করে, বিশেষতঃ যাহারা এযৌর ন্যায় আপন অধিকার বিক্রয় করে, কিয়া विक्रमात नाम जाशन श्राड्य विक्रम करत, किश निकन्म-त्त्रत नाम समलगमानात निन्मा करत, किशा अनिम अ তাহার জ্রী সকীরার নাায় মিথাাবাদী হয়, তাহারাই এই পথ किया नद्रक शमन करता।

তাহাতে \* আশাবান জিজাসিল, এই ক্লণে বেমন আ-মাদিপকে, তেমনি ভাছাদিপকেও কি যাত্রির মত দেখা शियां हिल ?

মেষপালকেরা কহিল, হাঁ, দীর্ঘকাল ব্যাপিয়া তাহাদি-গকে যাত্রির মত দেখা গিয়াছিল।

"আশাবান জিজাসিল, তাছারা যাতাতে কত পথ আসিয়া পরিতাপচাত হইয়াছিল?

মেরপালকেরা কহিল, কেহ ২ অধিক দূর, কেহ ২ বা কেবল এই পর্বান্ত পর্যান্ত আসিয়াছিল।

তথক যাত্রিরা পরস্পার কহিল, শক্তিমানের নিকটে শক্তি প্রার্থনা করা আমাদের নিতান্ত কর্ত্তবা।

তাছাতে মেবপালকেরা কহিল, হাঁ, কর্ত্ব্য বটে; এবং
শক্তি প্রাপ্ত হইলে তাহা ব্যবহার করাও তোমাদের কর্ত্ব্য।
এই রূপে যাত্রিরা সে স্থানে কিছু দিন থাকিয়া শেষে
পুনর্বার অগ্রসর হইতে বাঞ্ছা করাতে মেবপালকেরাও
তাহাতে সম্মত হইল; অতএব তাহারা ঐ পর্ব্যতশ্রেণীর
প্রাপ্তভাগ পর্যন্ত তাহাদিগের আগবাড়ান গেল। তখন
মেবপালকেরা পরস্পর কহিল, এই যাত্রিরা যদি আমাদের
ছুর্মীণ দিয়া দেখিতে পারক হয়, তবে আইস, আমরা
এই স্থানহইতে ইহাদিগকে স্বর্গদার দেখাই। তাহাতে
যাত্রিরা অতি প্রতি পূর্বক সম্মত হইলে মেবপালকেরা
নির্মান নামে এক পর্বতেশ্লে তাহাদিগকে লইয়া গিয়া
দেখাইবার নিমিত্তে তাহাদের হাতে ছুর্মীণ দিল।

তখন ঐ যাত্রিরা ছুর্নীণ দিয়া দর্শন করিতে লাগিল, কিন্তু মেষপালকেরা ঐ জনগলারি লোকদের বিষয়ে যাহা কহি-য়াছিল তাহা মনে পড়াতে ভয়েতে ভাহাদের হাত থর ২ করিয়া কাঁপিতে লাগিল; অতএব ভাহারা স্থির হইয়া বিলক্ষণ রূপে দেখিতে পারিল না; তথাপি অনুমান করিল, হাঁ, স্বর্গদ্বারের এবং ঐ স্থানের সৌন্দর্যোর ন্যায় কিছু ২ দেখিতেছি। পরে তাহান্ত্রা প্রস্থান কালে এই শ্লোক গান করিতে ২ চলিল,

যে বিষয় অন্য জন হৈতে গুপ্ত রয়।
নেবপালকেরা সেই জানায় বিষয়॥
গভীর নিগৃঢ় বাক্যে মার আছে মন।
নিকটে রাখালদের আসক সে জন॥

জনস্তর যাতির। প্রস্থান করিতে উদ্যত হইলে মেয-পালকদের মধ্যে এক জন পথবৃতান্তের এক পত্র তাহা-দিগকে দিল; আর এক জন কহিল, \* স্তাবকহইতে সর্অ-দা সাবধান থাকিও; এবং তৃতীয় ব্যক্তি কহিল, \* মোহ ভূমিতে নিদ্রা যাইও না; তদ্তির চতুর্থ ব্যক্তি কহিল, ঈশ্বর তোমাদের মঙ্গল করুন। এই রূপ দেখিতে ই নিদ্রাভঙ্গ হইলে আমি জাগৃত হইলাম।

## ১৭ অধ্যায়।

অনস্তর আমি পুনর্কার নিজাগত হইয়া স্থপ দেখিতে লাগিলাম, যেন ঐ ছই যাত্রি লোক পর্বতাবরোহণ পূর্বক রাজপথ দিয়া জমে ২ রাজধানীর প্রতি গমন করিতে লাগিল। ঐ পর্বতের তলের অনতিদূরে বাম পার্ম্বে \* দর্প নামক এক দেশ আছে; সেই দেশহইতে একটি বক্র পর্ব আসিয়া রাজপথের সহিত মিলে। অতএব তৎকালে সেই দেশহইতে আগত \*অজ্ঞান নামে এক যুবার সহিত যাত্রিদের সাক্ষাৎ হইলে \* খুীফীয়ান তাহাকে জিজ্ঞাসা করিল, তুমি কোন্ দেশহইতে আগিয়াছ? এবং কোথায় যাইবা?

তাহাতে ঐ \* অজ্ঞান কহিল, হে মহাশয়, এই বাম হাতে কিঞ্চিলুরে \* দর্প নামক যে দেশ তাহা আমার জন্মস্থান; আমি স্বর্গায় রাজধানীতে যাইতেছি।

তখন \* খ্রীফীয়ান জিজ্ঞাসিল, তুমি কি প্রকারে সেই রাজধানীর দ্বারে প্রবিষ্ট হইবা? কি জানি সেই স্থানে বাধা পাইবা।

ভাষাতে "অজ্ঞান কহিল, কেন? অন্যান্য ভদ্র লোক যেমন করিয়া প্রবিষ্ট হয়, আমিও ভেমনি করিয়া যাইব। " শুমিতীয়ান জিজ্ঞাসিল, ভাল, সেই দ্বারে ভূমি এমন কি পত্র দেখাইতে পারিবা, যে তাহাতে তোমার প্রতি সেই দার খোলা যাইবে?

তাহাতে " অজ্ঞান কহিল, আমার প্রভুর অভীই আমি জ্ঞাত্ব আছি, এবং নানা প্রকার সদাচরণ করিয়াছি; তদ্ধি যাহার যাহা পাওনা, তাহাকে তাহা দিয়া থাকি; এবং উপবাস ও প্রার্থনা করিয়া থাকি; বিশেষতঃ আমি দানশীল, সকল সামগ্রীর দশমাংশ বিতরণ করিয়া থাকি; তদ্ধির যে স্থানে যাইতেছি, তাহার নিমিত্তে আপন দেশও পরিত্যাগ করিয়াছি।

তাহাতে "খুনিটায়ান কহিল, ভাল, তুমি আপনার বিষয়ে বেমন জ্ঞান কর তাহা কর, কিন্তু এই পথের প্রথমেতে যে ক্ষুদ্র দার আছে তাহা দিয়া প্রবেশ না করিয়া ঐ বক্র উপপথ দিয়া এ স্থানে আসিয়াছ; ইহাতে এই আশস্কা হইতেছে, যে বিচারদিন উপস্থিত হইলে ঐ রাজধানীতে তোমার প্রবিষ্ট হওয়া দূরে থা-কুক, বরং তুমি চোর এবং দস্যুক্রপে গণ্য হইবা।

তাহাতে অজ্ঞান উত্তর করিল, হে মহাশয়েরা, তোমরা আমার অপরিচিত লোক, তোমাদিগকে আমি চিনি
না। তোমাদের দেশীয় ধর্মাচারে চলিতে যেমন তোমরা
সন্তুই হও, আমিও তেমনি আমার দেশীয় ধর্মাচরণে
চলিব। বোধ হয়, তাহাতেই মঙ্গল হইবে। তুমি যে কুদ্র
ছারের বিষয় কহিতেছ, তাহা আমাদের দেশইতে বহু
দূর, ইহা জগণভদ্ধ লোকে জানে; আমার বোধ হয়
আমাদের দেশই লোকদের মধ্যে এক জনও সেই ছারের
পথ জানে না। ইহাতে ক্যুতি কি? কেননা দেখ, অতি
রমণীয় শ্যামবর্ণ ঐ উপপথ আমাদের দেশইতে এ
রাজপথে আসিয়া মিলিয়াছে।

এ রূপ কথাছারা যখন " খৃষ্টায়ান দেখিল, এ ব্যক্তির

আপনার কথাই পাঁচ কাহন, তথন সে ধীরে ? আশাবানকে কহিল, এই লোক অপেকা বরং মূর্থের বিষয়ে অধিক প্রত্যাশা আছে। এবং আরো কহিল, অজ্ঞান বে পথে গমন করে, সে পথে অজ্ঞানতা প্রকাশ করে, এবং আমি অজ্ঞান। ইহা সকলের কাছে প্রকাশ করে। অতএব ইহার সহিত আমরা কি অধিক কথোপকথন করিব? না, সে বাহা শুনিয়াছে তাহা বেন হৃদয়ক্ষম হয়, এই জন্যে কি সম্পৃতি ইহাকে পশ্চাৎ কেলিয়া আর এক বার সাক্ষাৎ করিয়া ইহার মঙ্গল করিতে পারি কি না তাহা চেন্টা করিব? তাহাতে "আশাবান এই শ্লোকত্রয় গান করিতে লাগিল।

বে বিষয় গতি অজ্ঞানের প্রতি একালে হৈল প্রচার।
চিরতর ক্ষণ তাহে আলোচন করিতে উচিত তার ॥ > ॥
উত্তম মন্ত্রণা গ্রহণে বিমনা যদি না থাকে সে জন।
তথন প্রধান লভ্যেতে অজ্ঞান না থাকিবে তার মন॥ ২ ॥
সর্বেশ্বর যিনি কহিলেন তিনি নির্বোধ মানব যারা।
পাইলেও প্রাণ আমাহৈতে তাণ পাইবেক নাহি তার॥ ৩॥
\* আশাবান আরও কহিল, আমার মনে লয়, তাহাকে
থকেবারে সকল কথা কহা অনুচিত। যদি তোমার ইছা
হয়, তবে সম্পুতি তাহাকে ছাড়িয়া অগ্রগামী হই; পরে
তাহার বোধ শক্তানুসারে তাহার সহিত কথা কহিব।

এ রূপ পরামর্শ করিয়া তাহারা সেই \* অজ্ঞানকে পশ্চাৎ কেলিয়া অগ্রেই চলিল। কিঞিৎ অগ্রসর হইলে তাহারা এক নিবিড় অন্ধবারময় পথে প্রবেশ করিয়া দেখিল, সাত জন ভূত সাত গাছা রজুদারা এক মনুষ্যকে দৃঢ় বন্ধ করিয়া পূর্বোক্ত পর্বতপার্শস্থ দারে ফিরাইয়া লইয়া যাইতেছে। ইহা দেখিয়া \* থ্রীফীয়ান এবং \* আশাবান করেতে কম্পান্থিত হইয়া সেই ব্যক্তি কে, তাহা ভাবিতে লাগিল। বিশেষতঃ "খুীফীয়ান ফিরিয়া তাহার মুখাবলোকন করিল; কিন্তু সে ব্যক্তি শকুহন্তে ধরা পড়াতে চোরের মত মন্তক হেঁট করিয়া হাইতেছিল, এ কারণ তাল রূপে তাহার মুখ দেখিতে পাইল না; তথাচ সে ব্যক্তি যে "ধর্মাঞ্জংশ নগরনিবাসী "পরাজ্মখ নামা লোক, এমন অনুমান করিল। পরে ঐ ভূতেরা কিঞ্ছিৎ দূরে চলিয়া গেলে পর "আশাবান তখনও অবলোকন করাতে ঐ বদ্ধ লোকের পৃষ্ঠেতে 'সুখাভিলাষী ঈশ্বসেবক এবং সর্বনাশের যোগ্য ধর্মাত্যাগী,' এই ২ বাক্য লিখিত এক খানি কাগজ দেখিতে পাইল।

তখন "খ্ৰীফীয়ান আপন সঙ্গিকে কহিল, এই স্থানের নিকটে কোন ভব্র লোকের প্রতি যাহা ঘটিয়াছিল, তা-হার পূর্বে শ্রুত বিবরণ এখন আমার মনে পড়িল, বলি শুন। সে ব্যক্তি শুসারল্য নামক নগরে বাস করিত, তা-ছার নাম \* ক্রেবিযাস, কিন্তু সে ভাল মানুষ, এবং আ-মাদের মত এই বাকায় যাতিক হইয়াছিল। তাহার কথা বিস্তার করিয়া কহি, শুন। এই উপপথের মুখেতে \* প্রশন্তপথদার নামে একটি স্থান আছে, ভাছাইইডে ক্তুত্র একটি পথ আসিয়া রাজপথের সহিত মিলে; তাহার মধ্যে বছ লোকের অপমৃত্যু হয়, এপ্রযুক্ত সে "প্রেতবর্ত্ত নামে প্রাসিক হইয়াছে। এক দিন সেই \* ক্ষুদ্রিখাস পথ আৰি অযুক্ত সেই স্থানে বসিয়া অকস্মাৎ নিদাগত ছইল। এমন সময়ে অতি বলবান দস্যরা, অর্থাৎ "কুন্ন-মতি ও "সন্দেহ ও "অপরাধ নামে তিন জন সহোদর \*প্রশাস্তপৰভার নামক স্থানহইতে ঐ ক্ষুদ্র পথ দিয়া जामिएक २ পथि मर्या थे " क्ष्यितियोगरक प्रियो रवर्श-তে তাহার নিকটে উপস্থিত হইল। ঐ ভদ্র লোক তৎ-কালে ছঠাৎ জাগ্রৎ ছইয়া প্রস্থান করিবার উদ্যোগ

করিতেছিল; কিন্তু ঐ দৃস্যুরা সকলে একেবারে অতি करे कारेवा शूर्सक कहिन, उत्तर माँछा। छाहा अनिया व जीन मानुत्यत मूथ अकारेशा अटकवादत वटखत नाग अक्रवर्ग হইল, আর সে এমনি ভীত হইল বে তাহাদের সহিত যুদ্ধ কিলা পলায়ন ইহার কিছুই করিতে না পারিয়া স্ত্র হইয়া থাকিল। তখন \* কুর্মতি কছিল, ওরে, তোর গেঁজিয়া দে। কিন্তু সে আপন টাকা দিতে অসম্মত প্রযুক্ত বিলম্ব করাতে <sup>\*</sup> সন্দেহ তাহার নিকটে আসিয়া তাহার কোমরহইতে টাকা পূর্ণ ধলী কাড়িয়া লইল। তথন সে চোর ২ বলিয়া মহাজনরব করাতে "অপরাধ নামক তৃতীয় ব্যক্তি একটা বৃহৎ লাঠী হস্তে করিয়া তা-হার মস্তবে এমনি আঘাত করিল, যে তাহাতে সে একেবারে ভূমিতে লুটিয়া পড়িল, এবং তাহার মস্তক-हरेट ब्रक्क वाव हरेटन कत्मा एक मृजक ना हरेन। ঐ চোরেরা আর কিঞ্ছিৎ কাল তাহার নিকটে দাঁড়াইয়া রহিল, কিন্তু পরে "উত্তমাশ্বাস নামক নগরনিবাসী \* মহানুগ্ৰহ নামে ব্যক্তি ঐ পথে আদিতেছে, ইহা শুনিয়া তাহারা ঐ ভব্র লোক্তে এই রূপ ছুর্দশায় কেলিয়া পলা-য়ন করিল। অতএব কিঞ্চিৎ পরে ঐ \* কুর্ডবিশ্বাস সটেতন্য হইয়া অপে ২ খুঁড়িয়া আপন পথে যাইতে লাগিল।

শকুদ্রবিশ্বাসের এই বৃত্তান্ত সমাপ্ত হইলে শআশাবান জিজ্ঞাসা করিল, ঐ চোরেরা কি ভাষার সর্বস্থই লুটিরা লইয়াছিল?

তাহাতে "খুঁঝিয়ান কহিল, না, কেবল তাহার নগৎ টাকা লইয়াছিল, কিন্তু বিশেষ ধলিয়াতে তাহার বে সকল রক্স ছিল, তাহা কাড়িয়া লয় নাই। সে যাহা হউক, তাহার টাকা চুরী যাওয়াতে সে বড় ছঃখী হইয়াছিল; কারণ তাহার যে কএকটি মূদ্রা অবশিষ্ট রহিল, সে অতি অপ প্রযুক্ত পথের শেষ পর্যন্ত কুলাইল না। আর আমি এ প্রকার শুনিয়াছি যে তাহাকে পথে ২ ভিকা মালিয়া খাইতে হইরাছিল, এবং ভাহা করিলেও অনেক দিন উপবাস করিয়া যাইতে হইয়াছিল, কারণ তাহার ঐ রুদ্ধ বিক্রেয় নিষেধ ছিল।

অপর \* আশাবান কছিল, রাজধানীতে প্রবেশিবার নি-মিত্তে তাহার নিকটে বে প্রমাণপত্র ছিল, তাহা বে চো-রেরা কাড়িয়া লয় নাই, ইহা অতি আশ্চর্যা।

তাহাতে "খুীফীয়ান কহিল, ঐ চোরেরা তাহার সন্ধান পায় নাই। তাহা ঐ ব্যক্তির নৈপুণ্যেতে নয়, ঈশ্বরের আশীর্মাদে হইল, কেননা ঐ দস্যুরা অকন্মাৎ আসিয়া তাহার উপরে পড়িলে কোন ক্রব্য গোপন করা দূরে থাকুক, বরং অত্যস্ত ভয়েতে তাহার বুদ্ধিশক্তি একেবারে লোপ হইয়া গেল।

পরে "আশাবান কহিল, চোরেরা সেই লিপিরত্ন হরণ করিয়া লয় নাই, ইহা অব্শা তাহার প্রতি সাজ্বনার বিষয় ছিল।

"খুনিফীয়ান উত্তর করিল, সে যদি উপযুক্ত রূপে তাহা ব্যবহার করিত, তবে তাহা তাহার প্রতি সাজুনার বিষয় হইত বটে; কিন্তু আমার সাক্ষাতে মাহারা গণ্প করিল, তাহারা এই কহিল, পথিমধ্যে তাহার টাকা চুরী হও-য়াতে সে এমনি বিশায়াপন হইয়াছিল, বে অবশিষ্ট পথ পর্যান্ত ঐ পত্রের বিষয় প্রায় বিশ্বত ছিল; এবং কোন সময়ে তাহা মনে করিয়া কিঞ্চিৎ সাজ্বনা পাইলে দস্যু-গণকর্তৃক অপহত টাকার চিন্তা পুনরায় উঠিয়া তাহাকে হতবৃদ্ধি করিত।

" আশাবান কছিল, ছায় ২, এরূপ চুরী অবশ্য ভাছার ছঃখের বিষয় ছিল। তাহাতে "খুনিটায়ান কহিল, ছুঃখের বিষয় বৈ কি?
বুঝ দেখি তাহার মত বিদেশে ক্ষত বিক্তশরীর ও টাকা
চুরী হইলে আমাদের কি ছুঃখ হইত না? সে বেচারা
মনোদুঃখ প্রযুক্ত বে মরে নাই, ইহা অতি আশ্চর্যা। আমি
শুনিলাম সে অবশিষ্ট তাবৎ পথে কেবল আপন ছুর্ঘটনার কথা কহিতে২ গমন করিত; বিশেষতঃ যাহার ২
সহিত দেখা হইত, তাহার ২ কাছে কোন্ স্থানে কি প্রকারে কাহার। চুরী করিয়াছিল, এবং আপনি কি প্রকার
আঘাত পাইয়া কি রূপে প্রাণ বাঁচাইয়াছিল, এই ২ কথা
সকল কহিত।

অপর " আশাবান কহিল, এ রূপ চুরী হইলে পর সম্ব-লের নিমিত্তে সে যে আপনার কোন ২ রত্ন বিক্রয় করিল না, কি বন্ধক রাখিল না, ইহা বড় আশ্চর্য্য বোধ হয়।

শূথীফীয়ান কহিল, তুমি স্থলবুদ্ধির মত কহিতেছ।
সে কাহার কাছে ঐ রত্ন বন্ধক রাখিবে? কাহার নিকটে
বা তাহা বিক্রম করিবে? যেখানে চুরী হইয়াছিল সে
দেশের লোকেরা তাহার রত্ন তুদ্ধ জ্ঞান করিত, এবং
তাহাদের সাহায্যে তাহার প্রয়োজন ছিল না। আর
রাজধানীদ্বারেতে উপস্থিত হইলে যদি তাহার রত্ন সঙ্গে
না থাকে, তবে সেই স্থানে সে অন্ধিকারী হইবে, ইহা
সে বিলক্ষণ রূপে জ্ঞাত ছিল; সেই অধিকারচ্যুতিতে
যাদৃশ অমঙ্গল, দশ সহক্র দস্যুর দৌরাজ্যোতেও তাদৃশ
অমঙ্গল ঘটে না।

তথন শ্রাশাবান কছিল, ওছে ভাই, ভোমার বাক্য এমন কটু কেন? দেখ, শএষৌ নামে এক ব্যক্তি কিঞ্ছিৎ মসূর দাইলের নিমিত্তে সর্বাপেকা৷ বছমূল্য রত্নস্বরূপ আপনার জ্যোষ্ঠাধিকার বিক্রয় করিয়াছিল, অতএব ঐ শক্ষুত্রবিশ্বাস সেরূপ করিতে পারে না কেন?

ভাছাতে "খুীফীয়ান কছিল, "এবৌ যেমন আপন জোश्रीधिकांत विकंत्र कतियाहिल, जिमन अना २ अपनित করিয়া থাকে, এবং সেই রূপ করাতে ঐ বেটার ন্যায় जाभनामिशदक भत्रमध्यन विक्षं कदत्र। किन्तु " बदयो धवर \* কুদ্রবিশ্বাস, এই উভয়ের মধ্যে এবং তাছাদের অধি-কারন্বয়ের মধ্যে কিছু ভেদ করিতে হইবে; কেননা \*এবৌর জ্যেষ্ঠাধিকার মূলজ্বা নয়, কেবল ছায়ামাত্র ছিল, কিন্তু " কুদ্রবিশ্বাসের রত্ন তেমন নয়; এবং " এষৌর উদর তাহার ঈশ্বর, কিন্তু "কুদ্রবিশ্বাদের ভাব তেমন नग्र। आत्रा " এयोत क्वल भातीतिक अভिनारमण्डहे রুচি ছিল, কিন্তু \* কুদ্রবিশ্বাসের রুচি সেমত নয়। তদ্তির দেখ, সুখেছার তৃপ্তি ব্যতিরেকে \* এষৌ আর কিছুই লক্ষ্য করিত না, যেহেতুক সে আপনি কহিয়াছিল, দেখ, এখন আমি মৃতকপা; জ্যেষ্ঠাধিকারে আমার কি কল? কিন্তু "কুদ্রবিশ্বাস চিরকাল অবধি কুদ্র বিশাস বিশিষ্ট হইলেও সেই ক্ষুদ্র বিশাসভার। সেরপ ছক্ষর্মাইইতে সুরক্ষিত ইইয়াছিল, বিশেষতঃ "এবের ন্যায় আপন অধিকার विटक्य ख्वान ना कांब्रशा, निक त्रज्ञ य वक्ष्मला धवर यज्ञ পূর্ব্বক রক্ষণীয়, এমত চেতনা পাইয়াছিল। \* এযৌর কিছু ,বিশ্বাস ছিল, ইছা তুমি পাঠ কর নাই। আর ইব্রিয় দমন করিতে যাহার বিশাস নাই, সে অবশ্য ইন্দ্রিয়ের বশী-ভূত। এমন ব্যক্তি ইন্সিয়ের বশেতে থাকাতে আপন অধিকার ও প্রাণ ও সর্বস্থ নরকাধ্যক্ষ শয়তানের নিকটে বিক্র করে, ইহা বড় আশ্চর্যা নয়। ধর্মপুস্তকে লেখে, वना शर्मजीत कामराज्या इहेरल त्कर जाहारक किताहरज পারে না। ঐ প্রকার লোকেরাও তজপ। তাহাদের সূথে-চ্ছার চেন্টা যথন জন্মে, তখন যাহা ঘটে ঘটুক, কেছ তা-ছাদিগকে ফিরাইতে পারে না। \* কুরুবিশ্বাদের মন তেমন

নয়, সে স্থায় বিষয়ে আদক্ত, এবং স্থায় বিষয় তাছার উপজীবিকাস্বরূপ; অতএব ক্রেতা বিদ্যান থাকিলেও
সে আপন রত্ন বিক্রয় করিত না, কেননা অসার বস্তুতে
তাছার মন তৃপ্ত হইত না। ষনুষ্য অতি ক্ষুধিত হইলেও
ভোজনার্থে কি এক পয়সার পলাল কিনিবে? কাকের
ন্যায় ত্র্গন্ধি মাংস ভোজন করিতে তুমি কি ঘুষুর প্রবৃত্তি
জন্মাইতে পার? অতএব শারীরিক অভিলাষ সম্পূর্ণ করিবার নিমিত্তে বিশ্বাসহীনের। যদ্যাপ আপনাদের সর্বাস্থ
প্রাণ পর্যান্তও বন্ধক দিতে কিন্তা বিক্রয় করিতে পারে,
তথাপি যদ্ধারা পরিত্রাণ হয়, এমন যৎকিঞ্ছিৎ বিশ্বাস
যাহার আছে সে কখন তাছা করিবে না। অতএব হে ভাই,
এ বিষয়ে তোমার ক্রম হইয়াছে।

অপর " আশাবান কছিল, তোমার কথা সত্য বটে, কিন্তু তোমার কটুবাক্যেতে আমার কিঞ্ছিৎ ক্রোধ হইয়াছিল।

\* থানীয়ান কহিল, বে ছট্ফটিয়া পক্ষী চক্ষু মুদিয়া থোনা মস্তকে করিয়া অগ্যা পথে ইতস্ততো দৌড়িয়া বেড়ায়, তাহারি সঙ্গে তোমার উপনা দিয়াছিলান। যাহা হউক, সে কথা ছাড়িয়া দেও। যে বিষয়ে বাদানুবাদ করিতেছি তাহাই বিবেচনা কর, তাহাতে তোমার এবং আমার মক্ষল হইবে।

তথন \* আশাবান কছিল, ও ছে ভাই; আমি মনোমধ্যে নিশ্চয় করিলাম, ঐ তিন জন দৃস্যু অতি ভীক; তাহা
না হইলে, তাহারা পথের মধ্যে আগত এক জন মন্যোর শব্দে কেন দৌড়িয়া পলাইল? সে বাহা হউক,
\* কুদ্রবিশাস এমত সাহসহীন হইল কেন? বোধ হয়,
তাহাদের সহিত এক বার কুস্তাকুন্তি করিতে তাহার সাধ্য
হইত, পরে উপায় না থাকিলে হারি মানিতে পারিত।

ভাছাতে \* থাফীয়ান কছিল, হাঁ, তাহারা যে ভীরু, ইকা

অনেকে কছে; কিন্তু পরীক্ষার সময়ে অতি অপে লোক তাহাদিগকে ভীরু জানিয়াছে। "কুদ্রবিশ্বাসের মধ্যে সাহ-সের লেশও ছিল না; আরু, ওহে ভাই, তোমার কথায় বােধ হয় যে তোমার যদি সেই দশা ঘটিত, তবে তুমিও এক বার মাত্র তাহাদের সহিত কুস্তাকুন্তি করিয়া হারি মানিতা। দেখ ভাই, এই ক্ষণে তাহারা দূরে থাকিলে যদি কেবল এ পর্যান্ত তোমার সাহস কুলায়, তবে তাহার নিকটে যেমন, তোমার নিকটেও তেমনি উপস্থিত হইলে তাহারা তোমারও ভয় জন্মাইতে পারে।

আরও বিবেচনা কর, ঐ চোরেরা পরের দাস, ফলতঃ অতলম্পর্শ থাতাধ্যক্ষের বেতনজীবী; ঐ অধ্যক্ষ প্রয়োজনা-নুসারে আপনি যাইয়া তাহাদের সাহায্য করে। সিংহের যেমন খোরনাদ, তেমন তাহারও ভয়ক্কর গর্জন। সেই \* কুডবিশাসের ন্যায় আমিও আকান্ত হইয়া তাহাদের যুদ্ধের ভয়ানকতা জানিয়াছি, ফলতঃ ঐ তিন জন দৃস্য আমার উপরে আসিয়া পাড়েলে, আমি যখন খ্রীফীয়া-নের উপযুক্ত প্রতিরোধ করিতে লাগিলাম, তথন তালারা অক্সাৎ এক শব্দ করিলে তৎক্ষণাৎ তাছাদের অধ্যক্ষ আসিয়া উপস্থিত হইল। তাহাকে দেখিবামাক আমার প্রাণের কড়ার মূল্যও ছিল না; কিন্তু ঈশরের কুপায় আমি পরীক্ষিত সাঁজোয়াতে সাজিত ছিলাম। সেই সজা থাকিলেও বলবানের ন্যায় যুদ্ধ করা আমার অতি কচিন কর্মা হইয়া উচিল। সেই রূপ যুদ্ধেতে আক্রান্ত লোকের কিং কট ঘটে, তাহা আপনি সেই যুদ্ধেতে প্ৰবিষ্ট না হইলে কৈছ কহিতে পারে না।

অপর " আশাবান কছিল, হাঁ, উত্তম কছিয়াছ, কিন্তু তাহারা যথক ভাবিল, মহানুগ্রহ নামে ব্যক্তি পথে আছে, তথন দৌড়িয়া পলাইল, ইহার কারণ কি? "পুথিটায়ান কহিল, সভ্য, "মহানুগ্রহ নামক ব্যক্তির দর্শন নাত্রে ভাহারা এবং ভাহাদের কর্ত্তা অনেক ২ বার পলাইয়াছে, ইহা বড় আশ্চর্য্য বিষয় নয়; কেননা সেরাজবীর। কিন্তু রাজবীরেতে এবং "কুজবিশাসেতে অনেক ভকাৎ আছে, তাহা কি ভুমি জান না? রাজার সমস্ত প্রজা রাজবীর নয়, এবং যুদ্ধে পরীক্ষিত হইলে তাহার ন্যায় বিজয়ী হয় না। "দায়ুদ্ যেমন "জালুংকে অপ্রতিভ করিয়াছিল, তেমনি কি এক বালক করিতে পারে? কিয়া বলদের পরাক্রম কি চটক পক্ষিতে থাকে? দেখ, কেহ ২ বলবান ও কেহ ২ চুর্বল, এবং কেহ ২ দূঢ়-বিশ্বাসী ও কেহ ২ কুজবিশ্বাসী; কিন্তু ঐ লোক এক জন ছুর্বলের মধ্যে ছিল, এ নিমিতে সে চুলায় গিয়াছিল।

"আশাবান কহিল, ঐ তিন জন দৃস্যুর সহিত সেই সময়ে "কুজুবিশাসের পরিবর্তে "মহানুগ্রহের সাকাৎ হইলে ভাল হইত।

ভাষাতে "পুঁফীয়ান কৃষ্ণি, বোধ হয় ভাষারও কফ হইত। ঐ "মহানুগ্রহ অন্তযুদ্ধে অতি নিপুণ প্রযুক্ত যত কণ তাহাদিগকে খড়্নাগ্রে রাখিতে পারে তত কণ দমনে রাখিতেও পারে। কিন্ত ঐ "কুগ্নমতিরা যদি এক বার তা-হার সহিত কোলাকোলি করিতে পায়, তবে তাহাকেও মুখ পুরভিয়া কেলিতে পারে। আর পতিত হইলে মনুষ্য কি করিতে পারে?

অপর ক্ষি কেছ সেই "মহানুগ্রহের মুখের প্রতি ভাল দৃষ্টি করিয়া দেখে, তবে আমার এই কথার প্রমাণজনক দার্য তি কতিছি অবলা তাহার মুখে দেখিতে পাইবে; আর আমি শুনিয়াছি, সে এক বার যুদ্ধ মধ্যে কহি-য়াছিল, আমি প্রাণরকা বিষয়েও আশাহীন হইলাম। ঐ দুসুরা এমনি হুর্দান্ত নিপুর যে তাহারা এবং তাহাদের অধ্যক দায়ুদ রাজাকেও এমনি করিয়া হাহাকার পূর্বক কাঁদাইয়াছিল। এবং হৈমন ও হৈছিয় নামক যে ব্যক্তিরা রাজবীর ছিল, ঐ শতুকর্তৃক আক্রান্ত হইলে ভাহারাও কটে রকা পাইয়াছিল, ইহা তাহাদের বড় ফাঁড়াহইতে উত্তীর্ণ হওয়া বলিয়া মানিতে হইয়াছিল। উহারা আমার কি করিতে পারে? ইহা কহিয়া শিতর নামে প্রেরিত এক দিন তাহাদের নিকটে গিয়াছিল। অনেক লোক বলে, সে প্রেরিতদের মধ্যে প্রধান; কিন্তু পুরস্তেরা তাহার প্রতি এমনি নিষ্ঠুর ব্যবহার করিয়াছিল, যে অবশেষে সে এক ছর্মলা দাসীকে দেখিয়া ভীত হইয়াছিল।

আর ঐ দৃসারা যদি কোন সময়ে কাছার দারা পরাস্ত হয়, তবে তাহারা শীশ দিবামাত্রে তৎক্ষণাৎ তা-হাদের রাজা আসিয়া তাহাদের সাহায্য করে, কেননা দে কখন ভাছাদের ছইতে দূরবর্তী নয়। আর ঐ রাজার বিষয়ে এমন কথিত আছে, "তাহাকে আখাতকারির খড়ন ও বড়শা ও বাণ ও সাঁজোয়া বার্থ হয়। সে লৌছকে नाषात नाम, ७ शिखलाक शहा कारकेत नाम ताथ करत ; ধনুর্বাণ ভাহাকে ভাড়াইতে পারে না; ফিঙ্গার প্রস্তর তাহার কাছে ভূষিস্বরূপ। সে গদাকে ভূষিভুল্য বোধ করে, ও বড়শার চালনে হাস্য করে।" অতএব তাহার . নিকটে মনুষ্য কি করিতে পারে? কিন্তু ইহা সভ্য, যদি \* আয়ুবের অশ্বের ন্যায় কাহার অশ্ব থাকে, এবং সাহস পূর্মক সেই অংশতে আরোহণ করিতে যদি সে নিপুণ হয়, তবে বিপদসময়ে অন্তুত কর্মা করিতে পারে; বে-ছেতুক ঐ অত্থের " গলদেশ বোরনাদ বিশিষ্ট; সে ফড়িকের ন্যায় লম্ফ দেয়, এবং তাহার নাসিকার শব্দ অতি ভয়ানক; সে মাঠ আঁচড়ায়, ও আপন বিক্রমে

হাই হইয়া সুসদ্ধ যোদ্ধার সহিত সাক্ষাৎ করিতে যায়।
সে নির্ভয়ে পরিহাস করে, শক্ষা করে না, এবং খড়েনর
মুখহইতে ফিরে না। খাপ ও শাণিত বড়শা ও শূল
তাহার চতুর্দিগে শব্দ করে। সে গর্মেও ক্রোধে ভূমি
দংশন করে, এবং তুরীবাদ্য শুনিয়া সাহসী হয়। তুরীরব
শুনিলে সে হাহা শব্দ করে, এবং বহু দূরে থাকিলেও সংগ্রামের গদ্ধ ও সেনাপতিদের নাদ ও হুহার টের পায়।"

সে বাহা হউক, কিন্তু তুমি আমি পদাতিক; আমরা যেন কথন শত্রুর সহিত সাক্ষাৎ করিতে বাঞ্ছা না করি, এবং অন্যেরা পরাস্ত হইয়াছে, এ কথা শুনিয়া আমরা তাহাদের অপেকা ভাল যুদ্ধ করিতে পারি এমন আত্ম-শ্লাঘা যেন না করি, আর আপন বীরত্ব বিষয়ে যেন দম্ভ না করি; কেননা পরীক্ষাতে সে রূপ লোকের ত্রুটি প্রায় সর্বাদা প্রকাশ পায়। প্রমাণের নিমিত্তে পূর্বাক্থিত পিতরকে দেখ, সে গর্বে ক্ষীত হওয়াতে অভিমানি মনে কহিয়াছিল, আমার প্রভুর নিমিত্তে আমি অন্য লোক অপেকা অধিক সাহস ও বিশ্বস্ততা প্রকাশ করিব; কিন্দু প্র পাপাত্মাণণকর্ত্ব তাহার ন্যায় কে অপ্রতিভ হুইয়াছে?

রাজপথে এমত চৌর্যা হয়, এ কথা জ্ঞাত হওয়াতে তুই কর্মই আমাদের কর্ত্বা। কলতঃ প্রথমে সুসক্ষ হইয়া গমন করা, বিশেষতঃ ঢাল গ্রহণ করা আমাদের উচিত। কেননা ভাষা না করিয়া বে ব্যক্তি \* লিবিয়াখনের সহিত যুক্তেে জ্ঞতান্ত বীরত্ব প্রকাশ করে, সেও ভাষাকে জয় করিতে পারে না; এবং আমি সভা কহিতেছি, ঐ শত্রু যাবং আমাদিগকে ঢালহীন দেখে, ভাবং কোন প্রকারে জীত হয় না। কেবাজি এই যুদ্ধে পরম নিপুণ ছিল, সেও ইহা কহিয়াছে, যথা, "সকলের উপরে বিশ্বাসরূপ ঢাল

ধারণ কর, কেননা তদ্বারা পাপাত্মার অগ্নিবাণ সকল নি-র্কাণ করিতে পারিবা।"

আর দিতীয় কর্ম এই। যিনি আমাদিগের রাজা, তিনি বেন আমাদের সহিত এক রক্ষক প্রেরণ করেন, বরং আমাদের সহিত আপনি গমন করেন, ইহা তাঁহার নিকটে প্রার্থনা করা অতি কর্ত্তবা। দেখ, এমন সঙ্গী প্রাপ্ত হওয়াতে "দায়ুদ রাজা মৃত্যুদ্ধায়া হুলী দিয়া গম-নের সময়েও আনন্দ করিল; এবং দেখ, ঈশ্বর সজে না গেলে "মুসা এক পাদও অগ্রসর না হইয়া বরং যেখানে দাঁড়াইয়াছিল, সেই স্থানে মরিতে বাঞা করিল। অতএব হে জাতঃ, তিনি যদি আমাদের সহিত গমন করেন, তবে দশ সহস্র শত্রু আইলেও ভয় কি? কিন্তু তাঁহা ব্যতিরেকে অহন্ধারি সহায়েরাও হত লোকদের মধ্যে পতিত হইবে।

আমি পূর্বে যুদ্ধতে পড়িয়া সেই সর্বোত্তমের কুপাতে অদ্যাপি বাঁচিয়া আছি বটে, তথাপি আত্মাঘা করিতে পারি না; এবং সেই রূপ সংগ্রাম আর বার দেখিতে চাহি না। কিন্তু বোধ হয়, এখনও আমরা সকল আপদহততে উত্তীর্ণ হই নাই। সে বাহা হউক, যিনি সিংহের ও ভর্কের হস্তহতৈে আমাকে উদ্ধার করিয়াছেন, সেই পরমেশ্বর ইহার পরেও গুরস্ত শত্রুর হস্তহতৈও আন্মাকে উদ্ধার করিবেন। এ কথা কহিয়া প্রীক্তীয়ান এই ছুই ল্লোক গান করিতে ২ চলিল।

কু দ্বিখাস বেচারি চোরের খাপনে পড়ি হারাইলা তুমি নিজ ধন। ইহাই স্মরণ করি হও হে বিখাসকারী তাহে কর বিখাসবর্জন। জটলবিখাস যেই জনাস্থাসে করে সেই লক্ষ লক্ষ শত্র দমন।

## ছুর্বল বিশ্বাস যার তিন জন বৈরী তার তাকে পারে করিতে বারণ॥

এই রূপে তাহারা অত্যে অত্যে গমন করিলে 🕈 অজ্ঞানও তাহাদের পশ্চাৎ ২ চলিল। কিন্তু কন্তক দূর গমন করিলে পর তাহারা দেখিল যে ঐ রাজপথ ছুই মূথে যাইতেছে; তাহার এক মুখ নৃতন বোধ হইল। অতএব কোন্ মুখে যা-ইতে হইবে, তাহা অজ্ঞাত প্রযুক্ত তাহারা সেই স্থানে দাঁড়াইয়া বিবেচনা করিতে লাগিল। এমন সময়ে কৃষ্ণবর্ণ শরীর শুক্ল স্ক্রাবন্ত্র পরিহিত এক ব্যক্তি ভাহাদের নিকটে ক্রমে ২ উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল, ভোমরা এ স্থানে দাঁড়াইয়াছ কেন? তাহাতে তাহারা কহিল, আমরা স্বৰ্গীয় রাজধানীতে যাইতেছি, কিন্তু কোন্ পথ দিয়া ষাইব তাহা জানি না। তাহাতে দে কহিল, আমিও দে-খানে যাইতেছি, আমার পশ্চালামী হও। এই কথা শুনি-য়া তাহার। তাহার পশ্চাৎ ২ গমন করিল। সে ব্যক্তি ঐ নৃতন পথ ধরিয়া ভাহাদিগকে কিঞ্চিৎ দূরে লইয়া গেলে পর পথ বক্র হইয়া রাজধানীর বিপরীত দিগে যাইতে লাগিল। তাহারা তখনও সেই ব্যক্তির পশ্চাৎ২ চলি-লে অবশেষে ভাছার ধৃতভাতে অকক্ষাৎ জালের মধ্যে প্রবিষ্ট হইয়া এমন জড়ীভূত হইল, যে কি করিবে তা-हा बूबिएक शाबिन ना। त्मेर ममत्य थे कृष्णवर्ग मनुत्यात পৃষ্ঠহইতে শুক্ল বন্ধ পুত্ৰিত হওয়াতে ভাহারা কো-পায় আছে, তাহা জানিছে পারিল। অতএব ঐ মহা-সমটে পাড়িয়া আপনাদিশক মৃক্ত করিতে অসমর্থ হইয়া-তাহারা কতক কাল প্রাক্ত হোকার শব্দেতে দেই স্থানে বন্ধ রহিল।

এই রূপে কালেক বৃদ্ধ হইয়া "পুটিয়ান " আশা-বারকে কহিল, ভাই, সামান দেখিতেছি, আদরা বড় জনে পড়িয়াছি, কেননা মেবপালকেরা আমাদিগকে কহিয়াছিল,
"স্তাবকদের বিষয়ে সাবধান হইবা। অতএব অদ্য আমাদের প্রতি জ্ঞানির এই বচন সফল হইয়াছে, "বে জন
আপন প্রতিবাদিকে স্তুতিবাদ করে, সে তাহার পাদ
বন্ধন করিবার জন্যে জাল পাতে।"

তাহাতে "আশাবান কহিল, হাঁ, নিশ্চয়রূপে পথের উদ্দেশ পাইবার নিমিত্তে তাহারা আমাদিগকে এক থানি পত্রও দিয়াছিল। আমাদের কেমন ভ্রান্তি যে তাহা পাঠ করিতে ভুলিয়াছি, এবং বিনাশকের পথহইতেও রক্ষা পাইতে অবহেলা করিয়াছি। এ বিষয়ে আমাদের হইতে "দায়ুদ বড় জ্ঞানবান ছিল, কারণ সে এ কথা কহিয়াছিল, "আমি মনুষ্যের কার্য্য বিষয়ে তোমার মুখের কথা-ছারা বিনাশকের পথহইতে আপনাকে রক্ষা করিয়াছি।"

এই রূপ কথোপকথন ও বিলাপ করিয়া অনুপায় ভাবিয়া ভাহারা জালেতে পড়িয়া রহিল। অবশেষে এক জন তেজঃপুঞ্চ এক গাছা কশা হন্তে করিয়া আসিয়া তাহাদিগকে জিজ্ঞাসা করিল, তোমরা কোণাইতে আসিয়াছ? এবং এ হানে বা কি করিতেছ? তাহাতে তাহারা কহিল, আমরা অতি দীনহীন যাত্রী, "সায়োন পর্ত্তে যাইতেছিলাম; ইতিমধ্যে শুক্ল বস্ত্র পরিহিত্ত কালকায় এক ব্যক্তি কোথাইতে আসিয়া কহিল, আনরিও সে হানে যাইতেছি, অতএব তোমরা আমার পশ্চালামী হও। এ কথা কহিয়া সে আমাদিগকে পথ্যাহিত্ত করিয়া এই মুর্দশাপ্রকাশরিয়াছে। তখন ঐ তেজস্বী ব্যক্তি কহিল, সে দীক্ষিকাশ্বতের বেশধারী " স্তাবক নামা ভাক্ত প্রেরিত। এ কথা করিয়া লে ঐ জাল ছেদন পূর্বক তাহাদিগকে মুক্ত করিয়া কে পুনর্বার আকৃত পথে লইয়া যাইব। আইস, তোমাদিগকে পুনর্বার আকৃত পথে লইয়া যাইব।

এ কথা কছিয়া " স্তাবকের পরামর্শে বে পথ তাহারা ত্যাপ করিয়াছিল, পুনরায় সেই পথে তাহাদিগকে লইয়া গিয়া জিজ্ঞাসিল, গত রাত্রিতে তোমরা কোখায় শয়ন করিয়াছিলা? তাহাতে তাহারা কছিল, "রমণীয় পর্যতন্থ মেষপালকদের কুটীরে। তখন সে জিজ্ঞাসিল, ভাল, তাহারা কি তোমাদিগকে পথজ্ঞাপক পত্র দেয় নাই? তাহাতে তাহারা কছিল, হাঁ, দিয়াছিল। তখন সে জিজ্ঞাসিল, তোমরা বখন সন্দিশ্ধ হইয়াছিলা, তখন কি তাহা পাঠ করিয়াছিলা? তাহাতে তাহারা কছিল, না, আমরা বিশ্বত হইয়াছিলাম। তখন সে জিজ্ঞাসিল, ভাল, সেই মেষপালকেরা তোমাদিগকৈ কি "স্তাবকের বিষয়ে সাবধান থাকিতে চেতনা দেয় নাই? তাহাতে তাহারা কছিল, হাঁ, দিয়াছিল, কিন্ধ এই সুবক্তা সেই ব্যক্তি হইবে, এমন আমাদিগের মনে হয় নাই।

অপর স্বপ্নে দেখিলাম যেন সে তাহাদিগকে শয়ন করাইয়া, ঐ সংপথে গমন করা কর্ত্ব্য, ইহা বুঝাইবার নিমিন্তে তাহাদিগকে অতিশয় প্রহার পূর্ব্ধক কহিল, "আমি
যত লোককে প্রেম ক্রি, সকলকে অনুযোগ ও শান্তি
করি, অতএব উদ্যোগী হইয়া মন ফিরাও।" পরে সে
তাহাদিগকে কহিল, মেষপালকেরা তোমাদিগকে আর ২
বে শিক্ষা দিয়াছে, তাহা মনে করিয়া অতি সাবধানে
যাত্রা কর। তথন তাহারা তাহার স্নেহ প্রযুক্ত তাহাকে
স্তুত্তি করিয়া এই শ্লোক গান করিতে ২ ধীরে ২ প্রকৃত্ত
পথে গমন করিল।

আনাদের দশা দেখ চাছিয়া পাছের।।
সালাদের দশা দেখ চাছিয়া পাছের।।
সালাদের সুসঞ্জা হৈলে বিমারণ।
স্তাবক আর্পন জালে করিল বন্ধন।

## তাহাহৈতে মুক্ত বটে হৈয়াছি এখন। আমাদের শান্তি দেখি হও সচেতন॥

## ३१ अशासा

অপর এই রূপে তাহারা কিছু দূর গমন করিলে পর দেখিল, সন্মুখে অতি দূরে এক ব্যক্তি তাহাদের সহিত্ত মিলনের নিমিতে রাজপথ দিয়া একাকী আসিতেছে। তাহা দেখিয়া "খুীফীয়ান আপন সঙ্গিকে কহিল, ঐ দেখ, এক জন মনুষ্য "সীয়োন পর্বাতের দিগে পৃষ্ঠ করিয়া আমাদের সহিত মিলনের নিমিতে আসিতেছে।

তাহাতে "আশাবান কহিল, হাঁ, দেখিতেছি; আমা-দের সাবধান হওয়া উচিত, কি জানি পাছে ঐ ব্যক্তিও স্তাবক হয়। এই রূপ কথোপকধন করিতে ২ "নান্তিক নামে ঐ ব্যক্তি তাহাদের নিকটে উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল, তোমরা কে? এবং কো্ধায় ষাইতেছ্?

তাহাতে "খ্রীফীয়ান কহিল, আমরা "সীয়োন পর্বতে বাইতেছি।

ইহা শুনিয়া ঐ "নান্তিক অত্যন্ত হাসিতে লাগিল।
তথন "খুীফীয়ান জিজ্ঞাসিল, তুমি হাসিয়া উঠিলা কেন?
তাহাতে "নান্তিক কহিল, এই পথে আপন ২ কফ ব্যতিরেকে অন্য কিছু লাভের আশা না থাকিলেও তো-মরা যে এই ছুর্গম যাতায় প্রবৃত্ত হইয়াছ, তোমাদের এই মুর্থতা দেখিয়া হাসিতেছি।

"খুডিীয়ান কৰিল, ওবে, জানরা জগ্রাছ হইব, ইহা কি তুমি মনে কারতেছ?

তাহাতে " নাস্তিক কহিল, কৈনিয়া জীয় হইবা? সেই স্থান কেবল স্বপ্নের দেখামাত্র, নরলোকে এমত স্থান নাই। \* খ্রীফীয়ান কহিল, পরলোকে আছে।

তাহাতে নান্তিক কছিল, ভোমরা ঐ স্থানের বিষয়ে বাহা কহিতেছ, আমিও স্বদেশে বাস করণ সময়ে তাহা শুনিয়াছিলাম, এবং তদনুসারে সেই স্থানের অন্বেষণার্থে যাতা করিয়াছিলাম; কিন্তু আদ্য বিংশতি বৎসরাবধি সেই রাজধানীর চেন্টায় থাকিলেও যাতার প্রথম দিবসের মত আদ্যাপি তাহার বিন্দুমাত্র দেখিতে পাই না।

পুরিটীয়ান কহিল, সেরূপ স্থান যে পাওয়া যায়, ধ্রমন আমরা শুনিয়াছি, এবং তাহাতে বিশ্বাসও করি-য়া থাকি।

তাহাতে "নান্তিক কছিল, আমি যখন নিজ বাচীতে ছিলাম, তখন আমারও বিশ্বাস ছিল, নতুবা অন্বেষগার্থে এ পর্যান্ত আসিবার প্রয়োজন ছিল না; কিন্ত তাহা
না পাওয়াতে এই কণে ফিরিয়া যাইতেছি। সেই স্থান
বদি পাওয়া যাইত, তবে অবশা তাহা পাইতাম; বেহেতুক তোমাদিগছইতে আমি অধিক পথ গমন পূর্বেক তাহার অন্বেষণ করিয়াছি। যাহা হউক, এখন আমার
বাসনা এই, আমি বে বিষয় ত্যাগ করিয়া গিয়াছিলাম,
তাহা বেন পাইয়া মনের সন্তোষ জন্মাই।

তখন শুথিটায়ান আপন সন্ধির মুখের দিগে দৃষ্টি করিয়া কহিল, কেমন, হে ভাই, এই ব্যক্তি যাহা কহে, ইহা কি সভা?

তাহাতে "আশাবান কহিল, সাবধান হও; এ ব্যক্তিও স্তাবকদের মধ্যে এক জন। এ রূপ মন্দ লোকের কথায় মনোবোগ করাতে আমাদের কেমন চুরবন্ধা হইরাছে, ভাছা স্মরণ কর। সীয়োন পর্বত কি নাই? আমরা কি "কুমণীয় পর্বতহইতে সেই নগরের দার দেখি নাই? এখন স্ক্রানা দেখাতে কি বিশ্বাসপথে চলিব না? "আশাবান আরও কহিল, শীঘ্র চলিয়া আইস, পাছে সেই কশাধারী আর বার আমাদের নিকটে উপস্থিত হয়। আমি
তোমার কর্ণে একটি শাস্ত্রীয় বাক্য শুনাইব, তাহা বরং
আমাকে শিক্ষা দেওয়া তোমারি উচিত ছিল। ফলতঃ
"হে আমার পুত্র, যে উপদেশ জ্ঞানের কথাহইতে তোমাকে ভ্রমণ করায়, তাহার প্রবণহইতে নিবৃত্ত হও।"
হে ভাই, তাহার প্রবণহইতে নিবৃত্ত হইয়া আইস, আমরা আত্মার পরিত্রাণার্থে বিশ্বাস করি।

তথন "খ্রীফীয়ান কহিল, ওহে ভাই, আমাদের বিমাস মিথা, এই সন্দেহে তোমাকে ঐ প্রশ্ন করিয়াছিলাম, তাহা নয়; কিন্তু তোমার পরীক্ষার নিমিতে, এবং
তোমার মনের সত্যতার ফল দেখিবার জন্যে ঐ প্রশ্ন
করিয়াছিলাম। সে বাহা হউক, এই মনুষ্য এই সংসারের দেবকর্তৃক অন্ধীভূত হইয়াছে, ইহা নিশ্চয়; অতএব
আইস, আমরা হুই জনে অগ্রসর হই, কেননা আমরা
জানি, আমরা সত্য মত অবলম্বন করিয়াছি, এবং কোন
মিথা কথা সেই সত্য মত সম্বন্ধীয় নছে।

তাহাতে \* আশাবান কহিল, আমি এই কণে ঈশ্বনদেয় মহৈশ্বেয়র আশাতে আনন্দিত আছি।

অনন্তর তাহারা সেই <sup>\*</sup> ন্\স্তিকহইতে বিমুখ হইয়া গেল, এবং সেও হাসিতে ২ চলিয়া গেল।

অপর আমি স্বপ্নে দেখিলাম, তাহারা এই ক্লপে গমন করিতে ২ যে দেশে উপস্থিত হইল, তাহার বায়ুর স্থভা-বতঃ এমনি গুণ, যে বিদেশি লোককে নিজাল করে। অতএব সেই স্থানে "আশাবান অতিশয় অলস হইয়া তন্দাযুক্ত হওয়াতে "খুখিলীয়ানকে কহিল, আমার এমন নিজাকর্ষণ হইতেছে যে প্রায় চক্ষু মেলিতে পারি না। আইস, আমরা এই স্থানে শয়ন করিয়া কিঞ্ছিৎ নিজা বাই। তাহাতে \* খ্রীফীয়ান কহিল, না, এই স্থানে নিজা গেলে পাছে পুনর্কার জাগ্রৎ না হই।

তাহাতে • আশাবান কহিল, হে ভাই, এমন কথা কেন বল? প্রান্ত লোকের প্রতি নিজা তো অতি সুখদ; নিজা গেলে আমাদের প্রান্তি দূর হইবে।

তখন "খুীফীয়ান কহিল, মেষপালকদের মধ্যে এক জন জামাদিগকে "মোহভূদি বিষয়ে সাবধান হইতে কহিয়াছিল, তাহা কি তোমার মনে পড়ে না? ঐ কথা-ছারা জানিবা, নিদ্রা যাওন বিষয়েও আমাদের সাবধান হওয়া উচিত। অতএব আইস, আমরা অন্য সকলের ন্যায় নিদ্রিত না হই, বরং জাগ্রৎ হইয়া প্রবৃদ্ধ থাকি।

তথন "আশাবান সচেতন হইয়া কহিল, আমি দোষ করিলাম। ভাল, এই স্থানে আমি যদি একা হইতাম, তবে নিদ্রাগত হইয়া মৃত্যুগুস্ত হইতে পারিতাম। এক জন অপেকা ছুই জন ভাল, জ্ঞানবানের এই বচন যে সত্যা, তাহা আমি দেখিতেছি। অদ্যাবধি তোমার সঞ্জিম আমার মঞ্জলজনক হইয়াছে; তোমার এই শ্রমের উত্তম কল তুমি পাইবা।

ভাহাতে "খুখিীয়ান কছিল, এই স্থানে নিজা নিবা-রণের নিমিতে আইস আমরা পারমার্থিক কথোপকথন আরম্ভ করি।

- " আশাবান কহিল, আমি তাহাতে বড় সন্তুষ্ট হই।
- \* খ্ৰীফীক্লান জিজ্ঞাদিল, তবে প্ৰথমতঃ কি প্ৰস্তাব করিব?
- ° আশাবান উত্তর করিল, ঈশ্বর আমাদের প্রতি প্রথ-মতঃ বাহা করিয়াছিলেন, প্রথমতঃ তাহাই উত্থাপন করা ভাল; কিন্তু তুমি আরম্ভ কর।

ভাহাতে \* খ্ৰীফীয়ান কহিল, জগ্ৰে আমি একটা গীভ

বদ্যপি পুণাত্মগণ আলস্যেতে মগ্ন হন
তাহারা আসিয়া এই স্থানে।
বেই কথোপকথন করে ছই বাত্রি জন
শ্রেণ করুক এক মনে।।
নিজাভরে আকর্ষিত রাখিবারে উন্মীলিত
নয়ন যুগল আপনারি।
তাহারা বে কোন মতে এই যাত্রিজনহৈতে
অভ্যাস করুক ত্বরা করি।।
পরস্পর সম্ভাষণ ধার্ম্মিকদের যথন
হয় বিবেচনা পুরঃসর।
তথন তাহার ভারা জাগ্রত থাকয়ে ভারা
বিকল ছলনা বিপক্ষের।।

গান সাজ হইলে "খুফীয়ান ঐ কথাবার্তা আরম্ভ করিয়া "আশাবানকে এই প্রশ্ন জিজ্ঞাসিল, তোমার মনের যে ভাব এখন আছে, প্রথমে তাহা কিসেতে উৎপন্ন হইয়াছিল?

\* আশাবান জিজ্ঞাসিল, কোন্ ভাবের উৎপত্তি জা-নিতে চাহ? আমার পারমার্থিক মঙ্গলের চেন্টা কি প্র-কারে জ্মিয়াছিল, তাহা জানিতে কি তোমার বাঞ্জা?

" খীফীয়ান কছিল, হাঁ, তাহাই বটে।

তথন " আশাবান কহিল, ভাল, তাহা বলি শুন। আন্
মাদের মেলাতে যাহা ২ দেখা যায় এবং যে ২ দ্রব্য বিক্রন্তর, সেই সকলের উপভোগে আমি পূর্ব্বে অনেক বংসর
ব্যাপিয়া কাল কাটাইতাম। কিন্তু এখন অনুমান হয়, যদি
অদ্যাপি সেই সকল বিষয়ে মগ্ন থাকিতাম, ভবে ভাহা
অবশ্য আমাকে সর্বানশে ও নরককুপে ডুবাইয়া কেলিত।

তাছাতে "খ্ৰীফীয়ান জিজ্ঞাসিল, দে সকল বিষয় কিং?
"আশাবান কছিল, এছিক ধন ও এম্বৰ্য্য সকল সেই

বিষয় জানিবা। তদ্বাতিরেকে মদ্যপান ও রক্ষরস ও পরস্ত্রী গমন ও মিধ্যাবাক্য কহন, এবং নিরর্থক ঈশ্বরের নাম লইয়া দিব্য করণ, এবং বিশ্লামবার জমান্য করণ ইত্যাদি সর্বনাশক যত ক্রিয়া আছে, সেই সকলেতে আমি রত ছিলাম। পরে ক্রিয়াসী নামক যে প্রিয় ব্যক্তি নিজ বিশ্বাস ও সদাচরণ প্রযুক্ত শুমায়াহটে প্রাণে দণ্ডিত হইল, তাহারি প্রমুখাৎ এবং তোমার প্রমুখাৎ পারমার্থিক বিষয় প্রবণ করিয়া যখন তাহা আলোচনা করিতে লাগিলাম, তখন জামি বুঝিলাম, সে সকলের পরিণাম মৃত্যু, এবং ঐ প্রকার ক্রিয়া প্রযুক্ত অনাজ্ঞাবহ লোকদের উপরে ঈশ্বরের ক্রোধ বর্তে।

তখন "খুীষ্টীয়ান জিজ্ঞাসিল, ভাল, এই প্রকার চেতনা জিয়িবামাত তুমি কি তখনি তাহাতে সন্মত হইয়াছিল।?
তাহাতে "আশাবান কহিল, না, পাপ নিতান্ত মন্দ,
এবং তাহা করিলে নরকে যাইতে হয়, ইহা জানিতে
অনিচ্কুক ছিলাম, এই কারণ ঈশ্বরীয় বাক্যদারা আমার
মন ষখন উদ্বিগ্ন হইতে লাগিল, তখন আমি বাক্যরূপ
আলোহইতে চকু মুদ্তে চেন্টা করিলাম।

\* খ্রীফীয়ান জিজ্ঞাসিল, ভাল, ঈশ্বরের পবিত্র আত্মা যখন প্রথমে ভোঁমাকে চেতনা দিলেন, তথন তুমি তাঁ-হার প্রতি এমত বিরুদ্ধ ভাব প্রকাশ করিয়াছিলা, ইহার কারণ কি?

তাহাতে " আশাবান কহিল, তাহার অনেক কারণ ছিল। প্রথমতঃ, ঈশ্বরহইতে সেই চেতনা জন্মিল, ইহা আমি জ্ঞাত ছিলাম না। পাপ বিষয়ে সচেতন হওয়া ষে মনঃপরিবর্জনের আরম্ভক, তাহা আমি কিছুই জানিলাম না। ছিতীয়তঃ, সে সময়ে আমার শারীরিক ভাবে পাপ অতি মিউ লাগিত, এই জনো আমি তাহা তাগে করিতে জনিজুক ছিলাম। তৃতীয়তঃ, চিরকালের পরিচিত লোকদিগকে কি প্রকারে পরিত্যাগ করিব, তাহা বুঝিতে পারিলাম না; কেননা তাহাদের সহিত আলাপ ও ব্যবহার
আমি বড় ভাল বাসিতাম। চতুর্যতঃ, বেং সময়ে পাপ বিবয়ক চেতনা আমার মনে উৎপন্ন হইত, সেইং সময় আমার
প্রতি এমনি ভয়জনক ও বাশাদায়ক ছিল, যে মনোমধ্যে
তাহার স্মরণমাত্র করা আমার অতি অসহ্য হইত।

পরে "খুটিটীয়ান কছিল, তবে বোধ হয় কোন ২ সময়ে তোমার ছঃখ যুচিত।

ভাষাতে "আশাবান কহিল, হাঁ, ঘুচিত বটে, কিন্তু পুনঃ পুনঃ মনোমধ্যে উপন্থিত হইড; ভাষাতে আমি পুর্বাপেক্ষাও বরং দ্বিগুণ ছুর্দশাগ্রস্ত হইতাম।

\* থ্রীফীয়ান জিজ্ঞাসিল, কেন? তোমার পাপ কিসে আর বার মনে পড়িত ?

" আশাবান কহিল, সে অনেক বিষয়। প্রথমতঃ, পথ গমন সময়ে কোন ভত্ত লোকের সহিত সাক্ষাৎ হইলে; দ্বতীয়তঃ, ধর্মপুস্তকের পাঠ প্রবণ করিলে; তৃতীয়তঃ, যংকিঞ্চিং উদরপীড়া জন্মিলে; চতুর্যতঃ, আমার কোন প্রতিবাসির ভারি পীড়ার সংবাদ পাইলে; পঞ্চমতঃ, কোন মৃত লোকের নিমিতে শোককারিদের ক্রন্দন শুনিলে; যঠতঃ, কোন দিন আমাকেও মরিজে হইবে, এই চিন্তা উৎপন্ন হইলে; সপ্তমতঃ, অকন্মাৎ কেই মরিয়াইছ ইহা শুনিলে; অইমতঃ, আমাকে শুনি বিচারে উপ্রতিবা ইতি হইতে হইবে, আপনার বিষয়ে প্রমত চিন্তা জন্মিলে আমার পাপ মনে পজ্তি।

তখন "খুীফীয়ান জিজ্ঞাসিল, ভাল, এই প্রকারে তো-মার মন পাপভারে ভারাকান্ত হইলে তুমি কি নেই ভার সহজ রূপে মনহইতে দূর করিতে পারিতা? আশাবান কহিল, না, বরং তাহা দূর করিতে চেইটা করিলে মন আরও ভারী হইত। এবং পাপের প্রতি আর বার ফিরিয়া ঘাইব, এমন সঙ্কপামাত উৎপন্ন হইলে আ-মার বিগুণ যন্ত্রণা হইত।

" श्रीकोग्रान जिळामिल, जान, जरव कि कतिग्राहिला?

"আশাবান কহিল, আমি "মনে ইহা ছির করিলাম, বে যাহাতে আমার আচার ব্যবহার ডাল হয়, এমত চেন্টা করিতে হইবে, নতুবা শেষে নরকে বাইব।

তাহাতে "খুীফীয়ান জিজাসিল, তবে তুমি কি আপন আচার ব্যবহার ভাল করিবার চেটা করিয়াছিলা?

"আশাবান কহিল, হাঁ, তাহাতে যে কেবল পূর্ব পাপ ত্যাগ করিয়াছিলাম এমন নয়, বরং মন্দ সংসর্গ পরি-ত্যাগ করিয়া ধর্মবিষয়ে মনোনিবেশ, বিশেষতঃ ধর্ম-পুস্তক পাঠ ও প্রার্থনা ও পাপের নিমিত্তে বিলাপ এবং প্রতিবাসির সহিত সত্যালাপ, ইত্যাদি অনেক ২ বিষয়ে মনোবোগও করিতে লাগিলাম।

শুনিতীয়ান জিজ্ঞাসিল, এই সকল করিয়া ভূমি যে মজলপ্রাপ্ত, এমন কি তোমার বোধ হইয়াছিল?

ভাষাতে "আশাবান কহিল, হাঁ, কিছু দিন পর্যান্ত এমন বোধ হইয়াছিল; কিন্তু শেবে আমার এই সকল ধর্ম-ক্রিয়ারূপ সেতু ভাজিয়া ভয়রূপ তর্জ পুনর্বার মনোমধ্যে উপস্থিত হইল।

শ্রীফীয়ান কহিল, ইয়া কেমন করিয়া হইল? তুমি তো সে সময়ে ধর্মাচারী হইয়াছিলা।

ভাষাতে "আশাবান কহিল, সেই ভন্ন যে পুনর্বার উপন্তি ছইল ভাষার অনেক ই কারণ ছিল, বিশেষতঃ ধর্মপুত্তকের নানা বচন আমার ত্রাস জন্মাইত, যথা, "আমাদের ভাবেং ধর্মকর্ম অন্তচি বত্তের ন্যায়," এবং "ব্যবহা পালনছারা কোন প্রাণী পুণ্যবান গণিত ছইতে পারে না," এবং "আজ্ঞাপিত ভাবৎ কর্ম্ম করিলে পর ভোমরাও এই কথা বল, আমরা নির্গুণ দাস।" এই সকল কথা মনে ছওয়াতে আমি মনের মধ্যে বিবেচনা করিয়া দেখিলাম, আমার ভাবৎ ধর্ম্মকর্ম ইদি মলিন বস্তের ন্যায় হইল, এবং ব্যবহাপালনছারা ইদি কোন প্রাণী ঈশবের কাছে পুণ্যবান গণিত ছইতে পারে না, এবং আমারা সমস্ত কর্ম্ম করিয়া চুকিলে পরেও ইদি মিগুণ দাসের মত গণিত হই, তবে ব্যবহাপালনছারা অর্গ পাইবার বে প্রত্যাশা সে উন্মত্তা মাতা। তদ্তির ইহাও বিবেচনা করিলাম, বে ব্যক্তি দোকানছারের এক শত টাকা ধারে, সে বদ্যপি ভাহার সহিত নগৎ ব্যবহার করে, তথাপি দোকানির খাতাতে বাবৎ ঐ এক শত টাকার উসুল না দেয়, তদবধি তাহা আদায় করিবার নিমিতে দোকানী ভাহাকে কারাগারে বন্ধ করিয়া রাখিতে পারে।

তাহাতে \* খ্রীফীয়ান কহিল, ভাল, এ সকল বিষয় তুমি আপনাতে কেমন করিয়া প্রয়োগ করিয়াছিলা?

" আশাবান কহিল, জামি মনের মধ্যে এই বিবেচনা করিতে লাগিলাম, আমি আপন পাপদারা ঈশরের কাছে বড় দায়গ্রস্ত হইরাহি, সম্পুতি তাঁহার সহিত সম্ববহার করিলেই সেই পুরাতন মণের শোধ হইবে, তাহা নয়। অতএব এই বর্তমান সন্ববহার ব্যতিরেকে পূর্বকৃত দো-বের দণ্ডহতৈ রক্ষা পাইবার উপারেও আমার প্রয়োজন আছে; এমন উপায় কোধায় পাইব?

তখন খুমিটারাল কহিল, হাঁ; ঐ কথার তাৎপর্যা তুমি উত্তমরূপে বুঝিয়া আপলাতে প্রয়োগ করিয়াছিলা। পরে কি হইল? তাহাও কহ, খনি।

তাহাতে " আশাবান কহিল, আমার মনোছঃখের জ্ন্য

কারণ এই, বদবধি সদাচরণ করিতে যতুবান ছইয়াছি, ভদবধি আমার সংক্ষান্তম কংশ্রেন্ডও পদে২ দোষ ও পাপ আছে, ইহা দেখিতে লাগিলাম। অতথ্য পূর্ববং আয়াভিমানী হইয়া ধর্মাকংশ্রেরে আরু প্লাঘা করিতে পারিলাম না, কেননা পূর্বের আমার আচার ব্যবহার নি-র্দোষ হইলেও সম্পতি আমার এক ধর্মকর্ম্মে যে পাপ থাকে, তাহাতেই নরকের যোগ্যপাত্র হই, ইহা স্পর্ক দেখিতে লাগিলাম।

" খুীফীয়ান কছিল, তাছাতে তুমি কি করিলা?

জাশাবান কছিল, তখন বিশ্বাসির সহিত পরিচর থাকাতে আমি তাহার কাছে মনের সকল কথা ভাজিয়া কহিলাম। তাহাতে সে আমাকে কহিল, কোন নিজ্ঞাপ ব্যক্তির পুণ্য যে পর্যন্ত তোমার না হয়, তাবৎ তোমার নিজ পুণ্যন্থারা, কিয়া জনতের সমস্ত লোকের পুণ্যন্থারা তোমার পরিত্রাণ কখনো হইতে পারিবে না।

• খীন্টীয়ান জিজাসিল, এই কথা কি তোমার সত্য বোধ হইয়াছিল?

" আশাবান কহিল, যে সময়ে আমি নিজ ধর্মাক্রিয়াতে সন্তুট ছিলাম, সেই সময়ে "বিধাসী মদি আমাকে এরপ কথা বলিত, তবে তাহাকে অজ্ঞান বলিয়া তুছ করি-তাম; কিন্তু যদবধি আমার মুর্বলতা এবং আমার উত্তম কিয়ার পাপজনা মালিনা জ্ঞাত হইলাম, তদবধি তাহার কথা যেক্সতা ইছা আমাকে স্বীকার করিতে হইল।

শুনিটায়ান জিজাসিল, ভাল, যে ব্যক্তি কখন কোন পাপ করে নাই, এমন এক জন নির্দোষ পাওয়া যায়, এই কথা<sup>শি বি</sup>ষাসির প্রমুখাৎ প্রথম বার ভনিলে ভোমার কেমন বোধ হইল?

ু আশাবান কছিল; প্রথমতঃ আমার অসম্ভব বোধ

বোধ হইল, কিন্তু <sup>\*</sup> বিশাসির সহিত আর ২ কথো-পকথন ও পরিচয় হইলে পরে তাহা সত্য জ্ঞান করি-তে হইল।

- খ্রীফীয়ান জিজ্ঞাসা করিল, ভাল, সেই নিজ্পাপ ব্যক্তি কে? এবং ভাঁছাছারা বা কি প্রকারে পুণাবান হইব? এ কথা কি বিশ্বাসিকে জিজ্ঞাসা করিয়াছিল।?
- শ্বাশাবান কহিল, হাঁ, করিয়াছিলাম। তাহাতে সে
  কহিল, সর্ব্বোপরিস্থের দক্ষিণ পার্ষে উপবিষ্ট যে প্রতু
  যীশু তিনিই সেই ব্যক্তি, তাঁহারই দ্বারা পুণ্যবান হওয়া
  তোমার আবশ্যক; ফলতঃ তিনি পৃথিবীতে অবতীর্ণ
  হইয়া যে২ কর্ম্ম করিয়াছিলেন, এবং জুশে টাঙ্গান
  হওন সময়ে যে২ ছঃখভোগ করিয়াছিলেন, তাহারই
  উপরে নির্ভর দিতে হয়। তাহাতে আমি জিজ্ঞাসা করিলাম, সেই ব্যক্তিক্স পুণা ঈশ্বরের সাক্ষাতে যে অন্য ব্যজিকে পুণ্যবান করিতে পারে, এমন গুণ তাহাতে কি
  প্রকারে বর্ত্তে? তাহাতে সে আমাকে কহিল, শুন. সেই
  ব্যক্তি সর্বাজিমান ঈশ্বর; এবং ঐ যে কর্ম্ম ও মৃত্যুভোগাদি তিনি করিলেন, তাহা আপনার জন্যে নয়,
  কেবল আমাদের নিমিত্তে করিলেন; অতএব আমরা
  যদি তাঁহাতে বিশ্বাম করি, তবে ভাঁহার কৃত ক্রিয়া,
  এবং সেই ক্রিয়ার পুণ্য আমাদেরই গণিত হইবে।
  - " খ্রীফীয়ান জিজ্ঞীসিল, তাছার পরে তুমি কি করিলা?
- \* আশাবান কছিল, আনি বিশ্বাস কর্ণ বিষয়ে নানা প্রকার আপত্তি করিতে লাগিলাম, কেননা সেই ব্যক্তি পাছে আমাকে উদ্ধার করিতে অসম্মত হ্ন, আমার এমত সন্দেহ ছিল।
- \*খ্ৰীফীয়ান জিজাসিল, তাছাতে \*বিশ্বাসী তোমাকে কি বলিল?

\*বিশ্বাসী আমাকে কহিল, তুমি ভাঁহার নিকটে যা-ইয়া দেখ। তাহাতে আমি কহিলাম, যাইতে সাহস কুলায় না। সে কহিল, কেন? তিনি তোমাকে আ-স্থান করিয়াছেন। ইহা কছিয়া সে তাঁহার নিকটে গমন-কারি লোকের সাহস জন্মাইবার নিমিতে যীগুর আ-জ্ঞাক্রমে লিখিত এক খানি গ্রন্থ আমার হস্তে দিয়া কহিল, আকাশ ও পৃথিবী অপেকা এই গ্রন্থের বিন্দু বিদর্গ প্র-ভৃতি স্থিরতর জানিবা। তাহাতে আমি জিজাসিলাম, তাঁহার নিকটে গিয়া কি করিব? সে কহিল, পিতা পরমেশ্বর যেন খুীফাকে তোমার প্রতি প্রকাশ করেন, ছাঁটু গাড়িয়া সমস্ত অন্তঃকরণের সহিত এই প্রার্থন। করিবা। তাছাতে পুনর্বার আমি জিজ্ঞাসিলাম, তাঁছার নিকটে আমার নিবেদন কি প্রকারে উপস্থিত করিব? তাহাতে সে কহিল, যাহারা আইকে, তাহাদিগকে ক্ষমা প্রদান করিবার জন্যে তিনি সম্বৎসর ব্যাপিয়া করু-ণাসনে উপবিষ্ট আছেন; তুমি গেলে সেই স্থানে তাঁ-ছাকে পাইবা। তাহাতে আমি কহিলাম, দেখানে উপ-স্থিত হইলে কি কহিব? তাহা কিছুই জানি না। তাহাতে সে কহিল, তুমি এই রূপ প্রার্থনা করিবা, "হে ঈশ্বর, পাপিষ্ঠ যে আমি আমার প্রতি দয়া কর। আমি বাহাতে প্রভু যীশু খুীফকে জানিতে ও তাঁহাতে বিশ্বাস করিতে পারি, তাহাই কর। কেননা তাঁহার পুণ্য না থাকিলে কিয়া সেই পূল্যে আমার বিশ্বাস না জন্মিলে আমি অবশ্য নরকে নিক্ষিপ্ত হইব, ইহা স্পাই দেখিতেছি; কিন্তু হে मीनवासा, आमि अनिलाम आश्रीन अिं मश्रालु; ७९-প্রযুক্ত আপনার প্রিয় পুত্র যীশু খুীইতক জগত্রতারূপে নিরূপণ করিয়াছ; অতএব হে দয়াময় প্রভা, আমার মত দীনহীন নরক্ষোগ্য পাপিষ্ঠ লোকের প্রতি অনুগ্রহ

করিয়া আপন পূত্র প্রভু যীশু খুীইছারা আমার মনকে পরিতাণ করিয়া আপন অনুগ্রহের গৌরব বৃদ্ধি কর।"

- \* খ্রীফীয়ান জিজাসিল, ভাল, এই আদেশানুসারে তুমি কি প্রার্থনা করিয়াছিলা?
- 🕆 🕈 আশাবান কহিল, হাঁ, বারস্বার করিয়াছিলাম।
- \*পুরিটীয়ান জিজাসিল, তাহাতে পিতা কি তোমার নিকটে পুত্রকে প্রকাশ করিয়াছিলেন?
- \* আশাবান কছিল, প্রথম বারে না, দ্বিতীয় বারে না, তৃতীয় বারে না, চতুর্থ বারে না, পঞ্চম বারে না, এবং ষষ্ঠ বারেও না।
  - \* খ্রীফীয়ান জিজ্ঞাসিল, তথন তুমি কি করিলা?
- "আশাবান কহিল, কি করিব? তাহার কিছুই স্থির করিতে পারিলাম না।
- শুমিটায়ান জিজাসিল, ভাল, এমন হইলে কি প্রার্থনা ত্যাগ করিতে তোমার মনস্থ হইল না ?
- <sup>®</sup> আশাবান কহিল; হাঁ, এক বার ছুই বার নয়, সহস্র ২ বার হইল।
- \* খ্রীফীয়ান জিজাসিল, ভাল, তবে তুমি প্রার্থনা ত্যাগ কর নাই, ইহার কারণ কি ?
- "আশাবান কহিল, তাহার কারণ এই, "খ্রীষ্টের পুণা বিনা জগংশুদ্ধ লোক আমাকে উদ্ধার করিতে পারে না, এই যে কথা শুনিয়াছিলাম, তাহাতে আমার সত্য বোধ ছিল; অতএব আমি ইহা ভাবিতে লাগিলাম, যদি প্রার্থনা ত্যাগ করি, তবে আমার মৃত্যু হইবে; এবং করুণাসনের নিকটে যদি আগ্রয় লই, তবে সেই স্থানেও আমার মরণ বিনা অন্য হুর্গতি হইতে পারে না। এ রূপ ভাব্যভাবনা করিতে ২ এই শাস্ত্রীয় বচন আমার মনে পড়িল, 'তাহার বিলম্ব হইলেও তাহার অপেক্ষা কর,

কেননা অবশ্য তাছা উপস্থিত হইবে, অবিদ্যমান থাকিবে না।' অতএব আমি ঐ কথায় নির্ভর দিয়া যে পর্যান্ত পিতা আপন পুত্রকে আমার নিকটে প্রকাশ না করেন, ভাবৎ প্রার্থনা পরিত্যাগ করিলাম না।

তথন • খ্রীফীয়ান জিজ্ঞাসিল, তবে তাহার পর তিনি কি প্রকারে তোমার নিকটে প্রকাশ পাইলেন?

"আশাবান কহিল, আমি বাহ্য চকুদারা তাঁহাকে দেখিতে পাইলাম তাহা নয়, কিন্তু জ্ঞানচকুদারা দেখিতে পাইলাম। ফলতঃ এক দিবস আমার পাপের বাহুল্য ও ঘৃণাহঁতা বিবয়ে চেতনা পাওয়াতে আমি এমনি ছুঃখিত হইলাম যে আমার জন্মাবধি এমত ছুঃখ কখনো পাই নাই; অতএব সেই সময়ে কেবল নরক এবং আয়েপাই নাই; অতএব সেই সময়ে কেবল নরক এবং আয়েপাই নাই; অতএব কেই সময়ে কেবল নরক এবং আয়েপাই নাই অত্যান করিলাম যেন প্রভু " যীশু শীশু হঠাৎ আমার প্রতি দৃষ্টি করিয়া এই কথা কহিলেন, 'প্রভু " যীশু শীশুতে বিশাস কর, তাহাতে তুমি পরিআণ পাইবা।'

তথন আমি উত্তর করিলাম, হৈ প্রভা, আমি মহাপাতকী, অতি ঘৃণার্হ। তাহাতে তিনি কহিলেন, 'আনার যে অনুগ্রহ, তাহাতে তোমার কুলায়।' তথন আমি
কহিলাম, হে প্রভা, বিশ্বাস কি? আর তাহাতেই বা
কি হয়? তাহাতে তিনি কহিলেন, 'যে জন আমার
নিকটে আইসে সে কোন ক্রমে কুখার্ত হইবে না; এবং
যে জন আমাতে বিশ্বাস করে সে আর কখনো তৃষ্ণার্ত
হইবে না।' অতথব বিশ্বাস এবং আগমন এ উভয়ই
এক বিষয়, এই বান্যঘারাতেই তাহা আমি জ্ঞাত হইলাম, কেননা যে ব্যক্তি আগমন করে, অর্থাৎ যাহার
মন ও চিত্ত "থীষ্টকর্তৃক পরিত্রাণ পাইবার চেন্টাতে
আকর্ষিত হয়, সেই প্রকৃত বিশ্বাস করে। এমন বুঝিলে

পর প্রেমেতে প্লকিত হওয়াতে আমার নেত্রজন উপ-স্থিত হইলে আমি আরো জিজাসিলাম, হে প্রভো, আমার মত মহাপাতকী কি তোমাকর্তৃক গ্রাহ্য হইয়া পরিত্রাণ পাইতে পারে? তাহাতে আমি শুনিলাম, যেন তিনি কহিলেন, 'যে কেছ আমার নিকটে আ-সিবে, তাহাকে আমি কোন ক্রমে দূর করিব না।' অপর আমি কহিলাম, তোমার নিকটে আগমনের নিমিত্তে তোমাকে কি প্রকার ভাবিলে আমার প্রকৃত বিশ্বাস জিমতে পারে? তাহাতে তিনি কহিলেন, ইহাই নিশ্চিত ভাব, "পাপিদের পরিত্রাণ করিতে "খ্রীষ্ট জগতে আসিয়াছেন। প্রত্যেক বিশ্বাসি ব্যক্তির পুণ্যলাভার্থে তিনি ব্যবস্থার পরিণাম হইয়াছেন। তিনি আমাদের অপ-রাধের নিমিত্তে সমর্পিত হইলেন, এবং আমাদের পুন্য-প্রাপ্তির নিমিত্তে উত্থাপিত হইলেন। তিনি আমাদিগকে প্রেম করিয়া নিজ রক্তে আমাদের পাপছইতে ধৌত করি-য়াছেন। তিনি ঈশ্বরের ও আমাদিগের মধ্যস্থ। আ-মাদের নিমিত্তে প্রার্থনা করণার্থে তিনি সতত জীবৎ থাকেন।' এই সকল কথার অভিপ্রায়েতে আমি এই ২ জ্ঞাত হইলাম, ভাঁহাহইতে পুন্য, এবং ভাঁহারই রক্ত-দারা পাপের প্রায়শ্চিত পাইবার অপেক্ষাতে থাকা আমার উচিত; কেননা পিতার বাবস্থা পালন করাতে ও তমধ্যে নিরূপিত দণ্ড সহ্য করাতে তিনি যাহা ২ করিয়াছিলেন, তাহা আপনার নিমিত্তে করেন নাই, কিন্তু যে ব্যক্তি আহ্লাদ পূর্বক পরিত্রাণের উপায় রূপে তাহা গ্রাহ্য করিবে ভাহার নিমিত্তে; অতএব \* যীশুর নামেতে ও পথেতে এবং তাঁহার লোকদিগেতে আমার প্রেম প্রযুক্ত क्षमग्र आक्लारमण्ड धवर ठक्क करमण्ड পরিপূর্ণ হই । অপর "থ্রীফীয়ান কহিল, ভাল, ইহাতে "থ্রীফ তো-

মার মনের নিকটে প্রকাশ পাইয়াছিলেন। পরে ইছা-হইতে তোমার মনে কিং ফল উৎপন্ন হইল? তাহা আমাকে বিশেষ করিয়াবল।

"আশাবান কছিল, আমি ইছা দেখিতে লাগিলাম, জগৎসংসার যদ্যপি পুণ্যবানরূপে মান্য ছয়, তথাপি তাছা দণ্ডের যোগ্য পাত্র; এবং যাথার্থিক পিতা ঈশ্বর খ্রীফের শরণাগত পাপিকে পুণ্যবান গণিত করণেও যাথার্থিক থাকেন। অভএব আমি আপনার পূর্ব্ব আচরণের ছুইতা ও মুর্যতা দেখিয়া লজ্জাতে স্তব্ধ ছইলাম, কেননা "খ্রীফের যেরূপ সৌন্দর্য্য তথন দেখিলাম, এমন সৌন্দর্য্য পূর্ব্বে কথন চিন্তা করিয়াও পাই নাই। অতএব আমি ধর্ম্মাচরণের প্রতি আকর্ষিত এবং প্রভু "যীশুর নামের সন্ত্রম ও গৌরব প্রকাশ করিতে অতিশয় চেন্টান্বিত ছইলাম। আর কি কহিব? এই ক্ষণে যদি আমার শরীরে সহন্দ্র সের রক্ত থাকে, তবে ভাঁছার নিমিত্তে অকাতরে সে সকল ব্যয় করিতে পারি, আমার এমন মনস্থ ছইয়াছে।

## ১৯ ভাষ্যায়।

অপর আমি স্বপ্নেতে দেখিলাম, তাহারা এই রূপ কথো-প্রক্রমনতে গমন করিতেছিল, ইতিমধ্যে কোন কার-ণের নিমিত্তে ভ্রাশাবান পশ্চাৎ ফিরিয়া দৃষ্টিপাত করাতে পূর্ব্বোক্ত ভ্রাশাবান বাজিকে দেখিয়া খ্রী-ফীয়ানকে কহিল, ঐ দেখ ভাই, সেই যুব ব্যক্তি কতো দূর পড়িয়া আছে।

তাহাতে পুরীফীয়ান কহিল, হাঁ, আমিও তাহাকে দেখিতে পাই, বােধ হয় সে আমাদের সহিত আলাপে বড় সচেটিত কয়। \* আশাবান কহিল, তাহা বটে, কিন্তু আমার বোধ হয়, সে বদি এত কণ আমাদের সহিত থাকিত, তবে তাহার বড় কতি হইত না।

\* খৃীফীয়ান কহিল, তাহা সত্য, কিন্তু আমি স্থির জানি সে বিপরীত জ্ঞান করে।

তাহাতে " আশাবান কহিল, হাঁ, আমিও তাহা বুঝি, তথাপি আইস আমরা তাহার নিমিত্তে কিছু অপেকা করি। তাহাতে তাহারা উভয়েই সেই স্থানে দাঁড়াইল।

অপর "খুীফীয়ান উচ্চৈঃস্বরে ঐ "অজ্ঞানকে ডাকি-য়া কহিল, ও হে, চলিয়া আইস, তুমি পীছে পড়িয়া খাক কেন?

তাহাতে " অজ্ঞান উত্তর করিল, আমি একাকী যাইতে ভাল বাসি, কেননা অসস্তোষজনক লোকের সহিত গমন করা অপেকা একাকী যাইতে আমার যথেষ্ট সৃথ জন্মে।

তথন "খুখিনীয়ান "আশাবানের প্রতি দৃষ্টি করিয়া তাহার কাণে ২ কহিল, সে আমাদের সহিত ঘাইতে বড় সন্তুট নয়, ইহা কি আমি পুর্বের তোমাকে কহি নাই? আরো কহিল, যাহা হউক, এই নির্জ্জন স্থানে আমরা পরস্পর কথোপকথন করিয়া কাল ক্ষেপণ করি। এমন কথা কহিয়া খুখিনীয়ান পুনর্বার ঐ "অজ্ঞানকে ডাকিয়া কহিল, ও হে পথিক, চলিয়া আইস, এই ক্ষণে কেমন আছ? ইশ্বরের প্রতি তোমার মনের ভাব কেমন?

\* অজ্ঞান কহিল, বোধ হয়, ভাল, কেননা বাত্রায় আমার সাজ্বনাজনক উত্তম বাসনাতে আমার মন পরি-পূর্ণ আছে।

তখন "খুখিটীয়ান জিজাসিল, দে কি প্রকার বাসনা? তাহা আমাদিগকে কহ।

<sup>&</sup>quot; অজ্ঞান কছিল, আমি স্বর্গকে ও ঈশ্বরকে মনে করি।

- শ্বীফীয়ান কহিল, ভূতেরা এবং নরকন্থ প্রাণিরাও তাহাই মনে করিয়া থাকে।
- " অজ্ঞান কহিল, কিন্তু আমি তাহা মনে করি, এবং তাহার আকাজ্ফাও করি।
- পুষ্টীয়ান কহিল, যাহারা সেই স্থানে কখন উপ-স্থিত হইবে না, এমন অনেক লোক তাহার আকাজ্জা করিয়া থাকে। লিখিত আছে, 'অলস লোক বাঞ্ছা করি-য়াও কিছু পায় না।'
- " অজ্ঞান কহিল, আমি সে সকল বিষয়ের আকাজ্জী হইয়া তাহার নিমিত্তে সর্বাস্থ পরিত্যাগ করি।

তাহাতে "খুীন্টীয়ান কহিল, ইহাতে আমার কিঞ্চিৎ সন্দেহ জন্মে, কেননা সর্বস্থ ত্যাগ করা কেমন কঠিন কর্ম তাহা অপ্প লোক জানে। তুমি স্বর্গের এবং ঈশ্বরের নিমি-তে সর্বস্থ ত্যাগ করিয়া থাক, ইহার কি প্রমাণ পাইয়াছ?

" অজ্ঞান কহিল, আমার মন আমাকে প্রমাণ দেয়। তাহাতে "খ্রীফীয়ান কহিল, ধর্মপুস্তকে লিখিত আছে, 'যে জন আপন মনেতে নির্ভর দেয়, ক্লে অজ্ঞান।'

" অজ্ঞান কহিল, সে কথা ছুই মনের প্রতি বর্ত্তে, কিন্তু আমার মন ভাল।

তাহাতে "খ্রীফীয়ান কহিল, তোমার মন ভাল, ইহার কি প্রমাণ দিতে পার?

° অজ্ঞান কহিল, আমার মন স্বর্গের প্রত্যাশাদ্বারা আ-মাকে সাস্ত্রনা করে।

তাহাতে "খুখিনীয়ান কহিল, মনের কাপট্যেতেও তাহা হইতে পারে। যে বিষয়ের আশাতে বাহার কোন অধি-কার: নাই, তাহার মন সেই বিষয়ের আশাতে তাহার সাস্ত্রনা জন্মাইতে পারে।

"অজ্ঞান কহিল, আমার মনের এবং আচরণের

ঐক্য আছে, ইহাতে আমি যে সেই আশার অধিকারী তাহা জানি।

তাহাতে \* খ্রীফীয়ান জিজ্ঞাসিল, ভাল, ভোমার মনের এবং আচরণের ঐক্য আছে ইহা তোমাকে কে কহিয়াছে? \* অজ্ঞান কহিল, আমার মন আমাকে কছে।

তাহাতে \* শূখিনান কহিল, ভাঁড়র সাকী মাতাল। তোমার মন তোমাকে কহে, এ কেমন কথা? এই বিষয়ে ঈশ্বরের বাক্য প্রমাণ ভিন্ন অন্যান্য প্রমাণ অমূলক জানিবা।

অপর \* অজ্ঞান জিজ্ঞাসিল, যাহার মনে নিরস্তর উত্তম চিস্তার উদয় হয়, তাহার মন কি ভাল নয়? এবং ঈশ্বরের আজ্ঞানুযায়ি যে আচরণ,তাহাকেও কি ভাল বলা যায় না?

তাহাতে "খ্রীফায়ান কহিল, হাঁ, উত্তম চিস্তা বিশিষ্ট মন ভাল, এবং ঈশ্বরের আজ্ঞানুযায়ি আচরণও ভাল বটে; কিন্তু ইহার মধ্যে বিশেষ আছে, প্রকৃতরূপে এতদ্বিশিক্ট হওয়া এক বিষয়; এবং এতদ্বিশিক্ট আছি এনন
বোধ করা অন্য বিষয়।

\* অজ্ঞান জিজ্ঞার্শিল, ভাল, তুমি উত্তম চিন্তা এবং ঈশ্ব-রাজ্ঞানুযায়ি আচরণ কাছাকে বল?

তাহাতে " খ্রীফীয়ান কহিল, শুন, উত্তম চিস্তা অনেক প্রকার আছে; তাহার মধ্যে কতকগুলীন আত্মবিষয়ক, ও কতকগুলীন ঈশ্বরবিষয়ক, ও কতকগুলীন খ্রীফবিষয়ক, এবং কতকগুলীন অন্যান্যবিষয়ক।

- \* অজ্ঞান জিজ্ঞাসিল, আত্মবিষয়ক যে উত্তম চিস্তা সে কি প্রকার ?
- \* খ্রীফীয়ান কহিল, বেং চিস্তা ঈশ্বরের বাক্যের সহিত মিলে সেই উত্তম।
- " অজ্ঞান জিজ্ঞাসিল, আমাদের যে আত্মবিষয়ক চি**স্তা** সে ঈশ্বরাকোর সহিত কখন মিলে?

শুনিভীয়ান উত্তর করিল, যেমন আমাদের বিষয়ে ঈশ্ব-রের বাকা বিচার করে, আমরাও যদি আপনাদের বিষয়ে তেমনি বিচার করি, তবে ভাল। এ কথা তোমাকে স্পষ্ট করিয়া বুঝাইয়া দি, শুন; স্বাভাবিক মনুষোর বিষয়ে ঈশ্বর এই বাকা কছেন, ধার্ম্মিক কেছই নাই, সংকর্মা কেছই করে না। আরো কছেন, সর্বদা মনুষোর অন্তঃকরণের ভাবং কম্পনা কেবল ছুই। আরও, বালাকালাবিধি মনুষোর মনের কম্পনা ছুই। অতএব এই স্কল জানিয়া যখন আমরা আত্মবিষয়ে সেরুপ চিন্তা করি, তখন আমাদের চিন্তা ভাল, যেহেত্ক ভাছাই ঈশ্বরবাক্যানুষায়ী।

" অজ্ঞান কহিল, আমার মন এতো নন্দ ইহা আমি কখনো প্রতায় করিব না।

তাহাতে \* খ্রীষ্টীয়ান কহিল, এমন যদি হয়, তবে এত বয়সের মধ্যে আত্মবিষয়ে তোমার একটাও ভাল চিন্তা উপস্থিত হয় নাই। সে বাহা ইউক, যে বিষয় কহিতে-ছিলাম, তাহার আর এক কুণা কহি, ঈশবের বাক্য যেমন আমাদের মন বিষয়ে বিচার করে, তেমনি আচরণ বিষ-মেও বিচার করে, অতএব আপন মন ও আচরণ বিষয়ক আমাদের চিন্তা যখন সেই বিচারের সহিত মিলে, তখন তাহা উত্তম হয়।

" অজ্ঞান কহিল, ভোমার অর্থ স্পষ্ট করিয়া বল, শুনি।
তাহাতে " খ্রীষ্টীয়ান কহিল, ভাল। শাস্ত্রে ঈশ্বর এই
বাকা কহেন, মনুষ্যের পথ অতি বক্র ও মন্দ; এবং আরো
কহেন, তাহাঁরা স্বভাবতঃ সং পথ বহিভূত হইয়া সে পথ
জানে না;" অতএব যথন মনুষ্য চৈতন্য পাইয়া আন্তরিক
নমুতাতে নিজ আচরণ অতি মন্দ বুরো, তথন নিজ আচর
রণ বিষয়ে অবশ্য ভাহার উত্তম বিবেচনা উপস্থিত হয়,
কারণ ঈশ্বরাক্যের বিচারের সহিত ভাহার চিন্তা মিলে।

অপর <sup>\*</sup> অজ্ঞান জিজ্ঞাসিল, ঈশ্বরবিষয়ক উত্তম চিস্তা কি প্রকার ?

তাহাতে " খ্রীষ্টীয়ান কহিল, আত্মবিষয়ক চিন্তার বিষয়ে যাহা কহিয়াছি তাহা ইহার প্রতিও বর্ডে, অর্থাৎ ঈশ্বরের वाका ज्ञेश्वतविषया यात्रा कित्रपाटक, आमारमत ज्ञेश्वतविषयक চিন্তা যখন তাহার সহিত মিলে তথন উত্তম চিন্তা হয়। বিশেষতঃ ঈশ্বরের, ঈশ্বরত্ব ও গুণ বিষয়ে তাঁহার বাক্য আ-মাদিগকে যেমন শিক্ষা দিয়াছে, তদনসারে তাঁহার বিষয়ে চিন্তা করা আমাদের উচিত; কিন্তু এই ক্ষণে আমি এই সকল বিস্তারিত করিয়া কহিতে পারি না। তাঁহার সহিত আমাদিগের যে সম্পর্তু, কেবল তদ্বিষয়ক অপ্প কথা কহি, শুন। আমরা আপনাদিগকে যে রূপ জানি, তদপেকাও ঈশ্বর আমাদিগের বিষয় অধিক স্থন্ধরূপে জ্ঞাত আছেন। আর আমাদের যে২ পাপ আমরা আপনারা দেখিতে পাই না, সেই সকল তিনি অনায়াসে দেখেন। কেবল তাহা नय, आमानिरगत मन अवर मरनावर्जि य नकल हिसा अ গাম্ভীযা ইত্যাদি সকলি তাঁহার গোচরে আছে। বিশে-ষতঃ আমরা যে সকল পুণ্যক্রিয়া করি তাহা ভাঁহার নাসিকাতে চুর্গন্ধজনক, অতএব যাবং আমরা নিজ পুণ্যে নির্ভর দি, তাবং তিনি কোন প্রকারে আমাদিগকে कार्ट माँए। टेर्ड पन ना। धरे जकन यथन मरन कति, তখন ঈশ্বরবিষয়ক আমাদের চিন্তা ভাল হয়।

তথন "অজ্ঞান কহিল, ও হে মনুষ্য, আমাকে কি
নিতান্ত সূর্থ জ্ঞান করিতেছ? আমা অপেকা ঈশ্বর অধিক
দূরদশী, তাহা আদি বিলক্ষণ জানি। আর আমার নিজ
পুণো নির্ভর দিয়া তাঁহার নিকটে যাইতে পারি না, তাহাও জ্ঞাত আছি।

<sup>&</sup>quot; খৃীফীয়ান কহিল, তুমি সেই বিষয়ের কি জান?

\* অজ্ঞান কহিল, কেন? আমি যালা জানি তাহা সং-ক্ষেপে কহি শুন, পুণ্যবান হইবার জন্যে আমাকে প্রভূ যীশু \* খ্রীফেতে বিশ্বাস করিতে হয়।

তাহাতে শ্বীকীয়ান কহিল, শুন, শ্বীকের প্রয়োজন না দেখিয়া তৃয়ি কি প্রকারে শ্বীকেতে বিশ্বাস করিতে পার? তৃমি আপন সহজাত দোষ ও আত্মকৃত পাপ না বুঝিয়া আপনার মনে ও ক্রিয়াতে অভিমান করিতেছ; ইহাতেই আমি স্পক্ষরপে জানি, বে ঈশ্বরের সাক্ষাতে পুণুবান হইবার জনো তৃমি কোন কালে শ্বীকের প্র-য়োজন দেখ নাই; অভএব শ্বীকেতে বিশ্বাস করি, এমন কথা কি প্রকারে কহিতে পার?

তাহাতে " অজ্ঞান কহিল, সে যাহা হউক, আমি ভাল-রূপে বিশ্বাস করি।

শুরীকীয়ান জিজ্ঞাসিল, ভাল, তুমি কেমন বিশাস করিতেছ?

\* অজ্ঞান কহিল, যে প্রভু যীশু \*খুীই পাপিদিগের নিমিত্তে প্রাণ ত্যাগ করিলেন, আমি যদি তাঁহার আ-ক্রা পালন করি, তবে তিনি আমার সেই সদাচরণ গ্রাহ্য করণ পূর্বক অভিশাপহইতে আমাকে মুক্ত করিয়া ইশ্বরের সম্মুখে পুণ্যবান করিবেন; ফলতঃ দয়াময় \*খুীই নিজ পুণাদ্বারা আমার ধর্মাচরণকে পিতার তৃষ্টিজনক করিবেন, তাহাতে আমি পুণ্যবান গণিত হইব, আমার গ্রমত বিশ্বাস আছে।

তাহাতে "খুীফীয়ান কহিল, তোমার এই রূপ যে বিশ্বাস, তাহার বিষয়ে আমি কিঞ্ছিৎ উত্তর দি, শুন। "

প্রথমতঃ; ভূমি এই বে রূপ বিশ্বাস করিতেছ, ইহা স্থায়শকের বোণ্ড বিশ্বাস, কেননা এ রূপ বিশ্বাসের বর্ণনা ঈশ্বস্পান্তের কোন স্থানেতেই পাওয়া যায় না। ৰিভীয়তঃ; দেখ, ভোমার বিখাস অকৃত নহে, কেনন ভূমি "খ্রীভের পুণাকে পুণোর মূল না করিয়া ভোমার নিজ পুণাকে পুণোর মূল করিতেছ।

ভৃতীয়তঃ; ভোমার বিশাস্থার। বুীই ভোমাকে পুণ্যবান না করিয়া কেবল ভোমার ক্রিয়াকে পুণ্যস্কু করেন, ভাহাতে সেই ক্রিয়াহেতু ভূমি পুণ্যবান হইবা; এমন বিশাস মিথা।

চতুর্থতঃ; এই নিমিতে ভোষার কিখাস জমজনক; সর্বাধ্যকের জাগমন দিবসে তাহা ভোষাকে ঈশ্বরীয় কোধের পাত্র করিবে; কেননা পৃশ্যদায়ি বে সত্য বিশ্বাস, সে ব্যব্দারার ত্রাস্থাক্ত মনকে "খ্রীক্টের পূণ্যে জাপ্রান্ত লইতে প্রবৃত্তি দেয়। খ্রিক্টের পূণ্য কি? ভোমার ধর্মকর্মকর্মকে ঈশ্বরের তুর্ফিজনক করে, এমত অনুপ্রহের প্রকাশ সেই পূণ্য, ইহা তুমি বলিতেছ। এই কথা যথার্থ নয়। ঈশবের ব্যবস্থার অধীন হওয়াতে আমরা যাহার দায়ী ছিলাম, খ্রীক্ট জামাদের পরিবর্তে সেই কর্ম্ম করিয়া ও সেই ছঃশ্ব ভূগিয়া জাপনি যে আজ্ঞাবহতা প্রকাশ করিয়াছেন, সেই আজ্ঞাবহতাই ভাঁহার পূণ্য। যে ব্যক্তি সত্য বিশ্বাস পূর্বক সেই পূণ্য গ্রহণ করে, সে সেই পূণ্যরূপ যন্ত্রেতে আবৃত্ত ছইয়া ঈশবের সম্মুখে নিজ্ঞলঙ্কনেপ প্রকাশ পাওয়াতে তাঁহাকর্তৃক অনুগৃহীত হইয়া নরকহইতে রক্ষা পায়।

" অজ্ঞান জিজ্ঞাসিল, প্রভু " বীশু খুঁীই আপনি বাহা করিয়াছেন, আমাদের নিজ সাহাষ্য ব্যতিরিক্ত তাহাই মাত্র আমাদিগের প্রক্রাশাভূমি আছে, ইহা কি জুমি বলিত্তছ ? এমত দক্ষপ গ্রাহ্য করিলে ইন্দ্রিছ অনায়ত থাকিবে, এবং আমরা আপন ২ অভিলাষানুসারে আচরণ করিব। ভাল, "খুঁাইে বিখাস করিলে বদি ভাঁহারই পুণ্ডারা সম্পূর্ণরূপে পুণ্যবান হওয়া বায়, তবে আমাদের ভাল মন্দ্র আচরণে কিছু আইনে বায় না, পুণ্ডাতেই মুক্ত হইব।

তাহাতে "পুটীয়ান কহিল, তোমার এমন বিবেচনা বিদ্যান না হইবে, তবে লোকেরা তোমাকে জ্ঞান বলিয়া ডাকিবে কেন? হায়ং তোমার বেমন নাম, কার্য্যপ্র তেমনি। বে পুবেডে সনুষ্য পুণ্যবান হয়, তাহা তুমি জান না, এবং বিশাল্যারা সেই পুণ্য অবলয়ন করিয়া স্থাবের মহাকোষহাতে নিজ প্রাণকে কি প্রকার করিয়া স্থাবের মহাকোষহাতে নিজ প্রাণকে কি প্রকার করিতে হয়, তাহাও জ্লাল না। আর খ্রীটের পুণ্যাবলয়ি যে পরিজ্ঞানজন্দ বিশান, জাহা বে সকল ফল উৎপন্ন করে, অর্থাৎ তাহা বে শ্রীটেতে প্রকাশিত ঈশরের প্রতি মনকে করিয়াই ভাহার অধীন ও আগক্ত করে, এবং ভাহার আন বিলা ও পাণ ও লোক ইত্যাদিতে মেহ করিবে আবৃত্তি জন্মায়, এই সকলও তুমি জান না। যদি জানিতা, তবে এমত অনর্থক কথা বলিতা না।

তখন " আশাবান কছিল, উহাকে জিজাসা কর দেখি,
" খুীফ কখন উহার প্রতি স্থগ্হইতে প্রকাশিত হইয়াছেন কি না?

এ কথা শুনিবামাত্র \* অজ্ঞান উত্তর করিল, আঃ! তুনি কি এক জন স্থপ্তদর্শনাকাজ্জী? বোধ হয়, তোমরা এবং তোমাদের তুলা লোকেরা এ বিষয়ে যাহা বল, তাহা প্রলাপমাত্র।

তাহাতে "আশাবান কহিল, ওছে মনুবা, এ কেমন কথা? মনুবার স্বাভাবিক বৃদ্ধির নিকটে "খুমি ঈশরেতে এমন গুপ্ত স্বাচহ্দন, বে পিতা ঈশর যাহার নিকটে তাঁ-হাকে কাশিবানান, লে কোন রূপে ভাঁহাকে আনকর্ত্রপে জানিতে পারে না

শীজ্ঞান কহিল, ধানন বিশ্বাস তোনার, কিন্তু আনার নয়। আরি আমি ভোনার হত কুশাগ্রবৃদ্ধি না হইলেও বোধ ুহয়, তোনার বিশ্বাস সপেকা আনার বিশ্বাস নন্দ নয়। ভাছাতে "খুমিনান কছিল, দেখ, ভুমি বদি আমার কথাতে কিঞ্চিৎ মনোবোগ কর, তবে আমি কিছু কহি, শুন। এতিবিবরে তোমার এ কবু জান করা উচিত হয় না; কেননা আমার সদি "আশাবান বাহা কহিয়াছে, ইহাই নিশ্চিত কথা, পিতা "খুমিকে না দেখাইলে তাঁহাকে দেখিতে সকলেই অন্ধ; আর হৈ বিশ্বাস খুমিকে অবলহন করে, সেই সত্য বিশ্বাসও ঈশরের অসীম পরাক্রমের ফল। আমি দেখিতেছি, ভূমি সেই বিশ্বাসের কর্মা জান না। অতএব হে "অজ্ঞান, সচেতল হইয়া আপনার সকল ছরবন্থা জ্ঞাত হইয়া প্রভু বীশু খুম্মির আজ্ঞাজন্ত, তাহাতে ভূমি "খুম্মির পুণাতে পুণ্যবাদ হইয়া জনায়াসে দণ্ডইতে মুক্ত হইবা, যেহেতুক তিনি স্বয়ং ক্ষার, এবং ভাছারই পুণা ক্ষারীয় পুণা।

তখন "অজ্ঞান কহিল, সে যাহা হউক, কিন্তু তোমরা এমন শীন্ত্র চলিতেছ, যে আমি তোমাদের নলে বাইতে না পারিয়া পশ্চাৎ পড়িয়া থাকি।

তখন এমন কথা শুনিয়া "পুষ্টীয়ান ও " আশাবান এই শ্লোক গান করিতে ২ চলিল।

দশ বার আপন নিকটে শুভকর।
উপস্থিত মন্ত্রণা করিলা অনাদর ॥
অজ্ঞান এখনো তুমি মূর্শ কি হইয়া।
থাকিবা হে সুমন্ত্রণা নাহি বিসরিয়া ॥
সুমন্ত্রণা অবহেলা করিকে হারিবা।
কিছু দিন মধ্যে তাহা জানিতে পারিবা।
সময় থাকিতে শীন্ত্র বিবেচনা কর্ম।
হে মনুষ্য ন্দু হও তয় নাহি ধর ॥
সুমন্ত্রণা গ্রহণ করিকে হয় রক্ষা।
অত্ঞব তাহা মানা সকলের শিক্ষা॥

কিন্তু যদি অবহেলা ইথে কর অতি। নিশ্চয় জানিবা তবে হবে তব ক্ষতি ॥

অপর "শুষ্টীয়ান " আশাবানকে কহিল, ওহে ভাই, বুঝি পুনর্বার ইহাকে শ্রেলিয়া পূর্বমত তোমাতে আ-মাতে গমন করিতে হইছে

পরে আমি সংগ্রেই দেখিলায়, "খুটিয়ান ও "আশাবান যত্ন পূর্বক অগ্রমার হইতে লাগিল, কিন্তু "অজ্ঞান
তাহাদের পশ্চিৎ গোড়াইতে ২ চলিল। তাহাতে
"খুটিয়ান আপন সন্ধিকে সংবাধন করিয়া কহিল,
দেখ ভাই, ই বাজির নিমিতে আমার অন্তঃকরণ হঃখিত
হইতেছে; কেন্দা অবশেষে উহার বড় হুদ্শা ঘটিবে,
ইহা নিশ্চয়।

তাহাতে " আশাবান কৃছিল, হায়, আমাদের নগরে উহার সদৃশ কত লোক ও কত খর আছে, তাহাদের মধ্যে অনেকেই যাত্রিক; আর আমাদের অঞ্লে যদি এতে। লোক থাকে, তবে না জানি উহার জন্মদেশে কত আছে।

তখন "খুনিনীয়ান কহিল, শান্তেতে ইহা লিখিত আছে, 'এই জগতের দেব অবিশাসিদের জ্ঞানচক্ষু অন্ধ করিয়াছে, এই জন্যে ঈশরের প্রতিমূর্ত্তি বে খুনি, তাঁহার
তেজোবিশিউ সুসমাচারের প্রভা তাহাদের প্রতি উদিত
হয় না।' সে যাহা ছউক, আমি একটা কথা জিজ্ঞাসা
করি, ঐ প্রকার ব্যক্তিমিকের মনেতে পাপের নিমিতে
কি কখনো অনুতাপ উপস্থিত হয় মা? এবং পাপের
জন্যে যে তাহাদের ভ্রানক দশা ঘটিবে, ইহাতেও কি
তাহাদিগের মনেতে ভয় জর্মেনা?

তাহাতে " আশাবান কহিল, তুমি আমাহইতে জ্যেষ্ঠ, অতএব ঐ প্রশেষ উদ্ধর আপনি কেন না কর ?

े शुक्रीशाम कहिल, छाल, छत्व वृक्तानुमादत विल, छन ।

আমার বুদ্ধিতে এই লয়, তাহাদের মনেতে কখন ২ অনুতাপাদি জন্মে, কিন্তু তাহারা স্বভাবতঃ " অজ্ঞান, অভএব সেই প্রকার চেতনা যে মঙ্গজনক, তাহা এক বারও বুঝিতে পারে না; একারণ ভাহা নই করিতে সর্বাদ চেন্টা করে, এবং অহন্তার পূর্বক আপন ২ মনের বাঞ্ছানত আপনাদের মিথা। প্রশংসা করে।

ভাহাতে " আশাবান কহিল, হাঁ, আমিও ভোমার মত বুঝি; ভয় লোকদের হিত্কারক, বিশেষতাঃ যাত্রার আ-রম্ভ সময়ে ভাহাদিগকে সংপধে গমন করায়।

- \* প্রতীয়ান কহিল, সে যদি প্রকৃত ভয় হয়, তবে নিঃসন্দেহে হিতকারক হয়, কেন্না শাল্পেডে এমন লেখে, পরমেশ্বর বিষয়ক বে ভয় সেই জ্ঞানের আরম্ভ।
- \* আশাবান জিজাসিল, ভাল, প্রকৃত বে ভয়, তুমি কি প্রকারে তাহার নির্ণয় করিবা?
- \* খ্রীফীয়ান কহিল, প্রকৃত ভয়ের তিন লক্ষণ আছে; তাহা বলি, শুন।

প্রথমতঃ, সেই ভয়ের মূল পাপ বিষয়ক ঈশ্বদত্ত চেতনা।

দিতীয়তঃ, সেই ভয় পরিত্রাণ প্রাপ্তির নিমিতে খ্রী-টের শরণাগত হইতে মনকে চালায়।

ভূতীয়তঃ, সেই ভয় মনের মধ্যে ঈশ্বরের প্রতি এবং তাঁছার বাক্যের ও পথের প্রতি সমাদর জন্মায়, এবং অন্তঃকরণকে সর্বাদা কোমল রাখে; বিশেষতঃ তাছাকে অত্যন্ত সাবধান করে, পাছে সে কথন সংপথহইতে পরাজ্মুখ হইয়া ঈশ্বরের অপমানজনক কিছা আন্তরিক শান্তিনাশক কোন কর্ম্ম করণছারা পবিত্র আন্থাকে ছঃথিত করে, এবং শতুকে ধর্মনিক্ষা করণের সুবোগ দেয়।

"আশাবান কহিল, হাঁ, ভূমি বাঁহা কহিছেছ, ইহা

আসার বুদ্ধিতে বন্ন বটে। সে বাহা হউক, এখনো কি আসনা <sup>\*</sup> নোহভূমি পার হই নাই ?

তখন "খ্ৰীফীয়ান বিজ্ঞানিব, কেন? এই একার কথোপকখনেতে ভূমি কি ক্লান্ত হইতেছ?

ভাহাতে " আশীক্ষান ক্ষিত্র, না, কত দূর আসিয়াছি, ভাহা জানিবার জনো জিলাজিলাম।

শ্বীভীয়ান কৰিছে, জাল, মোহভূমি পার ছইতে আমাদের কেছে আছু কোল পৰ বাকি আছে; অভএব আইস, আনহা পুনর্জার নেই ক্ৰোপকগনেতে মনো-বোগ করি। এ কথা কৰিয়া শ্বীভীয়ান পুনক্ষ কহিতে লাগিল, ল অভানের। বে হিতকারী, ইহা অভ্যানের। জানে না, এই নিমিত্তে তাহারা যনহইতে সে সকল দূর করিতে চেভী করে।

ভাহাতে "আশাবান জিজাসিল, ভাল, ভাহারা কি-দের নিমিত্তে ও কি প্রকারে ভাহা মনহইতে ছাড়িতে চেন্টা করে?

শুমিনীয়ান কহিল, (১) ঐ চেতনা যে ইখরছইতে উপন্থিত হয় তাহা তাহারা জানে না। অকস্মাৎ মনের মধ্যে ভয় উপন্থিত হওয়াতে তাহারা ভাবে, এ কি ছইল? বুঝি আমাদের সর্মনাশক শয়তানের কার্য্য ছইবে। ইছা ভাবিয়া তাহারা সে সকলকে অবছেলা করে। (২) তাছারা এই ভয়কে বিশ্বাসনাশক বুঝিয়া তাহার নিরুদ্ধে মনকে করিন করে, কিন্তু হায় ২, জাহাদের কিছুমান বিশ্বাসনাই। (৩) জার অহমার প্রযুক্ত ভরের কারণ না জানাতে তাহারা সভিমানী ও নিশ্চিত্ত হইয়া উঠে। (৪) ভারের কেই ভয় বে ভারাদের কম্পিত পুণা নত করে, ইহাও ভাহারা বুকে, এই কারণ ভাহা নিয়ারণ করিছে আরও বন্ধান হয়।

ভাহাতে " আশাবান কহিল, হাঁ, ইহার কিছু ২ আমি স্বয়ং ঠেকিয়া জানিয়াছি, যেহেতুক পূর্বে আমারও মনেতে এ রূপ উদয় হইয়াছিল।

\* খ্রীফীয়ান কহিল, ভাল, তবে এই কবে আমাদের প্রতিবাসি ঐ \* অজ্ঞানের বিহয় প্রস্থিত্যাগ করিয়া লাভজনক অন্য কোন প্রসন্ধ আরম্ভ করি । শ

তাহাতে <sup>\*</sup> আশাবান কহিন্দ, ভাষা হইলে আমার বড় আনন্দ হয়; কিন্তু ভাই, ভোমাকে আরুভু করিতে হইবে।

"পুটিয়ান কহিল, ভাল, তবে আনি কহি, ভন, দশ বংসর গত হইল ভোমার অঞ্জে বাসকারি কিণক নামে যে ব্যক্তি আপনাকে পর্ম ধার্মিক সেখাইত, তা-হাকে কি তুমি জানিয়াছিলা?

তাহাতে "আশাবান কহিল, হাঁ, তাহাকে জানিব না কেন? "সৌজন্য নামক নগরহইতে এক ক্রোশ দূর বে "নিরনুগ্রহ নামে নগর, সেই নগরে "পরাবৃত্ত নামক ব্যক্তির বাটীর পার্ম্বে সে ব্যক্তি বাস করিত।

শুনীভীয়ান কহিল, হাঁ, তাহারি চালের নীচে বাস করিত বটে। ঐ ব্যক্তি এক বার চেতনা পাইয়াছিল, এবং আমার বোধ হয়, সেই সময়ে আপন পাপ ও তাহার উপযুক্ত কল বিষয়ে তাহার জ্ঞান জ্ঞানিয়াছিল।

তাহাতে "আশাবান কহিল, হাঁ, আমিও তাহাকে তেমনি বুৰিয়াছিলাম; কেল্পনা তাহার বাটীহইতে আন্যার বাজী কেবল দেড় কোশ দুর হওয়াতে সে অনেক বার সকল নয়নে আযার কাছে আসিত। তাহা দেখিয়া আযার অতিশন্ন দুরা হইত, এবং তাহার নিমিতে আমি নিতান্ত নিরাশ ছিলাম বা; কিন্তু বাহান্তা প্রতুহ করিয়া কলে, তাহারা সকলে স্কর্তাক্তো প্রবেশ করিতে পাইবে না, আমরা ইহার প্রমাণ পাইতেছি।

তথন "খুখিীয়ান কহিল, সে ব্যক্তি আমাকে এক বার কহিয়াছিল, আমি তোমাদের মত যাতা করিতে মনস্থ করিয়াছি। পূরে অকস্মাৎ "আত্মরক্ষক নামে এক ব্যক্তির সহিত তাহার নৃত্ন আলাপ হওয়াতে তাহার সহিত আমার আলাপ ভক্ষ প্রাক্তিক।

তাহাতে " আশারান ক্রিল, আমরা এখন তাহারি বিষয়ের কথোপকখন করিতেছি, অতএব তাহার এবং তজপ লোকের সেই প্রকার হঠাৎ পরাত্মুখ হওন বিষয়ে কিছু ২ কথোপকখন করিতেও বাঞা করি।

শুথানীয়ান কছিল, হাঁ, সে রূপ আলোচনা আমাদের মঙ্গলের বিৰয় হইতে পারে বটে; কিন্তু ভাই, তুমি কহ, আমি শুনি।

তাহাতে <sup>†</sup> আশাবান কহিল, ভাই, আমার বিবেচনাতে তাহার চারিটা কারণ আইসে; কি ২, তবে শুন।

প্রথমতঃ, এই রূপ লোকদিগের মনেতে এক প্রকার চেতনা জামিলেও তাহাদের অন্তঃকরণ পরিবর্তিত হয় না; তৎপ্রযুক্ত অপরাধবিষয়ক 'ভয় ক্রমে২ কীণ হওয়াতে তাহাদিগকে ধন্মের প্রতি আর চালায় না, এই জন্যে তাহারা পুনর্বার পূর্ব আচরণেতে প্রবৃত্ত হয়। সে কাহার ন্যায়? যেমন বমনশীল ক্রুর; সে যখন বমি করে, তখন কিছু স্বেদ্ধানীন করে তাহা নয়, তবে কি? যে পর্যান্ত আমাশয়হইতে উর্ক্লবেগ থাকে, তাবৎ বমি করে, কিছু সেই বমনবেগের মান্দা ও বামর শান্তি হইলে ঐ ক্রুর আপন বামর প্রতি বিমুখ না হইয়া পুনর্বার 'সে সমস্ত চাট্টিয়া থায়; অতথব লিখিত বাফা সতা, ক্রুর আপন বাম থাইতে আর বার কিরে। এই হেতৃক আমি কহি; প্রমন মনুষ্যেরা কেবল মরক্ষপ্রণার ভয়েতেই উত্তপ্ত হইয়া স্বাপ্রাপ্রির নিমিতে চেটাান্বিত হয়, পরে নরকের ও দণ্ডের ভয়রূপ অগ্নি শান্ত হইলে স্বর্গের ও পরিতাণের চেন্টারূপ উত্তাপও শান্ত হয়। তাহাদের ভয় ও লজা কীণ হইলে স্থায়ি সুখের বাঞ্ছাও ক্ষীণ হয়, তাহাতে তাহারা আপনাদের পূর্ম পথে কিরিয়া যায়।

বিতীয় কারণ এই, তাহাদিগতে দমন করিতে পারে, এমন অনেক হ ভয় তাহাদের হাদরে আছে; বেমন ধর্মশান্তে লিখিত আছে, মানুববিষয়ক ভয় মানুবকে কাঁদে কেলে। এই নিমিতে যে পর্যন্ত হাদরমুম্বেণ্য নরক-ভয় জাগ্রৎ থাকে, তাবং তাহারা স্বর্গের নিমিতে চেটাকরে; কিন্তু সেই ভয় ক্রেম নিমিতে ইইলে লোকভয় জাগ্রৎ হওয়াতে তাহারা পুনর্বার এই বিবেচনা করে, সাবধান হওয়া ভাল, কেননা তাদৃশ অজ্ঞাত বিষয়ের নিমিতে বর্তমান সর্বস্থ পরিত্যাগ করিয়া বিপদ্গ্রন্ত হওয়া ভাল নয়; এই বিবেচনা করিয়া তাহারা পুনর্বার বিষয়েতে মগ্র হয়।

তৃতীয়তঃ, অহকার প্রযুক্ত তাহাদের দৃষ্টিগোচরে ধর্ম জতি অপকৃষ্ট ও অপকার্যা বোধ হয়, এবং ধর্মাবলরী হইতে লক্ষা তাহাদের বাধাস্থরপ হইয়া উঠে; অতএব তাহারা নরক এবং আগামি ক্রোধ বিষয়ে নিশ্চিত হইয়া পুনর্বার পূর্ম আচরণেতে প্রবৃত্ত হয়।

চতুর্থ কারণ এই, তাহারা আপন ২ দোষ ও দণ্ডের প্রতি এক বারও দৃষ্টিপাত করিতে চাহে না; যদি চাহিত, তবে প্রথম দর্শনৈতেই তাহারা ভয়েতে ধার্ম্মিক-দিগের আশ্রয়ন্থানে আশ্রম নইয়া রক্ষা পাইবার চেন্টা অবশ্য করিত; কিন্তু তাহাদিগের সেই ইচ্ছা নয়, বরং পূর্বে বে রূপ কহিয়াছি, তক্রপ যাহাতে পাপজনা চে-তনা ও ভয় উপস্থিত হওনের পথ অবরোধ হয়, এমন কর্ম্ম করাতে ক্রমে ২ ইশ্বরকোধজনা ভয় বিবয়ক চৈতনা লুপ্ত হইলে তাহারা আরো আহ্লাদ পূর্বক অন্তঃকরণকে সৃত্তির করে: এবং বাহাতে মন আরো অধিক কচিন হয়, এমন কর্মা করে।

তাহাতে 'থাইনিয়ান কহিল, হাঁ, তুমি এক প্রকার মধার্থ বিবেচনা করিয়াছ। তাহাদের মনের ও ইছার যে অপরিবর্ত্তন, তাহাই সকলের মূল। মনের পরিবর্ত্তন না হওয়াতে তাহারা কেমল হইয়াছে? যেমল এক জন চোর বিচারকর্তার সম্মুখে দাঁড়াওন কালে ধর ২ করিয়া কাঁপিতে থাকে; তাহাতে বোধ হয় দে ব্যক্তি অপরাধ বিষয়ে বড় খেদ করিতেছে। কিন্তু বাস্তবিক দে নিজ দোবের নিমিত্তে অনুতাপ না করিয়া কেবল ফাঁসিকান্ঠ দেখিয়া ভয়প্রযুক্ত কাঁপে। ইহার স্পষ্ট প্রমাণ এই যে তাহাকে মুক্ত করিলে সে তৎক্ষণাৎ গিয়া পুনর্বার চুরি কিয়া ডাকাইতি করে, কেননা তাহার ছফ মতি ঘুচে নাই। যদি ঘুচিত, তবে সে ঐ ছিম্মা আর করিত না।

জপর "আশাবান কহিল, তাহাদের এক বার চেতন। জন্মিলেও পুনর্কার বিষয়েতে মগ্ন হওয়ার যে কারণ তাহা আমি কহিলাম; এখন তাহার ধারা কি, ইহা তুমি বল।

তাহাতে "থাফীয়ান কহিল, ভাল, তবে আমি কহি, ভন। প্রথমতঃ, তাহারা ক্রমেং ইশ্বর ও মৃত্যু এবং আগামি বিচার এই সকলের শ্বরণ সাধ্যান্সারে পরি-ত্যাগ করে। দিতীয়তঃ, গোপনে প্রার্থনা করণ ও ইন্দ্রিয় দক্ষর ও চৌকি দেওন এবং পাপনিমিত্তক অন্-তাপ কর্ম ইত্যাদি গুলু ধর্মক্রিয়া সকল ক্রমেং পরি-ত্যার করে। তৃতীয়তঃ, "থুটিউতে আসক্ত উদ্বোগি শুটীয়ান লোকদের সক্ল পরিত্যাগ করে। চতুর্যতঃ, তৃষ্কিয়া শাল্প পাঠের ও উপদেশের প্রবণ ও ত্রিবদের

কথোপকথন ইত্যাদি সপ্রকাশ ধর্মাক্রিয়া সকল পরি-ত্যাগ করে ৷ পঞ্চমতঃ, তাহারা ছুইত্রপূর্বক ধার্মিক-निरंशत चाहत्रंत्र हिस चात्र्यं। करत्र, रकमना रकान প্রকারে যদি ছিত্র পায়, তবে সেই ছল করিয়া তাহারা ধর্ম্মাচরণ ত্যাগ করিতে পারে 🚯 ষষ্ঠতঃ, তাহারা ভগু লম্পট ইত্যাদি ছুট লোকদের সহিত পরিচয় ও আ-লাপ করিতে প্রবৃত হয়। সপ্তমতঃ, তাহারা উত্ত-রোত্তর শুপ্ত ভাবে ঐহিক কামুকতা ইত্যাদি বিষয়ের কথোপকখন করে, এবং যদ্যপি কোন ধান্মিক লোকের সেই রূপ কোন দোষ দেখে, তবে বড় আনন্দ করে, কেননা ভাহাদের দেখা দেখি সেই সকল করিতে পারি-বে। অফমতঃ, তাছারা ক্রমে ২ প্রকাশ রূপে লঘু পা-পকে থেলার বিষয় জ্ঞান করে। নবমতঃ, এই রূপে তা-হার। ক্রমে ২ মনকে কঠিন করিয়া প্রকৃত স্বভাব প্রকাশ করে, এবং মহা ভমেতে ভাস্ত হইয়া ঈশ্বানুগ্রহকর্তৃক यिन निर्वातिक ना इय, कर्त् नर्सनाम मागदत अदक्रादत গা ঢালিয়া দেয়।

## ২০ অধ্যায়।

অনন্তর আমি স্বপ্নে দেখিলাম, বেন এই রূপে বাত্রিরা ক্রমে হ \* মোছভূমি পার হইয়া \* বিষুলা নামক ভূমি-তে প্রবিষ্ট হইল। সেই অঞ্চলের বায়ু অতি সৌগন্ধি ও সুখজনক, এবং প্রকৃত পথ ভাহার মধ্য দিয়া গমন করাতে ভাহারা সেখানে কিছু কাল সুখভোগ করিল। চতুর্দ্দিগেতে নানাবিধ রুষা প্রস্পোদ্যান, ভাহাতে প্রতি দিন অন্নানরূপে পুষ্প সকল প্রফুল হইয়া আছে, এবং মানা ব্কেতে বিবিধ গাকি সকল অতি মধুর স্বরেতে

भान क्रिटिंह। आत थे अक्टन स्वा मर्सना डेनिड था-কাতে দিবা ভিন্ন কখন রাতি হয় না, কারণ ঐ দেশ মৃত্যু-জ্যাত্লীর পার, ও "আশাভঙ্গ নামক বীরের অধি-কারের বহির্ভ , এবং তথাহইতে "সংশয়ত্র্গ দেখা बाग्न मा; व्यात मारे क्यांटन बाकिएमा गरुवा स्वर्गीय नगत তাছাদের দৃষ্টিপোচর ছিল, এবং তলিবাদিদের মধ্যে কাহার ২ সহিত ভাহাদের সাক্ষাৎ হইতে লাগিল, কারণ ঐ দেশ স্বর্গের প্রান্তভাগে স্থিত প্রযুক্ত স্বর্গদৃতগণ ঐ স্থানে গমনাগমন করে। আর সেই স্থানে বর ও কন্যার বিবাহের কথা পুনর্বার কবিত হয়, এবং বর বেমন কন্যাতে আনন্দ করে, তত্ত্বপ তাহাদের ঈশ্বর ভাহাদিগেতে আনন্দ করিলেন। আর সে স্থানে প্রচুর খাদ্য দ্বব্য প্রযুক্ত তাহার। যখন বাহা বাঞ্ছা করিল, তখন তাহাই পাইল। এই স্থানে তাহারা রাজধানীহইতে উচ্চ শব্দযুক্ত এই এकि वानी अनिन, " তোমর। " সিয়োনের কন্যাকে বল, দেখ, তোমার ত্রাণ্কুর্জা আসিতেছেন; দেখ, ভাঁহার দা-তব্য কল তাঁহার সলে আছে।" অধিকন্ত ঐ দেশীয় লোকেরা যাতিদিগকে পাবিত প্রজা ও পরমেশ্বরের মৃক্ত ও যাচিত লোক বলিয়া সুষোধন করিতে লাগিল।

সেই অঞ্চলে গমন সময়ে যাতিলোকেরা বেমন আভাদিত হইল, ঐ পথের কোন স্থানে পূর্বে তেমন
আন্থাদিত হয় নাই। এবং ক্রমেন রাজধানীর নিকটবর্তী হওয়াতে ঐ রাজধানী উত্তরোত্তর স্পাইরপে
দেখা বাইছে লাগিল। সে নগর মণি মানিকোতে ও
প্রবালাদিতে খচিত, এবং তাহার সমস্ত পথ স্বর্গতে
রচিত, ও তত্তপরি ভ্রাতেজ প্রসাম প্রযুক্ত শুমিনীয়ান
আহিশর আকালাী হইয়া পীড়িত হইল, এবং " আশারানও সেই রোপেতে পীজিত হইল; অতএব এই রূপ

পীড়িত হইয়া তাহারা আর্ডস্বরে কহিতে লাগিল, হে বন্ধু লাক সকল,ভোমরা যদি আমার প্রিয়তমের দেখা পাও,তবে আমি প্রেমেতে পীড়িত আছি, এই কথা তাঁহাকে কহিবা।

আমি প্রেমেতে পীড়িত আছি, এই কথা তাঁছাকে কহিবা।
অপপ কালের পর তাঁছারা কিঞ্চিৎ সবল এবং পীড়া
সহ্য করণে সমর্থ হইয়া পুনর্কার্ক্ষ যাত্রা আরম্ভ করিল,
তাহাতে ক্রমেং ঐ রাজ্যনীর আরো নিকটবর্তী হওয়াতে রাজপথের সম্মুখে চমৎকৃত মনোহর বন উপবন
দেখিয়া নিকটবর্তী এক জন মালিকে জিজ্ঞাসা করিল,
হে মহাশয়, এ সমস্ভ রম্য উপবন কাহার? তাহাতে
সে মালী কহিল, এ সকল মহারাজের ভোগের নিমিত্তে, এবং বেং যাত্রি লোকেরা আইসেন, তাঁহাদের
পরিতোবের নিমিত্তেও বটে। এ কথা কহিয়া সে ব্যক্তি
তাহাদিগকে ঐ উদ্যানের মধ্যে লইয়া মনোহর ফলপুস্পাদির দর্শন ও ভোজনদ্বারা তাহাদিগের শ্রান্তি দূর
করাইল, এবং রাজার প্রিয় বিহারস্থান ও নিকৃঞ্জ সকল
ক্রমেং দেখাইল। এই রূপে, তাহারা উত্তমং সামগ্রী
ভোজন পানদ্বারা পরিতৃপ্ত হইয়া সেই স্থানে নিজা গেল।

আমি স্বপ্নে দেখিলাম, যেন ঐ যাত্রি লোকেরা পূর্বা-পেকা সেই সময়ে স্বপ্নেতে আরো অধিক কথা কহিতে লাগিল, একারণ তদ্বিয়ে আমার আশ্চর্য্য বোধ হইলে ঐ মালী আমাকে কহিল, তুমি ভাহার নিমিত্তে ভাবিতেছ কেন? এই উদ্যানের দ্রাকাদি কলের এমনি স্বভাব, যে ভাহা ভোজন করিলে অতি মিউ রূপে উদরমধ্যে প্রবিষ্ট হইয়া নিদ্রাবস্থাতে কথা কহায়, ইহা কি জান না?

অপর আমি স্বপ্নে দেখিলাম, নিদ্রাভঙ্গ হইলে তাহারা গাত্রোথান পূর্বক অগ্রসর হইয়া ঐ নগরে উঠিবার নি-মিত্তে উদ্যোগ করিতে "লাগিল। কিন্তু ঐ নগর একে নির্দ্মল সূবর্থতে নির্দ্মিত, উহিতে তাহার উপরে সূর্য্যের থরতর তেজ পতন হওয়াতে এমনি তেজঃপুঞ্চ ছিল, যে তাহারা উপনেত ব্যতিরেকে তাহার প্রতি এক বারও দৃষ্টিপাত করিতে পারিল না। ইতোমধ্যে তেজঃপুঞ্চ মুখ বিশিষ্ট ছুই জন সুবর্ণবর্ণ বস্তাবৃত হইয়া তাহাদিগের নিকটে আসিয়া উপস্থিত হইলেন।

তাহাতে তাঁহারা যাত্রিদিগকে জিজ্ঞাসা করিলেন, তোমরা কোথাহইতে আইলা? এবং কোথায় ২ প্রবাস করিমাছ? আর পথিমধ্যেই বা তোমাদের কি ২ ছুর্ঘটনা ঘটমাছে? এবং ভাহাতেই বা কি ২ সাজুনা পাইয়াছ?
তাহাতে তাহারা সমস্ত বিবরণ কহিলে পর ঐ ছুই ব্যক্তি
তাহাদিগকে কহিলেন, কেবল আর ছুই ক্ষত্ইতে পার
হইলেই তোমরা রাজধানীতে উপস্থিত হইবা।

তথন "খ্রীফীয়ান ও তাহার বন্ধু ঐ ছুই ব্যক্তিকে কহিল, তবে তোমরা অনুগ্রহ করিয়া আমাদের সহিত আইস; তাহাতে তাঁহারা কহিলেন, হাঁ, বাইব বটে; কিন্তু তোমাদের স্বং বিশ্বাসদ্বারা ঐ, নগর প্রাপ্ত হইতে হইবে। এ কথা কহিলে পর আমি দেখিলাম, রাজধানীর দ্বার দেখা বায়, এমত স্থান পর্যন্ত তাহারা তাঁহাদের সঙ্গে ২ গেল।

পরে আমি দেখিলার, তাহাদের সমুখে এবং ঐ দারের আগ্রে একটি বৃহৎ গভীর নদী আছে, তাহাতে পূল ও নৌকা প্রভৃতি পার হইবার কোন উপায় না কাৰিকা মাজিরা বড় ভীত হইল। তাহাতে ঐ সন্ধি ছুই বাজি কহিলেন, ঐ নদীর মন্ধ্য দিয়া ভোমাদিগকে পার হইতে হইবে, নতুবা রাজধানীয় দারে উপস্থিত হইতে পারিবা না।

তাহাতে বাত্রিরা জিজ্ঞানা করিল, কেমন, মহাশয়? এই রাজধানীর দারে বাইতে কি অন্য কোন পথ নাই? তা-হাতে তাঁহারা কহিলেন, হাঁ, আছে বটে, কিন্তু \* হনোক ভি \* এলিয় এই ছুই জন ব্যতিরেকে সৃষ্টির প্রথমাবধি কেহ কথনো সেই পথ দিয়া যাইবার অনুমতি পায় নাই, এবং শেষতুরীবাদন পর্যন্ত কেছ পাইবেও না। এই কথা শুনিয়া যাত্রিরা, বিশেষতঃ "খুনিতীয়ান, ঐ নদী পার ছইতে নিতান্ত অনুপায় দেখিয়া ভ্রাশ ছইয়া এ দিগ্ও দিগ্ চাছিতে লাগিল, এবং তাছারা ঐ ছই ব্যক্তিকে জিজ্ঞাসিল, কেমন, মহাশয়? এই নদীর জল সর্বন্ত সমান কি না? তাহাতে তাঁহারা কহিলেন, না, এই স্থানের অধিপতিতে যাহার যেমন বিশ্বাস, সে তেমনি অপ্প কি গভীর জল পায়; ইহাতে আমরাও তোমাদের উপকার করিতে পারি না।

এমত কথা শুনিয়া তাহারা নদী পার হইবার জন্যে ঐ জলে প্রবেশ করিল, কিন্তু \* খুীফীয়ান ক্রমেং তলাইতে লা-গিল, অতএব ভয় প্রযুক্ত কাঁদিতে ২ \* আশাবানকে কহিল, হে বন্ধো, আমি অতি গভীর জলেতে পড়িলাম, বড়ং তরঙ্গ আমার মাধার উপর দিয়া ঘাইতেছে, অতএব আমি ডুবি।

তাহাতে " আশাবান কহিল, হে জাতঃ, সাহস কর, এই দেখ আমি তলা পাইয়াছি, তাহা অতি উত্তম। তাহাতে " খুমিটীয়ান কহিল,হায় ২ ভাই হে, আমার প্রাণ ষায়, মৃত্যুযন্ত্রণা আমাকে ঘেরিয়াছে, বুঝি ঐ ছন্ধমধুপ্রবাহি দেশ দেখিতে পাইব না। এই কথা কহিতে ২ সে মহাঘোর অন্ধকার দেখিয়া ভয়েতে হতবুদ্ধি হইল, এবং পথিমধ্যে যে সকল তুজিজনক দ্রবাদি দেখিয়া আসিয়াছিল, সে সকল ভুলিয়া গেলিয়াই কথা কহিতে লাগিল। কিন্তু তাহার কথাদ্বারা অনুমান হইল, তাহার আশক্ষার বিষয় এই, পাছে সে লনীতে নই ইইয়া রাজধানীর দ্বারে প্রবেশ করিতে অক্ষম হয়, এবং সে যাত্রা কর্মানর পূর্বেও পরে যে সকল পাপ করিয়াছিল, ভাহার বিষয়েও ভাবিত ছিল, এবং ভূত প্রেতের দর্শনদ্বারা তাহার মন উদ্বিগ্ন ইইতেছিল, ইহা তাহার কথান্বারা এবং অন্যান্য প্রমাণদ্বারা প্রকাশ পাইল।

এমন হইলে "আশাবান আপন ভাতার মন্তক জল-হইতে তুলিতে অতি ষত্মবান হইলেও সে কখন ২ এক বার ডুবিয়া যায়, আর বার ভূষ করিয়া মৃতবৎ ভাষিয়া উঠে। অতএর এই রূপ ছুর্ঘটনা দেখিয়া "আশাবান তাহাকে সাজুনা করিবার জন্যে কহিতে লাগিল, ও হে ভাই, ছার দেখা যায়, আমাদের অভ্যর্থনা করিবার জন্যে কত লোক ছারে দাঁড়াইয়া আছে। তাহাতে "খুীফীয়ান কহিল, আর ভাই, আমি এখন মরিলাম, তাহারা তো-মারই অপেকা করিতেছে; তোমার সহিত আমার পরিচয় হওয়া অবধি ভোমার প্রবল আশা আছে। তথন " আশা-বান কহিল, ভাই, কেবল আমার নয়, ভোমারও বটে। তাহাতে " शैकीयान कहिन, जारे हि, आमि यपि श्रवूछ পথে থাকিতাম, ভবে অবশ্য তিনি এখনি আমার উপ-কারের নিমিত্তে অগ্রসর হইতেন। আমি নিতান্ত পাপী, এই জন্যে তিনি আমাকে এই ছুর্দশাতে আনিয়া পরি-ত্যাগ করিলেন। তাহাতে " আশাবান কহিল, ভাই श्वामि पिथिटिक, जूमि धेर अत्वत्र मत्था (य २ कक्षे পাইতেছ, তাহার একটাও ঈশ্বরকর্তৃক পরিতাক্ত হওনের नकन नग्न; क्नाना इसे लाकिन्यत द्वरत्र धरे निथिछ আছে, "তাহারা মৃত্যুর জন্যে বন্ধ হয় না,কিন্ত তা-हारमत अतीत इन्छे पूछे आरह; धवर अना मर्त्छात नामा ভাহাদের ক্লেশ হয় না, ও অন্য মানুষের মত ভাহাদের विश्रम घटि ना।" अहे वहन कि जुमि अटकवादत जुनिना? ঈশ্বর তোমাকে ত্যাগ করিয়াছেন, এই জন্যে তোমার এত ক্লেশ ঘটিতেছে, তাহা নয়; ভূমি যে ছু:খ পাইতেছ তা-हात वीक धरे, शूर्य जूमि विश् भनन खां हरेताह, এই ছুঃথের সময়ে ডাছা সারণ করিয়া ঈশ্বরেতে নির্ভর দিতে পার কি না, এই পরীকার নিমিতে এ ছঃখ জানিবা।

অপর আমি স্বপ্নে দেখিলাম, " আশাবান এই রূপ সাস্থুনা করিলে পরে " খুম্ভীয়ান অনেক কল পর্যান্ত ভাবনামুক্ত হইয়া রহিল। তাহাতে " আশাবান পুনশ্চ কহিল
ওহে ভাই, সুস্থির হও, " রীশু খুম্ভি জোমাকে সুস্থ করিলেন। এই কথা শুনিবামাত্র " খুম্ভীয়ান আহ্লাদিত হইয়া
উচ্চঃস্বরে কহিল, হাঁ, তাঁহাকে দেখিতেছি, এবং তিনি
আমাকে এই কথা কহিতেছেন, " তুমি জলমধ্যে গমন করিলে আমি তোমার সঙ্গে থাকিব; ও তুমি নদীর মধ্য দিয়া
গমন করিলে নদী ভোষাকে মগ্ন করিবে না।" ইহাতে তাহারা উভয়ে মললের আশা প্রাপ্ত হইল, এবং তদবধি
শত্রা প্রস্তরের ন্যায় স্তক্ক হইয়া থাকিল। সেই স্থান অবধি ঐ নদীর জল অংশ হওয়াতে " খুম্ভীয়ান হঠাৎ থাই
পাইল। এই রূপে তাহারা নদী পার হইয়া গেল।

পরে তীরেতে সেই ছুই জন স্বর্গীয় তেজস্বি দৃতকে আপনাদের জন্যে অপেকা করিতে দেখিল; এবং তটেতে উচিবামাত্র তাঁহারা আসিয়া সভ্যর্থনা পূর্ব্ধক তাহাদিগকে কহিলেন, "পরিত্রাণাধিকারি লোকদের পরিচর্যার নিদিতে প্রেরিত সেবাকারি আত্মা আমরা।" এ কথা কহিয়া তাহাদের সঙ্গে ক্রেম হ ছারের প্রতি গমন করিলেন।

এই স্থানে পাঠকদিগের সন্দেহ জঞ্জনের নিমিতে লিখি, ঐ নগর অতি উচ্চ পর্কতের উপরে স্থাপিত হইলেও যাত্রিরা অফ্লেশে তর্পরি আরোহণ করিল; তাহার কা-রণ এই, ঐ হুই জন মহাত্মা তাহাদের হস্ত প্রহণ করিয়া সহায়তা করিজেন; এবং তাহারা বে নশ্বর বস্ত্র পরিহিত হুইরা নহীতে প্রবেশ করিরাছিল, নেই ভারি বস্ত্র তথার পরিজ্ঞাপ করিয়া জলহুইতে নির্গত হুইয়াছিল। পরে ঐ হুই জন তাহাদিগকে উর্জ্ব পথে লইয়া গেলেন; অত-এব ঐ নপ্রের ভিতিমূল মেষহুইতে উচ্চতর হুইলেও তাহারা সাধু সদ প্রযুক্ত অনায়ানে আকাশনার্গ দিয়া সেই ছারের প্রতি গমন করিল। কেননা নদী উত্তীপ হওয়াতে এবং ঐ সাধু ব্যক্তিদিগের সমতিব্যাহারে গমন করাতে তাহাদের মন আনন্দেতে প্রকৃল ছিল।

তাহাতে वे काक्षमामान लाक्त्रा कहिलन, प्रथ, वह স্থানের কি পর্যান্ত মাহাত্ম্য ও সৌন্দর্য্য, তাহা বাক্যমারা কহিয়া শেষ করা যায় না; কেননা <sup>\*</sup> সিয়োন পর্বত ও স্বৰ্গীয় \* বিক্লশালম এবং অযুত্ত দিব্য দূত, ও সিদ্ধি-প্রাপ্ত ধান্মিকগণের আত্মাগণ এই স্থানে আছে। অতএব ভোমরা এই ক্ষণে ঈশ্বরের আরামে গম্ন করিভেছ; সেই হানে অমৃতবৃক্ষ পাইরা তাহার অমুান ফল ভোজন করিতে পারিবা; এবং সেই স্থানে উপস্থিত হইলে পর অপূর্ব শুক্ল পরিছদ পাইয়া অনম্ভ কাল পর্যান্ত প্রতিদিন মহারাক্ষের ষহিত একত গভায়াত পূর্বক কথোপকথন করিতে পারিবা; কিন্তু পৃথিবীতে থাকিতে যে ২ পীড়াদি নানাবিধ হুঃখ কট পাইয়াছ, এখানে তাহার কিছুই পাইবা না, কেননা পুরাতন বিষয় সকল গত হইল। রিপদের সম্পুৰ্ইতে ঈশ্বরকর্তৃক লোকান্তরে নীত হইয়া যে সরলপথগানি ধান্মিকেরা এই ক্ষণে আপন ২ শয্যার উপরে বিশ্রাম ভোগ করেন, এমন বে "ইব্রাহীম্ ও " ইস্-হাক্ ও " যাকুৰ এবং ভবিষ্যত্ত্পণ ইত্যাদি লোকদের নিকটে তোমরা বাইতেছ। তথন বাতিকেরা জিজাসিল, সেই পৰিত ছানে গিয়া আমাদের কি ২ করিতে হইবে? ভাহায়ত ভাঁহারা কহিলেন, সেই স্থানে ভাবৎ পরিপ্রমের পুরকার পাইয়া প্রিমধ্যে মহারাজের নিমিত্তে অঞ্পাত श्रीर्थनामि श्रुक्तक (यर रोक त्रांभन कतिग्राह, जारों-क्रिक्न जान कतिया। जान तमरे चात्र मुन्दर्भन मुकूने প্রিবান পূর্যক নিতা ২ পবিত রাজার সম্পুন পাইবা; এবং তিনি বাদৃশ আছেন, তাদৃশ ভাঁছাকে দর্শন করিবা। আর তোমরা বাঁছার সেবা করিতে বাঞ্চিত হইয়া শরীরের मिर्कला अयुक्त मरमाद्वर् अधिक क्छे भारेबाहिका, দে স্থানে গিয়া আৰন্দধানি পূৰ্বক ধন্যবাদ করিয়া ভাঁহার সেবা করিতে পাইবা। ভাহাতে সর্বাধিপতির মনোহর রূপ ও মধুর বাক্য দেখিয়া শুনিয়া তোমাদের চক্ষু কর্ণ আহ্লাদে-তে প্লকিত হইবে ৷ তদ্ভিদ্ন সেখানে তোমাদের যে ২ বন্ধু বান্ধৰ ইত্যাদি ধাৰ্ম্মিক লোক পূৰ্বে উপস্থিত হইয়াছেন, তাঁহাদের সহিত দর্শন স্পর্শন আলাপ ব্যবহার করিতে পাইবা; এবং ইছার পর বে ২ লোকেরা এ স্থানে আগমন क्तिर्तन, बास्लाम पूर्वक जांशारमत्र बौग्वाज़ाम महेरा शा-রিবা। অধিক কি কহিব? তোমরা অতুল্য ঐশর্যান্বিত হইয়া মহারাজের সহিত র্থারোহণ পূর্বক গমনাগমন করিতে পারিবা, এবং তিনি যখন মেঘারাড় হইয়া তুরী সহকারে বায়ুবেগের সহিত আগমন করিয়া বিচারাসনে বসিবেন, তখন ভোমরাও ভাঁহার সহিত আসিয়া ভাঁহার পার্ফে উপবিঊ হইবা; তাহা কেবল নয়, তিনি যখন পাপিদিগের দশু নিশ্চয় করিবেন, তখন তাছারা মনুষ্য হউক, কিছা দৃত হউক, তাহাদের দণ্ড বিষয়ে তোমাদের কথাও গ্রাহ হইবে; কেননা ভাহারা যেমন ডাঁহার শতু, তেমনই ভোমাদেরও শত্র অবশেষে তিনি ষখন রাজধানীতে কিরিয়া বাইবেন; তখন ভোমরাও ভুরীবান্নোতে ভাঁহার সহিত উপনীত হইয়া নিত্য ভাঁহার সহিত বাস করিবা। . এই রূপ কথোপকথন করিতেং বরুম তাহারা দারনিকট-क्षे इत्र, अमन ममदत्र व्यशीत्र रेमनाइइए७ अरु मन रेमना তাহাদের সহিত সাক্ষাতের নিমিত্তে বাহির হইল। পরে बे हुई काक्नामान गुक्ति मिरे रेमन्यिगरक स्टिवन, शहे ব্যক্তিরা সংসারে থাকিতে আমাদের প্রভূকে ক্ষেহ করিয়া

তাঁহার পবিত্র নামের অনুরাণে আপন ২ সর্বাথ পরিত্যাগ করিয়াছে, এই দিমিতে ইহাদিগকে আগ্ৰাড়ান আনিতে আমরা প্রেরিত হইলাম। এই কণে ইহারা প্রবেশ করিয়া আপনাদের আগকর্জা প্রকুর মুখসন্দর্শনে পরিতৃপ্ত হইতে বাঞ্ছা করিতেছে। এই কথা শুনিয়া সৈন্যগণ মধুর ধানি পূর্বাক কহিল, মেবশাবকের বিবাহভোজে নিমন্ত্রিত লোকেরা ধন্য। অপর রাজার কতক গুলীন তুরীবাদক শুজ জাজ্লামান বল্লাবৃত হইয়া মর্ডালোকহইতে আগত যাত্রিদের জভার্থনাতে অভি স্প্রাব্যরূপে তুরী বাজাইতে ২ ও সিংহনাদ করিতে ২ তাহাদিগকে ফ্লেটিল, ও তাহাদের তুরীর প্রতিধানিতে শীমন্ত আকাশ পরিপূর্ণ হইল।

এই রূপে স্বর্গহইতে অনেকং লোক আসিয়া তাহা-দের রক্ষার নিমিত্তে চতুম্পার্থে বেরিয়া আনন্দোৎসব পূর্বক অতি উচ্চৈঃখনে মধুর শব্দেতে ভূরী বাজাইতে ২ অন্তরীক পথ দিয়া তাহাদিগকে আগ্বাড়ান লইয়া চলিল। এবং স্থাীয় লোকেরা ভাষ্টদের সহিত সাক্ষাৎ করিতে কতো আনন্দ পূর্মক মাদিয়াছে, মার তাহা-দের সহিত আলাপেই বা কেমন আহ্লাদিত হইরাছে, **छाहा थे छूत्री नाम्यद्वता छूत्रीनामामात्रा गाँविनिगदक** बानाहेट बानिन। जाहाट गर्ननकाति ह्लाकिप्रियत এসনি বোধ হ্ইতে বাগিল, বেন ডাহাদের আগ্বাড়ান লইছে, বৰ্গছ সমুদ্য লোক একেবারে ভালিয়া পড়ি-য়াছে। ভাহাতে বালি লোকেরা দৃতদের দর্শনে ও সূঞাব্য जूतीयक अवस्य नियम अयुक्त, खोमता चर्लाटडरे जाहि, ভাষাদের এমনি নোধ হইছে লাগিল। অপর ভাষারা त्नरे वावररेटक नगत मिरक भारेगा जारिन, जामा-বৈদ্ধ আগসনের জনো নগরের সর্বাত্ত শঞ্চীর বাদ্য হই-জেছে, জানরা নেই স্থানে সর্বাদা এই সকল লোকেতে

আবৃত হইয়া থাকিব। এই রূপ ভাবিয়া তাহারা যখন ঐ ছারের নিকটে গেল, তখন তাহাদের কি পর্যন্ত আ-ছলাদ হইল, তাহা বাক্যদারা নির্ণয় করা যায় না।

এই রূপে তাহারা দ্বার্নিকটে উপস্থিত হইলে দ্বা-রোপরি দৃষ্টি করিয়া স্বর্গ অক্ষরেতে লিখিত এই ২ বাক্য দেখিল, "যাহারা তাঁহার আজ্ঞা পালন করে, তাহারাই ধন্য; কেননা তাহারা অমৃত বৃক্কের অধিকারী হইবে, এবং দ্বার দিয়া নগরে প্রবেশ করিবে।"

অনন্ধর আমি স্বপ্নে দেখিলাম, তাহারা ঐ ছুই তেজস্থি ব্যক্তির আজ্ঞানুসারে দ্বারেতে আজ্ঞান করিল; তাহাতে \*হনোক ও \*মৃসা ও \*এলির প্রভৃতি'কোন ২ লোক দ্বারের ছাতহইতে মুখ বাড়াইয়া দেখিতে লাগিলেন। তাহাতে ঐ ছুই ব্যক্তি কহিলেন, রাজার প্রতি অত্যন্ত শ্লেহপ্রযুক্ত এই যাত্রি লোকেরা \*ধংস্য নগরহইতে আসিয়াছে। এ কথা কহিবামাত্র \* বাত্রিকেরা বাত্রারম্ভ কালে নিজ ২ যে অধি-কারপত্র পাইয়াছিল, তাহা তাঁহাদিগকে অর্পণ করিল। তাঁহারা ঐ পত্র লইয়া পুরীমধ্যে গিয়া মহারাজের হক্তে দিলে পর তিনি পত্র পাঠ ক্রিয়া কহিলেন, সেই লোকেরা কোথায়? তাহাতে তাঁহারা কহিলেন, দ্বারের বাহিরে দাঁড়াইয়া আছে। তথন রাজা কহিলেন, তোমরা দ্বার মুক্ত কর, তাহাতে সভ্যতাসক্ত ধার্ম্মিক জাতি প্রবেশ করিবে।"

অপর আমি স্বপ্নে দেখিলাম, ছার মৃক্ত হইলে পর সেই ছই জন প্রবিষ্ট হইবামাত্র রূপান্তর হইনা স্ব-র্ণের ন্যায় তেজাময় বস্ত্র পরিছিত হইল, এবং তৎ-কালে বীণা ও মুকুটধারি ব্যক্তিরা আসিয়া সমুমের নিমিত্তে তাহাদের মন্তকে মুকুট দিল, এবং স্থতি করণের নিমিত্তে হল্তে বীণা দিল। পরে স্বপ্নে শুনিলাম, আনন্দ প্রযুক্ত রাজধানীর সর্বতে ঘণীক্ষনি হইল, এবং সেই যাত্রিদের প্রতি এই কথা উক্ত হইল, "তোমরা আপন প্রভুর সুখের ভাগী হও।" এ কথা শুনিয়া তাহারাও উচ্চঃস্বরে এই গান করিতে লাগিল, "সিংহাসনোপবিষ্ট ব্যক্তির প্রতি ও মেষশাবকের প্রতি ধন্যবাদ ও সমুম ও গৌরব ও কর্তৃত্ব অনম্ভ কাল পর্যান্ত বর্তুক।"

এই প্রকারে ঐ যাত্রিকদিগের প্রবেশের নিমিতে যখন ছার মুক্ত হইল, তখন আমি অবকাশ পাইয়া নগরের ভিতরে দৃষ্টি করিয়া দেখিলাম, ঐ নগর স্থর্যার মত তেকোময়, এবং তাছার রাজমার্গ সকল সুবর্ণতে নির্মিত। এবং সেখানে যে২ লোকদিগকে গমনাগমন করিতে দেখিলাম, তাছাদের প্রত্যেকেরই মস্তকে মুকুট এবং হস্তে তালপত্র ও স্তুতি গানার্থক স্থ্নয় বীণা আছে।

আর ঐ স্থানে পক্ষবিশিষ্ট অনেক ২ লোককেও দেখিলাম। তাহারা নিত্য ২ পরস্পর কহে, পবিত্র, পবিত্র, পবিত্র
প্রমেশ্র। পরে দ্বার রুদ্ধ হইলে আমি ঐ সমস্ত দেখিয়া তাহাদের সহিত বাস করিতে বড় ইচ্ছুক হইলাম।

আমি এই সকল বিষয় ভাবিতেছিলাম, ইতোমধ্যে
পশ্চাৎ দৃষ্টি করিয়া দেখিলাম, সেই " অজ্ঞান নামক ব্যক্তি
ক্রমেং নদীতীরে আসিয়া উপস্থিত হইল, আর ঐ ছই
জন বেমন কফ পাইয়াছিল, সে তাহার অর্জেক ক্লেশও
না পাইয়া অতি শীস্তং নদী পার হইয়া আইল। কারণ "বৃথাশ নামক এক জন কর্ণধার সেই স্থানে তখন
নৌকা লইয়াছিল; তাহার সাহায্যে সেই ব্যক্তি অক্লেশে
নদী উত্তীর্গ হইয়া অন্যান্য যাত্রিকদিগের মত দারনিকটে উপস্থিত হইবার জন্যে পর্যতারোহণ করিতে
লাগিল; কিন্তু অন্যদের সাহায্যের নিমিত্তে বেমন
ছই জন তেজস্বি লোক আগমন করিয়াছিলেন, তেমন
তাহার সহায়তা করিতে কেহু আইল মা। অতএব সে

বছ কটেতে পর্বতারোহণ করিয়া দ্বারের নিকটে গিয়া উপস্থিত হইল; পরে দারের উর্দ্ধে ঐ লেখা দেখিয়া, আমি অতি শীভ্র দ্বারে প্রবিষ্ট হইতে পারিব, ইহা ভাবিয়া দারে আঘাত করিতে লাগিল। তখন ছারের উপরহইতে কতক গুলীন লোক জিজাসা করিল, তুমি काथाइटें आरेना, धर कि हार? जाहार तम কহিল, আমি ক্লাজার সাক্ষাতে ভোজন পান করিয়াছি, এবং তিনি আমাদের পথে শিকা দিয়াছেন। তখন তাহারা রাজাকে দেখাইবার নিমিত্তে তাহার অধিকার-পত্র চাহিল। ভাহাতে সে ব্যক্তি আপন বল্লের সর্বত অবেষণ করিয়া পত্র না পাওয়াতে তাহারা জিজাসিল, তোমার নিকটে কি পত্র নাই? ইহাতে সে ব্যক্তির মুখ দিয়া আর বাঙ্নিষ্পতি হইল না। অতএব তাহা-রা মহারাজকে ঐ সংবাদ জ্ঞাত করিলে পর সেই ব্যক্তির সহিত রাজার সাক্ষাৎ করা দূরে থাকুক,বরং \* খ্রীফীয়ান ও \*আশাবানকে যে ছই জন আগ্বাড়ান আনিয়াছিলেন, তাঁ-হাদিগকে তিনি এই আজা দিলেন, তোমরা ঐ \* অজ্ঞানের হস্ত পাদাদি দৃঢ় বন্ধ করিয়া দূরে লইয়া যাও। পরে আমি দেখিলাম, তাঁহারা প্রভুর জাজা পাইয়া ভাহাকে দৃঢ় বন্ধনে আকাশের মধ্য দিয়া লইয়া পর্বতপার্শ্বহ বে ছার আমি দে-থিয়াছিলাম, সেই দ্বারে প্রবেশ করাইল। অভএব \* ধংস্য নগরহইতে যেমন নরকগমনের পথ আছে, তেমনি স্বর্গ-দ্বারের নিকটহইতেও আছে, ইহা আমি জানিতে পারি-লাম। পরে জাগ্রৎ হইলে বুঝিলাম, সকলি স্বপ্ন।

গুরের শেষলোক।

শুন হে পাঠক নিজ স্থাকথা আমি। বলিনু এখন অৰ্থ আমারে কি তুমি॥ কিয়া প্রতিবাসি জনে কিয়া আপনাতে। যোগ্য হও কিয়া নাহি প্রকাশ করিতে॥ কিন্তু ইথে অর্থ যেন ভিন্ন নাহি হয়। বিপরীত অর্থে কভু মক্কল্ল না রয়॥ বরঞ্চ তোমার ইথে মন্দ সম্ভাবনা। বিপরীত অর্থে হয় অনিষ্ট ঘটনা॥

বাফ অর্থ পরিহার গৃঢ় অর্থ ধর।
দৃষ্টান্ত রূপক কিয়া বচন আমার॥
কীড়া বা কোপের হেতু না হক তোমার।
মন্ত শিশু জনে তাহা কোপ বা কীড়ার॥
বিষয় হইতে দেও তুমি ধর সার।
প্রেকৃত তাৎপর্যা লও আমার কথার॥

পর্দা তুলি মধ্য দেখি কর আলোচনা।
ইথে নাহি কান্ত হও মম এ প্রার্থনা॥
ইথে অত্তেষিকো তুমি পাইবা নিশ্চয়।
পূণ্য নরে হিতকর অনেক বিষয়॥

এই গ্রন্থে যদি তুমি ধাতুমল পাও।
সাহসে নির্ভর করি ভাহা কেলি দেও॥
কেবল কনক তুমি যত্ম করি ধর।
সূবর্গস্থপ এই পুস্তক আমার॥
উপরেতে আফাদিত হলেও পিওল।
খোসা হেতু কেহ কভু পরিহরে ফল॥
কিন্তু যদি তুমি সব পরিত্যাগ কর।
স্থান বৃত্তান্ত তবে কহিব অপর॥

প্ৰথম ভাগ সমাপ্ত।

## যাত্রিকের গতি।

## ৰিতীয় ভাগ।

----

## ১ অধ্যায়।

হে প্রিয় পাঠকগণ, "খুীভীয়ান নামক বাত্রিক, এবং স্থার্গরাজ্যের প্রতি ভাহার যে সক্ষট গমন, ভদ্বিয়ে যে স্থা আমি পূর্বে দেখিয়াছিলাম, ভাহা ব্যক্ত করিয়া কহাতে ভোমাদের হিত এবং আমারও সন্তোব জ্যাছিল। এবং "খুীভীয়ানের সহিত ভাহার জ্রী ও সন্তানেরা গমন করিতে কোন মতে সম্মত না হওয়াতে ভাহাকে যে একাকী বাত্রা করিতে হইয়াছিল, কলতঃ ভাহাদের সহিত "ধ্বংস্যনগরে থাকিলে আপনার ধ্বংস অবশ্য ঘটিবে, এই আশক্ষায় সে নগরে বাস করিতে না পারাতে সে বে ভাহাদিগকে ভাগে করিয়া গিয়াছিল, ইহাও ভোমাদিগকে ভখন জ্ঞাত করিয়াছিলাম।

অপর অনেক কার্য্য প্রযুক্ত সেই অঞ্চলে গমন করিতে
আমার অবকাশ না থাকাতে "খুমিটীয়ানের পরিত্যক্ত
পরিজনের বিষয় অনুসন্ধান করিয়া বিষরণ করিতে এতাবৎ
কাল পর্যান্ত আমার ক্ষমতা হয় নাই। পরস্ক অপ্প দিবস
হইল, কোন কর্মোপলক্ষে সে অঞ্চলে যাইবার প্রয়োজন
হওয়াতে আমি তথায় পুনর্বার গমন করিলাম; তাহাতে
তরগরের কিঞ্চিৎ দূরে এক অরণ্যমধ্যে রাতি বাপন করিয়া
নিদ্রা সময়ে পুনর্বার স্বপ্ন দেখিলাম।

ঐ স্বপ্নে আমি দেখিলাম যেন এক প্রবীণ লোক আ-মার শয়নস্থান দিয়া যাইতেছে, এবং আমার গস্তব্য পথে তাহাকে গমন করিছে দৈখিয়া আমি যেন উঠিয়া তা-হার সহিত গমন করিলাম।

পরে যাইতে ২ পথিকেরা বেমন করিয়া থাকে, সেই
রূপ আমরাও পরস্পর করেই কথাজিজ্ঞাসা করিলাম।
বিশেষতঃ আমি ঐ বৃদ্ধকে এই কথাজিজ্ঞাসা করিলাম,
হে মহাশয়, ঐ নিমুভূমিতে আমাদের গন্তব্য পথের বাম
পাথে কোন নগর দেখা যাইতেছে? তাহাতে " বুদ্ধিমান
নামক ঐ ব্যক্তি কহিল, উহার নাম " ঋংসানগর; সে বছপ্রেজ দেশ বটে, কিন্তু তথাকার লোকেরা অতি অলস
ও তুর্দশাগ্রস্ত।

ইহাতে আমি কহিলাম, আমারও বোধ হইল, ঐ সে নগরই বটে। ঐ নগরের মধ্য দিয়া আমি এক বার গমন করিফ্লাছিলাম, তাহাতে তথাকার লোকদের বিষয়ে তুমি যাহা বলিলা, তাহা যে সত্য, ইহা জানি।

\* বুদ্ধিমান কহিল, হায় ! তাহাদের প্রশংসা করিতে পারিলে ভাল হইত, কিন্তু সতাই কহা উচিত।

তখন আমি কহিলাম, হে মহাশয়, আমি দেখিতেছি, আপনি সজ্জন। উত্তম বিষয় কথনে ও শ্রুবণে আপনকার সুখ বোধ হয়। অতথ্য নিবেদন করি, ঐ নগরনিবাসি শুশীন্টীরান নামে যে এক ব্যক্তি পূর্বে উর্দ্ধরাজ্যে গমন করিয়াছিল, তাহার বৃত্তান্ত কি আপনি শুনিয়াছেন?

\* বুদ্ধিমান কহিল, শুনি নাই কেন? তাছার ক্লেশ ও বিপত্তি: ও মুদ্ধ ও বন্দিত্ব ও ক্রন্দন ও আর্ত্তনাদ ও ভয় ও ; আশকা ইত্যাদি বাছা ২ পথিমধ্যে ঘটিয়াছিল, সে সক্লেই, আমি প্রবণ করিয়াছি। তদ্ভিদ্ন আমাদের তাধন্দেশ তদ্ভিষয়ক জনরবে পরিপূর্ণ ইইয়াছে জানিবা। এবং যে

সকল লোক তাহার ও তাহার কার্য্যের বিষয় এক বার শুনিয়াছে, তাহারা প্রায় সকলে অনুসন্ধান করিয়া তদৃতান্ত পৃস্তক পাইতে লুটি করে নাই। অধিক কি কহিব? তাহার যাত্রা এমত সঙ্কটাপন হইলেও অনেকে তাহার প্রশংসা করিভেছে। এ দেশে বাস করণ সময়ে সকলে তাহাকে উন্মত কহিত, কিন্তু এই কলে সে হা-নান্তরগত হওয়াতে সকলের প্রশংসা পাত হইয়াছে। ফলতঃ এমত উক্ত আছে, সে এখন পরম সুখে কাল যাপন করিতেছে। আর যাহারা তাহার ন্যায় কট ভোগ করিতে নিতান্ত অসম্মত, এই কৰে তাহার লক্ষ ফল দর্শনে তা-হাদেরও মুখ দিয়া লাল পড়িতেছে।

তাহাতে আমি কহিলাম, তাহারা যথার্থ বুঝিলে অবশ্য ইছা বুঝিবে যে সে এখন পরম সুখে বাস করিতেছে। বেছেজুক সে অমৃত প্রজ্ঞবনের সলিধানে অবস্থিতি কর্ত পরিশ্রম ও পরিতাপ ব্যতিরেকে প্রাপ্ত বিষয় ভোগ করি-তেছে, তাহার সুখ আর হুঃখমিঞ্জিত নছে। সে যাহা ছউক, বল দেখি লোকেরা এখন তাছার বিষয়ে কি রূপ কথাবার্তা কছে?

\* বৃদ্ধিমান কহিল, অদ্ভুত কথাবার্ডা কছে। কেই ২ বলে, সে এখন শুভু বস্ত্র পরিধান করিয়া গমনাগমন করে, আর তাহার গলদেশে সুবর্ণ হার সুশোভিত আছে, এবং নে মুক্তাপচিত স্থানুকুট মস্তকে ধারণ করে। অপর কেছ ২ करह, बाजाकारल रव जकल राज्यामा श्रेकरवर्ता कथन र ভাহাকে দর্শন দিতেম, ভাঁহারা সম্পৃতি ভাহার সহবানী কইয়াছেন। এবং এ স্থানে প্রতিবাসিদের পরস্পর যেমত জ্মোলাপ হইয়া থাকে, সেই রূপে সে স্থানে ভাঁহাদের সহিত তাহার প্রেমালাপ হইতেছে। এতদ্বি ভাহার বিষয়ে ইছাও জানা গিয়াছে, সে যে স্থানে বাস করে,

তথাকার রাজা নিজ রাজবাটীর মধ্যে তাহাকে অতি
মনোরম্য রত্ময় বাসস্থান প্রদান করিয়াছেন, এবং
সে রাজার সহিত নিতাং ভোজন পান ও গমনাগমন
ও কথোপকথন করত তাঁহার আনন্দ ও অনুগ্রহপাত
হইয়াছে। তঘাতীত কেহং এমনও অনুমান করে যে
তাহার যাত্রী ইওনের উদ্যোগকালে তাহার প্রতিবাসিরা
তাহাকে বে হেয়জান ও পরিহাস করিয়াছিল, সেই নিমিত্তে তদ্দেশাধিপত্তি ভাহার প্রভু অবিলয়ে এই অঞ্লে
আগমন করিয়া তাহাদের বিহিত বিচার করিবেন। যেহেতু তাহারা কহে, সে এই কলে রাজার এমত রেহপাত
হইয়াছে, যে যাত্রাকালে তাহার যে সকল অপমান
হইয়াছিল, রাজা সে সকল নিজাপমান জ্ঞান করিয়া ত্রায়
তাহার প্রতিকল দিবেন। ইহাতে আশ্চর্যা কিই বেহেতুক
রাজার প্রতি প্রেম করণ প্রযুক্ত তৎকালে " খ্রীকীয়ান
প্রাণপণে যাত্রা করিয়াছিল।

তাহাতে আদি কহিলান, তাহা সভ্য বটে; আর এই
সকল শুনিরা আমি অতি সন্তুট হইলান, যেহেতুক ঐ
সন্তাপসহিঞ্ ব্যক্তি এখন আত্মপরিশ্রমহইতে বিশ্রান পাইয়া পরমাহলাদে অশ্রুপাতের ফল ভোগ করিতেছে, এবং
শত্রুদিগের অস্ত্রপথের বহির্ভূত হইয়া সকল আপদহইতে
সন্পূর্ণরূপে মুক্তি পাইয়াছে। তদ্কির এই সকল জনরব
এ দেশে যে ব্যাপিয়াছে, তাহাও সন্তোবের কারণ, কেননা
তদ্গারা অবশিক লোকদেরও শুভ ফল দর্শিতে পারে। হে
মহাশ্রম, ইহাতে আমার মনে একটা কথা উদয় হওয়াতে এই ক্লে জিজ্ঞাসা করি, "খ্রীফানের ল্লী ও পুত্রদেশ্ববিষর কি আপনি কিছু শুনিয়াছেন? আহা! সেই
ক্লিক্টানেরা এত দিন না জানি কি করিতেছে।

ভাহাতে \* वृक्तिमान कश्लि, त्क? \* श्रीकीमानीत ও

তাহার সম্ভানদের কথা কহিতেছ? "খুীফীয়ানের বেমন সদাতি হইয়াছে, তেমনই তাহাদেরও হইবার বিলক্ষণ সভীবনা আছে। যেহেতুক তাহারা প্রথমে নির্মোধের ন্যায় ব্যবহার করিয়া "খুীফীয়ানের নেত্রজলে ও কাকুজিতে প্রবোধিত হইতে অস্বীকার করিলেও উত্তর ভাব্যভাবনাতে তাহাদের মন আশ্চর্যা রূপে আকৃষ্ট হওয়াতে তাহারাও বোচ্কা বান্ধিয়া তাহার পশ্চাৎ চলিয়া গিয়াছে। তাহারও আমি কহিলাম, কি আনন্দের কথা! তাহার স্ত্রী প্রত্র সকলেই কি গিয়াছে?

\* বুদ্ধিমান কহিল, হাঁ, সকলেই গিয়াছে। আমি তাহা বিলক্ষণ জানি; বেহেতুক সে সময়ে আমি সে স্থানে থাকাতে তদ্বিষয় উত্তমরূপে অবগত হইয়াছিলাম।

তাহাতে আমি কহিলাম, তবে এ কথা যে সত্য, এমত ব্যক্ত করা যাইতে পারে ?

\* বৃদ্ধিমান কহিল, হাঁ, তাহা প্রকাশ করিতে তোমার কোন ভর নাই। আমি নিশ্চয় কহিতেছি, ঐ স্ত্রী ও তাহার চারি পুত্র নকলে সেই যাত্রায় প্রকৃত্ত হইয়াছে। আর আমি দেখিতেছি, আমাকে ও তোমাকে আরও অনেক দূর পর্যান্ত একত্র যাইতে হইবে; অতএব এই অবসরে সে সমস্ত বৃত্তান্ত তোমাকে জানাই।

দেখ, সেই জ্রীর নাম শুমীয়ানী। যে দিবসাবধি
সে আপন সন্তান সমতিব্যাহারে বাজায় প্রবৃত্তা হইল,
তদবধি তাহার ঐ নাম হইয়াছে। তাহার স্বামী নদী
পার হইলে পর তাহার আর সংবাদ না পাওয়াতে
ঐ জ্রীর মন অতিশয় উৎক্তিত হইতে লাগিল, কারণ
তাহার স্বামী লোকান্তর্গত এবং বিবাহরূপ প্রেমবন্ধন
ছিল হইয়াছিল। তুমি তো জ্ঞান, অতি প্রিয় আাথ্রীয় লোকের বিচ্ছেদে গুরুতর চিস্তার উদয় মনোমধ্যে স্কভাবতই

হইয়া থাকে। অতএব স্বামির বিয়োগ তাহার অধিক ष्यक्रभारतत कातन इहेन। अधिक छ " श्रीकी ग्रानी मरन र এরূপ ভাবিতে লাগিল, কি জানি, স্বামির প্রতি আমার অবিহিত ব্যবহার প্রযুক্ত তিনি আমার দৃষ্টিগোচরছইতে অপহত হইলেন। এবস্পুকার চিন্তা করাতে তাহার প্রিয় স্বামির প্রতি সে যে সকল নির্দয় ও অসঙ্গত অধর্মাচরণ করিয়াছিল, সেই সকল ঝাঁকে ২ তাহার মনে পড়িতে লাগিল, তাহাতে তাহার অন্তঃকরণ সন্তাপিত হুইয়া তাহাকে দোষী করিল। অধিকন্ত স্বামির অনবরত আর্ত্ত-নাদ ও অজস্ৰ অঞ্পাত এবং তীব্ৰ বিলাপ ও কাকৃন্তি স্মরণ হওয়াতে, এবং তাছার সহিত গমনার্থে স্বামী তাহাকে ও তাহার সম্ভানদিগকে প্রেম ও বিনয় পূর্বক প্রবোধ দিলে সে যে কাচিন্য প্রকাশ করিয়াছিল, তা-হাও মনে পড়াতে তাহার হৃদয় বিদীর্ণ হইল। তদ্তিয় \*খুীফীয়ান যথন পৃষ্ঠদেশে গুরুতর ভারাক্রান্ত ছিল, তথন সে ভাহাকে যাহা২ কহিয়াছিল, কিয়া ভাহার সমক্ষে যাহা ২ করিয়াছিল, ১৫স সকল বিষয়ের স্মারণ বিছ্যুতের আভার ন্যায় আসিয়া তাহার মন দথ্য করিল। বিশেষতঃ जानार्थ आमि कि कतिय? "शुंधीश्रादनत এই विनाशवा-কোর প্রতিধানিতে তাহার কর্ণ শিহরিয়া উচিল। তদনন্তর সে আপন সন্তানদিগকে কহিল, ছে পুত্রগণ, বুঝি আমা-দের সর্বনাশ উপস্থিত হইল। আমি পাপাচরণদারা তো-মাদের পিতাকে দূর করিয়া দেওয়াতে তিনি গিয়াছেন। তিনি আমাদিগকে नम् लहेग्रा याहेत् हाहिग्राहित्नन, কিন্তু আমি অসমতা হইয়া অনম্ভ জীবন প্রাপ্তি বিষয়ে তোমাদিগেরও বাধা জন্মাইলাম। এই সকল কথা শুনিয়া বাল্লকেরা অঞ্পাত পূর্মক পিতার পশ্চাৎ গমনার্থে কন্দন করিতে লাগিল। তাছাতে \* ধীফীয়ানী কহিল, হায়!

তাঁহার সহিত গেলে আমাদের মঙ্গল হইত; বোধ হয় সম্পৃতি যাইতে কট হইবে। পূর্ব্ধে আমি নির্ব্বোধ প্রযুক্ত তোমাদের পিতার ছঃখ বিষয়ে অনুমান করিয়াছিলাম, সে সকল কেবল মনোবৈকলাের কিয়া বায়ুরোগের ফল। এই ক্ষণে আমি নিশ্চয় বুঝিলাম, সে সমস্ত অন্য কারণে হইয়াছিল, অর্থাৎ তাঁহার প্রতি অমস্ত জীবনের দীপ্তি প্রদত্ত হইয়াছিল; বোধ হয় সেই জ্ঞানের সহকারে তিনি মৃত্যুপাশহইতে মুক্ত হইয়াছেন। ইহাতে তাহারা সকলে পুনর্বার রোদন করত অতি উচ্চৈঃস্বরে কহিতে লাগিল, হায়! অদ্য আমাদের কি মনস্তাপের দিবস!

পর রাত্রিতে \* খ্রীফীয়ানী এক স্বপ্ন দেখিল, যেন এক প্রশস্ত চর্ম্মপটী তাহার সম্মুখে বিস্তার্গ হইল; তন্মধ্যে তাহার তাবং ক্রিয়ার সংখ্যা নির্ণীত ছিল, এবং তাহার দোষের সঙ্কলন ক্ষবর্ণ মেঘের ন্যায় দৃফ হইল। তাহাতে সে নিদ্রাতে অতি উল্লৈঃস্বরে কহিল, হে ঈশ্বর, পাপিষ্ঠা যে আমি, আমার প্রতি দয়া করুন। তাহাতে তাহার এই কাতরোজি বালকের। শুনিল।

তৎপরে সে দেখিল, যেন অতি কুৎসিতাকার ছুই ব্যক্তি তাহার শ্যার নিকটে দণ্ডায়মান হইয়া কহিতে লাগিল, এই স্ত্রীলোকের প্রতি কি করিব? যেহেতুক জাগ্রৎ বা নিদ্রা সময়ে সর্বাদা দয়া পাইবার আকাজ্জাতে এ কন্দন করিতেছে। ইহাকে যদি নিধৃত্ত করা না যায়, তবে ইহার স্থামিকে যেমন হারাইয়াছি, তেমনি ইহাকেও হারাইব। অতএব পারত্রিক বিষয়ের ভাবনাহইতে ইহাকে বিরক্ত করণের উপায় চেন্টা পাইতে হইবে, নতুবা এ যাত্রিকী হইবে, জগৎসংসারের লোক ইহাকে রাখিতে পারিবেনা।

এই রূপ স্বপ্ন দর্শনে তাহার ঘর্মাক্ত শরীর থর ধর

করিয়া কল্পমান ছইলে নিদ্রাভক ছইল। পরে পুনর্বার নিদ্রা ছইলে সে দেখিল, যেন তাহার স্বামী "পুটিয়ান আনন্দময় স্থানে অমরগণের মধ্যে দাঁড়াইয়া মেঘধনুকরপ মুকুটে ভূষিত সিংছাসনোপবিষ্ট এক ব্যক্তির সমীপে বীণাযন্তে গান করিতেছে। সে আরও দেখিল যেন তাহার স্বামী অবনতমন্তক ছইয়া মহারাজের চরণাধঃ- স্থিত রত্নখচিত প্রস্তর্রান্তরণাতিমুখ ছইয়া প্রণতি করত কহিতেছে, হে আমার প্রভো, হে আমার রাজন্, আমাকে যে এ স্থানে আনমন করিয়াছেন, এ জনো আমি তাবৎ অন্তঃকরণের সহিত আপনকার ধন্যবাদ করি। এই কথা কহিবামাত্র চতুর্দিণে দণ্ডায়মান লোকসমূহ উচ্চৈঃস্বরে জয়ধনি করত বীণা বাদন করিতে লাগিল; কিন্তু তাহারা কি কহিল, তাহা ঐ "পুটিয়ান এবং তাহার সঙ্কিগ বিনা আর কেছ বুঝিতে পারিল না।

পরদিবদ প্রাতে "থুখি যানী গাতোখান পূর্ব্ব ঈশবের
নিকটে প্রার্থনা করিয়া সম্ভানদিগের সহিত কথোপকথন
করিতেছিল, ইতোমধ্যে কোন ব্যক্তি আসিয়া ছারেডে
অতিশয় আঘাত করিলে ঐ ক্রী কহিল, আপনি যদি
ঈশবের নামে আগমন করিয়া থাকেন, তবে গৃহমধ্যে
পদার্পণ করুন। তাহাতে সে আমেন্ বলিয়া ছার মোচন
করিল, এবং এ গৃহের মঙ্গল হউক, এই কথা কহিয়া
তাহাকে সম্ভাম করিয়া জিজ্ঞানা করিল, হে "খুটীয়ানি,
আমি কি নিমিতে আসিয়াছি, ইহা কি তুমি জান? তাহাতে সে সলজা ও কম্পমানা হইল, এবং তিনি কোথাহুইতে আসিয়া কি সমাচার আনিতেছেন, তাহা জানিতে
তাহার মন অতি রাগ্র হুইল। তাহাতে তিনি কহিলেন,
আমার নাম "নিগৃঢ়; উর্ন্নাসিদিগের মধ্যে আমি বসতি
করি। স্থামার বসতিনগরে এমত জনরব হুইয়াছে বে



ভূমি সে স্থানে যাইতে বাসনা করিতেছ; এবং ভূমি পূর্বে সেই যাতার প্রতিকৃলে নিজ অন্তঃকরণ কঠিন করিয়া স্বামির বে অনিট করিয়াছ, এবং বালকদিগকে মূর্পতা-বস্থায় রাখিয়াছ, এখন সে বিষয়ে তোমার চেতনা জন্মিল, এমত জনশ্রুতিও হইতেছে। অতএব হে \* খ্রীফীয়ানি, কুপানিধি প্রভু আমাকে পাঠাইয়া, তিনি পাপক্ষমা করিতে সর্বদা উদ্যত আছেন, এবং পাপক্ষমার বাছলো তাঁহার পরম সম্ভোষ জন্মে, এই কথা তোমাকে জানাইতে আজ্ঞা দিয়াছেন। তদ্ভিন্ন তিনি তোমাকে তাঁহার নিকটে যাইতে ও তাঁহার সহিত ভোজন পান করিতে আহ্বান করিতে-ছেন। ইহাতে তুমি সম্মতা হইলে তিনি নিজ বাটীর উভ্য দ্রব্য ও তোমার পিতা যাকুবের অধিকার দিয়া তোমাকে ভৃপ্ত করিবেন, ইহা জানিবা। সেই দৃত আরও কহিল, যিনি দর্শনকারির জীবনদায়ী, তাঁহার জীমুখ ভোমার গত স্বামী " খুীফারান এবং তাছার লক্ষ্য সহচর সদাকাল দৃষ্টি করিতেছে। পিতৃগৃহের ছারে তোমার পাদবিকে-পের শব্দ শুনিলে তাহারা সকলেই আহ্লাদিত হইবে।

এই কথা শুনিয়া " খুীফীয়ানী অন্তরে অত্যন্ত লক্ষিতা প্রযুক্ত ভূমিষ্ঠা হইয়া প্রণাম করিল। অপর ঐ দৃত এক পত্র বাহির করিয়া কহিল, তোমার স্থামির রাজাহইতে তোনার নিকটে এই পত্রও জ্ঞানিলাম। তাহাতে সে তাহা গ্রহণ করিয়া খুলিবামাত্র তাহাহইতে অত্যুত্তম সুগন্ধি জব্যের সৌরভ নির্গত হইল, এবং তাহা স্থাক্ষরে লিখিত ছিল। ঐ পত্রের মর্ম্ম এই যে জোমার স্থামী " খুীফীয়ান যাহা করিয়াছিল, তুমিও তাহা কর। আমার রাজধানীতে আগমন করিবার এবং আমার সাক্ষাতে চিরকাল আনন্দে বাস করিবার সেই একমাত্র উপায় জানিবা। এই কথাতে ঐ স্ত্রী আনন্দেতে পরিপুর্ধা হইয়া ঐ দৃতকে কহিল,

হে মহাশয়, রাজার দেবা করণার্থে আমাকে ও আমার সন্তানদিগকে সঙ্গে করিয়া লইয়া বাইতে আপনি কি সন্মত হইবেন?

ইহাতে ঐ দূত কছিল, হে " খ্রীফীয়ানি, মিফের অগ্রে তিব্ধ বস্তু খাইতে হয়। তোমার পূর্বে যে স্থামী গমন করিয়াছে, তাহার ন্যায় তোমাকেও বছ ছু:খ ও কন্ট ভোগ করিয়া স্বর্গীয় নগরে প্রবেশ করিতে হইবে। অতথব তোমাকে এই পরামর্শ দিই, তোমার স্থামী " খ্রী-ফীয়ান যেমত করিয়াছিল, তুমিও সেই রূপ কর। ফলতঃ মাঠের প্রান্তভাগে ঐ যে ক্ষুদ্র দ্বার আছে, তুমি সেই দ্বারে যাও; বেহেতুক তোমার গন্তব্য পথের মাধায় সেই দ্বার আছে। ঐ পথে তোমার শুভগতি হউক। তদ্বিশ্ব আমি তোমাকে এই পরামর্শ দিই, তুমি এই পত্র আপন বক্ষঃস্থলে রাখিয়া যাবৎ কণ্ঠস্থ না হয়, তাবৎ আপনি পাঠ কর ও আপন সন্তানদিগকেও শুনাও, যেহেতুক ভোমার যাত্রাবস্থার সময়ে যে সকল গীত গাইতে হয়, তাহার মধ্যে এই এক গীত, এবং পথের শেষদ্বারে তো-মাকে এই পত্র অর্পন করিতে হইবে।

অপর আমি স্থপে দেখিলাম যেন ঐ ব্দ্ধিমান মহাশায় আমাকে ঐ উপাখান কহিতে হ আপনি আর্দ্রচিত
ছইলেন। সে বাহা হউক, কিঞ্চিৎ কাল পরে তিনি ঐ
প্রেক্ত পুনরারস্ত করিয়া কহিলেন, দূত প্রস্থান করিলে
পরে ব্র্যাইীয়ানী আপন পুত্রদিগকে ডাকিয়া এই কথা
কহিতে লাগিল, হে আমার পুত্রগণ, ভোমাদের পিভার
মৃত্যু-বিষয়েতে আমার প্রাণ অতিশয় ব্যাকৃল ছইয়াছে,
ইহা ভোমরা অবশ্য দেখিয়া থাকিবা। তিনি সম্পৃতি
সুখে বাস করিতেছেন, এ বিষয়ে আমার সন্দেহ নাই, বরঞ্চ
তাহার, মুক্তল ছইয়াছে, ইহা আমি নিশ্চয় জানি। কিন্তু

আমার ও তোমাদিগের পার্মার্থিক অবস্থার বিষয়ে আমি বড় চিন্তিত হইরাছি, বেহেতুক আমাদিগের এই অবস্থা যে নিতান্ত মনদ, একত আমার দৃচ বোধ হয়। আর তোমাদের পিতার ছুঃখের সময়ে তাঁহার প্রতি আমার যে ব্যবহার হইয়াছিল, তাহা আমার অন্তঃকরণে গুরুতর আক্ষেপের কারণ হইলাছে, যেহেতৃক তাঁহার প্রতি আমি আপনার এবং তোমাদের মন কঠিন করিয়া তাঁ-হার সহিত যাতা করিতে নিতান্ত অস্বীকার করিয়াছিলাম। এই সকল চিস্তাতে অবশ্য আমার প্রাণবিয়োগ ছইত, কিন্তু গত রাজিতে আমি ষে স্থন্ন দেখিয়াছি, এবং অদ্য প্রাতে এই বিদেশি ব্যক্তি আমাকে যে কথা কহিয়াছেন, তাহাতে কিঞ্চিৎ আশ্বাস পাইয়াছি। অতএব হে আমার পুত্রগণ, আইস আমরা তপৌ বান্ধিয়া স্বর্গরাজ্যের দ্বারা-ভিযুবে গমন করি। তাহা হইলে তোমাদের পিতার দর্শন পাইয়া তদেশের রীতানুসারে তাঁহার সহিত ও তাঁহার সহবাসিদিগের সহিত কুশলে অবস্থিতি করিতে পারিব।

মাতার অন্তঃকরণ এতজ্ঞপ নত দেখিয়া " খ্রীফীয়ানীর সন্তানদিগের নেতে আনন্দবারি বহিতে লাগিল। পরে ঐ দূত বিদায় হইলে ভাহারা যাতার্থে আয়োজন করিতে লাগিল।

এই রূপে তাভারা প্রস্থান করিতে উদ্যত হইলে "খ্রীইটীয়ানীর দুই জন প্রতিবাসিনী ভাহার গৃহে আসিয়া
ছারে আঘাত করিতে লাগিল। তাভাতে "খ্রীফীয়ানী
ভাহাদের প্রতিও এই রূপ উত্তর করিল, ভোমরা যদি
ইশ্বরের নামে আসিয়া থাক, ভবে গৃহে প্রবেশ কর।
ইছা শুনিয়া ঐ ব্রীলোকেরা অবাক্ হইল, কেননা পূর্বের
ভাহারা "খ্রিফীয়ানীর কিছা অন্য কাভারও প্রমুখাৎ
এতদ্রপ কথা কথন শ্রুব্ন করে নাই। যাহা হুউক, ভা-

হার। গৃহে প্রবেশ করিয়া দেখিল যে সে আপন গৃহ পরিত্যাগ করিয়া যাইতে আয়োজন করিতেছে।

তাহাতে তাহার। কহিল, এই সকলের তাৎপর্যা কি?

"খাটীয়ানী উত্তর করিয়া "ভয়শীলা নামে তাহাদের
মধ্যে জ্যেষ্ঠা জ্রীকে কহিল, আমি যাত্রা করণার্থে প্রস্তুত্ত
হইতেছি। যে "ভয়শীল "ছুর্গম নামক পর্বতে "খ্রী
টীয়ানের সহিত মিলিত হইয়া সিংহের ভয় প্রযুক্ত
তাহাকে ফিরাইতে চেক্টা করিয়াছিল, ঐ "ভয়শীলা সেই
ব্যক্তির কন্যা জানিবা।

- " ভয়শীলা জিজ্ঞাসা করিল, কোন্ যাতা করিবা?
- " খ্রীফীয়ানী কহিল, আমার প্রিয় স্বামির পশ্চাৎ গমন করিব। এই কথা কহিয়া ক্রন্দন করিতে লাগিল।
- ভরশীলা কহিল, হায় প্রতিবাসিনি! এমত বেন না হয়! আমি তোমার প্রিয় সন্তানগণের হিতার্থে বিনতি করি, এই রূপ অবিবেচিকা হইয়া আপনার অনিউ আ-পনি করিও না।
- \* খ্রীফীয়ানী কহিল, আমার সস্তানেরাও আমার সহিত যাইবে; ভাছাদের এক প্রাণীও পশ্চাৎ থাকিতে ইচ্চুক নয়।
- \* ভয়শীলা কছিল, ছায়! এ কি আশ্চর্যা! বল দেখি, কি কারণে কিয়া কাছার প্রামর্শে তোমাদের এমত প্রবৃত্তি জন্মিয়াছে?

তাহাতে সে কছিল, হে প্রতিবাসিনি, আমি যে জ্ঞান পাইয়াছি, ভাষা যদি তুমি পাইতা, তবে অবশ্য আমার সহিত তুমিও গমন করিতা।

করশীলা কহিল, নিবেদন করি, এমন কোন্ স্তন ক্রিপাইয়া তুমি আপন বন্ধু বান্ধবদিগের প্রতি বির্ভা হয়া সকলের অবিদিত দেশে যাইতে উদ্যতা হইলা? শ্রীফীয়ানী উত্তর করিল, বদ্বধি আমার স্বামী আ- মার নিক্টহইতে প্রস্থান করিয়াছেন, বিশেষতঃ যদবধি তিনি নদী পার হইয়াছেন, তদবধি আমার মন অতি ব্যাকুল হইয়াছে। এবং তাঁহার মনোছঃখের সময়ে তাঁহার প্রতি আমি যে সকল নিঠুরাচরণ করিয়াছিলাম, তাহাতেও আমার মনে অধিক খেদ হইতেছে। সে যাহা হউক, তাঁহার তখন যে অবস্থা ছিল, আমার এখন সেই প্রকার অবস্থা হইয়াছে। এই ক্ষণে যাতা ব্যতিরেকে আমার আরু কিছুতেই প্রেয় নাই। গত নিশিতে আমি তাঁহাকে সপ্রে দেখিয়াছিলাম। হায়! তাঁহার সঙ্গে বাসকরিলে আমার প্রাণের মঙ্গল হইড। তিনি এখন তদ্দেশের রাজ্যার সহিত বাস করেন, ও তাঁহার সহিত একাসনে ভোজনোপবেশন করেন, এবং অমরগণের সঙ্গী হইয়াছেন, আর বাসের নিমিত্তে তাঁহাকে এমন বাটী প্রদন্ত হইয়াছে, যে তাহার সহিত তুলনা দিলে পৃথিবীত্ব সর্ব্বোত্তম অট্যালিকা গোময়রাশি বোধ হয়।

ঐ স্থানের অধিপতি আমার নিকটেও লোক পাঠাইয়া এই রূপ প্রতিজ্ঞা জানাইরাছেন, তুমি যদি আমার নিকটে আইস, তবে আমি তোমাকেও স্থান দিব। তাঁহার সেই দৃত এই মাত্র আমার এখানে আসিয়া নিমন্ত্রণপত্র দিয়া চলিয়া গেল। এই কথা কহিয়া সে বক্ষঃস্থলহইতে সেই পত্র বাহির করণ পূর্বক পাঠ করিয়া জিজ্ঞাসা করিল, এখন আর কি আপত্তি করিতে পার?

তাহাতে "ভয়শীলা কহিল, হায়! তোমার ও তোমার স্থানির এ কেমন উন্মন্ততা, যে তোমরা এমত সঙ্কটে যাই-তেছ! তোমার স্থানির যাজারস্ক্রকালে কি ঘটিয়াছিল, তাহা জুরি অবশ্যই শুনিয়াছ, এবং তদ্বিয়ে আমাদের প্রতিবাসি "একওঁইয়া এখনও সাক্ষ্য দিতে পারে, যেহেভুক সে এবং "সুখনমা তাহার সহিত কিঞ্চিৎ দূর গমন করিয়য়ছিল,

কিন্তু সন্ধট দেখিয়া বুদ্ধিমান ব্যক্তির ন্যায় কিরিয়া আইল। এতদ্বির সিংহের সহিত এবং "আপালুয়োন নামক অসুরের সহিত সংঘটনে এবং মৃত্যুচ্ছায়া স্থলীতে তাহার প্রতি যাহা হ ঘটিয়াছিল ইত্যাদি অনেক বিষয় আমরা বারদার এবণ করিয়াছি। এবং "মায়াহটে তাহার বেং আপদ ঘটিয়াছিল, ইহাও তোমার বিশ্বৃত হওয়া উচিত নয়। দেখ,সে পুরুষ হইয়া এই রূপ বিপদগ্রন্ত হইয়াছিল; অবলা স্ত্রীজাতি তুমি কি করিতে পারিবা? আর ইহাও বিবেচনা করিয়া দেখ, এই যে চারিটি সুন্দর বালক, ইহারা তোমার আত্মজ, সুতরাং তোমার মাংস ও অস্থিসরূপ: অত্রব যদ্যাপি তুমি এমত অবিবেকী হইয়া আপনাকে নই করিতে উদ্যত হও, তথাপি তোমার গার্ত্ত্বকরে প্রতি মমতা করিয়া গৃহে থাক।

তাহাতে "খুটিয়ানী উত্তর করিল, হে প্রতিবাসিনি, তুমি আমাকে আর লোভ দেখাইও না। লাভ করিবার নিমিতে আমার হস্তে মূলধন দত হইয়াছে; অতএব যদি ভীতা হইয়া এই সুষোগ অবহেলা করি, তবে আমি নিতান্ত নিন্দাস্পদ হইব। এবং পথিমধ্যে আমার বেং আপদ ঘটিবে তুমি কহিতেছ, সে সকলেতে আমার উৎসাহতক্ষ হওয়া দূরে থাকুক, বরং তাহা সত্য পথের লক্ষণ বোধ হয়। মিটের অপ্রে তিক্ত বন্তু খাইতে হয়, তাহাতে সে মিউ আরও অধিক মিউ লাগিবে। এই ক্ষণে আমি বুঝিলাম, তোমরা আমার গৃহে ইশ্বরের নামে আইস নাই, অতএব বিনয় করি, আমার বাটীহইতে বহিশ্তিকে, আমাকে আর ব্যক্ত করিও না।

জ্বতে "ভয়শালা "খুফীয়ানীকে তিরকার করিয়া আল্লান সন্দিনীকে কহিল, হে প্রতিবাসিনি "করুণে, আইস, শেক্ষা ইহাকে তাাগ করিয়া যাই। ইহার যাহা ইছা

তাহাই করুক; কেননা এ আমাদের পরামর্শ শুনে না, ও আমাদের সঙ্গ করিভেও ইচ্ছা করে না। কিন্তু. "করুণা প্রতিবাসিনীর এই বাকো ঝটিতি সম্মতা না হইয়া দাঁ-ড়াইয়া রহিল; কারণ " খ্রীফীয়ানীর প্রতি তাহার অতিশয় অনুরাগ হওনেতে সে মনে ২ এমত ভাবিতেছিল, যে আমার প্রতিবাসিনী যদি একান্তই যায়, তবে আমি তা-হার উপকারার্থে ভাছার সহিত কিঞ্চিৎ দূর পর্যান্ত গমন করিব। দ্বিতীয় কারণ এই, নিজ মনের অবস্থা বিষয়ে তাহার ভয় জন্মিয়াছিল; যেহেতুক \* খ্রীফীয়ানী যাহা ২ কহিয়াছিল, সে সকল বাক্য তাহার মনে দৃঢ়রূপে সংলগ্ন হইয়াছিল। অতএব দে মনোমধ্যে ইহাও ভাবিল, আমি " থীটায়ানীর সহিত আরও আলাপ করিয়া যদি তাহার বাক্যে সতা ও জীবন পাই, তবে তাহার সহিত আমিও একাপ্রচিত্তে গমন করিব। তৎপ্রযুক্ত \*করুণা \* ভয়শীলা নামুী প্রতিবাসিনীকে এই রূপ উত্তর দিল, হে প্রতিবাসিনি, আমি 'খীফীয়ানীর সহিত সাক্ষাৎ করিতে তোমার সঙ্গে আইলাম; এখন দেখ, সে আমা-দের এ দেশহইতে একেবারে বিদায় হইতেছে, তরি-মিত্তে আমিও এই নির্মাল প্রভাতে তাহার সহিত কিঞ্চিৎ দুরে গমন করিয়া প্রণয় প্রকাশ করি, এমত অভিলাষ হইতেছে। কিন্তু দে পূর্ব্বাক্ত দ্বিতীয় কারণ ভাহাকে ना कानारेशा मटनामट्या लालन क्रिया दाथिल।

তাহাতে "ভয়শীলা কহিল, ভাল, আমি দেখিতেছি, তুমিও উন্মভার নাার জ্ঞমণ করিতে ভাল বাস; কিন্তু সময় থাকিতে সাবধান ও জ্ঞানবতী হও। সঙ্কটের বাহিরে থাকিলে আম্রা তাহা এড়াইতে পারি, কিন্তু সঙ্কটে প্রবিষ্ট হইলে তন্মধ্যে থাকিতে হয়। এই কথা কহিয়া ভয়শীলা গৃহে প্রত্যাগমন করিল, এবং "খুমিটায়ানী যাতারম্ভ করিলঃ

অপর "ভয়শীলা আপন গৃহে পঁছছিবামাত্রে "পেশ্চকাকী ও অবিবেচিকা, ও "লখুচিতা ও "জ্ঞানহীনা, এতমামে আপনার কতক গুলিন প্রতিবামিনীকে ডাকিয়া পাঠাইল। পরে তাহারা তাহার বাটীতে উপস্থিত হইবামাত্রে সে তাহাদের সাক্ষাতে "প্রীমীয়ানীর ও তাহার
সক্ষণিত যাত্রার বৃত্তান্ত বিবরণ করিতে আরম্ভ করিল।

হে প্রতিবাসিনীগণ, অদ্য প্রাতঃকালে গৃহের অধিক কৰ্ম না থাকাতে আমি "খীফীয়ানীকে দেখিতে গিয়া-ছিলাম, এবং তাহার দ্বারে উপস্থিত হইয়া আমাদের ব্যবহারানুসারে আঘাত করিলাম; তাহাতে সে উত্তর করিয়া কহিল, যদি তুমি ঈশ্বরের নামে আসিয়া থাক, তবে ভিতরে আইস। তাহাতে আমি সকলই মঙ্গল ভাবিয়া গৃহে প্রবেশ করিলাম, কিন্তু গিয়া দেখিলাম, সে এবং তাছার সম্ভানেরা নগর পরিত্যাগ করিয়া যাইতে আয়োজন করিতেছে। তাহাতে আমি জিজ্ঞানা করিলাম, তোমার এ সকল আয়োজনের অভিপ্রায় কি? সে অতি **সংক্রেপে আমাকে কছিল, যে আমার স্থামী যেমন** যাত্রা করিয়াছিলেন, তক্রপ যাত্রা করিতে আমিও স্থির করিয়াছি। এবং সে যে এক স্বপ্ন দেখিয়াছিল, আর তা-হার স্থামির বাসস্থলের রাজা সে দেশে যাওনার্থে তাহার নিকটে যে এক নিমন্ত্রণপত্র পাঠাইয়াছিল, তাহাও আমাকে জ্ঞাত করিল।

এই সকল কথা শুনিয়া "জ্ঞানহীনা জিজ্ঞাসা করিল, এ
কি! সে কি ষাইবে? তোমার কেম্ন বোধ হয়? "ভয়শীলা ক্লুছিল, হাঁ, যাহা হইবার হউক। সে অবশাই
যাইবে, ইহা আমি বিলক্ষণ রূপে জ্ঞাত আছি, কেন্না
গৃহে অবস্থিতি করিতে প্রবৃতি দিবার নিমিতে আমি
বে বিশেষ কারণ দশাইলাম, অর্থাৎ পথে তাহার বে

সকল ক্লেশ ও বিপত্তি ঘটিবে, তছিষয়ে যে সকল বাক্য কহিলান, সে সকলেতে তাহার আশাভঙ্গ হওয়া দূরে থাকুক, বরং গমনোদ্যোগেরই বৃদ্ধি হইল। আর সে আমাকে স্পান্ট কহিল, যে মিন্টের অগ্রে তিক্ত বস্তু থাইতে হয়, তাহাতে সে মিন্ট আরও অধিক মিন্ট লাগিরে।

তখন ' পেচকাক্ষী কহিল, হায়, সে কেনন অন্ধা ও উন্ধাদিনী! তাহার 'স্বামির এতাে বস্ত্রণাতেও তাহার চেতনা
হইল না। যে যাহা মনে করে করুক, কিন্তু আমার
বােধ হয়, যদি তাহার স্বামী এ স্থলে পুনর্বার উপস্থিত
হইত, তবে অক্ষত শরীরে সম্ভূট হইয়া ঘরে থাকিত,
অনর্থক ক্লেশভাগের মধ্যে আর যাইত না।

"অবিবেচিকাও কহিতে লাগিল, এ রূপ বায়ুগ্রস্ত স্থপদর্শিদিগকে নগরহইতে দূর করা ভাল। আমার বোধ হয়,
এমত লোক গেলে আপদ যায়। ঐ স্ত্রী বেথানে আছে,
সেধানে থাকিলে যদি ভাহার এই রূপ মন থাকে,
তবে তাহার নিকটে কে সুখে বাস করিতে পারিবে?
বৈহেতুক সে শোকে নীরব থাকিয়া কাহারও সহিত
আলাপ করিবে না, কিয়া জ্ঞানি লোকদের অসম্ভ প্রসম্ভ
কহিবে। অতএব ভাহার গমনে আমি ক্ষণকালও মনঃকুর্
হইব না। সে বাউক; ভাহার স্থানে কোন উত্তম লোক
আইসুক। যাবৎ এ সংসারে এমন উন্ধত্ত লোক বাস করে,
ভাবৎ কখনও সুখ বোধ হয় না।

পরে " লবুচিতা কহিল, ও সকল কথা যাইতে দেও। গত কল্য আনি " কামুকী ঠাকুরাণীর বাচীতে গিয়াছিলাম; সে স্থানে আমাদের বড় রক্ষরত হইল। সে স্থলে কে হ ছিল জান? না, আমি এবং "ইন্দ্রিয়াসকা ও ভাছার ভিন চারি স্থী, তদ্ভিন্ন "লম্পট মহাশ্য ও "মলিন-যুক্তি এবং আরু ২ কএক জন ছিলাম। ভাছাতে আমা- দের বাদ্য বাদন নৃত্য প্রভৃতি অনেক প্রকার আমোদ হইয়াছিল। অতএব আমি জানিলাম বে ঐ গৃহকরী "কামুকী ঠাকুরাণী অতি সুশিক্ষিতা ও সৌজন্যশীলা, এবং "লম্পট মহাশয়ও তেমনই প্রশংসনীয়।

ইতোমধ্যে "খুনিতীয়ানী স্বসন্তানগণ সমভিবাহারে বাতায় প্রবৃত্তা ছিল, এবং "করুণাও তাহার সহিত গমন করিতেছিল। গমন করত "খুনিতীয়ানী এই রূপ কথোপকথন আরম্ভ করিল, হে "করুণে, আমাকে কিজিৎ দূরে অগ্রসর করণার্থে তুমি বে স্বগৃহ ত্যাগ করিয়া আদিবা, এমত আশা আমার ছিল না; ইহাতে আমার প্রতি বড় অনুগ্রহ প্রকাশ হইল।

তাহাতে ঐ অপেবয়স্থা <sup>\*</sup> করুণা কহিল, তোমাদের সহিত গমনে আমার বাঞ্ছিত ফল দর্শিবে, ইহার প্রমাণ পাইলে আমি ঐ নগরে কখনও ফিরিয়া বাইব না।

ইহা শুনিয়া "খুনিটায়ানী কহিল, ভাল, "করুণে, তবে তুমি আমার সহভাগিনী হও। এই যাত্রার শেষে কিং হইবে, তাহা আমি বিলক্ষণ রূপে জ্ঞাত আছি। আনমার স্বামী এই ক্ষণে যে স্থানে আছেন, সুমেরুর সমস্ত স্থাপ পাইলেও সে স্থান ত্যাগ করিতে চাহিবেন না। আর তুমি আমার নিমন্ত্রণে সে স্থানে গেলে বহিস্কৃতা হইবা না। তথাকার যে রাজা আমাকে ও আমার সন্তাননিগকে আহ্বান করিয়াছেন, তিনি "করুণাকে ভাল বান্সেন। নতুবা মদি ছুমি ভাল বুঝ, তবে আমি বেতন দিয়া ভোষাকে দাসীরূপে লইয়া যাই, তথাপি আমার তাবিষ্থয়ে ভোমার সমান অধিকার থাকিবে। যাহা হউক, কোন মতে আমার সক্ষে হাইতে হইবে।

তাহাতে <sup>\*</sup> করুণা কহিল, আমি বে সে স্থানে অতিথি-রূপ্নো আহা হইব, ইহা কি প্রকারে জানিব? নিশ্চয় কহিতে পারে, এমন কোন ব্যক্তি যদি আমাকে আশ্বাস দেয়, তবে আমি কোন বাধা না মানিয়া সর্বশক্তিমান উপকারকের সাহায্যে অতি ক্লেশজনক দীর্ঘ পথেরও শেষ পর্যান্ত গমন করিব।

\* খ্রীফীয়ানী কছিল, ছে প্রিয় \* করুলে, তবে তোমার কি কর্ত্তব্য, তাহা কহি শুন। ঐ কুদ্র দ্বার পর্যন্ত আ-মার সহিত চল; সে স্থানে আমি তোমার বিষয়ে আরও বিশেষ জিজাসা করিব। সেখানে যদি তুমি আখাস না পাও, তরে তোমাকে স্থানে কিরিয়া 'ঘাইতে দিব; এবং সেই স্থান পর্যন্ত আমাদিগের সহিত গমন করিয়া স্থানার ও আমার সন্তানদের প্রতি যে উপকার করিবা, তাহার পারিতোষিকও তোমাকে দিব।

তখন "করুণা কহিল, ভাল, আমি যাই, তাহাতে আমার প্রতি যাহা ঘটে ঘটুক, এবং স্বর্গীয় প্রভুর অভি-মতান্সারে সেই স্থানে আমার সৌভাগ্য হউক।

এই বাক্যে "পুষ্টীয়ানীর অন্তঃকরণে অতিশয় আহ্লাদ জন্মিল, কারণ দে এক জন সন্ধিনী পাইয়াছিল, এবং ঐ দীনহীনাকে পরিত্রাণের চেন্টাতে প্রবৃত্তা করিয়াছিল অনস্তর তাহারা একত্র যাইতে হ "করণা রোদন করিতে লাগিল। তাহা দেখিয়া "পুষ্টীয়ানী কহিল, ছে ভগিনি, কেন রোদন করিতেছ?

করণা উত্তর ক্রিল, ক্রায় ২! আমাদের ঐ পাপ পূর্ণ নগরে অবশিষ্ট আমার দীনহীন কুটুধদিগের পাপাবস্থা বিবেচনা করিলে কাহার চক্ষে অপ্রেপাত না হয়? বিশেষতঃ আমার অধিক ছঃখের কারণ এই, যে তাহাদিগকে উপদেশ দিতে কিয়া ভাবি বিষয়ে তাহাদের চেতনা ক্যাইতে কেহই নাই।

" খীফীয়ানী কহিল, দয়া করা যাত্রিদের ধর্ম। তুমি এখন

আপন আত্মীয়দের নিমিত্তে বে রূপ শোক করিতেছ, আমাকে ত্যাগ করিয়া যাওন কালে আমার কুপালু আমী "পুটিনীয়ান তজ্ঞপ শোক করিয়াছিলেন; বিশেষতঃ আমি তাঁছার যাক্যে অবধান করিলাম না, এ প্রযুক্ত অধিক বিলাপ করিয়াছিলেন। যিনি আমাদের ও তাঁছার প্রেড্, তিনি তাঁছার নেত্রবারি একত্র করিয়া নিজ শিশিতে পুরিয়া রাখিলেন। এই ক্ষণে তুমি ও আমি এবং আমার এই প্রিয় বালকগণ আমরা সকলেই তাছার কল ভোগ করিতেছি। হে "করুণে, আমার তরসা আছে বে তোমার এ অপ্রুপতন ব্যর্থ হইবে না, যেহেতৃক বিনি সত্যবাদী, তিনি কহিয়াছেন, "বাছারা কান্দিতে ২ বীজ বপন করে, তাছারা হাসিতে ২ শস্য কাটিবে। যে জনরোদন করিতে ২ বপনীয় বীজ লইয়া বহির্গত হয়, সে হাসিতে ২ আটি লইয়া মরে আসিবে।" গীত ১২৬; ৫,৬। অনস্তর "করুণা এই প্রোক গান করিল, যথা,

পরম প্রভুর যদি ইচ্ছা হয় মোরে।
লইয়া যাউন ভিনি নিজ পুরদ্বারে॥
লইয়া যাইতে ধর্ম্মধরাধরে তাঁর।
পথপ্রদর্শক তিনি হউন আমার ॥
তাঁহার করুণাদন্ত ধর্মপথ হৈতে।
আমি বেন বিস্থা না হই কোন মতে॥
এই মাত্র কুপাদৃটি করুর আমাতে।
যা থাকে অদৃষ্টে তাহা ঘটুক প্রথতে॥
বে সব আজীয়গণ বহিল পশ্চাতে।
কে সব সংগ্রহ প্রভু করুন এ মতে॥
বাহাতে তাহারা মগ্র হয়ে প্রার্থনার।
স্কান্তঃকরণে লয় তোমার আঞ্রেয়॥

## ২ অধ্যায়।

অপর আমার প্রিয় বৃদ্ধ বন্ধু " বুদ্ধিমান মহাশয় এই রূপ आतु वर्गना कतिया कहिरलन, यथन " शुचित्रानी " रेन-রাশ্যপদ্ধের সমীপে উপস্থিতা হইল, তথন তথার স্থািত बरेया करिल, धरे द्वारन आगात थिय सामी शरक নিমগ্ন ছইয়া প্রাণ ছারাইবার সঙ্কটে পড়িয়াছিলেন। অপর সে দেখিল যে যাত্রিদের সুগমার্থে ঐ স্থান সারাইবার নিমিত্তে রাজা আজ্ঞা করিলেও তাহা পূর্বাপেক্ষা আরও মন্দ হইয়াছে। ইহাতে আমি <sup>\*</sup> বুদ্ধিমান মহাশয়কে জিজাসা করিলাম, ইছা কি সত্য? তিনি কছিলেন, ছাঁ, অতি যথার্থ, বেহেতুক আমরা রাজপথ নির্মাণার্থে নিযুক্ত রাজভূতা, এমত অনেকে ছল করিয়া কছে; কিন্তু তা-হারা প্রস্তরাদি আনয়নদারা পথকে উত্তম না করিয়া वतर नाना ध्वकात कक्काल क्लिया चात्र कर्म्या कतिया পাকে। অতথব তথায় "খুমিটীয়ানী ও তাহার সন্তানের। দাঁড়াইয়া রহিল, কিন্তু \*ক্রুণা কহিল, আইস, আমরা সাহস করিয়া গমন করি, কিন্তু সাবধানে আসিও। এই কথাতে তাহারা অতি সাবধানে নিক্ষিপ্ত প্রস্তুরে পাদক্ষেপ করিয়া টলিতে ২ অতি কফে পার হইল। ফলতঃ "খ্রী-ফীয়ানী ছুই এক বার ঐ পদ্ধেতে পতিতাপ্রায় হইল। অপর পার হইবামাত্রই তাহারা যেন কাহারো এই রূপ বাক্য প্রবণ করিল, যথা, "ধন্যা তুমি যে বিশাস করিলা, বেহেভূক ভোষার প্রতি ক্থিত পরমেশ্বরের বাক্য সিদ্ধ হইবে । ? 🕝

অনম্ভর তাহারা পুনর্বার গমনারম্ভ করিলে \*করণা
\* খ্রীফীয়ানীকে কহিল, ঐ ক্ষুদ্র হারে প্রেম পূর্বাক গৃহীত
হইবার বিষয়ে তোমার বেমন আশা করিবার বথার্থ

কারণ আছে, তেমনি যদি আমার থাকিত, তবে আমাকে কাম <sup>\*</sup> নৈরাশ্যপন্ধ ভরসাধীন করিতে পারিত না।

তাহাতে দে কহিল, তোমার ছঃথ ভূমি জান, আমার ছঃথ আমি জানি। হে প্রিয় সখি, গমনের শেব না হইতে ২ আমাদিগকে প্রচুর ক্লেখ ভোগ করিতে হইবে, ইহাজে সন্দেহ নাই। কেননা আমাদের ন্যায় বাহারা জভ্-ইলখর্যা প্রাপ্ত হইতে বাসনা করে, এবং লোকদের মাৎ-সর্যা না মানিয়া পরম সুথ পাইবার চেন্টা করে, তাহারা পথের মধ্যে শত্রুগন কর্তৃক বধাসাধ্য ক্লিফ হইয়া তাস ও আশক্ষা ভোগ করিবে, ইহাতে আশ্চর্যা কি?

অনন্তর "বুদ্ধিনান মহাশয় প্রস্থান করিলে আমি একাকী থাকিয়া স্থপ্ন দেখিলাম, যেন "প্রীফীয়ানী ও " করুণা
এবং বালকেরা পূর্বোক্ত ছারের দিগে গমন করিয়া যখন
নিকটে উপস্থিত হইল, তখন ছারে কি প্রকারে আঘাত
করিতে হইবে, এবং ছারমোচনকারি ব্যক্তির প্রতিই
বা কি বক্তব্য, এতছিষয়ে তাহারা পরস্পর কিঞ্চিৎ বিতর্ক
করিয়া স্থির করিল, যে সর্বক্ষোণ্ঠা প্রযুক্ত "খ্রীফীয়ানীকে সকলের নিমিতে ছার মোচনার্থে আঘাত করিয়া
ছারমোচনকারির সহিত আলাপ করিতে হইবে।

তাহাতে "শ্রীফীয়ানী আঘাত করিতে লাগিল; এবং তাহার স্থামির ন্যায় সেও বারন্ধার আঘাত করিল, কিন্তু কাহারও হইতে উত্তর প্রাপ্তি দৃরে থাকুক, বরং তাহারা বোধ করিল, বেন একটা ভয়কর প্রকাশ্ত কুছুর তাহাকের প্রতি ক্লিক্রন গর্জন করিয়া আসিতেছে। তাহাতে ঐ জীলোকেরা এবং বালকেরা জতি, ভীত হওয়াতে কিন্তিংক কাল পর্যান্ত আঘাত করিতেও সাহস্পাইল না, পাছে ঐ কুছুর তাহাকের উপর বাঁপিয়া পড়ে বা অতএব তাহারা কি কুছুর তাহাকের উপর বাঁপিয়া পড়ে বা অতএব তাহারা কি কুছুরে, কিছু, নিশ্চয় করিতে না পারিয়া বড় উৎক্ষিত

হইল। কেননা কুরুরের ভরে দ্বারে আখাত করিতে তাহাদের সাহস কুলাইল না; এবং যদি ফিরিয়া যায়, তবে পাছে দ্বারপাল ভাহাদিগকে দেখিয়া অসম্ভই হন, এই আশকা জন্মিল। অবশেষে অন্য উপায় না দেখিয়া ভাহারা পুনর্জার আখাত করিতে মনস্থ করিয়া পূর্জানপেকা অভিশয় ব্যগ্রতা পূর্জক আঘাত করাতে দ্বারপাল জিজ্ঞাসিলেন, দ্বারে কে? ভাহাতে ঐ কুরুর নীরব হইল, এবং দ্বারী ভাহাদিগকে দ্বার খুলিয়া দিলেন।

পরে "খাফীয়ানী প্রণাম করিয়া কছিল, রাজদ্বারে আঘাত করণ প্রযুক্ত আমাদের প্রভু যেন আপন দাসী-গণের প্রতি বিরক্ত না হন। তাহাতে দ্বারপাল কছিলেন, তোমরা কোথাছইতে আদিয়াছ? এবং তোমাদের বাঞ্ছাই বা কি? "খাফীয়ানী উত্তর করিল, যে স্থানহইতে যে অভিপ্রায়ে "খাফীয়ান পূর্বের আদিয়াছিল, আমরাও সেই স্থানহইতে সেই অভিপ্রায়ে আদিয়াছিল, আমরাও সেই স্থানহইতে সেই অভিপ্রায়ে আদিয়াছি; ফলতঃ আ-পনকার যদি অনুগ্রহ হয়, তবে স্বর্গীয় রাজধানীতে গমন করিবার নিমিত্তে এই দ্বার দিয়া প্রবেশ করিতে আজ্ঞাকরুন্। আমি উদ্ধ্রণত "খাফীয়ানের স্ত্রী "খাফীয়ানী।

তাহাতে দ্বারপাল বিস্ময়াপন্ন হইয়া কছিলেন, কেমন? যে ব্যক্তি অপপ দিন হইল যাত্রিধর্ম তুচ্ছ করিয়াছিল, সে কি এখন যাত্রিকী হইয়াছে? তাহাতে সে মস্তক নত করিয়া কছিল, ছাঁ, প্রভু, তাহা সতা বটে। আর আমার এই প্রিয় শিশুরাপ্ত যাত্রী হইয়াছে।

তখন ঐ দারপাল " খ্রীফীয়ানীর হস্ত ধরিয়া তালাকে ভিতরে আনিয়া কহিলেন, শিশুদিগকে আমার নিকটে আ-সিতে দেও। এই কথা বলিয়া তিনি দার রুদ্ধ করিয়া ছাতের উপরে স্থিত ভূরীবাদককে ডাকিয়া " খ্রীফীয়া-নীর সন্ত্রমার্থে হর্ষধানিতে ভূরীবাদ্য করিতে আজ্ঞা দিলেন। ভাহাতে সে তাঁহার আজ্ঞানুসারে বাদা করত সূঞাবা ধানিতে আকাশ পূর্ণ করিল।

এতাবং কাল \*করণা দ্বারিকর্তৃক অগ্রাহাা হইবার ভয়েতে কম্পানা হইয়া ক্রন্দন করত বাহিরে দাঁড়াইয়া-ছিল। তাহাতে \*খুীফীয়ানী পুক্রদের দহিত দ্বারে প্রবিষ্টা হইলে পর আপন সন্ধিনী \*করণার নিমিতে এতক্রপে নিবেদন করিতে লাগিল।

হে প্রভো, আমি যে নিমিত্তে এ স্থানে আসিয়াছি, সেই কারণে আগতা আমার এক সহচরী বাহিরে দাঁড়াইয়া রহিয়াছে। আমি আমার স্থামির রাজা কর্তৃক আহৃতা হইয়াছি; কিন্তু সে অনাহৃতা আসিয়াছে, ইহা ভাবিয়া অভিশয় ক্রমনা আছে।

ইত্যবসরে করুণা অতি অধৈর্য হইয়া এক ২ পল সময়কে এক ২ দণ্ড জ্ঞান করিতে লাগিল, এই জন্যে "খ্রীফীয়ানীকে বিস্তারিত রূপে নিবেদন করিবার অবকাশ না দিয়া সে আপনি দারেতে আঘাত করিতে লাগিল। সে এমত শব্দ পূর্বক আঘাত করিল, যে "খ্রীফীয়ানী চমকিয়া উচিল। ভাছাতে দ্বারী জিজ্ঞাসিলেন, ও কে? "শ্রীফীয়ানী কছিল, আমার সখী।

তাহা শুনিয়া বারপাল ধার খুলিয়া দেখিলেন, \* করণা বাহিরে মূর্চ্চিতা হইয়া পড়িয়া আছে; ফলতঃ তাহাকে বার খুলিয়া দিবে না, এই শক্ষায় সে মূর্চ্চাপনা হইয়া-ছিল। তাহাতে বারপাল ভাহার হস্ত ধরিয়া কহিলেন, হে কুমারি, উঠিয়া দাঁড়াও।

ইহাতে লে সচেতন হইয়া কহিল, হে মহাশয়, আমি অতি চুর্মলা হইয়াছি; প্রায় আমাতে প্রাণ নাই। দার-পাল কহিলেন, শুন, পূর্মকালে এক ব্যক্তি কহিয়াছিল, বধা, "আমার অক্তরত প্রতির মৃতিতি হওন সময়ে আমি



পরমেশরকৈ স্মরণ করিলান, এবং আমার প্রার্থনা তো-মার নিকটে জোমার পবিত্র মন্দিরে উপস্থিত হইল।" অতএব, হে কুমারি, শক্ষা করিও না; পায়ে নির্ভর দিয়া দণ্ডায়মানা হও, এবং কি জনো আসিয়াছ তাহা আ-মাকে কহ।

তখন "করণা কহিল, আমার এই সথী "খুফীয়ানী যে বিষয়ের নিদিতে আছ্তা হইয়া আসিয়াছে, আমিও অনাহুজা সেই বিষয়ের নিমিতে আসিয়াছি। ইনি রাজ-কর্তৃক আছুজা হইয়াছেন, আমি কেবল ইঁহারই কর্তৃক আহুজা, এ কারণ সাহস করিতে আমার শক্ষা হয়।

অপর দারপাল জিজাসা করিলেন, "পুর্যিীয়ানী কি তোমাকে এ স্থানে তাহার সঙ্গে আসিতে কহিয়াছিল?

\*করণা কহিল, হাঁ, তাহাই বটে। এবং মহাশয় দেখি-তেছেন, আনি আদিয়াছি; অতএব আপনকার অনুগ্রহ ও ক্ষমান্ত্রণ বৃদ্ধি কিঞ্চিৎ অবশিক্ত থাকে, তবে বিনয় পূর্বাক প্রার্থনা ক্ষ্মি, আপিনি এ দীন হুঃখিনী দাসীকে তাহার ভাগিনী ক্ষ্মন।

তাহাতে দারী পুনর্কার তাহার হস্ত ধরিয়া তাহাকে ধীরে হ ভিতরে লইয়া গিয়া কহিলেন, " যত লোক আন্
নাতে বিশাস করে, সেই সকলের নিমিত্তে আমি প্রার্থনা করি;" কৈ কোন্ উপায়ন্থারা আমার শরণাগত হইয়াছে, ইহা বলিয়া আপত্তি করি না। পরে তিনি নিকটবর্তি লোকদিগকে কহিলেন, "করুণার মুর্জা নিবারণার্থে আণ লইতে কোন সুগন্ধি এবা আনিয়া দেও। তাহাতে তাহারা এক আটি সুগন্ধি অব্যক্তানিয়া দিলে কতক কণ পরে তাহার উপশম হইল।

এতদ্রপে "পুর্মীয়ানী ও তাহার বালকগণ এবং "করুণা" পথের মাধায় প্রভু কর্তৃক গৃহীত হইল, এবং তিনি তা- হাদের সহিত অতি প্রিয় বচনে কথা কহিলেন। তাহাতে তাহারা তাঁহাকে এই নিবেদন করিল, আমাদের পাপের নিমিত্তে আমরা খেদান্বিত আছি, এই জন্যে প্রভুর নিকটে তাহার ক্ষমা যাক্সা করি; আর ইহার পরে আমাদের কি কর্ত্তব্য, তাহাও জানিতে প্রার্থনা করি।

ভাহাতে তিনি কহিলেন, আমি বাক্যদ্বারা এবং কার্যাদ্বারা পাপ ক্ষমা করি; অর্থাৎ বাক্যদ্বারা, কি না ক্ষমার অঞ্চী-কার্য্বারা; আর কার্যাদ্বারা, কি না আমার সাধিত ক্ষমা-প্রোপ্তির উপায়দ্বারা। অতএব বাক্যদ্বারা যে ক্ষমা হয়, তাহা আমার ওঠাধরহইতে চুম্বনের সহিত গ্রহণ কর; এবং কার্যাদ্বারা যে ক্ষমা হয়, তাহা পরে প্রকাশিতব্য মতে গ্রহণ করিবা।

অপর আমি স্বপ্নে দেখিলাম, তিনি তাছাদিগকে অনেকানেক সুবাক্য কহিলে তাছাদের অন্তঃকরণ পরম আ-হ্লাদে প্রফুল হইল। পরে তিনি তাছাদিগকে ছারো-পরিস্থ ছাতে লইয়া গিয়া, যে কার্যাছারা তাছাদের পরিত্রাণ হয়, তাছা দেখাইয়া দিয়া কহিলেন, ইছার পরে পথ গমন সময়ে তোমরা তাছার দর্শন পুনর্বার পাইয়া সাজ্বনাযুক্ত হইবা।

পরে তিনি তাহাদিগকে নীচস্থ এক সুথকর বৈঠকখানায় রাখিয়া কিছু কালের জন্যে প্রস্থান করিলেন; তাহাতে তাহারা পরস্পর কথোপকথন আরম্ভ করিলে "থ্রীফীয়ানী কহিল, আমরা বে এই স্থানে আসিয়া প্রবেশ
করিয়াছি, এ জন্যে আমি অতিশয় আনন্দিতা হইয়াছি।

\* করণা কহিল, এ আনন্দের বিষয় বটে; বিশেষতঃ আ-মারই উল্লাস করা কর্ত্বা। \* প্রীফীয়ানী কহিল, যথন আমি ছারের বাহিরে দাঁড়াইয়া আঘাত করিলেও কোন উত্তর পাইলাম না, বিশেষতঃ যথন ঐ ভয়ন্তর কুত্বর আমাদিগের প্রতি তর্জন গর্জন করিতে লাগিল, তখন এমত ভাবিয়া-ছিলাম যে আমাদের তাবং পরিশ্রম বুঝি বিফল হইল।

\*করণা কহিল, তুমি অনুগ্রহ পূর্ব্বক গৃহীতা হইলে আমি বাহিরে রহিলাম, ইহা যথন দেখিলাম, তথন আন্মার অধিক ভয় হইল। বিশেষতঃ সে সময়ে আমি ভাবিলাম বে আমাতে ধর্ম্প্রস্থের এই বাকা বুঝি সফল হুইল, যথা, "ছই স্ত্রী ঘাঁতা পিষিলে তাহাদের এক জনকে ধরা যাইবে, এবং অন্য জনকে ত্যাগ করা যাইবে।" আর আমার সর্ব্বনাশ হইল, ইহা বলিয়া চেঁচাইয়া উচিতে প্রবৃত্ত হইয়া অনেক কটে কান্ত হইয়াছিলাম। এবং ছারে আর আঘাত করিতে আমার সাহস হইল না; কিন্ত হারের উপরে যাহা লিখিত আছে, তাহার প্রতি উর্দ্ধ দৃষ্টি করাতে আমার আমাস জন্মল। শেবে পুনর্বার আঘাত না করিলে আমাকে মরিতে হইবে, ইহা নিশ্চয় জানিয়া আমি আঘাত করিলাম। কিন্তু কি প্রকারে আঘাত করিলাম, তাহা বলিতে পারি না, যেহেতু মরি কি বাঁচি, সে সময়ে দিক্ বিদিক্ জ্ঞান ছিল না।

\* খৃষ্টীয়ানী কহিল, তুমি কেমন আঘাত করিয়াছিলা, তাছা জান না! আমি জানি, তুমি এমত ব্যপ্ততা পূর্বক আঘাত করিয়াছিলা, যে তাছার শব্দে আমার প্রাণ চম্কিয়া উচিয়াছিল। তেমন আঘাত আমি বাবজ্জীবন শুনি নাই। তুমি যেন বলন্ধারা প্রবেশ করিবা, অথবা চড়াউ করিয়া রাজ্য হস্তগত করিবা, এমত আমার বোধ হইয়াছিল।

ইহাতে করুণা উত্তর করিল, হায়! আমার ন্যায় দুর্দাথান্ত হইলে কে না তেমনই করে? তুমি দেখিয়া-ছিলা যে আমার সন্মুখে ছার রুদ্ধ ছিল, এবং নিকটবর্তি কোন স্থানে অতি জূর এক কুছুরও ছিল। অত্থব আ-মার মত ভয়াক্রান্ত হইলে কোন্ ব্যক্তি তাবং শক্তিতে আঘাত না করে? কিন্তু বল দেখি, আমার ব্যথ্যতাতে প্রভূকি কুদ্ধ হইলেন না? তিনি কি কহিলেন?

শুনীতীরানী কহিল, তিনি তোমার ধুমধাম শক্ত শুনিরা অতি অপরপ হাস্যবদন হইয়ারহিলেন। আমি বুঝি তিনি তাহাতে অতি সম্ভত্ত ছিলেন: তিনি অসম্ভোবের কোন চিহ্ন দেখাইলেন না। কিন্তু তিনি এমত কুছুর রাখেন, এ বড় আশ্চর্মা। ইহা যদি পূর্বে জানিতাম, তবে বুঝি এতক্রপ আপদ স্বীকার করিতে আমার সাহস কখন হইত না। বাহা হউক, এই ক্ষণে আমরা প্রবিষ্ট হইয়া ভিতরে আশ্রয় পাইয়াছি, ইহাতে আমি পরমানন্দিত আছি।

\*করণা কহিল, তুমি যদি বিহিত বোধ কর, তবে ছার-পাল পুনশ্চ নামিয়া আইলে তাঁহাকে জিজ্ঞাসা করি, বে আপনি কি নিমিত্তে আপনকার উঠানে এমত কদর্য্য কুরুরকে রাখেন? কিন্তু এ কথাতে তিনি যেন অপরাধ গ্রহণ না করেন।

তাহাতে বালকেরা কহিল, এমত জিজ্ঞাসা করিলে ভাল হইবে। তুমি বরং ঐ কুকুরকে কাঁশি দিতেও তাঁহাকে প্রবৃত্তি দেও, নতুবা কি জানি, এ স্থানহইতে গমন কালে সে আমাদিগকে কামড়াইবে।

অপর কিয়ৎকাল বিলয়ে ছারপাল পুনর্কার তাহাদের নিকটে নামিয়া আইলে করুণা তাঁহার সমীপে ভূমিণ্ঠা হইয়া আরাধনা করিয়া কছিল, আমি এই ক্লণে ওপ্তথারা স্তুতিবাদরপ যে নৈবেদ্য আপনকার সমকে নিবেদন করি, তাহা আপনি গ্রাহ্য করুন।

ভাহাতে দারপাল \* করণাকে কহিলেন, ভোমার শান্তি হউক; তুমি উচিয়া দাঁড়াও। কিন্তু সে তক্ষপ ভূমিঠা থা-কিয়া কহিল, হে প্রভো, আপনকার সহিত বিবাদ করিতে গেলে আপনি যথার্থ থাকিবেন, তথাপি আনি বিচারাজ্ঞার বিষয়ে কিছু জিজ্ঞানা করিতে চাহি। আপনি কি নিমিতে এমত হুর্দান্ত কুছুর রাখেন, যাহাকে দেখিলে আমাদের মত হুর্বল জীলোক ও বালকগণ ভয়েতে আপনকার দার-হইতে দৌড়িয়া পলাইতে উদ্যত হয়?

তিনি উত্তর করিলেন, সেই কুক্কুরের কর্তা জামি নহি; সে অন্য এক লোকের উঠানে ক্রন্ধ আছে, কিন্তু আ-মার যাত্রিরা ভাহার মেউ২ শব্দ শুনিতে পায়। দূরে ঐ বে গড় দেখিতেছ, সে ঐ গড়ের কুকুর; কিন্তু সৈ এ স্থানের প্রাচীর পর্যান্ত আসিতে পারে। তাহার ভয়-হুর গব্ধনশব্দ্বারা ভয় পাইয়া অনেক সাধু যাত্রিকেরা মিপ্যা আগ্রয় ত্যাগ করিয়া সতা আগ্রয়ে আসিয়াছে। কিন্তু তাহার কর্তা আমার প্রতি কিয়া আমার লোক-দিগের প্রতি প্রণয় প্রযুক্ত তাহাকে রাখে, এমত নয়; वतः याजिता त्यन आमात्र निकटि ना आहेत्म, धरः धहे দারে প্রবেশ করিবার নিমিত্তে আঘাত করিতে যেন ভয় পায়, এই অভিপ্রায়ে তাহাকে রাখে। কখন ২ ঐ কৃত্বুর প্রাচীর লজ্মিয়া আমার কোন ২ প্রিয় ব্যক্তিকে তাড়া দিয়াছে। বদাপি আমি ভাছার এই সকল ব্যবহার এ পর্যান্ত সহ্য করিয়া আসিতেছি, তথাপি অবিলয়ে আমার বাত্রি-কদিগের সাহায্য করিয়া থাকি, তাহার ক্ষমভার মধ্যে পড়িতে দিই না; অতএৰ সে আপন নিষ্ঠুর স্বভাবানুসারে যাহা ইচ্ছা করে, তাহা করিতে পারে না। হে আমার মুক্তিপাত্র, তুমি যদি অত্যে এই সকল জানিতা, তবে বোধ করি কুত্নুরহইতে ভীতা হইতা না। যে ভিকুকেরা ছারে ২, বেড়ায়, তাহারা কুক্কুরের তর্জন গর্জন ও দংশন-আলা না মানিয়া ভিকার আশাতে অক্লান্ত থাকে; তবে বে কুছুর অন্য লোকের বাচীতে থাকে, এবং বাহার শব্দক

আমি বাতিদের হিতবন্ধক করি, এমন কুরুর কি আমার নিকটে আগমনেচ্ছক লোকদের বাধা জন্মাইবে? আমি তা-হাদিগকে নিংহের মুখহইতে রক্ষা করি, এবং আমার প্রিয়কে কুরুরের পরাক্রমহইতে উদ্ধার করি।

তাহাতে \* করণা কহিল, আমি নিজ মূর্থতা স্বীকার করি; যাহা জানি না, তাহা কহিয়াছি। আপনকার সকল ক্রিয়া উত্তম, ইহা আমি নিশ্চয় জানিলাম।

ভদনন্তর শুষ্টীয়ানী আপনাদের যাতার কথা আরম্ভ করিয়া পথের বিবরণ জিজ্ঞাসা করিল। তাহাতে ঐ দারপাল তাহাদের পাদ প্রকালন করিয়া ভাহাদিগকে ভাজন পান করাইয়া পূর্বে শুষ্টীয়ানীর স্বামির প্রতি যে রূপ করিয়াছিলেন, তজ্ঞপ তাহাদিগকেও আপনার নিরূপিত পথে পাদ বিজ্ঞেপ করিতে শিক্ষা দিলেন। অপর আমি স্বপ্রে দেখিলাম যেন ভাহারা পথে গমন করিতে লাগিল, এবং সে সময়ের বাতাসাদি অতি সুখজনক ছিল। পরে শুষ্টীয়ানা এই পদা গান করিতে লাগিল।

বে দিনে করিনু যাত্রা হইয়া যাত্রিনা।
সেই দিবসকে আমি ধন্য করি মানি॥
আর ধন্য অপ্রগান্ত কেই মহাজন।
এই শুভ পথে যেই করিল চালন॥
অনস্ত জীবন জন্য উদ্যোগ করিতে।
বিলয় হইল বটে আমার তাহাতে॥
এই ক্রণে ধাইতেছি যত আছে বল।
না গমনাপেকা বরং বিলয়েতে ফল॥
ভালপাত পরিধানে আনন্দ হইল।
ভর পরিণানে দৃঢ় প্রত্যেয় জন্মিল॥
অভ্যব সত্য বটে বচন বিশেষ।
যাত্রারত্তে জানা যায় যাত্রার যে শেষ॥

## ৩ অধ্যায়।

অপর শুনীফীয়ানীর ও তাহার সহযাতিদিশের গন্তব্য পথের পার্শন্থ ভিত্তির অন্য দিগে এক উদ্যান ছিল, ফলতঃ তর্জন গর্জনকারি উক্ত কুষ্কুরের যে কর্তা ভাহার উদ্যান। ঐ উদ্যানের কতক বৃক্ষের শাখা ভিত্তির উপরিভাগ পর্যন্ত বৃদ্ধি পাওয়াতে কোন ২ পথিক তাহার কল সুপক্ষ দেখিয়া পাড়িয়া খাইভ; কিন্তু সেই কল পীড়াজনক। তদনুরূপ শুনীফীয়ানীর বালকেরা ঐ সফল বৃক্ষ দেখিয়া আহ্লাদিত হইয়া বালারীত্যনুসাক্ষে শাখা লড়াইয়া কল পাড়িয়া খাইতে লাগিল। তাহাদের মাতা তাহাদিগকে অনুযোগ করিলেও তাহারা খাইতে কান্ত হইল না।

তথন সে কহিল, হে আমার বালকেরা, তোমরা আ-জ্ঞানংঘন করিতেছ; এই ফল আমাদের নয়। কিন্তু সে ফল যে শালুর, তাহা শুমিতীয়ানী জ্ঞাত ছিল না। যদি তাহা জানিত, তবে বুঝি ভয়েতে প্রায় মরণাপন হইত। যাহা হউক, তাহারা পথে অগ্রসর হইতে লাগিল।

অঁপর পথ প্রবেশ হানহইতে চুই তীর ভূমি মাত্র গমন করিলে পর অক্সাৎ তাহাদের প্রতি ধাবমান চুই কুৎনিত ব্যক্তিকে দেখিতে পাইল। তাহাতে "খ্রী-ফায়ানী ও তাহার সথী "করুণা পথে না দাঁড়াইয়া বস্তবারা মুখ আছাদন করিয়া বালকগণকে অগ্রে লইয়া চলিয়া গেল। পরে ভাহারা পরক্ষার নিকটবর্তী হইলে ঐ চুই মনুব্য জ্রীলোকদের নিকটে গিয়া ভাহাদিগকে আলালদন করণের উদ্যোগ করিল। তাহাতে "খ্রীফীয়ানী কহিল, দূরে দাঁড়াও, নতুবা ভাল মানুবের ন্যায় আপন পথে চলিয়া বাও। কিন্তু ঐ চুই ব্যক্তি বধিরের ন্যায় হইয়া "খ্রীফীয়ানীর বাকা না শুনিয়া বরং ভাহাদের গাত্রে হস্তক্ষেপ করিতে উদ্যক্ত হইল; তাহাতে "খ্রিফীয়ানী

¥

অতিশয় কুদ্ধ হইয়া ভাহাদিগকে লাখি দেখাইতে লাগিল, এবং \* করুণাও সাধামত ভাহাদিগকে ভাড়াইতে চেন্টা করিল। পরে \* খ্রীফীয়ানী ভাহাদিগকে পুনর্বার কহিল, দূর হও, চলিয়া বাও, আমরা বাত্তিকী, আমাদের কাছে টাকা কড়ি নাই, এবং পরের দরাতে আমাদের প্রতিপালন হয়।

তখন তাহাদের এক জন উত্তর করিল, আমরা ধনের নিমিতে তোমাদের উপর আক্রমণ করিতে আইসি নাই, কিন্ত ইহা কহিতে অশসিয়াছি, তোমরা আমাদের প্রার্থ-নীয় এক সামান্য বিষয়ে যদি সম্মতা হও, তবে সদা-কাল রাণী হইবা।

এই বাক্যেতে "খ্রীফীয়ানী তাহাদের অভিপ্রায় বু-बिग्रा शुनर्कात्र छेछत्र कतिल्, आमत्रा ट्यामाटमत्र वाटका কর্ণও দিব না; আর তোমরা যাহা কামনা কর, তাহা-তেও কোন মতে সম্মতা হইব না। আমরা ত্রান্তিত, विवय कतिएक शांति नाः आमता धानतकार्ष धानशन করিয়া গমন করিতেছি। ইহা কহিয়া "খুীফীয়ানী ও তাহার সঙ্গিনী ঐ ব্যক্তিদিগকে ছাড়িয়া বাইতে পুনর্কার চেতা করিল, কিন্তু ঐ ছুই কদাকার ব্যক্তি ভাহাদিগকে वाश मिन्ना क स्व, जागारमत श्रारमत किश्मा सामता करें। कति ना, जामता जना आर्थना कति। ভाষাতে " बीकीवानी कहिन, मा, आमि छादा वृतिनाम : आमारमत नंत्रीत ଓ यन উভয় নই করিবার জন্যে তোমরা আসিয়াছ। কিন্তু বাহা-তে आमार्ट कार्व मक्क राहारेट शाहि, अग्र शास्य वक् इछनार्शका वद्भ बहे झाटन व्यावकार्ग कान। धरे কথা কহিয়া ভাহারা উভয়ে ডাকাইত ২ বলিয়া চীৎকার अस्याता जीटवाटकत मञ्जूमतकक व्य गुरुष्टा, जाशात चा-व्यव वहेन। उपाणि जोशांकिशत्क भन्नोक क्वनामरत्र वे

ছুই ফাক্তি পুনঃ ২ আক্রমণ করিলে তাহারা পুনর্কার চীৎ-কার শব্দ করিল।

ঐ সময়ে প্রবেশদারহইতে বহু দূর গমন না করাতে তাহাদের চীৎকারশ্বনি মেই স্থানহইতে শুনা গেল, তাহাতে গৃহস্থদের কতক লোক নির্গত হইয়া " খ্রীফী-য়ানীর শব্দ জ্ঞাত হইয়া তাহার উপকারার্থে দৌড়িয়া व्यामिया पिथिन, रव जीत्नात्कता क् लाँति शिष्त्रात्इ, এবং বালকেরা নিকটে দাঁড়াইয়া ক্রন্দন করিভেছে। তা-হাতে তাহাদের উদ্ধারার্থে আগন্ত ব্যক্তি ঐ ছুরাচার-দিগকে ডাকিয়া তর্জন করিয়া কহিল, এ কি কর্ম তোমরা করিতেছ? আমার প্রভুর লোকদিগকে তোমরা কি আজ্ঞা-লংখন করাইতে চাহ? ইহা কহিয়া তাহাদিগকে ধরিতে চেষ্টা করিলে তাহারা বেড়া লংঘিয়া উক্ত ক্স্কুরের স্থামির উদ্যানেতে পলাইয়া গেল, ভাছাতে সেই কুছুর তাহা-मित्र तक्क बहेन। शद्र थे \* छेक्वात्रक खीटनाकरेम्त्र निकटके উপস্থিত হইয়া জিজ্ঞাসা করিল, কেমন? তোমাদের কি কিছু হানি হইয়াছে? তাহারা উত্তর করিল, আপনকার অধিপতির অনুগ্রহেতে আমরা ভাল আছি, আমাদের কোন কভি হয় নাই, কেবল ভয় মাত পাই-য়াছি। আর আপনি যে আসিয়া আমাদের উপকার করিলেন, ইহাতে আমরা আপনকারও অনুগ্রহ সীকার कतिनाम । जाशिन ना जाहरन जामहा भवक्र क जवभा পরান্ত হইতাম।

এতক্রপ ক্রোপক্ষনান্ত্র ঐ \* উদ্ধারক তাহাদিগকে কহিল, তোমরা জ্রীজাতি, অতি ছুর্মলা, ইহা জানিয়াও ঘারে অতিথি হওন কালে প্রভুর স্থানে এক পথপ্রদর্শ-কের নিমিত্তে যে প্রার্থনা কর নাই, ইহাতে আমার বড় আশ্চর্যা বোধ হইল; ধ্বেহেত্ক বাজ্ঞা করিলে তিনি অবশ্য এক জন পথদর্শক দিতেন, তাছাতে তোমরা এই সকল ক্লেশ ও বিপদ এড়াইতা। তাছাতে "খ্রীফীয়ানী কছিল, হায়! আমরা বর্ত্তমান সুথে এমত নিমগ্ন ছিলাম, যে তাবি আপদের সম্ভাবনা আমাদের মনেও পড়িল না। আর রাজবাটীর নিকটে এমন ছফ লোকেরা লুকাইয়া থাকে, ইহা কে জানিতে পারে? আমরা প্রভুর স্থানে এক জন পথপ্রদর্শকের নিমিতে প্রার্থনা করিলে। আমাদের মঞ্চল হইত; আর ইহা জানিয়াও তিনি যে আমাদের সহিত এক জনকে পাঠান নাই, ইহাতে আমার আশ্বর্যা বোধ হয়।

তাছাতে ঐ "উদ্ধারক কহিল, অপ্রার্থিত বিষয় প্রদান করা সর্বাদা আবশ্যক নয়; তাহা দিলে পাছে সে বিষয়ের গৌরব লাঘব হয়। কিন্তু যে বিষয়ের অভাবে যাহার ক্লেশ জন্মে, সে বিষয় ভাহার নিকটে প্রকৃত বহুমূল্য হয়; এবং তাহা পাইলে পরে সে যত্নপূর্বক তাহা ব্যবহার করে। আমার প্রভু যদি তোমাদিগকে এক জন পথপ্রদর্শক দিতেন, তবে তাহার কারণ প্রার্থনা না করিয়া যে অবহেলা করিয়াছ, সেই অবহেলা প্রযুক্ত এই ক্লণে যেরপ বিলাপ করিতেছ, ভক্রশ করিতা না। এই রূপে সকল ঘটনা মিলিয়া তোমাদের মঙ্গল জন্মায়, বিশেষতঃ তোমাদের সাবধানভার বৃদ্ধি করে। তাহাতে " খ্রীফীয়ানী জিজ্ঞাসিল, আমরা কি প্রভুর স্থানে ফিরিয়া যাইয়া আয়ুদোষ স্বীকার প্রবৃক্ত প্রক্রম জন্ম পথপ্রদর্শক যান্ত্রা করিব?

"উদ্ধারক কহিল, ভোমাদের দোব স্থীকারের কথা আমি
ভাঁহাকে জানাইব; ভোমাদের কিরিয়া বাইবার কোন
প্রয়োজন নাই। ভোমাদের গন্তব্য ভাবং স্থানে ভোমাদের
ক্ষিছুরই জভাব হইবে না, যেহেতুক বাজিদের নিমিতে
পিথের পার্বে জামার প্রভূবে সকল বাসবাদী স্থা-

পন করিয়াছেন, সে সকল স্থানেতে অতিথিদিগের সকল আপদ নিবারণার্থে প্রয়োজনীয় প্রচুর বিষয় প্রস্তুত আছে। কিন্তু তাহাদের নিমিত্তে তিনি যেন সেই সকল অনুগ্রহ করেন, এই জন্যে তাঁহার কাছে তাহাদের প্রার্থনা করিতে হয়। যাহা প্রার্থনার যোগ্য নয়, তাহা কিসের যোগ্য? এই কথা কহিয়া তিনি স্বস্থানে ফিরিয়া গেলেন, এবং যাত্রিরাপ্ত আপন পথে গমন করিল।

অপর করনা কছিল, এ কেমন অনপেকিত হুর্ঘটনা!
স্মামি ভাবিয়াছিলাম যে আমরা সকল আপদহইতে উত্তীর্থ
হইয়াছি, এবং আমাদের আর কোন ছঃখ হইবে না।

তাহাতে "খুীফীয়ানী "করণাকে কহিল, হে আমার ভগিনি, এই আপদ বিষয়ে আমি তোমার দোষ দিতে পারি না, কেননা তাহা তোমার অনপেক্ষিত বটে; কিন্তু এ বিষয়ে আমার ভারি দোষ স্বীকার করিতে হয়, কেননা গৃহহইতে নির্গমনের পূর্বে এই আপদ দেখিলেও আমি তাহা নিবারণের উপায় চেফা করি নাই, ইহাতে আমার বড় অপরাধ হইয়াছে।

\*করণা জিজাসা করিল, তুমি বাটীহইতে আগমন করিবার পূর্বেই হা কি প্রকারে জানিয়াছিল।? তাহা আ-মাকে বুঝাইয়া দেও।

শুখিনীয়ানী কছিল, তবে কছি, শুন। ৰাটীহইতে যাত্রা করিবার পূর্বে এক রাত্রি আমি শব্যায় নিজাগতা ছিলাম, এমন সময়ে এতছিবয়ক এক স্থপ্ত দেখিলাম, মে কি? না বেন অবিকল এই ছুই ব্যক্তি আমার শ্ব্যা সমীপে দণ্ডায়মান হইয়া আমার পরিতানের বাধা জন্মাইতে মন্ত্রণা করি-তেছে। তাহারা পরস্পার কি কহিল, তাহাও তোমাকে কহিতে পারি। সে সময়ে আমাকে মনোত্থখে মগ্লা দেখিয়া তাহারা কহিল, এই খ্লীলোকের প্রতি কি করিব? বেহেতুক জাগ্রৎ বা নিদ্রা সময়ে সর্ম্বদা ক্ষমা পাইবার আকাজ্জাতে এ প্রার্থনা করিতেছে; ইহাকে যদি নিবৃত্ত করা না বায়, তবে ইহার স্থামিকে যেমন হারাইয়াছি, তেমনই ইহাকেও হারাইব। অতএব সেই সপ্রদর্শনে যদি আমি সতর্ক হইয়া সময় থাকিতে রক্ষা পাইবার উপায় চেন্টা করিতাম, তবে বড় ভাল হইত।

তাহাতে "করণা কহিল, এই তুটিতে আমরা যেমন আ-পন ২ দোষ দর্শনের সুযোগ পাইয়াছি, তজপ আমাদের প্রভুও তাহা আপন কুপার বাছল্য প্রকাশ করণের সুযোগ জ্ঞান করিয়াছেন; কেননা দেখ, আমরা প্রার্থনা না করিলেও তিনি অনুগ্রহ পূর্বক আমাদের পশ্চাদ্বর্তী হইয়া আপন সদিছাক্রমে পরাক্রান্তদের হস্তহ্ইতে আমাদিগকে উদ্ধার করিয়াছেন।

এই রূপ কথোপকখনে আর কিঞ্চিৎ কাল গত হইলে পর তাহারা যাত্রিদের উপকারার্থে পথের পার্মে নির্দ্দিত এক গৃহের নিকটবর্তী হইতে লাগিল; সে গৃহ "অর্থ-কারকের গৃহ। তাহা যাত্রিকের গতির প্রথম ভাগে বিজ্ঞারিত রূপে বর্ণিত আছে। অপর তাহারা ঐ গৃহের ছারের নিকটে উপস্থিত হইলে গৃহমধ্যে লোকদের কথোপকখন শুনিতে পাইল, তাহাতে তাহারা কর্ণ পা-ভিরা যেন "খুইটিয়ানীর নামোলেখ হইতেছে, এমত প্রবণ করিল, তাহার কারণ এই যে "খুইটীয়ানী ও তাহার করেল, তাহার কারণ এই যে "খুইটীয়ানী ও তাহার করেল, তাহার কারণ এই যে "খুইটীয়ানী ও তাহার করেল, তাহার কারণ এই যে "খুইটীয়ানী ও তাহার উপস্থিত হওয়াতে ঐ গৃহহেরা ভাহা শুনিয়া, "খুইটীয়ানের যে ভার্মা পুর্নেতে যাত্রা করিতে কোন মতে সম্প্রতা ছিল না, সে এই, ইহা জানিতে পাইয়া পর্ম আজাদিত হইয়াছিল। অতথ্য "খুইটায়ানী তখন ভাহানের অজ্ঞাতসারে থারে দাঁড়াইয়া অভ্যন্তরবর্তি

লোকদের প্রমুখাৎ আপনার প্রশংসা শুনিতে পাইয়া চনৎকৃতা হইয়া সঞ্জিদের সহিত কিঞ্চিৎ কাল স্থির হইয়া রহিল। পরে "খুমিটীয়ানী পূর্ববৎ এ দ্বারেতেও আঘাত করিল। তাহাতে তৎক্ষণাৎ "শুদ্ধমতি নামী এক যুবতী আসিয়া দ্বার মোচন করিয়া দেখিল, ছুইটী জ্রীলোক দাঁড়াইয়া আছে। পরে ঐ কন্যা তাহাদিগকে জিজ্ঞাসা করিল, তোমরা কাহার সহিত সাক্ষাৎ করিতে চাহ?

\* পুর্মিটায়ানী কছিল, এ বাটী যাতিদের নিমিত্তে প্রস্তুত হইয়াছে, এমন শুনিয়াছি। আমরা যাতিকী; অতএব এখানে যেন আতিথ্য পাই, এই আমাদের প্রার্থনা। আর তুমি দেখিতেছ, দিবা অবসান হইয়াছে, এ কারণ অদ্য আর অগ্রে গমন করিতে চাহিনা।

তাহাতে ঐ কন্যা কহিল, আপনকার নাম কি? অনু-গ্রহ করিয়া বলুন। আমি ভিতরে যাইয়া আমার প্রভুকে জ্ঞাত করি।

সে কহিল, আমার নাম "এুটিয়ানী; কতক বংসর হইল এই পথ দিয়া "খুটিয়ান নামে যে যাত্রী গিয়া-ছিলেন, আমি তাঁহার জ্রী; এবং এই চারিটী তাঁহারই সস্তান। আর আমার সঞ্চিনী এই যুবতীও যাত্রিকী।

এই কথা শুনিবামাত ঐ "শুক্ষমতি নামুী কন্যা ঝটিতি গৃহমধ্যে প্রবেশ করিয়া তত্তত্ব লোকদিগকে কহিল, ঘারেতে কে আছে তোমরা জান? "খুীফীয়ানী ও তাহার সন্তানেরা এবং তাহার এক সন্ধিনী, এই সকলে অতিথি হইবার নিমিন্তে দাঁড়াইয়া আছে। এই কথা শুনিয়া তাহারা আনন্দেতে নৃত্য করত গমন করিয়া আপনাদের কর্তাকে জানাইল। তাহাতে তিনি ঘারে আসিয়া "খুীফীয়ানীর প্রতি দৃষ্টিপাত করিয়া জিজ্ঞাসাকরিলেন, ঐ ভক্ত "খুীফীয়ান বাতী ইইবার সময়ে

যাহাকে পশ্চাৎ ক্লাখিয়া গিয়াছিল, তুমি কি সেই
\*খীফীয়ানী?

"খুখিনীয়ানী কহিল, চাঁ, মহাশয়। বে স্ত্রী আপন স্থামির ছঃখ হেয় জ্ঞান করিয়া একাকী পথগমনে তাঁহাকে পরি-ত্যাগ করিয়াছিল, সেই নিচুরাছঃকরণা স্ত্রী আমি; আর এই চারিটী খুখিনীয়ানের সস্তান। কিন্তু এখন আমিও আসিয়াছি, কেননা আমি নিশ্চয় জ্ঞাত হইয়াছি, এ পথ ভিল্ল আর সভ্য পথ নাই।

পরে \* অর্থকারক কহিলেন, "এক জন আপন পুত্রকে কহিয়াছিল, তুমি অন্য আমার আকাক্ষেত্রে কর্ম করিতে যাও; তাহাতে সে কহিল, যাইব না; তথাপি শেষে অনুতাপ করিয়া গনন করিল," এই যে বাক্য ধর্মগ্রন্থে লিখিত আছে, তাহা এই ক্ষেণ সফল হইল।

তাহাতে "পুটি য়ানী কহিল, তাহাই হউক। ঈশর
সেই বাক্য আমার বিষয়েও সত্য করিয়া শেষে আপনার
কাছে আমাকে কলম্ব ও দোবরহিত করিয়া শান্তিতে প্রতাক্ষ হইতে দিউন। পরে "অর্থকারক কহিলেন, তুমি এত
ক্ষণ হারে দাঁড়াইয়া আছু কেন? হে ইব্রাহীমের কন্যে,
ভিতরে আইন, আমরা এই মাত্র ভোমার বিষয়ে কথোপকথন করিতেছিলাম, যেহেতুক তোমার যাত্রিকী হইবার
সন্ধাদ আমাদের নিকটে পূর্বে উপস্থিত হইয়াছে। হে
বালকেরা, ভিতরে আইন; হে যুবতি, ভিতরে আইন।
এই রূপে ভিনি সকলকে গৃহমধ্যে লইয়া গেজেন।

তাহারা ভিতরে প্রবিষ্ট হইলে গৃহপতি তাহানিগকে বিশ্রাম করিতে অনুমতি করিলেন। পরে বাজিবের সেবাতে নিযুক্ত কএক জন ভাহানিগকে দেখিবার নিমিতে নিকটে আনিলা, "প্রিটায়ানী বে বাজিকী হইয়াছে, এ নিমিতে ভালিক প্রস্কুর্বদন হইল।

এবং বালকদের প্রতি দৃষ্টিপাত করিয়া স্নেছভাবে তা-হাদের মুখে হাত বুলাইতে লাগিল, এবং \* করুণার প্রতিও সেই রূপ স্নেছ প্রকাশ করিয়া সকলকে কছিল, আমাদের প্রভূর গৃছে তোমাদের আগমন আমাদের সৌভাগ্য।

অপর রাত্রির ভোজ প্রস্তুত হইবার কিঞ্চিৎ বিলয় থাকিতে ঐ \* অর্থকারক তাহাদিগকে অর্থসূচক গৃহ সকলেতে লইয়া গিয়া \* পুঁফীয়ানীর স্বামিকে যাহা ২ দেখাইয়াছিলেন, তাহা তাহাদিগকেও দেখাইলেন। ফলতঃ
সেই পিঞ্চরবদ্ধ মনুব্য, এবং সেই স্থপদর্শক ব্যক্তি, এবং
থজান্বারা শতুমধ্য দিয়া পথ মুক্তকারি সেই যোদ্ধা, আর
সর্বপ্রধান যোদ্ধার চিত্রিত মূর্তি ইত্যাদি যত ধর্ম্মজ্ঞানবর্জক বিষয় \* পুঁফীয়ান দেখিয়াছিল, তাহারাও সে সমস্ত
দর্শন করিল।

অনন্তর "খুমিনীয়ানী ও তাহার সঞ্চিগণ ঐ সকল বিষয় দেখিয়া কিঞ্চিৎ বিবেচনা করিলে পরে ঐ " অর্থকারক তাহাদিগকে তথাহইতে আর এক ঘরে লইয়া গেলে তাহারা দেখিল, যে অনবরত অধােদৃটি এক ব্যক্তি জঞ্চাল-সংগ্রাহক অন্ত হত্তে করিয়া তথায় দাঁড়াইয়া আছে। তাহার নিকটে দণ্ডায়মান অন্য এক ব্যক্তি তাহার মন্তকের উর্জে স্বর্গীয় মুকুট ধরিয়া ঐ জঞ্চালসংগ্রাহক আঁচড়ার বিনিময়ে ঐ মুকুট তাহাকে দিতে ইচ্ছুক আছেন, কিন্তু সে মানুষ এক বারও মনোবােগ কিয়া উর্জ্ব দৃটি না করিয়া কেবল ভূমিতে পতিত ভূগ কুচা ধূলী প্রভৃতি অবকর সংগ্রাহ করিতে বাস্ত রহিল।

তাহা দেখিয়া "পুটিয়ানী কহিল, আনি বোধ করি, ইহার তাৎপর্যা কিছু বুঝিয়াছি। ইহা সাংসারিক লোকের দুফান্ত। মহাশয় কি বলেন? \*অর্থকারক কহিলেন, সত্য বুঝিয়াছ; এবং তাহার জঞ্চালসংগ্রাহক অন্ত্র তাহার সাংসারিক মনের দৃষ্টান্ত জানিবা। আর তাহার উর্দ্ধে স্বর্গীয় মুকুটধারি যে ব্যক্তি তাহাকে আহ্বান করেন, তাঁহার বাক্য প্রবেণাপেক্যা বরং ভূমিন্থিত ধূলি কুচা তৃণাদি সংগ্রহ করণে তাহার মনোযোগ আছে, ইহাতে এই বুঝায়, যে কোন ২ লোক স্বর্গের কথা গঞ্চামাত্র জ্ঞান করিয়া ঐহিক বিষয়কেই সার জ্ঞান করে। আর তুমি দেখিলা, সে মনুষ্য যে অধোদিক্ ব্যতিরেকে অন্য কোন দিকে দৃষ্টি করিতে অপারক, তাহার অর্থ এই যে সাংসারিক বিষয়ে মনুষ্যের মন দৃচ্রূপে আকৃষ্ট হইলে তাহার অন্তঃকরণ সম্বরহইতে একেবারে দূরীভূত হয়।

তাহাতে "পুটিয়ানী কহিল, এমত জঞ্চাল সংগ্রহ করণহইতে ঈশ্বর আমাকে রক্ষা করুন।

শ অর্থকারক কহিলেন, এই প্রার্থনারত্ন বছকালাবিধি এক কোণে পড়িয়া থাকাতে ইহাতে মলা ধরিয়াছে। আমাকে ধনাদ্যতা দিও না, এ প্রার্থনা দশ সহত্র লোকর মধ্যে প্রায় এক জনেরও নাই। এই বর্তমান কালের লোকেরা প্রায় সকলে কুচা তৃণ ধূলী ইত্যাদিকে মহিষয় জ্ঞান করে।

ইছা শুনিয়া "খাঁফীয়ানী ও "করুণা অপ্রাপাত পূর্বক কহিল, হায়! এ কথা অতি যথার্থ।

অপর ঐ \* অর্থকারক ঐ সকল বিষয় দেখাইয়া বাটীর সর্ব্বোজন ক্ষুঠরীতে ভাহাদিগকে লইয়া গিয়া কহিলেন, চতুর্দ্ধিকে দৃষ্টি করিয়া দেখ, ইহাতে কলজনক কোন দ্রব্য দেখিছে পাও কি না? তথন তাহারা বার্যার চতুর্দ্ধিকে দৃষ্টি করিয়া কিছুই দেখিতে পাইল না; কেননা সেই কুঠরীতে আর কিছু ছিল না, কেবল একটা বড় মাকড়সা দেওয়ালে ছিল; ভাহারা ভাহার উপেকা করিয়াছিল। "করুণা কহিল, হে মহাশয়, আমি কিছুই দেখিতে পাই না; কিন্তু "খুীফীয়ানী নীরব হইয়া রহিল।

তাহাতে " অর্থকারক কহিলেন, পুনর্বার দেখ। তথন সে পুনর্বার দেখিয়া কহিল, ঐ দেখ এক কদর্য মাকড়সা দেও-য়ালেতে হস্ত পদ দিয়া ঝুলিতেছে, তাহা ব্যতিরেক এখানে কিছুই নাই। তাহাতে তিনি জিজ্ঞাসা করিলেন, এই বৃহৎ কুঠরীতে কি কেবল একটী মাকড়সা বই আর নাই?

এ কথা শুনিয়া "খুমিটীয়ানী অতি তীক্ষু বুদ্ধি প্রযুক্ত সজল নয়নে কহিল, হে প্রভা, এ স্থানে একটী ভিন্ন আরও আছে। এবং উহার গরল অপেক্ষা তাহাদের গরল অধিক সাংখাতিক।

তাহাতে "অর্থকারক তাহার প্রতি হাস্যবদনে চাহিয়া কহিলেন, যথার্থ কহিলা।

এ কথা শুনিয়া "করুণা লজ্জিতা হইয়া অধোমুখী হইল এবং বালকেরা স্ব ২ মুখ ঢাকিল, কারণ তাহারা সকলেই তথন তদ্দীস্তের অভিপ্রায় জ্ঞাত হইতে লাগিল।

অপর ° অর্থকারক পুনর্মার কহিলেন, দেখ, মাকড্সা হস্ত পাদদারা ভিত্তি ধরে, এবং রাজার অউালিকাতেও থাকে। এই শাস্ত্রীয় কথা কেন লিখিত আছে, জান? ইহার তাৎপর্য্য এই, পাপরূপ গরলে পরিপূর্ণ হইলেও তোমরা বিশাসরূপ হস্তদারা ভিত্তি ধরিয়া উদ্ধৃত্তিত রাজগৃহের সর্ব্যোত্তম কুঠরীতে বাস করিতে পার।

তাহাতে "খুটিয়ানী কহিল, এতদ্বিয়ে আমি কিঞ্ছিৎ অনুমান করিয়াছিলাম, কিন্তু সকল বুঝিতে পারি নাই; আমি এই মাত্র বুঝিয়াছিলাম, আমরা মাকড়সাম্বরূপ, অতি উত্তম গৃহেতে থাকিলেও অতি কদর্য্য রূপে দৃষ্ট হই। কিন্তু অতি কদাকার ও গরলবিশিক্ত ঐ মাকড়সাহতে আমাদিগকে যে বিশ্বাসের ব্যবহার শিথিতে হয়,

ইহা আমি মনে করি নাই। সে স্বহস্তে ভিত্তি ধরিয়া গৃহের সর্বোত্তম কুঠরীতে বাস করে; ঈশ্বর কোন বস্তুই নির্থক নির্মাণ করেন নাই।

় তথন তাছারা সকলে আছ্লাদিত হইলেও তাছাদের চক্ষু অঞ্চপূর্ন হইল, এবং তাহারা পরস্পর মুখাবলোকন করত <sup>4</sup> অর্থকারকের সমীপে মস্তক নত করিল।

সেনতার তিনি তাহাদিগকে অন্য এক স্থানে লইয়া
গিয়া এক কৃছুটী ও তাহার ছানা সকল দেখাইয়া কহিলেন, ইহারা কিং করে, তাহাতে কিঞ্ছিৎ কাল মনোযোগ
কর। তাহাতে একটী ছানা পাত্রে জল পান করিতে
গিয়া এক এক ঢোঁকে আকাশের দিগে মস্তক ত্লিয়া
দৃষ্টি করিতে আরম্ভ করিলে তিনি কহিলেন, দেখ, এই
ছানাটি কি করে? তোমাদের তাবৎ মঙ্গল স্বর্গহইতে
আইসে, এবং উর্জ্ব দৃষ্টি করিয়া ধন্যবাদ পূর্ব্বক তাহা
গ্রহণ করিতে হয়, ইহা তাহার নিকটে শিক্ষা কর।

পরে তিনি-কহিলেন, পুনশ্চ মনোযোগ করিয়া দেখ। তাহাতে তাহারা দেখিল, ঐ কুষ্কুটী আপন ছানাদের প্রতি চতুর্বিধ শব্দ করে। প্রথম, সমস্ত দিন ডাকিতে তাহার এক সাধারণ ডাক আছে। দিতীয়, তাহার এক বিশেষ ডাক আছে; তাহা দে কখন ২ ব্যক্ত করে। তৃতীয়, শাবক আছাদন সময়ে তাহার এক স্নেহস্তক ডাক আছে। চতুর্থ, ভয়স্থচক এক চীৎকার ডাকও তাহার আছে।

তখন জিনি কহিলেন, এই কুছুটীকে তোমাদের রাজাস্বরূপ, এবং এই ছানাদিগকে তাঁহার আজ্ঞাবহ প্রজাস্ক্রপ
জানিবা। বেহেতুক ঐ কুছুটীর ন্যায় তাঁহার প্রজাদের প্রতি ব্যবহার্য তাঁহারও চতুর্বিধ আচরণ আছে।
ফলতঃ ভাঁহার সাধারণ ডাক্ডারা তিনি কিছুই দেন নাঃ
ভাঁহার বিহেশ্য ডাক্ডারা জানা যায় যে ভাঁহার দাত্য

কিছু আছে; আর তাঁহার শরণাগত লোকদের নিমিতে তাঁহার স্বেহস্টক এক ডাক আছে; এবং শত্রু উপস্থিত দেখিলে তাঁহার লোকদের চেতনাজনক তাঁহার এক চীৎকার ডাক আছে। হে আমার প্রিয়েরা, এই প্রকার বিষয় বিশিষ্ট কুঠরীতে তোমাদিগকে আনিতে আমি বিহিত বুঝিলাম, কেননা তোমরা স্ত্রীজাতি; এই প্রকার বিষয় তোমাদের বোধগম্য।

অপর "খ্রীফীয়ানী কহিল, হে মহাশয়, আমাদিগকে আরও কিছু দেখাউন। তাহাতে তিনি তাহাদিগকে পাক-শালাতে লইয়া গেলেন। সে হলে এক জন পরিচারক মেষ বধ করিতেছিল। সেই মেষ নীরব হইয়া ধৈয়্যাবলয়ন পূর্বাক মৃত্যু স্বীকার করিল। পরে " অর্থকারক কহিলেন, এই মেষহইতে তোমরা সহিস্কৃতাগুণ শিক্ষা কর; অর্থাৎ কেহ তোমাদের অপকার করিলে তাহাতে বিবাদ বিসয়াদ না করিয়া তাহা সহ্থ করিবা। দেখ, ঐ মেষ কেমন শাস্ত স্থভাবে মৃত্যু স্বীকার করিতেছে, এবং তাহার চর্ম্ম উৎপাটনেও কোন আপত্তি করে না। তোমাদের রাজা তোমাদিগকে মেষ বলিয়া জানেন।

তৎপরে ঐ "অর্থকারক তাছাদিগকে নানাবর্ণ পু-স্পেতে শোভিত আপন উদ্যানে লইয়া গিয়া জিজ্ঞাসা করিলেন, কেমন? এই সকল দেখিতেছ কি না?

\* थी की बानी करिन, दाँ, मिथल्डिह ।

অনম্ভর যে ক্ষেত্রেতে তিনি গোধুমাদি শস্য রোপণ

<sup>\*</sup> অর্থকারক পুনর্বার কহিলেন, দেখ, এই সকল পুষ্পা আকারেতে, স্বভাবেতে, বর্ণেতে, গল্পেতে, এবং গুণেতে ভিন্ন ২, এবং কোন ২ পুষ্পা আর ২ পুষ্পাহইতে প্রেষ্ঠ। আর মালী বে স্থানে বে বৃক্ষ রোপণ করিয়াছে, সে বৃক্ষ নেই স্থানেই থাকিয়া অন্য বৃক্ষের সহিত বিবাদ করে না।

করিয়াছিলেন, সেই শস্কেত্রে তাহাদিগকে লইয়া গেলেন। তাহাতে তাহারা দেখিল, শস্যের তাবং শিষ নই হইয়া গিয়াছে, কেবল তৃণমাত্র অবশিই আছে। প্রে তিনি কহিলেন, এই তৃমিতে সার দিয়া হাল বহিয়া বীজ বপন করা গিয়াছিল; এই ক্ষণে ইহাতে যাহা উৎপন্ন হইয়াছে, তাহা কি করা যায়?

তাহাতে " খ্রীফীয়ানী কহিল, কডক পোড়াইয়া কেল, আর কডক সার কর।

ইহা শুনিয়া " অর্থকারক কহিলেন, দেখা, লোকেরা কলেরই অপেকা করে। এই নিক্ষল তৃণের বিষয়ে তুমি কহিতেছ, তাহা অগ্নিতে দক্ষ কিয়া মনুষ্যের পদতলে দলিত হওদের যোগ্য। অতএব সাবধান, এমত বিচারে পাছে তোমরা আপনাদিগকে দোধী কর।

অপর তাহারা বাহিরহইতে গৃহে আসিতেছিল, এমত সময়ে দেখিল, যে এক কুদ্র বাবুই পক্ষী একটা বৃহৎ মাক-ড্সা সুখে করিয়া আছে। তাহাতে "অর্থকারক কহিল, দেখ ২, ঐ পক্ষিকে দেখ। তাহাতে তাহারা চাহিয়া দেখিতে লাঞ্চিল, বিশেষতঃ "করুণা আশ্চর্যা বোধ করিল।

পরে পুষ্টীয়ানী কহিল, হায়! কি হেয়জ্ঞানের বিষয়! অন্যান্য পক্ষিইতে প্রিয় এই যে অতি সুন্দর বাবুই পক্ষী মনুষ্যের সহবাস ভাল বাসে, সেও কি এমন অত্যাচার করে! আমি অনুমান করিয়াছিলাম,তাহারা চাউলের কণা প্রভৃতি ক্লচিকর জব্য ভক্ষণ করে; এই ক্লণে আমি এ পক্ষিকে আর পূর্ববৎ ভাল বাসি না।

ভাষতে শ্রম্পরক উত্তর করিয়া কহিলেন, এই বাষুইপকী ধর্মবেশধারি অনেক লোকের দৃষ্টাতঃ বেছে-ভূক ভাষারা স্বরেডে ও বর্গেডে ও গতিতে এই পক্ষির স্টার্ক দেখিতে সুন্দর; বিশেষতঃ যাহারা নিভাত অকপট ধান্মিক লোক তাহাদের প্রতি অতিশয় প্রেম প্রকাশ করিয়া এমত জানায় যে তাহাদের সহিত সদালাপে তাহাদের মন পরিতৃপ্ত হয়। ইহা বলিয়া তাহারা ছল করিয়া নিত্য ২ ঐ ধান্মিকদের গৃহেতে এবং ঈশ্বরের ভজনালয়ে যাতায়াত করে। কিন্তু যখন একাকী থাকে, তখন ঐ বাবুই পক্ষির ন্যায় তাহারাও মাকড়সা ধরিয়া গিলিতে পারে, অর্থাৎ ধর্মাচরণ পরিত্যাগ করিয়া অধন্ম পান করে, এবং পাপকে জলের ন্যায় উদরম্ভ করে।

পরে তাহারা গৃহেতে ফিরিয়া আইলে ভোজা দ্রব্য তখনও প্রস্তুত না হওয়াতে "খুমিটীয়ানী " অর্থকারককে নিবেদন করিল, অনুগ্রহ করিয়া হিতজনক আর কোনং বিষয় আমাদিগকে দেখাউন, অথবা বর্ণনা করুন।

তাহাতে " অর্থকারক বাক্যারম্ভ করিয়া কহিলেন, শৃকর

যত পুষ্ট হয়, তত কর্দ্দমে থাকিতে ভাল বাসে। এবং
গরু যত পুষ্ট হয়, তত গর্ম্ম পূর্মক হত্যালয়ে বায়।
এবং কামি লোক যত সুস্থ থাকে, তত তাহার মন কুকর্ম্মে
ধাব্যান হয়।

বস্ত্র অলক্ষারাদিতে বিভূষিত হওয়া ধেমন স্ত্রীলোক-দের বাঞ্চা, তেমনি ঈশ্বরের দৃষ্টিতে যাহা বছমূল্য তা-হাতে বিভূষিত হওয়াই বাঞ্চনীয়।

এক বংসর পর্যান্ত জাগিয়া থাকন অপেক্ষা ছুই এক রাজি জাগ্রং থাকা বেমন সহজ, তদ্রপ যাবজ্ঞীবন ঈশ্বরদে-বায় সৃত্তির হওনাপেক্ষা কিয়ৎকাল মাজ ধর্মদেবা স্বীকার করা সহজ।

বড় ছইলে নাবিকেরা প্রাণরক্ষার্থে নৌকাছইতে অপ্প-মূল্য দ্রন্থ সকল অকাতরে জলে নিক্ষেপ করে, কিছু কে প্রথমতঃ বছমূল্য বস্তু ক্ষেপণ করে? ঈশ্বরভক্ত লোক ভিন্ন কেছ ভাছা করে না। এক ছিলেতে নৌকা ডুবে, জার এক পাপেতে মনুষ্য নাম হয়।

বে কেই বন্ধুকে বিশাভ হয়, সে ভাহারই প্রতি কৃতন্ন হয়; কিন্তু যে লোক ত্রাণকর্তাকে বিশাভ হয়, সে আপ-নারই প্রতি নির্মন্ত হয়।

বে ব্যক্তি পাপাচরণ করিয়া পরলোকে সূথ পাইবার আশা করে, সে এমত ব্যক্তির ন্যায় যে শ্যামাঘাস রোপ্র করিয়া ধানোতে গোলাঘর পূর্ণ করিতে প্রত্যাশা করে।

মনুষ্য যদি সদাচারী হইতে চাহে, তবে সে সর্বদা
আপনার চরম দিনকে প্রত্যক্ষ সদী করক।

জগতে পাপ আছে, ইহার প্রমাণ লোকদের কাণা-কাণি ও চিস্তার পরিবর্ত।

ঈশবের দৃষ্টিতে তুদ্দীয় এই জগৎ যদি মনুযাদের বহু-মূল্যক্লপে মান্য হয়, তবে ঈশ্বরপ্রশংসিত স্বর্গ কেমন প্রেষ্ঠ!

অশেষ ছুঃখ বিশিষ্ট এই জীবনে আমরা যদি এমত আসম্ভ হই, তবে স্বৰ্গীয় জীবন কেমন প্ৰিয়!

মনুষ্যের সৌজন্য দেখিলে সকলেই প্রশংসা করে; কিন্তু ঈশ্বরের সৌজন্যে কাহার মন উপযুক্তরূপে আকর্ষিত হয়?

আমরা বথন ভোজন করি, তখন প্রায় সর্বদা কিঞ্চিৎ অবশিষ্ট থাকে। নেই রূপ বীশু খুন্টিতে বিরাজনান বে ওণ ও পুন্য, ভাষা জগতিছ ভাবলোকের প্রয়োজন অপেকাও প্রচুর।

এই বৃক্ত কথা সমাপ্ত হইলৈ " অর্থকারক পুনর্বার ভাহাদিশকে আপন উদ্যানে অইয়া গিয়া এক বৃক্ষ দেখাইলেন। সেই বৃক্ষের অন্তঃসার জীর্থ, কিন্তু স্কৃত পত্র ভেলোযুক্ত ছিল। ভাহাতে "করুণা জিক্ষাসিল, ইহার ভাহপর্যাকি? " অর্থকারক কহিলেন, বাহা সুন্দর অন্তর্গলিত এই বৃক্ষ সম্বরের উদ্যানস্থ অনেকের দৃষ্টান্ত স্থানিবা; ভাহার। মুখেতে ঈশ্বরের ধন্যবাদ করে, কিন্তু কার্য্যেতে তাঁহার নিমিতে কিছুই করে না। ভাহাদের পল্লব অভি সুন্দর, কিন্তু অন্তঃকরণ জনার, কেবল শয়তানের চক্ষকির শোলা করিবার যোগা।

অনম্ভর ভোজ্য দ্রব্য প্রভৃতি সকল প্রান্তত হওয়াতে এক জন ঈশবের ধন্যবাদ করিলে সকলে আহার করিতে বসিল। ভোজন সময়ে অতিথিদিপের সম্ভোষার্থে "অর্থকারকের বাদ্যধানি করাওনের রীতি থাকাতে বাদ্যকারেরা আসিয়া বাদ্য করিতে লাগিল। তাহাদের মধ্যে এক জন অতি মিই শ্বর বিশিষ্ট গায়ক ছিল, সে এই গীত গান করিল,

প্রভূমাত আমার জাপ্রয়। তিনি সদাই দেন আহার॥ তাহা হৈলে কোন বিষয়। অভাব হবে কি প্রকার॥

অপর ঐ গান বাদ্য সমাপ্ত হইলে "অর্থকারক
"খ্রীফীয়ানীকে জিজ্ঞাসা করিলেন, যাত্রিকী হইতে প্রথমে
তোমার প্রকৃত্তি কিনে জন্মিয়াছিল? "খ্রীফীয়ানী উত্তর
করিল, প্রথমতঃ আমার স্থামির বিয়োগে আমি, অতিশয়
শোকাকুলা ইইয়াছিলাম; কিন্তু সে সাভাবিক স্নেহমাত্র।
তৎপরে আমার স্থামির যাত্রা এবং তদ্বটিত গ্রংখ সকল,
এবং তবিষয়ে তাহার প্রতি আমার যে নির্মলাচরণ হইয়াছিল, সেই সকল মনে পড়িল। ভাছাতে আমি আপন
দোব জানিয়া এমন ব্যাকুলা হইলাম, যে পুয়রিণীতে
ডুলিয়া প্রাণ ত্রাগ করিতে প্রায় প্রস্তুত ছিলাম। কিন্তু
এমত সময়ে ঈশবরের অনুপ্রহেতে এক আশ্চর্য্য স্বপ্প কেথিলাম; তত্বারা আমার স্থামির মন্ত্রাবন্থা বিষয়ক সমাচার পাইলাম। এবং তিনি যে দেশে বাস করিতেছেন,

সেই দেশের রাজাইইতে আহ্লানস্কৃতক এক পত্রও পাই-লাম, ঐ স্থা ও পত্রহারা আমার মন এমত আকৃষ্ট হইল, বে আমাকে অবিলয়ে বাত্রিকী হইতে হইল।

" অর্থকারক জিজ্ঞাসিলেন, ভাল, বাদীহইতে বহির্গত হইবার সময়ে ভূমি কি কোন বাধা পাও নাই?

".थ्रीकीयानी कहिल, हाँ, পाইयाहिलाग। " उपनीजा নামী এক প্রতিবাদিনী আমাকে বাধা দিয়াছিল। সিংছের ভয় প্রযুক্ত আমার স্থামিকে পরাজ্যুখ হইতে যে ব্যক্তি পরামর্শ দিয়াছিল, ঐ "ভয়শীলা তাহার জ্ঞাতি। সে যাত্রা কার্য্য অতি বিপত্তিজনক বুঝিয়া আমাকে উন্মতা বলিয়াছিল। আর সে আমার স্বামির পথঘটিত হুঃখ ক্লেশাদি বর্ণনাম্বারা আফাকে নিরুৎসাহ করিতে সাধ্যা-নুসারে চেটা পাইয়াছিল। সে সকলদারা আমার মন বড় চঞ্চল হয় নাই। কিন্তু সেই সময়ে আমি আর এক স্বপ্ন দেখিলাম, যেন ছুই কদাকার ব্যক্তি আমার ষাত্রাতে বিপদ ঘটাইতে কুমন্ত্রণা করিতেছিল। সেই স্থাতে আমি বড় উদ্বিগা হইয়াছিলাম, এবং এখনও তাহা আমার মনে উপস্থিত হইলে, যাহার সহিত সাক্ষাৎ হয়, তাহাকে দেখিলেই আমার তয় হয়; এ পাছে আ-মার অপকার করিয়া পথহইতে আমাকে বহিভ্ত করে। আমি সকলকে জানাইতে চাহি না, কিন্তু আমার প্রভূকে কহি, বে এই বাদী আসিতে পথ প্রবেশ দার হাড়াইয়া কিঞ্চিৎ অপ্রসর হইলে আমরা উভয়ে এমন আকান্তা হইয়াছিলাম, বে ডাকাইত ২ বলিয়া জামাদিশকৈ চেঁচা-हेटल इंट्यांक्रिया। अवर दय हारे कर आमारमंत्र जेगांत আক্রমণ করিরাছিল, তাহারা আমার বর্ষ্ট হই ব্যক্তির कुना अक्रिक विनिष्के हिन। क्षित्री अर्थकात्रक भूनकात्र किएतम, द्वामात्र आतश्च উত্তম; অভ্যাব পোৰে ভোমার মকল জাতিখন বৃদ্ধি ক্টুবে। তদৰকা তিনি ক্রিসাধাকে সভাব করিয়া জিলাসিলেন, হে বংবেল এই স্থানে জ্ঞান্মন ক্রিতে ভ্রামার প্রবৃত্তি কি ক্রপে ক্রিয়াছিজ?

य कथा अनिका ैं कक्षा आधामुधी अ कलामाना इदेश किहू कर्ण भोनी क्षेत्रा इदिवान

পরে " অর্থকারক কহিজেন, তম করিও না, বিশ্বাস কর; মনের কথা ভাজিয়া বল।

ভাহাতে করুলা বাজ্যারন্ত করিয়া কহিল, হে মহাশল, আনি পরীক্ষিতা হই নাই, এই হেতু মৌনী থাকিবার
বাঞ্ছা করি; এবং পাছে শেবে অগ্রাহ্য হই, এই আশহা
হইতেছে। আমার দণী "পৃষ্টীয়ানীর ন্যায় আনি
দর্শনের কিয়া স্থপ্নের কথা কহিতে পারি না, এবং ধার্ম্মিক
আত্মীয়দিগের পরাষ্ট্র কথাকহিতে পারি না, এবং ধার্ম্মিক
আত্মীয়দিগের পরাষ্ট্র ক্ষাক্রের করেও জন্য যে মনস্তাপ,
তাহাও আনি অবগ্রতা নহি।

পরে "অর্থকারক জিজ্ঞাসা করিলেন, হে বংলে, তবে এরপ কার্য্য করিতে কি ঐকারে তোমার উৎসাহ জিম্মাছিল?

তাহাতে করুলা কহিল, আমাদের এই সন্ধী তানাৰ্ডরে প্রমন করিবার, নিবিছত বর্থন পাণের জন্যাদি
সংগ্রহ করিভেছিল, তথন আমি আরু এক জন জীর
সহিত তাহাকে বেখিতে থিকা ছাত্রে ক্রান্ত করণ
পূর্বক মধন ক্রিভার, ইহার তাৎপার্চ কি? সে কহিল,
আমার ক্রিভার ক্রিভার ধননার্থে আমি আহতা হইয়াছি,
এবং ক্রেডেওও ভারাকে দেখিয়াছি। তিনি এখন এক
আক্র্যা ক্রিভার সম্বাদ্যে থাকিয়া সন্তকে মুকুট
ধারণ এবং প্রমা মূর্বে নীণা বাদন আর তথাকার রান

লার গ্রহিত একাবনে ভোকন শান এবং কেই স্থানে भृशेक रक्षम अनुक अर्थमा त्राकात खाकि भाग करत्व। এই মনৰ তদিতে ২ সামার স্বস্তু ব্যিষ্ঠা উচিল, তা-হাতে আমি মনে ২ কহিলাম, ইক্ৰছি এতা হয়, তবে ন্দানি পিডাঃ মাতা ঃক্রডুমি এক্তি সমস্ত পরিত্যাগ করিয়া, পুনিফীয়ানীর সহিত গমন করিতে চেফা করিব। এই আশবে আমি তাহার সহিত জারো কথোপকখন করিয়া জিজাসা করিলাম, ঐ সকল বিষয় কি সজা? এবং আমাকে ভোষার সঙ্গে ঘাইতে দিয়া কি না? যেতেত্ আমি তথন স্পায় বুঝিলাম বে আমাদের নগরে জার अधिक काल अविद्ि कतित्व कान् मिन नर्सनाम हटेटा। কিন্তু আমি প্রস্থান সময়ে বড় ক্রমনা হইলাম, তাহার কারণ, আমি যে আসিতে অনিজ্ঞা ছিলাম, ভাষা নতে; কিন্দু অনেক জ্ঞাতি কুটুনেরা বে ঐ নগরে রহিল, সেই নিমিতে ছঃশিতা হইয়াছিলামা যে যাহা হউক, আমি त्रकाडःकद्रावतः महिक व्यथन अविद्याष्ट्रि, धवर यनि भाति, তবে এই " খুফিনিয়ানীর সমতিব্যাহাতে ইহার সামির ও তাহার রাজার নিকটে গমন করিব।

ভাষারক করিলেন, ভোমার মাতারস্থ ভাল, যেহেতুক ভূমি রতেওত প্রভায় করিয়াছ। ভূমি রতের সল্পী হইয়াছ, কেরনা সেও আগণন শাভতী নয়মী ও ভাষার প্রভু গরমেষরের প্রভি প্রেম প্রযুক্ত আগন পিত। যাতা ও কর্মানে করিয়া পূর্বের অপ্রিচিত লোকদের রহিত বার করিছে বিয়াহিল। প্রমেষর তেন্দার কর্মের করিছে নাম করিয়া প্রের বে প্রভু পরমেষ্ট্রের প্রের করিছে শালার করিতে জালিয়াছ, ভিনি ভোষানের শাস্ত্র

क्षा रकावनारक पश्चन मार्काकत सहैत्य बीद्वारस्त्रा

অবং বালকেরা সকলেই পৃথক ২ ছইলা ক্রন করিল।

কলণা ক্যাণতা হইলা মনের আদন্দে দিলা হাইতে
পারিল লা, বৈক্তেল ক্রিলাপ্তির বিষয়ে তদক্ষি তাহার বে আশিকা ছিল, তাহা এই কলে অধিক দূরীকৃত
হইল, তাহাতে বিনি তাহার প্রতি এমন অনুগ্রহ প্রকাশ
করিয়াছিলেন, নৈই ইম্বের ধন্যবাদ ও স্তৃতি করত সে

## . ८. श्रामा

অনন্তর সুর্যোদয় সময়ে তাহারা গাতোখান করিয়া তথাইইতে প্রস্থান করিবার উদ্যোগ করিলে \* অর্থকারক তাহাদিগকে কহিলেন, আর কিঞ্চিং বিলয় কর; এ স্থান-হইতে তোমাদিগকে নিয়মানুসারে সুশোভিত হইয়া যাইতে হইবে। পরে যে ক্র্যা প্রথমে তাহাদিগকে ভার थ्लिया पियाहिल, त्मेरे क्लार्क करिएलन, रेश्किरक উদ্যানস্থ স্থানাগারে লইয়া যাইয়া পথ পর্যাটনে ইহা-দের গাতে যে সকল ধূলি লাগিয়াছে, তাহাজকালন করি-য়া ইহাদিগকৈ পরিষ্কার কর। তাহাতে এ " গুল্পনতি তাহাদিগকে উল্যানে লইয়া शिवा श्वानावीक क्यांदेश কহিল, এই স্থানে তোমাদিগকে সাল করিয়া পরিষ্ঠ र्टरेज र्टेट्से रक्तमा यांजाकाति यु चीरबाक जामात क्छीत नरह उनिहाँ हम, तार नक्षरक छिनि वह क्रभ र्थि क्यार्टिया यार्टिम । अञ्चर छोराता ও राजरकता সকলেই অধিউ হইয়া আন করিল। আন করাতে তা-হারী বে কেবল পরিজ্ত হইল তাহা নয়; কিছ আছ প্রতিষ্ঠিত অভিশয় বল পাইরা সতেজ হইরা নামার্মার-

হইতে নিৰ্গত হইল। এবং জনাহইতে গৃহে আইলে প্ৰাণেকা ভাষাদিগকে অধিক দুলি বেখা গেল।

তবন করিয়া কহিলেন, চলের কারি তাহাদিগকে অবলোকন করিয়া কহিলেন, চলের কারি তোরাদের তবাহির তাহাদের তবাহির তবাহির তাহাদের তবাহির তবাহির বিলি চাহিয়া পাঠাইলেন। মুদ্রা আনীত হইলে তাহাদের গর্তবা সকল হানে তাহারা বেন পরিচিত হয়, এই নিমিতে তিনি তাহাদিগকে মুদ্রান্ধিত করিয়া দিলেন। সেই মুদ্রা কি অকার, তাহা বলি, তন। ইআয়েল লোকেরা মিসরদেশ-হইতে বহির্গনন সময়ে বে নিস্তারপর্কের ভোজে ভোজন করিয়াছিল, সেই ভোজের সার অর্থাৎ মেরশাহক-স্কর্প ঐ মুদ্রান্তে ভাহারা চক্ষ্যেরের মধ্যে অন্ধিত হইল। ঐ মুদ্রান্ধ তাহাদের মুদ্রার সৌন্ধর্যক্রমন অলকারস্কর্প হওয়াতে তাহাদের সাজীব্য আরও ক্ষাই এবং মুধ্রী স্বর্গার দৃতের ন্যায় হইয়া উটিল।

অনন্তর প্রথারক প্রথার প্রীকোকদের সেবাকারিনী ঐ কন্যাকে আজা ক্রিলেন, ত্রি বল্লাগারে যাইয়া ইয়াদের বিরিজে রন্ত্র আহির করিয়া আন ; তাহাতে সে বাইয়া তাল পরিছত রাজির করিয়া আনিয়া তাহার সম্পূবে রাজির তিনি জারাজিনকে ঐ ওল ও পরিছত হল্ম বন্ত্র পরিবান করিতে আজা দিলেন। তাহাতে নেই মুই প্রীকোক অই আপ বিভূষিত হইলে পরক্ষর ভয় পাইতে অইজেন অক্তাহত আপনার লোভা না ক্রেলি ক্রেলি অন্যার লোভা দেখিও পরিছা। তাহাতে ক্রিলায় ক্রিলা অন্যার লোভা দেখিও পরিছা। তাহাতে ক্রিলায় ক্

ক্লপ্রতী। বালকেরাও স্বং সৌন্দর্য্য দেখ্লিয়া চম্ৎকৃত হইয়ারহিল।

পরে "অর্থকারক " মহোৎসাহ নামে আপনার এক ভৃজ্যুকে ডাকিয়া কহিলেন, তুমি ঢাল ও খড়র ও শিরস্ত্র গ্রহণ
করিয়া আমার এই কন্যাগণকে "রম্যপুরী নামক অপর
প্রবাসগৃহে সাবধানে লইয়া যাও। তাহাতে সে আপন
অস্ত্রশস্ত্র গ্রহণ করিয়া তাহাদের অগ্রে২ ঢলিল। তখন
"অর্থকারক তাহাদিগকে কহিলেন, ঈশ্বর তোমাদের
মঙ্গল করন। এবং সেই গৃহহর পরিজনেরাও অনেক
আশীর্ষাদ পূর্বক তাহাদিগকে বিদায় দিল। অনস্তর
তাহারা আনন্দে গমন করিতে ২ এই গীত গাইল।

व्यामारमत विजीय क विकारमत शारन। দেখিনু বিষয় ভাল বিবিধ বিধানে॥ অন্য প্ৰতি গুপ্ত বাহা পুরুষানুক্রমে। আমাদিপে ব্যক্ত তাহা ঈশ্বরের প্রেমে॥ ১॥ জঞ্চাল সংগ্রাহি ব্যক্তি মাকড্সা আর। সৰৎসা কুফুটী হৈল শিক্ষক আমার॥ সেই হেতু আমি যেন হয়ে দৃঢ় মন। শিক্ষা অনুসারে সদা করি আচরণ ॥ ২ ॥ কশাই উদান কেত্ৰ ও বাবুই পাখী। মুৰে ধৃত ভার খাদ্য আর জীর্ণ শাখী॥ এদের সুবর্ণ ভৌলো যেই ধন রয়। তাৎপর্যা বুঝিলে আরো শ্র লাঠেভ হয়। ৩। ज्ञा जामहा त्यन हत्य महत्त्वा । প্রার্থনা করিয়া পাই নিচ্চপট মন 🛚 🕆 সদা আত্মকুশ লয়ে দেবিতে ঈশবর। त्महे ज्ञान व व्यवृत्ति दहव जामादमदत ॥ ८ ॥ जनस्त्र जामि यदश पिर्वाम रवन वे औरवादकत्रा 2 c 3

গমন করিতে লাগিল, এবং "মহোৎসাহ তাহাদের ক্ষপ্রেই চলিল। এই রূপে গমন করত "খুটিয়ানের পৃষ্ঠের বোঝাবে স্লে থসিয়া এক গছরেতে পড়িয়াছিল, ভাছারা সেই স্থানে আসিয়া উপস্থিত হইল। ভাছাতে ভাছারা তথায় কিঞ্চিৎ কাল বিরাম করিয়া ঈশরের ধন্যবাদ করিল। অপর "খুটিয়ামী কহিল, বাক্যেতে এবং কার্যোতে আন্মরা ক্ষমা প্রাপ্ত হইয়, এই বে বাক্য ছারেতে আমাদের প্রতি কথিত হইয়াছিল, ভাছা এই ক্ষণে আমার ক্মরণ হইতেছে। বাক্যেতে, অর্থাৎ অলীকার্যারা; আর কার্যাতে, অর্থাৎ ক্ষমার অধিকার প্রাপ্তিয়ারা। সেই অলীকার কি, ভাছা আমি কিঞ্চিৎ জ্ঞাত আছি; কিন্তু কার্যার অর্থাৎ ক্ষমাধিকারপ্রাপ্তিয় বিষয় বুঝি আপনি জ্ঞাত আছেন। অতএব হে "বহোবসাহ, অনুগ্রহ করিয়া তিথিবরের প্রসম্ব আমাদিগকে কছন।

তাহাতে "মহোৎসাহ কহিল, কার্যানার বে কমা, তাহা তদাকাল্ফি ব্যক্তির কন্যে অন্য ব্যক্তি কর্তৃক পাওয়া যায়; ফলতঃ যাহার প্রয়োজন আছে, তাহা কর্তৃক নহে, কিন্তু বিশেষ উপায়নারা অন্য কর্তৃক পাওয়া যায়। ইহার বিষয় কিঞ্চিৎ বিভারিতরূপে কহি, ভনা তোহার ও "করণার ও এই বালকদের বে কলা হইয়াহে, তাহাজন্য কর্তৃক, অর্থাৎ যিনি তোমাদিগকে নারে প্রবেশ করিছে দিয়াছিলেন, তৎক্তৃক প্রাপ্ত হইয়াছে। তিনি তোমাদিগকে আছাদন করিবার নিনিজে পুণ্য সক্ষম করিয়াছেন, এবং তোমাদিগকে গেতি করিয়ার নিনিজে আপন রক্ত শাভ করিয়াছেন; এই উপায়য়ারা ভিনি ক্রাম অধিনার পাইয়াছেন।

ভাষাতে "প্রীফীয়ানী কহিল, ভিনি বদি আপনার প্রান্তিমান করেন, ভবে ভাঁহার আপনার বিশ্বত কি থাকে?



- শংহাৎসাহ কহিল, যে পুণোতে ভোমাদের কুলার এবং তাঁহারও কুলার, তদপেকা অধিক পুণা ভাঁহার আছে।
- পুষ্টীয়ানী কহিল, তাহা কেমন করিয়া হইল? অনু-এহ করিয়া বলুন।
- \* মহোৎসাহ কহিল, ভাল, ভাহা কহি, শুন। প্রথমতঃ ইহা কহিতে হইল, যাঁহার কথা হইতেছে, তিনি অদ্ধি-তীয়, অর্থাৎ তাঁহার তুলা কেহই নাই। তিনি এক ব্যক্তি বটেন, কিন্তু ছুই স্বভাব ধারণ করেন। ঐ স্বভাবদ্বয়ের প্রভেদ স্পাই বোধগম্য বটে, কিন্তু ভাছা পৃথক্ করা অসাধ্য। তাহার মধ্যে এক ২ স্বভাবের স্ব ২ পুণ্য আছে, এবং সেই ২ পুণ্য তত্তৎ স্বভাবে এমত বন্ধমূল, বে স্বভাবের লোপ না করিলে ভাহার পুণাকে পৃথক্ করা যায় না। সেই ছই পুনোর অংশী আমরা হইতে পারি না, ফলতঃ আমাদিগকে পুণ্যবান ও জীবনাধিকারী করণার্থে তাহা मिख्या बाग्र ना। अञ्चित्र थे इटे चलादत मः राश्यम् नक তৃতীয় এক পূণা সেই ব্যক্তির আছে। মনুষাত্ব বিনা তাঁহার বে ঈশ্বরত্ব আছে, সে তাহার পুণ্য নয়; এবং ঈশরত্ব বাতিরেকে ভাঁহার যে মনুষাত্ব আছে, সে তা-হারও পুন্য নয়; কিন্তু ঐ উভয় স্বভাবের সংযোগমূলক বিশেষ পুণ্য জানিবা; অর্থাৎ তিনি ঈশ্বরকর্তৃক যে মধ্যস্থ পদে নিযুক্ত হইয়াছেন, তৎপদের কার্য্য সাধনের প্রয়ো-জনীয় পূণ্য। প্রথম পূণ্য ত্যাগ করিলে তিনি ঈশ্বরত্ব হীন হন। দ্বিতীয় পূণ্য ত্যাগ করিলে তিনি আপন মনুষ্য-দ্বের ওচিভারপ ভূষণ হীন হন। তৃতীয় পুণ্য ত্যাগ করি-লে তিনি মধ্যস্পদের প্রয়োজনীয় সিদ্ধি রহিত হন। এই । नकत भूग गाउदिक किलाजना वर्षाः क्षाद्रत क्षा-শিত আজাপালন জন্য তাঁহার আর এক পুণ্য আহছ;

সেই পুণ্য তিনি পাপি লোকদিগকে দেন, এবং তদ্ধারা ভাহাদিগের পাপ আচ্চাদিত হয়। এই বিষয়ে লিখিত আছে, যথা, "এক জন আজ্ঞা লজ্ঞান করাতে যেমন অনেকে পাপী গণিত হইল, তেমনি আর এক জন আজ্ঞা পালন করাতে অনেকে পুণ্যবান গণিত হইবে।"

ইহা শুনিয়া "খুীফীয়ানী কহিল, তবে তাঁহার অন্য তিন পুণ্যে কি আমাদের কোন ফল দর্শে না?

\*মহোৎসাহ কহিল, হাঁ, অবশ্য দর্শে; যেহেতুক সে
সকল পূণ্য তাঁহার স্থাব রক্ষণ ও কার্য্য সাধনার্থে আবশ্যক হওয়াতে যদ্যপি অন্যকে দেওয়া যায় না, তথাপি
তাঁহার পুণ্যদায়ক পুণ্য ঐ তিনেরই গুণে কৃতার্থ হয়;
ফলতঃ তাঁহার ঈশ্বরত্বসম্বনীয় পুণ্যদারা তাঁহার আজ্ঞাবহুতা গুণবতী হয়; আর তাঁহার মনুষ্যত্বসম্বনীয় পুণ্যদারা তাঁহার আজ্ঞাবহুতা পুণ্যদানে সমর্থা হয়। এবং
তাঁহার সভাবদ্বয়ের সংযোগসম্বনীয় যে পুণ্য, তদ্বারা
ঐ পুণ্যদায়ি পুণ্য কৃতকার্যা হয়। অতএব দেখ, এই
যে পুণ্য, ইহাতে ঈশ্বরত্বিশিট্ট খ্রীটের প্রয়োজন নাই,
যেহেতুক তিনি এত্রিহান হইলেও ঈশ্বর বটেন। এবং
ইহাতে মনুষ্যত্বিশিট্ট খ্রিটের প্রয়োজন নাই, যেহেতুক
এতদ্বিদীন হইলেও তিনি সিদ্ধ মনুষ্য বটেন। এবং ইহাতে
নরেশ্বরত্বরূপ খ্রীটের প্রয়োজন নাই, যেহেতুক
এতদ্বিদীন হইলেও তিনি সিদ্ধ মনুষ্য বটেন। এবং ইহাতে
নরেশ্বরত্বরূপ খ্রীটের প্রয়োজন নাই, যেহেতু এতদ্বিহীন
হইলেও তিনি নরেশ্বর বটেন।

অতএব ঈশ্বর হওনার্থে কিয়া মনুষ্য হওনার্থে কিয়া
নরেশ্বর হওনার্থে এই পুন্যেতে পুনিউর প্রয়োজন না
থাকাতে জিনি অন্যকে তাহা দান করিতে পারেন; কলতঃ
এই পুনারায়ক পুনা তাহার অনাবশাক হওয়াতে তিনি
মনুষ্যদিয়াকে তাহা বিতরণ করেন, এই জন্যে ভাহাকে
পুরাদান কহা যায়। (রোমীয় ৫; ১৭) প্রভু রীশু খুষ্টি

আপনাকে ব্যবস্থার অধীন করাতে সেই পুণ্ বিতরণ করা তাঁহার উচিত; বেহেতুক ব্যবস্থান ব্যক্তির কেবল ন্যারাচারী 'ইওকা উচিউ এনন নয়, কিন্তু প্রেমলীল ইওরাও উচিউ। বাঁদি তাহার ছই খান বন্তু থাকে, তবে বাহার করা নাই, ভাহাকে এক খান দান করা ব্যবস্থান্সারে ভাহার উচিত। ভাল, আমাদের প্রভুর ছই খান পুণ্যবন্ত্র আছে, এক খানি ভাহার প্রেরাজনীয়, আর এক খান ভাহার প্রেরাজনাতিরিক্ত; অতএব বাহার নাই, ভাহাকে তিনি বিনামূল্যে এক খান বন্তু প্রদান করেন। এখন বল দেখি, হে 'থুটিরানি ও করুলে ও অন্যালকন, ভোমাদের যে পাপক্ষমা, ভাহা কার্যালারা অর্থাৎ অন্যালনের প্রেমলারা প্রাপ্য হইরাছে কি না? ভোমাদের প্রভু বীশু পুরিশ্রম করিয়াছেন; এবং ভাহাতে যে ফল উৎপন্ন হইয়াছে, তাহা তিনি দীনহীন ভিক্রককে পাইলে দান করিয়া থাকেন।

আরও কহি, তন। কার্যালারা পাপক্ষা প্রাপ্তির নিমিতে কেবল আনাদের আবরণ গ্রন্থত ক্রিলে হয়
না, কিন্ত ঈশ্রকে মৃত্তির মূল্য দেওরাও আবশাক।
পাপ প্রবৃত্ত আমরা ধর্মবাবছালারা উপস্কৃত অভিশাপের পাত্র হইরাই; অতএব আমরা বে মুক্ত অপকার
ক্রিয়াহি, ভাহার উপার্ভ মূল্য না কিন্তে আমরা সেই
অভিশাপহইতে মৃত্ত হইতে পারি কা ভাইন কি জনি
না? ভাল, ভোলাদের প্রভ্র রক্ত সেই মূল্য; ভিনি ভোন
নাদের অভিনিধিরূপে উপাহিত হইরা ভোলাদের অপন
রাধের কলর্লে ভোলাদের পরিবর্তে মৃত্যুক্তিনি ভোল
ক্রিয়াহেন। এতজ্ঞাতে ভিনি রক্তলারা ভোলাদের পরিবর্ত্ত মৃত্যুক্তিনি কার্যালিক
ক্রিয়াহেন। এতজ্ঞাতে ভিনি রক্তলারা ভোলাদের পরিবর্ত্ত মৃত্ত করিয়াহেন, এবং পুনালারা ভোলাদের পরিবর্ত্ত ক্রিয়াহেন।

ষধন জগতের বিচার করিছে আসিবেন, তথন তো-মাদিগকে দণ্ড না দিয়া ক্ষমা করিছেন।

" খ্রীফীয়ানী কহিল, এ কেনন উদ্ভয় কৰা! বাকোতে ও ক্রিয়াতে আমাদের পাপকনা হয়, এই কথা আমাদের জানবর্দ্ধক বটে, ইহা আমি এখন বুঝিলাম। হে প্রিয় "করুণে, আমরা বেন এই শিকা মর্নে রাখি। হে আমার সহানেরা, তোমবাও ইহা ভূলিও না। কিন্তু মহাশিষ, বুঝি এই কারণ বর্ণতঃ আবার প্রিয় " ধ্রীফীয়ানের বোঝা কল্পছইতে খ্রিয়া পড়িয়াছিল, তাহাতে ভিনি আজ্বাদে তিন বার লম্ক দিয়াছিলেন।

শংকাৎসাহ কহিল, হাঁ, বটে। অন্য কোন মতে তা-হার বোঝার বে রজ্জু ছিল হইত না, এই কথায় বিশাস করাতে তাহা ছিল হইয়াছিল; এবং ইহার গুণ বেন তাহার বোধগায় হয়, এই জনো তাহাকে খ্রীফোর কুশ পর্যান্ত আপন বোঝা বহিয়া আসিতে হইয়াছিল।

" খুবিটীয়ানী কহিল, আমিও এমত বুবিলাম ৰটে, বেতেত্ক আমারও অন্তঃকরণ পূর্বে আনন্দেতে পুলকিত
থাকিলেও এই কলে তরপেকা দশ ওণ আনন্দবুক্ত হইয়াছে। আমি অধিক চেতনা না পাইলেও অন্প চেতনাতেই বুকিলাছি, পৃথিবীয় মধ্যে স্কাশেকা ভারাকান্ত
লোক আমার নাম বদি এই কানে উপস্থিত হইয়া
কাম ও প্রতায় করে, তবে ভারারও অন্তঃকর্প আনক্ষেত্ত উল্লামিত হয়।

শ্বের কার্ট্রার বিশ্বর কার্ট্রার কার কার্ট্রার কার্ট্র কার্ট্রার কার কার্ট্রার কার্ট্রার কার্ট্রার কার্ট্রার কার্ট্রার কার্ট্রার কার কার্ট্রার কার্ট্রার কার্ট্রার কার্ট্রার কার্ট্রার কার্ট্রার কার কার্ট্রার কার্ট্রার কার্ট্রার কার্ট্র কার্ট্রার কার্ট্র কার্ট্র কার্ট্রার কার্ট্র কার কার্ট্র কার্ট্র কার কার্ট্র কার্ট্র কার ক

ইহা বিবেচনা করিয়া এক বার বুর্ঝিলে পরিতাণের পথ ও উপারের আক্ষয় উৎকৃষ্টতা প্রযুক্ত কাহার অন্তঃ-করণ ত্রাণকর্তার প্রতি ক্ষেত্রকে আর্ক্তিভূত না হয়?

\* থাটায়ানী কৰিল, সভা, ভিৰি আমার নিমিতে আপন রক্ত পাত করিয়াছেন, ইহাতে আমার অন্তঃকরণ বিদীর্ণ হইতেছে। হে প্রেমসাগর, হে সর্বগুণাকর, তুমিই ধন্য। আর্থাতে আপনকার অধিকার আছে; আপনি আমাকে ক্য় ক্রিয়াছেন; আমার কায় মন সর্বাস্থ আপনকার; আমার প্রকৃত মূল্য অপেকা আপনি আমার মিনিতে দশ সহজ্ঞ গুণ মূল্য দিয়াছেন। হার! ইহাতে যে আ-মার স্বামির চক্ষু অঞ্জপুর্ন হইয়াছিল, এবং তিনি পরে যে আহ্লাদে অগ্রসর হইয়াছিলেন, ভাষা আশ্চর্যা নয়। আর আমি বে ভাঁছার সজে গমন করি, অবশা ভাঁছার এমত ইচ্ছা ছিল। কিন্তু হায়! অভি অধমা যে আমি, আনি সেই যাত্রাতে ভাঁহাকে একাকী ছাডিয়া দিলাম। হে ." করুণে, তোমার পিতা যাতা যদি এ স্থানে আসিতেন, अवर " जग्नीना नामी आमाटनत अजिवानिनी यनि आ-সিতেন, ভবে কি সুখের বিষয় হইত! এখন আমি "কামুকী নামুীরও জাগমন সর্বতোভাবে বাঞা করিডেছি; তাঁ-হার। থাকিলে ভাঁছালের অন্তঃকরণ অবশ্য আর্দ্র ইউ। " " जत्रभीतात्र त्व कत्र, अवश " कामूकीत्र त्य कावल काम, তাহাও তাঁহাদিগকে কাকার প্রতি ক্রিয়া প্নরীয় शृद्ध सहेग्रा बाहेट्ड शाहिन ना।

\*মহোৎমাস \* শুটিনালীকে কৰিল, ভূমি এই কৰে বেকের বেপেতে এই লকল করিছেছড় চতালার এই ভাব সর্বালা থাকিবে, এলন জনুমান কি করিছেছ? বিবেচনা করিয়া দেখ, তালা ককজকে দক্ত হল না। দেখ, যীশুর নরণ কালে বাহারা নিকটে দাঁজাইয়া তাঁহার বিদীপ হাদ্য- হইতে ভূমিতে রজের পতন দেখিয়াছিল, তাহাদের মধ্যে আনেকে তোমাদের মত আর্দুচিত ও শোকাছিত না হইয়া হাস্য পরিহাস করিয়াছিল, আর ঐ বিষম দর্শনেতে তাঁহার শিষ্য না হইয়া বরং ভাঁহার বিপরীতে আপন ২ অন্তঃকরণ কঠিম করিয়াছিল।

কে আমার কন্যাগণ, তোমাদের এই যে ভাব জন্মিমাছে, ক্ষরের সাহায়ে আমার উক্ত বাক্যের আলোচনা করাতে ভাঁহার বিলেষ অনুগ্রহহতৈ তাহা উৎপন্ন হইয়াছে। মনে করিয়া দেখ, ভোমাদিগকে বলা
গিয়াছিল, বে ক্ষুড়ী সামান্য ডাক্ছারা শাবকদিগকে
আলার দেয় না; অভএব ভোমাদের এই ভাব বিশেষ
অনুগ্রহের কল জানিবা।

অপর আনি অথা দেশিলান, তাহারা অথা গমন করত
"খুমিটীয়ানের যাত্রাকালে "অবিবেচক ও "অলস ও
"অভিমানী এই তিন জন বে স্থানে পড়িয়া নিজা গিয়াছিল, সেই স্থানে আসিয়া উপস্থিত হুইল, এবং সেখানে পথের অন্য পার্ষে কিঞ্চিন্দুরে কাঁশিকান্তে কুলান সেই তিন ব্যক্তির শৃত্বালবদ্ধ শব দেখিল।

তাহাতে \*করণা পথপ্রদর্শককে জিজ্ঞানা করিল, মহা-শয়, ঐ তিন জন কে? এবং কি নিজিত্তে বা তাহাদিগকে কাঁশি দেওয়া গিয়াছে?

শ মহোৎসাহ উত্তর করিল, ঐ তিন ব্যক্তি অতি চুব্র্ড ছিল; ভাহারা আপনারা যাত্রিক হইতে অনিকৃত ছিল, এবং সাধ্যানুক্ষালয় ক্ষেত্রনা লোকদিগতেও নিবারণ করিত। আর ভারটার ক্ষিতে অলম ও অভান হইটা বাহাদিগতে প্রবৃত্তি ক্ষিতে পারিত, ভাহাদিগতে আপনাহিণের ন্যায় জালস ক্ষা আজান করিয়া, পেবে ভাহাদের সকল হইতে, ক্ষেত্ত মানা অভিযান করাইত। শুটিরীরানের গমন কানে

উহারা নিদ্রিত ছিল, এই কবে তোমরা উহাদিগকে ফাঁশি কাঠে টাজান দেখিতেছ।

অপর \* করণা জিজাসা করিল, তাহারা কোন লোককে কি আপনাদের মতে লওয়াইতে পারিয়াছিল? \* মহোৎ-সাহ কহিল, হাঁ, ভাহারা অনেককে বিপথগানী করিয়া-हिन। ८मथ, " मन्त्रश्रमी नात्म धक कनत्क क्लतामर्ग नित्रा আপনাদের তুলা করিয়াছিল। তদ্তির "কীণখাস ও \* নিরুৎসাছ ও \* কামপীড়িত ও \* নিজালু এই সকলকে, এবং " মন্দর্মতি নামুী এক যুবতীকে ভাহারা কুপ্রবৃত্তি দিয়া আপনাদের ন্যায় কুপথগামী করিয়াছিল। ইহা ব্যতীত তোমাদের অভুকে কঠিন স্বামী বলিয়া অনেকের নি-কটে তাঁছার অপ্যশ করিয়াছিল; এবং ঐ সর্কোত্তম দেশের ছুর্নাম করিয়া কহিত, লোকে বেমন কলে, তাহার অর্কেক ভালও সে দেশ নয়। এবং ভাঁচার উত্তম ২ ভূত্য-দিগেরও কুখ্যাতি করিয়া তাহাদিগকে পরাধিকারচর্চক ও ক্লেশদায়ক কচিত। তদ্তির তাহারা ঈশ্বরদত্ত অন্নকে ভृति विलिख, ও डांगात्र महानिम्दिशत मृथदक मात्रामाज, व्यवेश याजिकरमञ्ज द्वान ও পরিতামকে পগুলাম করিয়া কহিত।

শুষ্ঠীয়ান কৰিল, উহারা বদি এমন লোক, তবে তাহাদের জন্যে আমি কদাচ বিলাপ করিব না; তাহারা বথাবোগ্য দও প্রাপ্ত হইয়াছে। জার তাহারা বে রাজপথের নমীপে ঝুলিতেছে, ইহাতে বড় ভাল হইয়াছে; কেননা ভাহাদিখনে দেখিয়া জন্য লোক চেতনা পাই-বে। কিছু জন্য হুই লোকদিখনে সতর্ক করিবার জন্যে উহাদের সকল কুকর্মের বৃত্তান্ত লোহ কিয়া পিছলের ভাততে বোদিত হইয়া উহাদের দোহ করণের এই খানে হাশিত হইলে কি ভাল হইত না?

" মহোৎসাহ কহিল, ভাষাই হইয়াছে; প্রাচীরের
নিকটে গেলেই এনত লিপি দেখিতে পাইবা। ভাষাতে
"করণা কহিল, বাইব কেন? ভাষারা টালানই বাকুক,
ও ভাষাদের নাম লুগু হউক, এবং ভাষাদের দোব ভাহাদের প্রভিক্তন লগাকাল লাক্য দিউন। আমরা এই
হানে পঁছহিতে ভাষাদের কাঁশি মইয়াহে, ইহা আনাদের সৌভাগা। ভাষারা বদি বাঁচিয়া থাকিত, তবে চুর্বল
স্রীলোক বে আমরা, আক্ষদের প্রতি কি না করিত! পরে
সে ভাষ্যক রোক করিয়া গান করিতে লাগিল।

সত্য ধর্ম্মের বিরুদ্ধে যত লোক মিলে।
তাহাদের চেতনার্থে থাক তোরা ঝুলে।
বে কন আসিবে পরে যাতিহানি খুলে।
শেব কল কি দেখুক সেই তাহা বুলা।
ধর্মের বিপক্ষ বারা তাহাদের প্রতি।
হে নল সতর্ক থাক না করি বিশ্বতি॥

এই রূপে ভাষারা চলিয়া ক্রমে ২ তুর্গম নামক পর্ব-তের তলে উপস্থিত হইলে, পুনিটারাদের গদন কালে তাহার প্রতি সেখানে যাহা ঘটিয়াছিল, ভাষা তথন বিবরণ করিতে বিহিত্ত বুরিয়া ভাষাদের মঙ্গলাকাংকা ঐ "মহোৎসাহ ভাষাদিগকে এক উন্ইর নিকটে আ-দিয়া কহিল; দেখ, এই পর্বতে আরোহণ করিবার অথ্যে "খুনিটারান এই উনুইর জল পাল করিয়াছিল; তৎকালে তাহার জল কতি নির্দাল ও উত্তম ছিল, কিন্তু এই মধ্যে অপরিষ্ঠার কুইলঙ্গছে; কালণ বাজিরা ধনন এই জল পাল করিয়া শিল্পিলা বিশ্বি না করে, এমত স্কুচেনাভারিয়া পাদ বিল্পি ভাষা বোলা করিয়াতে ৮বিহি ৩৪; ৬৮,১৯।

: " কল্পা কৰিক, ভাষারা এমত বিংকীগ্রহর কেম ? 

সংগ্রহীক্ষণক কবিন, ইয়াতে ভাষনক ক্ষিত লা; পাছি-

ভার পাতেতে ভূলিয়া রাখিলে এ জল ভাল হইতে পারে, কেননা ভাষা করিলে মলা সকল তলায় পড়িলে জল ভাত পরিস্থালি ক্রিয়া উটিবে। অতএব শুনিটারালী ও ভাহার করিদিগকে তাহাই করিতে হইল। তাহারা জল তুলিয়া এক মৃৎপাতে রাখিয়া কিঞ্ছিৎ পরে মলা করল নীচে পড়িলে ভখন লেই জল পান করিল।

ক্ষাৰ এ পৰ্যতের তলছ যে ছই বিপথে "রীজাক্ষা ও কাম্পনিক সিয়া বিকট হইয়াছিল, "মহোৎসাহ সেই ছই পথ ডাহাদিগকে দেখাইয়া কহিল, এই
ছই পথ অতি বিপত্তিজনক জানিবা। যখন " খ্রীফীয়ান
এই স্থান কিয়া গিয়াছিল, তখন ইহাতে ছই ব্যক্তি ন্ট
হইয়াছিল। আর তোমরা দেখিতেছ, সম্পৃতি শৃথাল
ও কাঠন্তম ও খাতভারা এই বিপথ জনমন্ধ আহে,
তথাপি কেহ ২ এই পর্যত জারোহ্গার্থে পরিশ্রম করিতে
নিতাত্ত জনিক্ষ হওৱাতে ছংসাহস পূর্যক এই বিপথ ধরে।

শুমিনীয়ানী কৰিল, আজালত্মনকারিদের পথই অতি কঠিন; কিন্তু এ পথে প্রবেশ করিতে ভাষাদের এবি। ভর হয় না, এ বড আভাষা!

নহোৎসাধ কৰিল, তাৰায়া বড় ছুইসাক্লী; এবং বদি কোন সময়ে কোন বাজত্তা ভাষাদিনকে কেবিডে পা-ইয়া ডাকিয়া কছে, বে ভোমরা ও পরে বাইও না, এ পরই নয়, ইয়াতে কেলে ভোমানের বিশ্ববিধিন, তবে ভাষায়া বিজ্ঞা করিয়া করে, রাজায় নামে আনাদিনকৈ কে করা করিডেফ, ভোমায় নে করা আগ্রামানিব না, কিছু আমাকেয়া মুক্তিভে বাহা নির্ভাভ কয়, তাহাই করিব। (বিশ্বি ৪৪; ১৬,১৭) বছোৎসাম্ব ভারও কহিল, ডোমরা কলি কিছিল অগ্রাম্ব হুইয়া আহিয়া দেখ, ভাষায়া কলি কিছিল অগ্রাম্ব হুইয়া আহিয়া দেখ, উপযুক্ত রূপেই রক্তি আছে; কেবল কাঠন্তত্ত ও বাত ও শৃত্যাল নয়, কিন্তু চতুর্কিকে ধ্বড়া পর্যন্ত দেওয়া গি-য়াছে, তথাপি তাহায়া ঐ পথ দিয়া বাইছে ভাল বাবে।

"পুশ্লীয়ানী কহিল, ভাহারা জলস প্রযুক্ত পরিপ্রম করিতে চাহেণনা; পর্বভারোহণ ভাহাদের ক্লেশ বোধ হয়। জতএব ধর্মপাল্লে বাহা লিখিত আছে, ভাহা ভাহাদি-গেতে লকল হয়, বধা, জললের পথ কনিকের বেড়া-স্থান । ভাহারা বরং কাঁলে পা দিতে ভাল বালে, তথাপি আরোহণ পূর্বক এই পথ দিরা স্থাপুরে গমন করিতে ইকা করে না।

অনন্তর তাহারা অগ্রসর হইরা একার বনে পর্যতে আরোহণ করিতে লাগিল, কিন্ত পর্যতের চূড়া পর্যত না পঁছছিতেই "পুটিলানী হাঁপাইলা কহিল, আমার বোগ হয়, এ হাঁপাইলার পর্যত। বাহারা আপন আর পরিআনাপেকা সুবডোগ ভাল বালে, ভাহারা বে ইহাহইতে সুন্দ পর্ব সনোনীত করে, সে আকর্য্য নয়। পরে "করণা কহিল, আমাকে বনিতে হইল। আর কনিঠ বালক করেল করিতে লাগিল। ভাহাতে "মহোথ-লাহ কহিল, এ ছালে কনিও না; কিন্দিন্দ্র অত্যে রালার দুক্ষবাটিকা, আছে। ইহা বালরা লে এ বালকের হন্ত ধরিয়া বৃক্ষবাটিকা পর্যন্ত ভাহাদিগকে কইয়া প্রেল।

তবার উপাছিত হইলে, ভাহারা করিশর প্রায় ও উত্তপ্ত প্রকৃতি, সমানেই কৃতিতে বলিল। পরে "কলণা কহিলা বিশ্বীক্ষিতিবের পতিক বিপ্রায় কেবল ভবিতর! আয় ক্ষিত্র প্রাঞ্জ নিশি নাজিবের নিমিতে ক্ষমভানি, প্রায় ক্ষিত্র করিছাছেল, তিনি কেবল ন্যাবান্! এই বৃত্তবিশ্বী ভারতি করন বৈধি নাউঙ্গিক ইমান বিষয় কাৰ্য্যক থাজিয়া বিজ্ঞাপত বা হই; খানি শুনিয়াছি, এ ছালে নিক্ষা অভয়তে "পুটিয়ানের খনেক ছুঃখ মটিয়াছিল।

া অনন্তর "সহোদদাই বালক্ষিগনে কহিল, হে আনার জিয় নালকণণ, ভোনরা এখন কেন্দ্র আছে? বালী হও-নের বিষয় এখন ভোনরা কেন্দ্র বিষেচনা কর? তাহাতে কনিষ্ঠ কহিল, হে সহাক্ষর, আমার প্রাণ প্রায় ওঠাগত হইরাহিল; ভানাতে আপনি বে আমাকে হতে ধরিয়া আনিকেন, ভজনা মহাশ্রের উপকার তীকার করি।

এখন আমার বাতার কথা আমার মনে পড়িল, বে অর্মের পর <sup>৬</sup>নোপানারোহখের ন্যায়, আর নরকের পথ পর্মতাব্যরোহণের ন্যায়। কিন্তু আমি পর্মতাব্যরাহণ পূর্মক বৃজ্যরাক্ষ্যে যাইতে চাহি না, বরং মোপানারোহণ পূর্মক জীবনরাজ্যে বাইতে চাহি।

তাহাতে "করুণা কৰিল, পর্যভাবরোহণ সহজ, এমত কথা আছে। ভাহাতে "বাক্ৰ নামে ঐ বালক উত্তর দিল, আনার বােম হয়, এমত দিবল আলিবে, বখন পর্যভাবরোহণ সর্বাপেকা করিন কর্ম হইবে। ভাহাতে "মহোৎসাহ কহিল, ভালা, বাংশু, উহাকে সম্ভর দিয়াছ। ভাহাতে "করুণা হালাবদনা হইল, বিদ্ধু ঐ বালকের ঈবৎ লক্ষা হইল।

भाग विश्वानी क्षात्रम् अवे काल केमिया विश्वान कर्म पूर्व स्वत्रम्यक्षियात निविद्य स्थायका-किथिए थामा स्यान्ति अवय कत्रिया गाउँ विश्वविद्याक्षक वस्त्रभरतत थाण-स्वत्रक व्यव्यान काटम किनि कामाक्ष्रभ्यक्ष्यक वश्च गावित्र श्व अक वश्च स्थानक, काल अक निविद्य सामाज्ञ निवादि-स्वत्र अन्याका क्षात्राक्ष्यक्षित्रकार काटक । । । । ।

A Berit Bang fall cultice femiliet difecte.

আমার এমন রোধ হইয়াছিল; কেননা ভোমাকে এক পার্যে ডাকিডেছেন, ইছা আমি দেখিয়াছিলাম।

পুষ্টীয়ানী কহিল, হাঁ, তখনই দিয়াছিলেন বটে। কিছ হে করণে, বাটীছইতে প্রস্থান সময়ে আনি যেমন কহিয়া-ছিলাম, তেলন এখনও বলি, তুমি ইছা পূর্বক আনার সন্ধিনী হইয়াছ, এই জনো আনার ভাবৎ মন্ধলের অং-দিনী হইবা। ইছা বলিয়া "খুইটীয়ানী "করণাকে ও বালকদিগকে খালা দ্রবা প্রদান করিলে ভাহারা ভক্ষণ করিতে লাগিল। পরে সে "মহোৎসাছকে কহিল, হে মহা-শয়, আপনি কি আনাদের সঙ্গে কিঞ্ছিৎ আহার করিবেন না? ভাহাতে তিনি উত্তর করিলেন, না, আনার প্রয়োজন নাই; ভোমরা যাত্রায় গমন করিতেছ, আনি অপ্রক্ষণ পরেই মরে ফিরিয়া যাইব। ভোমরা যাহা খাইতেছ, ভা-হাতে ভোনাদের যথেই উপকার হউক; গৃহে এমত দ্রব্য আমি প্রতি দিন আহার করিয়া থাকি।

অনন্তর তাহারা ভোজন পান করিয়া তৃপ্ত হইয়া কথাবার্দ্রায় কিঞিৎ কাল যাগন করিলে পর পথপ্রদর্শক কহিল, বেলা অবসান হইতেছে; আইস, আমরা গমন করি। তাহাতে ভোহারা গাঁলোখান করিয়া গমনারত্ত করি-লে বালকেরা অত্যে ২ চলিল। ইতোমধ্যে " খুফিমানী ঐ লাক্ষারসের শিশি লইতে বিস্মৃতা হওয়াতে তাহা আনি-রার নিষ্তে কনিষ্ঠ বালককে পাঠাইল।

তথন কৈছে। কহিল, বোধ হয় এ হারাইবার স্থান। এখানে ক্রীকীয়ান স্থাপনার স্থাপনারপত হারাইয়া-ছিল, এবছ ক্রীকীয়ানীও স্থাপন শিশি এই স্থানে ভূলিয়া আইল, ইহার ক্রারণ কি, সহাশয় ?

পথবাদর্শক উক্তর করিল, ইহার কারণ নিত্রা অথবা বিশারণা জাঞা কানিবার উপযুক্ত সময়ে কেছ২ নিতা ষায়, এবং শাৃতিবোগ্য সময়ে কেছ ২ বিশাৃত ছয়, এই কারণ কথন ২ বিশােশস্থানে যাতিদের ক্ষতি জল্মে। সর্বাদা জাগ্রৎ থাকিয়া সুখডোগ কালে প্রাপ্ত মঙ্গল শারণ করা যাতিদের উচিত; তাহা না করাতে কথন ২ তাহাদের জানন্দের শেষে অশ্রুপাত ছয়, এবং আকাশ নির্মাল ছইলে পরে মেঘাছল ছয়। এই স্থানে পুঁটীয়ানের প্রতি যাহা ঘটিয়াহিল, তাহাই ইহার প্রমাণ।

অপর বে স্থানে শংশয়ী ও ভয়শীল নামে ছুই
বাজি গুনিফীয়ানকে সিংহের ভয় প্রযুক্ত ফিরিয়া আসিতে পরামর্শ দিয়াছিল, সেই স্থানে গুনিফানী ও তাহার সঙ্গিণ আসিয়া উপস্থিত হইলে তাহারা এক মঞ্চ
দেখিতে পাইল। পথের পার্শ্বে সেই মঞ্চের গাতে কতকগুলীন শ্লোক খোদিত এক প্রশস্ত তক্তি ছিল; এবং সেই
স্থানে মঞ্চ স্থাপনের কারণ ঐ শ্লোকের নীচে লিখিত
ছিল। সেই শ্লোক এই,

যেই জন এই মঞ্চ করিবে দর্শন।
সাবধানে রাথে ধেন তার জিল্পা মন॥
না রাথিলে পাছে ঘটে তার সে দুর্গতি।
যেমন ঘটিয়াছিল এ দুয়ের প্রতি॥

ঐ লোকের নিমে এই বাকা লিখিত ছিল, "ভয় কিছা সংশয়প্রযুক্ত বাহারা এই পথে অগ্রসর ছইতে অসম্মত হয়, তাহাদিগকে দও দিবার নিমিত্তে এই মঞ্চ নির্মিত হইয়াছে; অপর জ্ঞাত হইবা, যে "খ্রীফীয়ানের গমন নিবারণের চেফা পাওয়াতে এই মঞ্চোপরি সংশয়ির ও ভয়শীলের জিল্পা তপ্ত লোহ শ্লাকাতে বিদ্ধা হই-য়াছিল।"

্ অনন্তর \* ক্রণা কহিল, এই লিখিত বাক্য প্রিয়তম প্রভুর এই বাকোর মত, যথা, " হে প্রভারক জিছে, ডো- মাকে কি দিতে হইবে? ও ভোমার প্রতি কি করিওেঁ ছইবে? না, বীরের তীকু বাণ ও কুলকাঠের অসার।"

পরে ঐ স্থান ছাড়িয়া তাহারা ক্রমে ২ আসিয়া সেই দুই
সিংহের সন্মধে উপস্থিত হইল। তাহাতে শহাংশাহ
মহাশয় বলবান প্রযুক্ত সিংহ দেখিয়া ভীত হইলেন নাঃ
ক্রিন্ত অগ্রগামি বালকেরা সিংহ দেখিবামাত অতিশয় ভীত
হইয়া স্বরা করিয়া পীছ কাটাইয়া সকলের পশ্চান্দামী
হইল। তাহাতে পথপ্রদর্শক ঈঘদ্ধাসা করিয়া কহিল,
হে কুমারেরা, তোমরা নিরাপদ সময়ে অত্রেথ যাইতে
ভাল বাস, আর সিংহকে দেখিবামাত্র পশ্চাৎ আসিয়া
য়াড়াও, এ কেমন!

অপর "মহোৎসাছ থজা নিজোব করিয়া সিংহদের মধ্য দিয়া যাত্রিদের জন্যে পথ মোচনার্থে উদ্যোগ করিলে হঠাৎ সিংহদের সহকারিরূপে এক জন বৃহৎকার উপন্থিত হইয়া যাত্রিদের পথপ্রদর্শককে জিজাসা করিল, ভোমার এ ছানে আসিবার কারণ কি? সেই ব্যক্তির নাম "উগ্রাকার, বা "রক্তপাতী, কেননা সে ব্যক্তিদের প্রাণ-হত্যা করিত।

তাহাতে "মহোৎসাহ উত্তর করিল, এই স্ত্রীলোক ও বালকেরা যাত্রার গমন করিতেছে; আর এই তাহাদের গন্তবা পৰা অতএব তোমার কি লিংহদের বাধা তার্কারা মানিবে না। "ইপ্রাকার কহিল, এ ভাহাদের পথ নয়; তাহারা এ প্রাক্তির বাহিতে পাইবে না; তাহাদিগকে প্রতিরোধ করিতে আমি বাহির হইয়া সিংহদিগকে রা-গাইয়া দিতে কাইলাম। এই ছলে ইহা বলিতে হয় বে সেই সিংহদের ভ্রানকতা ও তাহাদের সহকারি "উত্রা-হারের দৌরাল্য অযুক্ত এ পথ ব্যক্তালার্থি আর পথিক-হীন ও কলক্ষম হইয়াছিল।



তাহাতে <sup>9</sup> খুীফীয়ানী কহিল, আমি দেখিতেছি, বহু দি-নাবধি রাজপথ পথিকহীন আছে, এবং যাত্রিরা বক্ত উপ-পথ দিয়া গমন করিতেছে; কিন্তু অদ্যাবধি সেই প্রকার আর হইবে না; বেহেতুক আমি ইপ্রায়েল বংশের মাতৃ-রূপে উৎপন্না হইয়াছি।

ইহা শুনিয়া \* উগ্রাকার সিংহদের নামে শপথ করিয়া কহিল, তোমরা যে এ স্থান দিয়া পথ করিবা, তাহা হইবে না; এ পথহইতে তোমরা ফিরিয়া যাও, নতুবা বিন্ট হইবা।

ভাহাতে ভাহাদের পথপ্রদর্শক ঐ \* মহোৎসাহ তৎকণাৎ \* উপ্রাকারকে আক্রমণ করিয়া বজ্সদ্বারা এমত আঘাত করিল, বে সে পীছে হটিয়া কহিতে লাগিল, তুমি
কি আমার অধিকৃত ভূমিতে আমাকে হতা। করিবা?

" মহোৎসাহ উত্তর করিল, আমরা রাজার অধিকৃত পথে আছি; তাঁহার অধিকৃত পথে তুমি সিংহদিগকে রা-থিয়াছ। তোমার ঐ সিংহেরা যাহা করিতে পারে করুক, এই স্ত্রীলোক ও বালকগণ চুর্বল হইলেও এই পথ দিয়াই অগ্রসর হইবে। ইহা কহিয়া তাহাকে পুনর্বার এক প্রচণ্ড আঘাত করিলে সে হাঁটু গাড়িয়া পড়িল, এবং তাহার শিরস্ত ভগ্ন হইল। অনস্তর অপর আঘাতে তাহার এক বাহ হেদন করিল, তাহাতে ঐ বৃহৎকায় এমত চীৎকার শক্ষে গর্জন করিল, যে স্ত্রীলোকেরা ভয়েতে চমকিয়া উচিল, কিন্তু তাহাকে মৃত্তিকায় স্কুঠন করিতে দেখিয়া আজ্লাদিত হইল।

ঐ দুই সিংহ শৃত্বলৈ বন্ধ, সূতরাং হিংসা করিতে জক্ষ ছিল। জতএব ভাষাদের সহকারী ঐ বৃদ্ধ "উপ্রাকার হত হইলে "মহোৎসাহ যাত্রিদিগকে কহিল, এই কবে চলিয়া আইস; আমার পশ্চাবর্তী হও, সিংহহইতে ভো-মাদের কোন ব্যাবাড ঘটিবে রা। তাহাতে তাহারা গমন করিতে লাগিল; কিন্তু সিংছের নিকট দিয়া যাইবার সময়ে স্ত্রীলোকেরা ভয়ে কম্পানা হইল, ও বালকেরা মৃতকম্প হইল। সে যাহা হউক, তা-হারা নির্মিয়ে উত্তীর্শ হইয়া আপন পথে চলিয়া গেল।

পরে কিঞ্ছিৎ অগ্রসর হইলে, তাহারা <sup>®</sup> রম্য পুরীর দ্বার-পালের ঘর দেখিতে পাইয়া আরও শীভা গমন করিতে লাগিল, কেননা তথান বেলা অবসান, আর রাতিকালে সে স্থান দিয়া গমন সন্ধটযুক্ত ছিল।

পরে তাহারা দ্বারের নিকটে উপস্থিত হইলে, "মহোৎ-সাহ ছারে আঘাত করিল; তাহাতে ছারপাল ডাকিয়া কহিল, কে ত্মি? পথপ্ৰদৰ্শক কহিল, আমি। এই কথা কহিবামাত্র দ্বারপাল তাহার স্বর জানিয়া তৎক্ষণাৎ না-মিয়া আইল, বেছেত্ক ঐ \* মছোৎসাছ পূর্বের অনেক বার याजिएमत श्रवकार्यक स्टेग्रा आंत्रिग्राह्म। श्रद्ध दात-পাল আসিয়া দ্বার মোচন করিয়া পশ্চাদ্বর্তি মাতিদিপের প্রতি দৃষ্টিপাত না করিয়া কেবল পথপ্রদর্শককে সম্মথে मखायमान (मिथ्या कहिल, ८इ " मरहादनाइ महानय, अ কি? এত রাত্রিতে এ স্থানে কি নিমিত্তে আসিয়াছ? ভাহাতে সে কহিল, আমি এ স্থানে কভকগুলীন যাত্ৰী আনিয়াছি: আমার প্রভুর আজ্ঞায় তাহারা এ স্থানে রাত্রি প্রবাস করিবে। আর আমি ইহার অনেক ক্ষণ পূর্বে পঁত-ছিতাম, কিন্তু সিংহের সহকারি ঐ বৃহৎকায়কর্তৃক নিবা-রিত ছওয়াতে তাহার সহিত অধিক কাল খোর সংগ্রাম করিতে কইল; শেতৰ আমি ভাছাকে বধ করিয়া নিরা-পদে যাত্রিদিগতে এ স্থানে আনিয়াছি। ধারপাল জি-জাসা করিল, তুমি কি অবিট হইলা প্রভাত পর্যান্ত থাকিবা না? "মহেক্ষেসাহ কহিল, না এই রাতিভেই আমার প্রভর নিকটে ফিরিয়া বাইব।

ইহা গুনিয়া <sup>\*</sup> খুফীয়ানী কহিল, হে মহাশয়, আপনি বে আমাদিগতে এই কণে ত্যাগ করিয়া যাইবেন,
ইহাতে আমি কি প্রকারে সম্মত হইব? আপনি আমাদের প্রতি বিশ্বস্ত ও ক্ষেহকারী হইয়াছেন। এবং আমাদের জন্যে প্রাণপবে যুদ্ধ করিয়াছেন, ও অতি সারল্য ভাবে আমাদিগকে সন্ত্রপদেশ দিয়াছেন; আমাদের প্রতি
আপনকার এই বে অনুগ্রহ, তাহা আমি কদাচ বিশ্বৃত
হইতে পারিব না।

\* করণা কছিল; হায়! আমাদের গন্তব্য পথের শেষ পর্যান্ত আপনি আমাদের সহগামী হইলে বড় ভাল হইত। আমরা দীন হীন:জ্রীলোক, এ প্রকার আপদ-পূর্ব পথেতে বন্ধু ও রক্ষক ব্যতিরেকে কি প্রকারে গমন করিতে সমর্থ হইব ?

পত্র " বাকুব নামে কনিষ্ঠ বালক কহিল, হে মহাশয়, অৰূথহ করিয়া উপকারার্থে আমাদের সজে গমন করুন, কেননা আমরা বড় ছুর্মল, এবং এই পথ অতি ভয়ন্ধর।

তাহাতে শহোৎসাহ উত্তর করিল, আনি আপন
প্রভুর আজার অধীন। সমস্ত পথ পর্যান্ত তোমাদের পথপ্রদর্শক হইতে তিনি যদি আমাকে নিযুক্ত করেন, তবে
আমি হুই নবে তোমাদের সহিত গমন করিব। কিন্ত
ইহাতে তোমরা আরম্ভহালে কুটি করিরাহ। যথন তিনি
আমাকে তোমাদের সহিত এ পর্যান্ত আজা
দিলেন, সেই সমস্কে তোমাদের সহিত আমন্ত পথ পর্যান্ত
থমন করিরার দিনিতে তাহার নিক্টে রাজ্ঞা করা উচিত
হিল; তাহা করিলে তিনি তোমাদের বামনা পূর্ণ করিতেন। সে বাহা হউক, এই কনে আমাকে বিদায় হইতে
হইল। তে প্রান্ত তোমাদের করী হউন

অপর " জাগরক নামে ঐ হারপাল " গুটিয়ানীকে
তাহার দেশ ও জাতি কুট্বদের বিষয় জিজাসা করিলে
সে কহিল, আমি " ধাংস্য নগরহইতে আসিয়াছি; আমি
বিধবা স্ত্রী; আমার মৃত স্থামির নাম " পুটিয়ান বালী।
তাহা ভনিয়া হারী কহিল, বটে? তুমি কি তাহার প্রী?
" পুটিয়ানী বলিল, হাঁ, এবং ইহারা ভাঁহার পুত্র। পরে
"করুণার প্রতি নির্দেশ করিয়া কহিল, এই যুবতীও আধ্যার স্বদেশীয় লোক।

ভাহাতে ছারপাল আপন নিয়মানুসারে ঘটা বাদ্য করিলে পর "ন্যুচিতা নাগুী এক কন্যা হারে আসিয়া উপস্থিতা হইল; সেই কন্যাকে দ্বারপাল কহিল, ভিতরে यारेया वन, व "भौकीशात्मत ली " श्रीकीयानी ও ভাरात সম্ভানেরা যাত্রী হইয়া এ স্থানে আসিয়াছে। ভাছাতে (मरे कना) शृहमत्था यारेया महान जानाहत्त जाहांत्र মুধহইতে ঐ সমাচার নির্গত ছইবামাত গৃহমধ্যে অতি-শয় আনন্দধনে হইল। \* খ্রীফীয়ানী তখনও ছারে দণ্ডায়-মানা ধাকাতে গৃহস্থিত লোকেরা ত্রায় নির্গত হইয়া ত্বারির নিকটে উপস্থিত হইল। অনস্তর তাহাদের মধ্যে বাহারা প্রবীণা, ভাহারা কহিল, হে \* খ্রীফীয়ানি, গৃহ-মধ্যে আইস, হে সাধু পুরুষের ভার্য্যে, হে ধনাা স্ত্রি, সর্বাসমভিব্যাহারে ভিডরে আইস। তাহাতে সে ভিতরে গেলে তাহার সন্ধিনী ও সম্ভানেরাও তাহার পশ্চাৎ ২ গমন করিল। ভিতরে প্রবিষ্ট ছইলে গৃহের লৈকের। তাহাদিগকে খুক অপন্ত কুঠরীতে লইয়া গিয়া তথায় উপ-त्तमन स्वार्ड केरिन। अभिविधे इरेटन नेत्र अधिविनिगरक **टमिट्ड । असिट्यम अस्टार्यमा कतिएड गृटस्य व्यक्षात्मत्रा** আৰ্ত ইইন ভোষাতে তাহারা ভিত্তে আসিয়া দক-্বের পরিচয় পাইয়া চুবন পূর্বক সভাই করিলা কহিবটা হে ঈশবের অনুগ্রহপাতেরা, আইস ২, আমাদিগকে বন্ধু জানিয়া স্কুন্দে প্রবাস কর।

তৎকালে রাত্রি অধিক হওয়াতে, এবং যুদ্ধ ও ভয়য়র সিংহদর্শনে ভয়াক্রান্ত ও পশ্ধপর্যান্তনে অত্যন্ত পরিপ্রান্ত প্রস্তুক্ত থাতির। শীল্প শয়ন করিবার নিমিতে নিবেদন করিল। তাহাতে গৃহত্বেরা কহিল, না, না, অত্যে কিঞ্চিৎ আহার করিয়া তৃপ্ত হও। কেননা নারপাল পূর্বের তোনাদের আগমন বার্ডা প্রবণ করিয়া গৃহমধ্যে সয়াদ দেও-য়াতে আমরা তোষাদের নিমিতে নিয়মিত সুবের সহিত এক মেয়শ্বিক রক্ষন করিয়া রাখিয়াছি। পরে ভোজনানন্তর প্রার্থনা ও গীত সমাপ্ত হইলে তাহারা শয়ন করিতে চাহিল। এবং শুনিতীয়ানী নিবেদন করিল, যদি অনুমতি হয়, তবে এক,কথা কহি; আমার স্বামী এই বাটীর যে কঠরীতে শয়ন করিয়াছিলেন, আমরা সেই ঘরে শয়ন করিতে বাসনা করি। তাহাতে ভাছারা সম্মত হইলে সকলে শয়ন করিতে গেল। পরে শুনিতীয়ানী ও ককণা শয়ন করিয়া যথাযোগ্য বিষয়ের কথোপকর্থন করিতে লাগিল।

- পুটিগারানী কছিল, আমার স্বামী যথন যাত্রী হইয়া গমন করিয়াছিলেন, তখন আমি যে তাঁহার অনুগামিনী ছইব, এমত সম্ভাবনার চিস্তা এক বারও আমার মনে প্রবিষ্ট হয় নাই।
- \*করণা কহিল, সার ভূমি বে এই কুঠরীতে তাঁ-হারই শব্যাতে শয়ন করিবা, ইহাও বোধ হয় ভোমার মনে হয় নাই।
- " শুটিগানী পুনর্বার কলিল, আরু আমি বে আনক্ষেত্রাহার মুখ দর্শন করিব, ও তাঁহার সহিও তাঁহার প্রভু, রাজার সেবা করিব, আমত অনুমানও আমার ছিল না; ক্ষিত্রাক্ষিই করে আমি সে সকল প্রত্যাশা করি।

ইতোমধ্যে \* করুণা কহিল, চুপ কর, গুন দেখি, এ কিসের ধানি শুনা যাইতেছে?

তাহাতে সে কহিল, বোধ হয় আসাদের আগমন জন্য আনন্দেতে বাদ্যধনি হইতেছে। তাহার সধী কহিল, এ কি আশ্চর্যা! আমাদের আগমন জন্য আনন্দেতে ঘরের মধ্যে বাদ্য, এবং অস্তঃকরণের মধ্যে বাদ্য, এবং স্বর্গের মধ্যেও বাদ্য ইইতেছে। এই ক্লপ কথাবার্ডা করিতে হ ভাহারা নিদ্রাগতা হইল।

পরে প্রভাতে নিজা ভঙ্গ হইলে " খ্রীফীয়ানী "করু-গাকে কহিল, গভ রাজিতে তুমি বে নিজার হাস্য করিয়াছিলা, তাহার কারণ কি? বোধ হয়, তুমি স্বশ্ন দেখিতেছিলা।

\* করুণা ব্লিল, হাঁ, আমি অতি সুখদায়ক স্থা দেখিয়া-ছি: কিন্তু আমি বে হাস্য ক্রিয়াছিলাম, তাহা কি তুমি নিশ্চয় জান ?

\*খুীফীয়ানী কহিল, হাঁ, ভুমি অভিশয় হাস্য করিয়া-ছিলা। সে যাহা হউক, হে \* করুণে, ভুমি কি স্থপ্ন দেখিয়াছিলা? তাহা আমাকে বল।

সে কহিল, তবে শুন, স্থপ্নেতে দেখিরাছিলান যেন কোন নির্জন স্থানে আমি একাকিনী বসিয়া আমার অন্তঃকরণের কঠিনতার নিমিত্তে বিলাপ করিতেছি-লাম। কণকাল পরেই এমত বোধ ইইল বে আমাকে দেখিতে ও নির কাকৃত্তি শুনিতে অনেক লোক আ-মার চতুলি বক্ত হইল; কিন্তু আমি আপন অন্তঃ-করণের কাক্তনা বিবাধে কালাগত বিলাপ করিতে কান্ত হইলাম না। তাহাতে ভাহাদের মধ্যে কেই আমাকে পরিহাল করিতে, ও কেই বা উল্লেক্ট আমি আক্রানের বা ধালা মারিতে লাগিল। ইতোমকৈ আমি আক্রানের দিগে চাহিয়া পক্ষৰুক্ত এক ব্যক্তিকে আমার নিকটে আ-সিতে দেখিলাম। তিনি সোজা পথে আমার নিকটে উপ-স্থিত হইয়া কহিলেন, হে \* করুণে, তোমার কি ছুঃখ হই-য়াছে? তাহাতে আমি নিজ ছুঃখের কথা ভাঁহাকে শুনাই-লে তিনি কহিলেন, তোমার কল্যাণ হউক। পরে রুমাল দিয়া আমার চকুর্জন মুছিয়া স্বর্ণ রৌপ্য স্থতময় বস্ত্র পরি-ধান করাইয়া আমার গলায় হার ও কর্ণেতে কুওল ও মস্তকে রমণীয় মুকুট দিলেন। পরে আমার হস্ত ধরিয়া, হে \* कक्रत्व, आभात शिकालामिनी इ.उ. देश केहिया छेर्द्वगामी হইলেন, আমিও তাঁহার পশ্চাদ্গমন করিয়া খেবে এক মুর্ণয় ছারে আসিয়া উপস্থিত হইকাম পরে তিনি সেই দ্বারে আঘাত করিলে ভিতরের লোকেরা দ্বার মুক্ত করাতে তিনি গৃহমধ্যে প্রবিষ্ট হইলেন। আমিও তাঁহার পশ্চাৎ ২ ষাইয়া এক সিংহাসনের নিকটে উপ-স্থিত হইলাম; তাহাতে সেই সিংহামনোপবিষ্ট ব্যক্তি আমাকে দেখিয়া কহিলেন, হে কন্যে, তোমার মঙ্গল इडेक। वे द्यान नकक किया स्टर्शत नाम क्लार्टिक्स দুষ্ট হইল, এবং আমি যেন তোমার স্বামিকেও তথায় দেখিলান। তাহাতে আমার স্থপ্তস হইল। কিন্তু আমি कि सानियाधिनाम ?

শুশিলীয়ানী কহিল, হাঁ, তুমি হাসিয়াছিলা, আপনাকে তেমন উত্তম স্থানে দেখিয়া হাসিবা না কেন?
আর আমি কহিছেছি, মে অতি শুভ স্থপ্প; এবং
বোধ হয়, তুমি বেমন তাহার প্রথম ভাগ সত্য দেখিতেছ, ভাহার শেবাংশঙ্ক তুমলা সত্য দেখিবা।
"ক্ষার এক বার কথা করেন; ছিত্তীয় বার কি তাহা
স্পান্ত করেন নাই ক্ষানিকালে স্থানশ্বের সময়ে মন্ব্যক্ষান্ত ক্ষানিকালে স্থানশ্বের সময়ে মন্-

তাহা করেন।" অতএব শ্বাগত সময়ে ঈশরের সহিত কথোপকথন করণার্থে জাএৎ থাকিবার আবশ্যক নাই। নিদ্রাগত সময়ে তিনি নিকটে উপস্থিত হইয়া আপনার বাক্য আমাদিগকে প্রবণ করাইতে পারেন। নিদ্রা সময়েও আমাদের অন্তঃকরণ কথন ২ জাএৎ থাকে; তাহাতে বাক্য বা উপদেশ কিয়া কোন চিহ্ন বা দৃষ্টান্তহার। জাএৎ ব্যক্তির ন্যায় আমাদের মনের সহিত ঈশর স্কুন্দে কথো-পকথন করিতে প্রেন।

তাহাতে \*করণা কহিল, আমার স্বপ্নেতে আমি আনন্দিত হইয়াছি, এবং তাহার পরিগাম দেখিবার আকাজ্জা করিতেছি; কেননা তাহা দেখিলে পুনরায় হাসিতে
পারিব।

তথন \* শ্বীফীয়ানী কহিল, বুঝি আমাদের গাতোখান করিবার সময় হইল। আইস, আমরা উচিয়া দেখি, আ-নাদিগকে কি করিতে হয়।

\*করণা কহিল, বিনয় করি, ইহারা যদি আমাদিগকে এ বাটাতে আরও কিছু দিন থাকিতে সাধ্যসাধনা করে, তবে আমরা আনন্দ পূর্বক সন্মতি প্রকাশ করি। আমি দেখিতে পাইতেছি, \*পরিণামদর্শিনী ও \*ধর্মিষ্ঠা ও \*প্রেনিকা এই তিনটি জ্রীলোক অতি মনোহারিণী ও সজনা; অতএব এই স্থানে কিছু দিন থাকিয়া ইহাদের সহিত বিশোকরণে পরিচিত হইতে আমার বড় ইছা।
\*প্রিনিশ্বী উত্তর ক্রিক্ত ভারা কি করে, ভারা

ু ধীকীরানী উত্তর করিল, তাহারা কি করে, তাহা দেখি ব

পরে তাহার। গাতোখান করিয়া প্রস্তুত হইয়া নীচে
নামিয়া আইলে তাহারা সুখে রাত্তি যাপন করিয়া্র্বুছল কি না, তাহা সকলে জিজ্ঞানা করিতে লাগিল।

ক্ষ্মাহাতে করণা কহিল, আয়ার উত্তর নিজা হইয়াছে,

যাবজীবন ইছা অপেকা সূথে রাজি প্রবাস আমার কখন ছয় নাই।

পরে "পরিণামদর্শিনী ও "ধর্মিষ্ঠা কহিল, এই স্থানে কিছু দিন থাকিতে যদি তোমরা সম্মত হও, তবে এই বাটীর আয়োজনানুসারে আমরা যথাশক্তি তোমাদের আতিথা করিব। "প্রেমিকাও কহিল, আমরা অতি প্রণয় পূর্কক তোমাদিগকৈ রাখিব।

তাহাতে তাহারা সম্মত হইয়া স্থানাতিরেক এক মাস কাল তথায় প্রবাস করিলে সকলেই পরস্পারের পরম হিতকারিনী হইয়া উঠিল।

অপর "ধুীফীয়ানী আপন সন্তানদিগকে কি রপ দুশিক্ষিত করিয়াছে, তালা জানিবার নিমিত্তে এক দিন "পরিণামদর্শিনী তাহাদিগকে প্রশ্ন করিতে বাসনা করিলে সে সম্ভক্ত হইয়া অনুমতি দিল। তালাতে ঐ স্ত্রী প্রথমে "যাকুব নামে কনিগু বালককে পশ্চাছক্ত রূপে প্রশ্ন জিজ্ঞা-সিতে লাগিল, ও হে যাকুব, বল দেখি, কে তোমাকে সৃষ্টি করিয়াছেন?

\* যাকুব উত্তর করিল, পিতা পুত্র পবিত্র আত্মা স্বরূপ যে ঈশ্বর, তিনি আমাকে সৃষ্টি করিয়াছেন।

\*পরিণামদর্শিনী কছিল, ভাল ২, ভোমার পরিত্রাণ-কর্তা কে? ইহাও কি তুমি কছিতে শার?

ঐ বালক উত্তর করিল, পিতা পূত্র পবিত্র আত্মা স্বরূপ বে ঈশ্বর, তিনিই আমার তাণকর্তা।

\* পরিণামদর্শিনী কহিল, ভাল কহিয়াছ। বল দেখি, পিতা ঈশ্ব কি প্রকারে ভোমার ক্রাণকর্ডা হন।

" যাকুব কহিল, ভাঁছার অনুগ্রহ্লারা।

এ ব্বতী পুনর্কার জিজাসিল, পূক্র ঈশ্বর কি প্রকারে তোমার বাণকর্জা হন ?

- \* বাকুব উত্তর দিল, ভাঁছার পূব্য ও মৃত্যু ও রক্তপ্রাব ও জীবনদারা।
- ° পরিণামদর্শিনী আর বার জিজাসিল, পবিত্র আত্মা ঈশ্ব কি রূপে জোসার আগকর্ডা হন ?

ঐ বারক উত্তর করিল, জ্ঞানদান ও নৃত্ন স্বভাবের দান ও রক্ষা করণভারা।

বালকের মুখে এই সকল কথা শ্রেষণ করিয়া পরিথামদর্শিনী শুশীন্দীয়ানীকে কছিল, ভোমার সন্তানদিগকে
এতজ্ঞপ সুশিক্ষিত করাতে তুমি প্রশংসনীয়া হইয়াছ।
কনিষ্ঠ বালক এরপ সমূত্র প্রদান করাতে উক্ত প্রশ্ন
সকল অন্য ভিন বালককে জিজ্ঞাসা করিবার জাবশাক
নাই, অতএব এই ক্ষণে তজ্যেষ্ঠ বালককে অন্য কোন
কথা জিজ্ঞাসা করি।

তাহাতে সে <sup>\*</sup> ৰূষক নামে তৃতীয় বালককে ডাকিয়া কহিল, হে বৃষক, তোমাকেও কোন প্রশ্ন জিজাসা করিব, ইহাতে সম্মত আছ?

\* যুবক কহিল, হাঁ, অবশ্য সন্মত আছি।

তথন শপরিণামদর্শিনী জিজাসা করিল, কছ দেখি, মন্য্য কাছাকে কল?

" বৃষক উত্তর করিল, মনুষ্য বিবেক্শক্তি বিশিক্ষ আণী।
আমার জাতা বেমন কহিল, সেই নিয়মানুসারে ঈশর
তাহার সৃষ্টি করিয়াছেন।

ঐ জ্ঞী পুনশ্চ জিজ্ঞাসিল, পরিত্রাণ শব্দ ক্ষরিলে কি অনুমান হয় ?

- <sup>\*</sup> বৃষক কৰিলা, এই অনুমান হয়, হয় মনুষ্য পাপৰারা আপনাকে বন্দী ও ছঃখঞ্জ করিলাছে।
- "পরিণামদর্শিনী তখন জিজ্ঞানিল, প্রমেশর কর্তৃক ভাছার পরিতাণ হয়, ইহা শুনিলে কি অনুসান হয়?

ভাষাকে " যুষক এই উত্তর দিল, ইহা অনুমান হয় যে পাপ এমত বলবান ছুরাআ, যে তাহার হস্তহইতে মন্-যাকে উদ্ধার করিতে পর্ষেশ্বর ব্যক্তিরেকে কেহই পারে না; এবং পরমেশ্বরও মনুষ্যের এমত শুভাকাঞ্কী ও দয়া-শীল, যে ভিনি ভাষাকে ঐ ছুঃখাবস্থাইতে উদ্ধার করেন।

\*পরিগামদর্শিনী পুনর্বার কহিল, ঈশ্বর কি নিমিতে দীমহীন মনুষ্যদিগকে পরিজাধ করেন?

শ্ব্যক কহিল, আপন নাম ও অনুগ্রহ ও মাথার্যগুণের গৌরব প্রকাশ করিবার নিমিতে, এবং আপনার সৃষ্ট প্রাণিকে অনন্ত সুধ দিবার নিমিতে।

পরে সে জিজাসিল, কহ দেখি, কোন্ ২ লোক পরিতাপ পাইবে?

\* যুষক উত্তর করিল, যাহারা তাঁহার কৃত পরিতাণ গ্রাহ্য করে, তাহারাই পরিতাণ পাইবে।

তাহার এই সকল উত্তর শুনিয়া পরিণামদর্শিনী সন্তুটা হইয়া কহিল, ভাল, বৃষক, তোমার মাতা তোমাকে উত্তম শিকা দিয়াছেন, এবং তুমিও মনোযোগ পুরুষ তাঁহার বাক্য প্রবণ করিয়াছ।

পরে \* পরিণামদর্শিনী \* শিষুয়েল নামে দিতীয় বাল-ককে কহিল, হে \* শিষুয়েল, আমি তোমাকেও কিছু জি-জ্ঞানা করিতে চাহি; ইহাতে ভুমি সম্মত আহ কি না?

\* শিমুরেল কহিল, হাঁ, আপনি জিজ্ঞাসা করুন; অবশ্য সন্মত আছি।

তখন সে জিজাসা করিল, স্বর্গ কি ?

\* শিমুরেজ কহিল, স্বর্গ শর্ম সুখের স্থান ও অবস্থা; বেহেতুক পর্মেশ্বর ভাহাতেই বাস করেন।

**७९ भेट्र म किकामिन, महक कि ?** 

<sup>\*</sup>শিসুয়েল কহিল, নরক অতি ভয়ানক ছুঃখের স্থান

ও অবস্থা; বেহেতুক পাপ ও শয়তান ও মৃত্যু, ইছারা ভাহাতেই থাকে।

পরে "পরিণামদর্শিনী জিজ্ঞাসা করিল, তুমি স্বর্গে বাইতে চাহ কেন?

শিমুয়েল কহিল, পরমেশ্বরের দর্শন পাইয়া অক্লান্ত মনে ভাঁহার সেবা করিতে, এবং খ্রীফের দর্শন পাইয়া নিরন্তর ভাঁহাকে প্রেম করিতে, এবং ইহলোকে অপ্রাপ্য যে পবিত্র আত্মার পূর্ণতা, তাহা অন্তঃকরণে ভোগ করিতে আমার বঞ্জা আছে।

তাহাতে সে কহিল, তুমিও অত্যুত্তম বালক, এবং উত্তম রূপে শিকা করিয়াছ।

তদনস্তর \*পরিণামদর্শিনী \*মথি নামক জ্যেষ্ঠ বালককে ডাকিয়া কহিল, হে \*মথি, তোমাকেও কোন ধর্মকথা কি জিজ্ঞাসা করিব?

\* মথি কহিল, হাঁ, জিজ্ঞাসা করুন; আমি সম্মত আছি। ভাহাতে সে বলিল, বল্ দেখি, ঈশ্বরের পূর্বে কিছু ছিল কি না?

\* মথি উত্তর করিল, না, যেছেতৃক ঈশ্বর অনাদি ও অনস্ক। সৃষ্টির প্রথম দিনের পূর্বে তিনি ব্যতিরেকে কিছুই ছিল না। পরমেশ্বরই ছয় দিবসে আকাশ ও পৃথিবী ও সমুক্ত ও তত্মধাশ্ব তাবৎ বস্তুর সৃষ্টি করি-ফাছিলেন।

পরে "পরিণামদর্শিনী জিজ্ঞাসিল, ধর্ম্মপুস্তকের বিষয়ে ত্মি কি বিবেচনা কর ?

" ব্রথি কছিল, ধর্মপুস্তক ঈশ্বরের পবিত্র বাক্য।

সে<sup>®</sup>পুনর্বার জিজাসিল, তাহার মধ্যে তুমি বাহা বুঝি-তে পার না, এমত কোন কথা আছে কি না?

ः ै মধি কহিল, হাঁ, এমত অনেক কথা আছে।

তথন সে কহিল, এমত বোধাগম্য কথা পাইলে তুমি কি কর?

মথি কহিল, আমি ভখন এই বিবেচনা করি বে আমা অপেক্ষা প্রমেশ্বর জ্ঞানী। এবং তন্মধ্যে লিখিত যে ২ কথা আমার হিতজনক, তিনি তাহা আমাকে বুঝাইয়া দিউন, এমত প্রার্থনাও করিয়া থাকি।

পরে সে জিজ্ঞাসিল, পুনরুপান বিষয়ে তোমার কি রূপ বিশ্বাস ?

শমিথ উত্তর করিল, কবরস্থ সকলে উচিবে, কিন্তু লক্ষরাবস্থায় উচিবে না; আমার এই বিশ্বাসের হুই কা-রণ আছে; প্রথম, ঈশ্বরের অঙ্গীকার; দ্বিতীয়, আপন অঙ্গীকার পালনে তাঁহার সামর্থ্য।

অপর পরিণামদর্শনী বালকদিগকে কহিল, ইহার পরেও মাতার বাক্যে তোমাদের মনোযোগ করা উচিত, তিনি তোমাদিগকে আরও শিক্ষা দিতে পারেন। এবং অন্য ধার্ম্মিক লোকদের যে উত্তম কথোপকথন প্রবণ কর, তাহাও মনোযোগ করিয়া শিক্ষা কর; যেহেতুক তোমাদের হিতের নিমিত্তেই তাহারা সেই কথোপকথন করে। আর আকাশমণ্ডল ও পৃথিবীহইতে যে সকল শিক্ষা পাওয়া যায়, তাহাতেও মনোযোগী হও। অধিকস্ত যে গ্রন্থ তোমাদের পিতার যাত্রাতে প্রবৃত্তি ক্যা-ইয়াছিল, সেই গুন্থের কথা বিশেষক্সপে বিবেচনা পূর্মক অভ্যাস কর। হে বালকেরা, তোমারা এই বাটীতে যত দিন থাকিবা, তৃত দিন আমিও তোমাদিগকে সাধ্যানুসারে শিক্ষা দিতে তুটি করিব না, এবং পারমার্থিক বিষয়ে তোনরা আমার নিকটে প্রশ্ন করিলে আমি সম্ভূট হইব।

## ৬ অধ্যায়।

অনন্তর সেই স্থানে যাত্রিরা এক সপ্তাহ কাল বাস করিলে পরে এক বাজি "করুণার সহিত্ত সাক্ষাৎ করিতে আসিয়া তাহার প্রতি প্রেম দেখাইতে লাগিল; তা-হার নাম "অভন্ত। সে জন্তুমন্তাম, এবং ধর্মেতে প্রবৃত্তি দেখাইল বটে, কিন্তু বাস্তবিক সংসারাসক্ত লোক। ঐ ক্যুক্তি হুই জিন বার আগমনানন্তর "করুণার সহিত্ত বিবাহের প্রসঙ্গ উপস্থিত করিল; কারণ "করুণা অভি সুন্দরী ও মুখ্যকারিণী ছিল, এবং ভাহার মন সর্বাদাই কার্যোতে নিবিক্ট থাকিত। যখন আপনার কোন কর্ম থাকিত না, তখ্য সে দীনহীন লোকদিশকে দান করি-বার নিমিতে বন্ত্রাদি লেইয়া কি করে, তাহা ঐ "অভন্ত জানিতে পারিল না। অভএব ভাহাকে সর্বাদা প্রমণীলা দেখাতে অভি সন্তুক্ত হইয়া মনে ২ ভাবিল, এই স্ত্রী অভি উত্তমা গৃহিণী হইতে পারিবে।

অপর \*করণা তদ্গৃহবাসিনী কন্যাদিগকে \* অতক্রের অভিপ্রায় অবগত করাইয়া তাহার পরিচয় জিজাসিল, বেহেতৃক তাহারা ভাহার বিষয় অধিক জানিত।

তাহাতে তাহারা কহিল, ঐ যুবা ব্যক্তি অতিশয় কর্মিষ্ঠ বটে, এবং ধর্ম বিষয়ক যত্নও স্বীকার করে, কিন্তু বোধ হয় ধর্মের গুণ তাহার অন্তরে বদ্ধমূল হয় নাই।

তাহাতে করণা কছিল, এমত যদি হয়, ভবে আমি তাহার স্থাপানে আর দৃষ্টিপাত করিব না। আমি কোন মতে আমার আত্মার প্রতিবন্ধক রাখিব না, এমত নিশ্চর ক্রিয়াছি।

এই কথা শুনিয়া শুপরিণামদুর্শিনী কহিল, তাহাকে নিবৃত করা বড় কঠিন নয়। তুমি এখন বে রূপ করিতেছ, দরিক্রদের প্রতি সেই রূপ দয়া করিতে যদি ক্লান্ত। না হও, তবে ভাষার উৎসাহ ত্রায় শিথিল হইবে।

অনস্তর ঐ \* অভজ্র পুনর্বার উপস্থিত হইয়া \* করুণাকে भूर्वत पत्रिक्षरपत्र मिमिटक रक्षापि निर्माण कत्रत्। राज्या দেখিয়া কহিল, সর্মদাই কার্য্যেতে রত থাকিবা? সে কহিল, হাঁ, আপনার বা পরের নিমিডেই হউক, আমি কার্য্য করিতে বড় ভাল বাসি। "অতন্ত্র জিজ্ঞাসা করিল, ইহাতে প্রতিদিন ভোমার কত লাভ হয় ? \* করুণা উত্তর করিল, সংক্রিয়ারূপ ধনে ধনী হইতে, এবং সত্য জীবন পা-ইবার নিমিতে পরকালের জন্যে উত্তর-নিধি সঞ্চয় করিতে আমার বাঞ্ছা আছে, এই জন্যে এ সমস্ত কার্য্য করিয়া থাকি।

তাহাতে সে পুনঃ জিজামা করিল, এই সমস্ত বস্তাদি ভূমি কি কর? অনুএছ করিয়াবল। \*করুণা কহিল, উলঙ্গদিগকে পরিধান করাই।

এই কথা শুনিবামাত্র " অতন্দের মুখ বিবর্ণ হইল, এবং তদর্বাধ সে তাহার নিকটে আসিতে ক্লান্ত হইল। পরে অন্য কেছ ভাছার কারণ জিজ্ঞাসিলে সে উত্তর করিল, \*করণা অতি সুন্দরী বটে, কিন্তু বাধাজনক নিয়ম প্রযুক্ত তাহাকে বিবাহ করিছে চাহি मा।

অনম্ভর সে করুণাকে জ্যাল করিলে পরে করিনাম-দৰ্শিনী কহিল, আমি কি কহি নাই, যে ঐ " অভন্ৰ তোমাকে শীঘ্র ত্যাগ করিয়া যাইবে? তাহা কেবল নয়; সে এখন যাইয়া তোমার ছুর্নাম রটাইবে। যেছেতৃক সে মদাপি ধর্মানুরাগ এবং \* করুণার প্রতি প্রতি প্রকাশ করে, তথাপি তাহার স্বভাব ও করুণার স্বভাব এমত ভিন্ন, বে তাহাদের সন্মিলন হইবার সম্ভাবনা আমি দেখি না।

\*কল্পা কহিল, ৰদাপি আমি কাহাকেও এ কথা কহি

নাই, তথাপি ইহার পূর্বে সন্মত হইলে আমি স্বামী পাইতে পারিতাম। কিন্তু যাহারা আমাকে চাহিয়াছিল, তাহারা সকলে আমার ক্লপকে নির্দোষ জ্ঞান করিলেও আমার বিবাহসম্বনীয় নিয়মে অসম্ভূট ছিল, এই কারণ আমার সহিত তাহাদের মিলন হইল না।

পরে পরিণামদর্শিনী কহিল, এই কালে অনেকে কঙ্কণার মৌখিক প্রশংসা করে, কিন্তু ভোমার নিয়মেতে প্রকাশিত করণার কর্ম্ম অত্যাপ লোক সহ্য করিতে পারে।

তাহাতে \*করণা কহিল, ভাল, আমাকে যদি কেই গ্রহণ না করে, তবে যাবজ্ঞীবন অন্তা থাকিব, আমার নিয়মই আমার স্থামিস্কলপ হইবে; যেহেতুক আমি আলপন স্থভাবের জন্যথা করিতে পারি না। জ্ঞামার স্থভাবের বিপরীতাচারি কোন ব্যক্তিকে জীবন থাকিতে কখন গ্রহণ করিব না। দানশীলা নামী জামার এক ভগিনী ছিল, এই রূপ কুদ্রপ্রাণ কোন লোকের সহিত তাহার বিবাহ হওয়াতে ভাহারা উভয়ে কোন মতে মেল রাখিতে পারিল না। আমার ভগিনী আপ্ন রীতানুসারে কার্য্য করিতে, অর্থাৎ পূর্ববং ছংখি লোকদের প্রতি দয়া করিতে মনস্থ করিলে তাহার স্থামী প্রথমতঃ হটেতে গিয়া ভাহার জ্ঞাপব্যয়িতা খোষণা করায়, শেষে বাটীহইতে ভাহাকে বাহির করিয়া দেয়।

\* পরিণামদর্শিনী কহিল, কেমন ? সে পুরুষ আপ-নাকে কি ধার্মিকরূপে প্রকাশ করিত না?

रेट्डामट्या "मर्थि नाटम " शुक्रीमानीत काछ शुक्र शी-

<sup>\*</sup>কর্মণা কহিল, হাঁ, সে ষেমনতেমন ধার্ম্মিক ছিল। তেমন লোকেতে এই ক্ষণে জগৎ পরিপূর্ণ আছে; কিছ সেই প্রকার ধার্মিক লোকে আমার প্রয়োজন নাই।

ড়িত হইয়া বড় ক্লেশ পাইতে লাগিল; বিশেষতঃ তাহার উদরে বেদনা হওয়াতে সে কখন ২ কোঞ্চা হইত। অতএব সেই বাটীর নিকটে "নিপুন নামে যে প্রাচীন সৃপরীক্ষিত চিকিৎসক বাস করিত, গৃহত্তরা "খুীফীয়ানীর বাকোতে তাহাকে ডাকাইলে সে শীঘ্র আসিয়া উপস্থিত হইল। এবং গৃহমধ্যে প্রবিষ্ট হইয়া বালককে দেথিয়া নিশ্চয় করিল যে তাহার শূলব্যথা জন্মিয়াছে। পরে
সে তাহার মাতাকে জিজ্ঞাসা করিল, এই কএক দিন
"মথি কি ২ আহার করিয়াছে?

\* খ্রীফীয়ানী কহিল, এ সুপথ্য ব্যতিরেকে অন্য কিছু ভক্ষণ করে নাই।

চিকিৎসক কহিল, এ ছুর্জর কোন দ্রব্য অবশ্য খাইয়া থাকিবে; ঔষধ না করিলে ইছার উপশ্ম হইবে না; জোলাপ না দিলে এ বাঁচিবে না।

তাহা শুনিয়া শিসুয়েল কহিল, ও মা, জান কি? আমরা এই পথের মাথার, দার ছাড়াইলে পরে দাদা কি ফল পাড়িয়া খাইয়াছিল? তোমার মনে থাকিবে, পথের বাম পার্শে ভিত্তির অন্যদিগে এক ফলোদ্যান ছিল; ঐ উদ্যানের কতক বৃক্তের শাখা প্রাচীরের উপর দিয় নত হইয়া পড়িয়াছিল, তাহাতে দাদা তাহার ফল পাড়িয়া খাইল।

তাহাতে "খুমিটীয়ানী কহিল, হাঁ, বংস, সভা কহিলা সে কিছু লইয়া খাইয়াছিল; আমি বারণ করিলেও ক্ষান্ত হইল না।

তাহা শুনিয়া চিকিৎসক কছিল, দেখ, এ যে কুপণ্য কোন দ্ব্য আহার করিয়াছিল, তাহা আমি নিশ্চয় জানিলাম। এবং তাবৎ কুপথ্যের মধ্যে সর্বাপেকা কুপথ্য দ্ব্য সেই ফল। সে বালসিবৃবের উদ্যানের ফল জ।নিবা। ভাষা থাইতে কেই যে ভোমাদিগকে বারণ করে নাই, এ বড় আশ্চর্যা, কেননা সে ফল খাইয়া অনেকে মরিয়াছে।

তাহাতে খৃষ্টায়ানী ক্ষনপূৰ্মক কহিল, হায়! কি অবাধ্য সম্ভান! আর আমিও কি নিৰ্কোধ জননী! হায়! এখন পুজের নিমিত্তে কি করি?

তখন \* নিপুণ কছিল, এরপ উৎকণ্ঠিতা হইও না; রেচন ও বমন করাইলে রোগের উপশম হইতে পারে।

\* পুষ্টীয়ানী কছিল, হে মহাশন্ত, বাছা ব্যয় হয় হউক; আপনি সাধ্যানুসারে চিকিৎসা করিতে তুটি করিবেন না।

চিকিৎসক কহিল, ভয় নাই; আমি অধিক বায় করাইব না। এই কথা কহিয়া সে একটী জোলাপ প্রস্তুত করিয়া তাহাকে খাওয়াইল, কিন্তু তাহার কোন গুণ দর্শিল না। উক্ত আছে, ঐ ঔষধ ছাগের রক্ত ও গাভীর ভন্ম এবং এষোব ভূণের রসেতে প্রস্তুত হইয়াছিল।

যখন চিকিৎসক দেখিল যে সে ঔষধ গুণকারী হইল
না, তখন সে আন্য উত্তম উপযুক্ত ঔষধ করিয়া দিল।
হে পাঠকগণ, ভোমরা জ্ঞাত আছ যে চিকিৎসকেরা
কখন ২ অন্ত ঔষধ প্রস্তুত করিয়া রোগিদিগকে দিয়া
থাকে; তদনুসারে শিলপুণ শুনিইস্য রক্তমাংসাভ্যাং ঔষধ
প্রস্তুত করিয়া ভাহাতে তুই একটা প্রতিক্তা এবং উপযুক্ত ভাগ, লবণ মিশ্রিত করিয়া বটিকা করিল। তাহা
সেবন করিবার নিয়ম এই; উপহাস করণ পূর্বার এক ২
বার তিন ২ বটিকা অনুতাপজনিত এক পোরা চক্ষুর্ত্রল
দিয়া থাইবেল লাবে ঐ ঔষধ যথন বালকের নিকটে আন
না গেল, তর্মন সে বেদনাতে প্রায় বিদীর্গকায় হইলেও
ভাহা কোন মতে ভক্ষণ করিতে চাহিল না। ভাহাতে
চিকিৎসক কহিল, না, না, এমন করিও না; ইহা ভোমাকে
অবশ্য খাইতে হইবে।

বালক কহিল, ও ঔষধ খাইতে আমার ঘূণা জন্ম। তথন তাহার মাতা কহিল, ও কথা আমি শুনিব না; তোমাকে খাইতে হইবে। বালক কহিল, খাইলে তাহা বিম করিয়া কেলিব। তাহা শুনিয়া শুনীফীয়ানী চিকিৎ-সককে জিজ্ঞাসা করিল, হে মহাশয়, এ ঔষধের স্বাদ কেমন? সে কহিল, ইহার আস্বাদ মৃল্প নয়, অনাম্যাসে খাওয়া যায়। তখন তাহার মাতা একটী বজি লইয়া জিন্থার অগ্রে দিয়া কহিল, হে মথি, এ ঔষধ মধুহইতেও মিন্ট; অভএব যদি তুমি আমাকে ও তোমার আত্দিগকে এবং এই করুলাকে ও আপন প্রাণকে প্রিয় জ্ঞান কর, তবে ইহা খাও। এই রূপ অনেক কন্টের পরে এবং তন্তক্ষণে ঈশরের আশীর্বাদ প্রার্থনা করণানস্তর সে তাহা খাইলে অবিলয়ে তাহার উপকার দর্শিল। ফলতঃ ঐ ঔষধতে তাহার উত্তর্জপ রেচন হওয়াতে সে সুন্থির হইয়া নিদ্রা গেল। পরে গাত্র তপ্ত হুইয়া স্বর্থা বিশ্বত হুইলে সে শ্রুব্র স্বিত্র মাত হুইবা

হইয়া ঘর্মা নিগত হইলে সে শূলবাথাহইতে মুক্ত হইল।
এই রূপে অপ্প কালের পরে ঐ বালক গাতোখান
করিয়া যটি ধরিয়া গৃহমধ্যে পাদচারি করিতে ২ \* পরিণামদর্শিনী ও \*ধর্মিটা ও \* প্রেমিকার সহিত কথোপকথন
করিয়া আপন পীড়া ও তৎশান্তির বিষয় তাহাদিগকে
বর্ণনা করিয়া কহিল।

অনন্তর ঐ বালক সুস্থ ছইলে পর "খুখি য়ানী চিকিৎ-সককে জিজ্ঞাসা করিল, ছে মহাশয়, আলার ও আমার বালকের নিনিতে আপনকার যে পরিশ্রম ও ক্লেশ ছই-য়াছে, তজ্জন্যে মহাশয়কে কি দিয়া সন্তুট করিব?

সে উত্তর করিল, আমাক্লে কিছু দিতে ছইবে ন।; কিন্তু ইহার নির্কাপিত নিয়মানুসারে বৈদ্যবর্গের অধ্যক্ষকে বাহা দিতে হয় তাহা দিবা। পরে "খুফীয়ানী কহিল, ছে মহাশয়, এ বটকাতে অন্য কোন রোগের শাস্তি হয় কি না?

চিকিৎসক কছিল, ইহা সর্মরোগনাশক। বিশেষতঃ যাত্রিদের যত প্রকার রোগ ঘটিবার সম্ভাবনা আছে, সে সমস্ত রোগে ইহাতে উপকার দর্শে; আর ভালরূপে প্রস্তুত হইলে অনস্ত কালেও বিকৃত হয় মা।

তাছাতে <sup>\*</sup> শুখি য়ানী কহিল, হে মহাশয়, তবে আপনি অনুগ্ৰহ করিয়া বারো ডিবিয়া এ ঔষধ আমার নিমিত্তে প্রস্তুত করিয়া দিউন; থেছেতুক ইছা পাইলে আমি অন্য কোন ঔষধ কখন সেবন করিব না।

চিকিৎসক কহিল, এ বটিকাতে কেবল রোগির উপকার দর্শে তাহা নয়, সুস্থ লোকেরও রোগভয় নিবারণ হয়। তদ্ভিয় আমি নিশ্চয় জানিয়া কহিতেছি, কোম মনুয়য় মিদ এই ঔষধ প্রকৃতরূপে সেবন করে, তবে ইহাতে অয়র হইবে। কিন্তু হে "খুটিয়ানি, আমি যে অনুপান দেখাইয়া দিয়াছি, তয়াতিরেকে অন্য কোন রূপে তুমি এ বটিকা খাওয়াইও না: খাওয়াইলে কোন উপকার দর্শিবে না। পরে সে "খুটিয়াননী ও তাহার সন্তানগণ এবং "করুণার নিমিতে ঔষধ দিয়া "মধিকে কহিল, সাবধান, তুমি অপক্র বর্দার আর খাইও না। এই কথা বলিয়া তাহাদিগকে চুম্বন করিয়া বিদায় ছইল।

সেই সময়ের পূর্বে \* পরিণামনশিনী বালকদিগতে কহি-য়াছিল, ভেশিলা কোন সময়ে হিডজনক কোন প্রশ্ন করিতে বাসনা করিলে অংখাকে বল, আমি ভাহার উত্তর দিব।

তাহাতে ঐ পীড়ানুক গ্রুমধি তাহাকে কিল্পানা করিল, মুক্তে উষধ প্রায় সর্মনা তিক্ত লাগে কেন?

<sup>\*</sup> পরিণামদশিনী কহিল, সংসারাসক্ত অন্তঃকরণে ঈশ-

রের বাক্য ও তাহার ফল কেমন মন্দ লাগে, তাহা জানা-ইবার নিমিতে।

- \* মথি পুনর্বার জিজাসিল, বে ঔষধেতে উপকার হয়, ভাছাতে রেচন বমন হয় কেন?
- শরিণানদর্শিনী কছিল, ঈশবের বাকা গুণযুক্ত ছইলে অক্তঃকরণ ও চিত্তকে পরিষ্কার করে, ইছা দেখাইবার নিমিতে। বিবেচনা করিয়া দেখ, শরীরের প্রতি ঔষধ যেমন, মনের প্রতি ঈশবের বাকা তেমন।
- শধি আর বার জিজাসা করিল, অগ্নিশিখা উর্নগামী হয়, ও সুর্য্যের হিতজনক কিরণ অধোগামী হয়, ইহাতে কি শিকা পাওয়া যায়?
- শরিণামদশিনী কহিল, অগ্নিশিখার উর্দ্ধগমনে এই জ্ঞান জন্মে যে ঈশ্বরভাক্তর তেজোরপ পথে আমাদের পারমার্থিক স্বর্গারোহণ করা কর্ত্তব্য। আর সুর্য্যের উত্তাপ ও হিতজনক রশ্বির অধোগমন দশনে আমাদের এই শিক্ষা করা কর্ত্তব্য যে জগভ্রাতা অতি উন্নত হইলেও অতিনীচ যে আমরা, আমাদিগেতেও আপন অনুগ্রহ ও স্নেহ-রূপ কিরণ যাপ্ত করেন্।
- \* মথি পুনশ্চ কহিল, মেঘের জল কোথাহইতে উৎ-প্রহয়?
  - \* পরিণামদর্শিনী কহিল, রত্নাকরহইতে।

বালক জিজাসিল, তাহাতে আমরা কি শিকা পা-ইতে পারি?

সে কহিল, তাহাতে এই শিক্ষা পাওয়া যায়, জানের আকর পরমেশ্বরহইতে জ্ঞানাৱেষণ করিয়া শিক্ষা দেওয়া উপদেশকদের কর্ত্তর।

\*মধি পুনঃ জিজানিল, ঐ মেঘ যে পৃথিবীতে জল বর্ষণ করে, তাহাতে কি শিকা পাই?

- শরিণামদর্শিনী কহিল, এই জ্ঞান পাই বে উপদেশকের। ঈশ্বর বিষয়ক যে জ্ঞান পাইয়াছে, তাহা লোকদিগকে বিতরণ করা তাহাদের কর্তব্য।
- \* মথি জিজাসিল, মেখধনুক বে সুর্যাকিরণেতে হয়, ইহার তাৎপর্যা কি?
- পরিখামদর্শিনী কহিল, আমাদের প্রতি পরমেশ্বরের অনুগ্রহজন্য নিয়ম খ্রীক্টেতে বে হিরীকৃত হইয়াছে, ইহাই জানাইবার নিমিতে।

বালক পুনর্বার জিজ্ঞাসিল, নির্বারের জল সমুদ্রহৈতে পৃথিবীর মধ্য দিয়া আমাদের নিকটে যে আইলে, ইহার তাৎপর্য্য কি?

সে কছিল, ঈশ্বরের অনুগ্রহ খ্রীফের শরীর দিয়া আ-মাদের নিকটে যে উপনীত হয়, ইহা দেখাইবার জন্যে।

অপর \* মথি জিজাসা করিল, কোন ২ নির্বর অত্যুক্ত পর্বতের চূড়াহইতে যে নির্গত হয়, ইহার তাৎপর্য কি ?

- পরিণামদশিনী কছিল, ভাছাতে এই জ্ঞানাইতেছে, বে পবিত্র আত্মার দানরূপ অমৃত অনেক দীনহীন ও নীচ ব্যক্তির মনে যজ্ঞপ উঠে, তজ্ঞপ কোন ২ মহান ও উচ্চপদস্থ লোকের মনেও উঠিতে পারে।
- \* মথি জিজাসিল, প্রদীপের শলিতাতে অগ্নি ধরে কেন?
  সে কহিল, ভাছার তাৎপর্যা এই যে ঈশ্বরের অনুগ্রহ
  অন্তঃকরণে বিরাজমান না থাকিলে জীকনের সভ্যা দীখি
  মন্ব্যেতে উৎপন্ন ছইতে পারে না।
- শ্বিপ পুনর্বার জিজ্ঞাসা করিল, প্রদীপের আলোক বৃক্ষণার্থে তৈল শ্বিতাদি সকল ব্যয় হয় কেন?
- \* পরিণামদর্শিনী কহিল, তাহাতে এই জানা বায় বে আ-আদের অন্তঃক্রণের মধ্যে ঈশ্বরদন্ত অনুগ্রহের তেজ উত্তম-রূপে রক্ষা করিবার নিমিত্তে কায় মন সর্প্তশ্ব বায় করা উচিত।

অপর শ্মথি জিজাসিল, পেলিকন্ নামক বক স্বচ্ছুভারা আপন বক্ষঃস্থল বিদীর্ণ করে কেন?

পরিণামদর্শিনী উত্তর করিল, আত্ম রক্তদারা আপন শাবকদিগকে প্রতিপালন করণার্থে সে বক্ষঃত্বল বিদীর্ণ করে। তদ্বারা আমাদের জ্ঞাতব্য এই যে পরমকারুণিক খুটি আত্মবংসত্তরপ প্রজাগণকে এমত স্নেছ করেন, যে আপন রক্ত দিয়া তাহাদিগকে মৃত্যুহইতে রক্ষা করেন।

পরে <sup>\*</sup> মথি জিজ্ঞাসিল, কুক্লুটের ডাক প্রবণে আমাদের শিক্ষিত্য কি ?

শরিণামদর্শিনী কহিল, তদ্বারা পিতরের পাপ ও তাহার অনুভাপ স্মরণ করা কর্ত্বা। তদ্ভিন্ন কুছুটের ডাক-ঘারা আমরা জানিতে পাই যে দিবস সন্নিকট হইতেছে, অতএব কুছুটের ডাকেতে অন্তিম অথচ মহাভয়ন্কর বিচার দিবস তোমার স্মরণে আইসুক।

অপর তাহাদের প্রবাসের এক মাস সম্পূর্ণ হওয়াতে বাতিরা গৃহবাসিগণকে জানাইল, এই ক্ষণে আমাদের এ স্থানহইতে প্রস্থান করিবার সময় হইয়াছে। তাহাতে ব্যক্ষ আপন মাতাকে কহিল, হে মাতঃ, মহোৎসাহ মহাশয় শেষ পর্যন্ত আমাদের সজে পর্যপ্রদর্শক হইয়াবেন বান, এমত প্রার্থনা করণার্থে অর্থকারকের নিকটেলোক পাঠান কি উচিত নয়-?

তাহাতে "খ্রীফীয়ানী উত্তর করিল, হে বংস, ভাল কহিয়াছ, আমি ও কথা প্রায় বিক্ষৃত হইয়াছিলাম।

ইহা বলিয়া সে এক আবেদনপত লিখিয়া <sup>®</sup> জাগরুক নামে ছারপালের হস্তে দিয়া নিবেদন করিল, আপনি এই পত্র খানি কোন উপযুক্ত লোকছারা আমার পরম হিতকারি <sup>®</sup> অর্থকারক মহাশব্যের নিকটে পাঠাইয়া দি- বেন। অপর "অর্থকারক মহাশার ঐ পত্র পাইয়া তাহার সমস্ত বিবরণ জ্ঞাত হইয়া পত্রবাহককে কহিলেন, ভূমি গিয়া তাহাদিপকে কহ যে আমি তাহাকে পাঠাইয়া দিব।

व्यनख्त शृत्वत পरिकत्नता यथन प्रिक्त, त्य " श्रीकी-मानी ध्वकृष्ठि नकरल अभरनाम्राश क्रिडिक्ट, उथन ভাষারা যে ঐ মত হিতকারি অতিথি পাইয়াছিল, তজনা জ্ঞাপনাদের রাজার ধনাবাদ করণার্থে গৃহবাদি ভাবৎ লোককে ডাবিয়া একত করিল। পরে ঈশ্বরারাধনা সমাপ্ত হইলে ভাহারা "খুডিীয়ানীকে কহিল, পথে যাইতে ২ धान कतिरात कान रियय आमता रयमन याजिनिश्र क দেখাইয়া থাকি, তেমন তোমাদিগকেও দেখাইতে চাহি। ইহা কহিয়া তাহারা "খুীফীয়ানী ও তাহার সম্ভানগণ এবং \*করুণাকে এক বিশেষ কুঠরীতে লইয়া গিয়া যে প্রকার কল \*হবা ভক্ষণ করিয়া আপন স্বামিকে দিয়া-ছিল, এবং যদ্তক্ষণ ছেতৃ তাহারা উভয়ে এদনস্থ উদ্যান-হইতে বহিন্ধৃত হইয়াছিল, তাহার এক ফল দেখাইয়া জিজাসা করিল, এ কি ফল, তোমরা জান? তাহাতে "খুীফীয়ানী কহিল, এ ভক্ষ্য দ্ৰব্য কি বিষ, ভাষা বলিভে পারি না। পরে তাহারা সে বিষয় তাহাকে ব্যক্ত করিয়া কহিলে সে হস্ত বিস্তার পূর্মক আক্ষর্য্য বোধ করিল।

ভদনন্তর তাহারা তাছাদিগকে জন্য এক স্থানে লইয়া
যাইয়া বাকুবের সোপান দেখাইল। ভংকালে তাহা দিয়া
কোন ২ স্থাদৃত আরোহণ করিতেছিল। তাহাতে বুলিফীয়ানী দৃতগণের উদ্ধানন দেখিতে উপরে একদৃটে চাহিয়া
রহিল, এবং তাহার সক্ষিরাও তদ্ধাপ দৃষ্টি করিতে লাগিল। পরে ভাহাদিগকে আরও কোন বিষয় দেখাইবার
নিমিত্তে জন্য স্থানে লইয়া মাইতে উদ্যাভ হইলে বাভূব
আপন মাতাকে কহিল, হে মাতঃ, এ অতি ভ্যব্দার

দর্শন! এ স্থলে উহাদিগকে আরও কিঞ্চিৎ কাল বিলয় করিতে বল। তাছাতে তাছারা পুনর্বার ফিরিয়া দ্থায়-মান হইয়া সেই মনোহর দর্শনে নিবিফটিত ছইয়া রহিল।

পরে তাহারা তাহাদিগকে আর এক স্থানে লইয়া গিরা তথায় টাজান এক স্থা লজর দেখাইয়া গুনীনীরালীকে ভাষা নামাইতে বলিয়া কহিল, এই লজর ভোমাদিগকে সঙ্গে করিয়া লইয়া যাইতে হইবে; যে-ছেতুক ঝড় বৃষ্টির সময় উপস্থিত হইলে হা ব্যবধান বস্ত্রের অভ্যন্তরে প্রবিষ্ট হইরা তোমাদিগকে সুস্তির রাখিবার নিমিতে তোমাদের প্রয়োজনীয় হইবে। তাহাতে তাহারা তাহা লইয়া আহ্লাদিত হইল।

অপর আমাদের পিতা \* ইব্রাহীম যে পর্কতোপরি আপন পুত্র \* ইস্হাককে বলিরপে উৎসর্গ করিতে উদ্যত ছইয়াছিলেন, সেই পর্কতে লইয়া যাইয়া ভাঁছার সেই যক্তবেদিও কাঠও অগ্নিও ছুরিকাদি দেখাইল, যেহেত্ক ঐ সকল অদ্যাপি বর্তমান আছে। তাহা দেখিয়া যাতিরা আহ্লাদে হস্ত তুলিয়া আপনাদের পরম সৌভাঁগ্য মানিয়া কহিতে লাগিল, আহা! প্রভুর প্রতি প্রেম ও ইব্রিয় দমন বিষয়ে ইব্রাহীম কি চমৎকার মনুষ্য ছিলেন!

ঐ সমস্ত বিষয় দেখাইলে পরে যেখানে এক উত্তম বাদ্য যন্ত্র ছিল, এমত কোন বৈঠকখানায় \* পরিণামদর্শিনী ভাছাদিগকে লইয়া গিয়া যন্ত্রে বাদ্য করণ পূর্বক পূর্ব দৃষ্ট বস্তু বিষয়ক এই গীত রচনা করিয়া গান করিতে লাগিল; যথা,

হবার ভক্ষিত ফল করিলে দর্শন।
সে বিষয়ে সাবধান হবে প্রতিক্ষণ॥
খাকুবের সোপান দেখিলে বিলক্ষণ।
যমুপরি দৃত্তগণ করে আরোহণ॥

সুবর্গ লক্ষর পাইরাছ ভোমা সবে।
প্রতুর হইল ইথে মনে না ভাবিবে ॥
জ্ঞাপনার বহু মূল্য বে দ্রব্য হইবে।
ইব্রাহীমের মক তা উৎসর্গ করিবে॥

অপর ঐ সময়ে কোন বাজি ছারেতে আঘাত করিলে ছারপাল ছার মুক্ত করিয়া দেখিল, যে "মহোৎসাহ আকিয়া দাঁড়াইয়া আছে। পরে সে ভিতরে গেলে তাহার দর্শনে ক্রন্দরে যে আনন্দ হইল, তাহা কি কহিব?
যেহেতুক পূর্বে সে যে প্রকারে "উআকার রক্তপাতী
লামক বৃহৎকায় বৃদ্ধকে হনন করিয়া সিংহের মুখইইতে
তাহাদিগকে মুক্ত করিয়াছিল, তাহা তথন তাহাদের
মনে পুনর্বার উদয় হইল।

অনন্তর "মহোৎসাহ "খুখিটায়ানী ও "করুণাকে সংখা-ধন করিয়া কছিল, তোমাদের পাথেয় দ্রবার নিমিছে আমার প্রভু তোমাদের ছুই জনকে এক ২ শিশি লাক্ষারস ও কিঞ্চিৎ ভর্জিত শস্য ও ছুইটী দাড়িশ্ব দিয়াছেন, এবং বালকদিগের নিমিত্তে কতক গুলীন ডুশ্ব ও লাক্ষাকল পাঠাইয়া দিয়াছেন।

অপর তাহারা বাইবার উপক্রম করিলে শিরিণামদর্শিনী ও শ্বিশিষ্ঠা তাহাদের সমতিব্যাহারে কিঞ্চিৎ
দূরে বাইতে দ্বির করিল। অনস্তর দ্বারে উপস্থিত
হইলে শ্বীফীয়ানী দ্বারপালকে জিজ্ঞাক্ষা করিল, ইহার
মধ্যে কি কেহ এ স্থান দিয়া গিয়াছে? দ্বারপাল কহিল,
না, ইহার মধ্যে এমত কেহই বায় নাই; কিন্তু কতক
দিন হইল, এক জন এই পথ দিয়া আসিয়া আমাকে
কহিয়াছিল, যে জম্প দিন হইল এই রাজপথের মধ্যে
এক মহা ডাকাইছি হইয়াছিল; কিন্তু দ্বান্দল ধরা পড়িয়াছে, এবং তাহাদের প্রাণদ্ভ বিষয়ক বিচার শাস্ত্র

হইবে। এই কথা শুনিয়া "খুনিটায়ানী ও "করুণা ভীতা হইল; কিন্তু "মথি কহিল, হে মাতঃ, যাবং "মহোৎসাহ মহাশয় পথঞাদর্শক হইয়া আমাদের সহিত গমন করেন, ভাবং আমাদের কিছুমাত্র ভয় নাই।

পরে শুটিীয়ানী দারপালকে কহিল, হে মহাশয়, মদবধি আমি এই স্থানে পঁছছিয়াছি, তদবধি আপনি আমার যে উপকার করিয়াছেন, বিশেষতঃ আমার সন্তাদ-দের প্রতি যে সকল অনুগ্রহ প্রকাশ করিয়াছেন, তরিমিছে আমি আপনকার নিকটে অতিশয় বাধিত হইলাম।

আমি কি দিয়া আপনকার প্রভাপকার করি, তাহা দেখিতে পাই না; অতএব আপনকার মর্যাদা স্বরূপ এই যৎকিঞ্চিৎ গ্রহণ করুন। ইহা কহিয়া এক স্বর্ণমুক্তা তাহার হস্তে দিলে দ্বারপাল "খ্রীন্টায়ানীকে প্রণাম করিয়া কহিল, তোমার বস্ত্র সকীদা শুরু হউক, ও তোমার মস্তকে তৈলের অকুলান না হউক। আর "করুণা না মরিয়া চিরজীবিনী হউক, এবং তাহার সংক্রিয়া অপ্পন্থাক না হউক। সে বালকগণকেও কহিল, তোমরা যৌবনাবস্থার কু অভিলাষ পরিত্যাগ করিয়া, যাহারা ধীর ও জ্ঞানবান, তাহাদের মহিত ধন্মের অনুগামী হও; তাহা করিলে তোমাদের মাতার চিত্ত আনন্দে প্রফুল্ল করিবা, এবং সমস্ত বিশিক্ত লোকের প্রশংসাপাত্র হইবা। পরে তাহারা দ্বারপালকে নমস্কার করিয়া বিদায় হইল।

## 🤊 অধ্যায়।

অপর আনি স্বপ্নে দেখিলাম, যাত্রিরা ক্রমাগত গমন কর্ত কেই পর্কতের চূড়ার ধারে উপস্থিত হইলে বার্ম্মতা হঠাৎ চীৎকার শব্দ করিয়া কহিল, হায়! • খ্রীফীয়ানীকে ও তাহার সঞ্চিদগকে যাহা দিতে মনস্থ করিয়াছিলান, ভাহা বিশ্বতা হইয়া আসিয়াছি। আমি ফিরিয়া বাইয়া তাহা আনি। ইহা কহিয়া তাহা আ-নিতে দৌড়িয়া নোল। \* ধর্মিটা গেলে পরে সে হানের দক্ষিণ পার্শের নিকটবর্ডি এক উপবনহইতে \* খ্রীফীয়ানী অতি সূজাব্য অসাধারণ স্বর শুনিতে পাইয়া বিশেষ মধনাযোগ দেওয়াতে যেন এই বাক্য তাহার কর্ণ-গোচর হইল।

> তৰ গৃহে নিতা মোর হইবে বসতি। মহা অনুগ্রহ এই আছে আমা প্রতি॥

ইছা শুনিতেই যেন আর কেছ ইছার উত্তর দিতেছে, এমত এক শব্দও শুনিতে পাইল; সে এই,

> আমাদের প্রতি প্রভু পরম দয়াল। অটল তাঁহার ক্পী আছে সদাকাল॥ তাঁহার সত্যতা সদা আছে দৃঢ় ভাবে। অনস্ত কাল পর্যাস্ত চিরস্থায়ী হবে॥

ইহা শুনিয়া " প্রীফীয়ানী " পরিণামদর্শিনীকে জিজ্ঞাসা করিল, এমত সূজ্রাব্য স্বরে কে গান করে?

সে কহিল, এ গান আমাদের দেশীয় পক্ষিরা করে।
কিন্তু তাহারা এরপ সরে সর্বদা গান করে না, কেবল
বসস্ত কাল হইলে যথন নানাবিধ পুজ্প প্রস্কৃতিত হয়,
ও সূর্য্যের কিরণ সন্তপ্ত হয়, তখনই তাহারা গান করে,
ও তৎকালে তাহাদের গান সমস্ত দিন শুনা যায়। আমি
বার বার তাহাদের ধনি শুনিতে যাই, এবং আমরা ঐ
প্রকার পক্ষিকে গৃহে রাখিয়া পোষণ করিয়া থাকি।
মনের ওদাস্য জ্মিলে তাহাদের গান বড় সান্ত্রনাজনক
হয়; এবং ঐ সকল পক্ষির নিমিত্ত বন ও উপবন
প্রস্তৃতি নিভৃত হান অতি র্মণীয় হয়।

অমত কালে "ধর্মিপ্তা ফিরিয়া আসিয়া "খুমিনীয়ানীকে কহিল, এই দেখ, আমাদের গৃহে যে সকল বিষয় দেখিয়া আসিয়াছ, তাহার নক্সা আনিলাম। যথন তুমি বিন্দৃতা হইবা, তথন ইহাতে দৃষ্টিপাত করিয়া তোমার শিক্ষা সম্ভোষের নিমিত্তে সে সকল পুনঃ স্মর্থ করিতে পারিবা।

অনন্তর তাহারা পর্যতহইতে "ন্যুতা নামক উপত্যকাতি নামিয়া যাইতে লাগিল। সেই পথ অতি গড়ান ও পিছিল ছিল, কিন্তু তাহারা অতি সাবধান যাওয়াতে বড় বিশ্ব পাইল না। পরে সেই উপত্যকাতে উপস্থিত হইলে "ধর্মিঠা " খ্রীফীয়ানীকে কহিল, যে স্থানে তোনার স্থানী অতি ভয়ন্তর "আপলুয়োন নামক ভূতের সহিত্ত সাক্ষাৎ করিয়া ঘোর সংগ্রাম করিয়াছিল, সে স্থান এই। তাহার বৃত্তান্ত তুমি অবশ্য শুনিয়া থাকিবা; কিন্তু ভীত হইও না। এই "মহোৎসাহ মহাশয় যাবৎ তোমাদের রক্ষক ও পথপ্রদর্শক আছেন, তাবৎ তোমাদের কোন বিপদ ঘটিবার সম্ভাবনা নাই। পরে উক্ত হই স্ত্রী যাত্রিদিগকে পথপ্রদর্শকের হস্তে সমর্পণ করিয়া ফিরিয়া গেল; তাহাতে পথপ্রদর্শক অত্রেই চলিল, এবং যাত্রিরা তাহার পশ্যাকানী হইল।

অপর "মহোৎসাহ কছিল, এই উপত্যকা দেখিয়া ভয় করিবার কোন কারণ নাই। আমরা যদি আপনারা কোন আপদ উপস্থিত না করি, তবে এ স্থানে আমাদের অনিউজনক কিছুই নাই।

এই তানে "আপলুয়োনের সহিত "খীফীয়ানের সং-ঘটন হইলে ভয়ঙ্কর যুদ্ধ হইয়াছিল বটে, কিন্তু সে পর্বতহইতে নামিয়া আসিবার সময়ে যে সকল উচ্ছোট খাইয়াছিল, ঐ যুদ্ধ ভাহারই ফল ছিল; কেননা যাহারা সে স্থানে উছোট খায়, ভাহারিগকে এ স্থানে যুদ্ধ করিতে ছর, এই নিমিত্তেই এই উপতাকার এমন ছুর্নাম হইছাছে। দেখ, সাধারণ লোকেরা যখন শুনে যে অমুক
শ্বানে অমুকের ভারি বিপদ ঘটিয়াছে, তথনই তাহারা
অনুমান করে বে সে হান কোন ভয়ন্কর রাক্ষসের বা
প্রেতের অধিকার; কিন্তু হার ২! লোকদের আপন ২
কর্মাকলে যে তক্রপ ঘটনা ঘটে, ইহা বুঝিতে পারে না।
কলতঃ এই ক্র্মুতা নামক উপত্যকা স্বভাৰতঃ অতি
উর্মরা স্থান, ইহা অপেকা উত্তম স্থান খেচর প্রিকগণও দেখিতে পায় না। আর প্রীফীয়ান এই স্থানে কি
জন্যে শত্রক্তিক আক্রান্ত হইয়াছিল, তাহার বিবরণস্থাকরা যাইতে পারে, এমত আমার দৃঢ় বিশ্বাস আছে।

তথন " যাকুব আপন মাতাকে কহিল, ঐ দেখ একটা স্তম্ভ, এবং তহুপরি যেন কিছু লেখা আছে এমত বোধ হই-তেছে। চল আমরা যাইয়া দেখি। তাহাতে তাহারা যা-हेशा जे स्टाइत डिशद्त वहे निशि दर्गियन, यथा, "वहे স্থানে আসিয়া না পৌছিতে " খ্রীষ্টীয়ান যে উছোট খাই-য়াছিল, ও তংপ্রযুক্ত তাহার প্রতি যে সকল যোর যুদ্ধ ঘটিয়াছিল, তাহা মনে করিয়া পশ্চাছর্তি যাতিরা সাবধান থাকুক।" অপর পথপ্রদর্শক কছিল, দেখ, আমি পূর্বেই কহিয়াছিলাম যে এখানে "খ্রীফীয়ানের যে তুর্গতি হই-য়াছিল, তৎকারণস্থাক কোন লক্ষণ অবশ্য পাওয়া যা-ইবে। ইহা কহিয়া সে " খ্রীফীয়ানীর প্রতি ফিরিয়া কহিল, ইহাতে তোমার স্বামিকে বিশেষ দোষ দেওয়া যাইতে-হে, এমত বুঝিও না; আরও অনেকের প্রতি তাহাই ঘটি-য়াছে ব এই পর্বত আরোহণ অপেকা অবরোহণ কঠিন, কিন্তু এ কথা এ দেশের জার কোন পর্বতের বিষয়ে व्यात्र कार्त सी। तम यादा इंडेक, देशात्र विशत्त जात

কোন কথার আবশ্যক নাই। সেই উত্তম ব্যক্তি আপন শত্রক সম্পূর্ণরূপে পরাজয় করিয়া এখন বিশ্রাম প্রাপ্ত হইয়াছেন। অতএব আমরাও তাঁছার নায়য় পরীক্ষিত হইলে যেন তদপেক্ষা অধিক ছুর্দশাগ্রস্ত না হই, সর্বো-পরিস্থ পরমেশ্বর এমত অনুগ্রছ প্রদান করন।

সে যাহা হউক, আমরা এই ক্ষণে এই \* ন্যুতা নামক উপত্যকার প্রতি দৃষ্টিপাত করি। এই দেশের মধ্যে এই উপতাকুর ভূমি সর্বাপেক্ষা উত্তম ও অতিশয় শস্যশা-লিনী, এবং এখানে ভূণভূষিত চরাণী মাঠ বিস্তর। মনোরম্য স্থানের দর্শনাকাতিক কোন ব্যক্তি যদি অনপেকিতরূপে আমাদের ন্যায় বসস্তকালে এ স্থানে আইনে, তবে সে নয়নের আনন্দজনক অনেক বিষয় দেখিতে পাইবে। দেখ, এই ভূমি কেমন শ্যামবর্ণ এবং কানুড় পুষ্পেতে কেমন সুশোভিত! এই \* ন্মুভা উপত্যকার মধ্যে যাহারা আ-বাদ করিয়া অনেক ভূমি সম্পত্তি প্রাপ্ত হইস্বাছে, এমত অনেক কৃষককে আমি জানি। কেননা ঈশ্বর অহঙ্কারি-দের বিপক্ষ হন, কিন্তু নমুদিগকে আরো মহৎ বর প্রদান করেন। অতএব এ ভূমি যে অতি উর্বরা এবং যথেষ্ট শস্য উৎপন্ন করে, ইছাতে কোন সংশয় নাই। এই ছেতৃ এই স্থানে উপস্থিত হইয়া পিতার বার্টীতে যেন একেবারে পৌছন যায়, এবং পর্মত ও উপপর্মত দিয়া যাইতে ও ক্লেশ পাইতে যেন আর না হয়, এমত বাসনা কেহ ২ क्रिय़ादछ। किन्छ धरे शथरे शथ, अना नारे, रेश निक्या। তাছারা এই রূপ কথোপকথন করিয়া গমন করিতেছিল, ইতোমধ্যে আপন পিতার মেষ চরাইতেছে, এমত এক বালককে দেখিল। ঐ বালকের বস্ত্র অতি সামান্য, কিন্তু মুখজী অতি সুন্দর ছিল, এবং সে একাকী বসিয়া গান করিতেছিল। ভাছাতে " মছোৎসাহ কহিল, ঐ মেষপালক

ৰালক কি গান করে, ভাছা গুন। ভাছাতে ভাছারা প্রবণ করিতে লাগিলে ঐ বালক এই গীত গান করিল; যথা,

নীচন্থ যে লোক তার পতনে কি ভয়।
অধোতে থাকিলে নাহি অহলার হয় ॥
অভিমানহীন সদা সুশীল বে লোক।
ঈশ্বর সর্ম্মদা তার পথপ্রদর্শক ॥ ১ ॥
অপে বা অধিক বাহা আছ্য়ে আমার।
তাহাতেই তৃপ্ত আছি তৃশ্যা নাহি আর ॥
নিরাকাংক্ষ যেই জন সেই পায় তাণ।
মোরে নিরাকাক্ষ মন প্রতু কর দান ॥ ২ ॥
যাত্রী হয়ে যেই জন পথে করে গতি।
তাহার বাধক হয় প্রচুর সম্পতি ॥
ইহ অপে পরত্রতে আনন্দ অপার।
সর্ম্মত সর্ম্মণা তাহা প্রেষ্ঠ অধিকার॥ ৩ ॥

ইহা শুনিয়া পথপ্রদর্শক কহিল, ঐ বালকের গান শুনিলা? আমি নিশ্চয় জানি, যাহারা সতত মথমল রেশমি প্রভৃতি বহুমূল্য বস্ত্র পরিধান করে, তাহাদের অপেকা বরং ঐ বালক আনন্দে কাল যাপন করে, এবং সর্বাদা শান্তিরূপ পুল্প হৃদয়ে ধারণ করে। যাহা হউক, এই উপ-ভাকার কথা আরও কহি।

পূর্বে এই উপত্যকাতে আমাদের প্রভুর বাসাবাদী ছিল; কেননা এই স্থলের বায়ু অতি সুখজনক, এই নি-মিছে জিনি এই স্থানে অবস্থিতি করিয়া এই সকল ক্ষেত্রে বিহার করিতে বড় ভাল বাসিতেন। এখানে বাস করিলে সংসারের গোলযোগহইতে রক্ষা হয়। দেখ, উচ্চ বা নীচ পদ সকলই গোলযোগ ও উদ্বেগতে পরিপূর্ণ; কেবল এই শুমুতা নামক নিমু ভূমি নিভ্ত ও নিঃশক স্থান। অম্যান্য স্থানের ন্যায় এ স্থলে ধ্যানভক্ষের কোন কারণ



নাই। এ উপত্যকাতে যাত্রিধর্মপ্রিয় বাতিরেকে অন্য কেছ গমনাগমন করে না। যদ্যপি "থ্রীফীয়ানের ছুর্ঘটনা প্রযুক্ত এই স্থানে "আপল্লুয়োনের সহিত সংঘটন ও তুমুল যুদ্ধ হইয়াছিল, তথাপি পূর্ব্বকালে এই স্থানে কেছ ২ স্থায়ি দৃতগণের দর্শন পাইয়াছে, কেছ বা দিব্য মুক্তা লাভ করিয়াছে, অন্য কেছ বা জীবনদায়ক বাক্য-রূপ ধন প্রাপ্ত হইয়াছে, ইহা আমি জানি।

আমি কহিয়াছি যে পূর্ককালে এই স্থানে আমাদের প্রভুর বাসাবাটী ছিল, এবং তিনি এই স্থানে বেড়াইতে ভাল বাসিতেন। পুনশ্চ কহিতেছি, যে সকল লোক এ স্থান উত্তম জ্ঞান করিয়া ইছাতে গমনাগমন করিতে ভাল বাসে, ভাছারা যেন প্রথম্মচ পাইয়া যাত্রাতে আরো উৎসাহযুক্ত হয়, এই অভিপ্রায়ে তিনি এই স্থানে ধন রাখিয়া ভাছাদের বার্ষিক বৃত্তিরূপে নিয়মিত কালে বিতরণ করিবার আক্তা দিয়াছেন।

অপর বাইতে ২ শিমুয়েল শমহোৎসাহকে কহিল, হে মহাশয়, আমি অবগত হইলাম যে এই স্থলীতে শ্বাপলুয়োনের সহিত আমার পিতার যুদ্ধ হইয়াছিল; কিন্তু এ অতি প্রশস্ত স্থান; কোণায় যুদ্ধ হইয়াছিল? তাহা অনুগ্রহ করিয়া বলুন।

শহেৎিসাহ উত্তর করিল, আমাদের সম্পুথন ঐ

কিষ্তিক্ষেত্রের পারে যে সঙ্কীর্ন পথ আছে, সেই পথে

আপলুরোনের সহিত তোমার পিতার যুদ্ধ হইয়াছিল।
এতাবং স্থানের মধ্যে ঐ স্থানই সর্বাপেকা ভয়লর।
কেননা প্রাপ্ত উপকারের ও নিজ অযোগ্যতার বিমৃতি
হইলে বাত্রিরা বিপদপ্রস্ত হইয়া থাকে। ঐ স্থানে অনেকের মুর্ঘটনা হইয়াছে। বাহা হউক, তথায় শৌ
ছিলে এই বিবরণ শেষ করিব। সেথানে ঐ যুদ্ধের কোন

চিহ্ন কিয়া প্রমাণস্থাক কোন স্তম্ভ অদ্য পর্যান্ত অবশ্য বর্তুমান থাকিবে।

তথন \*করণা কহিল, পথের অন্য স্থান অপেকা বরং এই স্থানে আমার আন্তরিক সুথ বোধ হইতেছে; আর এ স্থান আমার মনের মত, এমত জ্ঞান হইতেছে। ঘোড়ার বা রথচকের শব্দ যে স্থানে নাই, এমত স্থানে থাকিতে আমার মন চাছে। অনুমান হয়, এই স্থানে থাকিয়া আমি কে ও কোথাহইতে আসিয়াছি এবং কি ২ করিয়া আসিতেছি, আর কি নিমিত্তে রাজকর্তৃক আহত হইয়াছি, এমত ধ্যান করিবার কোন প্রতিবন্ধক নাই। এই স্থানে বসিয়া আত্মচিস্তায় নিবিষ্টচিত্ত হইলে অন্তঃ-করণ দ্রবাভূত হয়, ও শেষে চক্ষ্ম অঞ্পূর্ণ হইয়া হিশ্-বোনস্থ সরোবরের ন্যায় হইয়া উঠে। পরম ৭; ৪। এই ক্রন্দনের উপত্যকা দিয়া প্রকৃত যাতিদের গমন সময়ে তাহা উনুই হইয়া উঠে, এবং এখানকার লোকদের উপর স্বৰ্গইতে পতিত বৃষ্টিদারা ইছা জলাশয়েতে ভ্ৰিত হয়। এই স্থলীর মধ্যহইতে রাজা তাহাদিগকে জাক্ষা-ক্ষেত্র দিবেন। এবং "আপ্লুয়োনের সহিত যুদ্ধ হইলেও " খ্রীফীয়ান যেমন গান করিয়াছিল, যাহারা এই ত্রলী দিয়া গমন করে, তাহারাও তদ্রপ গান করিবে। গীত ₩8; @-9 | CE1 2; S@ |

তাহাদের পথপ্রদর্শক কহিল, তাহাই সত্য বটে, আমি এ হুলী দিয়া অনেক বার গিয়া দেখিয়াছি, অন্য সকল স্থান অপেকা বরং এ স্থানে আমার অধিক সুখ বোধ হয়। এতদ্তির আমি বে সকল যাত্রিদিগকে পথ দেখাইয়াছি, তাহারাও এ স্থলীর উত্তমতা স্থীকার করিয়াছে। আমাদের রাজাও কহেন, "যে জন ন্মুও চূর্থননা ও আমার কথাতে কম্পিত, এমত লোকের প্রতি আমি দৃষ্টিপাত করিব।"

অনন্তর তাহারা গমন করত পূর্ব্বোক্ত সংগ্রামন্থলে উপস্থিত হইলে পথপ্রদর্শক "শুফিীয়ানী ও তাহার সম্ভানগণ ও "করুণাকে কছিল, দেখ, এই ভূমিতে " श्रीकोशान युकार्य प्रशासनान इटेग्नाइन, अवर अ স্থানহইতে "আপল্লুয়োন তাহার প্রতিকূলে যুদ্ধ করিতে আসিয়াছিল। আর আমি কি সতা কহি নাই? দেখ, এই ২ প্রস্তরে তোমার স্বামির রক্তের চিহ্ন অদ্য পর্য্যস্ত রহিয়াছে। আরও দেশ, "আপলুয়োনের ভগ্ন শর স্থানে ২ পড়িয়া আছে। এবং পরস্পর যুদ্ধ সময়ে স্ব ২ স্থান রক্ষার্থে তাহারা ভূমিতে বে পদাঘাত করিয়াছিল, তাহার চিহ্নও এ পযান্ত রহিয়াছে। আর তাহাদের লক্ষ্যচ্যত অস্ত্রাঘাতে এই প্রস্তর সকল কেমন চূর্ণ হইয়া গিয়াছে! এই স্থলে "খ্রীফ্রীয়ান যথার্থ পুরুষত্ব প্রকাশ করিয়াছিল। স্বয়ং \* রাম উপস্থিত থাকিলে ইছা অপেকা আধিক বীরত্ব প্রকাশ করিতে পারিত না। তাহার শত্ <sup>\*</sup>আপলুয়োন পরাস্ত হইয়া <sup>\*</sup>মৃত্যুছায়া নামক যে নি-কটবর্ত্তি উপত্যকাতে পলায়ন করিয়াছিল, সে স্থলীতেও আমরা শীঘ্র উপস্থিত ছইব।

আর সম্পথ ঐ যে স্তম্ভ দেখিতেছ, উহাতে "খুীফী
যানের স্থ্যাতি চিরক্ষরণীয় করণার্থে তাহার যুদ্ধের ও

বিজয়ের বিবরণ লিখিত আছে। তাহা শুনিয়া ঐ স্তম্ভ

তাহাদের সম্মুখবর্জি পথের পার্ম্মে থাকাতে তাহারা নি
কটে যাইয়া সেই লিপি পাঠ করিল। তাহা এই,

এ স্থানের সন্নিধানে এক যুদ্ধ ঘটে।
অতি অপরূপ তাহা কিন্তু সত্য বটে ॥
রাক্ষস আপলুয়োন আর খ্রীফীয়ানে।
মিথো মহারণ হয় নাশিবারে প্রাণে॥ ১॥
সে পুরুষ পুরুষত্ব করিলে প্রকাশ।

পলাইল ভৃতরাজ মনে পেয়ে তাস।। সেই ঘটনার আমি প্রমাণ কারণে। স্মরণার্থ স্তম্ভ হয়ে আছি এই স্থানে। ২।।

অপর তথাহইতে প্রস্থান করিলে পর তাহারা \* মৃত্যুছায়া নামক স্থলীর সীমাতে উপস্থিত হইল। পূর্বস্থলীহইতে এ স্থলী দীর্ঘ, এবং তথায় ভয়ন্থর ভূতাদি মূর্ভির
দর্শন হয়, ইহারও প্রমাণ অনেকে দিতে পারে। কিন্তু
দিবসের সময়ে তথায় গমন করাতে এবং \* মহোৎসাহ
তাহাদের পথপ্রদর্শক হওয়াতে ঐ স্ত্রীলোকও বালকেরা
নিরাপদে তাহার মধ্য দিয়া চলিয়া গেল।

সেই স্থলীতে প্রবিষ্ট হইবামাত তাহারা মৃন্নমাণ ব্যক্তির আর্ভনাদের ন্যায় যেন অতিশয় কাতরোজি প্রবণ করিল। তদ্যতীত অতিশয় যন্ত্রণাতে কাতর ব্যক্তির ক্রন্দন-ধ্বনিও যেন তাহাদের কর্ণগোচর হইল। এই সকল প্রবণ করিয়া বালকেরা কম্পনান হইল, এবং ভয়েতে স্ত্রীলোকদের মুখ শুদ্ধ ও মান হইল, কিন্তু তাহাদের পথপ্রদর্শক কহিল, তোমরা ভয় করিও না, সৃস্থির হও।

পরে কিঞ্ছিৎ অগ্রসর হ্ইলে তাহারা অনুমান করিল, যেন ফাঁপা ভূমিবৎ তাহাদের পদতলের ভূমি কাঁপিতেছে। আর যেন সর্প ফোঁস ২ করিতেছে, এমত শব্দও শুনিল, কিন্তু কিছুই দৃষ্টিগোচর হইল না। পরে বালকেরা জি-জ্ঞাসা করিল, এ নিরানন্দ ভূমির অন্ত কি নিকট নহে? তাহাতে পথপ্রদর্শক কহিল, তোমরা ভীত হইও না, কিন্তু পাছে কোন ফাঁদে পড়, এই জন্যে অতি সাবধানে পাদবিক্ষেপ কর।

.ইত্যবসরে \* বাকুবের বমন হইবার উপক্রম হইল, কিন্তু তাহার কারণ কেবল শঙ্কা; তাহাতে তাহার মাতা \* অর্থ-কারকের গৃহে যে দ্রাকারস পাইয়াছিল, তাহার কিঞ্চিৎ,



আর <sup>\*</sup> নিপুণ নামক চিকিৎসকের তিনটি বড়ি তাহাকে খাওয়াইলে সে ক্রমে সুস্থ ছইতে লাগিল। এই রূপে গমন করিয়া তাহারা ঐ স্থলীর মধ্যস্থান পর্যান্ত পৌছিলে <sup>\*</sup> খীফীয়ানী কহিল, দেখ, সম্মুখে পথের উপরে ঐ কি বিকটাকার দেখা ঘাইতেছে? এমত আকার আমি কখনও দেখি নাই।

তাহাতে <sup>\*</sup> যুষক কহিল, হে মাতঃ, ও কি? খ্রীফীয়ানী কহিল, হে বংস, ওটা অতি কুংসিত! অতি কদাকার! ঐ বালক পুনর্কার কহিল, হে মাতঃ, ওটা কিসের ন্যায়? তাহার মাতা কহিল, আহা আমি বলিতে পারি না। পরে তাহা আরও নিকটবর্তী হইলে <sup>\*</sup> খ্রীফীয়ানী কহিল, এই আইল।

তথন "মহোৎসাছ কহিল, আইসুক ২; এবং তোমাদের মধ্যে যে ভয় করে, "সে আমার সঙ্গ না ছাড়ুক।
পরে ঐ ভৃত তাহাদের আরও নিকটে আইল, কিন্তু
পথপ্রদর্শক অগ্রসর হইয়া তাহাকে ধরিতে উদ্যত হইলে সে অন্তর্হিত হইয়া তাহাদের ইন্দ্রিয়ের অগোচর
হইল। তথন যাহা পূর্মে কহা গিয়াছিল, অর্থাৎ,
"শয়তানকে প্রতিরোধ কর, তাহাতে সে তোমাদের
নিকটহইতে পলায়ন করিবে;" তাহা তাহাদের সমরণে
আইল।

অপর তাহারা কিঞ্ছিৎ শাম্য প্রাপ্ত হইয়া অগ্রসর হইতে লাগিল; কিন্তু বিস্তর দূর না বাইতে ২ \* করুণা পশ্চাদৃষ্টি করিয়া সিংহের ন্যায় এক ভয়ঙ্কর আকৃতি অতি ক্রতে গতিতে পশ্চাৎ আসিতে দেখিল; তাহার গর্জন অতি গন্তীর,এবং প্রত্যেক গর্জনেতে ঐ সমস্ত স্থলী প্রতিধানিত হইতে লাগিল। তাহাতে পথপ্রদর্শক ব্যতিরেক সক-দেরই অন্তঃকরণ আসমুক্ত হইল। অপর ঐ সিংহ আ-

নিয়া নিকটবর্তী হইলে "মহোৎসাহ পশ্চাতে দাঁড়াইয়া বাত্রিদিগকে আপনার অগ্রে২ যাইতে কহিল। ইতো-মধ্যে ঐ সিংহ উপস্থিত হইল, কিন্তু "মহোৎসাহ তা-হার সহিত যুদ্ধ করিতে উদ্যত হইলে সে প্রতিরোধের সম্ভাবনা দেখিয়া মুখ ফিরাইয়া আর অগ্রসর হইল না।

পরে তাছারা পুনশ্চ গমনারম্ভ করিলে পথপ্রদর্শক তাহাদের অত্যে২ চলিল। অত্প কণ পরে তাহার। পথের ভাবৎ পরিসরব্যাপি এক খাতের নিকটে আসিয়া উপস্থিত হইল। তাহা পার হইবার নিমিত্তে প্রস্তুত না হইতে২ হঠাৎ এমন ঘোর কুজনটিকা ও অন্ধকার আসিয়া তাহাদের উপর পড়িল, যে তাহারা কিছুই দেখিতে পাইল না। তাহাতে যাত্রিরা হাহাকার করিয়া कश्चि, এই करा आमता कि कति? श्रेष्ट्रभाक छेखत করিল, ভয় করিও না, স্থির ছইয়া দাঁড়াইয়া ইহার শেষ কি হয় তাহা দেখ। এই রূপে তাহাদের পথ রুদ্ধ হওয়াতে সূতরাং তাহারা সেই স্থানে দাঁড়াইয়া রছিল পরে তাছারা যেন শতুদের কোলাহল ও বেগে আ-গমনজন্য শব্দ শুনিতে পাইল; তদ্তির অতলম্পর্শ কৃণ্ডের অগ্নি ওধূম তাহাদের স্পাই দৃশ্য হইল। তাহাতে "খ্রীফী-म्रानी करूनाटक कहिल, এই স্থানের কথা আমি পূর্বে অনেক বার শুনিয়াছিলাম, কিন্তু এই প্রথম বার এখানে আসিয়াছি; অতএব এই স্থান দিয়া ৰাইবার কালে আ-মার স্বামির বেং ক্লেশ ঘটিয়াছিল তাহা এখন বুঝিলাম। হায়! কি ভয়ের বিষয়! তিনি রাত্রিকালে প্রায়এ তাবৎ পথ একাকী গমন করিয়াছিলেন। আর তাঁহাকে খণ্ড ২ করে, এমত মানলে এই ভূত সকল তাঁহাকে ঘেরিয়া-ছিল। এই "মৃত্যুচ্ছায়া স্থলীর বর্ণনা অনেকে করিয়াছে, কিন্তু স্বয়ং উপস্থিত না ছইলে এ কেমন স্থান, ইহা

কেহই বুঝিতে পারে না। যথা লিখিত আছে, " অস্তঃকরণ আপনার তিক্ততা বুঝে, এবং অপর লোক ভাহার সুখের ভাগী হয় না।" হায় ২! এ স্থান দিয়া যাওয়া কি শক্ষার বিষয়! ভাহাতে "মহোৎসাহ কহিল, ইহা জলসমূহের মধ্যে ব্যবসায় করণের বা গভীর স্থানেতে অধোগমনের ন্যায়। সমুদ্রের মধ্যে মগ্ন ছওন এবং পর্যতের মূল পর্যান্ত নানিয়া যাওন তুল্য আমাদের এ অবস্থা। এই ক্লবে বোধ হইতেছে, আমাদের পশ্চাতে যেন পৃথিবীর অর্গল অনন্ত কালের জন্যে বন্ধ হইয়াছে। কিন্তু বাহার। অন্ধকারে গমন করে ও দীপ্তি প্রাপ্ত হয় না, তাহারা পরমেম্বরের নামে বিশ্বাস করুক, এবং আপন ঈশ্বরেতে নির্ভর দিউক। আমি পুর্বেক কহিয়াছি, এ স্থলী দিয়া আমি অনেক বার গমনাগমন করিয়াছি, তাছাতে ইছা অপেক্ষা বিষম সহু-টেও পড়িয়াছি; তথাপি তোমরা দেখিতেছ, আমি এখন পর্যান্ত জীবিত আছি। আমি গর্ব করিতে চাহি না, কেননা আমি আপনার তাণকর্তা আপনি নহি; কিন্তু আমি ভরসা করি যে আমাদের উত্তমরূপে নিস্তার হইবে। অতএব বিনি আমাদের অন্ধকারকে উচ্চুল করিতে, এবং নরকে যত ভূত আছে সে সকলকে ভর্পনা করিতে পারেন, আইস আমরা ভাঁছার নিকটে দীপ্তির প্রার্থনা করি। ভাছাতে তাছারা উচ্চৈঃস্বরে প্রার্থনা করিলে ঈশ্বর দীপ্তি ও মৃক্তি অদান করাতে তাহাদের গমনের আর কোন বাধা প্রকাশ পাইল না; বিশেষতঃ মে স্থানে ঐ খাতদ্বারা পথ রুদ্ধ ছিল, সেই স্থানেও কোন প্রতিবন্ধক ছিল না। তথনও ভাছারা সেই উপত্যকার শেষ পর্যান্ত ষায় নাই। পরে কিঞ্ছি অগ্রসর ইইলে, অতিশয় ছুর্জ্ নিৰ্গত হইয়া ভাছাদের কেশ জন্মাইলৈ "করুণা "খ্রী-धीयानीटक कहिल, भरभन्न बादन धवर 🚏 वर्षकानत्कन गृह्य

এবং \* রম্যপুরীতে আমাদের যেমন সুখ হইয়াছিল, তেমন সুখ এ স্থানে নাই।

তাহা শুনিয়া এক জন বালক কহিল, ওছে, ইহা দিয়া গমন করা মন্দ বটে; কিন্তু এই স্থানে সর্বাদা অবস্থিতি করা আরও মন্দ। আর আমার বোধ হয়, আমাদের নি-মিত্তে যে গৃহ প্রস্তুত হইয়াছে, সেই গৃহেতে যেন আমাদের অধিক সুখ বোধ হয়, এই কারণ আমাদিগকে এই স্থান দিয়া ঘাইতে হইল।

তাহাতে পথপ্রদর্শক সম্ভূক্ত হইয়া কহিল, হে শান্ত সূয়েল, তুমি উত্তম কহিয়াছ; তোমার এ কথা পুরুষার্থের কথা বটে।

ঐ বালক পুনর্বার কহিল, আমি যদি এই স্থানহইতে
কখন উত্তীন হইতে পারি, তবে দীপ্তি ও সুগম পথকে
পূর্বাপেকা অধিক বাঞ্চনীয় করিয়া মামিব। তখন পথপ্রদর্শক উত্তর করিল, অপ্প ক্ষণ পরে আমরা উত্তীন হইব।
এই রূপে বাইতে ২ ব্যুষ্ফ কহিল, এখনও কি এ
স্থলীর শেষ দেখা বায় না?

পথপ্রদর্শক কছিল, নীচে দৃষ্টি করিয়া অতি সা-বধানে পাদ ক্ষেপ কর, যেহেতুক মধ্যে ২ ফাঁদ পাতা আছে।

তাহাতে তাহারা সং পদ দৃষ্টি করত গমন করিল বটে, কিন্তু ফাঁদের মধ্য দিয়া যাইতে বড় কই হইল। পরে যাইতেং তাহারা পথের বাম পার্মে খাতে নিক্ষিপ্ত ছিলমাংস এক শব দেখিল। তাহাতে পথপ্রদর্শক কহিল, ঐ ব্যক্তিও এই পথের পথিক, উহার নাম "অন্বধান, সে বহুকালার্মি ঐ স্থানে পড়িয়া আছে। সে যখন ফাঁদে ধরা পড়িয়া হত হয়, তথ্ন "কৃতারধান নামে আর এক জন তাহার সঙ্গে ছিল, কিন্তু সে সভক্ষি হুলাড়ে হস্তাদের হস্তহইতে রক্ষা পাইল। এ স্থানে কত লোক হত হয়, তাহা বলা কঠিন; তথাপি অনেক লোক এমত তুঃসাহসী, যে যাত্রা করণ অতি সহজ জ্ঞান করিয়া পথপ্রদর্শক ব্যতিরেকে যাত্রায় প্রবৃত্ত হয়। হায়! "খ্রীফীয়ান যে এ স্থানহইতে রক্ষা পাইয়াছিল, এ অতি আশ্চর্যা। সে ঈশ্বরের প্রিয়পাত্র এবং স্থভাবতঃ হিরচিত্ত ছিল; তাহা না হইলে সে কখন এপথ পার হইতে পারিত না।

ইতোমধ্যে তাহারা পথের প্রান্তভাগের নিকটবর্তী হইতে লাগিল। পরে "খুঁাফীয়ান এই পথ দিয়া গমন কালে যে গহুর দেখিয়াছিল, সেই গহুরহইতে "গদাহস্ত নামে এক বৃহৎকায় নির্গত হইল। সে পূর্বে যুবা যাত্রি-দিগকে মিথ্যাতর্ক্লারা প্রতারণা করিয়া জন্ম করিত। অত-এব সে তথন "মহোৎসাহকে ডাকিয়া কহিল, ওরে, এই রূপ কার্য্য করিতে তোকে কত বার নিষেধ করা গিয়াছে! "মহোৎসাহ কহিল, কি কার্য্য? তাহাতে সে কহিল, কি কার্য্য! তাহা কি জানিস না! কিন্তু এ বার আমি তোর ব্যবসায়ের শেষ করিব।

পরে "মহোৎসাছ কহিল, নিবেদন করি, হঠাৎ যুদ্ধ না করিয়া আইস আমরা বিবেচনা করিয়া দেখি, কি জন্যে যুদ্ধ করি। ইতিমধ্যে স্তীলোকেরা ও বালকেরা নিরুপার হইয়া কম্পিত কলেবরে দাঁড়াইয়া রহিল। পরে ঐ বৃহৎ-কায় কহিল, তুই চোর, বরং সকল চোরের অধ্য। এ দেশে কত উৎপাত করিয়া থাকিস! "মহোৎসাহ উত্তর করিল, এমন যোর যারে কেন বলিতেছ? বিশেষ করিয়া কহ। বৃহৎকায় কহিল, তুই মন্যাচোর, স্ত্রীলোক ও বালকদিগকে ধরিয়া বিদেশে লইয়া যাওয়া তোর ব্যবসায়, ইহাতে তুই আমার রাজার রাজত্ব ক্ষম্ব করিতেছিস। ইহা শুনিয়া \* মহোৎসাহ উত্তর করিল, আমি স্বর্গাধি-পতি ঈশ্বরের দাস; তাঁহার প্রতি মনঃপরিবর্ত্তনে পাপি লোকদিগকে প্রবৃত্তি দেওয়া আমার কর্মা। আর আবাল বৃদ্ধ বনিতা প্রভৃতি সমস্ত লোক যাহাতে অন্ধানাহইতে দীপ্তির প্রতি, এবং শয়তানের কর্তৃত্বইতে ঈশ্বরের প্রতি কিরে, সাধ্যানুসারে এমত চেন্টা করিতে আমি আজা প্রাপ্ত হইয়াছি। ইহা যদি বিবাদের কারণ হয়, তবে আইস, যত শীঘ্র চাহ যুদ্ধারম্ভ করি।

তাহাতে ঐ বৃহৎকায় য়ুদ্ধার্থে অগ্রসর হইলে মহোৎসাহ তরবাল নিচ্চোষ করিয়া তাহার নিকটবর্তী হইতে
লাগিল। ঐ বৃহৎকায়ের হস্তে গদা ছিল। তাহাতে তাহারা
য়ুদ্ধারম্ভ করিলে ঐ বৃহৎকায়ের প্রথম আঘাতে মহোৎসাহ পড়িয়া এক হাঁটু গাড়িয়া রহিল; তাহা দেখিয়া
স্থালাক ও বালকেরা চেঁচাইয়া উচিল। কিন্তু মহোৎসাহ শীঘ্র উচিয়া অতিশয় বল প্রকাশ পূর্কক পুনর্কার
য়ুদ্ধারম্ভ করিয়া ঐ বৃহৎকায়ের বাহদেশে আঘাত করিল।
এই রূপে উভয়ে যথাসাধ্যে এক ঘটকা কাল পর্যাম্ভ মুদ্ধ
করিল। শেষে যেমন তপ্ত কটাহহইতে বাস্পা, তেমনি
ঐ বৃহৎকায়ের নাসিকাহইতে শ্বাস নির্গত হইলে তাহারা
কিঞ্জিৎ কাল বিশ্রামার্থে উপবেশন করিল। তাহাতে
মহোৎসাহ প্রার্থনা করিতে লাগিল। এবং স্ত্রী ও বালকরাও ঐ যুদ্ধের তাবৎ কাল ক্রন্দন ও কাকুক্তি করিল।

কিঞ্চিৎ কাল বিশ্রাম করণানস্তর তাহারা বল পাইয়া পুনর্বার যুদ্ধারস্ত করিল। তাহাতে "মহোৎসাহ ভারি আঘাতছারা বৃহৎকায়কে ভূমিশায়ী করিলে সে চেঁচা-ইয়া কহিল, ক্ষাস্ত হও, আমাকে উচিতে দেও। পরে "মহোৎসাহ তাহাকে স্বছকে উচিতে দিলে তাহারা পুনর্বার যুদ্ধে প্রবৃত্ত হইল। সেই যুদ্ধে "মহোৎসাহের প্রতি ঈশ্বরের বিশেষ অনুগ্রহ না থাকিলে বৃহৎকায়ের গদাঘাতে তাহার মস্তক অবশ্য চূর্ণ হইত।

তখন \* মহোৎসাহ অতি উএচিত হইয়া তাহার প্রতি দৌড়িয়া যাইয়া তাহার পঞ্চম পঞ্চরের অধঃস্থান ভেদ করিলে বৃহৎকায় মূর্চ্চিত হইয়া পড়িয়া আর গদা ধরিতে পারিল না। তখন \* মহোৎসাহ দ্বিতীয় আঘাত-ভারা তাহার মস্তক ছেদন করিল।

তাহা দেখিয়া স্ত্রীলোক ও বালকেরা আনন্দধ্যনি করিতে আরম্ভ করিল। এবং \* মহোৎসাহ এই উদ্ধারের নিমিত্তে স্থারের ধন্যবাদ করিতে লাগিল।

তদনন্তর বাত্রির। এক স্তম্ভ নির্মাণ করিয়া ততুপরি ঐ বৃহৎকামের মন্তক টাঙ্গাইয়া পথিকদিগের পাঠ করি-বার নিমিত্তে এই পশ্চাছ্ত কএক পদ্য নীচে লিথিয়া দিল।

যাছার মস্তক এই করিছ দর্শন। '
যাত্রিদের শতু সেই ছিল এক জন ॥
তাছাদের পথ রোধ সর্বাদা করিত।
হিংসা করি সকলের অনিই সাধিত॥ ১॥
পরে আমি মহোৎসাহ নামে এক লোক।
হইলাম যাত্রিদের পথপ্রদর্শক॥
যাত্রি প্রতি বিপক্ষতা দেখিয়া তাছার।
প্রতিরোধ করি তারে করিনু সংহার॥ ২॥

## म् व्यक्षाय ।

অনন্তর আমি দেখিলাম, সেই স্থানের কিঞ্চিৎ অত্যে যাত্রিদের দূর দর্শনের নিমিতে যে এক উচ্চ স্থান নির্মিত হুইয়াছিল, তাহারা সেই স্থান পর্যান্ত পঁহছিল। ঐ স্থানে থাকিয়া পূর্বে "খুটিয়ান " বিশ্বাসী নামা সহবাত্তিকের প্রথম দর্শন পাইয়াছিল। অতএব সেই স্থানে তাহারা কিছু কাল বসিয়া বিশ্রাম করিল, এবং ভয়ন্তর শত্রুহইতে মুক্ত হওন প্রযুক্ত ভোজন পান করিয়া আমোদ প্রমোদ করিল। ভোজন কালে "খুটিয়ানী পথপ্রদর্শককে জিজানা করিল, এ যুদ্ধেতে আপনি কি কোন আঘাত পাইয়াছেন? "মহোৎসাহ কছিল, না, কেবল গাত্রের এক স্থানে অত্যুক্ত আঘাত লাগিয়াছে। কিন্তু তাহাতে আমি অসন্তুক্ত নহি; কেননা ভাহা সম্পৃতি প্রভুর প্রতি ও ভোমাদের প্রতি আমার স্নেহের লক্ষণ, এবং অবশেষে ক্ষরান্প্রহেতে আমার প্রকারবৃদ্ধির উপায় হইবে।

- শ্রীফীয়ানী কহিল, তৈ মহাশয়, সে যখন গদাহস্ত হইয়া আপনকার নিকটে আইল, তথন কি আপনি ভীত হন নাই?
- \*মহোৎসাহ কহিল, আমার নিজ ক্ষমতাতে বিশ্বাস না করিয়া সর্বশক্তিমানের শক্তিতে নির্ভর দেওয়া আমার কর্ত্তবা।
- \* খুমিটীয়ানী পুনশ্চ কছিল, সে যথন প্রথম আঘাতে আপনকাকে ভূমিশায়ী করিল, তথন আপনি কি ভাবি-য়াছিলেন?
- মহোৎসাহ উত্তর করিল, আমি এই তাবিয়াছিলাম, যে আমার প্রভূর প্রতি তাহাই ঘটিয়াছিল, তথাপি অব-শেষে তিনি জয়ী হইলেন।

ইতোমধ্যে \* মথি কহিল, তোমরা বাহা ইচ্ছা তাহা ভাব; কিন্তু আমি এই ভাবিতেছি, এই স্থলীহইতে এবং এই পর্বাহইতে আমাদিগকে মৃক্ত করাতে ঈশ্বর আমা-দের প্রতি অসাধারণ কুপা প্রকাশ করিয়াছেন। অতথ্য জামার বোধ হয়, যে এমন সময়ে এমন স্থানে এমন অনুগ্রহের গুমাণ পাইলে পরে ঈশরকে অবিশ্বাস কর। আমাদের নিতান্ত অনুচিত।

জনস্তর ভাহারা তথাহইতে গাত্রোপান পূর্বক পুনর্গ-মনারম্ভ করণানস্তর কিঞ্চিৎ অত্যে স্থিত এক অস্থব্যক্ষর নিকটে উপস্থিত হইয়া ঐ বৃক্ষমূলে খোর নিজাগত এক বৃদ্ধ যাত্রিকে দেখিল। সে যে যাত্রী তাহা তাহার পরি-ক্ষম ও যথি ও পট্কা দেখিয়া জানিতে পারিল।

পরে \*মহোৎসাহ তাহার নিজা ভঙ্গ করিলে ঐ বৃদ্ধ চক্ষু উন্মীলন করিয়া উচ্চৈঃস্বরে কহিল, কেন? কি হই-য়াছে? ভোমরা কে? কি চাহ?

"মহোৎসাহ কহিল, হে বন্ধো, এত রাগ কেন? এ স্থানে তোমার শত্রু কেহই নাই।

ইহা শুনিয়াও সে বৃদ্ধ বিশ্বাস না করিয়া গাত্রোখান পূর্বক সাবধানে দাঁড়াইয়া কছিল, তোমরা কে? আমাকে পরিচয় দেও।

তখন শপথপ্রদর্শক কহিল, আমার নাম শমহোৎসাহ। এই যে যাত্রি সকল স্বর্গরাজ্যে গমন করিতেছে, আমি ইহাদের পথপ্রদর্শক।

শরলাক্সা নামে ঐ ব্যক্তি কহিল, আমাকে কমা করি-বেন, কিছু মনে করিবেন না, কেননা কিয়ৎকাল হইল যাহারা শকুদ্রবিশ্বাস নামক বাজির ধন হরণ করিয়া-ছিল, তোমরাও বা সেই দলস্থ লোক, প্রথমে এমত আমার ভয় হইয়াছিল; কিন্তু এই ক্ষণে দেখিতে পাই-ভেছি, তোমরা সজ্জন।

তথন \* মহোৎসাহ কহিল, ভাল, আমরা যদি বাস্তবিক সেই দলস্থ লোক হইতাম, তবে আত্মরক্ষার নিমিড়ে আপনি কি করিতে পারিভেন?

় \* সরজাত্মা কহিল, আর কি করিতাম? যাবং আমার 2 g 3 শাস থাকিত, তাবং যুদ্ধ করিতান। তাহা করিবে আমি নিশ্চয় জানি, তোমরা কথন আমাকে পরাস্ত করিতে পা-রিতা না, কেননা "খ্রীফীয়ান লোক স্বয়ং পরাজয় স্বীকার না করিলে অন্যকর্তৃক কদাচ পরাজিত হইতে পারে না।

- মহোৎসাহ অতি সন্তুট হইয়া কহিল, হে সাধো, উত্তম কহিয়াছেন, আপনকার এই বাক্যদারা আমি জানি-লাম, আপনি এক জন যথার্থ পুরুষ বটেন। আপনকার এ কথা সত্য।
- শরলাত্মা কহিল, তোমার কথাতে আমিও বুঝিলাম যে যথার্থ যাত্রিকের ধর্মা কি প্রকার, তাহা তুমি বিলক্ষণ জান; যেহেতুক অন্য সকলে আমাদিগের প্রাক্তর সহজ জান করে।
- পরে \* মহোৎসাহ কছিল, অদ্য আমাদের শুভ সন্দ-শন হইয়াছে। অতএব অনুগ্রহ করিয়া আপনকার নাম ও জন্মভূমি জ্ঞাত করন।
- \* সর্লাত্মা কহিল, আমার নাম আমি বলিব না, কিন্তু
  \* মূর্থতা নামক নগর আমার জন্মভূমি। ঐ নগর \* ধ্বংস্য নগরহইতে প্রায় চারি অংশ দূর।

তাহা শুনিয়া "মহোৎসাই কহিল, বটে? আপনি সে দেশের লোক? তবে বোধ হয়, আমি আপনকার পরি-চয় জানি, আপনকার নাম বুঝি "সরলতা ইইবে।

ঐ বৃদ্ধ অধোবদন হইয়া কহিল, "সরলতা নহে; আসার নাম "সরলাকা; জার আমার বেমন নাম তেমন সভাব বেন হয়, আমার এমত বাসনা আছে বটে। কিছ হে মহাশয়, আমার দেশের নাম শুনিবামাত আমার নাম কি প্রকারে জানিলেন?

শমহোৎসাহ উত্তর করিল, আমার প্রভুর প্রমুখাৎ ক্ষামি পূর্বে আপ্রকার বিষয় প্রবণ করিয়াছি। পৃথিবীতে বে কিছু আছে সকলি তিনি জানেন। সে যাহা হউক, আপনকার দেশহইতে কোন ব্যক্তি যে যাত্রী হইয়া আ-ইসে, ইহাতে বার বার আমার আশ্চর্যা জ্ঞান হইয়াছে; কেননা সে দেশ \* ধাংস্যা নগরহইতেও মন্দ।

\* সরলাত্মা কহিল, আপনি যাহা কহিতেছেন, তাহা সতা; যেহেতুক \* ধ্বংসা নগরাপেক্ষা আমাদের দেশ স্থ্যহইতে অধিক দূরবর্তী, এই জনো আমরা অতিশয় হিমান ও চেতনারহিত। কিন্তু যে লোক হিমালয়ের চূড়াতে অবস্থিতি করে, ভাহার উপর ধর্মস্থা যদি উদিত হয়, তবে তাহারও জড়ীভূত অন্তঃকরণ দ্রব হয়, আমি ইহার প্রমাণ হইমাছি।

\* মহোৎসাহ কছিল, ভাছাই বটে; আমি তাছা বিশ্বাস করি, এবং তোনার কথা যে সত্য তাহা নিশ্চয় জানি।

পরে ঐ বৃদ্ধ প্রেমরূপ পবিত চুম্বন পূর্বক সমস্ত যাত্রিকে সম্ভাষ করিয়া তাহাদের নাম ও পথের সমাচার জিজ্ঞাসা করিল।

\* খ্রীফীয়ানী কছিল, বোধ হয় আমার নাম আপনি শুনিয়া থাকিবেন। \* খ্রীফীয়ান আমার স্বামী ছিলেন; আর এই চারিটি তাঁহার সম্ভান।

হে পাঠকগণ, "খুনিফীয়ানীর এই কথা শুনিবামাত্র ঐ
বৃদ্ধ কি পর্যান্ত আশ্চর্যা জ্ঞান করিয়া সন্তুট্ট হইল, তাহা
কি কহিব? সে অনেক ক্ষণ হাস্য ও নৃত্য ও সহত্র ২
আশ্বীর্বাদ করণ পূর্ত্তক "খুনিফীয়ানীকে কহিল, তোমার
স্থানির বিষয়, অর্থাৎ যাত্রাকালে তাহার ক্লেশ ভোগের
ও যুদ্ধের বিষয়ণ আমি অনেক রার প্রবণ করিয়াছি।
ভোমার সাজ্বনার্থে কহি, এতাবদ্ধেশে তোমার স্থানির
প্রশংসাধ্যনি প্রসিদ্ধ আছে; তাহার বিশাস ও সাহস
ভ সহিক্তা ও সারলা প্রযুক্ত তাহার নাম অতি খ্যাভ্যা-

পদ হইয়াছে। পরে বালকদের প্রতি চাছিয়া ভাহাদের নাম জিজাসা করিল। তাহাতে তাহারা আপন ২ নাম কহিলে সে "মথিকে কহিল, হে "মথি, তৃমি পাপেতে নয়, কিন্তু ধর্ম্মেতে কর্মাহি । মথির সদৃশ ছও। ছে \* শিমুয়েল, তুমি ভবিষাদকা \* শিমুয়েলের ন্যায় বিশ্বাসে ও প্রার্থনাতে অনুরক্ত ছও। "মৃষককেও কছিল, ছে \* যুষক, \* পোটীকরের গৃহেতে \* যুষক যেমন ছিল, তুমিও তদ্রপ শুদ্ধমতি এবং পরীকাহইতে পরাত্মখ হও। আর হে " যাকুব, তুমি ধান্মিক " যাকুবের সদৃশ, কিয়া আমাদের প্রভুর জাতা " যাকুবের সদৃশ হও। অনস্তর " করুণার নাম এবং সে কি প্রকারে আপন গ্রাম ধাম ও পরিজন প্রভৃতি পরিত্যাগ করিয়া "খুীফীয়ানী ও তাহার পুত্রদিগের সহিত আগমন করিয়াছিল, তাহার তাবং বৃতাত্ত তাহাকে বিজ্ঞা-পন করিলে ঐ বৃদ্ধ "সরলাত্মা কহিল, তোমার নাম 📍 করুণা; ভাল ২; করুণাতে তুমি রক্ষিতা হইয়া পথের সমস্ত সহ্কটহইতে উদ্ধার পাইবা, এবং অবশেষে গস্তব্য স্থানে উপস্থিত চইয়া ক্ষটিতে করুণার আকরস্বরূপ ঈশ্বরের দর্শন পাইবা।

তাহার এই সকল কথা শুনিতে ২ পথপ্রদর্শক অতিশর আহ্বাদিত হইয়া হাস্যবদনে তাহার প্রতি চাহিয়া রহিল। অপর একত গমন করত পথপ্রদর্শক তাহাকে জিজ্ঞাসা করিল, আপনকার ঐ অঞ্চলহইতে "সভয় নামে যে এক ব্যক্তি যাত্রী হইয়া আসিয়াছিল, তাহাকে কি আপনি চিনিতেন?

"সরলাত্মা কহিল, হাঁ, তাহাকে ভাল জানিভাম; ডা-ছাতে ধর্মের মূল ছিল বটে,কিন্ত তাহার ন্যায় ছুঃখনারক যাত্রী আমি কদাচ দেখি নাই।

"মহোৎসাহ কহিল, জামি দেখিতেছি, আপদি

ভাছাকে জানিতেন বটে, কেননা ভাছার বথার্থ চরিত্র কছিলেন।

শরলাত্মা কহিল, তাহাকে জানিব না কেন? আমি প্রায় সর্বাদা তাহার সহিত গমনাগমন করিতাম। বিশে-যভঃ পরকালের বিষয় যখন সে প্রথম চিন্তা করে, তখন আমি তাহার নিকটে ছিলাম।

\*মহোৎসাহ কছিল, আর আমি নিজ প্রভুর বাটী অব্ধি স্বর্গপ্রীর হার পর্যান্ত তাহার পথপ্রদর্শক ছিলাম।

\* সরলাত্মা কহিল, তবে সে যে ছঃখদায়ক ছিল, ভাষা আপনিও জ্ঞাত আছেন।

\* পথপ্রদর্শক কছিল, হাঁ, ছিল বটে, কিন্তু তাহাতে আমি বিরক্ত হই নাই; বেহেতুক পথপ্রদর্শকের প্রতি সেই প্রকার কোন ২ লোক বার্যার সমর্পিত হয়।

তথন শ্ররণাত্মা কছিল, ভাল; তবে নিবেদন করি, সে যৎকালে আপনকার সঙ্গে ছিল, তৎকালে কিরূপ আচরণ করিয়াছিল? তাছা অনুগ্রহ করিয়া বলুন।

শমহোৎসাহ কহিল, তবে প্রবণ করুন। সে যেখানে যাইতে ইচ্ছা করিয়াছিল, পাছে সেস্থানে পাইছিতে অকম
হয়, এই তয়ে কাতর ছিল। আর কিঞ্চিনাত্র ব্যাঘাতের
উল্লেখ প্রবণ করিলে সে অত্যন্ত ভীত হইত। বিশেষতঃ
শ নৈরাশা পান্ধর ধারে সে ক্রন্দন করত এক মাস পর্যন্ত
বিসাধা রহিল। অনেককে পার হইতে দেখিলেও সে পার
হইতে সাহস করিতে পারিল না; এবং অনেকে হস্ত দিয়া
সাহায্য করিতে চাহিলেও সম্মত হইল না, কিন্তু কিরিয়া
মাইতেও কোন মতে চাহিল না। স্বর্গায় রাজধানীতে
মা গ্রেণীছিলে আমি মরিব, এ কথা সে সর্ম্বাই কহিত;
তথাপি ক্রন্দাত্র ত্লেতে উছোট খাইত। এই রূপে শনৈপ্রিত প্রত্যেক ত্লেতে উছোট খাইত। এই রূপে শনৈ-

রাশ্য পদ্ধের নিকটে বছকাল বিলয় করণানস্তর এক দিবস রৌদ্রযুক্ত প্রাভঃকালে হঠাৎ সাহস বাদ্ধিয়া পার হইয়া গেল। কিন্তু পার হইলেও প্রায় ভাছার বিশ্বাস জন্মিল না; বুঝি ভাছার মন নৈরাশ্যপদ্ধস্বরূপ, তৎপ্রযুক্ত বেং হানে যাইত, সেই ২ স্থানে নৈরাশ্যপদ্ধ দেখিত; ভাছা না হইলে সে অন্য প্রকার লোক হইত। যাহা হউক, ঐ ক্ষুদ্র ছারে, অর্থাৎ এই পথের মন্তকে স্থিত ছারে উপ-স্থিত হইলে সে ছারে ঘা মারিতে সাহস করিতে না পারাতে অনেক ক্ষণ পর্যান্ত দাঁড়াইয়া রহিল। কখন ২ ছার মুক্ত হইলে সে পশ্চাৎ থাকিয়া অন্য কোন ২ লোককে যাইবার পথ দিয়া কহিত, আমি প্রবেশ করিবার যোগ্য নহি। অতএব যাহারা ভাছার পরে সেই ছারে উপস্থিত হইয়া-ছিল, এমত অনেক লোক ভাছার অগ্রে প্রবিষ্ট হইল।

এই রূপে ঐ ব্যক্তি ভয়ে কুঠিত হইয়া অনেক ক্ষণ পর্যন্ত দে খানে দাঁড়াইয়া রহিল, এবং ফিরিয়া যাই তেও অসম্মত হিল; তাহাতে তাহাকে দেখিয়া সকলে দয়া করিত। অবশেবে সে হারেতে ঝুলান মুদার হস্তে লইয়া মন্দ ২ চুইটা আঘাত করিল। তাহাতে এক ব্যক্তি হার মোচন করিয়া তাহাকে পূর্ববং কুঠিত হইয়া পিছে হাঁটিতে দেখিলে বাহিরে আসিয়া কহিল, হে কম্পিতকলেবর, তোমার বাঞ্ছা কি? এই কথা জিজাসা করাতে সভয় তংক্ষণাং ভূমিতে পড়িল। তাহাতে ঐ ব্যক্তি তাহার চুর্বলতাতে অতি আশ্র্যা জান করিয়া তাহাকৈ কহিল, তোমার শান্তি হউক; উচিয়া দাঁড়াও আমি তোমার নিমিতে হার মুক্ত করিয়াছি; ভিতরে আইস; ভূমি আশীর্বাদের পাত্র। তাহাতে সে গাত্রোখান করিয়া কাঁপিতে ২ ভিতরে গেল, কিন্তু প্রবিষ্ট হইয়াও মুখ দেখাইতে লক্ষিত হইল। পরে সে ভ্রমায়

কতক দিবস যথানিয়নে অতিথিরূপে সেবিত হইলে তদ্যুহবাসিরা তাহাকে পথ দেখাইয়া দিয়া যাত্রাতে অঞ্সর হইতে কহিল। ভাছাতে সে গমন করিয়া কোন মতে আমাদের বাটীর নিকটে উপস্থিত হইয়া সেই ছারেতে ষেমন ব্যবহার করিয়াছিল, তদ্ধপ আমার প্রভ 🕈 অর্থকারকের স্বারেতেও করিল, ফলতঃ ডাক দিতে সাহস না করিয়া শীতকালে সেই স্থানের এক পার্মে পড়িয়া রহিল, কিন্তু ফিরিয়া যাইতেও অসম্মত ছিল। সেই সময়ের রাত্রি অতি দীর্ঘ ও হিমযুক্ত ছিল; আর আমার প্রভু যেন তাহাকে গ্রহণ করিয়া গৃহেতে আতিথ্য পূর্ত্তক সাজুনা করেন, এবং প্রস্থান কালে তাছার ভী-তান্তঃকরণ প্রযুক্ত বলবান ও বীর্যাবিশিষ্ট এক পথপ্র-দর্শক দেন, এমত অনুরোধস্চক এক পত্রও তাহার বক্ষঃস্থলে ছিল; তথাপি ছারে আঘাত করিতে তা-হার সাহস হইল না। এতদ্রপে দীর্ঘ কাল পর্যান্ত তথায় পড়িয়া থাকিয়া অনাহারে মৃতকপে হইল। তাহার এমত কাতরতা ছিল, যে অনেককে দ্বারে আঘাত করিয়া প্রবিষ্ট হইতে দেখিলেও কোন মতে তাহার সাহস জামাল না। অপর কোন সময়ে আমি গবাক দিয়া ছারের নি-কটে তাছাকে গমনাগমন করিতে দেখিয়া বাছিরে যা-ইয়া জিজ্ঞাসা করিলাম, তুমি কে? তাহাতে সে কেবল অঞ্পাত করিতে লাগিলে আমি তাহার ইছা বুঝিয়া ভিতরে যাইয়া গৃহবাসিদিগকে তাহার সমাচার দিলাম, এবং আমাদের প্রভুকেও জ্ঞাত করাইলাম। তাছাতে তিনি তাহাকে ভিতরে আনিতে আমাকে বাহিরে প্রেরণ করিলে আমি অতি কটে কৃতকার্য্য হইলাম। সে ভিতরে আইলে পরে আমার প্রভু অতি প্রেম পূর্বক তাছাকে গ্রহণ করিয়া গৃহে যে কিছু • উত্তম খাদ্য সামগ্রী ছিল,

তাহা তাহাকে ভোজন করাইয়া পরিতৃপ্ত করিলেন। পরে সে উক্ত পত্র প্রদান করিলে আমার প্রভূ তাহা পাঠ করিয়া কহিলেন, তোমার মনোবাঞ্ছা পূর্ণ হইবে। এতদ্রপে ঐ স্থানে কতক দিন বাস করিলে পরে ক্রমে ২ তাহার কিঞ্চিৎ সাহস ও মনের শান্তি জন্মিতে লাগিল। যেহেতৃক আমার প্রভু স্বভাবতঃ দয়ালু, বিশেষতঃ সভয়-দিগের প্রতি তিনি অতিশয় কৃপাবান। অতএব যাহাতে তাহার উৎসাহ বৃদ্ধি হয়, এমত ব্যবহার তাহার প্রতি সর্বাথা করিলেন। পরে রীতিক্রমে ঐ গৃহের সমস্ত বিষয় দর্শনানম্ভর যখন সে স্বর্গপুরে যাত্রা করিতে প্রস্তুত হইল, তখন আমার প্রভু যেমত \* খ্রীফীয়ানকে পাথেয় দ্রব্য দিয়াছিলেন, সেই রূপ তাহাকেও এক শিশি দ্রা-কারস ও স্বাস্থ্যজনক কিঞ্চিৎ থাদ্য দ্রব্য প্রদান করিয়া বিদায় করিলেন। এই রূপে যাতারম্ভ করিলে আমি তা-হার অগ্রগামী হইয়া চলিলাম, এবং সে বড় একটা কথা-वार्जा ना कहिया त्कवल मत्थार धक्छार मीर्च निःभाम পরিত্যাগ করত পিছে ২ চলিল।

পরে যে ফাঁশিকাঠে তিন জন টাঙ্গান আছে, আমরা তাহার নিকটে উপস্থিত ইইলে সে আমাকে কহিল, বোধ হয়, শেষে আমারও ঐ দশা ঘটিবে। কিন্তু সে যখন জুশ ও গহ্বর দর্শন করিল, তখন কিঞ্চিৎ আহ্লাদিত ইইয়া সেই সকল দেখিবার নিমিত্তে তথায় কিয়ৎকাল বিলয় করিতে চাহিল, এবং তদৰ্ধি কতক ক্ষণ পর্যান্ত তাহা-কে পুলকিতের ন্যায় বোধ হইল। পরে আমরা ভুগম পর্যতে উপস্থিত হইলে সে কিছু মাত্র কই বোধ করিল না, এবং সিংছ দেখিয়াও বড় ভীত ইইল না; যেহেভুক্ এমন্ত বিষয়ে তাহার শঙ্কা ছিল না, কেবল শেষকালে অনুগৃহীত হইব কি না, এই মাত্র তাহার আশক্ষা ছিল।

পরে \*রমাপুরীতে প্রবেশ করিতে সে বড় সম্মত না ছইলেও আমি তাছাকে প্রবেশ করাইয়া সেখানকার গৃহিণীদিগের সহিত তাছার আলাপ করাইয়া দিলাম। সে লজ্জা প্রযুক্ত অনেকের সহিত থাকিতে ইচ্ছা না করিয়া একাকী থাকিতে প্রয়াস করিত, কিন্তু সংকথা শুনিতে বড় ভাল বাসিত, সেই নিমিতে বারম্বার পর্দ্ধার পশ্চাতে গিয়া দাঁড়াইত। প্রাচীন বিষয় দেখিতে ও তাছার আলোচনা করিতে তাছার বড় প্রীতি ছিল। এক দিন সে আমাকে কছিল, আমি য়ে ছই গৃহহইতে আসিয়াছি, অর্থাৎ ছারের নিকটবর্ত্তি গৃহ ও \* অর্থকারকের গৃহ, সেই ছই বাটীতে থাকিতে আমার বড় ইচ্ছা ছিল, কিন্তু এমত প্রার্থনা করিতে আমার সাহস হইল না।

অপর ঐ \*রমাপুরীহইতে প্রস্থান করিয়া পর্কতের নীচস্থ \*নমুতা নামক উপত্যকাতে অধোগমন কালে সে সৃস্থির হইয়া নামিল। বােধ হয় তদপেক্ষা উভমরূপে ঐ পর্কতহইতে নামিতে আমি যাবজ্জীন কাহাকেও দেখি নাই; কারণ সে অন্তিম কালে যদি সৃখ পায়, তবে পথের মধ্যে অতিশয় নীচ অবস্থা স্বীকার করিতে প্রস্তুত ছিল। আর আমার বােধ হয়, ঐ উপত্যকার সঙ্গে যেন তাহার এক প্রকার প্রেম সম্বন্ধ ছিল, কেননা সেখানে আসিয়া সে বেমন সুখী হইল, তেমন সুখী আর কুত্রাপি তাহাকে দেখি নাই। সে তথায় কখন ২ শয়ন করিয়া ভূমি আলিক্ষন করিত, ও সেই স্থলীতে উৎপন্ন পুষ্প সকল চুম্বন করিত, এবং প্রতিদিন অর্ণোদ্য় কালে গালোখান করিয়া ইতস্তুতঃ পাদ্চারি করত আমােদিত হইত।

পরে আমরা \* মৃত্যুক্ষায়া উপত্যকার প্রবেশস্থানে উপ-স্থিত হইলে, বুঝি এবার আমার বন্ধুকে হারাইলাম, এমত আমার আশকা জিয়ল। ফলতঃ সে যে ফিরিয়া যাইতে ইচ্ছুক ছিল এমত নহে, বরঞ্চ তাহা তাহার খৃণার্ছ বিষয় ছিল; কিন্তু সে তানেতে মৃতকণ্প হইয়া, হায়! এ স্থানে আমাকে ভূতে ধরিবে, এই কথা বলিয়া অতি চীৎকার করিতে লাগিল। আমি তাহার আতক্ষ কোন মতে দূর করিতে পারিলাম না। সে এমত উৎকট হাহাকার করিয়াছিল, যে ভূতেরা তাহা শুনিতে পাইলে আমানের উপর আক্রমণ করিতে অবশ্য আশ্বাস পাইত; কিন্তু তৎকালে আমি এই আশ্চর্য্য দেখিলাম, যে ঐ উপত্যকা দিয়া তাহার গমন সময়ে সেই স্থান অতি নির্ম্বৃত ছিল। আমি তাহা কখন তেমন শক্ষারহিত দেখি নাই। আনমার বোধ হয়, আমাদের প্রভু তথাকার শত্রুদিগকে বাধা দিয়া, যাবৎ ঐ শত্রু পার না হয়, তাবৎ ক্ষান্ত থাকিতে দৃচ আজ্ঞা করিয়াছিলেন।

"সভয়ের তাবদ্ভান্ত বিবরণ করিতে দীর্ঘকাল লাগে, অতএব কেবল ছুই তিন ঘটনা বর্ণনা করি। "মায়া হটেতে উপস্থিত হইলে তথাকার লোকদের ক্ষিপ্ততা দর্শনে সে অতিশয় বিরক্ত ও কোপযুক্ত হইয়া হটস্থ সকলের সহিত যুদ্ধ করিতে উদাত হইল; তাহাতে পাছে আনাদের উভয়েরই মন্তক চূর্ণ হয়, আমার এমত আশকা জয়িল। এবং "মোহ ভূমিতেও সে অতিশয় সতর্ক হইয়াছিল। কিন্ত যখন সেতৃহীন নদীতীরে উপস্থিত হইল, ভখন তাহার ভারি আশকা জয়িল। সে কহিল, হায়২! এই বার চিরকালের নিমিতে বুঝি ডুবিয়া মরিলামা হায়! যাঁহার শ্রীমুখ দর্শনার্থে আমি এত দূর পর্যন্ত আগমন করিলাম, ভাহাকে দেখিতে পাইব না।

ঐ স্থানে আমি এক আশ্চর্যা বিষয় দর্শন করিলাম। ঐ নদীর জল হাস ছইয়া এমত অপৌ ছইল, যে শেষে সে প্রায় পদমাত ড্বাইয়া পার হইয়া গেল। ঐ নদার
এমত অপ্য জল আমি কখন দেখি নাই। অপর সে নদী
পার হইয়া রাজধানীর দারাভিমুখে উর্দ্ধগামী হইলে
আমি তাহার নিকটে বিদায় লইয়া কহিলাম, স্বর্গরাজ্যে
তুমি যেন অনুগৃহীত হও, এমত আমার প্রার্থনা জানিবা। তাহাতে সে উত্তর করিল, অবশ্য গৃহীত হইব।
এই রূপে আমরা পরস্পর বিদায় হইলে আমি তাহাকে আর দেখিলাম না।

তখন <sup>\*</sup> সরলাত্মা কহিল, তবে বুঝি, শেষে তাহার মঞ্চল হইল।

\* মহোৎসাহ কছিল, অবশ্য হইল, তদ্বিষয়ে আমার কোন সন্দেহ নাই। সে অতি সদাত্মা ছিল, কেবল আ-পনাকে সর্বাদা অতি ক্ষীণ জ্ঞান করাতে তাহার জীবন ভাহার পক্ষে ভারস্বরূপ ও অন্যের ছঃখদায়ক হইয়াছিল। সে অনেক লোকাপেকা পাপকে ভয় করিত; বিশেষতঃ পরের অনিই সাধনে এমত ভীত ছিল, যে পাছে কা-হারও মনোছঃখ জয়ে, এই ভয়ে বার ২ অনিষিদ্ধ সুখ-ভোগও অস্বীকার করিল।

পরে \* সরলাত্মা জিজ্ঞাসিল, এমত উত্তম ব্যক্তি যে যাব-জ্জীবন অন্ধ্রকারে মগ্ন থাকে, ইছার কারণ কি?

\*মহোৎসাহ উত্তর করিল, তাহার চুই কারণ আছে; এক এই বে তাহা সর্মাদর্শি পরমেশ্বরের অভিমত। কা-হাকেও বংশীধানি করিতে হয়, এবং কাহাকেও বিলাপ করিতে হয়, এমত ব্যবস্থা আছে।

ঐ শিভন্ন এক জন গভীরধানি বাদ্যকর ছিল। সে এবং তাহার তুল্য লোকেরা অন্য স্বরাপেকা গভীরস্বর-জনক রামশিকা বাজায়। কেহ ২ কছে, গভীরধানি সকল বাদ্যের মূল। দ্বিটানতঃ, আমি কহি, যে ঈশ্বভক্তি মনের গান্তীর্য্যমূলক নয়, সে কিছুই নয়। বীণার স্বর সংমিলন করিতে গেলে বাদ্যকর গভীরস্বরযুক্ত তারেতেই প্রথমে হস্তার্পণ করে। স্থার ঈশ্বর যথন আপনার নিমিত্তে মনুষ্যের চিত্তযন্ত্রের স্বর মিলন করেন, তথন তিনিও প্রথমে গন্তীর স্বরযুক্ত তার বাজান। কিন্তু ঐ \* সভয়ের এই তুটি ছিল, যে প্রায় জীবনান্ত পর্যান্ত ঐ গভীর স্বর ব্যতিরেকে অন্য কোন স্বরে বাদ্য করিতে পারিত না।

দেখ, পরিতাণ প্রাপ্ত ব্যক্তিরা তুরী ও বীণা বাদন পূর্বক সিংহাসনের সম্মুখে গানকারি বাদ্যকরস্বরূপ, ইছা প্র-কাশিত ভবিষ্যদ্বাক্যে ব্যক্ত আছে। এই জন্যে আমি অপেবয়স্ক পাঠকদিগের জ্ঞানবর্দ্ধক দৃষ্টাস্তদ্বারা এই বর্ণনা করিলাম।

অপর "সরলাত্মা কহিল, আপনকার কথাতে বোধ হইতেছে, সে "সভয় অতি উৎসাহশীল লোক ছিল; কেননা সিংহ ও "মায়াহটোদি বাহ্য সকটে তাহার কি-ক্ষিয়াত্র শক্ষা ছিল না; সে কেবল পাপ ও মৃত্যু ও নরক ভয়ন্তর জ্ঞান করিত; যেহেতুক সে স্বর্গরাজ্যের অধিকারী কি না, এই বিষয়ে তাহার সংশয় হইত।

শনহোৎসাহ কহিল, আপনি ষধার্থ কহিয়াছেন; ঐ বিষয়ই তাহার আশক্ষার কারণ ছিল বটে, কেননা ঐ বিষয়ে তাহার মনের বিশেষ ছর্ম্মলতা ছিল; নতুবা যা-ক্রিকের কর্ত্তর কর্ম্মে সে কীণসাহস ছিল না, বরঞ্চ বোধ হয়, সে সমুদ্রকেও গোম্পদ জ্ঞান করিয়া আপন পথে অগ্রসর হইত। কিন্তু বেরূপ ভাবনার ভারে সে ভারগ্রন্থ ছিল, অনায়াসে কেহ সেই ভার কেলিয়া দিতে পারে না

এই সকল কথা গুনিয়া <sup>\*</sup> খ্রীফীয়ানী কহিল, <sup>\*</sup>সভয়ের বিবরণ প্রবণে আসার অনেক সাজ্বনা হইল। পূর্বে বোধ করিতাম, বে আমার নারে ভ্রদীল কেইই নাই; কিন্তু এই কনে কেবিলাম, ঐ সাধু ব্যক্তির সহিত আমার প্রায় ভূলাতা আছে, কেবল হুই বিষয়ে আমরা ভিন্ন। অর্থাৎ তাহার হুঃখ সে ব্যক্ত করিত, আমি আমার মনোহঃখ মনেতেই রাখিতাম। আর তাহার হুঃখ গুরুতর ভার-বর্মণ হওলতে সে আতিথের পৃহত্বারে আঘাত করিতে অকম হইত; কিন্তু আমার হুঃখ এমন যে তাহাতে আমাকে অধিক শব্দ পূর্বক আঘাত করিতে হইত।

করণা কহিল, আমাকেও যদি মনের কথা কহিছে অনুমতি দেওয়া যায়, তবে বংকিঞ্চিৎ কহিছে পারি। ঐ ব্যক্তির কোন ২ স্থভাব আমাতেও আছে, ফলতঃ পাছে স্থপ্রে স্থান না পাইয়া নরককুওে পতিত হই, এ বিষয়ে আমার যত শকা, অন্য কোন ক্তির বিষয়ে তত ভয় হয় না। আমি যদি স্থপ্রে স্থান পাইতে পারি, তবে তৃত্ত হইব। অন্যান্য সমস্ত বিষয় হারাইলেও ঐ সুখকে পরস্থাত জ্ঞান করি।

শধিও কহিল, সদা শক্ষা প্রযুক্ত আমিও বার ২ ভাবি-রাছিলাম বে আমি পরিত্রাণপথের পথিক নহি; কিন্তু এই কলে বুরিলাম, যদি ঐ সাধু ব্যক্তির তক্রপ ঘটনা মকল হইয়াছে, তবে অবশেবে আমারও সকল হইতে পারে।

পরে বাকুব কহিল, যে ভররহিত, সে ঈশরের অনুগ্রহন রহিত। বাহারা নরককে ভর করে, ভাহারা সকলে অনু-গ্রহের পাক্ত কছে, ইহা সভ্যা বক্তে; তথাপি যাহারা ইশরকে ভর না করে, ভাহারা কোন প্রকারে অনুগ্রহের পাক্ত নকে, ইহা নিশ্চর

\* মহোৎসাহ কহিল, হে \* বাকুব, উত্তম কহিয়াছ; তুনি মর্ল্ফ পরিয়াছ; বেকেতৃক ঈশবের প্রতি যে ভয়, তাহাই জানের জারতঃ জভ্তব বাহাতে জারত নাই, তাহাতে অন্ত মধ্য কিছুই নাই। বাহা হউক, এই ক্ষপে "সভয়ের প্রতি এই ল্লোকরপ প্রশংসাস্থাক পত্র প্রেরণ পূর্বক তা-হার কথা শেব করি।

বন্য ধন্য বহাশায় তুমি হে সভয়।
আপন ঈশবে ভয় তোমার আছয়॥
আতি যুক্ত কোন কার্যা পাছে তব হয়।
এই হেতু সদা তব শকা তাহে রয়॥ ১॥
নরক কুওেতে যথা হয়েছিলা ভীত।
তব তুলা কয় যেন অন্য লোক যত॥
ডোমার সদৃশ বুদ্ধি বার নাহি হবে।
আপন অনিউ সেই আপনি সাধিবে॥ ২॥

## ১ অধ্যায়।

অপর আমি দেখিলাম, "সভরের কথা সমাপ্ত হইলে পথে বাইতে ২ "সরলাকা "বেদ্ছাচারী নামে অপর এক ব্যক্তির চরিত্র বর্ণনা করিতে আরম্ভ করিয়া কলিল, সেই "বেদ্ছাচারী বাত্রিকর্মণে আপম পরিচয় দিয়াছিল বটে, কিন্তু বোধ করি, সে এই পথের অগ্রন্থিত হার দিয়া প্রবিষ্ট হইয়া আইসে নাই।

- "মহোৎসাহ জিজাসিল, তালার সজে বাকা বিষয়ক কথোপকশন্তিক কখন তোমার হইয়াছিল?
- \* সরজানী শ্রহিল, হাঁ, কএক বার সইরাহিল, তালাতে তালাকে সর্বাহী শেকালারী দেখিলান। লোকের কথা বা শ্রক্তিশা উদাহরণ ইত্যাদি কিছু না মানিয়া নে জালানি গোলা। ইক্তা করিত, তালাই করিত, তথাতিরিজ কিছুতেই লামত হইত না।

শ্বহোৎসাহ পুনঃ জিজানা করিল, ইহাতে তাহার কি হেতৃবাদ ছিল, ভাষা কি আপনি বলিভে পারেন না?

শসরলামা কহিল, সে কহিত, মাত্রিদের সন্থান ও নোম এই উভয়ের অনুগামী হইলে হয়; ইহাতে পরি-তানের ক্ষতি সম্ভবে নাঃ

শবহাৎসাহ কহিল, এ কেমন! বে উত্তক লোকেরা যাজিদের ন্যায় সদ্ভাবিশ্রিষ্ট, ভাহারাও কদাচিৎ যাজিদের ন্যায় দোবী হইতে পারে, ইহা বদি সে বলিত, তবে ভাহার কথাতে বড় একটা ভুল হইত না। কেননা জাগ্রহ ও বদ্ধান না হইলে ভাবহ প্রকার পাপেতে পতিত হইবার সম্ভাবনা আছে; কিন্তু ভোমার কথাতে বোধ হয় ভাহার অভিপ্রায় এমত ছিল না, বরং লোকদের পাপকশ্র করিবার অনুমতি আছে, ভাহার এই অভিপ্রায় ছিল।

শরলাক্সা কহিল, হাঁ২, তাহার কথার এই অভিপ্রায় বঙ্গে, এবং লে এরপ কার্যাও করিত।

\* মহোৎসাহ জিজাসিল, দে এরপ বাক্য কহিবার কি ২ প্রমাণ দর্শাইত ?

ী ষরলাক্ষা উত্তর করিল, সে কহিত, ধর্মাপুত্তক আমার প্রমাণ।

" মহোৎসাহ কহিল, এ কেমন! আপনি অনুত্ৰহ পূৰ্ত্তক কিঞ্চিৎ বিস্তার করিয়া কহন। ১০০ বিস্তান বিস্তান

শরবাদ্ধা কহিল, তবে বলি তানা নে কহিত, ইবরের প্রিল্প পাল শীদায়ন পরদারাভিগনন করিরাছিল; কতএব আমিও তক্রপ করিতে পারি। এক স্তরিভা নতুই না থাকিয়া শীসুলেমান বছ ভার্মা গ্রহণ করিয়াছিল, শামিও তাহা কেন না করি? শীসারা এবং মিনরদেশীয়া ধর্মিও। গামিরা ও পরিতাশপ্রাভা শীহর, ইছারা ক্ষমেন নিব্য কহিছাছিল; তবে আমিও কেন সে রূপ কহি না? প্রভুর আজার তাঁহার শিবারণ পরের গর্মত লইরা গিরাছিল; জতথ্য আমিও:তেমন করিতে পারি। আর দেখ, "বাকুব হল ও: প্রভারণাদ্বারা আপন পিতার ধন প্রাপ্ত হইরা-ছিল; আমিও সে রূপ করিতে পারি।

এই সকল কথা শুনিয়া শাহেৎসাহ কহিল, এ অতি অধ্যের কথা। কিন্তু ভাহার ধে এই যত, ইহা আপনি কি নিক্তর জানেন?

শরলাখা কহিল, হাঁ। অনেক তর্ক বিতর্কে ভাগাকে এই মত সংস্থাপন করিতে ও ধর্মপুত্তকারিহইতে দৃষ্টাভ দিতে ভনিয়াছি।

\* মহোৎসাহ কহিল, এই রূপ ঘৃণার্ছ মত সংসারের মধ্যেও নিতান্ত অগ্রাহ্য।

শ সরলান্ধা কহিল, আমার বাক্যার্থের জনাথা করিও না। সকলে ঐ প্রকার আচরণ করিতে পারে, সে এমত কহিত না; কিন্তু পূর্ব্বোক্ত ধার্ম্মিক লোকদের সদ্ওণ যা-হাদিগেতে আহে, তাহারাই তাহাদের ন্যায় দোৰ করিতে পারে, সে এমত কহিল।

শংহাৎসাহ কহিল, তবে ভাছার এ সিদ্ধান্ত অপেকা আর কি অধিক আতি আছে! এ ধার্ম্মিক লোকেরা দৌর্মলা প্রযুক্ত কদাচিৎ পাপকর্মা করিত, এই হেতুক সে কি দুঃসাহস পূর্মক পাপ করিবার অনুমতি পাইতে পারে? কিয়া কের্ম্মিক বালক বায়ুবেপেতে না প্রস্তান্ত উছোট খাইরা কর্মদে পতিত হইয়াছে, এই হেতুক সে যাজিকি স্থেছাপূর্মক শ্করের ন্যায় কর্মমে পড়িয়া পড়াগড়ি দিবার অনুমতি পাইবে? হায়! কামনার বলেতে কোন লোক বে এমত অন্ধীভূত হয়, ইহা কে অনুমান করিছে প্রায় ! কিন্ত এই যে লিখিত আছে, তাহা অবশ্য সকল

ছইবে, "তাহারা অনাজ্ঞাবহ হওয়াতে ঈশ্বরের বাক্যেতে উছোট খায়, এবং তাহাতে নিযুক্তও আছে।" আর যাহারা ধার্ম্মিকদের দোষানুগামী হয়, তাহারা তাহাদের সদ্গুণবিশিক্ট হইতে পারে, এই অনুমানও তাহার পূর্ব আত্তির তুলা। যে লোভি কৃষ্কুর শিশু বালকের মল আত্থাদন করে, সে কি তৎপ্রযুক্ত শিশুসভাব প্রাপ্ত হয়? ঈশ্বরের লোকদের অপরাধরূপ হুর্গন্ধি দ্রব্যে তৃপ্ত হওন ধার্ম্মিকদের গুণধারি ব্যক্তির লক্ষণ নহে। এবং এরূপ আত্থিক লোকের মনে বে ঈশ্বরের প্রতি বিশ্বাস বা প্রেম আছে, এমত প্রত্যয় আমার হয় না। বাহা হউক, আমি জানি, আপনি তহিষয়ে অনেক আপত্তি উপন্থিত করিয়াছিলেন, অতএব তাহার উত্তর সে কি দিল? অনু-গ্রহ করিয়া কহন।

\* সরলাত্মা কহিল, সে কহিত, অসম্মত হইয়া দোষ করা অপেক্ষা বরং সম্মত হইয়া দোষ করা সরল মনের লক্ষণ।

\* মহোৎসাহ কহিল, এ অতি অসঞ্চত ও অন্যায় উত্তর।
আপন ধর্মজ্ঞানের বিপরীতে পাপ করা অতি নন্দ বটে;
তথাপি এমন হেতুবাদ পূর্ত্তক পাপ করা আরও মন্দ।
ঐ পূর্ব্বোক্ত কার্যদ্বারা দর্শকেরা হঠাৎ সংশ্যাপন্ন হয়,
কিন্তু এই পশ্চাহ্নক্ত কার্যদ্বারা তাহারা একেবারে পাপের
ফাঁদেতে বদ্ধ হয়।

শরলাত্মা কহিল, ঐ ব্যক্তির নাায় অনেকের মত আছে, কিন্তু মুখ নাই; তৎপ্রযুক্ত যাত্রী হইতে বিস্তর লোক বাধা পায়।

শ মহোৎসাছ কছিল, এ কথা বাস্তব, এবং ইছা অতি
ছঃথের বিষয় বটে; কিন্তু যে জন স্বর্গের রাজাকে ভয়
করে, সে সকলই জয় করিয়া উত্তীর্গ ছইবে।

् ष्रापत " श्रीकीशानी कहिल, शांश! जगरजत मत्था ना-

নাবিধ অপরপ মত দৃঊ ছইতেছে। আমিও জানি, এক জন কহিয়াছিল যে মরণ কাল উপস্থিত ছইলে পাপের জনো অনুতাপ করিতে যথেউ সময় ছইবে।

শহেহি সাহ কহিল, সে লোক বড় বিবেচক নহে।
প্রাণ রক্ষার্থে দশ ক্রোশ দূরে পলাইবার নিমিত্তে এক
সপ্তাহ অবকাশ থাকিলে সে কি ঐ সপ্তাহের শেষদপ্ত
পর্যান্ত বিলম্ব করিতে ভয় করিবে না?

\* সরলামা কহিল, আপনি যথার্থ কহিয়াছেন, তথাপি যাহারা আপনাদিগকে যাত্রিকরপে জানে,তাহাদের মধ্যে অনেকে এরপ ব্যবহার করিয়া থাকে। আমি প্রাচীন এবং বছদিবসাবধি এই পথের পথিক; সূতরাং অনেক বিষয় অবগত হইয়াছি। বে সকল লোককে দেখিয়া-ছি, তাহাদের মধ্যে কোন ২ লোক যাত্রার আরম্ভকালে বেন জগৎসংসারকে অগ্রসর করিয়া লইয়া যায়, এমত ব্যগ্রচিত ছিল; কিন্তু অপ্প দিবসের মধ্যে তাহারা ইআ-য়েল লোকদের ন্যায় অরণোতে প্রাণ ত্যাগ করিল. প্রতি-শ্রুত দেশের দর্শনও পাইল না। অন্য কোন ২ লোক যাত্রায় প্রবৃত্ত হওনকালে এমত বলহীন ছিল, যে বোধ হইল ভাছারা এক দিবসও বাঁচিবে না, কিন্তু শেষে তা-হারা প্রসিদ্ধ যাত্রী হইয়া উচিল। আর কেহ ২ প্রথমে অতি ক্রতগতিতে কিঞ্চিং দূর অগ্রসর হইয়া পরক্ষণে তদনুরূপ ক্রতগতিতে প্রত্যাগমন করিল। আর কেছ ২ অগ্রে যাত্রি-ধর্ম্মের প্রশংসা করিয়া পরে তাছার বড় নিন্দা করিল। আর কতক লোক স্বর্গপ্রাপ্তির নিমিত্তে যাতারম্ভ কালে, चर्न अक चान जरमारे जाट्ड, रेश मृत्क्रत्थ कहिल, शदत দেই সানে পঁছছিবার কিঞ্ছিৎ পথ অবশেষ থাকিতে टमहे लाटकता कितिया आमिया, चर्म नाहे, हेहा कहिटल লাগিল। এবং শতর সহিত সংঘটন হইলে কি রূপে

খোরতর যুদ্ধ করিবে, এ বিষয়ে যাহাদিগকে দর্প করিতে শুনিয়াছি, এমত অনেক লোক মিথা। ভয় পাইবামাত্র বিশ্বাস ও যাত্রিকের পথ প্রভৃতি সকল পরিত্যাগ করিয়া পলায়ন করিল।

## ১০ অধ্যায়।

এই রূপ কথোপকথন করিতে ২ তাছারা গমন করিতেছিল, ইতোমধ্যে এক ব্যক্তি অতি ক্রতগতিতে তাছাদের
সহিত সাক্ষাৎ করিতে আসিয়া কহিল, হে মহাশয়েরা,
হে অবলাগন, তোমরা যদি আপন ২ প্রাণ চাহ, তবে
রক্ষার নিমিত্তে শীঘ্র উপায় চেন্টা কর, বেহেতুক অগ্রে
তোমাদের পথে দস্যদল রহিয়াছে।

শ মহোৎসাহ কহিল, পূর্দের শ কুদ্রবিশ্বাদের উপরে যে তিন জন আক্রমণ করিয়াছিল, উহার। সেই তিন জন দস্য। তাল, আমরাও তাহাদের জনো প্রস্তুত আছি।

পরে তাহারা অগ্রসর হইয়া, না জানি দৃদ্দের সহিত কথন্ কোন্ স্থানে দেখা হয়, এই আশক্ষায় প্রত্যেক উপপথে ও কোনে দৃষ্টিপাত করিয়া গমন করিতে লাগিল; কিন্তু ঐ দৃদ্যুরা শমহাৎসাহের নাম প্রবণ করাতে কিয়া অন্য কোন চৌর্য্য ব্যাপারে ব্যস্ত থাকাতে যাত্রিদের নিকটে আইল না।

অনন্তর পথ প্রান্তি প্রযুক্ত "থুীফীয়ানী আপনার ও সন্তানদের নিমিতে কোন প্রবাসগৃহ পাইতে ইচ্ছা করিলে "সরলাআ কহিল, ইছার কিঞ্ছিং অণ্রেই "গায় নামে অতি সন্তান্ত এক শিষ্যের বাটীতে প্রবাসগৃহ আছে। বৃদ্ধ "সরলাআর প্রমুখাৎ ঐ স্থানের এমত সসন্ধাদ প্রবাদ ক্রাতে তাহারা সকলেই সেখানে যাইতে স্থির করিল। পরে তথায় পঁছছিলে তাছারা প্রবাসগৃহের দ্বারে আঘাত না করিয়া পথিকদের রীতানুসারে একেবারে ভিতরে
প্রবিষ্ট ছইয়া গৃছপতিকে ডাকাইল। তাছাতে সে উপস্থিত ছইলে তাছারা জিজ্ঞাসা করিল, অদ্য রাত্রিতে আমরা
এ স্থানে প্রবাস করিতে পারি কি না?

\* গায় নামা ঐ গৃহপতি কহিল, হাঁ, আপনারা যদি
সলোক হন, তবে থাকিতে পারেন, আমার গৃহ কেবল
যাত্রিদের নিমিতেই হইয়াছে। যাত্রিদের প্রতি গৃহপতির
এরপ প্রেম দেখিয়া \* খৃষ্টীয়ানী ও \* করুলা ও বালকগণ
অতিশয় আহলাদিত হইল। পরে তাহারা শয়নাগার
প্রার্থনা করিলে সে \* খৃষ্টীয়ানী ও \* করুলা ও বালকদের
নিমিতে এক কুঠরী, এবং \* মহোৎসাহ ও বৃদ্ধ \* সরলাত্মার
জন্যে অপর এক কুঠরী দেখাইয়া দিল।

পরে \* মহোৎসীহ জিজাসিল, ছে বন্ধো \* গায়, আমার এই বাত্রিরা অদ্য অনেক পথ পর্যাটন করিয়া অত্যন্ত পরিশ্রান্ত হইয়াছে; অতএব আমাদিগকে কি ২ খাদ্য দ্রব্য দিতে পার?

\* গায় কহিল, বেলা অ্বসান হইয়াছে; এ সময়ে আ-মরা খাদ্যের অন্বেষণে বাহিরে যাইতে পারি না। কিন্তু মরে যাহা আছে, তাহাতে যদি আপনারা সন্তুট হন, ভবে তাহা দিতে পারি।

\* মহোৎসাহ কহিল,তোমার যাহা আছে,আমরা তাহা-তেই সস্তুট হইব; তোমার গৃহে প্রয়োজনীয় দ্রুব্যের অভাব কথন হয় না,ইহা আমি বিলক্ষণ পরীক্ষা করিয়া দেখিয়াছি।

পরে \* গায় \* উত্মাস্থাদক নামা পাচকের নিকটে বাইয়া বাজিদের সংখ্যানুসারে খাদ্য প্রস্তুত করিতে আজ্ঞাদিয়া তাছাদের নিকটে পুনর্বার আসিয়া কছিল, ছেপ্রিয় বন্ধুগণ, তোমাদের আগমনের, বিশেষতঃ তোমাদের

আতিখ্যার্থে আমার এই গৃহ আছে, ইহাতে আমি
আতি সন্থট হইয়:ছি। অভএব তোমাদের যদি অভিক্রচি হয়, তবে আইস যাবং ভে.জ্য দ্রব্য প্রহত না হয়,
তাবং আমরা সংপ্রসঙ্গরা প্রস্পার আন্মাদিত হই।
তাহাতে তাহারা সকলে সন্মত হইল।

অপর \*গায় জিজাসা করিল, এই বৃদ্ধা স্ত্রী কাহার ভাষ্যা? ও এই যুবতী বা কাহার কনা?

তাহাতে "মহোৎসাহ কছিল, পূর্ব্বে "খুীফারান নামে যে এক যাত্রী ছিল, এ তাহারই ভার্যা, এবং এই চারিটী তাহারই সস্তান। আর এই যুবতী উহার প্রতিবাসিনী; সে ইহাকে প্রবৃত্তি দিয়া আপন সঙ্গনী করিয়াছে। এই বালকেরা পিতার অনুকারী; সর্ব্ব বিষয়ে তাহার পদ- চিহ্ন দিয়া গমন করিতে চেন্টা করে। অধিক কি কহিব? পিতার শয়ন বা গমন স্থানের চিহ্নমাত্র দেখিলে ইহারা প্রকৃলিত হইয়া সেই স্থানে শয়ন বা সেই পদ্চিহ্নে পাদবিক্ষেপ করিতে অভিলাষ করে।

তাহাতে \* গায় চমংকৃত হইয়া কহিল, এ কি \* খ্রীফীয়ানের ভার্যা? এবং ইহারা কি তাহার সন্তান বটে? হে
\* খ্রাফীয়ানি, আমি তোমার স্বামির পিতাকে ও পিতামহকে জানিতাম। ঐ বংশে অনেক সাধু লোক জায়য়াছে। উহাদের পূর্বপুরুষেরা \* আন্তিয়্যিয়া নগরে বাস
করিত। বোধ হয় স্বামির প্রমুখাৎ তুমি তাহাদের
বৃত্তান্ত শুনিয়া থাকিবা, তাহারা অতি উপযুক্ত লোক
ছিল। আমার পরিচিত অনেক লোক অপেকা তাহারা
অধিক সদ্পুণাহিত ছিল, বরং প্রতুর ও তদনুরক্ত লোকদের ও তাঁহার ধশ্মের পক্ষে অসীম সাহস প্রকাশ
করিয়াছিল। তোমার পতির জ্ঞাতিগনের মধ্যে অনেকে
সত্যের নিমিত্তে সর্ব্ব প্রকার কট সহ্য করিয়াছে। দেখ,

তোমার স্থামির কুলেতে প্রথমোৎপন্ন \* স্তিফান নামক এক জন প্রস্তাঘাতে হত হইয়াছিল; এবং \* যাকুব নামে তংকুলজাত অপর এক ব্যক্তি করবালদারা ছিল হইয়া-ছিল। আর তোমার স্বামির আদিপুরুষ \*পৌল ও "পিতরের কথা কহা অনাবশ্যক। তদ্তিম "ইগ্নাতিয় নামে এক জন সিংহগণের সম্মুখে নিক্ষিপ্ত হইয়াছিল। আর \* রোমাণ নামে অপর এক জনের গাত মাংস খণ্ড ২ রূপে অস্থিহইতে ছিন্ন হইয়াছিল। এবং \*পলিকার্প নামে আর এক জন অগ্নিবেটিত হইয়া পুরুষত্ব প্রকাশ করিয়াছিল। তদ্তির মক্ষিকাদি কর্তৃক দংশিত হইবার নিমিত্তে যাহাদিগকে সর্বাঞ্চে মধু লেপন পূর্বক চুপড়িতে করিয়া রৌচ্রে ঝুলাইয়া রাখিয়াছিল, কিয়া থলিয়াতে বন্ধ করিয়া সমুদ্রে ডুবাইয়া মারিয়াছিল, এমত অনেক লোক ছিল। এতজ্ঞপে যাত্রি ধর্ম্মের অনুরোধে তদ্বংশীয় কত ব্যক্তি যে যন্ত্রণা ভোগ ও মৃত্যু স্বীকার করিয়াছে, তাহার সংখ্যা করা ছঃসাধ্য। অতএব তোমার স্বামী এই যে পুত্র চতৃষ্টয় রাখিয়া গিয়াছে, ইহাদিগকে দেখিয়া আমি পরমাপ্যায়িত হইলাম। ইহারা যেন আপনাদের পিতার খ্যাতি রক্ষা করে, ও যাবজীবন তৎপথানুগামী হইয়া অন্তে তদনুরূপ ফল ভোগ করে, এমত আমার ইচ্ছা।

<sup>\*</sup>মহোৎসাহ কছিল, যথার্থ; তাহারা এই রূপ বালক বটে, তাহারা পিতৃমতানুসারে কার্য্য করিতে একান্ত মনোযোগ করিয়াছে।

শগায় কহিল, এই আমারও প্রত্যাশা বটে। আর
শুমীফীয়ানের বংশ বৃদ্ধি পাইয়া তাবৎ পৃথিবী ব্যাপিবে,
এমত উপলব্ধি হইতেছে। অতএব তাহাদের পিতৃনাম ও
পূর্বপুরুষদের কীর্ত্তি যেন জগতে বিমারণীয় না হয়, এতদর্থে
শুর্মীফীয়ানী পুত্রগণের বিবাহার্থে কন্যার চেফা করুক।

\*সরলাত্মা কহিল, তাহার বংশ যেন কখন পতিত ও লুপ্ত না হয়।

তাহা শুনিয়া \* গায় কহিল, সে বংশ হ্রাস পাইতে পারে, কিন্তু কখন লুপ্ত হইতে পারে না। অতএব \* খুীফী-য়ানী বংশ রক্ষার্থে আমার পরামর্শ গ্রহণ করুক।

পরে সে "খ্রীফীয়ানীকে কছিল, তোমাকে ও তোমার স্থী "করুণাকে একত্র দর্শন করাতে আমি আহ্লাদিত হইলাম। অতএব আমার পরামর্শ যদি তোমার গ্রাহ্ম হয়, তবে "করুণার সহিত আরও নিকট সম্বন্ধ সংস্থাপন করিলে ভাল হইবে, অর্থাৎ তাহার ইচ্ছা হইলে তোমার জ্যেষ্ঠ পুত্র "মথির সহিত তাহার বিবাহ হউক; তাহা হইলে জগতের মধ্যে তোমার বংশ রক্ষা পাইবে। এই রূপে ঐ সম্বন্ধ স্থিরীকৃত হইলে কিছু দিন পরে তাহাদের বিবাহ হইল, ইহার বিস্তারিত কথা পরে কহা যাইবে।

সে যাহ। হউক, \*গায় পুনশ্চ কহিতে লাগিল, এই ক্ষণে স্ত্রী জাতির কলস্ক মোচনার্থে আমি তাহাদের পক্ষ হইয়া কিছু কহি। স্ত্রীহইতে যেমন মৃত্যু ও অভিশাপ জগতে উপস্থিত হইয়াছে, তদ্রুপ স্ত্রীহইতে স্বাস্থ্য ও জীবন উপস্থিত হইয়াছে, যেহেতুক ঈশ্বর আপন পুত্রুকে স্ত্রীজাত করিয়া জগতে প্রেরণ করিলেন। আর পুর্বাকালের ধর্মিষ্ঠা স্ত্রীলোকেরা আপনাদের আদি মাতার কর্ম্মে অত্যন্ত বিরক্ত হওয়াতে অঙ্গীকৃত জগজাতার দারা পুত্রুবতী হইবার প্রত্যাশাতে প্রত্যেকে সন্তান কামনা করিত। পরে যথন ত্রাণকর্জা জগতে উপস্থিত হইলেন, তখন পুরুষ বা স্থায়ি দূতগণের অত্যে স্ত্রীলোকেরা হর্ম করিয়াছিল। আর যাবং তিনি এই জগতে ছিলেন, তাবং কোন পুরুষ যে তাঁছাকে এক পয়সামাত্র দিয়াছিল, এমত কথা আমি কখন পাঠ করি নাই; কিন্তু স্ত্রীলোকেরা

তাঁহার অনুগামিনী হইয়া আপন ২ সম্পতিহইতে তাঁহার পরিচর্যা করিত। দেখ, এক জন স্ত্রী চক্ষুর্জল দিয়া তাঁহার পাদ প্রকালন করিয়াছিল। আর এক জন স্ত্রী কবর দিবার উপলক্ষে তাঁহার গাত্রে সুগন্ধি তৈল মর্দ্দন করিয়াছিল। দণ্ড স্থানে তাঁহার গমন সময়ে স্ত্রীলোকেরা ক্রন্দন করিয়াছিল। এবং তাঁহাকে ক্রুশহুইতে নামাইয়া লইয়া ঘাইবার কালে স্ত্রীলোকেরা তাঁহার পশচাং ২ গমন করিয়াছিল। এবং কবরস্থ হইলে স্ত্রীরাই তাঁহার কবরসমীপে বিস্যাছিল। পরে তাঁহার পুনরুখান দিনের প্রাতঃকালে স্ত্রীলোকেরাই প্রথমে তাঁহার নিকটে উপস্থিত হইয়া, তিনি মৃত্যুহুইতে পুনরুখিত হইয়াছেল, এই সংবাদ তাঁহার শিষ্যগণের নিকটে আনিয়াছিল। অতএব স্ত্রীলোকেরা অত্যন্ত অনুগ্রহের পাত্র, এবং আমাদের সহিত এক জীবনরূপ বরের অধিকারিণী, ইহা স্পাই্ট বোধ হইতেছে।

ইতোমধ্যে ভোজ্য দ্রব্যাদি প্রায় প্রস্তুত হইয়াছে, পাচক এমত সংবাদ দিয়া ভোজমঞ্চে চাদর পাতিতে এবং থাল লবণ রুটী আদি যথোপযুক্ত স্থানে সাজাইয়া দিতে এক লোককে পাঠাইয়া দিল।

তথন \* মথি কহিল, চাদর প্রভৃতি আহারের সজ্জা দর্শনে পূর্বাপেকা আমার অধিক কুধা জন্মিল।

তাহাতে গায় কহিল, ইহকালে যে সমস্ত ধর্মোপদেশ তুমি পাইতে পার, তাহাতে স্থপ্ত মহারাজের
ভোজনাসনে উপবেশন করিতে তোমার বাসনা সেই
রূপ বর্দ্ধিয়ু হউক; যেহেতুক প্রভুর নিকেতনে উপস্থিত
হইলে তিনি আমাদের নিমিত্তে যে ভোজ প্রস্তুত করিবেন, সেই ভোজের তুলনায় এই জগৎস্থ ধর্মোপদেশ
ও রীতি ও গ্রন্থ সকল কেবল ভোজমঞ্চে থাল ও লবণ
প্রদানরূপ আয়োজনমাত্র বোধ হয়।

অপর ভোজ প্রস্তুত হইলে, ঈশ্বরের ধন্যবাদ ও প্রার্থনা পূর্বক ভোজনারম্ভ করিতে হয়, এতৎ বিজ্ঞাপনস্থাকক উভোলনীয় এক কক্ষ এবং আন্দোলনীয় এক কক্ষ প্রথমে তাহাদের সম্মুখে ভক্ষণার্থে আনীত হইল। লেবীয় ৭, ৩২-৩৪। উভোলিত ক্ষেন্নতে দায়দ রাজার অন্তঃকরণ ঈশ্বরের প্রতি উভোলিত হইত, এবং বীণা বাদন সময়ে সে অন্তঃকরণের আধারস্বরূপ আন্দোলনীয় বক্ষোদারা বীণাতে ঠেস দিয়া বাদ্য করিত। ঐ হুই মাংসথও সরস ও সুস্বাছ প্রযুক্ত তাহারা সকলে পরিতোষ পূর্বক আহার করিল।

পরে রক্তবৎ লোহিতবর্ণ এক শিশি দ্রাক্ষারস আনীত হইল। যো ১৫,৫। তাহাতে গায় যাত্রিগণকে কহিল, তোমরা তৃপ্তি পূর্ব্বক পান কর, কেননা ঈশ্বর ও মনু- ব্যের অন্তঃকরণ যাহার রসে তৃপ্ত হয়, এ সেই প্রকৃত দ্রাক্ষালতার রস। বিচার ৯,১৩। তাহাতে তাহারা পান করিয়া পরমাপ্যায়িত হইল।

তৎপরে এক পাত্র অত্যুত্তম ছ্ম্ব আনীত হইলে \* গায় কহিল, বৃদ্ধি পাইবার নিমিত্তে এই ছ্ম্ব বালকেরা পান করুক। ১ পিতর ২, ১-২।

তদনন্তর পরিচারক ভোজনার্থে দধি ও মধু আনিয়া দিলে গায় কহিল, তোমরা ইহা স্বছন্দে ভক্ষণ কর, ইহাতে তোমাদের বুদ্ধিবৃত্তি ও বিবেক্শক্তি বর্দ্ধিপু হইবে। ইহাই বাল্যকালে আমাদের প্রভুর আহার ছিল; যেমত লিখিত আছে, তিনি অসৎ ক্রিয়ার অস্বীকার ও সৎ ক্রিয়ার স্বীকার করণে জ্ঞানবান হওন পর্যান্ত দধি ও মধু ভক্ষণ করিবেন। যিশায়িয় ৭, ১৫।

পরে এক পাতে করিয়া কতকগুলীন অতি সুস্বাছ কো-মল ফল আনিয়া দিলে "মথি কহিল, এই ফলেতে সর্প আমাদের আদি মাতার ভান্তি জন্মাইয়াছিল; এই ফল কি আমরা ভক্ষণ করিব?

তছুত্তরে \* গায় কহিল,

এ ফল ভক্ষণজন্য দোষ প্রতিফলে।
জন্মছিল মনুষ্যের ভ্রংশ আদিকালে॥
তথাপি ফলেতে নহে কেবল পাপেতে।
আমাদের মন হৈল লিপ্ত কলঙ্কেতে॥ >॥
আদেশ লজ্ম্যা ফল করিলে আছার।
তাহাতে শরীরে হয় রজ্জের বিকার॥
অনুমতি অনুসারে করিলে ভক্ষণ।
আমাদের হয় তাহে শুভ সংঘটন॥ ২॥
এ হেতু পায়রা রূপ মগুলী তাঁছার।
তুমি হে তাঁহার জাক্ষারস পান কর॥
ওহে নর সব তাঁর প্রেম পরায়ণ।
তোমরা তাঁহার ফল করহ ভক্ষণ॥ ৩॥

\* মথি কহিল, কিছু দিন হইল আমি ফল খাইয়া পীড়িত হইয়াছিলাম, তংপ্রযুক্ত ঐ আপত্তি করিলাম।

তাছাতে \* গায় \* মথিকে কহিল, নিষিদ্ধ ফল ভক্ষণে অবশ্য পীড়া জন্মিবে, কিন্তু আমাদের প্রভুর অভিমত ফল কদাচ পীড়াদায়ক হয় না।

এই রূপ কথোপকথন সময়ে কতকগুলি নারিকেল তাহা-দের সম্মুখে আনিয়া দিল। তাহাতে \* গায় কহিল, যথা,

নারিকেল তুল্য কোন পদ শাস্তে হয়।
কঠিন ত্বগেতে তার শাঁস গুপ্ত রয়॥
কিন্তু ঐ পদ কভু বোধগন্য নয়।
হেন না ভাবিবে মনে ভাঙ্গিলেই হয়॥
ত্বক্রপ আছোদন মোচন করিলে।
তাহার সুস্বাহু শাঁস পাইবে সকলে॥



এই রূপে আহ্লাদানোদে নানা প্রস্তাবে কথোপ-কথন করত তাহারা অনেক ক্ষণ পর্যান্ত ভোজনাসনে বসিয়া রহিল। ইত্যবসরে বৃদ্ধ \*সরলাত্মা কহিল, হে গৃহপতি, যদবধি আমরা আপনকার নারিকেল ভাঙ্গি, তদবধি আপনি অনুগ্রহ পূর্বক এই প্রহেলিকার অর্থ ভাঙ্গিয়া কছন।

> কোন কালে এক লোক ছিল এ সংসারে। অনেকে উন্মন্তরূপে জানিত তাহারে॥ যত সে আপন ধন করিত বর্জ্জন। ততোধিক অর্থ তার হৈত উপার্জন॥

ইছার উত্তরে না জানি গৃহপতি কি কছে, ইছা ভাবিয়া সকলেই অপেকা করিয়া রছিল। পরে কিঞ্চিৎ কাল নীরব থাকিয়া \* গায় এই উত্তর দিল, যথা,

> দরিদ্রে সম্পত্তি যে বা করে বিভরণ। দশ গুণ ধনবৃদ্ধি পায় সেই জন।

ইহা শুনিয়া <sup>\*</sup> যূষফ কহিল, হে মহাশয়, আপনি **যে** ইহার অর্থ করিতে পারিবেন, এমত আমার বোধ ছিল না।

\* গায় কহিল, হে বংস, বছকালাবধি এই রূপ কার্য্য করিয়া আমি সুশিক্ষিত হইয়াছি। অভ্যাসদারাই নৈপুণ্য জন্মে। আমার প্রভুহইতে আমি দয়াশীল হইতে শিথি-য়াছি; তাহাতে পরীক্ষাদারা জানি, আমার লাভ হই-য়াছে। এ বিষয়ে লিখিত আছে, কেহ বিতরণ করিয়াও বৃদ্ধি পায়, আর কেহ উচিত বায় অস্বীকার করিয়াও কেবল দরিদ্রতা পায়। পুনর্কারও লেখা আছে, কেহ ২ অকিঞ্চন হইয়াও আপনাকে ধনির ন্যায় দেখায়।

এমত কালে \* শিমুরেল আপন জননী \* খ্রীফীয়ানীকে ফুস্ ২ করিয়া কহিল, হে মাতঃ, এ অতি উত্তম লোকের

পৃছ; এই স্থানে কিছু দিন অবস্থিতি করিলে ভাল হয়, এবং এ স্থানহইতে প্রস্থান করিবার অত্যে <sup>\*</sup>করুণার স-হিত **আ**মার ভাতা <sup>\*</sup>মথির বিবাহ হউক।

পৃহপতি \* গায় এই বাক্য শুনিতে পাইয়া কহিল, হে বৎস, তাহাতে আমিও পরমাহলাদিত হইব। অতএব তাহারা ঐ স্থানে এক মাসের অধিক কাল অবস্থিতি করিলে মথির সহিত \*করুণার বিবাহ হইল। এবং যাবৎ তাহারা তথায় রহিল, তাবৎ \*করুণা আপন রীত্যনুসারে দরিত্রদিগকে দান করিবার নিমিত্তে পরিচ্ছদাদি নির্মাণ করিত, তাহাতে যাত্রিদের বড় সুখ্যাতি জন্মিল।

## ১১ অধ্যায়।

পূর্বোক্ত প্রকারে প্রথম দিনে রাত্রি ভোজ সমাপ্ত ছইলে বালকেরা পথপ্রান্ত প্রযুক্ত শয়ন করিতে বাঞ্ছা করাতে গায় তাহাদিগকে শয়নাগার দেখাইতে ভ্ত্যাকে আজ্ঞা দিল। কিন্তু করুণা কহিল, ভ্ত্যের আবশ্যক নাই, আমি উহাদিগকে শয়ন করাইব। এই কথা কহিয়া তাহাদিগকে শয়ন করাইলে তাহারা সক্তন্দে নিদ্রা গেল। অবশিষ্ট সকলে সমস্ত রাত্রি গায়ের সহিত সদালাপে পরস্পর এমত আমোদিত হইল, যে কোন প্রকারে পরস্পরের সঙ্গ ত্যাগ করিতে সমর্থ হইল না। পরে তাহাদের প্রভুর বিষয়ে ও আপন ২ যাত্রার বিষয়ে অনেক কথোপকথনানন্তর গায়ের প্রশক্তা বৃদ্ধ সরলাত্রা তক্রাকৃষ্ট হইতে লাগিল। তাহা দেখিয়া মহোৎসাহ কহিল, হে মহাশয়, আপনি কি বিমাইতেছেন? আইসুন, চক্ষু উন্মীলন করুন, আপনাকে প্রক্ প্রছেলিকা প্রশ্ন করি। তাহাতে সরলাত্রা

সচেতন হইয়া কহিল, বলুন, শুনি। "মহোৎসাহ ক-হিল, ৰথা,

> পরাজিত অত্যে যে সে বৈরিকে বধিবে। ঘরেতে যে মরে সেই বিদেশে বাঁচিবে॥

ইহা শুনিয়া \* সরলাত্মা কহিল, এ হেঁয়ালি বড় কঠিন, কেননা ইহার তাৎপর্য্য ব্যক্ত করা কঠিন, এবং তদনু-সারে কার্য্য করা আরো কঠিন। অতএব হে গৃহপতি, আপনকার যদি ইচ্ছা হয়, তবে আপনাকে ইহার উত্তর দিবার ভারার্পণ করি; আপনি অর্থ করুন; আমি শুনি।

\* গায় কহিল, এমত হইতে পারে না, এ প্রশ্ন তো-মাকে করা গিয়াছে, তুমিই ইহার উত্তর দিবা।

তাহাতে বৃদ্ধ \* সরলাত্মা তাহার এই অর্থ করিল, যথা, পাপ বধ করিবারে যার বাঞ্চা হয়।

অত্যে চাহি কৃপাগুণে তার পরাজয়। স্বর্গেতে জীবন পেতে ইচ্ছুক যে জন। আত্ম প্রতি অত্যে তার হউক মরণ।

ইহা শুনিয়া গাঁয় কহিল, যথার্থ কহিয়াছ, সতুপদেশ ও পরীক্ষাদারা ইহা সপ্রমাণ হয়। যেহেতুক প্রথমতঃ যাবৎ ঈশ্বরের কুপা সপ্রকাশ হইয়া নিজ মহিমাদারা অন্তঃকরণকে পরাস্ত না করে, তাবৎ পাপ দমন করিতে সাহস জন্মে না। আর যদি শয়তানের পাপরূপ রজ্জুদারা অন্তঃকরণ বদ্ধ হইয়া থাকে, তবে সেই বন্ধন থাকিতে কি প্রকারে পাপকে প্রতিরোধ করিতে সমর্থ হইবে? দিতীয়তঃ যে ব্যক্তি নিজ কুজভিলাষের দাস, সে ব্যক্তি যে ঈশ্বরের কুপাগুণে জীবনাধিকারী হইয়াছে, এমন কথা যুক্তিসিদ্ধ নহে, এবং যাহারা ঈশ্বরের কুপা জানে তাহাদের গ্রাহ্ম বোধ হয় না।

অপর \* গায় কহিল, এই সুযোগে আমি প্রবণ যোগ্য

এক আখ্যায়িকা কহি শুনুন। ছুই জন যাত্রী হইতে প্রবৃত্ত হইয়াছিল, তাহার মধ্যে এক জন যুবা, অন্য জন বৃদ্ধ ছিল। যুবা ব্যক্তির স্বাভাবিক কুঅভিলাষ অতি প্রবল ছিল, এবং বৃদ্ধের শরীরের ক্ষীণতা প্রযুক্ত কুঅভিলাষ ছ্র্মাল ছিল। কিন্তু যুবা ব্যক্তি সর্মাপ্রকারে ঐ বৃদ্ধের সমত্ল হইয়া ধর্মাপথে চলিতে লাগিল। অতএব জিজ্ঞাসাকরি, তুলারূপে দৃষ্ট সেই ছুই জনের মধ্যে কাহার পারন্মার্থিক গুণ অধিক সতেজ ছিল?

\*সরলাত্মা কহিল, ঐ যুবার ধর্মাগুণ অধিক সতেজ ছিল, ইহার সন্দেহ নাই; কেননা মহাবাধাকে জয় ক-রিয়া অগ্রসর হওয়া মহাবলবানের লক্ষণ, বিশেষতঃ অপ্রাধারিশিষ্টের সঙ্গে২ মহাবাধারিশিষ্টের অগ্রসর হওয়া মহাবলবানের লক্ষণ। আর এই যাত্রাতে বার্দ্ধক্য অপেবাধাবিশিষ্ট বটে। আমি বৃদ্ধ লোকদের এই এক জম দেখিয়াছি, যে তাহারা দেহের জীর্ণতাকে কুঅভি-লাবের দমন জ্ঞান করাতে আপনাদিগকে কৃতকার্য্য জানিয়া পরিতুট হয়। সংসারের অসারত্ব বিষয়ে বৃদ্ধ ধার্মিক লোকদের অধিক জ্ঞান প্রযুক্ত তাহারা যুবক-দিগকে সংপরামর্শ দিতে উপযুক্ত বটে; তেথাপি যুবা বৃদ্ধ উভয়কে একত যাত্রা করিতে ছইলে বৃদ্ধের কুঅভিলাষ স্বভাবতঃ তুর্মল, এই হেতুক মনোমধ্যে পবিত্র আত্মার গুণ বিষয়ে প্রমাণ পাইতে বৃদ্ধ লোক অপেকা যুবার অধিক সুযোগ হয়। এই রূপে তাহারা প্রভাত পর্যন্ত বসিয়া কথোপকথন করিল।

পরে গৃহত্বেরা সকলে গাতোখান করিলে গুণীফীয়ানী গাকুব নামে আপন পুত্রকে ধর্মপুস্তকের এক অধ্যায় পাঠ করিতে কহিল; তাহাতে সে গিশায়িয়ের ৫৩ অধ্যায় পাঠ করিলে পরে গুসরলাত্মা জিজ্ঞাসা করিল,

জগত্রাতা শুষ্ক ভূমিহইতে উৎপন্ন চারাস্বরূপ, এবং তাহার রূপ সৌন্দর্যা কিছুই ছিল না, এমত কথা উক্ত আছে কেন?

\* মছোৎসাহ কছিল, প্রথম কথার অর্থ এই, \* খ্রীষ্ট যে বিহুদীয় মগুলীহইতে অবতীর্ণ হইয়াছিলেন, সে মগুলী তৎকালে ধন্মের তেজ ও গুণরহিত ছিল। আর দ্বিতীয় কথা অবিশ্বাসিদের কথা জানিবা; ফলতঃ অবিশ্বাসিরা পারমার্থিক চক্ষ্মিন, আমাদের প্রভুর অস্তঃকরণ দেখিতে পারে না, এই জন্যে তাঁহার সামান্য বাহ্ম আকৃতি প্রযুক্ত তাঁহাকে তুছ জ্ঞান করে। যেমন কোন অজ্ঞান লোক মৃত্তিকাছন্ন রত্ন কুড়াইয়া পাইলে সামান্য প্রস্তর বুঝিয়া ফেলিয়া দেয়, সেই রূপ।

অনস্তর গৃহপতি \* গায় কহিল, তোমরা এত লোক এখানে আছ, এবং \* মহোৎসাহ অস্ত্র ধারণে পটু; অত-এব যদি আপানকাদের সম্মতি হয়, তবে আইস আমরা কিঞ্চিৎ আহারাদি করণানস্তর প্রাস্তরে গিয়া দেখি, কোন হিতকর্ম করিতে পারি কি না? এই স্থানহইতে আর্দ্ধ কোশ অস্তরে \* সাধুহস্তা নামে এক বৃহৎকায় থাকে; তাহার বাসস্থান আমি জানি। সে অনেক তক্ষরের কর্ত্তা, এ অঞ্চলের রাজপথে বড় উপদ্রব করে। অতএব আমরা তাহাকে নই করিতে পারিলে বড় ভাল হইবে।

এই কথাতে সকলে সম্মত হইলে মহোৎসাহ ঢাল ও খড়র ও শিরস্ত্র এবং অন্য সকলে বড়শা ও লগুড় হস্তে করিয়া চলিল। পরে ঐ বৃহৎকায়ের গহুরের নিকটে উপস্থিত হইয়া তাহারা দেখিল যে কীণমনা নামে এক জন তাহার হস্তগত আছে। তাহার দাসেরা সেই ব্য-ক্তিকে পথহইতে ধরিয়া আনিয়া দিয়াছিল।

. ঐ ছুরাত্মা মাংসাশী, এই নিমিত্তে তাহাকে খণ্ড ২

করিয়া ভক্ষণ করিবার মানসে তাহার সর্বস্থ লুট করি। তেছিল। এমত সময়ে আপন গহুরের মুখে শস্ত্রপানি \*মহোৎসাহ ও তাহার সঙ্গিদিগকে দেখিলে, তোমরা কিসের অস্বেষণ করিতেছ? সে এই কথা জিজ্ঞাসা করিল।

"মছোৎসাহ কহিল, আমরা তোমার অন্বেষণ করি-তেছি। তুমি যে সকল যাত্রিকে রাজপথহইতে বলদ্বারা ধরিয়া বিনাশ করিয়াছ, তাহাদের হত্যার প্রতিকল দিতে আসিয়াছি; অতএব বাহিরে আইস। এই কথা শুনিয়া সে সমজ্জ হইয়া গহ্বরহইতে নির্গত হইলে তাহারা সং-গ্রাম আরম্ভ করিয়া তিন চারি দও প্রয়ম্ভ যুদ্ধ করিল। পরে বিশ্রামার্থে ক্ষণকাল নিবৃত্ত হইলে ঐ "সাধুহস্তা কহিল, তোমরা আমার ভূমিতে আসিয়াছ কেন?

\*মহোৎসাহ উত্তর করিল, পূর্বেই আমি কহিয়াছি,
যাত্রিদের রক্তপাতের প্রতিফল দিতে আমরা আসিয়াছি।
তাহাতে তাহারা পুনর্বার যুদ্ধারম্ভ করিলে সেই বৃহৎকায়
\*মহোৎসাহকে কিঞ্চিৎ হটিয়া দিল। কিন্তু সে অবিলবের
স্বমহোৎসাহ বশতঃ পুনর্বার আক্রমণ করিয়া ঐ বীরের
মন্তকে ও পঞ্চরে এমত আঘাত করিল যে তাহার হস্তহইতে অস্ত্র ভূমিতে পড়িল। পরে \*মহোৎসাহ অস্তাঘাতে তাহাকে বধ করণানন্তর তাহার মন্তক হস্তে করিয়া
এবং \*ক্ষীণমনা নামক যাত্রিকে সঙ্গে করিয়া প্রবাসগৃহে
ফিরিয়া গেল। পরে গৃহবাসিদিগকে ঐ মন্তক দেখাইয়া
অন্যান্য ছ্রাআর শক্ষা জন্মাইবার নিমিত্তে তাহাও দণ্ডাগ্রে
স্থাপন করিল।

পরে তাহার। \*কীণমনাকে জিজ্ঞাসা করিল, তুমি উহার হস্তে কি প্রকারে পড়িয়াছিল।?

সে কহিল, আপনারা দেখিতেছেন, আমি রোগী ব্যক্তি, এবং কালের দৃত প্রত্যহ আমার দ্বারে আসিয়া আঘাত করাতে আমি ভাবিলাম, যে ঘরে থাকিলে আমি কখন স্বাস্থ্য পাইতে পারিব না। এই রূপ চিন্তা করিয়া জামি যাত্রিধর্ম্মে প্রবৃত্ত হইয়া আমার পৈতৃক জন্মভূমি \* অঞ্চব নামক নগরহইতে প্রস্থান করিয়া এ পর্যান্ত আগমন করিয়াছি। আমার শরীরেও বল নাই, এবং মনেও সাহস নাই; কিন্তু হামাগুড়ি দিয়া যাইতে হইলেও আমি স্বর্গবাত্তাতে কাল যাপন করিতে ত্রির করিয়াছি। এই পথের অগ্রস্তিত দারে উপস্থিত হইলে তথাকার প্রভু আমাকে অনুগ্রহ পূর্বক অতিথি করিয়া আমার ক্ষীন শরীর ও চুর্বল মন দেখিয়া কোন মতে অবজ্ঞা করি-লেন না; বরং পাথেয় দ্রব্য দান করিয়া কহিলেন, শেষ পর্যান্ত প্রতায় রাখ। অপর \* অর্থকারকের গৃহে উপস্থিত হইলে তিনিও আমার প্রতি অনেক স্নেহ প্রকাশ করিলেন। এবং \* ছুর্গম নামক পর্বতে আরোহণ করা আমার ছংসাধ্য বুঝিয়া তিনি আমাকে এক ভৃত্য দিলেন, সে আমাকে বছন করিয়া পর্বতোপরি লইয়া গেল। এতদ্ভিন্ন যাত্রিগণছইতেও আমি পথমধ্যে নানা মতে উপ-কার প্রাপ্ত হইয়াছি। তাহাদের মধ্যে কেহই আমার নাায় মন্দ ২ গমন করিতে সন্মত ছিল না বটে, তথাপি অনেকে আমার নিকট দিয়া গমনকালে আমাকে সাস্ত্রনা দিয়া কহিল, সৃত্তির হও, ক্ষীণমনা লোকদিগকে প্রবোধ দেওয়া আমাদের প্রভুর অভিমত। এই আশাস দিয়া তাহারা আমাকে পশ্চাৎ ফেলিয়া চলিয়া গেল। অনন্তর यथन आमि थे " आक्रमन गनिए आनिया लोहिनाम, তখন ঐ বৃহৎকায় \* সাধুহস্তা আমাকে দেখা দিয়া কহিল, যুদ্ধার্থে প্রস্তুত হও। কিন্তু হায়! শক্তিহীন বে आमि, आमात यूटक कि अस्माजन? वतर वलवर्कक मुशर्था আমার প্রয়োজন। তাহাতে সে আসিয়া আমাকে পরাস্ত कतिन, किन्छ रम जामारक दथ कतिरव, जामात धमछ অনুমান হইল না। এবং সে যখন আমাকে আপনার ভয়ক্কর গুহায় প্রবেশ করাইল, তখনও আমি তাহার দহিত বেছা পূৰ্বক না যাওয়াতে ভরুষা ছিল, আমি বাঁচিয়া পুনর্বার নির্গত হইব। ইহার কারণ এই; আমি শুনিয়াছি, বলদারা ধৃত কোন বাতির মন বদি প্রভুর প্রতি সম্পূর্ণরূপে থাকে, তবে দে শতুহত্তে বিন্ট হয় ना, পরমেশ্রের এই নিয়ম আছে। আমি সর্বস্থ হারাইব, এমত আমার বোধ ছিল, এবং বাস্তবিক সর্বস্থ গিয়াছে; কিন্তু তোমরা দেখিতেছ, আমি প্রাণে বাঁচিয়া আছি। সেই প্রাণরকার আদিকারণ যে প্রভু, এবং উপায়স্বরূপ বে তোমরা, উভয়েরই নিকটে কৃতক্ততা স্বীকার করি-তেছি। আমার অনেক ছুর্ঘটনা যে ঘটিবে, ইহা আমি জানি; কিন্তু আমি এই পণ করিয়াছি, যে দৌড়িতে পা-রিলে দৌজিয়া যাইব; দৌজিতে না পারিলে ধীরে ২ চলিব; চলিতে না পারিলে হামাগুড়ি দিয়া যাইব। ধন্য প্রভু, সর্বাপেকা প্রধান বিষয় অর্থাৎ আমার পরিকাণ সুনিশ্চিত, এবং আমার গস্তব্য পথ সম্মুখে আছে। আর আমি কীণমনা হইলেও সেতুরহিত নদীর পরপারে আমার অন্তঃকরণ আছে। অতএব বিনি আমাকে প্রেম করিয়াছেন, ভাঁছার ধন্যবাদ করি।

অপর বৃদ্ধ শসরলাত্মা জিজ্ঞাসা করিল, শসভয় নামক যাত্রির সহিত পূর্বেতোমার আলাপ ছিল কি না?

\*ক্ষীণমনা কহিল, হাঁ, থাকিবে না কেন? সে \* ধাংস্যা নগরের উত্তর দিগে চারি অংশ অস্তরে, এবং আমার ক্ষাভূমিহইতেও তৎপরিমাণ অস্তরে স্থিত \* মূর্থতা নামক নগরের লোক ছিল, তথাপি তাহার সহিত আমার ভাল স্থান্ধাপ ছিল, কারণ সে আমার খুড়া, এবং আমাদের ছুই জনের স্থভাব ও আকৃতি প্রায় সমান, কেবল আমা অপেকানে কিঞ্জিৎ থর্ক ছিল।

\* সরলায়া কহিল, তুমি তাহাকে জানিতা, ইহা আমি দেখিতেছি; এবং তোমাদের পরস্পর যে সম্পর্ক ছিল, ইহাও সম্ভব বটে, কেননা তাহার তুলা তোমারও বদন রোগা লোকের ন্যায়, এবং চক্ষুও কিছু টেরা, এবং স্বরও প্রোয় সমান।

\*কীণমনা কহিল, যাহারা আমাদের উভয়কেই জানিত, তাহাদের অনেকেই এমত কহিত; এবং তাহার স্থভাবও আমাতে অনেক বর্ত্তিয়াছে, ইহা আমি বিবেচনা করিয়া দেখিয়াছি।

এমত সময়ে \* গায় কহিল, আইসুন, মহাশয়, সুস্রির হউন; আমি ও আমার গৃহ এ সকলই আপনকার। আপনি যাহা ইচ্ছা করেন, তাহা স্কৃদ্দে আজা করুন; আমার ভৃতাগণকে যাহা আদেশ করিবেন, তাহা তাহারা প্রবৃত্ত মনে করিবে।

শ্বীণমনা কহিল, হায়! এ আমার কেমন অনপেকিত সৌভাগ্য! ইহা ঘোর মেঘহইতে স্থ্যপ্রকাশতুল্য।
ঐ বৃহৎকায় শাধুহস্তা যখন আমাকে ধরিয়া রাখিয়াছিল,
তখন আমার এ মঙ্গল বর্তাইতে কি তাহার বাঞ্ছা ছিল?
আমার সর্বস্থা হরণ করিয়া অতিথিলেবক শায়ের গৃহে
আমাকে বিদায় করিতে কি তাহার মনস্থ ছিল? তথাপি
আমার এরপ ঘটিয়াছে।

এই রূপে কীণমনা ও গায় কথোপকখন করিতে-ছিল, ইতোমধ্যে এক জন বেগে ধাবমান হইয়া ছারে আসিয়া ডাকিয়া কহিল, এ স্থানহইতে প্রায় এক কোশ অন্তরে অপ্রকৃত নামে এক যাত্রী হঠাৎ বজুাঘাতে মরিয়াছে। তাহা শুনিয়া কীণমনা কছিল, হায় ২! সে কি মারা পড়িয়াছে? আমার এ পর্যান্ত পৌছিতে অপ্প দিনের পথ অবশিষ্ট থাকিতে সে আসিয়া আমার সঙ্গী হইবার রাঞ্জা প্রকাশ করিয়াছিল। এবং ঐ কাধুহন্তা যখন আ-মাকে ধরিল, তখন সে আমার সঙ্গে ছিল, কিন্তু ফ্রতগামী প্রযুক্ত রক্ষা পাইল। এই কবে বোধ হইতেছে, সে মরি-বার জন্যে রক্ষা পাইল, এবং আমি বাঁচিবার নিমিতে ধৃত হইলাম।

মৃত্যুকর বলি বারে লোকে করে ভয়।
ঘোর বিপত্তিতে তাহা কতু রক্ষা হয়।
যেই ঘটনার মুখ মৃত্যুর সমান।
ন্মুমনা লোকে সেই বিভরে জীবন॥
হইলাম আমি গৃত রক্ষা হৈল তার।
কলিল উহার মৃত্যু জীবন আমার॥

অপর ঐ সময়ে "মথির সহিত "করণার বিবাহ হইল, এবং "গায় "ফৈবী নামী আপন কন্যাকে "মথির ভাতা "যাকুবকে সম্পুদান করিল। পরে ভাহারা প্রায় দশ দিবস পর্যান্ত যাত্রিদের রীভ্যনুক্রমে "গায়ের গৃহে আমোদ প্রমোদে কাল বাপন করিল।

অনস্তর তথাছইতে প্রস্থান করিবার সময় উপস্থিত ছইলে গায় ভাছাদের নিমিন্তে ভোল প্রস্তুত করাতে তাহারা ভোজন পান করিয়া আমোদিত ছইল। পরে প্রস্থান কালে গমহোৎসাহ ব্যার সংখ্যার পত্র চাহিবাতে গায় কছিল, আমার গৃহে ভোজন পানের নিমিত্তে অভিথিদিশের টাকা দিতে হয় না। বংসর ২ যাতিদিগকে আভিথ্য করিতে আমার যত ব্যায় হয়, তাহা পুনরা-গমন সময়ে পরিশোধ করিতে দ্যালু শোমিরোণীয় লোক আভীকার করিয়াছেন। লুক ১০; ৩৪, ৩৫। \* মহোৎসাহ কহিল, হে প্রিয়, তুমি ভাতৃগণের প্রতি, বিশেষতঃ বিদেশি ভাতাদিগের প্রতি যাহা করিয়া খাক, তাহা বিশ্বাসি লোকের যোগ্য। তাহারা মণ্ডলীর সা-ক্ষাতে তোমার প্রেমের বিষয়ে সাক্ষ্য দিয়াছে। তুমি যদি ঈশ্বরের যোগ্যরূপে যাত্রিদিগকে প্রস্থাপন কর, তবে উত্তম কার্যা করিবা।

তখন \* গায় \* ক্ষীণমনাকে পথে পান করিবার নিমিত্তে কিঞ্চিৎ পানীয় দ্রব্য প্রদান পূর্বক বিশেষ প্রেম প্রকাশ করিয়া আপন কন্যা ও জামাতাকে চুম্বনাদি করিয়া সকলকে বিদায় করিল।

## ১২ অখার।

অনন্তর যাতিদের দ্বারহইতে বহির্গত হইবার সময়ে 
\*কীলমনা বিলম্ব করণের লক্ষণ দেখাইলে 
\*মহোৎসাহ
কহিল, হে 
\*কীলমনা, তুমি আমাদের সভ্পে আইস;
আমি ভোমারও পথপ্রদর্শক হইব; তুমি ইহাদের সমান
নাংশী হইবা।

তাহা শুনিয়া \* ক্ষাণমনা কহিল, হায় ২! উপযুক্ত সঙ্গী
না পাইলে আমি চলিতে পারিব না। আপনারা সকলেই
যুবা ও বলবান, কিন্তু আমি অতি বলহীন, ইহা আপনারা
দেখিতেছেন; অতএব আমার পীড়াদি প্রযুক্ত পাছে
আমি আপনকাদের ভারস্বরূপ হই, এই হেতুক পশ্চাৎ ২
গমন করিতে চাহি। আমার মন অতি ক্ষাণ; অন্য লোকেরা যাহা অনায়াদে সহ্থ করিতে পারে, তাহা আমার
পক্ষে অসহতর হইয়া আমাকে আরও ক্ষাণ করে। দেখ,
আমি হাস্য শুনিতে ভাল বাসি না, ও বিচিত্র পরিক্ষদ
দেখিতে পারি না, এবং নিক্ষল প্রশ্নেও আমার প্রবণেছা

নাই। অধিক কি কহিব? আমি এমত ছুর্মল লোক, যে কাহাকেও অনিবিদ্ধ কার্য্য করিতে দেখিলে কখন ২ আমার বৈরক্তি জয়ে। অদ্যাপি আমি ধর্মের সকল কথা জানি না। আমি অতি নির্মোধ খ্রীফীয়ান; প্রভুর নামে কাহাকেও আনন্দধনি করিতে তনিলে কখন ২ আমার মনে ছঃখ উপস্থিত হয়, কেননা আমি তাহা করিতে পারি না। আমি বলবানদিগের মধ্যবর্তি ছুর্মল লোক, কিয়া সুস্থ লোকদের মধ্যবর্তি পীড়াগ্রস্ত লোক, কিয়া তুন্থী-কৃত প্রদীপস্করপ; অতএব কি করিব, ভাহা নির্ম্য করিতে পারি না। ''পিছলিয়া পড়িতে উদ্যত লোক সুখি লোকের দৃষ্টিতে মিটমিটা প্রদীপের ন্যায় হয়।'' ধর্মনি পুস্তকের এই বাকাই আমার নিদর্শন হইয়াছে।

তাহার এই কথাতে "নহোৎসাহ উত্তর করিল, হে লাতঃ, ক্ষীলমনাদিগকে সাজ্বনা দিতে ও ছুর্বলদিগের সাহায্য করিতে আমার প্রতি প্রভুর আজ্ঞা আছে, অত-এব তোমাকে আমাদের সঙ্গে যাইতে হইবে। আমরা তোমার অনুরোধে ধীরে ২ হাইব, ও প্রয়োজন হইলে তোমার সাহায্য করিব, এবং তোমার অপ্রিয় যে কোন মত বা কার্য্য, তাহাহইতে ক্ষান্ত থাকিব; আর সন্দিশ্ধ বিষয়ের বাদানুবাদ তোমার সাক্ষাতে উপস্থিত করিব না। তোমার অনুরোধে বরং সকলি স্বীকার করিব, কোন মতে তোমাকে ক্ষীক্ষাৎ কেলিয়া বাইব না।

এতাবৎ কাল ভাহার। গায়ের দ্বারেতে দাঁড়াইয়া উক্ত প্রকার কুলাপকথনে প্রবৃত্ত ছিল, এমত সময়ে গতনো-মুখ নামে এক জন যাত্রী ইন্টিছয়ে নির্ভন্ন দিয়া তাহাদের নিকটে আসিয়া পোঁছিল। তাহাকে দেখিয়া কিণমনা কহিল, ওহে, তুমি এ স্থানে কেমন করিয়া আইলা? উপ-মুক্ত সালিয়া অভাবে আমি এত ক্ষণ কাতরতা প্রকাশ করিতেছিলাম, কিন্তু তুমি আমার অভিমত সদী বট। ভোমার আগমনে আমি অতি সন্তুফ হইলাম, ভরসা করি আমরা পরস্পরের উপকারী হইতে পারিব।

\* পতনোমুখ কহিল, আমিও তোমাকে সभী পাওয়াতে পরমাক্লাদিত হইলাম। হে মহাশয়, ভাগ্যক্রমে আমাদের এতজ্ঞপ মিলন হইয়াছে; আমরা যেন ইহার পরে পর-স্পর পৃথক্ না হই, এই নিমিতে আমার এক যফি দিই, গ্রহণ কর।

শ্লীণমনা কহিল, তোমার এমত শুভাকাংক্ষায় বাধিত হইলাম, কিন্তু আমি তোমার যফি চাহি না, কেননা খোঁড়া না হইতেই খুঁড়িয়া গমন করিতে আমার ইচ্ছা নাই। আবশ্যক হইলে আমি তাহা লইব। না জানি, কোন সময়ে তদ্ধারা কুঞুরহইতে রক্ষা পাইতে পারিব।

পরে <sup>•</sup>পতনোমুখ কছিল, হে মহাশয়, আমাতে বা আমার যটিতে যথন প্রয়োজন হইবে, তথন আজা করিবেন।

তদনস্তর তাহারা সকলে তথাইইতে প্রস্থান করিলে

"মহোৎসাই ও "সরলাত্মা অগ্রেই চলিল, তৎপরে

"খ্রীফীয়ানী ও তাহার পরিবার চলিল, সকলের শেষে

"ক্ষীণমনা ও যফিধারি "পতনোমুখ, এই তুই জন চলিল।
অনন্তর "সরলাত্মা "মহোৎসাহকে কহিল, হে মহাশয়, এই ক্ষণে আমরা পথে আছি, আপনি অনুগ্রহ করিয়া
পূর্বকালীয় যাত্রি বিষয়ক কোন ই হিতজনক কথা কছন।

\*মহোৎসাহ কহিল, আমি সম্মত আছি। পূর্মকালে

\*মৃতা নামক উপত্যকাতে \* আপলুয়োনের সহিত \* খ্রীফীয়ানের যে প্রকার সংঘটন হইয়াছিল, এবং \* মৃত্যুছায়া স্থলী দিয়া গমন কালে তাহার যে কট হইয়াছিল,
রোধ হয় সে সকল আপনারা শুনিয়া থাকিবেন। এত-

ছাতীত কামুকী নামী স্ত্রী ও প্রথম আদম ও প্রসন্ত্রই এবং কাজুক, এই চারি জন প্রত্তের সহিত সাক্ষাৎ হওয়াতে কিয়াসী নামক যাত্রির যে ২ কই হইয়াছিল, তাহাও অবশ্য শুনিয়া পাকিবেন।

\* সরলাত্মা উত্তর করিল, হাঁ, সে সমস্ত বিষয় শুনি-য়াছি। তাহাদের মধ্যে \* লাজুক অক্লান্ত প্রযুক্ত সর্বাপেকা ক্লেশদায়ক হইয়াছিল।

\* মহোৎসাহ কহিল, হাঁ, তাহা সত্য; এবং তাহার নাম যে অতি বিপরীত, বিশ্বাসির এই কথা যথার্থ।

অপর শ্বরলাত্মা জিজ্ঞাসা করিল, হে মহাশয়, শ্বাচা-লের সহিত শ্বিশ্বাসী ও শ্বীফীয়ানের যে স্থানে সা-কাৎ হইয়াছিল, সে স্থান কোথায়? ঐ শ্বাচালও মহা খল ছিল।

\*মহোৎসাহ কহিল, সে অতি ছঃসাহসী মূঢ় লোক ছিল; তাহার ন্যায় এখনও অনেক লোক আছে।

\*সরলাত্মা কহিল, হাঁ, সে \*বিশ্বাসিকে প্রায় ভুলা-ইয়াছিল।

"মহোৎসাহ কহিল, স্ত্য, কিন্তু তাহার ধূর্ত্তা বুঝিবার এক উত্তম উপায় "খুইটীয়ান তাহাকে দেখাইয়া দিয়াছিল। অনন্তর যে স্থানে "খুইটীয়ান ও "বিশ্বাসির সহিত্ত "মঙ্গলবাঞ্জক দেখা করিয়া "মায়াহটেতে তাহাদের প্রতি কিং ঘটিবে তাহা কহিয়াছিলেন, সেই স্থানের সিয়া শোছিলে পথপ্রদর্শক কহিল, দেখ, এই স্থানের মধ্যে "মঙ্গলবাঞ্জক "খুইটীয়ান ও "বিশ্বাসির দেখা পাইয়া "মায়াহটে ভাহারা কিং ক্লেশ পাইবে, তাহা ভাত করিয়াছিলেন।

\*সরলাকা কহিল, এই বটে? বুঝি তাহা তাহাদের

শুক্তে অতি কঠিন পাঠ বোধ হইরাছিল।

- "মহোৎদাহ কহিল, কচিন বটে, কিন্তু তিনি তাহাদিগকৈ আখাসও দিয়াছিলেন। সে যাহা হউক, তাহারা
  ছুই জন সিংহতুলা বীর ছিল, তাহাদের সাহস শৈলের
  ন্যায় অচল ছিল। তাহারা বিচারকর্তার সমীপে কেমন
  নির্ত্যে দাঁড়াইয়াছিল, তাহা কি আপনকার স্মরণে
  আইসেনা?
- \* সরলাত্মা কহিল, হাঁ, আইসে। \* বিশাসী অতি ধৈর্য্য পূর্বক যন্ত্রণা ভোগ করিয়াছিল।
- \* মহোৎসাহ কহিল, তাহাতে অনেক আশ্চর্য ফলও দশিরাছিল, ফলতঃ তাহার মৃত্যু ভোগ দেখিয়া \* আশাবান প্রভৃতি কতকগুলীন লোক ঈশ্বরের প্রতি মন কিরাইয়াছিল, এমত জনশুতি আছে।
- \* সরলাত্মা কহিল, এ সকল বিষয় আপনি বিলক্ষণ জ্ঞাত আছেন; অতএব ইহার বৃত্তান্ত আরও কিছু কহন, শুনিতে বড় প্রয়াস করি।
- \* মহোৎসাহ কহিল, তবে শুন। \* মায়াহউ পার হইয়।
  গেলে পর \* খ্রীভীয়ানের সহিত যত লোকের সাক্ষাৎ
  হইয়াছিল, তাহাদের মধ্যে \* বহুচেই নামে এক ব্যক্তি
  স্ক্রাপেকা। ধূর্ড ছিল।
  - \* সরলাত্মা জিজ্ঞাসা করিল, ঐ \* বছচেই কে?
- শংহাৎসাহ কহিল, সে এক জন প্রধান শঠ ও পরিপক্ষ কপটি লোক ছিল। সে নাংসারিক লোকদের অভিমত ধর্মাচরণ করিত, কিন্তু সে এমন চতুর যে তদ্যারা
  ভাহার কথন কোন হানি বা ক্লেশ হইত না। প্রয়োজন হইলে ভাহার স্থতন ২ ধর্মমত হইত; এবং এই
  রূপ মতান্তর করিতে সে যেমন নিপুণ, ভাহার জীও
  ভেমনি ছিল। অধিক কি কহিব? এক মত পরিত্যাগ
  ক্রিয়া অন্য মত অবলধন করা ভাহার সহজ কর্ম ছিল;

থবং এ রীতি বে ভাল তাহা সপ্রমাণ করিবার নিমিতে সে বাদানুবাদ করিত। কিন্তু আমি শুনিতে পাই, এত চেউাতে \* বহুচেন্টের শেষদশা অতি মন্দ হইয়াছিল; এবং ঈশ্বরদ্ ভজ্জ লোকদিগের নিকটে তাহার কোন সন্তান যে কখন প্রশংসিত হইয়াছে, এমত কদাচ প্রবণ করি নাই।

ইত্যবসরে যাতিরা ক্রমশঃ অগ্রসর ছইয়া দুরছইতে

দায়াছট দেখিতে পাইল। তাহাতে আপনাদিগকৈ সেই

হানের নিকটবর্তী দেখিয়া তাহারা কি প্রকারে নগরের

মধ্য দিয়া গমন করিবে, এতদ্বিয়ে পরস্পর পরামর্শ করত

এক ২ জন এক ২ প্রকার কথা কহিতে লাগিল। অবশেষে পথপ্রদর্শক কহিল, তোমরা জান আমি যাতিদের
পথপ্রদর্শক হওয়াতে অনেক বার এই নগরের মধ্য দিয়া
গমন করিয়াছি, তৎপ্রযুক্ত কৃপ্রীয় শুলুসোন নামক এক
প্রাচীন শিষ্যের সহিত আনার পরিচয় আছে; আমরা

তাহার গৃহে গিয়া স্বছ্দে প্রবাস করিতে পারি। তোমাদের যদি অভিমত হয়, তবে চল, আমরা সেই স্থানে
গমন করি।

তাহাতে বৃদ্ধ শ্বরলাত্মা সম্মত হইয়া কহিল, এই পরামর্শ ভাল। এবং শুমীফীয়ানী ও ক্ষীণমনা প্রভৃতি সকলেই তাহাতে সম্মতি দিল।

পরে নগরের প্রান্তভাগে পৌছিতেই দিন অবসান হইল, কিন্তু ভাহাতে কোন হানি হইল না, কেননা "মহোৎসাহ ঐ গৃহের পথ ভাল অবগত ছিল।

অনস্তর সেই বাটার নিকটে উপস্থিত হইলে " মহোৎ-সাহ ছারে আঘাত করিয়া এক ডাক দিল। সেই শব্দ শ্রবন্মাত্রে বৃদ্ধ গৃহপতি তাহাকে চিনিতে পারিয়া অবিলয়ে ছার মুক্ত করিয়া দিলে তাহারা সকলে প্রবিষ্ট হইল। পরে গৃহপতি তাহাদিগকে জিজ্ঞাসা করিল, আপনারা অদ্য কত দূরছইতে আসিয়াছেন? তাহারা কহিল, অদ্য আমাদের মিত্র \* গায়ের গৃহহইতে আসি-য়াছি। তাহাতে সে কহিল, আঃ! এত পথ! তোমরা অবশ্য প্রান্ত হইয়া থাকিবা, অতএব বসিয়া বিপ্রাম কর। তাহাতে তাহারা সকলে বসিল।

পরে পথপ্রদর্শক তাহাদিগকে কছিল, হে মহাশয়েরা, কৃতিত হইও না, বোধ হয় তোমাদের আগমনে আমার এই বন্ধ বড় সম্ভূম্ভ আছেন।

তাহা শুনিয়া শুনাদোন কহিল, সত্য, আপনকাদিগের শুভাগমনে আমি পরমাহলাদিত হইয়াছি। এই ক্ষণে যাহা২ চাহেন, আজ্ঞানাত করুন, আমরা সাধ্যানুসারে সে সকল আহরণ করিয়া দিব।

তাহাতে \* সর্লাত্মা কহিল, অপ্প ক্ষণ হইল আমরা উত্তম আশ্রেস্থান ও সৎসঙ্গ, এই চুই বিষয়ের ভাবনা করিতেছিলাম; এই ক্ষণে তছুভয়ই প্রাপ্ত হইলাম।

তাহাতে \* মাুদোন কহিল, এ কেমন আশ্রয়স্থান, তাহা আপনারা দেখিতেছেন; এবং সঙ্গ কি প্রকার, তাহা পরীক্ষাদ্বারা জানা যাইবে।

পরে শহেৎসাহ কহিল, এই ক্লণে কি যাত্রিদিগকে স্বং শ্রনাগারে লইয়া যাইতে পারেন? তাহাতে সে, পারি, এই কথা কহিয়া তাহাদের প্রত্যেককে স্বং গৃহ দেখাইয়া দিল; এবং যাবং শ্রনকাল উপস্থিত না হয়, তাবং তাহারা সকলে একত বসিয়া ভোজনাদি করিতে পারে, এমত এক প্রশস্ত ভোজশালাও তাহাদিগকে দেখাইয়া দিল।

অপর তাহারা সে স্থানে উপবিষ্ট হইয়া পথপ্রান্তিহই-তে কিঞ্চিৎ বিপ্রাম প্রাপ্ত হইলে \* সরলাত্মা গৃহপতিকে জিজ্ঞাসা করিল, এ নগরে ধার্ম্মিক লোক আছে কি না? শুনানোন কহিল, কএক জন আছে; কিন্তু অধান্মিক লোকদের তুলনায় তাহাদের সংখ্যা অতি অপ্প জানিবেন। পরে শরলাত্মা জিজ্ঞাসা করিল, কি প্রকারে তাহাদের সাক্ষাৎ পাইতে পারি? কেননা সমুক্রগামি নাবিকদিগের পক্ষে নক্ষত্র ও চল্রের প্রকাশ যদ্রপা, যাত্রিদের পক্ষে ধান্মিক লোকদের দর্শন তদ্রপ।

তাছাতে গৃহপতি পদাঘাতদ্বারা শব্দ করাতে ক্পানামী তাছার কন্যা উপরে আইলে সে তাছাকে কহিল; হে ক্পো, তুমি যাইয়া চুর্ননা ও প্র্মাশীল ও সাধু-প্রিয় ও অসতাশঙ্ক এবং অনুতাপী, এই কএক জন মিত্রকে কহ, যে অদ্য আমার গৃহে কতকগুলীন বন্ধু আসিয়াছে, তাহারা তোমাদের সহিত সাক্ষাৎ করিতে চাতে।

অনস্তর ক্পা গিয়া তাহাদিগকে এই সংবাদ দিলে তাহারা আসিয়া উপস্থিত হইলে পর পরস্পর নমস্কার ও সম্ভাষানম্ভর সকলে একত উপবিষ্ট হইল।

পরে "মাসোন কহিল, হে প্রতিবাসি মিত্রেরা, তোমরা দেখিতেছ, কতকগুলীন বিদেশি লোক আসিয়া আমার বাটীতে উপস্থিত হইয়াছে। ইহারা সকলেই যাত্রী; ইহারা অনেক দূরহইতে আসিয়াছে, এবং "সিয়োন পর্বতে যাইতেছে। পরে নে "খুটিয়ানীর প্রতি অঙ্গুলি নির্দেশ করিয়া কহিল, এ কে, তোমরা জান? ইহার নাম "খুটিয়ানী। "খুটিয়ান নামে যে প্রসিদ্ধ যাত্রী "বিশাসী নামক সন্ধির সহিত আমাদের এই নগরে ঘার দৌরাক্ষা ভোগ করিয়াছিল, এ তাহারই ভার্যা।

এই কথা শুনিয়া তাছারা সকলে চমৎকৃত হইয়া কৰিল, কুপা বধন আমাদিগকে ডাকিয়াছিল, তথন আমরা যে শুনীফীয়ানীকে দেখিতে পাইব, এমত প্রত্যাশা ছিল না; এ জামাদের জনপৈকিত সৌভাগা। পরে তাহা- রা "খুখিটীয়ানীর কুশলবার্ড। জিজ্ঞাসা করিয়া কহিল, এ যুবা গুলীন আপনার স্বামির পুত্র কি না? তাহাতে "খুখিটীয়ানী কহিল, হাঁ, ইছারা তাঁহারই সস্তান। ইছা শুনিয়া তাহারা ঐ যুব্দিগকে কহিল, তোমরা প্রেম পূর্বক যে রাজার সেবা করিতেছ, তিনি তোমাদিগকে পিতার সদৃশ করিয়া নির্বিল্পে স্বর্গে তাঁহার কাছে লইয়া যাউন।

এই রূপে তাহারা সকলে উপবিষ্ট হইলে পর \* সর-লাআ \* চূর্ণমনা প্রভৃতি সকলকে জিজ্ঞাসা করিল, এই ক্ষণে আপনকাদের নগর কেমন অবস্থায় আছে ?

তাহাতে \* চূর্ণমনা কহিল, হট সময়ে এ স্থানে অতিশায় কলরব হইয়া থাকে, ইহা বুঝিতে পার। ব্যস্ত সময়ে
আমাদের অন্তঃকরণ সুস্থির রাখা বড় কঠিন। যাহারা
এমন স্থানে বাস করে, এবং যাহাদিগকে এ নগরস্থ লোকের সহিত ব্যবহার করিতে হয়, তাহারা প্রতি দণ্ডে
সাবধান হইবার নিমিত্তে ধেন পুনঃ২ চেতনা পায়, এমত
তাহাদের আবশাক আছে।

পরে \* সরলাত্মা জিজ্ঞাসিল, সে যাহা হউক, এই ক্ষণে তোমাদের প্রতিবাসিরা ক্ষাপ্ত আছে, কি উপদ্রব করি-য়া থাকে?

\* চূর্ণমনা কহিল, পূর্বাপেকা তাহারা এই ক্লণে অনেক ক্ষান্ত হইয়াছে। \* খুটিয়ান ও \* বিশ্বাসী, এই চুই জন এখানে যে অত্যাচার প্রাপ্ত হইয়াছিল, ভাহা আপনারা জ্ঞাত আছেন; সম্পুতি এখানকার লোকেরা অনেক শিক্ট হইয়াছে। বোধ হয়, \* বিশ্বাসির রক্তপাত জন্য অপরাধ অদ্যাপি ভাহাদের পক্ষে শুরুতর ভারস্বরূপ আছে; কেননা যদবধি তাহাকে দক্ষ্ করিয়াছে, তদবধি লক্ষ্য প্রযুক্ত আর কাহাকেও দক্ষ্য করে নাই। তৎকালে পথে গমন করিতে আমাদের সাহস হইত না, কিন্তু

এই কণে অছন্দে শিরোবোলন করিয়া বাইতে পারি। আর তৎকালে খ্রীভের আঞ্জিত হওয়া বড় গ্ণার বিষয় ছিল, এই কণে আমাদের এই বৃহন্নগরের কোন ২ স্থানে তদ্ধ অতি সম্ভাৱরূপে গণ্য হইয়াছে।

অপর <sup>\*</sup> চূর্ণনা ধাত্রিদিগকে জিজ্ঞাসা করিল, আপন-কাদের পথে কিরূপ ঘটনা হইয়াছিল? এবং পল্লীগ্রামের লোকেরা আপনকাদের প্রতি কিরূপ ব্যবহার করিয়াছিল?

তাহাতে "সরলাক্ষা কহিল, পথিকদের প্রতি বেরূপ ঘটিয়া পাকে, জামাদের প্রতিও তদ্রপ জানিবা। কখন ২ পরিষ্কার, কখন বা অপরিষ্কার পথ পাই; কখন ২ উর্দ্ধ-গমন, কখন বা অধোগমন করিতে হয়; এই ২ রূপে আমাদের গমনপথের সমতা নাই। বায়ু যে সর্বদা আমাদের অনুকূলে বহে, এমত নয়; এবং পথে ঘাহা-দের নজে সাক্ষাৎ হয়, তাহারা যে সকলেই বন্ধু, এম-তও নয়। ঘাতায় প্রবৃত্ত হওনাবধি স্থানে ২ আমাদের ভারি ২ আপদ ঘটিয়াছে; এবং পরে বা কি ঘটিবে, তা-হাও কহিতে পারি না। "ধার্ম্মিক লোকের ক্লেশ অব-শাই ঘটিবে," এই যে প্রাচীন বাক্য, ইছা অতি যথার্থ ভানিলাম।

\* চূর্মনা কছিল, আপনি যে আপদের কথা কহি-লেন, কছন লেখি, প্থমধ্যে কি ২ আপদ ঘটিয়াছিল ?

\* বর্লাকা কহিল। আমাকে জিজাসা কর কেন? আ-বাদের পথপ্রদর্শক এই - মহোৎসাহকে জিজাসা কর। ইনি সমস্ত বৃত্তান্ত ভালরূপে কহিতে পারেন।

শালা পথের মধ্যে তিন চারি বার আক্রান্ত হইয়াছি-লাম। প্রথমতঃ বুলিনীরানী ও ভাষার পুরেরা ছই চ্রা-শ্যার হস্তে পড়িয়া প্রায় প্রাণ হারার, এমত বিপদগ্রস্ত ছইয়াছিল। পরে "রক্তপাতী ও "গদাহস্ত এবং "সাধু-হস্তা, এই তিন জন বৃহৎকায় আমাদের উপর আক্রমণ করিল, বরঞ্চ শেষোক্ত " সাধুহস্তার উপরে আমরাই আ-ক্রমণ করিয়াছিলাম। ভাছার বিবরণ বলি, শুনুন। আমাদের এবং তাবৎ মণ্ডলীর আতিথ্যকারি "গায়ের গৃছে কিঞ্চিৎ কাল প্রবাস করিলে পরে আমরা এক দিন অস্ত্রধারণ পূর্বক বাহিরে ঘাইয়া যাতিদের কোন শত্র অনুসন্ধান পাই কি না, ইহা দেখিতে স্থির করিলাম। কারণ সেই अक्टल এक जन उग्रक्षत भव् वाम कटत, हेहा जामता শুনিয়াছিলাম। সে কোথায় থাকে, তাহা \* গায় তদ্দেশ নিবাসি প্রযুক্ত আমাদের অপেকা ভাল জানিত, অতএব তাহাকে অগ্রগামী করিয়া সেই \* সাধৃহস্তার বাদস্থানের निकटि यारेया । पिर्ण ७ पिर्ण खैंकि मातिया प्रिया শেষে তাছার গুহাদ্বারের উদ্দেশ পাইলাম। তাহাতে আমরা হুইটিত ও সাহসী হইয়া তাহার গুহার নিকটে রাইয়া দেখিলাম, সে বলদ্বারা আমাদের এই বন্ধু \* ক্ষীণ-মনাকে স্বজালে ধরিয়া ইছার প্রাণান্ত করিতে উদ্যত ছিল। কিন্তু আমাদিগকে দেখিয়া সেই চুরম্ভ অধিক লভ্যের আ-শাতে লুকা হওয়াতে এই ছুর্ভগাকে গুছার মধ্যে রাখিয়া আপনি বাহিরে আইল। তালতে আমরা তাহার উপর বোর আক্রমণ করিলে সেও আমাদিগকে মধাসাধ্য আঘাত করিতে লাগিল, কিন্তু শেষে সে পরাস্ত হইয়া ভূমিশায়ী হইলে আমরা তাহার মন্তক ছেদন করিয়া তদনুরূপ ছুরাআদিগের ভয় প্রদর্শনার্থে পথের পার্ফে ঝুলাইয়া দিলাম। এই বিবরণের সভ্যতার প্রতি যদি কোন সন্দেহ থাকে, তবে সিংহের মুখহইতে উদ্ধৃত মেষশাবৰস্বরূপ धरे "कीनमनारकरे किछाना करून।

<sup>\*</sup> কৌণমনা কহিল, এই বিবরণ সতা। আমি শক্ষা ও

সাজ্বনা পূর্বক তাহার প্রমাণ পাইয়াছি; ফলতঃ সেই
বৃহৎকায়কে আমার অন্থিহইতে মাংস ছিঁড়িতে উদাত
দেখিলে আমার শঙ্কা হইয়াছিল; পরে আমার উদ্ধারার্থে মহোৎসাহ এবং তাহার অনুসন্ধিদিগকে সশস্ত্র
হইয়া আসিতে দেখিলে আমার সাজ্বনা জন্মিয়াছিল।

\*ধর্মনীল কহিল, সাহস এবং নিষ্কলন্ধ চরিত্র, এই হই বিষয় বাত্রিদের বড় প্রয়োজনীয়। কেননা সাহস না থাকিলে তাহারা পথের শেষ পর্যান্ত গমন করিতে সমর্থ হয় না; এবং আচরণ মন্দ হইলে লোকদের নিকটে বাত্রির নাম পর্যান্ত ঘৃণাস্পদ হয়।

পরে শ্বাধুপ্রিয় কহিল, বোধ হয়, এ প্রকার উপদেশ তোমাদিগকে দেওয়া অনাবশ্যক। কিন্তু এই পথে এমত অনেক লোক আছে, যাহারা আপনাদিগকে পৃথিবীতে বিদেশী এবং বৈরাগ্যবিশিষ্ট না দেখাইয়া বরং যাতাতে বিরক্ত দেখায়।

অপর "অসতাশস্ক কহিল, এ কথা অতি বংশর্থ; যাত্রি-দের মত তাহাদের বস্তুও নাই, এবং সাহসও নাই; তাহারা সোজা হইয়া না চলিয়া বক্র গতিতে যায়; তাহাদের জুতা অসমান ও বস্তু ছেঁড়া, ইহাতে তাহারা আপন প্রভুর অপমান জ্বায়।

তৎপরে " অনুতাপী কহিল, ঐ সকল বিষয়ের নিগিতে ভাবিত হওয়া তাহাদিগের উচিত। কেননা ঐ প্রকার দোব ও কলঙ্ক দূর করণহারা যাবৎ পথ পরিষ্কার না হয়, তাইৎ যাতিদের মনোবাঞ্চানুসারে তাহাদের স্থভাব ও যাতাধর্ম শোভা পাইতে পারে না।

এই প্রকারে তাহার। সকলে বসিয়া পরস্পর কথোপ-কথন করত কিছু কাল যাপন করিলে ভোজ প্রস্তুত হইল শিরে ভাহার। আহারাদি করিয়া শায়ন করিতে গেল।

তদনম্ভর তাহারা ঐ হউন্থিত \* মাুসোনের বাদীতে বছ দিবস অবস্থিতি করিল। তদবসরে সে \*কুপা নামুী আপন कना " थी छी यानी त शृक " भि मृ (यन रक, ७ " मार्था नामी কন্যা " যুষফকে ভার্যার্থে সম্পুদান করিল। আর তৎ-কালীন ঐ নগরস্থ লোকদের বিপক্ষতা পূর্বের ন্যায় না থাকাতে যাত্রিরা ঐ স্থানে পূর্ব্বোক্তক্রমে অনেক দিবস পর্যান্ত বাস করিয়া তল্পরস্থ অনেক ধার্ম্মিক লোকের সহিত পরিচিত হইয়া সাধ্যানুসারে তাহাদের প্রতি প্রণয় করিতে লাগিল। বিশেষতঃ \*ককণা আপন রীতান্সারে দরিদ্রদিগের উপকারার্থে বছ পরিশ্রম পূর্মক অন্ন বস্ত্র প্রস্তুত করিয়া তাহাদিগকে দান করিত, তাহাতে তাহারা কৃতজ্ঞতা স্বীকার করিয়া তাহার ধনাবাদ করিত; এই রূপে \* করুণা সেই স্থানেও খ্রীইউধন্মের ভূষণস্বরূপ ছিল। এবং \*কুপা ও \* ফৈবী ও \* মার্থা ইছাদেরও প্রশংসা করা উচিত, কেননা ইহারা অতি শিউপ্রকৃতি হওয়াতে সাধ্যানুসারে লোকদের উপকার করিত। আর উক্ত চারি জন বছপ্ৰজা হওয়াতে পূৰ্ব্বোক্ত মতে জগতে "খ্ৰীফী-য়ানের নাম রক্ষা পাইবে, এমত সম্ভাবনা হইল।

অপর যাত্রিদের ঐ স্থানে প্রবাস সময়ে বিকটাকার এক জন্তু অরণাছইতে নির্গত হইয়া আসিয়া নগরের অনেক লোককে সংহার করিতে, এবং তাহাদের শিশু সন্তানদিগকে কাড়িয়া লইয়া আত্মশাবকদের স্তন্যপানে অভ্যাস করাইতে লাগিল। সে এমত ভয়ঙ্কর, যে নগর-বাসি লোকদের মধ্যে কেহ তাহার সম্মুখে যাইতে সা-হস করিত না, বরং তাহার আগমনের শন্সাত্র প্রবণে সকলেই প্রায়ন করিত।

পৃথিবীস্থ ভাবৎ জন্তুহইতে ঐ জন্তুর আকার প্রকার বিভিন্ন ছিল। তাহার শরীর নাগের ভুল্য, এবং তাহার নপ্ত মন্তক ও দশ শৃক্ত ছিল। ঐ জন্ত অনেক ২ শিশুকে
নন্ধ করিত, কিন্তু আশ্চর্যা এই, সে একটী স্ত্রীলোকের
বশীভূত ছিল। ঐ জন্ত মনুব্যদিগকে ব্যবস্থা দিত; তাহাতে বাহারা আত্মার পরিত্রাণ অপেকা শারীরিক জীবনরক্ষা শ্রেষ্ঠ জ্ঞান করিত, তাহারা তাহার ব্যবস্থা গ্রহণ
করিয়া তাহার অধীন হইল।

তথন "মহোৎসাহ, এবং যাত্রিগণের দর্শনার্থে বাহার।
"মাসোনের গৃছে আসিত, তাহারা সকলে একপরামর্শ
হইয়া ঐ সংহারকারি জন্তর মুখহইতে নগরস্থ লোকদিগকে মুক্ত করণাভিপ্রায়ে তাহার সহিত সংগ্রাম করিতে
পণ করিল।

অতএব \* মহোৎসাহ ও \* চূর্মনা ও \* ধর্মশীল ও \* অস্তাশস্ক ও \* অনৃতাপী, এই সকলে অস্ত্রধারণ পূর্বক ঐ জন্তর সহিত যুদ্ধার্থে গমন করিল; তাহাতে সে তাহাছ দিগকে দেখিয়া তুছ জান করিয়া অত্যন্ত আক্ষালন করিতে লাগিল, কিন্তু তাহারা অস্ত্রবিদ্যাতে অতি নিপুণ প্রযুক্ত ঐ জন্তকে এমন আঘাত করিল, যে সে পরাস্ত হয়া নিজ আবাসে পলাইয়া গেল। তথন তাহারাও \* মাুসোনের গৃহে পুনর্বার ফিনিয়া আইল।

ঐ জন্ত বিশেষ ই মাসে আপন শৈক্ষরে ইইতে বাহির ইইয়া নগরন্থ লোকদের বালকগণের প্রতি আক্রমণ করিত। অতথব সেই ই সময়ে পূর্ব্বোক্ত বীর পুরুষেরা ঐ জন্তর অপেক্ষা করিয়া তাহার উপর পুনঃ ই আক্রমণ করিত, ভাষাতে কেই কালক্রমে ক্ষত বিক্ষত ও পঙ্গু হওয়াতে পূর্বানুরূপ নগরন্থ বালকগণের উপর আর উৎপাত করিতে পারিল না। এবং কেই ই এমত অনুমান করে, শীরল কালাতই তাহার প্রাণবিয়োগ ইইবে।

এই হিতজনক কার্য্যের নিমিতে "মংহাৎসাহ ও তা-

ছার সঙ্গিণ ঐ নগরে অতি খ্যাত্যাপন্ন হইল; বিশেষ্ডঃ ধর্ম্মের প্রতি যাহাদের শ্রদা নাই, এমত লোকেরাও তাহাদের সম্মান ও প্রতিপ্তা করিতে লাগিল; এতনিমিতে ঐ নগরে বাস কালে যাত্রিদের প্রতি কেহ বড় দৌরাক্ষ্য করিল না। তথাপি পেচকের ন্যায় দিবান্ধ ও পশুর ন্যায় স্থলবুদ্ধি কএক জন ইতর লোক তাহাদের বীরত্বে ও কার্য্যে মনোযোগ না দিয়া তাহাদিগকে অবজ্ঞা করিত।

## ১৩ অধ্যার।

অনন্তর যাতিদের গমনকাল উপস্থিত হইলে তাহারা প্রস্থানার্থে প্রস্তুত হইতে লাগিল; বিশেষতঃ বন্ধুগণকে ডাকিয়া আনাইয়া তাহাদের সঙ্গে কথোপকথন করিল, এবং প্রার্থনাদ্বারা নিজ রাজার হস্তে এক জন অন্যকে সমর্পণ করিতে কিছু কাল বায় করিল। এবং তাহাদের বন্ধুগণ আপন ২ সাধ্যক্রমে দুর্বল ও বলবান এবং স্ত্রী ও পুরুষ প্রত্যেকের প্রয়োজনীয় পাথেয় দ্বব্য আনিয়া তাহাদের নিকটে উপস্থিত করিল।

পরে প্রস্থান করণ সময়ে তাছাদের বন্ধুগণ নগরছইতে কিয়দূর পর্যান্ত হাক্লিদিগকে আগ্বাড়ান দিতে গেল। পরে বিদায় কালে তাছারা পরস্পরকে পুনর্কার নিজ রাজার ছস্তে সমর্পণ করিলে বন্ধুগণ নগরে প্রত্যাগমন করিল, এবং যাত্রিরাও স্বীয় পথে অগ্রসর ছইতে লাগিল। কলতঃ সকলের অগ্রে \*মছোৎসাছ চলিল; কিন্ত স্ত্রীলোক ও বালকেরা ত্র্বল ছওয়াতে সকলকেই ধীরে ২ যাইতে ছইল। তাছাতে \*পতনোমুখ ও \*ক্লীণমনা অনুরূপ সঙ্গী পাওয়াতে সাজ্বনা প্রাপ্ত ছইল।

তমগ্রনিবাসি বন্ধাদের নিকটছইতে বিদায় হওনের

অপ ক্ষণ পরে ঐ যাত্রিরা বিশ্বাসির বধস্থানে উপস্থিত হইল; তথায় তাহারা কিঞ্চিৎ কাল দাঁড়াইয়া থাকিয়া, যিনি বিশ্বাসিকে ধৈর্য পূর্বক হত্যারূপ কুশ সম্ভ করণে সক্ষম করিয়াছিলেন, তাঁহার ধন্যবাদ করিল, এবং মৃত্যুযন্ত্রণাতে বিশ্বাসির ধৈর্যে আপনাদের যে উপকার দর্শিয়াছিল, তাহা কৃতজ্ঞতা পূর্বক স্বীকার করিল।

তদনন্তর তাহারা "খ্রীফীয়ান ও "বিশ্বাসির প্রসঙ্গ করত, এবং " বিশ্বাসির মরণের পর "খ্রীফীয়ানের সহিত \* আশাবানের কি প্রকারে সাক্ষাৎ হইয়াছিল, এই বিষ-য়ের কথোপকথন করত অনেক পথ চলিয়া গেলে পরে রূপার আকর \* লভ্য নামক পর্বতের সমীপে আসিয়া উপস্থিত হইল। দেই স্থানে \* দীমাঃ রূপার আকর দেখিয়া যাত্রাহইতে নিবৃত হইয়াছিল, এবং \* বছচেউও আকরের গর্ভে পড়িয়া নক্ট হইয়াছিল, ইহা বিবেচনা করিয়া ভাছারা লোভছইতে সাবধান থাকিতে মনে ২ স্থির করিল। অনস্তর তাহারা কিঞ্চিৎ অগ্রে যাইয়া "লভ্য পর্বতের সম্মুখে হিত পুরাতন স্তম্ভ, অর্থাৎ \* সিদোম নগরের ও তলিকটবর্তি ছুর্গন্ধি হুদের অন-ভিদূরে যে লবনস্তম্ভ আছে, তাহার নিকটে উপস্থিত হইল। তখন ঐ হুই ব্যক্তির ন্যায় জ্ঞানি ও বুদ্ধিমান लाक्ता लाजाक रहेगा य अगठ जात विश्वशामी रम, ইছাতে "খ্রীফীয়ানের ন্যায় সেই থাতিরাও চমৎকৃত হইল। শেষে তাহারা বিবেচনা করিয়া বুঝিল, লোভি ব্যক্তিদের চক্ষু यদ্বারা মুগ্ধ হয়, তদ্বার। পরের যে অনিষ্ট ক্রিয়াছে, তাহা ভাহাদের অতি লঘু বোধ হয়।

অপর আমি দেখিলাম যে যাত্রিরা "রমণীয় নামক পর্বতশ্রেণীর এপারস্থ নদীর তীর পর্যান্ত অগ্রসর হইল। ঐ নদীর উভর পার্শে অতি সুন্দর বৃক্ষ আছে; সেই বৃক্ষের পত্র ভক্ষণ করিলে পীড়া নই হয়। এবং তথাকার মাঠ সম্বংসর ব্যাপিয়া ছরিদ্বর্গ থাকে, এবং সেই স্থানে যাত্রিরা নিরাপদে শয়ন করিতে পারে। গীত ২৩, ২।

ঐ নদীতীরস্থ মাঠেতে অনেক মেষালয় ছিল, বিশেষ্টেঃ ষাত্রিকী স্ত্রীদিগের শিশুরূপ মেষশাবকদের প্রতিপালনার্থে এক বাটী নির্মিত ছিল। আর ঐ শাবকদের প্রতি বাৎসল্য প্রকাশ করণে ও তাহাদিগকে ক্রোড়ে করিয়া বহন করণে ও গর্ত্তবিচীদিগকে অতি মৃত্র গতিতে গমন করাওণে নিপুণ এক জন পালক সেই বাটীতেছিলেন, তিনি তাহাদের প্রতিপালনে নিযুক্ত ছিলেন।

অতএব "খ্রীফীয়ানী আপন চারি পুত্রবধূকে পরামর্শ দিয়া কহিল, তোমরা আপন ২ সন্তানগণকে এই প্রতি-পালকের হস্তে সমর্পণ কর। এই জল সমিহিত গৃহেতে আত্রয় পাইলে উত্তমরূপে তাহাদের লালন পালন হই-বে, এবং ভাবি কালে তাহাদের কেছ হারাণ হইবে না। কেননা ইনি ভান্ত কিয়া হারাণ সকলকে স্বস্থানে পুন-র্বার আনয়ন করিবেন, এবং ভগ্নাক্ষের ক্ষত বান্ধিয়া দিবেন, ও পীড়িতদিগকে সূত্র করিবেন। এখানে তাহাদের অন্ন বস্ত্রের অভাব কদাচ ছইবে না, এবং এই স্থানে তাহারা দৃস্য ও তক্ষরহুইতে রক্ষা পাইবে; কেননা ইহার নিকটে যাহারা গচ্ছিত আছে, প্রাণ থাকিতে তাহাদের এক জন-কেও নম্ট হইতে দিবেন না। আর দেখ, এই স্থানে তাহারা উত্তম শিক্ষা ও চেতনা পাইয়া সৎপণে গমন করিতে সৃশিকিত হইবে; ইহা সামান্য লাভ নয়। অধিকন্ত তো-মরা দেখিতেছ, এ স্থানে অতি মিই জল ও রমণীয় মাঠ ও সুগন্ধি পুৰুপ এবং স্পথ্য ফলোংপাদক নানা প্রকার ৰুক্ষ আছে। "বাল্সিবৃবের উদ্যানস্থ্ ক্কের শাখা ভিত্তির উপর দিয়া ঝুলিয়া পড়াতে "মথি যে ফল খাই-

রাছিল, সেই কলের ন্যায় এই কল নর, বরং ইছা অসুস্থের স্বাস্থ্যজনক ও সৃষ্টের স্বাস্থাবর্দ্ধক জানিবা।

অতএব তাহারা এই পরামর্শ গ্রাহ্থ করিয়া ঐ ব্যক্তির হল্তে আপন ২ সন্তানদিগকে সমর্পণ করিতে সম্মত হইল। বিশেষতঃ ঐ স্থান ছুর্মল ও পিতৃহীন শিশুদের আশ্রয়-স্থান হওয়াতে তাহাদের ভরণ পোষণ জন্য ব্যয় রাজ-কোষহইতে দত্ত হইবে, ইহা শুনিয়া তাহারা আরও সন্তুই হইল। তদনস্তর তাহারা পথে অগ্রসর হইতে লাগিল।

পরে «যে শিঁড়ি দিয়া \* খ্রীফীয়ান ও তাহার সঙ্গি " आभावान উठिया " উপপথ नामक मार्ट्य প্রবেশ করণা-নম্ভর বৃহৎকায় \* আশাভঙ্গ কর্তৃকগৃত হইয়া \* সংশয়ছুর্গে বদ্ধ হইয়াছিল, যাত্রিরা যখন সেই শিঁড়ির নিকটে উপ-স্থিত হইল, তথন কি কর্ত্তব্য তাহা বসিয়া বিবেচনা করিতে লাগিল। ফলতঃ তাহারা পরস্পর কহিতে লাগিল, আ-মরা এত লোক, এবং আমাদের অগ্রগামী "মহোৎসাহ এমন মহাবীর, যে বোধ হয় সেই ছুরস্তের উপরে আক-মণ করিলে তাহার গড় ভালিয়া তমধ্যে কারাবদ্ধ যাত্রি-দিগকে মৃক্ত করা আমাদের সাধ্য। অতএব আইস, আ-মরা অত্যে তাহাই করি, পরে স্থপথে পুনরায় গমন করিব। ভাগতে এক জন কহিল, অপবিত্র ভূমিতে গমন করা কি উচিত? আর এক জন কহিল, আমাদের অভিপ্রায় यपि ভान हम, जत्व উচিত वर्षे। स्थरि "मरहारमाह কহিল, শেৰোক্ত বাক্য সৰ্মধা গ্ৰাহ্ তাহা নছে; কিন্ত পাপের অভিরোধ ও মন্দের পরাজয় ও বিশাসরূপ উত্তম যুদ্ধ করিবার আজা আমাকে দত হইয়াছে। ঐ "আশাভঙ্গ ব্যতিরেকে আর কাহার সহিত সেই উত্তৰ বৃদ্ধ করিব? অভএব আমি এক বার তাহার প্রাণ ও গড় নউ করিতে চেটা করি। আসার সঙ্গে

কে ? যাইবা? কহ। তাহাতে বৃদ্ধ "সরলাত্মা কহিল, আমি যাই। আর "মথি ও "শিমুদ্রেল ও "যাকুব এবং "যুষক, "খুীফীয়ানীর এই চারি পুত্র কহিল, আমরাও বাই, কেননা তাহারা তথন যুবা ও বলবান হইয়াছিল। এই রূপ যুক্তি করণানস্তর আপনারা যাবং ফিরিয়া না আইসে, তাবং জীলোকদিগকে রাজপথে রাখিয়া তাহাদের রক্ষার্থে "কীণমনাকে ও যফিগারি "পতনোমুখকে নিযুক্ত করিয়া গমন করিল। কেননা সেই ছুরস্ত "আশাভঙ্কের গড় যদাপি নিকটবর্তী ছিল, তথাপি রাজপথে থাকাতে ঐ জীলোকদের রক্ষার্থে কোন ক্ষুদ্র বালককে নিযুক্ত করিলে তাহারা নির্মিল্পে থাকিত।

অপর \* মহোৎসাহ ও বৃদ্ধ \* সরলাত্মা এবং উক্ত চারি
যুবা পুরুষ বৃহৎকায় \* আশাভক্তের অন্বেষণে \* সংশয়ছুর্গের দিগে গমন করিতে লাগিল। পরে ছুর্গদ্বারে উপস্থিত হইলে প্রবেশ করণের চেন্টাতে অতি উচ্চঃশব্দে
আঘাত করিতে লাগিল; তাহাতে ঐ বৃদ্ধ বীর \* শক্ষা
নামী আপন জ্রার সমতিব্যাহারে দ্বারে আসিয়া জিজ্ঞাসা
করিল, কে? বৃহৎকায় \* আশাভঙ্গকে এমত বিরক্ত করিতে
কাহার ছুঃসাহস আছে? তাহাতে \* মহোৎসাহ উত্তর
করিল, স্বর্গায় রাজধানীতে গমনকারি যাত্রিদের পথপ্রদর্শকরূপে নিযুক্ত \* মহোৎসাহ নামে রাজভূত্য আমি।
অতএব আমার প্রবেশার্থে এই দণ্ডে দ্বার খুলিয়া দেও,
এবং সংগ্রামার্থে সসজ্জ হও, কেননা তোমার শিরশ্ছেদন
করিতে এবং তোমার এই \* সংশয়ন্ত্র্গ ভাঙ্গিতে আমি
আসিয়াছি।

ঐ কথা শুনিয়া <sup>\*</sup> আশাভঙ্গ চিন্তা করিল, আমি বৃহৎ-কায়, আমাকে পরাস্ত করিতে মনুযোর সাধ্য কি? পূর্বের আমি কোন ২ অর্গদূতকে পরাভব করিয়াছি, অতএব এখন এই "মহোৎসাহ কি আমাকে ভয়ার্ভ করিবে? ইহা ভাবিয়া সে সজ্জীভূত হইয়া, অর্থাৎ মক্তকে লে'হ শিরস্ত
এবং বুকে অগ্লিময় বুকপাটা এবং চরণে লৌহ পাছুকা
দিয়া অতি বড় এক লগুড় হস্তে করিয়া হুর্গহইতে বহিগতি হইল। তথন ঐ ছয় ব্যক্তি তাহাকে অগ্র পশ্চাৎ
যেরিয়া আক্রমণ করিতে লাগিল। তাহাতে "শঙ্কা নামী
তাহার পত্নী স্বামির সাহায্যার্থে নিকটে আইলে বৃদ্ধ
"সরলাত্মা তাহাকে একাঘাতে কাটিয়া ফেলিল। অনস্তর
উভয় পক্ষ প্রাণপণে যুদ্ধ করিতে ২ শেষে বৃহৎকায়
"আশাভঙ্গ ভূমিতে পতিত হইল, কিন্তু প্রাণত্যাগ করিতে
অনিজ্ক হওয়াতে যুদ্ধ করিতে কান্ত হইল না। তাহাতে
সে মরিলেও মরিবে না, এমত ভয় জন্মিল, কিন্তু অবশেষে
"মহোৎসাহ তাহার মৃত্যুর কারণ হইল, কেননা সে যাবৎ
তাহার মন্তক ছেদন না করিল, ভাবৎ ক্ষান্ত হইল না।

পরে তাহার। "সংশয়ত্বর্গ ভাঙ্গিতে উদাত হইল।
"আশাভঙ্গের মৃত্যু হওয়াতে সেই কার্যা অতি সহজ ছিল,
তথাপি ভাহাতে সপ্ত দিন লাগিল। তুর্থমধ্যে খাদ্যাভাবে
মৃতকণ্প "নিরাশ নামক এক জন ও "ভয়াকুলা নামুী
তাহার কন্যা এই যে তুই যাত্রী কারাবদ্ধ ছিল, তাহাদিগকে তাহারা জীবৎ পাইয়া উদ্ধার করিল। এতদ্তির
গড়ের উঠানে প্রেক্ষিপ্ত অনেক মৃত মনুষ্যের দেহ এবং
কারাকুপে রাশীকৃত মাধার খুলি এবং অহি দেখিরা
তাহারা অতি চমৎকৃত ও শোকান্বিত হইল।

অনন্তর "মহোৎসাহ ও তাহার অনুচরেরা ঐ মহৎ কার্য ক্রাণন করিয়া "নিরাশকে এবং "ভয়াকুলা নামী তাহার কন্যাকে রক্ষা করিতে স্বীকার করিল, বেহেত্ক ভাহারা ঐ ছুরাল্মা "আশাভক্তের "সংশয়ন্থপ্র জ থাকি-ক্রেন্ত থান্মিক লোক ছিল। পরে তাহারা ঐ বৃহৎকারের



ক্বন্ধ প্রস্তররাশির নীচে, পুঁতিয়া তাহার মুও হস্তে লইয়া রাজপথে অপেক্ষাকারি আত্মীয়গণের নিকটে আ-সিয়া আপনাদের কৃত কার্য্য দেখাইল। তাহাতে \* আশা-ভঙ্কের মন্তক দেখিয়া "ক্ষীণমনা ও "পতনোমুখ অতিশয় আমোদ করিতে লাগিল। তাহাদের এমন আনন্দ দেখিলে \* খুীফীয়ানী ও তাহার পুত্রবধূ \* করুণা বীণা প্রভৃতি বাদ্য-বাদনে নিপুণ হওয়াতে তাহা বাজাইতে লাগিল, তাহাতে \*পতনোমুখ ঐ \* নিরাশের \* ভয়াকুলা নামুী কন্যার হস্ত ধরিয়া রাজপথে নৃত্য করিতে লাগিল। নৃত্য করণার্থে যদ্যপি তাহাকে ষ্টিতে অবলম্বন করিতে হইল, তথাপি দে তালে ২ এমত পা কেলিতে লাগিল, এবং ঐ কন্যাও বাল্যানুসারে এমত নাচিল, যে তাছা দেখিয়া সকলেই চমৎকৃত হইল। সেই নৃত্য বাদ্যাদিতে \* নিরাশের তাদৃশ তৃপ্তি জন্মিল না; কেননা ক্ষায় মৃতকপে হওয়াতে সে নৃত্য অপেকা বরং আহার করণের আকাজ্ফী ছিল। অতএব \* খুীফীয়ানী ভাছার প্রাণ জুড়াইতে প্রথমে নিজ শিশি-হইতে কিঞ্চিৎ দ্রাক্ষারস পান করাইল, পরে তাহার জন্যে খাদ্য দ্রব্য প্রস্তুত করিয়া আহার করাইল, তাহাতে ঐ বৃদ্ধ পুনজীবিতের ন্যায় ছইয়া বল পাইতে লাগিল।

ঐ সমস্ত ব্যাপার সমাপ্ত হইলে পর আমি স্বপ্লেতে দেখিলাম, ভাবি কালে যেন কোন পথিক "আশাভঙ্গের ভূমিতে প্রবিষ্ট না হয়, এই নিমিত্তে "পৃঁটিটীয়ান যে জ্ঞ স্থাপিত করিয়াছিল, তাহার সম্মুখে অথচ রাজপথের পার্ষে "মহোৎসাহ এক বৃহৎ বাঁশ পুঁতিয়া ঐ "আশাভঙ্গের মস্তক ভাহাতে টাঙ্গাইয়া দিয়া তাহার নীচে এক প্রস্তর্থণ্ডে এই পদ্য লিখিয়া দিহা, যথা,

পূর্ম্মকালে এই স্থানে ছিল এক বীর। আশাভঙ্গ ভার নাম বিকটশ্রীর॥ ভানিয়া বাহার নাম লোকে লাগে ভয়।
তাহার মন্তক এই জানিবা নিশ্চয়॥
সংশয় নামক গড়ে করিত নিবাস।
সম্পূর্ণরূপেতে, তাহা হয়েছে বিনাশ॥
শকা নামে এক ভার্যা আছিল তাহার।
মহোৎসাহ বীর তারে করিল সংহার॥
নিরাশ নামেতে এক যাত্রী ক্ষীণাকার।
ভয়াকুলা নামে খ্যাতা ছহিতা তাহার॥
এই ছই মানবেরে করিবারে ত্রাণ।
মহোৎসাহ মহাবীর্যা করিল বিধান॥
কেহ যদি এ বিষয়ে করয়ে সংশয়।
দৃষ্টি মাত্রে ছিধা মন ঘুচিবে নিশ্চয়॥
দেখ করিতেছে নৃত্য ভীত যে খঞ্চেরা।
মুগু হেরি ভয়ে মুক্ত হয়েছে তাহার॥

পুর্বোজরপে "সংশয়তুর্গ নই করনে এবং বৃহৎকায়
"আশাভলকে বধ করনে যাত্রিদের বীরত্ব প্রকাশ পাইলে
পরে যাত্রিরা পুনরার অগ্রসর হইতে লাগিল। অপর
যে স্থানে "খ্রীফীয়ান এবং "আশাবান বিবিধ সুখ ভোগে
পরিত্প্ত হইয়াছিল, সেই "রমণীয় পর্বতে তাহারাও
আসিয়া প্রেছিল। পরে তথাকার মেবপালকদিগের
সহিত সাক্ষাৎ হইলে তাহারা পূর্বে "খ্রীফীয়ানের যে
রক্ষ সন্মান করিয়াছিল, সেই রূপ এই ক্ষণে যাত্রিদিগকে
সমাদর প্র্বাক্ষ গ্রহণ করিল। "মহোৎসাহের সহিত
মেবপালকদের প্রকাবিধি পরিচয় থাকাতে তাহারা তাহার পশ্চালামি অনেক লোককে দেখিয়া ভাহাকে জিজ্ঞাসিল, হে মহাশয়, আপনকার সমিতব্যাহারে অনেক লোক
দেখিতেছি, ইহাদিগকে আপনি কোথায় পাইলেন? তাহাতে "মহোৎসাহ উক্তর করিল, বথা,

वह त्मर श्रीकोशनी मह भारतकना চারি পূক্র আর তার পূক্তবযুগণ 🎚 🦯 তারা নাবিকের ন্যায় ধ্রুব জক্ষা করে। এই রূপে স্থির মনে স্থপথ ঠাছরে ॥ পাপহৈতে কুপা প্রতি করে সঞ্চালন। নত্বা এখানে নাহি আসিত কখনা তার পরে সরলাজা বৃদ্ধ মহাশয়। অপিচ পতনোমুখ জানিবা নিশ্চয় ii याजी इत्य अहे तम्य कतिहरू शमन। অসংশয় ইছাদের অকপট মন ॥ (मर्थ এই की नमना त्मरे क्रम नत्। তার ইচ্ছা নাহি ছিল থাকিতে অন্তর। निताम नामक राजी आमिटलट्ड शदता ভয়াকুলা নামে নিজ কন্যা সজে করে॥ এই স্থানে আমরা কি আতিথ্য পাইব। অথবা অগ্রেতে গিয়া সন্ধান করিব ॥ কি করিতে হইবেক কছন বিশেষ। তাহাই জানিলে তবে কার্যা করি শেষ॥

ইহা শুনিয়া নেম্পালকেরা কহিল, আপনকার এই
সলিরা সকলে সজন; আমাদের এই স্থানে তোমরা
অবশ্য স্কুন্দে অবস্থান করিতে পার। এখানে বলবান
ও চুর্মল উভয়েরই উপযোগি সামগ্রী প্রস্তুত আছে।
কেননা ইহাদের মধ্যে কুদ্রভম লোকের প্রতিও আমাদের
রাজার কুপাদৃটি আছে; অভএব চুর্মলতাকে আমাদের
গ্রহণের প্রতিবন্ধক জ্ঞান করি না। তদনন্তর নেষরক্ষকেরা
যাত্রিদিগকে অউলিকার ছারের নিকটে লইয়া যাইয়া
কহিল, হে ক্লীণমনা, হে পতমোগুখ, হে কিরাশ, হে
ক্রীকুলে, তোমরা ভিতরে আইস। পরে তাহারা পথ-

প্রদর্শককে কহিল, হে বন্ধো, আমরা এই ছুর্মলদিগের
নাম ধরিয়া ডাকিলাম, কেননা এই প্রকার লোকেরা
আসিতে সন্দেহ করে। কিন্তু তোমাকে ও আর ২ বলবানদিগকে নাম ধরিয়া ডাকিবার প্রয়োজন নাই; তোমরা
ফ্লাবিহিত জ্ঞাত আছা তখন \* মহোৎসাহ কহিল, আমি
অদ্য দেখিতেছি, প্রভুর অনুগ্রহেতেই তোমাদের মুখ
প্রসন্ন আছে; তোমরা আমার প্রভুর প্রকৃত মেবপালক। যেহেতুক তোমরা এই ছুর্মলদিগকে দূর করিয়া
না দিয়া বরং বাদীর দার পর্যান্ত তাহাদের পথ পুল্পেতে শোভিত করিয়া দিয়াছ।

অনন্তর ঐ পীড়িত তুর্বলেরা অগ্রে প্রবিষ্ট হইলে

\* মহোৎসাহ ও আর ২ সকলেই প্রবেশ করিল। পরে
সকলে উপবিষ্ট হইলে মেষপালকেরা তুর্বলিদগকে জিজ্ঞাসা করিল, ভোমরা কি খাইছে চাও? বল; যেহেতুক
তুর্বলিদগের ভরণপোষণার্থে ও অশান্তদিগকে চেতনা দানার্থে সকল কার্য্য করা আমাদিগের উচিত। এই কথা
কহিয়া তাহারা তাহাদের নিমিতে লখুপাক অথচ সুসাত্র
ও পৃষ্টিকর দ্রব্যের ভোজ প্রস্তুত করিয়া দিলে তাহারা
ভোজন পান করিয়া ই নিরূপিত হানে যাইয়া শয়ন
করিল।

তথার আগত যাত্রিদিগকে কোন ২ অদুত বিষয় দেথাইতে সেই মেৰপালকদের প্রথা ছিল; অতএব পরদিবস আকাশ অতি নির্মাল ও তথাকার পর্বত সমস্ত
উচ্চ ছওরাতে বাত্রিরা প্রাতঃকালে আহার করিয়া
প্রস্তাইইবামাত্র মেৰপালকেরা তাহাদিগকে বাহিরে
লইয়া গিয়া পূর্বে "পুটিগারানকে যাহা দেখাইয়াছিল,
প্রথমে ভাহা দেখাইল; তদনস্তর ভাহাদিগকে কোন ২
স্থান স্থানে লইয়া গেল। ফলতঃ প্রথমে তাহাদিগকে

\*চিত্রগিরিতে লইয়া গেল; সেই স্থানে স্বাক্যদারা পর্কতকে নৃত্য করাইতেছে, এমত এক ব্যক্তিকে দূরছইতে দেখিতে পাইয়া তাহারা মেষপালকদিগকে জিজ্ঞানা করিল, উনি কে? আর উঁহার কার্য্যের অভিপ্রায় বা কি? তাহাতে তাহারা কহিল, যাত্রিকের গতির প্রথম তাগে \*মহানুগ্রহ নামক যে ব্যক্তির কথা লিখিত আছে, উনি তাঁহার পুত্র। আর পথে স্থিত বাধারূপ পর্বত সকলকে বিশ্বাসদারা সমান কিয়া স্থানান্তর করিতে পারা যায়, যাত্রিদিগকে এই শিক্ষা দিবার নিমিত্তে উনি ঐ স্থানে নিমুক্ত আছেন। তাহাতে \*মহোৎসাহ কহিল, আমি উঁহাকে জানি; উনি অনেকের মধ্যে শ্রেষ্ঠ এক জন।

তৎপরে মেষপালকেরা যাতিদিগকে \* শুদ্ধগিরি নামে অন্য এক স্থানে লইয়া গেল। সে স্থানে উপস্থিত হইয়া তাহারা দেখিল, যে শুভ বস্তু পরিহিত কোন ব্যক্তির গাতে "অবিচার ও "মৎসর নামে ছই জন অনবরত কর্দ্দম ক্ষেপণ করিতেছে; কিন্তু আশ্চর্য্য এই, অবিলম্বে সে কর্মন ঝরিয়া পড়িলে তাহার বস্তে যেন কখন ধূলী-মাত্র প্রক্রিপ্ত হয় নাই, এমত র্নির্ম্মল দেখাইল। তাহা দেখিয়া যাত্রিরা জিজ্ঞাসা করিল, ইছার তাৎপর্য্য कि? स्विशालकता छेखत कतिल, छेशत नाम शार्मिक, এবং উহার বস্তু চরিত্রের শুদ্ধতাম্বরূপ জানিবা। যা-হারা উহার গাতে কর্দ্দ কেপণ করিতেছে, তাহারা তাহার সদাচরণে বিরক্ত লোক। তোমরা দেখিতেছ, ঐ কর্দম তাহার বস্তে লাগিয়া থাকে না; তাহার তাৎপর্যা এই, শুদ্ধ ব্যক্তির প্রতি অপবাদ আরোপিত হইলে তাহা সাব্যস্ত হয় না। যে ব্যক্তি শুদ্ধ লোক-দিগকে সকলম্ভ করিতে চেম্টা করে, তাহার চেম্টা বিফল

হয়। কেননা অবিলয়ে পরমেশ্বর দীপ্তির ন্যায় তাহাদের ধর্ম ও সধ্যাক্তের ন্যায় তাহাদের যথার্থতা প্রকাশ করিবেন।

তদনন্তর তাহাদিগকে "দয়াগিরি নামক আর এক পর্বতে লইয়া যাওয়াতে তাহারা দেখিল যে তথায় এক ব্যক্তি এক থান বস্ত্র কাটিয়া চতুর্দিকে দগুয়মান দরিজ লোকদের নিমিত্তে পরিছদ নির্মাণ করিতেছিল; কিন্তু সেই থান কিছু মাত্র হ্রাস হইল না। তথন তাহারা কহিল, ইহার মর্ম্ম কি? মেষপালকেরা কহিল, ইহার ভাব এই। আপন শ্রমোপার্কিত ধনের অংশ দরিজদিগকে দান করিতে যাহার মন প্রবৃত্ত আছে, তাহার ধনাভাব কথন হয় না। জলসেচনকারি ব্যক্তি জলেতে সিক্ত হয়। দেখ, ঐ বিধবা এলিয় ভবিষাদ্বজাকে যে ক্ষুদ্র পিষ্টক দিয়াছিল, তাহা দেওয়াতে তাহার জালাতে ময়দার হ্রাস হয় নাই।

অনস্তর মেষপালকেরা যাত্রিদিগকে অন্য স্থানে লইয়া গেলে তাহারা দেখিল যে "মৃচ ও "বুদ্ধিবর্জিত নামে ছুই ব্যক্তি এক কৃষ্ণবর্গ পুরুষকে গৌরবর্গ করিবার নিমিত্তে তাহার অঙ্গ ধৌত করিতেছিল; কিন্তু তাহারা যত প্রকালন করিল, ততই সে, আরও কৃষ্ণবর্গ হইতে লাগিল। তাহা দেখিয়া যাত্রিরা মেষপালকদিগকে জিজ্ঞাসিল, ইহার ভাব কি? তাহারা কহিল, অধম লোকের গতি এই রূপ জানিবা। তাহার স্থাতি সংস্থাপনার্থে যত চেন্টা করা যায়, তদ্ধারা সে অবশেষে আরো ঘৃণার্হ হুয়া উঠে। ফিরুশিদ্গের এই রূপ গতি হুইয়াছিল, এবং অন্য সকল কপটি লোকেরও হুইবে।

পরে শমথির ভার্যা শকরণা আপন শাশুড়ী শুণী-ফীয়ানীকে কহিল, ও মা, যদি অনুমতি হয়, তবে ঐ পর্ঝ-তের গম্বর, অর্থাৎ নরকগামি উপপথ নামে যে একটা দার উহার মধ্যে আছে, তাহা দেখিতে আমি বাঞ্ছা করি। এই কথা "খ্ৰীফীয়ানী মেষপালকদিগকে অবগত করা-ইলে তাহারা পর্বতপার্শত্ত সেই গহুরের মথে \*করু-ণাকে লইয়া গিয়া তাহার দার মোচন করিয়া কহিল, ক্ষণেক কাল কাণ পাতিয়া শুন। তাহাতে সে কাণ দিয়া গহারস্থ এক জনকে কহিতে শুনিল, আমার পিতা শাপ-গ্রস্ত হউক, কেননা সে পরিত্রাণের শুভ পথে যাইতে আ-মাকে বারণ করিয়াছে। আর এক জন কহিতে লাগিল, হায় ২! শারীরিক প্রাণরক্ষার আশাতে মনের পরিতাণ অগ্রাফ করণের পুর্বের আমার দেহ খণ্ড ২ হইলে আমার ভাল হইত। পরে আর এক জন কহিল, যদি পুনর্কার আমার মানবজন্ম হইতে পারে, তবে এ স্থানে যেন আ-সিতে না হয়, তলিমিত্তে যত হুঃখ হউক, সকলি স্বীকার করিব। এই সকল শুনিতে ২ যেন আসযুক্তা \* করুণার পদতলম্ব ভূমি আর্ভনাদ করত কাঁপিতে লাগিল; তাহাতে যুবতীর মুখ পাঙ্গাশবর্ণ হইল, ও সে তথাহইতে প্রত্যা-গমন করিয়া কাঁপিতে ২ কছিতে লাগিল, ঈশ্বরের অন্-প্রতে বাহাকে এই স্থানে আদিতে না হয়, সেই ধন্য। উক্ত সমস্ত বিষয় দেখাইলে · পরে মেষপালকেরা যা-তিদিগকে পুনর্কার অউালিকায় লইয়া গিয়া সাধ্যানুসারে তাহাদের আতিথ্য করিল। তথন \* করুণা যুবতী ও গর্ত্ত-বতী ছিল, এই জন্যে সেই স্থানের কোন এক দ্রব্যে তাহার লোভ জন্মিল; কিন্তু লক্ষায় তাহা চাহিতে পারিল না। পরে তাহার শ্বশ্র তাহাকে অসুস্থার ন্যায় দেখিয়া জিজ্ঞাসা করিল, তোমার কি হইয়াছে? সে কহিল, ভোজন-শালায় একটা আর্শি টাঙ্গান আছে; তাহার উপর আমার মন পড়িয়াছে। সেটা যদি আমি না পাই, তবে বোধ হয়, আমার গর্ত্ত নই হইবে। তাহাতে "খী-

ফীয়ানী কহিল, ভাল, এ কথা আমি মেবপালকদিগকে জানাই; বােধ করি, তাহারা তাহা দিতে অস্বীকার করিবে না। সে কহিল, আমি যে তাহা চাহি, ইহা তাহারা জানিলে আমার লজা হইবে। কিন্তু \*থুীফীয়ানী কহিল, না গো মা, এমত দ্রব্য আকাজ্জা করা লজার বিষয় নহে, বরং প্রশংসার বিষয়। তথন \*করুণা কহিল, ও মা, তবে তাহারা তাহা বিক্র করিতে সম্মত হয় কি না, তাহা আপনি অনুগ্রহ করিয়া জিক্তাসা করন।

ঐ দর্পণ সহত্রের মধ্যে উৎকৃষ্ট ছিল। তাহার এক পার্শ্বেদ্যি করিলে দর্শনকারির অবিকল আকৃতি দেখা যায়। আর অন্য পার্শ্ব ফিরাইলে যাত্রিদের রাজার সৃস্পাই মূর্ভি দৃই হয়। আর কি আশ্চর্যা! যাহারা এ বিষয়ে তৎপর, তাহাদের প্রমুখাৎ শুনিয়াছি, যে ঐ দর্পণে তাহারা রাজার মস্তব্রের কটকমুকৃট, এবং তাঁহার হস্ত পাদ ও কুক্ষিদেশের ক্ষত পর্যস্ত দেখিতে পাইয়াছে। অধিক কি কহিব? ঐ দর্পণের এমত গুণ আছে, যে তাহাতে দর্শকেরা কি মৃত্যুদ্দাতে, কি জীবদ্দাতে, কি পৃথিবীতে, কি স্বর্গে, কি হীনাবস্থাতে, কি প্রশ্ব্যভোগে, কি ত্রংখের পথে, কি রাজ-ত্বের প্রতাপে, যে কোন অবস্থাতে প্রভুকে দেখিতে চায়, সেই অবস্থায় তাঁহার দর্শন পায়।

অতএব "জানী ও "পরীক্ষিত ও "সচেতন ও "সরল এতরামক ঐ চারি মেবপালকের নিকটে "খুম্টীয়ানী একাকিনী ঘাইয়া কহিল, আমার এক গর্ত্তিনী পুত্রবধূ আপনকাদের এই গৃহস্থিত কোন দ্রব্য পাইতে বাঞ্ছা করে। আর সে বোধ করে, আপনারা তাহা না দিলে তাহার গর্ত্ত্রাব হইতে পারে। তাহা শুনিয়া "পরীক্ষিত কহিল, ভাল, তাহাকে ডাক। আমাদের দিতে সাধ্য হই-লে সে তাহা শ্ববশ্য পাইবে। তাহাতে সে তাহাকে ডাকা- ইলে ভাহারা কহিল, হে \* করুণে, ভূমি কোন্ দ্রব্য চাহ? বল। তথন সে ঈষৎ লজ্জিতা হইয়া কছিল, ভোজশালায় টাঙ্গান যে বৃহৎ দপ্ৰআছে, আমি তাহা চাহি। তাহাতে \* সরল ত্রায় যাইয়া তাহা আনিলে সকলে অতি সস্তুষ্ট-চিত্তে তাহাকে দান করিল। তথন \* করুণা প্রণাম ও স্তুতি করিয়া কছিল, ইছাতে বুঝিলাম, আমি আপন-কাদের অনুগ্রহপাত হইয়াছি।

अनलुत सियशानात्कता अनामा युवलीमिशटक अ २ অভিলবিত দ্রব্য প্রদান করিল। আর তাহাদের স্বামিরা বৃহৎকায় \* আশাভজের প্রাণ ও \* সংশয়ত্র্গ নামক গড় নষ্ট করণে "মহোৎসাহের যে সাহায্য করিয়াছিল, তজ্জন্যে তাহাদেরও অনেক প্রশংসা করিল।

পরে মেষপালকেরা \* খ্রীফীয়ানী এবং তাহার চারি বধুর গলায় হার ও কর্পে কুগুল ও কপালে সিঁতি শরা-ইয়া দিয়া ভাহাদিগকে বিভূষিতা করিল।

তদনস্তর হাত্রিরা তথাইইতে প্রস্থান করিতে প্রস্তুত ইইলে মেষপালকেরা তাছাদিগকে স্বচ্ছন্দে বিদায় করিল। কিন্ত \* খুীফীয়ান ও তাহার সঙ্গিকে পূর্বে যে২ পরামশ দিয়া-ছিল, ইহাদিগকে তাহা দিল না; কারণ ইহাদের সঙ্গে পথ-প্রদর্শক " মহোৎসাহ ছিল; সে পথের সমস্ত বৃভান্ত অব-গত হওয়াতে উপবুক্ত সময়ে, অর্থাৎ সন্ধট নিকটবর্তী इटेटल, ले नमल भर्तामर्ग धहे शांखिनिशतक निष्ठ भारतक ছিল। ইহাতে " খ্রীফীয়ান ও তাহার রাজ অপেকা ইহারা অধিক ভাগাশালী ছিল, কেননা মেমপালকেরা মে ২ পরা-মৰ্শ দিয়াছিল, তাহা প্রয়োগকালে ঐ "খ্রীফীয়ান ও তা-ছার সন্ধী বিস্মৃত হওয়াতে আর মনে করিতে পারিল না।

তথাহইতে বিদায় হইলে তাহারা এই রূপ গান করি-তে ২ গমন করিতে লাগিল, বথা,

গাণেতে অভিথিশালা যাতিদের ভরে।
ক্রেম লুন্দর ছানে আছে গরে বরে।
অবাথেতে আমাদিলা লে ছানে কেমন।
অনুগ্রহ করি সবে করয়ে গ্রহণ।
বর্গ লক্ষ্য করি মোরা করেছি গমন।
এ হেতু ভাহারা সবে করয়ে বতন।
যাত্রী হইয়াও বেন স্থে থাকি নোরা।
তদর্শে অপূর্ব বার্তা কহিতেছে ভারা॥
আমাদিশে লোকে যাতে করে যাত্রী জান।
এমত বন্ধও কত করিতেছে দান॥

## ১৪ অধ্যায়।

পূর্বোক্তরপে বেষপালকদের নিকটিইতে বিদায় হইলে পরে বে স্থানে "ধর্মান্তংশ নগরবাসি "পরাঝুখ নামা ব্যক্তির সহিত "খুইটায়ানের সাক্ষাৎ হইয়াছিল, বাত্রিরা অবিলবে তথায় আসিয়া পঁছছিল। তখন তাহাদের পথ-প্রদর্শক "মহোৎসাহ সেই ব্যক্তির বিষয়ে এই রূপ কহিতে লাগিল, দেখ, "খুইটীয়ান এখানে "পরাঝুখ নামক এক জনের দেখা পাইয়াছিল; রাজদ্যোহরপ দোষ তাহার পৃঠে অবিত ছিল। ঐ ব্যক্তির কথা আরও বলি, শুন। সে যদবধি বিপথবামী হইতে প্রবৃত্ত হইল, তদবধি কোন মতে কাহারো প্রামর্শ শুনিয়া কান্ত হইতে সম্মত হইল না। সে যথম ক্রুম ও গল্পারের নিকটে পঁছছিল, তখন কোন ব্যক্তি ছাহার সাক্ষাৎ পাইয়া কহিল, এই ক্রুম দেখিয়া সহচন্তন হও; কিন্তু সেই "পরাঝুখ দন্তবর্ধ ও ভূমিতে পার্ম্মাত করিয়া কহিল, না, ভোষার কথা শুনির না; আর্ম্মা নিজ দেশে ফিরিয়া বাইব। পরে যে পথের দার

পর্যান্ত না পঁছছিতেই "সক্ষাবাঞ্চক তাহাকে দেখিয়া কিরাইবার নিমিতে তাহার হাত ধরিতে উদ্যান্ত হইলেন, কিন্তু "পরাজ্মুখ অনেক ভুছ তাছলা করণ পূর্মক তাঁহাকে নিবারণ করিয়া প্রাচীর লংখিয়া প্রবায়ন করিল।

অনন্তর বাত্তির বাইভেং বে ছানে \*কুডবিশাস নামক যাত্রী দৃস্যুদের হস্তে পড়িয়াছিল, দেই স্থানে নি-ক্ষোৰ থড়াৰত রক্তাজবদন এক ব্যক্তিৰে দণ্ডায়মান দেখিতে পাইন। তাছাডে "মহোৎসাহ তাহাকে জিজা-সিল, তুমি কে? যে কহিল, আমার নাম \* সত্যবীর; আমি এক জন যাত্রী; স্বর্গরাজ্যে গমন করিতেছি। অপ कन रहेन आमि धरे পথে आमिटिहिनाम, हेट्यामधा তিন জন মানুষ আসিয়া আমাকে খেরিয়া এই তিন প্রশ্ন জিজ্ঞাসা করিল, তৃমি কি আমাদের দলভুক্ত হ'ইবা? কিয়া বথাহইতে আদিয়াছ তথায় ফিব্লিয়া বাইবা? কিয়া এই স্থানে আনিত্যাগ করিবা? ভাহাতে আমি তাহাদের প্রথম প্রক্ষের এই উত্তর দিলাম, বছ দিনাবধি আমি সলোক আছি; অতএব এত কাল পরে এখন যে ঢোরের দলভুক্ত হই, ইছা সম্ভবে না। তখন তাহারা জিল্পা-সিল, ভাল, দ্বিতীয় প্রবের উত্তর দেও; দেখি। আমি কহিলাম, বে স্থানহুইতে জ্মানিয়াছি, তথায় বদি আমার অসুধ বোধ না হইত, ভবে ক্লাচ ভাহা ছাড়িতাম না; ফলতঃ যে স্থান আমার অনুপযুক্ত ও কভিজনক জা-नाट्ड आमि बरे अवारतकी इरेग्नाहि। अरह छाराहा আমাকে জিজাসিল, ভাল, তৃতীর প্রমের উত্তর কি দিবা? তাহাতে আদি কহিলাম, আমার বছমূল্য আন আমি অসনি জ্যাগ করিব না। বাহা হউক, এরপ কথা আমাকে শ্বীকার করাইতে তোমাদের অধিকার নাই। অতএব সাবধান, আমার গাতে হস্তার্পন করিও না,

করিলে তোমাদের মন্দ ঘটিবে। কিন্তু ঐ তিন জন, অর্থাৎ "অবাধ্য ও "অবিবেচক ও "অন্ধিকারচর্চক আমার কথা না মানিয়া আমাকে আক্রমণ করিতে খড়র নিজ্যায় করিলে আমিও আপন খড়র বাহির করিয়া সম্পূর্ণ এক প্রহর প্রয়ন্ত ঐ তিন জনের সহিত একাকী যুদ্ধ করিলাম। এই দেখ, আমার গাতে তাহাদের বীর-ঘের চিহ্ন রহিয়াছে, এবং আমারও বীর্মার চিহ্ন তাহার। লইয়া গিয়াছে। তাহারা এই মাত গেল; বে,ধ হয়, তোমাদের আগমন টের পাইয়া পলায়ন করিল।

এই সক্ল কথা শুনিয়া \*মহোৎসাস কহিল, এক জনের সহিত তিন জনের যুদ্ধ অতি অসমতুল।

তাহাতে "সতাবীর কহিল, এ কথা সতা বটে, কিন্দু বাহার' পক্ষে সতাতা আছে, অসমতাতে তাহার কি করিতে পারে? উক্ত আছে, "বদাপি সৈনাগণ আমার বিরুদ্ধে শিবির স্থাপন করে, তথাপি আমার মন ভাঁত হইবে না। যদাপি আমার বিরুদ্ধে যুদ্ধের সংগ্রন্থীন হয়, তথাপি আমি তখনও উৎসাহ করিব।" এক্তক্তিম আমি পূর্বকালীয় ইতিহাসে পাঠ করিয়াছি, যে এক ব্যক্তি এক সৈনাদলের সহিত একাকী যুদ্ধ করিয়াছে। এবং "শিমশোন্গ গর্মজের হন্দারা কত শত লোককে নক্ষ করিয়াছিল।

তখন \* পথপ্রদর্শক কহিল, কাহারো সাহার্য পাই-বার জন্যে তুমি তখন ঢেঁচাইলা কি না?

শতাবীর কহিল, হাঁ, আমি আপন রাজার নিকটে প্রার্থনা করিয়াছিলাম। তিনি তালা গুনিতে পাইয়া অদৃশ্যরূপে আমার সাহায্য করিবেন, এই বিশ্বাদে অ:-মার বংশক উপকার হইল।

তাহাতে "মহোৎসাহ সেই "সভাৰীরকে কলিল, তুনি বিহিত বীৰ্যা প্রকাশ, ক্ষাছ; অনুগ্রহ করিয়া এক বার তোমার খড়র খানি দেখাও। ভাহাতে সে ভাহা দেখা-ইলে নহোৎসাহ ভাহা হস্তে লইরা নিরীক্ষণ করিয়া কহিল, এ প্রকৃত বিরুশালনীয় লৌহের অন্তই বটে।

সতাবীর বলিল, তাহাই বটে। বাহার বাহবল এবং

যুদ্ধেতে বৈপুণা আছে, তাহার হস্তে এমত এক থড়া
থাকিলে সে ভূতাদির সহিত সংগ্রাম করিতে সমর্থ হয়।
সে যত বল পূর্মক আঘাত করক, এমত থড়া ভালিবার
কোন ভয় নাই; আর ইহার ধার কথন ভোঁতা হইবে
না। ইহাতে সাংস অস্থি আত্মা প্রাণ প্রভৃতি সকলই
খণ্ড বিখণ্ড করা যায়।

\*মহোৎসাহ কহিল, তুমি অনেক ক্ষণ পর্যান্ত যুদ্ধ করিয়াছিলা, তাহাতে কি বড় ক্লান্ত হও নাই ?

শ্বতাবীর কহিল, যুদ্ধ করিতে ২ আমার পড়া হস্তের সহিত সংলগ্ন হইল; তাহাতে ঐ উভয় একীভূত হও-য়াতে যেন হস্তহইতেই পড়া ক্ষিয়া বাড়িয়াছে, এমত বোধ হইল; পরে যখন অসুলি দিয়া রক্ত বহিন্দ পড়িতে কাগিল, তখন আমি আরও অধিক সাহসে যুদ্ধ করিলাম।

তাহাতে বহোৎসাই কহিল, তুমি উত্তম করিয়াছ; তুমি পালের সহিত যুদ্ধ করিতে ২ রক্তব্যর পর্যান্ত প্রতিরোধ করিয়াছ। তুমি আমাদের সদী হইবা। আইস, আমাদের সহিত গমন কর, কেন্না আমরা তোমার সহবাজী। এই রূপে তাহারা তাহাকে সঙ্গে লইয়া তাহার ক্ষত সকল ধৌত করিয়া প্রাণ কুড়াইতে সাধ্যানুসারে খাদ্য দিল। ক্ষত্রে ভাহারা সকলে একজে চলিল।

সেই "সভাবীর "মহোৎসাহের নাায় বলবান, এবং সমতিবাহারি ছুর্মল ও রোগিদিগের উপকার করনে নিপুর ছিল; অভ্যাব "মহোৎসাহ এমত উপযুক্ত সঞ্চী পাওয়তে অতিশয় আহ্লাদিত হইয়া পথের মধ্যে জা-হার সহিত নামা বিষয়ের কথোপকথন করিতে লা-গিল; কলতঃ প্রথমে তাহাকে জিজালা করিল, তুমি কোন্দেশীয় লোক?

শতাবীর বলিল, আমি তিয়োদেশের লোক। সেই দেশে আমার জন্ম হইয়াছে, এবং আমার পিতা মাতা অদ্য পর্যন্ত তথার আছেন।

তথন পথপ্রদশক শমটোৎসাই চমৎকৃত ইইয়া কচিল, তিমোদেশ? সে কি শ্বংস্ট্রান্তরের নিকটবর্তি অঞ্চল নতে?

" সভাষীর কহিল, হাঁ, ভাহাই বটে। পর্ভ আমি কি প্রকারে যাতায় প্রকৃত হইয়াছি, ডাছার কৃতান্ত কহি, ওন। "সত্যৰাক্ নামে এক ব্যক্তি আমাদের অঞ্চল भागमन कतिया, " शैकियान नात्म स्य याजी " श्रारमा নগর্হইতে যাতা করিয়াছিল, ভাহার চরিতের বর্ণনা করিতে লাগিল, অর্থাৎ কি রূপে সে আপন স্ত্রী প্ত-দিগকে পরিজ্যাণ করিয়া যাত্রিধর্ম গ্রহণ করিয়াছিল, তাহা আমাদিগকে অবগত করাইল। আর সে ব্যক্তি পথের মধ্যে আক্রমণকারি এক নাগকে নট করিয়া আপন भवन प्रतम देंगीहियाहिया; धर्दर शमन कारन त्म जानम প্রভুর বাসাবাটী সকলেতে আতিপা প্রাপ্ত হইয়া শেষে चर्गभूरतत बाँदी छैनान्डिंड स्ट्रेटन अंडि नमामत भूकंक গ্রাহ হইয়াছিল; ফলভঃ এক দল ভেজনি লোক আসিয়া ভুরী বাদন পুৰুষ ভাহাকৈ গ্রহণ করিয়াছিল, পরে স্গ-নিবাসিরা ভাষার আগমনে আহ্লাবিত ইইয়া ভাষাকে मुदर्भ दक्ष श्रीत्थान कता है सा नगरत स में स्वी पती श्रीन कता-हेल; अ "ज्ञाताक वह मकत्वत महित्यम पर्वना कतिल। অধিক কি বলিব? • খুডিয়ানের বিষয়ে ঐ তাঞ্চির কথা-

তে আমার ম্ন তাহার পশ্চালামী হইতে এম্ভ দৃচ্রপে আকৰ্ষিত হইল, যে আমার পিতা মাতাও কোন মতে আমাকে নিবার্থ করিতে পারিজ না। এই প্রকারে আমি সকলকে ছাড়িয়া অর্গের পথে এ পর্যান্ত আসিয়াছি।

- <sup>•</sup> মহোৎসাহ জিজায়া করিল, তুমি না কুজ ছার দিয়া अदयमं कतिशाष्ट्रिणा ?
- \* সত্যবীর উত্তর করিল, অবশ্য; বেহেতুক প্রথমে मেरे बात पित्रा व्यक्ति ना स्ट्रेल नग्न, देश ले ने मठावाक् ক্হিয়াছিল।

তখন পথপ্রদর্শক \* খীফীয়ানীর প্রতি ফিরিয়া কহিল, দেখ, তোমার স্বামির যাত্রা এবং ভাছার প্রস্কারের কথা मिग्विमिक् वािशिशाट ।

- \* সতাবীর ইহা শুনিয়া চমৎকৃত হইয়া কহিল, কেমন! वे " थीकीग्राम कि वह जीत यांगी हिल?
- \* মহোৎসাহ কহিল, হাঁ, ভাছাই বটে, এবং এই চারি জন তাহার পুত্র।
  - " সতাৰীর কহিল, ইছারাও কি বাত্রী হইয়াছে?

নে ৰছিল, হাঁ, ইহারা আপন পিডার অনুগামী কটে।

- \* সত্যবীর কহিল, এ সকল শুনিয়া আমার মন প্রকুল **बहेल। खादाः! यात्रात्रा शृद्धः जात्रात मह्न याहेर्ड** অনিচ্ক ছিল, তাহাদিগকে ধ্বন স্বর্গের ছারে প্রবিষ্ট **ছই**তে पिथित, उथन ताहे माथु भूकव क्यम आस्ता-দিত হইবে!
- \*মহোৎসাহ কহিল, হাঁ, ভাহাদিগকে দেখিলে সে অবশাই পুলক্তি হইবেঃ তে আপুনি বৰ্গপ্ৰাপ্ত হও-शाटक रामन जानक शारेशाटक, निक ही श्रविकादक স্বৰ্গপ্ৰাপ্ত দেখিয়া প্ৰায় তেমনি আনন্দ পাইবে।
  - "সভারীর কহিল, তোমার এই কথা শুনিয়া আমি

কিছু জিজাসা করি। আমরা স্বর্গে গেলে পরস্পর চিনিডে পারিব কি না? এ বিষয়ে ভোমার কেমন বোধ হয়-?

\* মহোৎসাহ কছিল, এ বিষয়ে বাহার। সন্দেহ করে, তাহারা স্বর্গে আপনাদিগকে চিনিবে কি না, এবং আ-পনাদিগকে পরম সুথের অধিকারী দেখিয়া আনন্দিত হুইবে কি না, এই ২ বিষয়ে কি বলে? যদি তাহাদের এমত প্রত্যাশা থাকে, তবে অন্যান্যদিগকে চিনিতে এবং তাহাদের সুথ দেখিয়া আনন্দিত হুইতে পারিবে না, এমত আপতি কেন করে? আরও কহি, জ্ঞাতি কুটুর আদি আমাদের অক্সর্মপ। স্বর্গে জ্ঞাতিকুটুরতা নাই, ইহা সত্য; কিন্তু ইহলোকে যাহারা আমাদের অন্তর্ম ছিল, স্বর্গে তাহাদিগের সাক্ষাৎ না পাইলেও যদ্যপি সুথতোগ ক্রেব হয়, তথাপি তাহাদের সাক্ষাৎ পাইলে আরো অধিক সুখভোগ হুইবে, এমত অনুমান কি যুক্তিসিদ্ধ নহে?

"সতাবীর কহিল, ভাল, এ বিষয়ে আমি ভোমার মত বুঝিলাম। সে বাহা হউক, সম্পুতি আমার যাত্রী হওনের বিষয়ে কি আরু কিছু জিঞ্চাসা করিতে ইছা কর?

সে বলিল, হাঁ, ইছা করি। তোমার যাতী হওনে কি ভোমার পিতা মাতা সম্মত ছিল?

- ত গৈত্যনীর কুহিল, না, তাহারা কোন মতে আমাকে । বরে রাখিতে ক্রাসাধ্য প্রবৃতি দিয়াছিল।
  - শ্বেহাৎসাক জিজাসিল, যাতার প্রতি তাহাদের কি আপতি ছিল?
  - শুক্তাবীর উত্তর দিল, তাছারা কহিত, যাতা অলসের কর্ম্ম; ভোমার এ প্রবৃত্তি কেবল আলস্যহইতে হইয়াছে।
  - \*মহোৎসাহ পুনর্বার জিজাসা করিল, তাহারা আর কি কহিত ?

ছি কহিত ? শীসভানীর শুলিখন ভাহার। কহিত, মানিমের পথ অতি ভয়ানক, ভতুলা সঙ্কটাপন্ন পথ জগতের মধ্যে আর নাই।

- "মহোৎসাহ কহিল, সে পথে যে২ সন্ধট আছে, তাহা তাহারা কি বিশেষ করিয়া কহিয়াছিল?
- \* সত্যবীর কহিল, হাঁ, তাহারা অনেক সম্কটের কথা ক্হিয়াছিল।
  - \* মহোৎসাহ কহিল, ভাল, কহু দেখি, সে সকল কি?
- \* সত্যবীর বলিল, তাহারা কহিয়াছিল, সে পথে \* নৈরাশ্য নামে এক মহাপক্ষ আছে, তন্মধ্যে \* খ্রীফী-য়ান প্রায় ডুবিয়া মরিয়াছিল। আর বাহারা কুদ্র ছারে প্রবিষ্ট হইবার নিমিত্তে আঘাত করে, তাহাদিগকে বাণ মারিতে \*বালসিবৃবের গড়ে ধনুর্করের। প্রস্তুত আছে। **धतर रम পথে रने ও অञ्चक। तमग्र পर्याउ ও " प्रश्नम** নামক গিরি ও সিংহ এবং "রক্তপাতী ও "গদাহস্ত ও "সাধুহতা ইত্যাদি নামা হুরন্ত বৃহৎকায়ও আছে। অধিকল্ত শন্মতা নামক উপতাকাতে এক ভয়ানক ভৃত मर्समारे शारक; তৎकर्क " शुकीग्रात्मत थान थाग्र नक হইয়াছিল। তদ্তির তোমাকে \*মৃত্যুচ্ছায়। নামে উপ-ত্যকা দিয়া যাইতে হইবে; তাহাও ভূতদের বাসস্থান, ध्वर उथाकात जात्ना अञ्चकातत्रक्रभ, ध्वर काँ ए अभाग ও জাল ও গর্ভেতে পথ পরিপূর্ণ জাছে। এবং যে \* সংশয়ছুর্গে বৃহৎকায় \* আশাভঙ্গ বা# করে, তাহাও যাত্রিদের পক্ষে দর্ঝনাশের স্থান। অধিকন্ত তোমাকে সক্ষটযুক্ত "মোহভূমি দিয়া যাইতে হইবে। সর্ব শেৰে তুমি সেতুরহিত এক নদী সম্মুখে দেখিতে পাইবা; তাহা পার না হইলে স্বর্গ প্রাপ্ত হইতে পারিবা না।

"মহোৎসাহ জিজ্ঞাসা করিল, কেবল এই সক্ষটের ক্থা ব্যতিরেকে তাহায়া কি আর কিছু কহিত না?

শত্যবীর কহিল, হাঁ, তাহারা কহিত; সেই পথ প্রব-ক্ষকেতে পরিপূর্ণ; বিশেষতঃ সল্লোকদিগকে বিপথগামী করিতে অনেকে পথের ধারে ওৎ করিয়া থাকে।

" মহোৎসাহ কহিল, তাহার কি ২ প্রমাণ দিয়াছিল?

শত্যবীর কহিল, তাহারা কহিয়াছিল, পথের মধ্যে শাংসারিকরুদ্ধি নামে এক জন প্রবঞ্চক ওৎ করিয়া থাকে। আর "রীতিসেবক ও "কাপানিক এই চুই জন সর্বাদা যাতায়াত করে। এবং "বছচেই কিয়া "বাচাল কিয়া "দীমাং তোমাকে ভুলাইবে, এমত সন্তব হয়। তাদ্তির "স্তাবক নামে এক জন তোমাকে আপান জালে বদ্ধ করিতে প্রস্তুত আছে। তাহা যদি না হয়, তবে কি জানি, অপক্রুদ্ধি "অজ্ঞানের ন্যায় চুংসাহসী হইয়া স্বর্গ্রার পর্যান্ত গমন করিলে তুমি সে স্থানহইতে তাড়িত হইয়া পর্বতের পার্মস্থ গল্পবে নীত হইবা, তাহাতে জামাকে উপপথ দিয়া নরকে যাইতে হইবে।

\*মহোৎসাহ কহিল, এই সকল আপত্তি শুনিয়া নিরুৎ-সাহ হওয়া সম্ভব বটে। যাহা হউক, তাহার পরে কি তাহারা কান্ত হইল?

শতাবীর কহিল, না; ভন। তাহারা আরও বলিত, সেই পথের প্রস্তাবিত ঐশ্যাপ্রাপ্তির নিমিতে পূর্বে অনেকে আনেক দূর পর্যাপ্ত গমন করিয়াছিল, কিন্তু কিছুই না পাও-য়াতে তথাহইত স্বদেশে ফিরিয়া আসিয়া আপনাদের নির্বোধতা প্রযুক্ত লজান্বিত হইয়া সকল লোকের হাস্যা-স্পদ হইয়াছিল। ইহার প্রমাণার্থে তাহারা কোন ২ ব্যক্তির নামও উল্লেখ করিয়া কহিত, একওঁইয়া ও শুখনমা ও শসংশ্বী ও তয়শীল ও পরাজ্ব্যুথ ও বৃদ্ধ শনান্তিক প্রস্তুত্তি কএক জন সূথের আশাতে আনেক দূর পর্যাপ্ত গমন করিয়াছিল, কিন্তু শ্রুক্তী ভূবও জাত করিছে পারে নাই।

- \* মহোৎসাহ জিজাসিল, তোমার উৎসাহভঙ্গের নি-মিজে ভাছারা আর কি কিছু কছিয়াছিল?
- \* সতাবীর উত্তর করিল, হাঁ, তাহারা কহিয়াছিল, "সভয় নামে এক যাত্রী ঐ পথের মধ্যে এমত কাতর ছিল, যে এক দুওমাত্রও তাহার মনঃশান্তি হয় নাই। এবং "নিরাশ নামে অন্য এক জন সেই পথে প্রায় ক্ষৃধায় মরিয়াছিল। এতদ্ভিন্ন তাহাদের আর একটা কথা আমার মনে হইতেছে, ফলতঃ তাহারা বলিয়াছিল, ষে "খ্রীফীয়ানের জনরব সর্বত ব্যাপ্ত হইয়াছে, সে यशीं मुक्षे व्याभनार्थ व्यानभन कतिया टाक्या कतिरल পরে শেষে কাল নদীতে মগ্ন হইয়া প্রাণ ত্যাগ করিয়াছে, সূতরাং তাহার পরপারে এক পদ মাত্রও অগ্রগামী হইতে সমর্থ হয় নাই; কিন্তু এ কথা তাহার বন্ধগণ ছাপিয়া রাখিয়াছে।
- দিহোৎসাহ কহিল, এই সকল কথাতে তুমি কি निक्र नार रहेला ना?
- \*সত্যবীর কলিল, না, আমি তাহা ভূণ জ্ঞান করিলাম।
  - \* মহোৎসাহ বলিল, এ কেমন?
- \* সভাবীর বলিল, ঐ \* সভাবাকের কথাতে আমার অটল বিশ্বাস থাকাতে আমি সেই সকল আপত্তিহইতে उडीर्व इहेलाम।
- \* মহোৎসাহ কহিল, তবে তোমার বিশ্বাসই তোমাকে मर्काक्यी क्रियाट्ड।
- \* সতাবীর বলিল, যথার্থ কছিলা। বিশ্বাস করাতে আমি গৃহহইতে প্রস্থান পূর্বক এই পথের পথিক হইয়া প্রতি-রোধি সকলকে পরাস্ত করিয়া বিশ্বাসের গুণে এত দ্র . श्रमंख चानिया श्रहाइयाहि।

## সভাবীরের বারত্বের বর্ণনা।

বীর্য্য যে দেখিবে, এখানে আসুক।
ইনি স্থির থাকিবে, যে দিন যে ঘটুক।
যা করে ছফ জন, নাহি ফিরে কথন।
এক বার হইলে মন, যাত্রী হইবার॥ ১॥
দেখাতে তারে ভয়, যে গণ্প করে।
অপ্রতিভ সেই হয়, তার শক্তি বাড়ে॥
সিংহ কি বীর কুৎসিত, দেখি নাহি কম্পিত।
করে যুদ্ধ বিহিত, যাত্রী হইবার॥ ২॥
ভূত কি ছফ অসুর, কিছু না ডরে।
নিশ্চয় জানে প্রচুর, সুথ হবে পরে॥
যায় তবে চিন্তা সব, না মানে কাহার রব।
শ্রম করে অসম্ভব, যাত্রী হইবার॥ ৩॥

এত ক্ষণের মধ্যে তাহারা "মোহ তৃমিতে আসিয়া উপস্থিত হইল। তথাকার বায়ুর এমত গুণ যে মানুষের নিদ্রা ক্ষমায়। সেই তৃমির সর্বাত কন্টকবৃক্ষে ব্যাপ্ত আছে; কিন্তু স্থানেই মোহময় বৃক্ষবাটিকাও আছে, তন্মধ্যে বসিলে বা শয়ন করিলে গালোখান করা বা কাগ্রহ হওয়া অসম্ভব, এমত জনশ্রুতি আছে। ঐ বনের মধ্য দিয়া তাহাদিগকে গমন করিতে হইল; অতএব পাছে কোন ভূত বা মাগ বা বীর বা দস্যু আক্রমণ করিয়া তাহাদের হিংসা করে, এই ভয়ে পথপ্রদর্শক "মহোৎসাহ সকলের অত্যেই এবং "সত্যবীর পশ্চাহই বাইতে লাগিল। এবং সেই স্থান অতি সক্ষটযুক্ত কানাতে ভাছারা প্রত্যৈকে থজাহন্ত হইয়া চলিতে লাগিল; এবং গমন কালে যাত্রিরা পরশার আক্রাস প্রদান করিত। অধিকন্ত "মহোৎসাহের আক্রায় ক্ষীণমনা ভাছার ক্ষতি

নিকটেই চলিতেছিল, এবং "নিরাশের প্রতি " সভ্যবীরের বিশেষ মনোযোগ ছিল।

এই রূপে বিস্তর দূর না যাইতে ২ অতি নিবিড় কুজ্থটিকা ও অস্ক্ষকার আদিয়া তাহাদিগকে আছের করিল।
তাহাতে অনেক ক্ষণ পর্যস্ত তাহারা এক জন অন্য
জনকে প্রায় দেখিতে না পাওয়াতে পরস্পরকে ডাকাডাকি করিয়া গমন করিতে হইল; ফলতঃ তাহারা
তখন দৃষ্টিপথে চলিতে পারিল না।

ঐ স্থান বলবান বাত্রিরও চুর্গম্য; স্মতএব কোমলচরণ ও कामना छः कत्रन खीरनाक ও वानकि परिशत द्वरमत कथा কি কহিব? যাহা হউক, অগ্র ও পশ্চঃদ্যামি ছুই রক্ষকের উৎসাহজনক বাকো আখাসিত হইয়া তাহারা কোন মতে তাবৎ বাধা উত্তীর্ হইয়া অগ্রসর হইল। কিন্তু ঐ স্থানের পথ কর্মনেতে পিছল হওয়াতে অতিশয় ক্লান্তি-জনক ছিল। আর ছুর্বলদের জন্যে ভক্ষ্য পোয় পাওয়া যায়, এনত কোন অতিথিশালা ঐ তাবৎ ভূমিতে কোথাও ছিল না। অতএব হাইতে২ কেহ কোঁকায়, কেহ বা হাঁ। পায়, কেছ বা দীৰ্ঘ শ্বাস ছাড়ে, কেছ বা কলকবৃক্ষে উচ্ছেছ शाहेश शहफ, कह वा कर्मम मध हहेश वक হয়। আর বালকদের মধ্যে কেহ্ পাছুকা হারায়; কেহ বা উচ্চৈঃস্বরে কহে, আমি পড়িয়া গেলাম; জার এক কন ডাকিয়া কছে, ওছে, তুমি কোথায় আছ? অপর কেছ कार, आमि शार्ट्त खार्ल वक्त इरेग्नार्ट, मुक्त इरेरड পারি না। এই রূপ তাহাদের হুর্গতি হইল।

কিঞ্ছিৎ কাল পরে তাহারা এক বৃক্ষবাটিকার নিকটে আসিয়া দেখিল, সেখালে যাত্রিরা সুখে বিপ্রাম পাইতে পারে; কারণ তাহা অতি সুনির্ম্মিত ও লতাদিতে আবৃত, এবং প্রাধিষ্ট বেংকদের করে। কোমল খটাদিতে সুখো-

ছিছ ছিল। পথের ছুর্গতিতে প্রান্ত বাজিদের নিনিবে এই সকল অতি লোভজনক ছিল ক্বিন্ত ভাষাদের মধ্যে কেছই তথায় ক্বিতে ইক্ষা প্রকাশ করিল না। রেহেতুক তাহারা পথপ্রদর্শকের প্রবোধবাকো ছিল মনোযোগী ছিল, এবং কোন বিশেষ সন্ধট নিকটবর্জী হইলে সেও এমত বিশ্বস্তরূপে ভাষাদিগকে চেতনা দ্বিত, যে ভাষারা সন্ধটকালে বিশেষ উইসাহ করত ইন্দ্রিয় দমনার্থে এক জন অন্যকে আশাস দিত। ঐ বৃক্ষবাটিকার নাম "অল-সের স্বর্গ, কলতঃ কোনং পরিপ্রান্ত যাত্রী ভূলিয়া ঐ স্থানে বেন বিপ্রাম্ব করে, এই অভিপ্রান্তে ভাষার এই রূপ নাম করা গিয়াছিল।

অপর আমি স্থে দেখিলান, তাহারা ঐ নির্ক্তন ভূমিতে গমন করত, বেখানে পথিকেরা অনায়ালে পথ হারায়, এমত এক স্থানে উপত্তিত হইল। দিল হইলে পথ-প্রদর্শক গন্তব্য পথ অনায়ানে জানিতে পান্ধিত, কিন্তু তখন অন্ধ্রার প্রযুক্ত তাহার সন্দেহ জ্মিল। অতএব তাহার নিকটে চক্মিক থাকাতে সে তদ্বারা অগ্নি তুলিয়া অদীপ আলিয়া, আপনার সঙ্গে স্থাপ্রীয় পথাদি প্রদর্শক বে নক্সা হিল, তাহা বাহির করিয়া দেখিয়া জানিতে পারিল, বে সেই স্থানে তাহাবিলকে দক্ষিণাজিমুখে সাবধানে যাইতে হইটে। বে তথন নক্সা না জেখিলে বোধ হয়, অবিলয়ে সকলের বিনাল ক্ষেত্র বাহিলে প্রস্কাল এক গর্ড ছিল। তাহাবাজিনের ব্রুলাশার্থেই শ্রুত্ব ক্ষুত্রকালিত ইইয়াছিল। বাজিনের ব্রুলাশার্থেই শ্রুত্ব ক্ষুত্রকালিত ইইয়াছিল।

আমি এই স্কুল বেলিয়া মনে বিত্ত করিলাস, যে জন বালী, বুইয়া গমন করে, ভাহার নিকটে এই রূপ নক্ষা প্রাক্তিলে ভাল হয়ও কেন্দ্রা প্রেক্ত বিষয়ে সম্পেহ জিবিলে সে ভাছা দেখিয়া গন্তব্য পথ নিশ্চয় করিছে। পারিবে।

শরে ভাহারা ঐ শমেহভূমি দিয়া যাইতে ২ পথের পার্শে নির্দ্ধিত আর এক বৃক্ষবাটিকার নিকটে উপভিত হইল। তাহার মধ্যে শ্রমন্থান ও শৃহসাহসী নামে চুই জন নির্দ্ধিত ছিল। ঐ ছুই জন বাক্রা স্থীকার করিয়া এতাবং পথ আসিয়াছিল, পরে প্রান্ত হইয়া সেখানে বিশ্রামার্থে বিসামা নির্দ্ধাতে মন্ন ছইয়াছিল। তাহাদিগকে দেখিয়া মাত্রিগণ স্থপিত হইয়া তাহাদের অবহা অতি সক্ষটাশার ব্রিয়া হায় ২ করিয়া মনোহত্য প্রকাশ করিল। পরে তাহাদিগকে ছাড়িয়া বাইতে, কি নিকটে বিয়া জাগাইতে হয়, ইহার কি কর্তব্য, তাহা পরক্ষর পরামর্শ করিয়া শেষে ছির করিল, যে নিকটে যাইয়া বিদ পারি, তবে উহাদিগকে জালাইয়া দিই। কিন্তু সাবধান, এই স্থানের স্থে আকৃষ্ট হইয়া আমরা কেহ যেন হেখায় না বিস।

অনন্তর ভিতরে গোলে প্রথার করি ইই জনকে চিনিডে পারাতে তাহারা প্রত্যেকের নাম ধরিয়া ভাকিতে লা-গিল, কিন্তু কোন শব্দ বা উত্তর পাইল না। পরে পথ-প্রদর্শক কোন মতে তাহাদের নিজ্ঞান্ত করণার্থে ভাহা-দের গাত্র নাজাচাড়া করিলে শেবে তাহাদের এক জন কহিল, ক্তেন পাইলে তোমার ঋণ পরিশোধ করিব। আন্য জন কহিল, বাবং থজা ধরিতে পারিব, তাবং যুদ্ধ করিব। ইকা শুনিয়া "মহোৎসাহ ভাবনাতে শিরকালন করিব, কিন্তু এক জন বালক ক্রিটেড লাগিল।

তথন "শুশ্ভীয়ানী জিজ্ঞাদিল, ইছাদের কথার ভাব কি?
"পথপ্রদর্শক কহিল, ইছারা খুনের খোরে কথা কহি-তেছে। তোমরা আখাতানি মাখা কর, ইছারা এই ব্রপেই
উত্তর বিমেণ ইছানের মত পূর্মকালীয় যে লোক তর্মময়

नमुद्रस्त मत्या कारात्मत मास्टलन जेनितिजातन नेत्रन করিয়াছিল, ভাহার লায় ইহারাও কহিবে, আমরা কথন্ জাত্রও হইবা আর বার তাহার অবেহণ করিব। ফলতঃ मनुद्यात्रा निजीवकात्र वर्गन कथी अटर, ज्यम विहास कि विश्वाम कवित्रा करकः अवर्ष नरहः वाक् मूर्य जाहिरम ভাছাই কছে। দ্বাতা করা এবং এছালে বিশ্রাম করা ্যেমন পরস্পর অভিরোধী, ভক্রপ ইছালের ক্থাও পর-স্পার প্রতিরোধী । অববধান লোকের বারা স্বীকার क्तिरत भट्डन बरग हरे अरु कन गांव धरे विशम बड़ाय। रमथ, এই <sup>®</sup> स्मारकृषि याजिस्मत अजुत छेलात्र ; देश शर्यत প্রান্তভাবে স্থাপিত আছে, সেই হেতু আমাদিগের পক্ষে অভিশয় সম্ভবুক্ত হয়; ফলতঃ আসাদের শতু এই রূপ বিবেচনা করেও এই নির্বোধ লোকেরা পথের প্রায় পেব भवास त्याता जनमा क्रांस स्टेटन; क्रांस स्टेटन जनभाटे বসিবে। এই কারণ - নোহভূমি পথের শেষে অর্থাৎ ै রিমুবা নামক ভূমির সীমার নিকটে স্থাপিত জানিবা। অতএব বাত্রিরা পাছে ইহাদের ন্যার বোর নিজাতে যগ্ন रहेता काराता कर्कृक खारवाधिक र अस्त जक्रम रहा, धरे আশকাতে অতি সাবধান হাকক।

তথন বাতিরা ভরে কশিও কইরা অগ্রসর কইতে ইছা করত পশ্রপ্রদর্শককে নিবেদন করিল, কেন সে প্রাদীপ আলিয়া অবশিক পথ ভালাদিগকে লইয়া করে। ভালাতে সে অগ্নি তুলিয়া প্রদীপ আলিতে ভালায়া ভবসক্ষারে পথ অতি অন্ধর্মার কইলৈও কাব পর্যান্ত নামান করিল। কিন্তু বাহ্যকগন আভিশার আইনিভ অনুক্ত ক্ষেত্রক করিতে, এবং বিনি বাত্রিদিশকে ক্ষেত্রক করেন, তাহার নিকটে সুগন পাথের নিনিকে প্রার্থনা করিতে লাগিক। ভালাতে অপ্প লাগের নামান বাত্রানা ক্ষিত্র ক্যাগিক। ভালাতে অপ্প কাশ কিঞ্চিৎ নিৰ্মাল ছইল। ফলতঃ তথন "মোহভূৰি উত্তীৰ্থ না ছইলেও ভাহারা গন্তব্য পথ ও সহ্যাত্রি সক-লকে দেখিতে পাইল।

পরে ঐ ভূমির প্রান্তভাগের নিকটবর্তী হইলে তাহারা কিঞ্চিৎ অত্যে অতি ভাবনাযুক্ত কোন ব্যক্তির অতি গভীর শব্দ শুনিতে পাইল। পরে কিঞিৎ অত্রে গিয়া ममृत्थ हारिया त्रिथिन, अक मन्या दाँ है शीखिया छिर्क्रहरू ও উর্দ্ধি হইয়া ফেন উর্দ্ধে স্থিত কোন ব্যক্তির সহিত এकास मान कथा कहिएछह ; किन्छ निकर्वेवर्सी इटेलिंड তাহারা তাহার কথা নিশ্চয় করিতে পারিল না। অপর যাবৎ তাহার কথা সমাপ্ত না. হয়, তাৰৎ নিঃশব্দে গমন করিল। পরে সে ব্যক্তি কথা সমাপন করিয়া উটিয়া স্বর্গপুরের দিকে অভি বেগে গমন করিতে লাগিল। তাহাতে "মহোৎসাহ উচ্চঃম্বরে ডাকিয়া কহিল, ওছে বন্ধো, বোধ হয়, তুমি স্বর্গপুরে যাতা করিতেছ। যদি এমত হয়, ভবে আমাদের সঞ্চী হও। ইহা শুনিয়া সে ব্যক্তি দাঁড়াইলে তাহার। যাইয়া তাহার সঞ্চে মিলিল। তথন " সরলাত্মা তাহার মুখ দেখিবামাত্র কহিল, ইহাকে আমি চিনি।

\* সতাবীর কহিল, ইহাঁকে চিন! ইনি কে?

" সরলাত্মা উত্তর করিল, ইনি আমার জন্মভূমির নিকট-বর্ত্তি স্থানের লোক; ইহাঁর নাম " অটলচরণ; ইনি এক জন প্রকৃত বাজী।

এই প্রকারে ভাছার। একত হইলে পর "অটলচরণ বৃদ্ধ "সরলাফাকে সংকাধন করিয়া কহিল, হে পিডঃ, আ-পনিও যে এখানে আছেন! সে উত্তর দিল, হাঁ, তৃমি তাহা চাকুষ দেখিতেছ। তথন "অটলচরণ কহিল, এই পথে ভোষার সাক্ষাৎ পাওয়াতে আমি পরম সন্তুট হই- লাম। "সরলাত্মা কহিল, তোমাকে কাঁটু গাড়িতে দেখিরা আমিও আহ্লাদিত হইয়াছি। এই কথাতে "অটলচর্থ ঈবং লক্ষিত হইরা কহিল, তুমি কি আমাকে হাঁটু গাড়িতে দেখিয়াছ? নে কহিল, হাঁ, অবশ্য দেখিয়াছি; এবং তদ্ধানে আমার অস্তঃকরণ প্রফুল হইয়াছে।

" অটলচরণ কহিল, ভাহাতে ভোষার কি বোধ হইল?

"সর্লান্ত্রা কহিল, আর কি বোধ হইবে? কোন সজন পথে বাইতেছে, অবিলবে সে আমাদের সদী হইবে, এমন বোধ হইল।

° অটলচরণ কলিল, তোমার অনুভব যদি যথার্থ হয়, তবে আমার পরম ভাগ্য কটে। কিন্তু যদি না হয়, তবে সেক্ষতি আমার।

শরলাত্মা কহিল, তাহাই বটে; কিন্তু তোমার এই ক্লপ ভাবনাতে আমি বুবিতেছি, তোমাতে এবং বাত্রিদের রাজাতে সম্ভাব আছে। বেহেতু তিনি কহিয়াছেন, "বে জন সর্বাদা ভর রাখে, সেই ধন্য।"

পরে শতাবীর কহিতে লাগিল, হে ভ্রাতঃ, নিবেদন করি, তুমি কি কারণে হাঁটু গাড়িয়াছিলা? তাহা বল। কি কোন বিশেষ অনুগ্রহ পাইয়া কৃতজ্ঞতা স্বীকার করিতেছিলা? কি আর কোন কারণ ছিল?

শ্বাচলচরণ কছিল, দেখ, এই শ্বোহভূমি; অতএব আমি আসিতে ২ মনে ভাবিতে লাগিলাম, বে পথের এই স্থান অতি সকটমুক্ত; তাহাতে অনেকে এ পর্যান্ত আসিয়া এই স্থানে বাধা পাইয়া বিন্তু হইয়াছে। ভারিয় লোকেরা এ স্থানে কি একারে ন্তু হয়, ইহাও ভাবি-লাম। কলতঃ বাহারা এখানে মরে, ভাহারা কোন উৎকট রোগে মরে না, এবং ভাহাদের মৃত্যুতে ক্লেশ বোধ হয় না। কেননা বাহারা নিজাগত হইকা পরলোকে গ্রন করে, ভাছারা ক্ষতন্দে সুখেতে ঐ গমনে প্রবৃত হয়; এবং সেই রোগে ভাছাদের সন্মতি থাকে।

ইত্যবসরে \* সরলাক্ষা তাহার কথার শেষ না হইতে ২ জিজ্ঞাসিল, বৃক্ষবাটিকাতে নিদ্রাগত গুইটা লোককে কি দেখিয়াছিলা?

"অটলচরণ কছিল, হাঁ, আমি "অনবধান ও "ছঃসা-क्त्री अहे कूदे समस्क त्मथात्म प्राथिशाहि। ताथ इत्र, त्महे স্থানে পড়িয়া থাকিতে ২ তাহাদের শরীর পচিয়া যা-ইবে। সে বাহা হউক, আমার কথা সমাপ্ত করিতে দেও। আমি পুর্ব্বোক্তরূপে ভাবিতেছিলাম; ইতোমধ্যে অক-মাৎ সুবস্তান্বিতা কোন বৃদ্ধা দর্শন দিয়া আপন শরীর ও ধন ও শ্যা, এই তিন বস্তু আমাকে দিতে চাছিল। আমি অকিঞ্ন, তীর্থের কাকস্বরূপ, এবং তৎকালে প্রান্ত ও নিদ্রাকৃষ্ট ছিলাম, বুঝি ঐ ডাইনী ভাহা জা-নিতে পারিয়াছিল। সে বাহা হউক, আমি ভাছাকে বারম্বার তাড়াইয়া দিলেও সে তাহা না মানিয়া হাস্য-বদনে পুনরাগমন করিল। ভাছাতে আমি রাগায়িত হইতে লাগিলাম, কিন্তু ভাহাতেও কোন ফল দৰ্শিল না। বরঞ্চ সে পুনশ্চ কহিতে লাগিল, যদি তুমি আমার ইচ্ছায় সম্মত হও, তবে আমি তোমাকে মহান্ও অতি সুখী. করিব। বেহেতু আদি জগৎকর্ত্তী, আমাহইতেই লোকেরা সুখ প্রাপ্ত হয়।

পরে আমি ভাহার নাম জিজ্ঞাসিত্রে সে কহিল, আমার নাম <sup>\*</sup> ডিম্বিকা ঠাকুরাণী।

এই কথা শুনিরা আমি ভাছাকে আরো ঘৃণা করিলাম, কিন্তু সে আমাকে ভুলাইতে কান্ত হইল না। এই প্রকারে বিপদপ্রস্ত হওয়াতে আমি তথন হাঁটু গাড়িয়া উর্জহস্ত হইয়া যাত্রিদের সাহায্যকারির নিকটে উচ্চৈঃশ্বরে প্রা- র্থনা করিলাম। তাহাতে তোমরা আমার নিকটে না আসিতে ২ সেই "ডিছিকা চলিয়া গেল। এই রূপে আ-পদমুক্ত হওয়াতে আমি না উচিয়া ঈশ্বরের ধনাবাদ করিতে লাগিলাম। কেননা সে আমার মঙ্গল না চাহিয়া যাত্রাতে বাধা জন্মাইতে মনস্থ করিয়াছিল, এমত নিশ্চয় জ্ঞান হইতেছে।

শরলাত্মা কহিল, ইহাতে সন্দেহ কি? তাহার অভি-প্রায় অবশ্য মন্দ ছিল। বাহা হউক, আমি পূর্বে তা-হাকে দেখিয়া থাকিব, কিয়া তাহার কোন বিবরণ পাঠ করিয়া থাকিব, তোমার কথাতে আমার এমন অনুমান হয়।

- শ্বাদিকা।
- \* সরলাত্মা কহিল, তাহার নাম \* ডিমিকা ঠাকুরাণী? সে কি ঈবৎ শ্যামবর্ণা দীর্ঘাকারা স্ত্রী নয় ?
- " অটলচরণ কহিল, হাঁ, তাহাই বটে, তুমি তাহার অবিকল বর্ণনা করিলা।
- \* শরলাত্মা কহিল, সে না বড় মৃহভাষিণী ? এবং কথার শেষে না কি ঈষৎ হাস্য করিয়া থাকে ?
- . \* জাটলচরণ কহিল, এ কথাও তোলার যথার্থ বটে, সে ঐ রূপই করে।
- শরলাত্মা কহিল, তাহার কোমরে না টাকার থলি কুলিয়া আছে? আর টাকাতেই বেন তাহার পরম সম্ভোষ, এ কারণ পলিতে হস্ত দিয়া সর্বাদা টাকা কি নাড়াচাড়া করে না?
- "অটলচরণ বলিল, বধার্থ কহিলা। সে বদি এখন ভোষার সাকাতে বিদ্যান থাকিত, তবে তুমি ইহ। আপেকা ভাহার আকৃতি রীতি আরো কি উত্তর্জপে বর্ণনা করিছে পারিকা?

সরলাত্মা কহিল, ভবে বে জন ভাহার মূর্ভি লিখি-মাছে, দে উভম চিত্রকর; ও ভাহার বর্ণনা বে করিয়াছে, সেও সভ্যবাদী।

ত্ৰন "সহোৎসাহ কহিতে লাগিল, ঐ স্ত্ৰী এক জন ডাইনী; তাহারই মজের গুণেতে এই ভূমি মোহময় হই-য়াছে। আর বেমন হাড়িকাঠে মাথা দৈওয়া, তাহার কোড়ে মাথা দেওরা তদ্রপ জানিবা। আর বে কেছ ভাহার সৌক্র্য দর্শনে মুক্ষ হয়, সে ঈশ্বরের শতু-क्रत्भ गणिक रहा। त्मरे इसे खी याजित्मत मजूमिशत्क ঐশ্বর্যা দিয়া প্রতিপালন করে; আর অনেককে লোভ দেখাইয়া যাত্রিধর্ম্মচ্যুত করিয়াছে। এবং মে লোকের ঘরে ২ যাইয়া গম্প করিয়া বেড়ায়। সে ও তাহার কন্যারা যখন যে যাত্রিকে পায়, তখন ভাছার পশ্চাৎ ২ গমন করিয়া পুরকালের সুখাপেক্ষা ঐছিক সুখের প্র-শংসা করে। সে অতি নিলক্ষ গণিকা; বে কৌন পুরুষ হউক, তাহারই দক্ষে কথা কহিতে প্রস্তুত হয়। সে দরিজ বাতিদিগকে তৃচ্ছ করিয়া পরিছাস করে, কিন্তু ধন-বানদিগের অতিশয় প্রশংসা করে। যে কেছ ধনোপাঁজনে তৎপর, তাহারই সুখ্যাতি করিতে সে ঘরে২ বেড়ায়। মে ভোজ ও মহোৎসব বড় ভাল বালে; তাহা বেখানে हम, त्मरे थात्नरे बारेमा शारक। धरश चामि त्मरी, रेहा স্থানে ২ কহাতে কেহ ২ তাহার পূজাও করিয়া থাকে। আর বঞ্না করিবার নিমিত্তে ভাহার বিশেষ সময় ও স্থান নিরূপিত আছে। সে দৃঢ়রূপে করে, আমার দেয় মকলের তুল্য মকল আর কেছ দিতে পারে না। বাহার। ভাহাকে ত্রেম করিয়া ত্রেষ্ঠ ক্রান করে, ভাহাদের বিভীয় তৃতীয় পুরুষ পর্যাত্ত কহবাস করিতে অসীকার করে। व्यर वित्येव २ श्रांत्न वित्यंव २ लाक्त्र निकटके त्म आशन

বলিয়াহইতে ধুলার লাগে অপরিমিত অর্থ বর্ষণ করে।
বাহারা তাহার অনুগালী হয়, ও তাহার প্রশংসা করে,
এবং তাহাকে ক্রেড়ে করে, তাহাদিগেতে সে অতি
সম্ভতী হয়। সে আপন সম্পতির প্রশংসা করিতে কখন
ক্লান্ত হয় না; এবং বাহারা তাহাকে অভি প্রেট জ্ঞান
করে, তাহাদিগকে অন্যাপেকা অতিশয় প্রেম করে।
আর বাহারা তাহার পরামর্শ শুনে, তাহাদিগকে রাজ্য
ও মুক্ট দিতে অজীকার কয়ে। কিন্ত তাহার এই
সকল ছলনাতে অনেকের ফাঁশি হইয়াছে; আর লক্ষং
লোক নরকে পড়িয়াছে।

এই সকল কথা শুনিয়া "আটলচরণ কহিল, আমি বে তাহাকে প্রতিরোধ করিয়াছি, ইহাতে আমার প্রতি ঈশরের কত বড় দয়া প্রকাশিত হইয়াছে! হায়! আমি তাহার কথাতে সম্পত হইলে সে আন্নাকে না জানি কোধায় লইয়া ঘাইত।

শহাৎসাহ কহিল, কোথায় লইয়া বাইত, তাহার বিশেষ কেবল পরমেশ্বর জানেন; কিন্তু ইহা নিশ্চয়, লোকদিগকে বিনাশে ও নরকে মগ্নকারি মৃচ ও হিংঅক অভিলাধরণ পাল্লমধ্যে সে তোমাকে লইয়া বাইত। দেখ, সেই ছুইাই "অবশালোমকে আপন পিতার বিজ্ঞোহীও "বারবিয়ানকে আপন রাজার বিপক্ষ করিয়াছিল। আর সেই ল্লী "বিহুদাকে বিশাস্থাতক করিয়া তাহার প্রভূকে বিক্রেয় করিছে প্রত্তি দিয়াছিল। এবং "দীমাকে বাতিধর্ম করিছে। করাইয়াছিল। সে বে কত লোকের হানি করে। জীহা বর্ণনা করাইয়াছিল। সে বে কত লোকের হানি করে। জীহা বর্ণনা করাইয়াছিল। সে বে কত লোকের হানি করে। জীহা বর্ণনা করাইয়াছিল। কে বাত্তি লালিদের মধ্যে করেই জীহা বর্ণনা করাই লাভা ও প্রত্তির মধ্যে এবং প্রতিনাদিদের মধ্যে এবং প্রতিনাদিদের মধ্যে এবং প্রতিনাদিদের মধ্যে এবং প্রত্তির স্থান্তিয়া বনের সধ্যে এবং করাইয়া বাকে। তাক্তির স্থান্তিয়া বনের সধ্যে এবং প্রত্তিয়ান্তিয়া নাক্তির স্থান্তিয়া বনের সধ্যে এবং প্রত্তিয়ান্তিয়ান নাক্তির বিরোধ করাইয়া বাক্তিয়া অতএবং দেহ ও জ্যান্তান্তি নাক্তির বিরোধ করাইয়া বাক্তিয়া অতএব

হে " অটলচরণ, তোমার বেমন দাম তেমনি কর্ম হউক, অর্থাৎ তুমি সকলকে জয় করিয়া অটল থাকিতে যত্ন কর। " ডিবিকার এই সকল বৃত্তান্ত প্রবাণে যাত্রিদের সকল্প আনন্দ জয়িলে পেলে ভাছারা এই গীত গান করিল, ২খা,

ষাত্রিদের কড আপদ হয়, আর শত্রু কড জন।
আঃ কড কার্য্যে পাপ জন্মায়, না জানে মর্ত্যান ॥ ১॥
হায়-ংবে বাড উত্তীর্ণ হয়, লে ডুবে পস্কেতে।
কেহ বা ধুমে করি ভয়, বায় লাফি অগ্নিতে॥ ২॥

## ১৫ অধ্যায়।

व्यभन्न व्यापि चार्य प्रियाम, य कात्म व्यापिता-রাত্তি উদিত থাকে, সেই <sup>\*</sup>বিমূলা নামক দেশে বাতিরা গিয়া পঁছছিয়া পথপ্ৰান্তি প্ৰযুক্ত তথার কিছু কাল বিশ্রা-মার্থে অবস্থিতি করিল। সেই দেশ যাত্রিদের ভোগ্য, এবং তত্ত্র উদ্যান ও লাক্ষাকেত সকল স্বর্গাজের অধিকার; অতএব তথায় যাহা ২ ছিল, তাহা তাহারা সকলে ভোগ করিতে লাগিল। তথায় অপা কাল প্রবাস করণা-নম্ভর তাহাদের প্রান্তি উপশ্য পাইল। ফলতঃ অন-বরত সুস্বরে ঘটা ও ভূরীবাদ্য হওয়াতে বদাপি তাহারা নিক্রা ঘাইতে পারিল না, তথাপি ঘোর নিস্কাতে বেমন ভূপ্তি হয়, তেমনি ভূপ্তি পাইল। অপর নেধানকার লোকেরা কি প্রকার, জান ? পথে বাভায়াত কালে পর-न्त्रज्ञ नाकार शहेरनः धक क्य करह, क्या करनक सूछन याजी नगरत व्यक्तिया श्रेष्ट्यारह । वना वन करह, अमा अवृक अवृक्ष राजी नहीं शाह रहेशा वर्षमञ्जा वाह मिया आरम् कार्याट्। (क्र वा उदेकश्यस्य करके स्वाध করি, পথে অনেক বাত্রী আসিয়া নিকটবর্তী হইতেছে, কেননা ভাহাদিগকে সাজুনা,দিবার জন্যে এই মাত্র এক দল ভেকবি লোক আসিয়া ভাহাদের অপেকা করিতেছে।

পরে বাজিরা উটিয়া ইতস্ততঃ গমনাগমন করিলে,
আহা, নানা প্রকার স্বর্গীয় ধানিতে তাহাদের ফর্ণ কেমন
তৃপ্ত হইল! ও স্বর্গীয় বিষয় দর্শনে তাহাদের চকু কেমন
প্রসম হইল! সেই ভূমিতে তাহারা হাহা প্রবং কিয়া
দর্শন কিয়া আণ কিয়া আসাদন কিয়া স্পর্শ করিল, তাহার মধ্যে মনোহংথ কিয়া পারীরিক পীড়াজনক কিছুই
ছিল না; কেবল যে নদী পার হইতে হইবে, তাহারই
কল তাহাদের জিন্তায় কিঞ্ছিং ডিক্ত বোধ হইল, কিন্তু
পান করিলে পরে মিই লাগিল।

অপর পূর্বকালে বে সকল যাত্রী আসিয়াছিল, ভাচা-দের নাম ও মহৎ কর্মের বিবরণ তথাকার এক পৃস্তকে লিখিত ছিল। তদ্তিদ কোন ২ যাত্রির পার হওন কালে পূর্বোক্ত নদী কেমন বাড়িয়াছিল, এবং অন্য কোন ২ যাত্রির পার হওন কালে ভাহা কেমন কমিয়া পিয়াছিল, ইহার বিশেষ ৰূভান্ত সেই গ্রন্থে লিখিত ছিল। ফলতঃ काहाता २ नमद्र तारे नही थात्र एक हरेता शिवाहिन, এবং কাছারো ২ সময়ে তাকার জল বৃদ্ধি পাইয়া তার ক্ষিয়াছিল। সে বাহা হউক, বাতিরা তথায় থাকিতে? छाराद्यत कटना थे नशरत्त्र वानरकता त्रारकामगरन शिया পূল্পঞ্জা প্রস্তুত করিয়া অতি প্রেম পূর্বক তাহাদিগকে व्यानिता पिछ। वे छेगात्न कर्नृत, क्रोगाश्मी, कृक्म, क्ष्मन, नाक्रकिन, कृत्मूक, शक्तम, धूना आकृष्ठ अधाने र मुगक्ति प्रस्वादशामक वृक्ष किता याविका यावर उथाप्र त्रहिल, कार्य कारात्मत्र भग्नामात्र केका मृशक्ति क्रायात्र कोत्रतकः मारमानिक स्टेउ। शरतः नहीः शातः इ.७८नत

সময় উপস্থিত হইলে তাহারা ঐ সকল সুগন্ধি দ্রুথ গাতে লেপন করিয়া প্রস্তুত হইত।

তাহারা নির্দ্ধি কালের প্রতীক্ষাতে তথায় অবস্থিতি করিতেছিল, এমত সময়ে এক দিন নগরের মধ্যে জনরব হইল, যে স্বর্গপুরহইতে গুরুতর বার্ডাবাহক এক দৃত আসিয়া "খুঁভিয়ান নামক যাত্রির ভার্যা "খুঁভিয়ান বামক যাত্রির ভার্যা "খুঁভিয়ানী কোথায় থাকে, সেই দৃত অনুসন্ধান পূর্মক তাহা অবগত হইয়া তাহার নিকটে যাইয়া তাহাকে এক পত্র দিল; সেই পত্রের লিখন এই, "হে উত্তমা স্ত্রি, প্রভু তোমাকে ডাকিতেছেন, এবং তুমি অমরত্বস্ত্র পরিহিত হইয়া দশ দিবসের মধ্যে তাঁহার সাক্ষাতে উপস্থিত হইবা, এমত অপেক্ষা করিতেছেন, এই সমাচার জানিবা।"

ভাছাকে এই পত্র পড়িয়া শুনাইলে পর সে যে প্রস্থান করণার্থে ভাছাকে স্থরা করাইতে নিযুক্ত বিশ্বাস্য দূত, ইহার চিহুস্থরপ প্রেমবক্তে তীক্ষীকৃত বাণ দিল; ভাছা মন্দং রূপে ভাছার অন্তঃকরণকে বিদ্ধ করিল; ভাছাতে এমত ফল দর্শিল, যে প্রস্থান করিবার সময় উপস্থিত হইলে গমন করিতে ভাছার একান্ত মনোর্থ হইল।

অতএব "খুীফীয়ানী যখন বুঝিল, যে এখন আমার সময় উপস্থিত হইল, এবং সম্ভিব্যাহারিদের মধ্যে আ-মাকে সর্বাত্রে নদী পার হইতে হইবে, তখন সে পথ-প্রদর্শক "মহোৎসাহকে ডাকাইয়া আপনার এই সমস্ত বিষয় জানাইল। তাহাতে সে কহিল, ইহা শুনিয়া আমি অতিশয় আনন্দিত হইলাম; আর সেই দৃত যদি আমা-কেও ডাক্তি, তবে আমি আরো আহ্লাদিত হইতামণ পরে কিরপ আয়োজন করিয়া গমন করিতে হয়, ইহার পরামর্শ আপনি জামাকে দিউন, "খুীফীয়ানী এই কথা ক্ষিলে সে তাছাকে উপযুক্ত শিক্ষা দিয়া কহিল, তো-মার প্রস্থান কালে আমরাও নদীর তীর পর্যন্ত তোমার সঙ্গে ২ বাইব।

পরে "খুটিটায়ানী আপন সন্তানদিগকে তাকাইয়া আশীর্কাদ করিয়া কহিল, তোমাদের ললাটে অন্ধিত চিত্র
অদ্যাপি সৃদৃশ্য দেখিতেছি, এবং তোমরা আমার সলে
এখানে আসিয়া শঁছছিয়াছ, এবং আপন ২ বস্ত্র এমত
শুজ রাখিয়াছ, ইহাতে আমি অতিশয় সাজ্বনা প্রাপ্ত
ইইলাম। পরে তাহার বে যৎকিঞ্চিৎ সংস্থান ছিল,
ভাহা দরিজদিগকে দান করিতে কহিয়া পুজ ও বধূদিগকে
আজ্ঞা দিল, তোমাদিগকেও ডাকিতে দৃত আসিবে, অতএব ভাহার আগমনের অপেকায় প্রস্তুত হইয়া থাক।

পথপ্রদর্শককে ও আপন সন্তানদিগকে এই সকল কথা কহিলে পরে "পুট্টীয়ানী "সত্যবীরকে ডাকাইয়া কহিল, হে মহাশয়, তুমি বেমন সকল কার্য্যে আপনাকে বিশ্বস্ত দেখাইয়াছ, তেমনি মরণ পর্যন্ত বিশ্বস্ত থাকিও; তাহা হইলে আমার রাজা তোমাকে জীবনমুক্ট দান করিবেন। আর বিনয় করি, আমার সন্তানদিগের প্রতি দৃষ্টি রাখিবা। বদি কোন সমরে তাহাদিগকে পরিপ্রান্ত দেখ, তবে তাহাদিগকে সাজ্বনাবাক্য কহিবা। আমার প্রিয় পুত্রবধুরা বিশ্বস্তরূপে আচরণ করিয়া আসিতেছে; তাহাতে ভরসা করি, শেষাবস্থায় তাহারা অশীকৃত কল পাইবে।

পরে: সে "অটলচরণকে ডাকাইয়া কিছু না বলিয়া ভাক্তাকে একটী অসুরী দান করিল।

• তদুনতার সে বৃদ্ধ "সরলাত্মাকে ডাকাইরা তাহাকে
আয়ুনিতে দেখিরা কহিল, ঐ দেখ, এক জন নিজ্পট
প্রকৃত ইজায়েক ক্ষাক। পরে "সরলাত্মা কহিল, বে

দিনে তুমি সিয়োন পর্বতারোহণে প্রস্থান করিবা, সে
দিন নির্মাল হউক, এই আমার বাসনা। আর তোমাকে
শুল্ফ চরণে নদী পার হইতে দেখিলে আমি পরমাহলাদিত হইব। ইহা শুনিয়া " খ্রীফীয়ারী উত্তর করিল, মলিন
কিয়া নির্মাল, যে প্রকারই দিন হউক, আমি বাইবার
আকাজ্জা করিতেছি। গমনকালে আকাশ মলিন হইলে
ক্ষতি নাই, কেননা সেখানে গিয়া প্রছিলে আমি বসিয়া বিশ্রাম করিতে ও অক্ষের জল শুকাইতে অনেক অবকাশ পাইব।

পরে অতি বিশিষ্ট <sup>\*</sup>পতনোমুখ তাহাকে দেখিতে আইলে সে কহিল, এ পর্যান্ত তোমার যাতা অতি ক্লেশ-জনক হইয়াছে, কিন্ত ইহাতে তোমার বিশ্রাম আরো সুথদায়ক হইবে। তুমি সতর্ক হইয়া প্রস্তুত থাক, কেননা অনপেক্সিত সময়ে দূত আসিয়া উপস্থিত হইতে পারে।

অনস্তর "নিরাশ ও "ভয়াকুলা নামী তাহার কন্যা
আইলে "খ্রীফায়ানী তাহাদিগকে কহিল, ছুরস্ত "আশাভল্পের হস্তহতৈ এবং "সংশয়তুর্গহইতে তোমরা বে
উদ্ধার পাইয়াছ, তাহা সর্বাদা কৃতজ্ঞতা পূর্বাক স্মরণ
করা তোমাদের উচিত। সেই উদ্ধাররপ অনুগ্রহের ফল
এই, যে তোমরা নিরাপদে এ স্থানে উপনীত হইয়াছ।
অতএব শক্ষা পরিত্যাগ করিয়া সভর্ক হও, এবং সুস্থির
হইয়া শেষ পর্যাস্ত ভরসারাখ।

তৎপরে সে কীণমনাকে কছিল, তুমি ষেন জ্বনন্ত কাল পর্যান্ত জমরগণের তেজেতে প্রাণ ধারণ করিয়া আপন রাজার দর্শনে তৃপ্ত হও, এজন্য ছুরস্ত কাধু-হস্তার মুখহইতে উদ্ধৃত হইয়াছ। অতএব তোমাকে পরামর্শ দিই, প্রভুর দ্যার বিষয়ে সন্দিশ্ধ ও ভীত হওনে তোমার মনের বে প্রবৃত্তি আছে, সময় থাকিতে অনুতাপ পূর্ব্বক তাহা পরিত্যাগ কর; নত্বা তিনি যখন আসিবেন, তখন কি জানি তাঁহার সম্মুখে দাঁড়াইলে তুমি সেই দোষের জন্যে লজান্বিত হইবা।

অনম্ভর শুরীফীয়ানীর প্রয়াণ দিন উপস্থিত হইলে তাহার গমন দেখিতে লোকেতে পথ পরিপূর্ণ হইল; এবং তাছাকে উর্জে লইয়া যাইবার নিমিতে স্বর্গপুর-হইতে অনেক অশ্ব রথ আসিয়া নদীর পরপারে দাঁ-ডাইল। ভাহাতে দে বাহির হইয়া ইঙ্গিতদারা পশ্চা-न्तामि लाकरमत निकर्णे विमाग्न लहेगा नमीरा প্রবেশ করিল। তখন, "হে প্রভো, তোমার সহবাসে তোমার ধন্যবাদ করিতে আমি ঘাইতেছি," তাহার এই কথা-মাত্র শেষে শুনা গেল। পরে তাহার জনো উপস্থিত অশ্রথাদি তাহাকে সকলের দৃষ্টিহইতে লইয়া গেলে তাহার পুত্র মিত্রাদি স্ব ২ স্থানে প্রস্থান ক্রিল। " খ্রী-ফীয়ানী স্বৰ্গারে উপস্থিত হইয়া আহ্বান করণানন্তর স্বামির ন্যায় আনন্দেৎসবে তন্মধ্যে প্রবিষ্টা হইল। ভাহার প্রয়াণে ভাহার সন্তান সকল ক্রন্দন করিতে লাগিল, কিন্তু "মহোৎসাহ ও "সতাবীর আহ্লাদযুক্ত ছইয়া সুস্থর বাদ্য বাদন পূর্বক আমোদ করিতে লাগিল। এই রূপে দকলে স্ব স্থানে ফিরিয়া আইল।

কিছু কাল পরে সেই নগরে জার এক রাজদৃত আসিরা পতনোমুখের অনুসন্ধান করিয়া ভাহাকে পাইয়া
কহিল, তুমি পঙ্গু হইয়াও যে প্রভুকে প্রেম করিয়া
অনুগমন করিয়াহ, তৎকর্তৃক আমি ভোমার নিকটে
প্রেরিত হইয়া এই সংবাদ দিতেছি, নিস্তারপর্কের পরদিবসে জাঁহার রাজ্যে তাঁহার সজে ভোজন পানার্থে
ভিনি ভোমাকে নিমন্ত্রণ করিতেছেন। অতথব তথায়
গমন করিবার জন্যে সমক্ষ হও। এই কথা কহিয়া সে



বে বিশ্বাস্য দূত, তাহার নিদর্শন্সরূপ এই বাক্য কহিল, যথা, "আমি তোমার সুবর্ণবাটী ভাঙ্গিয়া রূপার তার নরম করিয়াছি।" উপ ১২, ৬।

অনস্তর \* পতনোমুখ সহ্যাতিদিগকে ডাকাইয়া কছিল, ঈশ্বর আমাকে ডাকিয়াছেন, এবং তিনি তোমাদের প্রতিও দৃষ্টিপাত করিবেন। ইহা কহিয়া সে বিষয়বিভাগের নিয়মপত লিখিতে \*সতাবীরকে বিনয় করিল; ফলতঃ তাহার যটি ও আশীর্ঝাদ ব্যতীত আর কিছু ধন না থাকাতে দে এই আজ্ঞা করিল, আমার যে পুত্র আমার অনুগামী হইবে, সে যেন আমা অপেক্ষা শতগুলে উত্তম হয়, এমত আশীর্কাদের সহিত আমার এই ষ্টিছ্য় তা-হাকে প্রদান করি। তৎপরে \* মহোৎসাহ পথেতে তা-হার প্রতি যে সকল সাহায্য ও অনুগ্রহ করিয়াছিল, তজ্জন্য সে কৃতজ্ঞতা স্বীকার করিয়া গমনার্থে প্রস্তুত হইল। পরে নদীতীরে উপস্থিত হইয়া কহিল, এই যক্তিতে আমার আর প্রয়োজন নাই; দেখ, আমাকে লইয়া যাইবার নিমিত্তে অশ্বর্থাদি ওপারে উপস্থিত আছে। তখন সে নদীতে নামিয়া, "হে অনস্ত জীবন, আমি তোমাকে বন্দনা করি,'' এই কথা কহিয়া পারে গেল।

কিয়ৎকালানন্তর \* কীণমনাও সংবাদ পাইল,যে তাহার বাসার দারে দৃত আসিয়া শিঙ্গা বাজাইতেছে। পরে ঐ দৃত ভিতরে প্রবিষ্ট হইয়া কহিল, তোমাতে প্রভর প্রয়ো-জন আছে; অতএব অত্যপ কালের মধ্যে তোমাকে ভাঁহার তেজোময় মুখের দর্শন পাইতে হইবে, ইছা তোমাকে জানাইতে আসিয়াছি। আর আমার সংবাদ বে সত্য, তাহার প্রমাণ এই, ষথা, ''গবাক দিয়া দশনকারিণী অন্ধীভূতা হইবে।" তাহাতে \* কীণমনা আত্মীয় বন্ধুগণকে ডাকাইয়া উক্ত সংবাদ ও তাহার
2 ম প্রমাণস্থাক চিহ্ন তাছাদিগকে অবগত করাইয়া কছিল, কাছাকে কিছু দিয়া যাইতে আমার কিছুই নাই: অতএব দানপত্র লিখিবার প্রয়োজন নাই। আমার যে ক্ষীণ
মন আছে, তাছা আমি ফেলিয়া দিব, কেননা যেখানে
যাইতেছি, সেখানে তাছা কোন কার্য্যেরই হইবে না,
এবং এখানে তাছা কোন দরিদ্র যাত্রিকেও দিবার যোগ্য
নহে। অতএব ছে \* সতাবীর, আপনি তাছা গোময়রাশিতে পুঁতিয়া ফেলিবেন। অনস্তর তাছার প্রয়াণের সময়
উপস্থিত হইলে সে পূর্ম্বগত ব্যক্তিদের ন্যায় নদীতে
প্রবেশ করিয়া "হে আমার বিশ্বাস, হে আমার ধৈর্য্যা,
আমাকে ছাড়িও না," এই কথা কহিয়া পার হইয়া গেল।

বহু দিন গত হইলে পর সেই দূত পুনর্মার আসিয়া

নিরাশকে ডাকিয়া এই বার্ডা দিল, হে কম্পিতকলেবর,
আগামি প্রভুর দিবসে তোমাকে রাজার সম্মুথে উপস্থিত
হইয়া সকল সংশয়হইতে মুক্তি পাইয়া আনন্দধানি করিতে হইবে, অতএব তজ্জন্যে প্রস্তুত হও। আর এই কথা
বে সত্যা, তাহার এই চিহ্ল লও। ইহা কহিয়া দূত তাহার

"ভারস্বরূপ এক ফড়িঙ্গ" তাহাকে দিল। উপ ১২,৫।

সেই "নিরাশের "ভয়াকুলা নামী কন্যা এই সকল শুনিয়া কহিল, আমিও পিতার সঙ্গে গমন করি। তখন তাহার পিতা বন্ধুদিগকে কহিল, আমি ও আমার কন্যা কি পর্যান্ত ছুর্বলে এবং সহযাত্রি সকলের ক্লেশজনক হইয়াছি, তাহা তোমরা বিলক্ষণ জান। সম্পৃতি আমার ও আমার কন্যার বাসনা এই, আমরা গেলে পরে আমাদের "নৈরাশ্য ও "ভীতি যেন কখন কাহারো নিকটে আশ্রেয় না পায়; কেননা আমি জানি, আমাদের মরণানন্তর তাহারা অন্যান্য লোকের নিকটে আভিথ্য চাহিবে; কিন্তু দেখ, স্পাট্ট কহিতে গেলে, তাহারা ভূত। আমরা যাতার আনু

রম্ভকালে তাহাদিগকে স্থান দিয়া পশ্চাৎ আর দূর করিতে পারিলাম না। ইহার পরে তাহারা অন্যান্য যাত্রিকের নিকটে প্রতিপালনার্থী হইয়া বেড়াইবে। অতএব প্রার্থনা করি, তোমরা আমাদের ছঃখ স্মরণ করিয়া তাহাদিগকে তাড়াইয়া দিবা।

পরে প্রস্থান সময় উপস্থিত হইলে তাহার। ছুই জনে নদীর তীরে গেল। সেখানে, "হে রাতি, বিদায় হও; হে দিন, আইস," \*নিরাশ এই কথা কহিয়া নদীতে প্রবিষ্ট হইয়া পার হইয়া গেল। তাহার কন্যাও গান করিতে ২ গেল; কিন্তু সে কি গাইল, তাহা কেহ বুঝিতে পারিল না।

তাহার অনেক দিন পরে সেই নগরে হাজদৃত আ-সিয়া \* সরলাত্মার বাসস্থান অনুসন্ধান পূর্বক তাহার উদ্দেশ পাইয়া এই লিপি তাহার হস্তে সমর্পণ করিল, যথা, সপ্তাহের মধ্যে তোমাকে আপন প্রভুর পিতৃগৃহে তাঁহার সাক্ষাতে উপস্থিত হইতে হইবে, অতএব প্রস্তুত থাকিবার আদেশ তোমাকে দেওয়া যাইতেছে। আর আমার এই সমাচার যে সত্য, তাহার নিদর্শন এই, यथा, "তোমার বাদ্যকারিণী কন্যাগণ ক্ষীণ হইবে।" উপ; ১২, ৪। এই সংবাদ পাইয়া \* সরলাত্মা বন্ধুদিগকে ডাকাইয়া কহিল, দেখ, আমি মরি, কিন্তু দানপত্র লিথিয়া যাইব না। আমার যে সরলতা তাহা আমার সঙ্গে যাইবে, এ কথা আমার পশ্চাদগামিদিগকে কছিও। পরে তাহার প্রয়াণ দিন উপস্থিত হইলে সে অবিলম্বে নদী পার হওনার্থে যাত্রা করিল। তৎকালে ঐ নদী বৃদ্ধি পাওয়াতে কোনং স্থানে তাহার তীর জলাপ্লাবিত ছিল, তথাপি \* সরলাত্মার কোন বাধা জন্মিল না। যেছেতৃক নদী পার হওন কালে সাহায্য পাইবার নিমিত্তে সে জীবদ্দশায় \* সৎসংবেদ

নামক এক জনের সহিত নিয়ম করিয়াছিল। সে ব্যক্তি তদনুসারে তথায় উপস্থিত হইয়া সাহায্য করত তাহাকে পার করিয়া দিল। "প্রভুর অনুগ্রহের জয় হউক," শেষে এই কথা কহিয়া সরলামা লোকান্তরে গমন করিল।

পরে জনরব হইল, \* সরলাত্মাকে সংবাদ দিতে যে দৃত আসিয়াছিল, সে \* সত্যবীরকেও তদনুরূপ সমাচার আনিয়া দিয়া তাহার সত্যতার এই প্রমান দিল, যথা, ''উনুইতে তাহার কলস ভঙ্গ হইয়াছে।" উপ; ১২, ৬। এই সংবাদ অবগত হইয়া \* সত্যবীর বন্ধুগণকে ডাকাইয়া তদ্বিষয় জ্ঞাত করিয়া কছিল, আমি পিতার গৃহে চলি-লাম। আমি বড় কটে এ পর্য্যন্ত আসিয়া পঁছছিয়াছি বটে, তথাি এই ক্ষণে তজ্জনা কিছুমাত ছঃখ করি না। যে জন যাত্রাতে আমার অনুগামী হইবে, তাহাকে আমার খড়র দিব। আর আমার সাহস ও নৈপুণ্য যে পাইতে পারিবে, তাহাকেই দিব। কিন্তু আমার শরীরের এই সকল আঘাতচিত্র সঙ্গে করিয়া লইয়া যাইব; কেননা যিনি আমার প্রতিফলদাতা হইবেন, তাঁহার পক্ষে আমি যুদ্ধ করিয়াছি, ইহার সাক্ষিত্মরূপ ঐ আঘাতচিত্র সকল হইবে। পরে তাহার প্রয়াণের দিনে অনেকে নদী পর্যান্ত তাহার সঙ্গেহ গেল, তাহাতে সে, "হে মৃত্যো, তোমার ছল কোথায়?" এই কথা কহিয়া নদীতে প্রবিষ্ট হইল। অনস্তর গভীর জলে নামিলে, "হে কবর, ভোমার জয় কোথায়?" এই কথা কহিয়া নদী পার হইয়া গেল। তাহাতে পরপারে অনেক ভূরীধনি হইল।

তদনস্থর যাত্রিরা শোহভূমিতে বে শঅটলচরণকে প্রা-র্থনা করিতে দেখিয়াছিল, তাহার নিমিতে আহ্বানপত্র আনীত হইল। ফলতঃ রাজদূত অনাবৃত এক পত্র হস্তে করিয়া তাহার মিকটে আদ্মিয়াদিল, তম্মধ্যে এই কথা

লিখিত ছিল, তৃমি লোকান্তরে গমনার্থে প্রস্তুত হও, কেননা তুমি এত দূরে ধাক, এমত তোমার প্রভুর অভি-লাষ আর নহে। এ কথাতে. "অটলচরণ বিস্ময়াপন্ন হইলে দৃত কহিল, আমার বার্তা যে সত্য, ইহার বিষয়ে তোমাকে দদ্দেহ করিতে হইবে না; দেখ, তাছার প্রমাণ এই দিতেছি; "কুপে তোমার চক্র ভগ্ন হইয়াছে।" উপ ১২, ৬। তথন "অটলচরণ পথপ্রদর্শক "মহোৎসাহকে ডাকাইয়া কহিল, হে মহাশয়, যাত্রাকালীন অপ্প দিন মাত্র তোমাকে সঙ্গী পাইয়াছিলাম; কিন্তু যদবধি তো-মাকে জানিয়াছি, তদবধি তুমি আমার হিতকারী হই-য়াছ। দেখ, মহাশয়, আমি স্ত্রী ও পাঁচটী শিশু সন্তান ঘরে ফেলিয়া আসিয়াছি। আর তুমি যে অন্যান্য যাত্রি-দের পথপ্রদর্শক হইবার নিমিত্তে নিজ প্রভুর গৃহে ফিরিয়া যাইবা, ইহা আমি নিশ্চয় জানি। অতএব বিনয় করি, যখন তথায় ফিরিয়া বাইবা, তখন আমার পরিজনগণের নিকটে লোক পাঠাইয়া, আমার প্রতি যাহা ঘটিয়াছে ও ঘটিতে উদ্যত আছে, তাহা জানাইবা। বিশেষতঃ আমি শুভ গমন পূর্বক এই পর্যান্ত আসিয়াছি, সম্পুতি পরম সুথ পাইবার আশাতে প্রফুলচিত আছি, আমার বাটীতে এই সমাচার দিবা। অধিকন্ত "খ্রীফীয়ান ও তাহার স্ত্রী "খুীফীয়ানীর বিবরণ তাহাদিগকে জানাইবা, বিশেষতঃ \* খ্রীফীয়ানী পূত্রগণ সমভিব্যাহারে কিরুপে \* প্রীফীয়ানের পশ্চাদ্গামিনী হইয়াছে, ও কোণায় গিয়া পঁহছিয়া কেমন সুথ প্ৰাপ্তা হইয়াছে, তাহাও অবগত করাইবা। পরিজনগণকে দান করিতে প্রার্থনা ও নেত্র-জল ব্যতিরেকে আমার আর কিছুই নাই। ইহা তাহা-দিগকে জ্ঞাত করিলে তুমি আমাকে বাধিত করিবা; ঈশবের অনগ্রহে তাহা সফল হইতে পারে।

এই প্রকার নিয়ম করণানন্তর প্রয়াণ সময়ে \* অটলচরণ স্থরা করিয়া নদীতীরে গমন করিল। তৎকালে নদীর জল স্থির ছিল, তরিমিতে সে তাহার মধ্যস্থল পর্যান্ত গিয়া দাঁড়াইয়া কিছু কণ তীরস্থ সঞ্চিদের প্রতি এই क्रभ कथा कहिएक लोशिन, प्रिथ, धरे नमीएक अप्तरक ভয় পাইয়াছে। আর আমিও কত বার ইহার বিষয় চিন্তা করিয়া ভয় পাইয়াছিলাম। কিন্তু সম্পুতি সুস্থির আছি, क्विना यर्फन नमी मिया इंखात्यल लाकत्मत गमन কালে নিয়মসিন্দুক বছনকারি যাজকগণের চরণ যাছাতে নির্ভর দিয়াছিল, আমার চরণও তাহাতেই নির্ভর দি-তেছে। এই জল জিহ্বাতে তিক্ত এবং উদরে শীতজনক বটে, কিন্তু গস্তব্য স্থানের উৎকৃষ্টতা এবং পরপারে প্রাপ্য ঐশ্বর্য্যের আলোচনাতে আমার মন দৃঢ় আকা-জ্জায় উত্তপ্ত হইতেছে। এই ক্ষণে আমি যাতার সী-মাতে উপস্থিত হইয়াছি, আমার ক্লেশের দিন শেষ ছইয়াছে। আমার নিমিতে যাঁহার মস্তকে কণ্টকমুকুট ও বদনে পুথু দেওয়া গিয়াছিল, তাঁহার সহিত সাক্ষাৎ করিতে যাইতৈছি। পূর্কে আমি প্রতিশ্রুত ও বিশ্বাস-जीवी हिलाम, **এथन पर्णनजीवी इ**हेट बाहेट हि। बाहात সহবাসে আমার পরম প্রীতি, তাঁহার সহিত থাকিব। আমার প্রভূর প্রশংসা শ্রেবণে সর্বদা আমার মনের আ-মোদ হইত; আর যে ২ স্থানে তাঁহার পদচিত্ন দেখি-তাম, সেই ২ স্থানে পদার্পণ করিতে প্রয়াস করিতাম। আমি তাঁহার নাম কস্তৃরীর ন্যায় সর্কাতিরিক্ত সুগন্ধরণে মানা করিতাম, ও তাঁহার স্বর আমার কর্ণে অতি সূঞাবা ছিল। এবং সূর্যোদয় দর্শনাভিলাষিদের অপেকা আমি তাঁহার মুখঞী দেখিতে অধিক ইচ্ছা করিতাম। এবং তাঁ-হার বাক্ট সকল অতি সৃখাদ্য ও মহৌষধিস্কুপ জানিয়া সংগ্রহ করিয়া রাখিতাম। তিনি আমার অবলয়ন হও-য়াতে আমি নিজ দোষহইতে রক্ষা পাইয়াছি। তিনি আপন পথে গমনার্থে আমার চরণ সবল করিয়াছেন।

এই প্রকার কথা কহন কালে "অটলচরণের মুখের আকৃতি অন্যথা হইল, এবং তাহার পরাক্রমি স্তম্ভদ্ম নত হইল। তাহাতে সে, "আপনকার নিকটে যাইতেছি, আমাকে গ্রহণ করুন," এই কথা কহিয়া তীরস্থ লোকদের দৃষ্টিহইতে অস্তর্হিত হইল।

পরন্ত বাত্তিগণের একে ২ উর্দ্ধ গমন ও সুন্দর দার দিয়া স্বর্গপুরে প্রবেশ করণ কালে তাহাদের সহিত সা-ক্ষাৎ করণার্থে আগত অশ্বর্রথ এবং তুরী ও বংশীধারি ও বীণাবাদক প্রভৃতি বাদাকর ও গায়কগণেতে পরিপূর্ণ আকাশপথের তেজে দর্শনকারি জনগণের মন বিস্ময়াপন্ন ও সুথেতে মগ্ন হইল।

তৎপরে আমি আর কিছু কাল তথায় অবস্থিতি করিয়াছিলাম, কিন্তু সেই তাবৎ কালের মধ্যে "থ্রীফীয়ানীর
পরিজন, অর্থাৎ চারি পুত্র ও পুত্রবধূ ও তাহাদের
সম্ভানগণ, নদীর ওপারে গমন করে নাই। বরঞ্চ তাহারা
এ পর্যান্ত জীবদ্দশায় আছে, এবং তাহাদের বাসস্থানের
মগুলী যেন বৃদ্ধি পায়, এ জন্য তথায় আর কিছু দিন
থাকিবে, ইহা আমি অপে দিন হইল এক জনের কাছে
শুনিয়াছি।

প্রয়োজন বর্গতঃ যদি আমাকে পুনর্বার সেই অঞ্চলে বাইতে হয়, তবে কেছ তাছাদের শেষ বৃত্তান্ত শুনিতে ইচ্ছা করিলে কছিতে পারিব। সম্পৃতি পাঠক মহাশয়-গণের নিকটছইতে বিদায় হইলাম।

দিতীয় ভাগ স্মাপ্ত।

## গাত।

বদি যাইতে পারি যীশুর রাজ্যে তবে প্রাণ বাঁচে, এ দেশে কাল ২ গো এদেশে কাল আছে।

চল ২ সকল প্রিয় ভাই সিয়োনে যাব,
হিথা মৃত্যু কেন ভোগি সেথা জীবনে রব।
এই ধ্বংস্য নগর ছাড়ি প্রেমের ভাই,
ভরায় চল্যা সেথা মোরা পলাইয়া যাই।
সে জীবনের অধিকারে মৃত্যু যাইতে নাহি পারে,
কত জন সে ভূবনে অমর হইয়াছে।

ওচে ভাই যদি পলাবে তবে প্রাণ বাঁচিবে,
আজ্ঞা পালি যীশু বল্যা চল তাঁর কাছে।
দিদোম ছাড়াা যেমন পলাইল লোটের পরিবার;
কিন্তু আজ্ঞা লক্ষনেতে তাঁর ক্লায়ার সংহার।
দে লোভেতে মোহিত হয়াা দেখ্যাছিল পিছে চায়াা,
কর্যা মায়া লোটের জায়া লবণ হইয়া আছে॥

ওতে ভাই সেতে। সুখধাম তাতে মোদের নাম,
প্রজা বল্যা রাজা আপন খাতায় তুল্যাছেন।
পথে কত আপদ আছে ভাই যাইতে দিয়োনে,
যীন্তর চরণ ধ্যান করিলে যাব আনন্দ মনে।
এখন সকল দুঃখ স্থীকার করি চল সভাই অরাঅরি,
মোদের তরে নুপবরে মুকুট রাখিয়াছেন॥

